
# রবীক্র রচনাবলী

• চতুর্থ খণ্ড •

Flas of Municipal





ম্কুল দে অণ্কিত

# রবীক্র রচনাবলী

• চতুর্থ খণ্ড • গাঁতবিতান ও বিবিধ কবিতা

Called d'unspais



शक्तियव ज जब्का त

# সূচীপত্র

# গতিবিতান

3-906

ভূমিকা ২; প্জা ৩; দ্বদেশ ১৮৯; প্রেম ২০৯; প্রকৃতি ৩২৯; বিচিত্র ৪১৭; আনুখ্যানিক ৪৬১।

# গীতিনাটা ও নৃত্যনাটা

কালম্গ্রা ৪৭৭; বালমীকিপ্রতিভা ৪৯১; মায়ার খেলা ৫১১; চিচাঙ্গদা ৫০০; চণ্ডালিকা ৫৫০; শ্যামা ৫৭১; ভান্সিংহ ঠাকুরের পদাবলী ৫৮৫; নাটাগাঁতি ৫৯৫; জাতীয় সংগীত ৬২৯; প্লো ও প্রার্থনা ৬০৭; আনুষ্ঠানিক সংগীত ৬৬০; প্রেম ও প্রকৃতি ৬৬১।

# পরিশিন্ট

ন্ত্যনাটা মায়ার খেলা ৭০৩; পরিশোধ ৭১৯; বিবিধ গান১ — ৭২৭; বিবিধ গান২ —৭৩৩।

# শৈশৰ সংগীত

909--862

ভূমিকা ৭০৯: উপহার ৭৪০: ফ্লবালা ৭৪১: গান ৭৪৮: গান ৭৫৬; অতীত ও ভবিষাং ৭৫৬: দিক্বালা ৭৫৯: প্রতিশোধ ৭৬০: ছিল লতিকা ৭৬৭: ভারতী-বন্দনা ৭৬৭: লীলা ৭৬৯: ফ্লের ধ্যান ৭৭৪: অস্পরা প্রেম ৭৭৬: প্রভাতী ৭৮৭: কামিনী ফ্ল ৭৮৮: লাজময়ী ৭৮৮: প্রেম-মরীচিকা ৭৮৯; গোলাপ-বালা ৭৯০: হরহদে কালিকা ৭৯১: ভগ্নতরী ৭৯২: পথিক ৮০৪।

# সংযোজন

অভিলাষ ৮১৭; হিন্দুমেলার উপহার ৮২৪; প্রকৃতির খেদ [প্রথম পাঠ] ৮২৮: প্রকৃতির খেদ [দিতীয় পাঠ] ৮৩৫; প্রলাপ ১ —৮০৯; প্রলাপ ২ —৮৪৫; প্রলাপ ০ —৮৪৭; দিল্লি দরবার ৮৪৯; অবসাদ ৮৫১।

# विरमणी क्रालंद ग्राह्

REO-R45

সূর্য ও ফ্ল ৮৫৫; বিসম্ভান ৮৫৫; কবি ৮৫৬; তারা ও আখি ৮৫৭; সন্মিলন ৮৫৭; Shelley ৮৫৯; Mrs. Browning ৮৬১; Ernest Myers ৮৬১; Aubrey De Vere ৮৬২; Augusta Webster ৮৬৩; Augusta Webster ৮৬৩; P. B. Marston ৮৬৩; Victor Hugo ৮৬৪; Moore ৮৬৪; Mrs. Browning ৮৬৫; Christina Rossetti ৮৬৭; Swinburne ৮৬৬; Christina Rossetti ৮৬৭; Hood ৮৬৮; কোনো জাপানি কবিতার ইংরাজি অন্বাদ হইতে ৮৬৮; Marlow ৮৬৯; জীবন মরণ ৮৭০: স্থী প্রাণ

# স্ফুলিঙ্গ

840-258

অজ্ঞানা ভাষা দিয়ে ৮৭৫: অতিথি ছিলাম যে বনে সেথায় ৮৭৫: অত্যাচারীর বিজয় তোরণ ৮৭৫: অনিতোর যত আবর্জনা ৮৭৫: অনেক তিয়াষে করেছি ভ্রমণ ৮৭৫: অনেক মালা গে'থেছি মোর ৮৭৬: অন্ধকারের পার হতে আনি ৮৭৬: অলহারা গৃহহার। চায় উধ্বপানে ৮৭৬: অন্নের লাগি মাঠে ৮৭৬: অপরাজিতা ফ্রটিল ৮৭৬: যেন পেয়েছে লিপিকা ৮৭৭: অপাকা কঠিন ফলের মতন ৮৭৭: অবসান হল রাতি ৮৭৭: অবোধ হিয়া ব্রে না বোঝে ৮৭৭: অমলধারা ঝরনা যেমন ৮৭৭: অন্তর্রাবরে দিল মেঘমালা ৮৭৮: আকাশে ছড়ায়ে বাণী ৮৭৮: আকাশে যাগল তারা ৮৭৮: আকাশে সোনার মেঘ ৮৭৮: আকাশের আলো মাটির তলায় ৮৭৮: তাকাশের চম্বন ব্যাণ্টরে ৮৭৮: আগনে জ্বলিত যবে ৮৭৯: আজ গড়ি খেলাঘর ৮৭৯: আঁধার নিশার ৮৭৯: আপন শোভার মালা ৮৭৯: আপনার রক্ষেত্রার-মাঝে ৮৭৯: আপনারে দাঁপ করি জনলো ৮৮০: আপনারে নিবেদন ৮৮০: আপনি ফুল লুকায়ে বনছায়ে ৮৮০: আমি অভি পরোতন ৮৮০: আমি বেসেছিলেম ভালো ৮৮০: ছডিয়ে দিল আপন ভাষা ৮৮১: আয় রে বসন্ত, হেথা ৮৮১: আলো আসে দিনে দিনে ৮৮১: আলো তার পর্দাচক্র ৮৮১: আশার আলোকে ৮৮১: আসা-যাওয়ার পথ চলেছে ৮৮২: ঈশ্বরের হাস্যমাখ দেখিবারে পাই ৮৮২: উমি, তুমি চণ্ডলা ৮৮২: এই যেন ভক্তের মন ৮৮২: এই সে পরম মালো ৮৮২: এক যে আছে ব্রড়ি ৮৮৩: এখনো অংকর যাহা ৮৮৩: এমন মান্য আছে ৮৮০: এসেছিন, নিয়ে শুধু আশা ৮৮৩: এসো মোর কাছে ৮৮০: ওগো তারা, জাগাইয়ো ভোরে ৮৮৪: ওড়ার আনলে পাথি ৮৮৪: কঠিন পাথর কাটি ৮৮৪: 'কথা চাই' 'কথা চাই' হাঁকে ৮৮৪: কমল ফুটে অগম জলে ৮৮৪: কল্লোল-ম্থর দিন ৮৮৫: কহিল তারা, 'জনালিব আলোখানি ৮৮৫: কাছে থাকি যবে ৮৮৫; কাছের রাতি দেখিতে পাই ৮৮৫; কটার সংখ্যা ৮৮৫: কালো মেঘ আকাশের তারাদের ঢেকে ৮৮৬: কী পাই, কী জ্মা করি ৮৮৬: কী যে কোথা হেথা-হোথা যায় ছড়াছড়ি ৮৮৬: কীতি যত গড়ে তুলি ৮৮৬; কুসুমের শোভা ৮৮৬; কোথায়

আকাশ ৮৮৭; কোন্ খদে-পড়া তারা ৮৮৭; ক্লান্ত মোর লেখনীর ৮৮৭: ক্ষণকালের গাঁতি ৮৮৭; ক্ষণিক ধর্নার স্বত-উচ্ছনাসে ৮৮৭; ক্ষুদ্র-আপন-মাঝে ৮৮৮; ক্ষুভিত সাগরে নিভ্ত তরীর গেহ ৮৮৮; গত দিবদার বার্থ প্রাণের ৮৮৮; গাছ দেয় ফল ৮৮৮; গাছগালি মাছে-ফেলা ৮৮৯; গাছের কথা মনে রাখি ৮৮৯; গাছের পাতায় লেখন লেখে ৮৮৯; গানখানি মোর দিন্ উপহার ৮৮৯; গিরিবক্ষ হতে আজি ৮৮৯; গোঁড়ামি সভোরে চায় ৮৯০; ঘড়িতে দম দাও নি তুমি মলে ৮৯০; ঘন কাঠিনা রচিয়া শিলা-ন্ত্রপে ৮৯০; চলার পথের যত বাধা ৮৯০; চলিতে চলিতে চরণে উছলে ৮৯০; চলে যাবে সন্তার্প ৮৯১; চাও যদি সভার্পে ৮৯১; চাদিনী রাতি, তুমি তো যাত্রী ৮৯১; চাদেরে করিতে কদী ৮৯১: চাষের সময়ে ৮৯১; চাহিছ বারে বারে ৮৯২; চাহিছে কীট মৌমাছির ৮৯২: চৈত্রের সেতারে বাজে ৮৯২: চোথ হতে চোথে ৮৯২: জন্মদিন আসে বারে বারে ৮৯২; জানার বাঁশি হাতে নিয়ে ৮৯২: বাজান তাঁহার নানা স্থের ৮৯৩: জাপান, তোমার সিয়ন অধীর ৮৯৩: জীবনদেবতা তব ৮৯৩: জীবন যাত্রার পথে ৮৯৩: জীবনরহস্য যায় ৮৯৩: জীবনে তব প্রভাত এল ৮৯৩: জীবনের দীপে তব ৮৯৪: জ্বাল নব জীবনের ৮৯৪: ঝরনা উথলে ধরার হদর হতে ৮৯৪: জর্মলতে দেখেছি তব ৮৯৪; ডুবারি যে সে কেবল ৮৯৫; তপনের পানে চেয়ে ৮৯৫: তব চিত্রগর্থনের ৮৯৫: তরক্ষের বাণী সিন্ধা ৮৯৫; তারাগালি সারারাতি ৮৯৫: তুমি বসন্তের পাখি বনের ছারারে ৮৯৫: তুমি বাঁধছ ন্তন বাসা ৮৯৬: তুমি যে তুমিই, ওগো ৮৯৬: তোমার মঙ্গলকার্য ৮৯৬: তোমার সঙ্গে আমার মিলন ৮৯৬: তোমারে হেরিয়া চোথে ৮৯৭: দিগন্তে ওই বৃষ্টিহারা ৮৯৭: দিগন্তে পরিক মেঘ ৮৯৭: দিগ্ৰলয়ে নব শশীলেখা ৮৯৭: দিনের আলো নামে যখন ৮৯৭: দিনের প্রহরগালি হয়ে গেল পার ৮৯৮: দিবস রজনী তম্ত্রবিহানি ৮৯৮: দৃই পারে দৃই ক্রের আকুল প্রাণ ৮৯৮: দৃঃখ এড়াবার আশা ৮৯৮: দ্রংখাশখার প্রদীপ জেনলে ৮৯৮: দ্থের দশা শ্রাবণ রাতি ৮৯৯: ন্র সাগরের পারের পবন ৮৯৯: দেয়াতখানা উলটি ফেলি ৮৯৯: ধরণীর খেলা খ্রেড়ে ৮৯৯: নববর্ষ এল আজি ৮৯৯: না চেয়ে যা পেলে তার যত দায় ৯০০: নিমীলনয়ন ভোর-বেলাকার ১০০: নির্দাম অবকাশ শ্না শ্ধ্ ১০০: ন্তন জন্ম-দিনে ১০০; ন্তন থ্গের প্রতাষে কোন্ ৯০১; ন্তন সে পলে পলে ১০১: পশ্মের পাতা পেতে আছে অঞ্জলি ১০১: পরিচিত সীমানার ৯০১: পশ্চিমে রবির দিন ৯০২: পাখি যবে গাহে গান ৯০২: পায়ে চলার বেগে ৯০২: পাষাণে পাষাণে তব শিখরে শিখরে ৯০২: পরোনো কালের কলম লইয়া হাতে ৯০৩: প্রুম্পের মুক্ল ৯০০: পেয়েছি যে-সব ধন ৯০০: প্রথম আলোর আভাস লাগিল গগনে ৯০৩ : প্রভাতরবির ছবি আঁকে ধরা ৯০৩ : প্রভাতের ফ্ল ফ্টিয়া উঠ্ক ১০৪: প্রেমের আদিম জ্যোতি আকাশে সম্বরে

৯০৪; প্রেমের আনন্দ থাকে ৯০৪: ফাগন্ন এল খারে ৯০৪; ফাগনে কাননে অবতীর্ণ ৯০৪; ফলে কোথা থাকে গোপনে ৯০৪; ফুল ছি'ড়ে লয় ৯০৫; ফুলের অক্ষরে প্রেম ৯০৫; ফুলের কলিকা প্রভাত রবির ৯০৬; বইল বাতাস ৯০৬: 'বউ কথা কও' 'বউ কথা কও' ৯০৬ : বড়ো কাজ নিজে বহে ৯০৬ : বড়োই সহজ ৯০৬; বরষার রাতে জলের আঘাতে ৯০৭; বরষে বরষে শিউলি তলায় ৯০৭: বর্ষণগোরব তার ৯০৭: বসস্ত, আনো মলয়সমীর ৯০৭; বসন্ত, দাও আনি ৯০৭: বসন্ত পাঠায় দতে ৯০৮: বসন্ত যে লেখা লেখে ৯০৮; বন্ধন্তের আসরে ঝড় ৯০৮; বসন্তের হাওয়া যবে অরণা মাতায় ৯০৮: বন্ধুতে রয় রুপের বাঁধন ৯০৮: বহু দিন ধরে বহু ক্রোশ দ্রে ৯০৯: বাতাস শ্ধায়, 'বলো তো, কমল ১০৯: বাতাসে তাহার প্রথম পাপড়ি ১০৯: বাতাসে নিবিলে দীপ ৯০৯: বায়, চাহে মৃত্তি দিতে ৯০৯; বাহির হতে বহিয়া আনি ৯১০: বাহিরে বন্ধুর বোঝা ৯১০; বাহিরে যাহারে খ্রেছিন্ দ্বারে দ্বারে ৯১০; বিকেলবেলার দিনান্তে মোর ৯১০: বিচলিত কেন মাধবীশাথা ৯১১: বিদায়রথের ধর্নি ৯১১: বিধাতা দিলেন মান ৯১১; বিমল আলোকে আকাশ সাজিবে ৯১১; বিশ্বের হৃদয়-মাঝে ৯১১: ব্যদ্ধির আকাশ যবে সত্যে সম্ভদ্ধল ৯১২: বেছে লব সব-সেরা ৯১২: বেদনা দিবে যত ৯১২; বেদনার অশ্র্য-উমি গ্লি ৯১২: ভজনমন্দিরে তব ৯১৩: ভেসে-যাওয়া ফ্ল ৯১৩: ভোলা-নাথের খেলার তরে ৯১০; মনের আকাশে তার ৯১০; মতাঞ্চীবনের ৯১০: মাটিতে দুর্ভাগার ৯১০: মাটিতে মিশিল মাটি ৯১৪: মান অপমান উপেক্ষা করি দাঁড়াও ৯১৪: মানুষেরে করিবারে শুব ৯১৪: मिष्ट जारका-भन वरन, आक मा ৯১৪; भिनम-भर्नगरन ৯১৫: মুকুলের বক্ষোমাঝে ৯১৫: মুক্ত যে ভাবনা মোর ৯১৫: মুহুতে মিলায়ে যায় ৯১৫: মূতেরে যতই করি স্ফীত ৯১৫: ম্ভিকা খোরাকি দিয়ে ৯১৫; মৃত্যু দিয়ে যে প্রাণের ৯১৬; যখন গগনতলে ৯১৬: যথন ছিলেম পথেরই মাঝখানে ৯১৬: যত বড়ো হোক ইন্দ্রধন্ন সে ৯১৬; যা পায় সকলই জমা করে ৯১৭ : যা রাখি আমার তরে ৯১৭ : থাওয়া-আসার একই যে পথ ৯১৭ : যুগে যুগে জলে রৌদ্রে বায়নতে ৯১৭: যে আঁধারে ভাইকে দেখিতে নাহি পায় ৯১৭; যে করে ধর্মের নামে ৯১৭; যে ছবিতে ফোটে নাই ৯১৮: যে ঝুম্কোফ্ল ফোটে পথের ধারে ৯১৮: ষে তারা আমার তারা ৯১৮; যে ফুল এখনো কুড়ি ৯১৮; যে বন্ধুরে আজও দেখি নাই ৯১৯; যে ব্যথা ভূলিয়া গেছি ৯১৯; যে ব্যথা ভূলেছে আপনার ইতিহাস ৯১৯; যে যায় ভাহারে আর ৯১৯: যে রক্ন সবার সেরা ৯১৯: রজনী প্রভাত হল ৯১৯: রাখি যাহা তার বোঝা ৯২০: রাতের বাদল মাতে ৯২০; রূপে ও অরূপে গাঁথা ৯২০: লুকায়ে আছেন যিনি ৯২০; লুপু পথের পর্টপত ত্ণগর্লি ৯২০; লেখে স্বর্গে মর্ত্যে মিলে ৯২১; শরতে শিশির বাতাস লেগে ৯২১; শিকড় ভাবে, 'সেয়ানা আমি ৯২১; শ্নো ব্যলি নিয়ে হায় ৯২১;

শ্ন্য পাতার অন্তরালে ১২১; শেষ বসন্তরাতে ১২২; শ্যামলঘন वकुनवन-ছास्त्र ছास्त्र ১২২; श्रावरणत कारना ছात्रा ১২২; সथात কাছেতে প্রেম ১২২; সংসারেতে দার্ণ বাধা ১২২; সত্যেরে যে জানে, তারে ৯২০; সন্ধ্যাদীপ মনে দের আনি ৯২০; সন্ধ্যারবি মেঘে দেয় ১২০: সফলতা লভি যবে ১২০: সব-কিছ, জড়ো করে ৯২৩: সবচেয়ে ভব্তি বার ৯২৩: সমর আসম হলে ৯২৪; সারা রাত তারা ১২৪: সিদ্ধিপারে গেলেন বাত্রী ১২৪: স্থেতে আসন্তি যার ১২৪: সম্পরের কোন্ মন্তে ১২৪: সে লড়াই ঈশ্বরের বিরুদ্ধে লড়াই ১২৫; সেই আমাদের দেশের পশ্ম ১২৫: সেতারের তারে ১২৫: সোনায় রাঙায় মাধামাখি ১২৫: ব্রহ্ম যাহা পথপাৰ্ছে, অচৈতনা, যা রহে না ভেগে ৯২৬: শুক্কতা উচ্চ্বসি উঠে গিরিশ্রুর্পে ৯২৬: লিফ মেঘ তীব্র তপ্ত ৯২৬: স্মৃতি-কাপালিনী প্জারতা, একমনা ৯২৬: হাসিম্ধে শ্কতারা ৯২৬: হিমাদ্রির ধ্যানে যাহা ৯২৭: হে উষা, নিঃশব্দে এসো ৯২৭: হে তরু, এ ধরাতলে ৯২৭: হে পাখি, চলেছ ছাড়ি ৯২৭: হে প্রিয়া, দাঃখের বেলে ৯২৮: হে বনস্পতি, যে বাণী ফা্টিছে ৯২৮: ह्र अनुम्बत, स्थारना उठ नम्मत्मत्र बात ৯২৮: रहनास्ट्रत ধ্বার পরে ১২৮।

# চিত্ৰবিচিত্ৰ

.. >>>->+

চিগ্ৰ

উষা ৯০১; আমাদের পাড়া ৯০১; মোতিবল ৯০২; ছোটো নদী ৯০০; ফ্ল ৯০৪; সাধ ৯০৫; শরং ৯০৬; নতুন দেশ ৯০৭; হাট ৯০৮; আগমনী ৯০৯; শীত ৯৪০; ঝোড়ো রাত ৯৪২; পৌষ-মেলা ৯৪০; উৎসব ৯৪৪; ফাংগ্ন ৯৪৫; তপসা ৯৪৬।

# বিচিত্র

ভোতন-মোহন ৯৪৯: ম্বপন ৯৪৯: উড়ো জাহাজ ৯৫০: এক ছিল বাঘ ৯৫১: বিষম বিপত্তি ৯৫২: আমিকান্ড ৯৫০: ভূপ্ ৯৫৪: উন্টা রাজার দেশ ৯৫৫: ছবি-আনিক্ষে ৯৫৫: চিত্রক্ট ৯৫৬: চলস্ত কলিকাতা ৯৫৮: হন্চরিত ৯৬০; পাঙ্চুয়াল ৯৬১: থেয়ালী ৯৬১: খাপছাড়া ৯৬২: সন্দর-বনের বাঘ ৯৬২: চলচ্চিত্র ৯৬৪: পিয়ারি ৯৬৭।

# অবিশাৰণীৰ

262-296

...

রাজা রামমোহন রার ৯৭১: ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ৯৭১: পরমহংস রামকৃষ্ণদেব ৯৭১: বিশ্বমচন্দ্র ৯৭২: হেরন্বচন্দ্র মৈটের ৯৭২: সমরণীর আশ্বভোষ মুখোপাধ্যার ৯৭৩: আচার্য শ্রীষাক্ত রজেন্দ্রনাথ শীল, স্ফল্বরেষ্ ৯৭৩; দেশবন্ধ চিত্তরজ্ঞান ৯৭৪; চার্লাস এন্ডর,জের প্রতি ৯৭৪; শরংচন্দ্র ৯৭৫।

পরিশিষ্ট ... ... ৯৭৭ ৯৮৫

মাতৃবন্দনা ৯৭৯: গাঁতিনাটা বাল্মাকিপ্রতিভার স্চনা ৯৮১: ন্তানাটা মারার খেলার প্রথম সংস্করণের বিজ্ঞাপন ৯৮২: ন্তানাটা চিত্রাঙ্গদার বিজ্ঞাপি ৯৮৫।

# গীতবিতান

# ভূমিকা

প্রথম যুগের উদর্যাদগঙ্গনে
প্রথম দিনের উষা নেমে এল যবে
প্রকাশপিয়াসী ধরিত্রী বনে বনে
শুখায়ে ফিরিল, সুর খুজে পাবে কবে।

্ শ্বারে ক্যেরল, সূর্র ব্জে সাবে করে এসো এসো সেই নবস্থির কবি নবজাগরণয্গপ্রভাতের রবি— গান এনেছিলে নব ছন্দের তালে তর্ণী উষার শিশিবস্থানের কালে আলো-আঁধারের আনন্দ্বিপ্লবে॥

সে গান আজিও নানা রাগরাগিণীতে
শ্নাও তাহারে আগমনীসংগীতে
ধে জাগায় চোখে ন্তন-দেখার দেখা।
ধে এসে দাঁড়ায় ব্যাকুলিত ধরণীতে
বননীলিমার পেলব সীমানাটিতে,

বহ্ন জনতার মাঝে অপ্র একা।
অবাক্ আলোর লিপি যে বহিয়া আনে
নিভত প্রহরে কবির চকিত প্রাণে,
নব পরিচয়ে বিরহবাথা যে হানে
বিহন্দ প্রাতে সংগীতসৌরভে
দ্র আকাশের অর্বিগম উৎসবে॥

কান্নাহ্যাসর-দোল-দোলানো পৌষ-ফাগ্ননের পালা, তারি মধ্যে চিরজীবন বইব গানের ডালা— এই কি তোমার খ্রিশ, আমায় তাই পরানে মালা স্বরের-গন্ধ-ঢালা।

তাই কি আমার ঘুম ছুটেছে, বাঁধ টুটেছে মনে, খ্যাপা হাওয়ার টেউ উঠেছে চিরব্যথার বনে, কাঁপে আমার দিবানিশার সকল আঁধার আলা! এই কি তোমার খুশি, আমার তাই পরালে মালা সুরের-গন্ধ-ঢালা।

রাতের বাসা হয় নি বাঁধা, দিনের কাজে চ্রটি,
বিনা কাজের সেবার মাঝে পাই নে আমি ছ্রিটি।
শান্তি কোথায় মোর তরে হায় বিশ্বভূবন-মাঝে,
অশান্তি যে আঘাত করে তাই তো বীণা বাজে।
নিত্য রবে প্রাণ-পোড়ানো গানের আগ্রন জনালা—
এই কি তোমার খ্রিশ, আমায় তাই পরালে মালা
স্বরের-গদ্ধ-ঢালা।

স্বের গ্র্, দাও গো স্বের দীক্ষা—
মোরা স্বের কাঙাল, এই আমাদের ভিক্ষা।
মন্দাকিনীর ধারা, উষার শ্কতারা,
কনকচাপা কানে কানে যে স্বর পেল শিক্ষা।।
তোমার স্বের ভরিয়ে নিয়ে চিত্ত
যাব ষেথায় বেস্র বাজে নিতা।
কোলাহলের বেগে ঘ্রিণ উঠে জেগে,
নিয়ো তমি আমার বীণার সেইখানেই প্রীক্ষা।।

0

তোমার

স্বরের ধারা ঝরে খেথায় তারি পারে দেবে কি গো বাসা আমায় একটি ধারে। আমি শ্নব ধর্নি কানে, আমি ভরব ধর্নি প্রাণে সেই ধর্নিতে চিত্তবীণায় তার বাধিব বারে বারে॥ আমার

নীরব বেলা সেই তোমারি স্বরে স্বরে ফুলের ভিতর মধ্র মতো উঠবে প্রে। আমার দিন ফুরাবে যবে. যখন রাচি আধার হবে, হুদয়ে মোর গানের তারা উঠবে ফুটে সারে সারে॥

8

তুমি আমি কেমন করে গান করো হে গ্ণী,
 অবাক্ হয়ে গ্নি কেবল শ্নি॥
 স্রের আলো ভূবন ফেলে ছেরে.
 স্রের হাওয়া চলে গগন বেয়ে,
 পাষাণ ট্টে ব্যাকুল বেগে ধেয়ে
 বহিয়া ষায় স্রের স্রধ্নী॥
 মনে করি অমনি স্রে গাই,
 কপ্তে আমার স্র খ্জে না পাই।
 কইতে কী চাই, কইতে কথা বাধে—
 হার মেনে যে পরান আমার কাঁদে.
 আমায় তুমি ফেলেছ কোন্ ফাঁদে
 চোদিকে মোর স্রের জাল ব্নি॥

¢

আমি তোমার যত শ্নিরেছিলেম গান
তার বদলে আমি চাই নে কোনো দান॥
ভূলবে সে গান যদি নাহর যেয়ো ভূলে
উঠবে যখন তারা সন্ধ্যাসাগরক্লে,
তোমার সভার যবে করব অবসান
এই কদিনের শ্র্ব এই কটি মোর তান॥
তোমার গান যে কত শ্নিরেছিলে মোরে
সেই কথাটি ভূমি ভূলবে কেমন করে?
সেই কথাটি, কবি, পড়বে তোমার মনে
বর্ষামুখর রাতে ফাগ্ন-সমীরণে—
এইট্কু মোর শ্র্ব রইল অভিমান
ভূলতে সে কি পার ভূলিয়েছ মোর প্রাণ॥

è

তুমি যে স্বরের আগন্ন লাগিয়ে দিলে মার প্রাণে, সে আগন্ন ছড়িয়ে গেল সব খানে॥ যত সব মরা গাছের ভালে ভালে
নাচে আগন্ন ভালে তালে,
আকাশে হাত তোলে সে কার পানে॥
আধারের তারা যত অবাক্ হরে রয় চেরে,
কোথাকার পাগল হাওয়া বয় ধেরে।
নিশীথের ব্কের মাঝে এই-যে অমল
উঠল ফুটে স্বর্ণকমল,
আগন্নের কী গুণ আছে কে জানে॥

9

তোমার বীণা আমার মনোমাঝে कथरना भर्दान, कथरना ज्ञील, कथरना भर्दान ना ख॥ আকাশ যবে শিহরি উঠে গানে গোপন কথা কহিতে থাকে ধরার কানে কানে-তাহার মাঝে সহসা মাতে বিষম কোলাহলে আমার মনে বাঁধনহারা স্বপন দলে দলে। হে বীণাপাণি, তোমার সভাতলে আকুল হিয়া উন্মাদিয়া বেস্ব হয়ে বাজে॥ চলিতেছিন তব কমলবনে পথের মাঝে ভুলালো পথ উতলা সমরিণে। তোমার সার ফাগানরাতে জাগে. তোমার সূর অশোকশাথে অর্ণরেণ্রাগে। সে স্ব বাহি চলিতে চাহি আপন-ভোলা মনে গ্রপ্তরিত-ছরিত-পাখা মধ্করের সনে। কুহেলী কেন জড়ায় আবরণে— আঁধারে আলো আবিল করে, আঁথি যে মরে লাজে॥

Н

তোমার নরন আমার বারে বারে বলেছে গান গাছিবারে॥
ফর্লে ফরলে তারার তারার
বলেছে সে কোন্ ইশারার
দিবস-রাতির মাঝ-কিনারায় ধ্সের আলোর অন্ধকারে।
গাই নে কেন কী কব তা,
কেন আমার আকুলতা—
বাথার মাঝে লবুকার কথা,
সুর যে হারাই অক্ল পারে॥

# त्रवीन्ध-ब्राह्मावणी

ষেতে ষেতে গভীর স্লোতে ডাক দিয়েছ তরী হতে।

ডাক দিয়েছ ঝড়-তুফানে
বোবা মেঘের বক্সগানে,
ডাক দিয়েছ মরণপানে শ্রাবণরাতের উতল ধারে।
যাই নে কেন জান না কি—
তোমার পানে মেলে আঁখি
ক্লের ঘাটে বসে থাকি, পথ কোথা পাই পারাবারে॥

۵

অর্প, তোমার বাণী
আঙ্গে আমার চিত্তে আমার মৃত্তি দিক্ সে আনি॥
নিত্যকালের উৎসব তব বিশ্বের দীপালিকা—
আমি শুধু তারি মাটির প্রদীপ, জনলাও তাহার শিখা
নিবাণহীন আলোকদীপ্ত তোমার ইচ্ছাখানি॥
যেমন তোমার বসস্তবায় গীতলেখা ষার লিখে
বংগে বংগে প্রপে পংগে বনে বনে দিকে দিকে
তেমনি আমার প্রাণের কেন্দ্রে নিশ্বাস দাও প্রে,
শ্না তাহার প্র্ণ করিয়া ধনা কর্ক স্রে,
বিঘা তাহার প্রো কর্ক তব দক্ষিণপাণি॥

50

গানে গানে তব বন্ধন যাক ট্টে,
র্দ্ধবাণীর অন্ধকারে কাঁদন জেগে উঠে॥
বিশ্বকবির চিত্তমাঝে ভুবনবীণা যেথায় বাজে
জীবন তোমার স্কুরের ধারায় পড়ুক সেথায় লাটে॥
ছন্দ তোমার ভেঙে গিয়ে দ্বন্ধ বাধায় প্রাণে,
অন্তরে আর বাহিরে তাই তান মেলে না তানে।
স্রহারা প্রাণ বিষম বাধা— সেই তো আঁধি, সেই তো ধাঁধা—
গান-ভোলা তুই গান ফিরে নে, যাক সে আপদ ছুটে॥

22

আমার স্বরে লাগে তোমার হাসি,
যেমন তেউরে তেউরে রবির কিরণ দোলে আসি।
দিবানিশি আমিও যে ফিরি তোমার স্বরের খোঁজে,
হঠাং এমন ভোলার কখন তোমার বাশি।
আমার সকল কাজই রইল বাকি, সকল শিক্ষা দিলেম ফাঁকি।
আমার গানে তোমার ধরব বলে উদাস হয়ে যাই যে চলে,
তোমার গানে ধরা দিতে ভালোবাসি।

আমার বেলা বে বায় সাঁঝ-বেলাতে
তোমার স্করে স্করে স্কর মেলাতে॥
একতারাটির একটি তারে গানের বেদন বইতে নারে,
তোমার সাথে বারে বারে হার মেনেছি এই খেলাতে
তোমার স্করে স্করে স্কর মেলাতে॥
আমার এ তার বাঁধা কাছের স্করে,
ঐ বাঁশি যে বান্ধে দ্রে।
গানের লীলার সেই কিনারে যোগ দিতে কি সবাই পারে
বিশ্বহদয়পারাবারে রাগরাগিণীর জাল ফেলাতে,
তোমার স্করে স্করে স্কর মেলাতে।

## 20

জীবনমরণের সীমানা ছাড়ারে,
বন্ধ হে আমার, ররেছ দাঁড়ারে॥
এ মার হৃদরের বিজ্ঞন আকাশে
তোমার মহাসন আলোতে ঢাকা সে,
গভীর কী আশার নিবিড় প্লুকে
তাহার পানে চাই দ্ব বাহ্ব বাড়ারে॥
নীরব নিশি তব চরণ নিছারে
আধার-কেশভার দিয়েছে বিছারে।
আজি এ কোন্ গান নিখিল প্লাবিরা
তোমার বীণা হতে আসিল নাবিরা!
ভূবন মিলে যার স্বেরর রণনে,
গানের বেদনার যাই যে হারারে॥

## 28

ষারা কথা দিয়ে তোমার কথা বলে
তারা কথার বৈড়া গাঁথে কেবল দলের পরে দলে॥
একের কথা আরে
ব্ঝতে নাহি পারে,
বোঝায় যত কথার বোঝা ততই বেড়ে চলে॥
যারা কথা ছেড়ে বাজায় শৃধ্ সূর
তাদের সবার স্বের সবাই মেলে নিকট হতে দ্রে।
বোঝে কি নাই বোঝে
থাকে না তার খোঁজে,
বেদন তাদের ঠেকে গিয়ে তোমার চরণতলে॥

তোমারি ঝরনাতলার নিজনে কলস আমার ছাপিয়ে গেল কোন্ ক্ষণে ? মাটির এই র্বাব ঐ অন্তে নামে শৈলতলে. কোন গগনে উডে চলে— বলাকা করুণ ধারার কলকলে আমি এই কান পেতে রই আনমনে নীরবে তোমারি ু ঝরুনাতলার নিজন। দিনে মোর যা প্রয়োজন বেড়াই তারি খোঁজ করে. মেটে বা নাই মেটে তা ভাবব না আর তার তরে। সারাদিন অনেক ঘারে দিনের শেষে এসেছি সকল চাওয়ার বাহির-দেশে. নেব আজ অসীম ধারার তীরে এসে ছাপিয়ে যা দাও সেই ধনে প্রয়োজন তোমারি ঝরনাতলার নিজন।

# 56

ক্ল থেকে মোর গানের তরী দিলেম খ্লে, সাগর-মাঝে ভাসিয়ে দিলেম পালটি তলে॥ যেখানে ঐ কোকিল ডাকে ছায়াতলে সেখানে নয়. ষেখানে ঐ গ্রামের বধ্ আসে জলে সেখানে নয়. रयथारन नौन भत्रननीना छेठेरह म्रान সেখানে মোর গানের তরী দিলেম খালে॥ এবার, বীণা, তোমায় আমায় আমরা একা---অন্ধকারে নাইবা কারে গেল দেখা। কুঞ্জবনের শাখা হতে যে ফুল তোলে সে ফুল এ নয়, বাতায়নের লতা হতে যে ফুল দোলে সে ফুল এ নয়, দিশাহারা আকাশ-ভরা সুরের ফুলে সেই দিকে মোর গানের তরী দিলেম খালে॥

## 59

তোমার কাছে এ বর মাগি, মরণ হতে খেন জাগি গানের সারে॥ ষেমনি নয়ন মেলি ষেন মাতার গুনাস্থা-হেন
নবীন জীবন দেয় গো প্রে গানের স্বরে॥
সেথায় তর্ব তৃণ বত
মাটির বাঁশি হতে ওঠে গানের মতো।
আলোক সেথা দেয় গো আনি
আকাশের আনন্দবাণী,
হদরমাঝে বেড়ায় শ্বরে গানের স্বরে॥

#### > B

কেন তোমরা আমায় ডাকো, আমার মন না মানে।
পাই নে সময় গানে গানে॥
পথ আমারে শ্বায় লোকে. পথ কি আমার পড়ে চোখে,
চলি ষে কোন্ দিকের পানে গানে গানে॥
দাও না ছুটি, ধর চুটি, নিই নে কানে।
মন ভেসে যায় গানে গানে।
আজ যে কুস্ম-ফোটার বেলা. আকাশে আজ রঙের মেলা,
সকল দিকেই আমায় টানে গানে গানে॥

## 22

দীড়িরে আছ তুমি আমার গানের ও পারে—
আমার স্বগ্রিল পার চরণ, আমি পাই নে তোমারে॥
বাতাস বহে মরি মরি, আর বে'ধে রেখো না তরী—
এসো এসো পার হয়ে মোর হদরমাঝারে॥
তোমার সাথে গানের খেলা দ্রের খেলা বে,
বেদনাতে বাঁশি বাজার সকল বেলা বে।
কবে নিয়ে আমার বাঁশি বাজাবে গো আপনি আসি
আনন্দময় নীরব রাতের নিবিড় আঁখারে॥

# 20

রাজপ্রীতে বাজায় বাঁশি বেলাশেষের তান।
পথে চলি, শ্বায় পথিক 'কী নিলি তোর দান'॥
দেখাব যে সবার কাছে এমন আমার কী-বা আছে,
সঙ্গে আমার আছে শ্বাব্ এই কথানি গান॥
ঘরে আমার রাখতে যে হয় বহু লোকের মন—
অনেক বাঁশি, অনেক কাঁসি, অনেক আয়োজন।
ব'ধ্র কাছে আসার বেলায় গানটি শ্বাহু নিলেম গলায়,
তারি গলার মাল্য করে করব মা্ল্যবান॥

জাগ জাগ রে জাগ সংগীত—চিত্ত-অন্বর কর তরিঙ্গত নিবিড়নন্দিত প্রেমকন্পিত হদয়কুঞ্জবিতানে॥ মৃক্তবন্ধন সপ্তস্ত্রর তব কর্ক বিশ্ববিহার, স্বশিনিক্ষরলোকে কর্ক হব প্রচার। তানে তানে প্রাণে প্রাণে গাঁথ নন্দনহার। পূর্ণ কর রে গগন-অঙ্গন তাঁর বন্দনগানে॥

## 22

বে গান গাইতে আসা, আমার হয় নি সে গান গাওয়া---হেথা কেবলই সূরে সাধা, আমার কেবল গাইতে চাওয়া॥ আজপ্ত नारा नारे त्म मात, आभात वाँख नारे त्म कथा. আমার প্রাণেরই মাঝখানে আছে গানের ব্যাকুলতা। শাুধূ रकार्ट नारे रन कृत, भूध, वरस्र धक राख्सा॥ আজও দেখি নাই তার মুখ, আমি শুনি নাই তার বাণী. আমি শ্রনি ক্ষণে ক্ষণে তাহার পায়ের ধর্নিখানি-কেবল দ্বারের সমুখ দিয়ে সে জন করে আসা-যাওয়া। আমার আসন পাতা হল আমার সারাটি দিন ধরে-শ্ধ্ হয় নি প্রদীপ জনলা, তারে ডাকব কেমন করে। ঘরে পাবার আশা নিয়ে, তারে হয় নি আমার পাওয়া॥ আছি

# २०

আমি হেথার থাকি শ্বে গাইতে তোমার গান,

গিরো তোমার জগৎ-সভায় এইট্কু মোর স্থান ॥

আমি তোমার ভূবন-মাঝে লাগি নি. নাথ, কোনো কাজে—

শ্বে কেবল স্বরে বাজে অকাজের এই প্রাণ ॥

নিশায় নীরব দেবালয়ে তোমার আরাধন,

তথন মোরে আদেশ কোরো গাইতে হে রাজন।
ভোরে যখন আকাশ জ্বড়ে বাজবে বীণা সোনার স্বরে

আমি ষেন না রই দ্রে, এই দিয়ো মোর মান॥

# ₹8

গানের স্করের আসনখানি পাতি পথের ধারে।
ওগো পথিক, তুমি এসে বসবে বারে বারে॥
ঐ ষে তোমার ভোরের পাথি নিত্য করে ডাকাডাকি,
অর্ণ-আলোর খেরার যখন এস ঘাটের পারে,
মোর প্রভাতীর গানখানিতে দাঁড়াও আমার দ্বারে॥

আজ সকালে মেঘের ছায়া ল্বাটিয়ে পড়ে বনে, জল ভরেছে ঐ গগনের নীল নয়নের কোণে। আজকে এলে নতুন বেশে তালের বনে মাঠের শেষে, অমনি চলে যেয়ো নাকো গোপনসঞ্চারে। দাঁড়িয়ো আমার মেঘলা গানের বাদল-অন্ধকারে॥

## 26

স্র ভূলে যেই ঘুরে বেড়াই কেবলু কাজে
বুকে বাজে তোমার চোথের ভর্পনা যে॥
উধাও আকাশ, উদার ধরা, স্নাল-শ্যামল-স্থার-ভরা
মিলায় দ্রে, পরশ তাদের মেলে না যে—
বুকে বাজে তোমার চোথের ভর্পনা যে॥
বিশ্ব যে সেই স্বরের পথের হাওয়ার হাওয়ায়
চিত্ত আমার বাাকুল করে আসা-ষাওয়ায়।
তোমায় বসাই এ-হেন ঠাই ভূবনে মোর আর-কোথা নাই,
মিলন হবার আসন হারাই আপন-মাঝে—
বুকে বাজে তোমার চোথের ভর্পনা যে॥

# 26

গানের ভিতর দিয়ে যখন দেখি ভুবনখানি
তথন তারে চিনি আমি, তথন তারে জানি।।
তথন তারি আলোর ভাষায় আকাশ ভরে ভালোবাসায়,
তথন তারি ধ্লায় ধ্লায় জাগে পরম বাণী।
তথন সে যে বাহির ছেড়ে অন্তরে মোর আসে,
তথন আমার হৃদয় কাঁপে তারি ঘাসে ঘাসে।
র্পের রেখা রুসের ধারায় আপন সীমা কোথায় হারার,
তথন দেখি আমার সাথে স্বার কানাকানি।।

# 29

খেলার ছলে সাজিয়ে আমার গানের বাণী
দিনে দিনে ভাসাই দিনের তরীখানি॥
স্লোতের লীলায় ভেসে ভেসে স্দ্রে কোন্ অচিন দেশে
কোনো ঘাটে ঠেকবে কিনা নাহি জানি॥
নাহয় ডুবে গেলই, নাহয় গেলই বা।
নাহয় তুলে লও গো, নাহয় ফেলোই বা।
হে অজানা, মরি মরি, উদ্দেশে এই খেলা করি,
এই খেলাতেই আপন-মনে ধন্য মানি॥

তমি আমায় বসিয়ে রাখ বাহির বাটে যত্থন গানের পরে গান গেয়ে মোর প্রহর কাটে !! ততখন **শ\_ভক্ষণে ডাক পড়ে সেই ভিতর-সভার মা**ঝে. যবে এ গান লাগবে বৃথি কাজে, স্কুরের রঙের রঙিন নাটে॥ তোমার काश्चनिम्रतित वकुल हाँथा, भावर्गाम्रतित दक्या. তোমার তাই দ্বেখে তো শানি তোমার কেমন যে তান দেয়া। আমি উতল প্রাণে আকাশ-পানে হৃদর্থানি তুলি বীণায় বে ধৈছি গানগুলি সাঁঝ-সকালের সুরের ঠাটে॥ তোমার

# 23

যে গান তোমার পরশ পাবে আমার থাকে কোথার গহন মনের ভাবে। সুরে সুরে খ্র্লি তারে অন্ধকারে. যে আঁথিজল তোমার পায়ে নাবে আমার থাকে কোথায় গহন মনের ভাবে। যখন শুক্ত প্রহর বৃথা কাটাই চাহি গানের লিপি তোমায় পাঠাই। কোথায় দঃখসুখের তলায় সূর যে পলায়. ষে শেষ বাণী তোমার দ্বারে যাবে আমার থাকে কোথায় গহন মনের ভাবে।

### 90

গানের ঝরনাতলায় তুমি সাঁঝের বেলায় এলে।
দাও আমারে সোনার-বরন স্বরের ধারা ঢেলে।
যে স্বর গোপন গ্রে হতে ছুটে আসে আকৃল স্থাতে,
কামাসাগর-পানে যে যায় ব্বের পাথর ঠেলে॥
যে স্বর উষার বাণী বয়ে আকাশে যায় ভেসে,
রাতের কোলে যায় গো চলে সোনার হাসি হেসে।
যে স্বর চাঁপার পেয়ালা ভরে দেয় আপনায় উজাড় করে,
যায় চলে যায় চৈর্রদিনের মণ্র খেলা খেলে॥

## 03

কণ্ঠে নিলেম গান, আমার শেষ পারানির কড়ি— একলা ঘাটে রইব না গো পড়ি॥ আমার স্বেরর রসিক নেরে
তারে ভোলাব গান গেরে,
পারের খেরায় সেই ভরসায় চড়ি॥
পার হব কি নাই হব তার খবর কে রাখে—
দ্রের হাওরায় ডাক দিল এই স্বের পাগলাকে।
ওগো তোমরা মিছে ভাব,
আমি যাবই যাবই যাব—
ভাঙল দ্বার, কাটল দড়াদড়ি॥

# ७३

আমার ঢালা গানের ধারা সেই তো তুমি পিরেছিলে,
আমার গাঁথা স্বপন-মালা কখন চেয়ে নিরেছিলে॥
মন যবে মাের দ্রের দ্রের
ফিরেছিল আকাশ ঘ্রের
তখন আমার বাধার সূরে
আভাস দিয়ে গিরেছিলে॥

যবে বিদায় নিয়ে যাব চলে
মিলন-পালা সাঙ্গ হলে
শরং-আলায় বাদল-মেঘে
এই কথাটি রইবে লেগে—
এই শ্যামলে এই নীলিমায়
আমায় দেখা দিয়েছিলে॥

### 00

কবে আমি বাহির হলেম তোমারি গান গেরে—
সে তো আঞ্চকে নর সে আঞ্চকে নর।
ভূলে গেছি কবে থেকে আসছি তোমার চেরে—
সে তো আঞ্চকে নর সে আঞ্চকে নর॥
বরনা যেমন বাহিরে যার, জানে না সে কাহারে চার,
তেমনি করে থেরে এলেম জীবনধারা বেরে—
সে তো আন্তকে নর সে আঞ্চকে নর॥
কতই নামে ডেকেছি ষে, কতই ছবি একেছি থে,
কোন্ আনন্দে চলেছি তার ঠিকানা না পেরে—
সে তো আঞ্চকে নর সে আঞ্চকে নর।
প্লেপ যেমন আলোর লাগি না জেনে রান্ত কাটার জাগি
তেমনি তোমার আশার আমার হদর আছে ছেরে—
সে তো আঞ্চকে নর সে আঞ্চকে নর।

তোমার আমার মিলন হবে বলে আলোর আকাশ ভরা।
তোমার আমার মিলন হবে বলে ফ্রেল্ল শ্যামল ধরা॥
তোমার আমার মিলন হবে বলে
রাত্র জাগে জগং লয়ে কোলে,
উষা এসে প্র্দ্রের খোলে কলকণ্ঠস্বরা॥
চলছে ভেসে ক্লিন-আশা-তরী অনাদিস্রোত বেয়ে।
কত কালের কুস্ম উঠে ভরি বরণডালি ছেয়ে।
তোমার আমার মিলন হবে বলে
যুগে যুগে বিশ্বভুবনতলে
পরান আমার বধ্রে বেশে চলে চিরস্বরুদ্বরা॥

#### 06

তোমার বীণা যেমনি বাজে প্রভ. আঁধার-মাঝে অমনি ফোটে তারা। সেই বীণাটি গভীর তানে যেন আমার প্রাণে বাজে তেমনিধারা ৷৷ নতেন স্থিত প্রকাশ হবে তখন কী গোরবে হৃদয়-অন্ধকারে। ন্তরে ন্তরে আলোকরাশি তখন উঠবে ভাসি চিত্তগগনপারে॥ তোমারি সৌন্দর্যছবি. তখন ওগো কবি. আমার পড়বে আঁকা---বিস্মরের রবে না সীমা, তখন ওই মহিমা আর ধাবে না ঢাকা। তোমারি প্রসন্ন হাসি তখন পড়বে আসি নবজীবন-'পরে। আনন্দ-অমূতে তব তখন ধন্য হব চিরদিনের তরে॥

**এक्ला घरत वरम वरम कौ मृत्र वाकारन** ত্মি আমার জীবনে! প্রভূ, পরশরতন গেখে গেখে আমার সাজালে তোমার গভীর গোপনে॥ প্রভূ, मित्तत्र आत्नात आ**ज़ान ग्रांन त्काशात्र फिल्म ना**हि कानि. অস্তর্রাবর তোরণ হতে চরণ বাডালে আমার রাতের স্বপনে॥ হিয়ায় হিয়ায় বাজে আকল আঁধার যামিনী, আমার সে যে তোমার বার্গার। আমি শানি তোমার আকাশপারের তারার রাগিণী, আমার সকল পাশরি। কানে আসে আশার বাণী- খোলা পাব দুয়ারখানি রাতের শেষে শিশির-ধোওয়া প্রথম সকালে তোমার কর্প কিরণে॥

## 99

শুধু তোমার বাণী নর গো, হে বন্ধু, হে প্রির,
মাঝে মাঝে প্রাণে তোমার পরশ্বানি দিয়ে।
সারা পথের ক্রান্তি আমার সারা দিনের ত্যা
কেমন করে মেটাব যে খুজে না পাই দিশা
এ আঁধার যে পূর্ণ তোমায় সেই কথা বলিয়া।।
হদর আমার চায় যে দিতে, কেবল নিতে নয়,
বয়ে বয়ে বেড়ায় সে তার বা-কিছু সগুয়।
হাতথানি ওই বাড়িয়ে আনো, দাও গো আমার হাতে—ধরব তারে, ভরব তারে, রাখব তারে সাথে,
একলা পথের চলা আমার করব রমণীয়।।

# OF

তোমার সূর শ্নারে বে ঘুম ভাঙাও সে ঘুম আমার রমণীর—
জাগরণের সঙ্গিনী সে, তারে তোমার পরশ দিয়ে।।
অন্তরে তার গভীর ক্ষ্ধা, গোপনে চায় আলোকস্ধা,
আমার রাতের ব্বে সে যে তোমার প্রাতের আপন প্রিয়।।
তারি লাগি আকাশ রাঙা আধার-ভাঙা অর্ণরাগে,
তারি লাগি পাথির গানে নবীন আশার আলাপ জাগে।
নীরব তোমার চরণধননি শ্নায় তারে আগমনী,
সন্ধ্যাবেলার কুণিড় তারে সকালবেলার তুলে নিয়ে॥

মোর হৃদয়ের গোপন বিজ্ঞন ঘরে একেলা রয়েছ নীরব শয়ন-'পরে---প্রিয়তম হে. জাগো জাগো জাগো॥ রন্ধে দ্বারের বাহিরে দাঁড়ায়ে আমি আর কতকাল এমনে কাটিবে স্বামী---প্রিয়তম হে, জাগো জাগো জাগো॥ রজনীর তারা উঠেছে গগন ছেয়ে. আছে সবে মোর বাতায়ন-পানে চেয়ে---প্রিয়তম হে, জাগো জাগো জাগো। জীবনে আমার সঙ্গীত দাও আনি. নীরব রেখো না তোমার বীণার বাণী— প্রিয়তম হে. জাগো জাগো জাগো ॥ মিলাব নয়ন তব নয়নের সাথে. মিলাব এ হাত তব দক্ষিণহাতে— প্রিয়তম হে, জাগো জাগো জাগো। হৃদয়পাত সুধায় পূর্ণ হবে. তিমির কাঁপিবে গভীর আলোর রবে---প্রিয়তম হে, জাগো জাগো জাগো ॥

80

প্রভাতের এই প্রথম খনের কুস্মখানি মোর তমি জাগাও তারে ওই নয়নের আলোক হানি॥ দিনের বেলায় করবে খেলা হাওয়ায় দলে. সে যে অন্ধকারে নেবে তারে বক্ষে তলে --রাতের তথনি তো গঙ্গে তাহার ফটেবে বাণী॥ ওগো বীণাখানি পড়ছে আজি সবার চোখে. আমার তারগর্বি তার দেখছে গ্নে সকল লোকে। হেরো কখন সে যে সভা তোকে আড়াল হবে. ওগো স্রট্রকু তার উঠবে বেজে কর্ণ রবে-\*TAT তমি তারে হকের 'পরে লবে টানি॥ যখন

85

মালা হতে খসে-পড়া ফ্লের একটি দল
মাথার আমার ধরতে দাও, ওগো, ধরতে দাও।
ওই মাধ্রীসরোবরের নাই বে কোথাও তল,
হোথায় আমার ডুবতে দাও, ওগো, মরতে দাও॥

দাও গো মৃছে আমার ভালে অপমানের লিখা;
নিভ্তে আজ, বন্ধু, তোমার আপন হাতের টিকা
লগাটে মোর পরতে দাও, ওগো, পরতে দাও॥
বহুক তোমার ঝড়ের হাওরা আমার ফুলবনে,
শ্বনো পাতা মলিন কুস্ম ঝরতে দাও।
পথ জুড়ে বা পড়ে আছে আমার এ জীবনে
দাও গো তাদের সরতে দাও, ওগো, সরতে দাও।
তোমার মহাভান্ডারেতে আছে অনেক ধন—
কুড়িয়ে বেড়াই মুঠা ভরে, ভরে না তার মন, •
অন্তরেতে জীবন আমার ভরতে দাও॥

₽₹

এত আলো জনালিরেছ এই গগনে
কী উৎসবের লগনে॥
সব আলোটি কেমন করে ফেল আমার মুখের 'পরে,
তুমি আপনি থাকো আলোর পিছনে॥
প্রেমটি যেদিন জনালি হৃদর-গগনে
কী উৎসবের লগনে
সব আলো তার কেমন করে পড়ে তোমার মুখের 'পরে,
আমি আপনি পড়ি আলোর পিছনে॥

80

কার হাতে এই মালা তোমার পাঠালে
আজ ফাগ্ন-দিনের সকালে॥
তার বর্ণো তোমার নামের রেখা গঙ্কে তোমার ছন্দ লেখা,
সেই মালাটি বে'থেছি মোর কপালে
আজ ফাগ্ন-দিনের সকালে॥
গানটি তোমার চলে এল আকাশে
আজ ফাগ্ন-দিনের বাতাসে।
বুগো, আমার নামটি তোমার স্বরে কেমন করে দিলে জ্বড়ে
লাকিরে তুমি ওই গানেরই আড়ালে
আজ ফাগ্ন-দিনের সকালে॥

88

বল তো এইবারের মতো প্রভু, তোমার আঞ্চিনাতে তুলি আমার ফসল বত॥ কিছ্-বা ফল গেছে ঝরে, কিছ্-বা ফল আছে ধরে,
বছর হরে এল গত—
রোদের দিনে ছারায় বসে বাজার বাশি রাখাল বত॥
হর্কুম তুমি কর বাদ
চৈত্র-হাওরার পাল তুলে দিই— ওই-যে মেতে ওঠে নদী।
পার করে নিই ভরা তরী, মাঠের বা কাজ সারা করি,
ঘরের কাজে হই গো রত—
এবার আমার মাথার বোঝা পারে তোমার করি নত॥

## 84

নতন করে পাব বলে হারাই ক্ষণে-ক্ষণ তোমার ভালোবাসার ধন। ও মোর দেখা দেবে বলে তুমি হও যে অদর্শন ও মোর ভালোবাসার ধন॥ তুমি আমার নও আড়ালের, তুমি আমার চিরকালের -ওগো. ক্ষণকালের লীলার স্রোতে হও যে নিমগন ভালোবাসার ধন ৷৷ ও মোর তোমায় যখন খাজে ফিরি ভরে কাঁপে মন আমি প্রেমে আমার ঢেউ লাগে তখন। শেষ নাহি, তাই শ্না সেজে শেষ করে দাও আপনাকে ষে--তোমার ওই হাসিরে দেয় ধরে মোর বিরহের রোদন ও মোর ভালোবাসার ধন ৷৷

#### Rè

ধীরে বন্ধ, ধীরে ধীরে
চলো তোমার বিজনমন্দিরে ॥
জানি নে পথ, নাই যে আলো, ভিতর বাহির কালোয় কালো,
তোমার চরণশব্দ বরণ করেছি
আজ এই অরণ্যগভীরে ॥
ধীরে বন্ধ, ধীরে ধীরে
চলো অন্ধকারের তীরে তীরে ।
চলব আমি নিশীখরাতে তোমার হাওয়ার ইশারাতে,
তোমার বসনগন্ধ বরণ করেছি
আজ এই বসস্তসমীরে ॥

89

এবার আমায় ডাকলে দ্রের সাগর-পারের গোপন পুরে॥ বোঝা আমার নামিরেছি বে, সঙ্গে আমার নাও গো নিজে,
ন্তন্ধ রাতের রিদ্ধ সুখা পান করাবে তৃঞ্চাতুরে॥
আমার সন্ধাফ্লের মধ্
এবার বে ভোগ করবে ব'ধ্।
তারার আলোর প্রদীপথানি প্রাণে আমার জনালবে আনি,
আমার যত কথা ছিল ভেনে বাবে তোমার সুরে॥

## RV

দ্বংথের বরষার চন্দের জল বেই নামল
বন্দের দরজার বন্ধরে রথ সেই থামল॥
মিলনের পার্টি পূর্ণ যে বিজেদ -বেদনার;
অপিন্ হাতে তার, খেদ নাই আর মোর খেদ নাই॥
বহুদিনবন্ধিত অন্তরে সন্ধিত কী আশা,
চন্দের নিমেবেই মিটল সে পরশের তিরাষা।
এত দিনে জানলেম যে কদিন কদিলেম সে কাহার জন্য।
ধন্য এ জাগরণ, ধন্য এ ক্রন্দন, ধন্য রে ধন্য॥

## 82

সে দিনে আপদ আমার বাবে কেটে
প্লকে হদয় বেদিন পড়বে ফেটে॥
তখন তোমার গন্ধ তোমার মধ্ আপনি বাহির হবে ব'ধ্ হে,
তারে আমার বলে ছলে বলে কে বলো আর রাখবে এ'টে॥
আমারে নিখিল ভূবন দেখছে চেম্নে রাহিদিবা।
আমি কি জানি নে তার অর্থ কিবা!
তারা যে জানে আমার চিন্তকোষে অম্তর্প আছে বসে গো—
তারেই প্রকাশ করি, আপনি মরি, তবে আমার দৃঃখ মেটে॥

#### 40

আমার হিয়ার মাঝে লব্কিয়ে ছিলে দেখতে আমি পাই নি।
তোমায় দেখতে আমি পাই নি।
বাহির-পানে চোধ মেলেছি, আমার হদর-পানে চাই নি॥
আমার সকল ভালোবাসায় সকল আঘাত সকল আশায়
তুমি ছিলে আমার কাছে, তোমার কাছে যাই নি॥
তুমি মোর আনন্দ হয়ে ছিলে আমার খেলায়—
আনন্দে তাই ভূলোছিলেম, কেটেছে দিন হেলায়।
গোপন রহি গভীর প্রাণে আমার দ্বঃখন্থের গানে
স্কুর দিয়েছ ভূমি, আমি তোমার গান তো গাই নি॥

কেন চোথের জলে ভিজিরে দিলেম না শ্কুকনো ধ্লো যত!
কে জানিত আসবে তুমি গো অনাহ্তের মতো॥
পার হরে এসেছ মর্, নাই যে সেথার ছারাতর,—
পথের দ্ঃখ দিলেম তোমার গো এমন ভাগাহত॥
আলসেতে বসেছিলেম আমি আপন ঘরের ছায়ে,
জানি নাই যে তোমার কত ব্যথা বাজবে পায়ে পায়ে।
ওই বেদনা আমার ব্কে বেজেছিল গোপন দ্থে—
দাগ দিরেছে মর্মে আমার গো গভীর হদরক্ষত॥

63

আমায় বাঁধবে যদি কাজের ডোরে
কেন পাগল কর এমন করে।
বাতাস আনে কেন জানি কোন্ গগনের গোপন বাগী,
পরানখানি দের যে ভরে॥
সোনার আলো কেমনে হে, রক্তে নাচে সকল দেহে।
কারে পাঠাও ক্ষণে ক্ষণে আমার খোলা বাতায়নে,
সকল হদর লয় যে হরে॥

40

ওদের সাথে মেলাও যারা চরার তোমার ধেন্,
তোমার নামে বাজার যারা বেণ্ন॥
পাষাণ দিয়ে বাঁধা ঘাটে এই-যে কোলাহলের হাটে
কেন আমি কিসের লোভে এন্ম
কী ডাক ডাকে বনের পাতাগন্লি, কার ইশারা ত্ণের অঙ্গনি!
প্রাণেশ আমার লীলাভরে খেলেন প্রাণের খেলাঘরে,
পাথির মুখে এই-যে খবর পেন্ম॥

4R

আমারে তুমি অশেষ করেছ, এমনি লীলা তব—ফুরায়ে ফেলে আবার ভরেছ জীবন নব নব॥
কত-যে গিরি কত-যে নদী -তীরে
বেড়ালে বহি ছোটো এ বাশিটিরে,
কত-যে তান বাজালে ফিরে ফিরে
কাহারে তাহা কব॥
তোমারি ওই অমৃতপরশে আমার হিরাখানি
হারালো সীমা বিপ্লে হরবে, উর্থাল উঠে বাণী।

আমার শুখু একটি মুঠি ভরি দিতেছ দান দিবস-বিভাবরী— হল না সারা, কত-না যুগ ধরি কেবলই আমি লব॥

¢ ¢

প্রভূ, বলো বলো কবে
তোমার পথের ধ্লার রঙে রঙে আঁচল রঙিন হবে॥
তোমার বনের রাঙা ধ্লি ফ্টার প্রার কুস্মগ্রিল,
সেই ধ্লি হার কখন আমার আপন করি লবে?
প্রণাম দিতে চরণতলে ধ্লার কাঙাল বালীদলে
চলে যারা, আপন বলে চিনবে আমার সবে॥

44

আমার না-বলা বাণীর ঘন যামিনীর মাঝে
তোমার ভাবনা তারার মতন রাজে॥
নিভ্ত মনের বনের ছারাটি ঘিরে
না-দেখা ফুলের গোপন গন্ধ ফিরে,
আমার ল্কায় বেদনা অঝরা অপ্রনীরে—
অপ্রত বাঁশি হদরগহনে বাজে॥
ক্ষণে ক্ষণে আমি না জেনে করেছি দান
তোমার আমার গান।
পরানের সাজি সাজাই থেলার ফুলে,
জানি না কখন নিজে বেছে লও তুলে—
তুমি অলখ আলোকে নীরবে দ্রার খুলে
প্রাণের পরশ দিয়ে বাও মার কাজে॥

69

আমার হৃদয় তোমার আপন হাতের দোলে দোলাও.
কে আমারে কী-ষে বলে ভোলাও ভোলাও॥
ওরা কেবল কথার পাকে নিত্য আমার বে'ষে রাখে.
বাঁশির ডাকে সকল বাঁধন খোলাও॥
মনে পড়ে, কত-না দিন রাতি
আমি ছিলেম তোমার খেলার সাথি।
আজকে তুমি তেমনি করে সামনে তোমার রাখো ধরে,
আমার প্রাণে খেলার সে তেউ তোলাও॥

# &V

ভেঙে মোর ঘরের চাবি নিয়ে যাবি কে আমারে
বন্ধ আমার!
না পেয়ে তোমার দেখা, একা একা দিন যে আমার কাটে না রে॥
ব্রিঝ গো রাত পোহালো,
ব্রিঝ ওই রবির আলো
আভাসে দেখা দিল গগন-পারে—
সম্থে ওই হেরি পথ, তোমার কি রথ পেশছবে না মোর দ্রারে॥
আকাশের যত ভারা
চেয়ের রয় নিমেষহারা,
বসে রয় রাড-প্রভাতের পথের ধারে।
তোমারি দেখা পেলে সকল ফেলে ডুববে আলোক-পারাবারে।
প্রভাতের পথিক সবে
এল কি কলরবে—
গেল কি গান গেয়ে ওই সারে সারে!
ব্রিথ-বা ফ্লে ফ্টেছে, স্রুর উঠেছে অর্গবীণার ভারে তারে॥

# 63

তোমায় কিছু দেব বলে চার ষে আমার মন নাই-বা তোমার থাকল প্রয়োজন॥ যখন তোমার পেলেম দেখা, অন্ধকারে একা একা ফিরতেছিলে বিজন গভীর বন। ইচ্ছা ছিল একটি বাতি জ্বালাই তোমার পথে. নাই-বা তোমার থাকল প্রয়োজন।। দেখেছিলেম হাটের লোকে তোমারে দের গালি. গায়ে তোমার ছড়ার ধুলাবালি। অপমানের পথের মাঝে তোমার বীণা নিতা বাজে আপন-সারে-আপনি-নিমগন। ইচ্ছা ছিল বর্ণমালা পরাই তোমার গলে, নাই-বা তোমার থাকল প্রয়োজন।। দলে দলে আসে লোকে, রচে তোমার শুব-নানা ভাষায় নানান কলরব। ভিক্ষা লাগি তোমার দ্বারে আঘাত করে বারে বারে কত-বে শাপ, কত-বে ক্রন্দন। ইচ্ছা ছিল বিনা পণে আপনাকে দিই পায়ে নাই-বা তোমার থাকল প্রয়োজন।।

আমার অভিমানের বদলে আজ নেব তোমার মালা।
আজ নিশিশেষে শেষ করে দিই চোথের জলের পালা॥
আমার কঠিন হদরটারে ফেলে দিলেম পথের ধারে,
তোমার চরণ দেবে তারে মধ্র পরণ পাষাণ-গালা॥
ছিল আমার অধারখানি, তারে তুমিই নিলে টানি,
তোমার প্রেম এল যে আগনে হয়ে— করল,তারে আলা।
সেই-যে আমার কাছে আমি ছিল সবার চেরে দামি,
তারে উজাড় করে সাজিরে দিলেম তোমার বরণভালা॥

63

তুমি থাকি আমার পানে চেরে চেরে
তোমার আঙিনাতে বেড়াই যখন গেরে গেরে॥
তোমার পরশ আমার মাঝে সুরে সুরে বুকে বাজে,
সেই আনন্দ নাচার ছন্দ বিশ্বভূবন ছেরে ছেরে॥
ফিরে ফিরে চিত্তবীশার দাও যে নাড়া।
গ্র্জাররা গ্রেজারেরা দের সে সাড়া।
তোমার আধার তোমার আলো দুই আমারে লাগল ভালো—
আমার হাসি বেডার ভাসি তোমার হাসি বেরে বেরে॥

62

আমার সকল রসের ধারা
তোমাতে আন্ধ হোক-না হারা॥
ভীবন জুড়ে লাগ্রক পরণ, ভূবন বোপে জাগ্রক হরষ,
তোমার রূপে মর্ক ভূবে আমার দুটি আঁখিতারা॥
হারিরে-বাওরা মনটি আমার
ফিরিরে ভূমি আনলে আবার।
ছাড়িয়ে-পড়া আশাগ্রিল কুজিরে ভূমি লও গো ভূলি,
গলার হারে দোলাও তারে গাঁথা তোমার করে সারা॥

60

রাচি এসে বেখার মেশে দিনের পারাবারে তোমায় আমার দেখা হল সেই মোহানার ধারে॥ সেইখানেতে সাদার কালোয় মিলে গেছে আঁধার আলোর— সেইখানেতে টেউ ছুটেছে এ পারে, ওই পারে॥ নিতল নীল নীরব-মাঝে বাজল গভীর বাণী, নিকষেতে উঠল ফুটে সোনার রেখাখানি। মুখের পানে তাকাতে যাই, দেখি-দেখি দেখতে না পাই— স্বাপন-সাথে জড়িয়ে জাগা, কাঁদি আকুল ধারে॥

# 48

খেলা ৰখন ছিল তোমার সনে তখন কে ভূমি তা কে জানত। ष्टिल ना ७३. ष्टिल ना लाख भरत. তখন জীবন বহে ষেত অশান্ত॥ তমি ভোরের বেলা ডাক দিয়েছ কত যেন আমার আপন সখার মতো. তোমার সাথে ফিরেছিলেম ছুটে হেসে সে দিন কত-না বন-বনাস্ত॥ সেদিন তুমি গাইতে বে-সব গান ওগো. কোনো অর্থ তাহার কে জানত। সঙ্গে তারি গাইত আমার প্রাণ, 찌말 নাচত হাদয় অশান্ত। খেলার শেষে আজ কী দেখি ছবি--হঠাৎ শুদ্ধ আকাশ, নীরব শশী রবি, চরণ-পানে নয়ন করি নত তোমার দাঁড়িয়ে আছে একান্ড।। ভবন

## 96

সীমার মাঝে, অসীম, তুমি বাজাও আপন স্ব-আমার মধ্যে তোমার প্রকাশ তাই এত মধ্র॥
কত বর্ণে কত গকে কত গানে কত ছন্দে
অর্প, তোমার র্পের লীলার জাগে হদরপ্র।
আমার মধ্যে তোমার শোভা এমন স্মধ্র॥
তোমার আমার মিলন হলে সকলই ধার খুলে,
বিশ্বসাগর তেউ থেলারে উঠে তখন দুলে।
তোমার আলার নাই তো ছায়া, আমার মাঝে পায় সে কায়া,
হয় সে আমার অপ্রুজলে স্ক্রের বিধ্র।
আমার মধ্যে তোমার শোভা এমন স্মধ্র॥

66

আজি যত তারা তব আকাশে সবে মোর প্রাণ ভরি প্রকাশে 🛭 নিখিল তোমার এসেছে ছুটিয়া, মোর মাঝে আজি পড়েছে টুটিয়া হে,
তব নিকুঞ্জের মঞ্জরী বত আমারি অক্সে বিকাশে॥
দিকে দিগন্তে যত আনন্দ লভিয়াছে এক গভীর গদ্ধ হে,
আমার চিত্তে মিলি একতে তোমার মন্দিরে উছাসে।
আজি কোনোখানে কারেও না জানি,
দ্রনিতে না পাই আজি কারো বাণী হে,
নিখিল নিশ্বাস আজি এ বক্ষে বাঁশরির সুরে বিলাসে॥

# 69

কেমন করিয়া জানাব আমার জুড়ালো হদর জুড়ালো-আমার জুড়ালো হদর প্রভাতে। কেমন করিয়া জানাব আমার পরান কী নিধি কুড়ালো-ভূবিয়া নিবিভূ গভীর শোভাতে॥ গিয়েছি সবার মাঝারে, সেথায় দেখেছি আলোক-আসনে— আক দেখেছি আমার হৃদররাজারে। দ্রেকটি কথা করেছি তা সনে, সে নীরব সভা-মাঝারে--আমি দেখেছি চিরজনমের রাজারে॥ এই বাতাস আমারে হৃদরে লয়েছে, আলোক আমার তনতে কেমনে মিলে গেছে মোর তন্তে-তাই এ গ**গন-ভরা প্রভাত পশিল আমার অণ্**তে অণ্তে। <u> বিভূবন-জোড়া কাহার বক্ষে দেহ মন মোর ফ্রালো --</u> আঞ বেন রে নিঃশেষে আজি ফ্রালো। स्थात या दर्शत मकरनतरे भारत क्रुज़ाला क्रीवन क्रुज़ाला--হ্যান্ত আমার আদি ও অন্ত জুড়ালো॥

#### ė M

প্রভূ আমার, প্রিয় আমার, পরম ধন হে।
চিরপথের সঙ্গী আমার চিরজ্ঞীবন হে॥
তৃপ্তি আমার, অতৃপ্তি মোর, মৃক্তি আমার, বন্ধনডোর,
দৃঃখদ্বথের চরম আমার জীবন মরণ হে॥
আমার সকল গতির মাঝে পরম গতি হে।
নিতা প্রেমের ধামে আমার পরম পতি হে।
ওগো সবার, ওগো আমার, বিশ্ব হতে চিত্তে বিহার—
অন্তবিহীন লীলা তোমার নৃত্ন নৃত্ন হে॥

92

তুমি বন্ধ, তুমি নাথ, নিশিদিন তুমি আমার। তুমি সুখ, তুমি শান্তি, তুমি হে অমৃতপাধার॥ তুমিই তো আনন্দলোক, জন্তাও প্রাণ, নাশো শোক. তাপহরণ তোমার চরণ অসীমন্দরণ দীনজনার॥

90

ও অক্লের ক্ল, ও অগতির গতি, ও অনাথের নাথ, ও পতিতের পতি। ও নয়নের আলো, ও রসনার মধ্, ও রৃতনের হার, ও পরানের ব'ধ্। ও অপর্প র্প, ও মনোহর কথা, ও চরমের স্খ, ও মরমের বাথা। ও ভিখারির ধন, ও অবোলার বোলা -ও জনমের দোলা, ও মরদের কোল॥

## 93

আমার মাঝে তোমারি মায়া জাগালে তুমি কবি।
আপন-মনে আমারি পটে আঁকো মানস ছবি॥
তাপস তুমি ধেয়ানে তব কী দেখ মােরে কেমনে কব,
আপন-মনে মেঘস্বপন আপনি রচ রবি।
তোমার জটে আমি তোমারি ভাবের জাহুবী।
তোমারি সােনা বােঝাই হল, আমি তাে তার ভেলা—
নিজেরে তুমি ভােলাবে বলে আমারে নিয়ে খেলা।
কপ্তে মম কী কথা শােন অর্থ আমি ব্রিখ না কোনাে.
বীণাতে মাের কাঁদিয়া ওঠে তােমারি ভৈরবী।
মুকুল মম সুবাসে তব গােপনে সােরভী॥

# 9 2

ভূলে যাই থেকে থেকে
তোমার আসন-'পরে বসাতে চাও নাম আমাদের হে'কে হে'কে ॥

য়ারী মোদের চেনে না যে, বাধা দের পথের মাঝে।
বাহিরে দাঁড়িয়ে আছি, লও ভিতরে ডেকে ডেকে॥

মোদের প্রাণ দিয়েছ আপন হাতে, মান দিয়েছ তারি সাথে।
থেকেও সে মান থাকে না যে লোভে আর ভয়ে লাজে—

ফ্লান হয় দিনে দিনে, যায় ধ্বলাতে ঢেকে ঢেকে॥

90

তোমার এই মাধ্রী ছাপিয়ে আকাশ ঝরবে, আমার প্রাণে নইলে সে কি কোথাও ধরবে। এই-বে আলো স্বে গ্রহে তারায় ঝরে পড়ে শতলক্ষ ধারার,
প্র্ণ হবে এ প্রাণ বখন ভরবে॥
তোমার ফ্লে বে রঙ ঘ্মের মতো লাগল
আমার মনে লেগে তবে সে বে জাগল গো।
যে প্রেম কাপার বিশ্ববীশার প্লেকে সঙ্গীতে সে উঠবে ভেসে পলকে
যে দিন আমার সকল হদর হরবে॥

# 98

এরে ভিখারি সাজারে কী রঙ্গ তুমি করিলে,
হাসিতে আকাশ ভরিলে॥
পথে পথে ফেরে, দারে দারে বায়, ঝুলি ভরি রাখে যাহা-কিছ্ পায়—
কতবার তুমি পথে এসে হায়, ভিক্ষার ধন হরিলে॥
ভেবেছিল চির-কাঙাল সে এই ভূবনে, কাঙাল মরণে জীবনে।
ওগো মহারাজা, বড়ো ভয়ে ভয়ে দিনশেষে এল তোমারি আলায়ে—
আধেক আসনে তারে ডেকে লয়ে নিজ মালা দিয়ে বরিলে॥

## 96

আপনাকে এই জানা আমার ফ্রাবে না।
এই জানারই সঙ্গে সঙ্গে তোমার চেনা॥
কত জনম-মরণেতে তোমারি ওই চরণেতে
আপনাকে ষে দেব, তব্ বাড়বে দেনা॥
আমারে যে নামতে হবে খাটে ঘাটে,
বারে বারে এই ভুবনের প্রাণের হাটে।
ব্যাবসা মোর তোমার সাথে চলবে বেড়ে দিনে রাতে,
আপনা নিয়ে করব ষতই বেচা কেনা॥

#### 96

তুমি যে এসেছ মোর ভবনে রব উঠেছে ভুবনে॥
নহিলে ফুলে কিসের রঙ লেগেছে. গগনে কোন্ গান জেগেছে.
কোন্ পরিমল পবনে॥
দিয়ে দৃঃথস্থের বেদনা আমার ভোমার সাধনা।
আমার বাধায় ব্যধায় পা ফেলিয়া এলে ভোমার সূত্র মেলিয়া,
এলে আমার জীবনে॥

# 99

**ভূমি বে চে**রে আছ আকাশ ভরে নিশিদিন অনিমেষে দেখ**ছ** মোরে॥ আমি চোখ এই আলোকে
তোমার ওই চেরে-দেখা
এ আকাশ দিন গ্রনিছে
ফাগ্যনের কুস্ম-ফোটা
আমার এই একটি কুণ্ড়
সে দিনে ধন্য হবে
ভোমার এই লোকে লোকে
আমার এই আঁধারট্কু

মেলব ধবে
সফল হবে,
তারি তরে॥
হবে ফাঁকি
রইলে বাকি।
তারার মালা
প্রদীপ জনালা
ঘ্রচলে পরে॥

94

আমার বাণী আমার প্রাণে লাগে—

যত তোমায় ডাকি, আমার আপন হদয় জাগে॥

শুধু তোমায় চাওয়া সেও আমার পাওয়া,

তাই তো পরান পরানপণে হাত বাড়িয়ে মাগে॥

হায় অশস্ত, ভয়ে থাকিস পিছে।

লাগলে সেবায় অশক্তি তোর আপনি হবে মিছে।

পথ দেখাবার তরে যাব কাহার ঘরে—
যেমনি আমি চলি, তোমার প্রদীপ চলে আগে॥

95

অসীম ধন তো আছে তোমার, তাহে সাধ না মেটে।
নিতে চাও তা আমার হাতে কণার কণার বে'টে॥
দিয়ে রতন মণি, দিয়ে তোমার রতন মণি আমায় করলে ধনী—
এখন স্থারে এসে ডাকো, রয়েছি দ্বার এ'টে॥
আমায় তুমি করবে দাতা, আপনি ভিক্ষা হবে-বিশ্বভূবন মাতল ষে তাই হাসির কলরবে।
তুমি রইবে না ওই রথে, তুমি রইবে না ওই রথে, নামবে ধ্লাপধে—
যুগ-যুগান্ত আমার সাথে চলবে হে'টে হে'টে॥

RO

যদি আমায় তুমি বাঁচাও, তবে
তোমার নিখিল ভূবন ধন্য হবে।।
যদি আমার মনের মলিন কালী ঘ্চাও প্ণ্যসলিল ঢালি
তোমার চন্দ্র স্থান্তন আলোয় জাগবে জ্যোতির মহোংসবে।।
আজও ফোটে নি মোর শোভার কুড়ি,
তারি বিষাদ আছে জগং জুড়ি।
যদি নিশার তিমির গিয়া টুটে আমার হৃদয় জেগে উঠে
তবে মুখর হবে সকল আকাশ আনন্দময় গানের রবে।।

#### V۵

যিনি সকল কাজের কাজী, মোরা তাঁরি কাজের সঙ্গী।
যাঁর নানা রঙের রঙ্গ, মোরা তাঁরি রসের রঙ্গী॥
তাঁর বিপলে ছন্দে ছন্দে
মোরা যাই চলে আনন্দে,
তিনি কেমনি বাজান ভেরী মোদের তেমনি নাচের ভঙ্গী॥
এই জন্ম-মরণ-খেলার
মোরা মিলি তাঁরি মেলার,
এই দ্বঃখস্খের জীবন মোদের তাঁরি খেলার অঙ্গী।
ওরে ডাকেন তিনি ববে
তাঁর জলদ-মন্দ্র রবে
ছুটি পথের কাঁটা পারে দ'লে সাগর গিরি লাভ্ছ॥

## 85

আমরা তারেই জানি তারেই জানি সাথের সাথি,
তারেই করি টানাটানি দিবারাতি॥
সঙ্গে তারি চরাই থেন্,
বাজাই বেণ্
তারি লাগি বটের ছারার আসন পাতি॥
তারে হালের মাঝি করি
চালাই তরী,
ঝড়ের বেলার টেউরের খেলার মাতামাতি।
সারা দিনের কাজ ফ্রালে
সক্ষ্যাকালে
তাহারি পথ চেয়ে ধরের জ্বালাই বাতি॥

### 40

যা হবার তা হবে।
যে আমারে কাঁদায় সে কি অমনি ছেড়ে রবে।
পথ হতে যে ভূলিয়ে আনে পথ যে কোথায় সেই তা জানে,
ঘর যে ছাড়ায় হাত সে বাড়ায়— সেই তো ঘরে লবে॥

## 48

অন্ধকারের মাঝে আমার ধরেছ দুই হাতে।
কথন্ তুমি এলে, হে নাথ, মৃদ্ চরণপাতে।
ভেবেছিলেম জীবনস্বামী, তোমার ব্ঝি হারাই আমি—
আমার তুমি হারাবে না ব্ঝেছি আজ রাতে॥

যে নিশীথে আপন হাতে নিবিরে দিলেম আলো তারি মাঝে তুমি তোমার ধ্ববতারা জনালো। তোমার পথে চলা ধখন ঘ্রতে গেল, দেখি তখন আপনি তুমি আমার পথে ল্বিকরে চল সাথে॥

### RG

হে মোর দেবতা, ভরিয়া এ দেহ প্রাণ
কী অমৃত তুমি চাহ করিবারে পান।
আমার নরনে তোমার বিশ্বছবি
দেখিয়া লইতে সাধ ধার তব কবি,
আমার মৃদ্ধ প্রবণে নীরব রহি
শুনিয়া লইতে চাহ আপনার গান॥
আমার চিত্তে তোমার সৃষ্টিখানি
রচিয়া তুলিছে বিচিত্ত তব বাণী।
তারি সাধে, প্রভু, মিলিয়া তোমার প্রীতি
জাগায়ে তুলিছে আমার সকল গীতি—
আপনারে তুমি দেখিছ মধ্রে রসে
আমার মাঝারে নিজেরে করিয়া দান॥

### 49

শুধু কি তার বে'ধেই তোর কাজ ফুরাবে,
গুণী মোর, ও গুণী!
বাধা বীণা রইবে পড়ে এমনি ভাবে,
গুণী মোর, ও গুণী!
তা হলে হার হল যে হার হল,
শুধু বাধাবাধিই সার হল, গুণী মোর, ও গুণী!
বাধনে যদি তোমার হাত লাগে
তা হলেই সুর জাগে, গুণী মোর, ও গুণী,
না হলে খুলায় পড়ে লাজ কুড়াবে॥

### 89

আমারে তুমি কিসের ছলে পাঠাবে দ্রে, আবার আমি চরণতলে আসিব ঘ্রে॥ সোহাগ করে করিছ হেলা, টানিবে বলে দিতেছ ঠেলা— হে রাজা, তব কেমন খেলা রাজ্য জ্বড়ে॥

সভার তোমার থাকি সবার শাসনে, কণ্ঠে সেথার সরে কে'পে যার রাসনে ৷ আমার তাকায় সকল লোকে, प्रथएं ना भारे कात्य তখন অভয় হাসি **হাসো আপন আসনে**॥ কোথায় কবে আমার এ লম্জাভর খসাকে একলা ঘরের নিরালাতে বসাবে। তোমার যা শোনাবার আছে ওই চরণের কাছে, গাব আড়াল হতে শোনে বা কেউ না-শোনে॥ দ্বারের

#### 47

তোমার প্রেমে ধন্য কর বারে সত্য করে পায় সে আপনারে॥
দ্বঃখে শোকে নিন্দা-পরিবাদে
চিত্ত তার ডোবে না অবসাদে,
ট্রটে না বল সংসারের ভারে॥
পণে যে তার গ্রের বাণী বাজে, বিরাম জাগে কঠিন তার কাজে।
নিজেরে সে যে তোমারি মাঝে দেখে,
জীবন তার বাধার নাহি ঠেকে,
দৃষ্টি তার আধার-পরপারে॥

### 70

লন্কিয়ে আস আঁধার রাতে, তুমি আমার বন্ধ্।
লও যে টেনে কঠিন হাতে, তুমি আমার আনন্দ।
দ্বংধরথের তুমিই রথী, তুমিই আমার বন্ধ্।
তুমি সন্কট তুমিই ক্ষতি, তুমিই আমার আনন্দ।
শান্ধ আমারে করো গো জয়, তুমিই আমার বন্ধ্।
রুদ্র তুমি হে ভয়ের ভয়, তুমি আমার আনন্দ।
বক্ত এসো হে বক্ষ চিরে, তুমিই আমার বন্ধ্।
মৃত্যু লও হে বাঁধন ছি'ডে, তুমি আমার আনন্দ।

72

তুমি কি এসেছ মোর স্বারে খুজিতে আমার আপনারে। তোমারি যে ডাকে
কুস্ম গোপন হতে বাহিরায় নগ্ন শাথে শাথে,
সেই ডাকে ডাকো আজি তারে॥
তোমারি সে ডাকে বাধা ভোলে,
শ্যামল গোপন প্রাণ ধ্লি-অবগ্ন্ঠন খোলে।
সে ডাকে তোমারি
সহসা নবীন উষা আসে হাভে আলোকের ঝারি,
দেয় সাড়া ঘন অন্ধকারে॥

## 25

আলোকের এই ঝর্নাধারায় ধৃইয়ে দাও। আক্ত আপনাকে এই ল্বাকিয়ে-রাখা ধ্বার ঢাকা ধ্ইরে দাও॥ আমার মাঝে জড়িয়ে আছে ঘুমের জালে যে জন এই সকালে ধীরে ধীরে তার কপালে আজ অর্ণ-আলোর সোনার-কাঠি ছুইয়ে দাও। এই বিশ্বহৃদয়-হতে-ধাওয়া আলোয়-পাগল প্রভাত-হাওয়া, সেই হাওয়াতে হৃদয় আমার নৃইয়ে দাও॥ নিখিলের আনন্দধারায় ধ্ইয়ে দাও, আৰু মনের কোণের সব দীনতা মিলনতা ধ্ইয়ে দাও। পরান-বীণায় ঘুমিয়ে আছে অমৃতগান--আমার नारें का वाशी, नारें का इन्म, नारें का जान। তার আনন্দের এই জাগরণী ছ;ইয়ে দাও। তারে বিশ্বহৃদয়-হতে-ধাওয়া প্রণে-পাগল গানের হাওয়া, সেই হাওয়াতে হৃদয় আমার নুইয়ে দাও॥

## 20

এ অন্ধকার ডুবাও তোমার অতল অন্ধকারে
ওহে অন্ধকারের স্বামী।
এসো নিবিড়, এসো গভীর, এসো জীবন-পারে
আমার চিত্তে এসো নামি।
এ দেহ মন মিলায়ে যাক, হইয়া যাক হায়া
ওহে অন্ধকারের স্বামী।
বাসনা মোর, বিকৃতি মোর, আমার ইচ্ছাধারা
ওই চরণে যাক থামি।
নির্বাসনে বাঁধা আছি দুর্বাসনর ডোরে
ওহে অন্ধকারের স্বামী।
সব বাঁধনে তোমার সাথে বন্দী করো মোরে
ওহে আন্ধনার বাঁধন-কামী।

আমার প্রির, আমার প্রের, আমার হে পরম, ওহে অন্ধকারের স্বামী, সকল করে সকল ভরে আসক সে চরম— ওগো, মরুক-না এই আমি॥

### 28

ধায় যেন মোর সকল ভালোবাসা প্রভু, ভোমার পানে, ভোমার পানে, ভোমার পানে। যায় যেন মোর সকল গভীর আশা

প্রভু, তোমার কানে, তোমার কানে, তোমার কানে॥ চিত্ত মম যখন যেথা থাকে সাড়া যেন দেয় সে তব ডাকে, যত বাধন সব টুটে গো যেন

প্রভূ, তোমার টানে, তোমার টানে, তোমার টানে॥ বাহিরের এই ভিক্ষা-ভরা থালি এবার যেন নিঃশেষে হয় খালি, অন্তর মোর গোপনে যায় ভরে

প্রভূ, তোমার দানে, তোমার দানে, তোমার দানে। হে বন্ধ মোর, হে অন্তরতর, এ জীবনে ব্য-কিছ্ সন্দর সকলই আজ বেজে উঠ্ক স্বরে

প্রভূ, তোমার গানে, তোমার গানে, তোমার গানে॥

## 24

জ বিন যখন শ্কায়ে যায় কর্ণাধারায় এসো।
সকল মাধ্রী ল্কায়ে যায়, গীতস্থারসে এসো॥
কর্ম যখন প্রবল-আকার গর্রজি উঠিয়া ঢাকে চারি ধার
হৃদয়প্রান্তে, হে জীবননাথ, শান্ত চরণে এসো॥
আপনারে যবে করিয়া কৃপণ কোণে পড়ে থাকে দীনহীন মন
দ্যার খ্লিয়া, হে উদার নাথ, রাজসমারোহে এসো।
বাসনা যখন বিপ্লে ধ্লায় অন্ধ করিয়া অবোধে ভূলায়,
ওহে পবিত, ওহে অনিদ্র, রুদ্র আলোকে এসো॥

### 24

আমার পাত্রখানা যায় যদি যাক ভেঙেচুরে—
আছে অঞ্জলি মোর, প্রসাদ দিয়ে দাও-না প্রে॥
সহজ স্থের স্থা তাহার ম্লা তো নাই,
ছড়াছড়ি যায় সে-ষে ওই ষেখানে চাই—
বড়ো-আপন কাছের জিনিস রইল দ্রে।
হুদয় আমার সহজ স্থায় দাও-না প্রে॥

বারে বারে চাইব না আর মিথ্যা টানে
ভাঙন-ধরা আঁধার-করা পিছন-পানে।
বাসা বাঁধার বাঁধনখানা ধাক-না ট্টে,
অবাধ পথের শ্নো আমি চলব ছুটে।
শ্ন্য-ভরা তোমার বাঁশির স্করে স্বরে
হুদয় আমার সহজ সুধায় দাও-না প্রেম

# 29

গাব তোমার স্বরে দাও সে বীণায়ন্ত,
শ্বনব তোমার বাণী দাও সে অমর মন্ত।
করব তোমার সেবা দাও সে পরম শক্তি,
চাইব তোমার মাথে দাও সে অচল ভক্তি॥
সইব তোমার আঘাত দাও সে বিপলে ধৈর্য,
বইব তোমার ধক্তা দাও সে অটল স্থৈয়।
নেব সকল বিশ্ব দাও সে প্রবল প্রাণ,
করব আমায় নিঃম্ব দাও সে প্রবল প্রাণ,
বাব তোমার সাথে দাও সে দিখন হস্ত,
লড়ব তোমার রণে দাও সে তোমার অম্তা॥
জাগব তোমার সতো দাও সেই আহ্বন।
ছাড়ব স্থের দাস্য, দাও দাও কলাাণ॥

# 28

ধারার মতো পড়্ক ঝরে, পড়্ক ঝরে শ্রাবণের তোমারি স্রটি আমার মুখের 'পরে, বুকের 'পরে॥ আলোর সাথে পড়্ক প্রাতে দুই নয়ানে— প্রবের অন্ধকারে গভীর ধারে পড়্ক প্রাণে। **নিশ**ীথের নিশিদিন এই জীবনের স্থের 'পরে, দুখের 'পরে ধারার মতো পড়্ক করে, পড়্ক করে॥ **শ্রাব**ণের যে শাখার घन रकार्षे ना, कन धरत ना একেবারে, তোমার ওই বাদল-বায়ে দিক জাগায়ে সেই শাখারে। জীর্ণ আমার, দীর্ণ আমার, জীবনহারা, যা-কিছ তাহারি ন্তরে প্রত্যুক করে স্বরের ধারা। নিশিদিন এই জীবনের তৃষার 'পরে, ভূথের 'পরে ধারার মতো পড়ুক ঝরে, পড়ুক ঝরে॥ শ্রাবণের

22

বাজাও আমারে বাজাও। বাজালে যে সুরে প্রভাত-আলোরে সেই সুরে মোরে বাজাও॥ যে স্র ভরিলে ভাষাভোলা গীতে শিশ্র নবীন জীবনবাশিতে জননীর-মুখ-তাকানো হাসিতে— সেই স্বরে মোরে বাজাও॥ সাজাও আমারে সাজাও। যে সাজে সাজালে ধরার ধ্লিরে সেই সাজে মোরে সাজাও।

সন্ধ্যামালতী সাজে যে ছন্দে শুখু আপনারই গোপন গন্ধে,

যে সাজ নিজেরে ভোলে আনন্দে— সেই সাজে মোরে সাজাও॥

## 200

তুমি যত ভার দিয়েছে সে ভার করিয়া দিয়েছ সোজা। আমি যত ভার **জমিয়ে তুলেছি সকলই হয়েছে বোঝা।** এ বোঝা আমার নামাও বন্ধু, নামাও— ভারের বেগেতে চলেছি কোথায়, এ বাতা তুমি থামাও॥ আপনি যে দৃখ ডেকে আনি সে-ষে জনলায় বক্তানলে— অঙ্গার করে রেখে যায়, সেথা কোনো ফল নাহি ফলে। তুমি যাহা দাও সে-যে দ্বংখের দান শ্রাবণধারায় বেদনার রসে সার্থক করে প্রাণ। যেখানে যা-কিছু পেয়েছি কেবলই সকলই করেছি জ্মা— যে দেখে সে আজ মাগে-যে হিসাব, কেহ নাহি করে ক্ষম। এ বোঝা আমার নামাও বন্ধু, নামাও---ভারের বেগেতে ঠেলিয়া চলেছি. এ বাতা মোর থামাও।।

## 202

দাঁড়াও আমার আঁখির আগে। তোমার দৃষ্টি হদরে লাগে॥ সম্থ-আকাশে চরাচরলোকে এই অপর্প আকুল আলোকে দাঁড়াও হে. আমার পরান পলকে পলকে চোখে চোখে তব দরশ মাগে॥ এই-যে ধরণী চেয়ে বসে আছে ইহার মাধ্বরী বাড়াও হে। ध्नाय विष्याता भाग व्यक्षक माँजाउ दर नाथ, माँजाउ दर। যাহা-কিছ্ আছে সকলই ঝাপিরা, ভূবন ছাপিয়া, জীবন ব্যাপিয়া দীড়াও হে। দাঁড়াও বেখানে বিবহী এ হিয়া তোমারি লাগিয়া একেলা জাগে॥

# 205

যদি এ আমার হৃদয়দ্বার বন্ধ রহে গো কভূ দার ভেঙে তুমি এসো মোর প্রাণে, ফিরিয়া ফেয়ো না প্রভূ॥ যদি কোনো দিন এ বীণার তারে তব প্রিয়নাম নাহি ঝণ্কারে দয়া করে তব্ রহিয়ো দাঁড়ায়ে, ফিরিয়া থেয়ো না প্রভু॥ যদি কোনো দিন তোমার আহ্বানে স্কৃত্তি আমার চেতনা না মানে বছ্রবেদনে জাগায়ো আমারে, ফিরিয়া থেয়ো না প্রভূ।

র্যাদ কোনো দিন তোমার আসনে আর-কাহারেও বসাই যতনে, চির্রাদ্বসের হে রাজা আমার, ফিরিয়া যেয়ো না প্রভূ॥

### 200

তোমারি রাগিণী জীবনকুঞ্জে বাজে যেন সদা বাজে গো।
তোমারি আসন হদরপদেম রাজে যেন সদা রাজে গো॥
তব নন্দনগন্ধমোদিত ফিরি স্কুলর ভুবনে
তব পদরেণ মাথি লয়ে তন্ সাজে যেন সদা সাজে গো॥
সব বিছেষ দ্রে যায় যেন তব মঙ্গলমন্তে,
বিকাশে মাধ্রী হদয়ে বাহিরে তব সঙ্গীতছন্দে।
তব নির্মাল নীরব হাস্য হেরি অন্বর ব্যাপিয়া
তব গৌরবে সকল গর্ব লাজে যেন সদা লাজে গো॥

### 208

চরণ ধরিতে দিরো গো আমারে, নিরো না, নিরো না সরায়ে—
জীবন মরণ সূখ দুখ দিরে বক্ষে ধরিব জড়ারে॥
স্থালত শিথিল কামনার ভার বহিয়া বহিয়া ফিরি কত আর—
নিজ হাতে তুমি গে'থে নিয়ো হার, ফেলো না আমারে ছড়ায়ে॥
চিরপিপাসিত বাসনা বেদনা বাঁচাও ভাহারে মারিয়া।
শেষ জয়ে ফেন হয় সে বিজয়ী ভোমারি কাছেতে হারিয়া।
বিকায়ে বিকায়ে দীন আপনারে পারি না ফিরিতে দুয়ারে দুয়ারে—
ভোমারি করিয়া নিয়ো গো আমারে বরণের মালা পরায়ে॥

### 204

তোমারি নাম বলব নানা ছলে.
বলব একা বসে আপন মনের ছারাতলে॥
বলব বিনা ভাষার, বলব বিনা আশার,
বলব মুখের হাসি দিয়ে, বলব চোখের জলে॥
বিনা প্ররোজনের ডাকে ডাকব তোমার নাম,
সেই ডাকে মোর শুখ্-শুখ্ই প্রেবে মনস্কাম।
শিশ্ব যেমন মাকে নামের নেশার ডাকে,
বলতে পারে এই সুখেতেই মায়ের নাম সে বলে॥

### 206

আমার এ ঘরে আপনার করে গৃহদীপখানি জনলো হে। সব দ্খশোক সার্থক হোক প্রভিন্না তোমারি আলো হে॥ কোণে কোণে যত ল্কানো আঁধার মিলাবে ধন্য হরে,
তোমারি প্রা-আলোকে বিসন্ধা সবারে বাসিব ভালো হে॥
পরশমণির প্রদীপ তোমার, অচপল তার জ্যোতি
সোনা করে লবে পলকে আমার সকল কলক কালো।
আমি যত দীপ জ্বালিরাছি তাহে শ্রু জ্বালা, শ্রু কালী—
আমার ঘরের দ্রারে শিরুরে ভোমারি কিরণ ঢালো হে॥

# 209

সংসারে তুমি রাখিলে মোরে যে ঘরে সেই ঘরে রব সকল দঃখ ভালয়। কর্ণা করিয়া নিশিদিন নিজ করে রাখিয়ে। তাহার একটি দুয়ার খুলিয়া॥ মোর সব কাজে মোর সব অবসরে সে দুয়ার রবে তোমারি প্রবেশ-তরে, সেথা হতে বায়, বহিবে হৃদয়'পরে চরণ হইতে তব পদধ্লি তুলিয়া॥ যত আশ্রর ভেঙে ভেঙে বার, স্বামী, এক আশ্রয়ে রহে বেন চিত লাগিয়া। যে অনলতাপ যথান সহিব আমি এক নাম বুকে বার বার দেয় দাগিয়া। যবে দুর্খাদনে শোকতাপ আসে প্রাণে ভোমারি আদেশ বহিয়া ষেন সে আনে. পর্ব কন যতই আঘাত হানে সকল আঘাতে তব সার উঠে জাগিয়া॥

## POR

আমার মুখের কথা তোমার নাম দিয়ে দাও খুয়ে, আমার নারবতার তোমার নামটি রাখে খুয়ে। রক্তধারার ছদ্দে আমার দেহবীশার তার বাজাক আনন্দে তোমার নামেরই ঝঞ্চার। খুমের 'পরে জেগে থাকুক নামের তারা তব, জাগরণের ভালে আঁকুক অর্ণলেখা নব। সব আকাক্ষা-আশায় তোমার নামটি জন্ত্রক শিখা, সকল ভালোবাসায় ভোমার নামটি উঠুক ফলে, রাখব কে'দে হেসে তোমার নামটি বুকে কোলে। জীবনপান্ম সকলেপানে রবে নামের মধ্, তোমার দিব মরণ-কণে তোমারি নাম বাধ্য।

### 20%

প্রাণ ভরিয়ে ত্যা হরিয়ে আরো আরো আরো দাও প্রাণ। ঝোরে তব ভবনে তব ভবনে মোরে আরো আরো আরো দাও স্থান॥ আরো আলো আরো আলো এই बश्रास. প্রভু, ঢালো। স্রে স্রে বাশি প্রে তমি আরো আরো আরো দাও তান॥ আরো বেদনা আরো বেদনা দাও মোরে আরো চেতনা। দার ছাটায়ে বাধা টাটায়ে মোরে করো তাণ মোরে করে। তাণ। আরো প্রেমে আরো প্রেমে আমি ডুবে যাক নেমে। মোর সুধাধারে আপনারে তমি আরো আরো আরো করো দান।।

## 330

বল দাও মোরে বল দাও, প্রাণে দাও মোর শকতি
সকল হদয় ল্টায়ে তোমারে করিতে প্রণতি—
সরল স্পথে দ্রমিতে, সব অপকার ক্ষমিতে,
সকল গর্ব দমিতে, অর্ব করিতে কুমতি॥
হদয়ে তোমারে ব্রিঝতে, জীবনে তোমারে প্রিজতে,
তোমার মাঝারে অ্রিজতে চিত্তের চিরবসতি
তব কাজ শিরে বহিতে, সংসারতাপ সহিতে,
ভবকোলাহলে রহিতে, নীরবে করিতে ভকতি॥
তোমার বিশ্বছবিতে তব প্রেমর্প লভিতে,
গ্রহ-তারা-শশী-রবিতে হেরিতে তোমার জারতি।
বচনমনের অতীতে ভ্রিতে তোমার জারতিত,
স্থে দুখে লাভে ক্ষতিতে শ্রনিতে তোমার ভারতী॥

### 222

অন্তর মম বিকশিত করো অন্তরতর হে -নিম'ল করো, উম্জ্বল করো, স্ক্রের করো হে॥ জাগ্রত করো, উদাত করো, নির্ভার করো হে। মঙ্গল করো, নিরলস নিঃসংশয় করো হে॥ যুক্ত করো হে সবার সঙ্গে, মৃক্ত করো হে বন্ধ। সঞ্জার করো সকল কর্মে শাস্ত তোমার ছন্দ। চরণপদ্মে মম চিত নিস্পন্দিত করো হে। নন্দিত করো, নন্দিত করো, নন্দিত করো হে॥

# >>5

আমার বিচার তৃমি করে। তব আপন করে।

দিনের কর্ম আনিন্দ তোমার বিচারঘরে।।

যদি প্জা করি মিছা দেবতার, দিরে ধরি ধদি মিগ্যা আচার,

যদি পাপমনে করি অবিচার কাহারো 'পরে,

আমার বিচার তৃমি করে। তব আপন করে॥

লোভে ধদি কারে দিয়ে থাকি দৃখ ভরে হয়ে থাকি ধমবিম্ধ,

পরের পীড়ার পেয়ে থাকি সৃষ্ধ ক্ষণেক-তরে —

তৃমি যে ভীবন দিয়েছ আমায় কলঙ্ক যদি দিয়ে থাকি তায়

আপনি বিনাশ করি আপনায় মোহের ভরে,

আমার বিচার তৃমি করে। তব আপন করে॥

## 220

ভোমার ইচ্ছা হউক পূর্ণ কর্ণামর স্বামী।
ভোমার প্রেম স্মরণে রাখি, চরণে রাখি আশা—
দাও দৃঃখ, দাও ভাপ, সকলই সহিব আমি॥
তব প্রেম-আখি সতত জাগে, জেনেও না জানি।
ওই মঙ্গলর্প ভূলি, তাই শোকসাগরে নামি॥
আনন্দমর ভোমার বিশ্ব শোভাস্থপ্ণ,
আমি আপন দোষে দৃঃখ পাই বাসনা-অন্গামী॥
মোহবদ্ধ ছিল্ল করো কঠিন আঘাতে,
অগ্রন্গাললধাত হদয়ে থাকো দিবস্যামী॥

### 228

অন্ধজনে দেহো আলো, মৃতজনে দেহো প্রাণ—
তুমি কর্ণাম্তিসিদ্ধ করো কর্ণাকণা দান॥
শৃক্ত হদয় মম কঠিন পাষাণসম.
প্রেমসাললধারে সিশুহ শৃক্ত নয়ান॥
যে তোমারে ভাকে না হে তারে তুমি ভাকো ভাকো।
তোমা হতে দ্রে যে ধায় তারে তুমি রাখো রাখো।
তৃষিত বেজন ফিরে তব স্থাসাগরতীরে
জ্ঞাও তাহারে দ্লেহনীরে, সুখা করাও হে পান॥

তোমারে পেরেছিন্ যে, কথন্ হারান্ অবহেলে, কথন্ ঘ্মাইন্ হে, আঁধার হেরি আঁখি মেলে। বিরহ জানাইব কার, সান্তুনা কে দিবে হার, বর্ষ বর্ষ চলে যায়, হেরি নি প্রেমবয়ান— দরশন দাও হে, দাও হে দাও, কাঁদে হৃদ্র ম্রিয়মাণ॥

## 224

হে মহাজীবনু, হে মহামরণ, লইন্ শরণ, লইন্ শরণ॥
আধার প্রদীপে জনালাও শিখা,
পরাও পরাও জ্যোতির টিকা— করো হে আমার লজ্জাহরণ॥
পরশরতন তোমারি চরণ— লইন্ শরণ, লইন্ শরণ।
যা-কিছ্ব মালন, ষা-কিছ্ব কালো,
যা-কিছ্ব বিরূপ হোক তা ভালো— ঘ্টাও ঘ্টাও সব আবরণ॥

## 226

পথে যেতে ডেকেছিলে মোরে।
পিছিয়ে পড়েছি আমি, যাব যে কী করে॥
এসেছে নিবিড় নিশি, পথরেখা গেছে মিশি
সাড়া দাও, সাড়া দাও আঁধারের ঘোরে॥
ভয় হয়, পাছে ঘুরে ঘুরে যত আমি যাই তত যাই চলে দ্রে—
মনে করি আছ কাছে তব্ ভয় হয়, পাছে
আমি আছি তুমি নাই কালি নিশিভোরে॥

# 229

দুয়ারে দাও মোরে রাখিয়া নিত্য কল্যাণ-কাজে হে।
ফিরিব আহ্বান মানিয়া তোমারি রাজ্যের মাঝে হে॥
মজিয়া অনুখন লালসে রব না পাঁড়য়া আলসে,
হয়েছে জর্জর জীবন বার্থ দিবসের লাজে হে॥
আমারে রহে যেন না ঘিরি সতত বহুতর সংশয়ে,
বিবিধ পথে যেন না ফিরি বহুল-সংগ্রহ-আশয়ে।
অনেক নৃপতির শাসনে না রহি শাঁকত আসনে,
ফিরিব নিভ্রগোরবে তোমারি ভৃত্যের সাজে হে॥

## 22R

ধনে জনে আছি জড়ায়ে হার, তব্ জানো মন তোমারে চার॥ অন্তরে আছ অন্তর্যামী,
আমা চেয়ে আমার জানিছ স্বামী
সব সূথে দুখে ভূলে থাকার
জানো মম মন তোমারে চার ॥
ছাড়িতে পারি নি অহক্কারে,
ঘ্রে মরি শিরে বহিয়া তারে,
ছাড়িতে পারিলে বাঁচি বে হায়—
ভূমি জানো মন তোমারে চার।
যা আছে আমার সকলই কবে
নিজ হাতে ভূমি ভূলিয়া লবেসব ছেড়ে সব পাব তোমার।
মনে মনে মন তোমারে চায়॥

## 222

তোমারি সেবক করো হে আজি হতে আমারে।
চিত্ত-মাঝে দিবারাত আদেশ তব দেহো নাথ,
তোমার কর্মে রাখো বিশ্বদুরারে॥
করো ছিল্ল মোহপাশ সকল ল'্ব্ব আশ,
লোকভর দ্রে করি দাও দাও।
রত রাখো কল্যাণে নীরবে নির্রাভ্যানে,
মন্ম করো আনন্দরসধারে॥

## >50

তুমি এবার আমার লহো হে নাথ, লহো। এবার তমি ফিরো না হে--হৃদয় কেড়ে নিয়ে রহে।॥ যে দিন গেছে তোমা বিনা তারে আর ফিরে চাহি না. ষাক সে ধ্লাতে। তোমার আলোয় জীবন মেলে যেন জাগি অহরহ॥ এখন কী আবেশে কিসের কথায় ফিরেছি হে ষথায় তথায় পথে প্রান্তরে, ব্কের কাছে ও মুখ রেখে তোমার আপন বাণী কহো 🛚 এবার কত কল্ম কত ফাঁকি এখনো যে আছে বাকি মনের গোপনে. আমার তার লাগি আর ফিরারো না— তারে আগ্যন দিয়ে দহো॥

হৃদয়ে তোমার দয়া যেন পাই।
সংসারে যা দিবে মানিব তাই,
হৃদয়ে তোমায় যেন পাই॥
তব দয়া জাগিবে স্মরণে
নিশিদিন জীবনে মরণে,
দ্বঃখে সম্পদে বিপদে তোমারি দয়া-পানে চাই—
তব দয়া শান্তিনীরে অন্তরে নামিবে ধারে।
তব দয়া মঙ্গল-আলো
জীবন-আঁধারে জনালো—
প্রেমভক্তি মম সকল শক্তি মম তোমারি দয়ার্পে পাই,
আমার বলে কিছুন নাই।

## 588

ভুবনেশ্বর হে, মোচন কর বন্ধন সব মোচন কর হে॥ প্রভ, মোচন কর ভর, সব দৈনা করহ লয়. নিতা চকিত চঞ্চল চিত কর নিঃসংশয়। তিমিররাতি, অন্ধ যাত্রী, সমুখে তব দীপ্ত দীপ তুলিয়া ধর হে॥ ভূবনেশ্বর হে, মোচন কর জর্ডাবযাদ মোচন কর হে। প্রভূ, তব প্রসর মুখ স্ব দঃখ কর্ক সুখ, ধ্বলিপতিত দাবলৈ চিত করহ জাগর্ক। তিমিররাতি, অন্ধ যাত্রী, সমুখে তব দীপ্ত দীপ তুলিয়া ধর হে॥ ভবনেশ্বর হে মোচন কর স্বার্থপাশ মোচন কর হে। প্রভূ, বিরস বিকল প্রাণ, কর প্রেমসলিল দান ক্ষতিপাডিত শৃংকত চিত কর সম্পদ্রান। তিমিররাতি, অন্ধ বাতী, সম্খে তব দীপ্ত দীপ ত্লিয়া ধর হে ॥

আমার সত্য মিখ্যা সকলই ভূলায়ে দাও,
আমার আনন্দে ভাসাও॥
না চাহি তর্ক না চাহি বৃক্তি, না জানি বন্ধ না জানি মৃতি,
তোমার বিশ্বব্যাপিনী ইচ্ছা আমার অন্তরে জাগাও॥
সকল বিশ্ব ভূবিয়া ধাক শান্তিপাথারে,
সব সৃষ্ধ দৃষ্ধ থামিয়া ধাক হৃদয়মাঝারে।
সকল বাক্য সকল শব্দ, সকল চ্টেটা হউক স্তর্ধ
তোমার চিত্তক্রিনী বাণী আমার অন্তরে শ্নাও॥

# > 28

ভয় হতে তব অভয়মাঝে ন্তন জনম দাও হে॥
দীনতা হতে অক্ষয় ধনে, সংশয় হতে সতাসদনে,
জড়তা হতে নবীন জীবনে ন্তন জনম দাও হে॥
আমার ইচ্ছা হইতে, প্রভু, তোমার ইচ্ছামাঝে—
আমার স্বার্থ হইতে, প্রভু, তব মক্ষলকাজে—
অনেক হইতে একের ভোরে, স্খদ্ব হতে শান্তিক্রোড়ে—
আমা হতে, নাথ, তোমাতে মোরে ন্তন জনম দাও হে॥

# > 26

পাদপ্রান্তে রাখ সেবকে, শান্তিসদন সাধনধন দেবদেব হে॥ সর্বলোকপরমশরণ, সকলমোহকল, ষহরণ, দঃখতাপবিষ,তরণ, শোকশান্তরিষ্কচরণ, সতার্প প্রেমর্প হে. দেবমন্জবন্দিতপদ বিশ্বভূপ হে॥ হৃদয়ানন্দ পূর্ণ ইন্দ্র, তুমি অপার প্রেমসিন্ধ। যাচে ত্রিত অমিয়বিন্দ্, কর্ণালয় ভক্তবন্ধু! প্রেমনেত্রে চাহ সেবকে, বিকশিতদল চিত্তকমল হদয়দেব হে॥ প্ণাজোতিপ্র গগন, মধ্র হেরি সকল ভূবন, স্থাগন্ধম্দিত পবন, ধর্নিতগীত হদরভবন। এস এস শ্ন্য জীবনে, মিটাও আশ সব তিয়াৰ অমৃতপ্লাবনে॥ দেহ জ্ঞান, প্রেম দেহ, শ্বন্ফ চিত্তে বরিষ লেহ। ধন্য হোক হৃদয় দেহ, পূণ্য হোক সকল গেহ। পাদপ্রান্তে রাখ সেবকে, मास्त्रिमन माथनथन प्रतर्पय द्या

বরিষ ধরা-মাঝে শান্তির বারি।
শাক্ত হদর লয়ে আছে দাঁড়াইরে
উধর্ম মুখে নরনারী॥
না থাকে অন্ধকার, না থাকে মোহপাপ,
না থাকে শোকপরিতাপ।
হদর বিমল হোক, প্রাণ সবল হোক,
বিঘা দাও অপসারি॥
কেন এ হিংসাথেষ, কেন এ ছন্মবেশ,
কেন এ মান-অভিমান।
বিতর বিতর প্রেম পাষাণহদরে,
ভর জয় হোক তোমারি॥

# >29

সার্থক কর সাধন,
সান্ত্রন কর ধরিত্রীর বিরহাতুর কাঁদন
প্রাণভরণ দৈনাহরণ অক্ষরকর্বাধন॥
বিকশিত কর কলিকা,
চম্পকবন কর্ক রচন নব কুস্মাঞ্জলিকা।
কর স্বন্দর গতিম্থর নীরব আরাধন
অক্ষরকর্বাধন॥
চরণপরশহর্যে
লাজ্জিত বনবীথিধ্লি সাজ্জিত তুমি কর 'সে।
মোচন কর অস্তরতর
হিমজড়িমা-বাঁধন
অক্ষয়কর্ণাধন॥

## 758

আমার মিলন লাগি তৃমি আসছ কবে থেকে!
তোমার চন্দ্র সূর্য তোমার রাখবে কোথার ঢেকে॥
কত কালের সকাল-সাঁঝে তোমার চরণধর্নন বাজে,
গোপনে দৃত হৃদর-মাঝে গেছে আমার ডেকে॥
ওগো পথিক, আজকে আমার সকল পরান ব্যোপে
থেকে থেকে হরষ ষেন উঠছে কে'পে কে'পে।
যেন সমর এসেছে আজ ফ্রালো মোর যা ছিল কাজ—
বাতাস আসে, হে মহারাজ, তোমার গন্ধ মেখে॥

কোথায় আলো, কোথায় ওরে আলো! বিরহানলে জনলো রে তারে জনলো॥ রয়েছে দীপ, না আছে শিখা, এই কি ভালে ছিল রে লিখা-ইহার চেয়ে মরণ সে যে ভালো। বিরহানলে প্রদীপখানি জনলো॥ বেদনাদ,তী গাহিছে, 'ওরে প্রাণ, তোমার লাগি জাগেন ভগবান। নিশীথে ঘন অন্ধকারে ভাকেন তোরে প্রেমাভিসারে. দঃখ দিয়ে রাখেন তোর মান। তোমার লাগি জাগেন ভগবান। গগনতল গিয়েছে মেছে ভরি. বাদলজল পড়িছে ঝার ঝার। এ ঘোর রাতে কিসের লাগি পরান মন সহসা জাগি এমন কেন করিছে মরি মরি। বাদল-জল পড়িছে ঝার ঝার ॥ বিজালি শাধা কাণক আভা হানে নিবিড়তর তিমির চোখে আনে। জানি না কোথা অনেক দরে বাজিল গান গভীর স্বরে. সকল প্রাণ টানিছে পথপানে ! নিবিডতর তিমির চোখে আনে॥ কোথার আলো, কোথার ওরে আলো! বিরহানলে জনলো রে তারে জনলো। ডাকিছে মেঘ, হাঁকিছে হাওয়া, সময় গেলে হবে না যাওয়া--নিবিড নিশা নিক্স্বনকালো। পরান দিয়ে প্রেমের দীপ জনলো।।

## 500

তোরা শ্নিস নি কি শ্নিস নি তার পায়ের ধর্নি,

এই যে আসে, আসে, আসে।

য্গে যুগে পলে পলে দিন-রজনী

সে যে আসে, আসে, আসে।

গোরেছি গান যখন যত আপন মনে খ্যাপার মতো

সকল স্রে বেজেছে ভার আগমনী—

সে যে আসে, আসে, আসে।

কত কালের ফাগ্ন-দিনে বনের পথে

সে যে আসে, আসে, আসে।

কত গ্রাবণ-অন্ধকারে মেঘের রখে

সে যে আসে, আসে, আসে।

দ্বথের পরে পরম দ্বথে তারি চরণ বাজে ব্বকে, স্বথে কখন ব্রলিয়ে সে দেয় পরশর্মাণ। সে যে আসে, আসে, আসে॥

### 205

হে অন্তরের ধন,
তুমি যে বিরহী, তোমার শ্না এ ভবন॥
আমার ঘরে তোমার আমি একা রেখে দিলাম প্রামী—
কোথায় যে বাহিরে আমি ঘুরির সকল ক্ষণ॥
হে অন্তরের ধন,
এই বিরহে কাঁদে আমার নিখিল ভুবন।
তোমার বাঁশি নানা স্বে আমায় খ্জৈ বেড়ায় দ্বে,
পাগল হল বসন্তের এই দখিন-সমীরণ॥

## 505

তোমার প্জার ছলে তোমায় ভূলেই থাকি।
ব্ঝতে নারি কখন্ ভূমি দাও যে ফাঁকি॥
ফ্লের মালা দীপের আলো ধ্পের ধােঁওয়ার
পিছন হতে পাই নে স্যোগ চরণ ছােঁওয়ার,
স্তবের বাণীর আড়াল টানি তোমায় ঢাকি॥
দেখব বলে এই আয়োজন মিথাা রাখি,
আছে তো মাের ভ্ষা-কাতর আপন আঁখি।
কাজ কী আমার মান্দিরেতে আনাগোনায়-পাতব আসন আপন মনের একটি কোণায়,
সরল প্রাণে নারব হয়ে তোমায় ডাকি॥

### 200

নীরবে আছ কেন বাহিরদ্রারে—
আঁধার লাগে চোখে, দেখি না তুহারে॥
সমর হল জানি, নিকটে লবে টানি,
আমার তরীখানি ভাসাবে জ্যারে॥
সফল হোক প্রাণ এ শ্ভলগনে,
সকল তারা তাই গাহ্ব গগনে।
করো গো সচকিত আলোকে প্রলিকত
স্বপর্নানমীলিত হদরগুহারে॥

তোমার আমার এই বিরহের অন্তরালে

কত আর সেতু বাঁধি সুরে সুরে তালে তালে॥

তব্ ষে পরানমাঝে গোপনে বেদনা বাজে—

এবার সেবার কাজে ডেকে লও সন্ধ্যাকালে।

বিশ্ব হতে থাকি দ্রে অন্তরের অন্তঃপ্রে,

চেতনা জড়ায়ে রহে ভাবনার স্বপ্নজালে।

দুঃখ সুখ আপনারই সে বোঝা হুরেছে ভারী,

যেন সে সপিতে পারি চরম প্রের থালে॥

#### 204

নিশা-অবসানে কে দিল গোপনে আনি
তোমার বিরহ-বেদনা-মানিকখানি॥
সে ব্যথার দান রাখিব পরানমাঝেহারায় না যেন জটিল দিনের কাজে,
বুকে যেন দোলে সকল ভাবনা হানি।
চিরদ্খ মম চিরসম্পদ হবে,
চরম প্রায় হবে সার্থাক কবে।
ম্বপনগহন নিবিড়াতিমিরতলে
বিহরল রাতে সে যেন গোপনে জ্বলে,
সেই তো নীরব তব আহ্বানবাণী॥

## 200

বিশ্ব যখন নিদ্রামগন, গগন অন্ধকার,
কে দেয় আমার বীণার তারে এমন ঝঙ্কার॥
নয়নে ঘুম নিল কেড়ে, উঠে বিস শয়ন ছেড়ে –
মেলে আখি চেয়ে থাকি, পাই নে দেখা তার॥
গ্রন্ধরিয়া গ্রেপ্রিয়া প্রাণ উঠিল প্রে,
জানি নে কোন্ বিপ্ন বাণী বাজে ব্যাকৃল স্রে।
কোন্ বেদনায় ব্বিঝ না রে হাদয় ভরা অশ্রন্ভারে,
পরিয়ে দিতে চাই কাহারে আপন কণ্ঠহার॥

## 509

বে দিন ফুটল কমল কিছুই জানি নাই, আমি ছিলেম অন্যমনে। আমার সাজিরে সাজি তারে আনি নাই, সে যে রইল স্কোপনে॥ মাঝে মাঝে হিয়া আকুলপ্রায়
স্বপন দেখে চমকে উঠে চায়,
মন্দ মধ্র গন্ধ আসে হায়
কোথায় দখিন-সমীরণে॥
গুগো, সেই সংগকে ফিরায় উদাসিয়া
আমায় দেশে দেশাস্তে।
যেন সন্ধানে ভার উঠে নিশ্বাসিয়া
ভূবন নবীন বসন্তে।
কে জানিত দ্বে তো নেই সে,
আমারি গো আমারি সেই যে,
এ মাধ্রী ফ্টেছে হায় রে
আমাব ক্রদ্য-উপবনে॥

# SOR

প্রভ. তোমা লাগি আখি জাগে: দেখা নাই পাই পথ চাই. সেও মনে ভালো লাগে॥ ধুলাতে বসিয়া দ্বারে ভিখারি হদয় হা রে তোমারি কর্ণা মাগে: কুপা নাই পাই শ্ৰুখ্য চাই. সেও মনে ভালো লাগে॥ আজি এ জগতমাঝে কত সূথে কত কাজে চলে গেল সবে আগে: সাথি নাই পাই তোমায় চাই সেও মনে ভালো লাগে ম চারি দিকে সুধা-ভরা ব্যাকুল শামল ধরা কাদায় রে অনুরাগে: দেখা নাই পাই বাথা পাই. সেও মনে ভালো লাগে॥

### 202

যদি তোমার দেখা না পাই. প্রভূ, এবার এ জীবনে তবে তোমার আমি পাই নি যেন সে কথা রয় মনে। যেন ভূলে না যাই, বেদনা পাই শয়নে স্বপনে॥

এ সংসারের হাটে যতই দিবস কাটে, আমার আমার যতই দু হাত ভরে উঠে ধনে তব্ব কিছুই আমি পাই নি ষেন সে কথা রয় মনে। रयन ज्ञल ना यारे, रामना भारे भग्नत भ्रापन भारत যদি আলসভরে আমি বাস পথের 'পরে, ধ্যুলায় শয়ন পাতি স্যতনে, যেন সকল পথই বাকি আছে সে কথা পায় মনে। যেন ভূলে না বাই, বেদনা পাই শয়নে স্বপনে॥ यण्डे উঠে शांत्र, ঘরে যতই বাজে বাঁশি, ওগো বতই গৃহ সাজাই আয়োজনে, যেন তোমায় ঘরে হয় নি আনা সে কথা রয় মনে। रवन ভলে ना बाहे, रामना भारे भग्नान भारत भारत ॥

## >80

হেরি অহরহ তোমারি বিরহ ভূবনে ভূবনে রাজে হে।

কত রূপ ধরে কাননে ভূধরে আকাশে সাগরে সাজে হে॥

সারা নিশি ধরি তারায় তারায় অনিমেষ চোঝে নীরবে দাঁড়ার,

পক্ষরদলে প্রাবগধারায় তোমারি বিরহ বাজে হে॥

ঘরে ঘরে আজি কত বেদনায় তোমারি গভীর বিরহ ঘনায়

কত প্রেমে হায়, কত বাসনায়, কত স্থে দ্থে কাজে হে।

সকল জীবন উদাস করিয়া কত গানে স্বে গলিয়া করিয়া

তোমার বিরহ উঠিছে ভরিয়া আমার হিয়ার মাঝে হে॥

## 282

আমার গোধ্বিলগন এল ব্ঝি কাছে গোধ্বিলগন রে।
বিবাহের রঙে রাঙা হরে আসে সোনার গগন রে।
শেষ করে দিল পাথি গান-গাওয়া, নদীর উপরে পড়ে এল হাওয়া;
ও পারের তীর, ভাঙা মন্দির তাঁধারে মগন রে।
আসিছে মধ্র ঝিলিন্স্রে গোধ্বিলগন রে॥
আমার দিন কেটে পেছে কখনো খেলায়, কখনো কত কী কাজে।
এখন কী শ্নি প্রধীর স্বে কোন্ দ্বে বাঁশি বাজে।
ব্ঝি দেরি নাই, আসে ব্ঝি আসে, আলোকের আভা লেগেছে আকাশে—
বেলাশেষে মোরে কে সাজাবে ওরে, নর্বাম্লনের সাজে!
সারা হল কাজ, মিছে কেন আন্ত ভাক মোরে আর কাজে ॥

আমি জানি যে আমার হরে গেছে গণা গোধ্বিললগন রে।

ধ্সর আলোকে ম্বিনের নরন অন্তগগন রে।
তখন এ ঘরে কে খ্বিলবে দ্বার, কে লইবে টানি বাহ্ আমার,
আমার কে জানে কী মন্তে গানে করিবে মগন রে—
সব গান সেরে আসিবে যখন গোধ্বিলগন রে॥

## >85

নাই বা ডাকো রইব তোমার ছারে,
মুখ ফিরালে ফিরব না এইবারে॥
বসব তোমার পথের ধ্লার 'পরে,
এড়িরে আমার চলবে কেমন করে—
তোমার তরে যে জন গাঁথে মালা
গানের কুস্ম জর্গারে দেব তারে॥
রইব তোমার ফসল-খেতের কাছে
যেথার তোমার পারের চিহ্ন আছে।
জেগে রব গভীর উপবাসে
অল্ল তোমার আপনি যেথার আসে—
যেথার তুমি লর্কিরে প্রদীপ জনলো
বসে রব সেথার অন্ধকারে॥

## 280

সকাল-সাঁজে
ধায় যে ওরা নানা কাজে॥
আমি কেবল বসে আছি, আপন-মনে কাঁটা বাছি
পথের মাঝে সকাল সাঁজে॥
এ পথ বেয়ে
সে আসে, তাই আছি চেয়ে।
কতই কাঁটা বাজে পারে, কতই ধ্লা লাগে গারে—
মরি লাজে সকাল সাঁজে॥

### >88

জগত জন্তে উদার সংরে আনন্দগান বাজে, সে গান কবে গভীর রবে বাজিবে হিয়া-মাঝে॥ বাতাস জল আকাল আলো সবারে কবে বাসিব ভালো, হদরসভা জন্তিয়া তারা বসিবে নানা সাজে॥ নয়ন দ্টি মেলিলে কবে পরান হবে খ্লি, বে পথ দিয়া চলিয়া বাব সবারে বাব তৃষি। রয়েছ তুমি এ কথা কবে জীবনমাঝে সহজ হবে, আপনি কবে তোমারি নাম ধর্নিবে সব কাজে॥

### 284

কোন্ শ্ভখনে উদিবে নয়নে অপর্প র্প-ইন্দ্র,
চিন্তকুস্মে ভরিয়া উঠিবে মধ্ময় রসবিন্দর্

নব নন্দনতানে চিন্তবন্দনগানে
উৎসববীগা মন্দমধ্র ঝক্ত হবে প্রাণেনিখিলের পানে উথলি উঠিবে উতলা চেতনাসিক্।
জাগিয়া রহিবে রাহি নিবিড়মিলনদানী,
ম্থরিয়া দিক চলিবে পথিক অম্তসভার বাহী-গগনে ধর্নিবে নাথ নাথ বহু বহু বহু গা

## 284

আজ জোংলারাতে সবাই গেছে বনে
বসন্তের এই মাতাঙ্গ সমারিণে॥

যাব না গো যাব না বে, রইন্ পড়ে ঘরের মাঝে—
এই নিরাঙ্গার রব আপন কোণে।
যাব না এই মাতাঙ্গ সমারিণে॥
আমার এ ঘর বহু যতন করে
খুতে হবে মুছতে হবে মোরে।
আমারে যে জাগতে হবে, কা জানি সে আসবে কবে
বিদি আমার পড়ে তাহার মনে
বসন্তের এই মাতাঙ্গ সমারণে॥

## 284

তুমি এ-পার ও-পার কর কে গো ওগো খেরার নেরে? আমি ঘরের স্বারে বসে বসে দেখি যে সব চেরে॥ **र्जा** ७ ता वे परन परन अवारे यद घरत घरत घरन আমি তখন মনে ভাবি, আমিও বাই ধেরে॥ দেখি সন্ধ্যাবেলা ও পার-পানে তরণী যাও বেরে। মন আমার কেমন করে, ওঠে যে গান গেরে দেখে ওগো খেরার নেরে॥ কালো জলের কলকলে অখি আমার ছলছলে, ও পার হতে সোনার আভা পরান ফেলে ছেরে। দেখি তোমার মুখে কথাটি নাই ওগো খেরার নেরে— তোমার চোখে লেখা আছে দেখি বে সব চেয়ে ওগো খেরার নেরে।

আমার মুখে ক্ষণতরে যদি তোমার অথি পড়ে আমি তথন মনে ভাবি আমিও থাই থেয়ে ওগো থেয়ার নেয়ে॥

## 38V

বেলা গেল তোমার পথ চেরে।
শ্না ঘাটে একা আমি, পার করে লও খেরার নেরে॥
ভেঙে এলেম খেলার বাঁশি, চুকিরে এলেম কালা হাসি,
সন্ধাবারে প্রান্তকারে ঘ্রম নরন আসে ছেরে॥
ও পারেতে ঘরে ঘরে সন্ধাদীপ জ্বলিল রে,
আরতির শৃত্য বাজে স্ফুর্র মন্দির-পরে।
এসো এসো প্রান্তহারা, এসো শান্তি-স্কুর্ভিভরা,
এসো এসো তুমি এসো, এসো তোমার তরী বেরে॥

## 787

ভিতরে জাগিয়া কে বে. তোর বাধনে বাথিলি বাধি। ভাৱে মালোর পিয়াসী সে ষে হার গুমেরি উঠিছে কাদি॥ তাই বাতদে বহিল প্রাণ বদি কেন বীণায় বাজে না গান, বদি গগনে জাগিল আলো কেন নয়নে লাগিল আধি !! পাৰি নবপ্রভাতের বাণী দিল কাননে কাননে আনি নব**জীবনে**র আশা ফ লে কত রুঙে রুঙে পায় ভাষা। হোথা কুরায়ে গিরেছে রাতি दिथा জ্বলে নিশীথের বাতি. ভবনে ভবনে কেন তোর হেন হয়ে গেল আধা-আধি।

### 340

ত্যম বাহির থেকে দিলে বিষম তাড়া।
তাই ভয়ে ঘোরায় দিক বিদিকে,
শেবে অন্তরে পাই সাডা।

যখন হারাই বন্ধ খরের তালা---खन्न नजन, भ्रयं कामा, যখন অন্ধকারে লাকিয়ে শ্বারে তখন শিকলে দাও নাডা।। যত দঃখ আমার দঃস্বপনে সে বে ঘুমের ছোরেই আসে মনে— ঠেলা দিয়ে মারার আবেশ কর গো দেশছাড়া। আপন মনের মারেই মরি. • আমি শেষে দশ জনারে দোষী করি-আমি চোৰ ব্ৰুক্ত পথ পাই নে বলে কে'দে ভাসাই পাড়া॥

## 265

এখনো গেল না আঁধার, এখনো রহিল বাধা।
এখনো মরণরত জীবনে হল না সাধা।
কবে যে দ্বংখজনালা হবে রে বিজয়মালা,
ঝলিবে অর্ণরাগে নিশীখরাতের কাদা।
এখনো নিজেরই ছারা রচিছে কত বে থারা।
এখনো মন যে মিছে চাহিছে কেবলই পিছে,
চকিতে বিজলি-আলো চোখেতে লাগালো ধাদা।

# 144

লক্ষ্মী যথন আসবে তখন কোখার তারে দিবি রে ঠাই?
দেখ রে চেয়ে আপন-পানে, পক্ষটি নাই, পক্ষটি নাই॥
ফিরছে কেনে প্রভাতবাতাস, আলোক বে তার জ্লান হতাল,
ম্থে চেয়ে আকাশ তোরে শ্ধার আজি নীরবে তাই॥
কত গোপন আশা নিয়ে কোন্ সে গহন রাহিশেবে
অগাধ জলের তলা হতে অমল কুড়ি উঠল ভেসে।
হল না তার ফুটে ওঠা, কখন ভেঙে গড়ল বেটা—
মত্যি-কাছে স্বর্গ যা চার সেই মাধ্রী কোখা রে পাই॥

### 260

যেতে যেতে চার না বেতে, ফিরে ফিরে চার—
সবাই মিলে পথে চলা হল আমার দার গো।।
দ্বার ধরে দাড়িয়ে থাকে, দের না সাড়া হাজার ভাকে;
বাধন এদের সাধনধন, ছি'ডতে বে ভর পার।।

আবেশভরে ধ্লায় পড়ে কতই করে ছল, যখন বেলা যাবে চলে ফেলবে আঁথিজল। নাই ভরসা, নাই যে সাহস, চিত্ত অবশ, চরণ অলস— লতার মতো জড়িয়ে ধরে আপন বেদনায়॥

# >48

বেস্র বাজে রে,
আর কোথা, নয়, কেবল তোরই আপন-মাঝে রে॥
মেলে না স্র এই প্রভাতে আনন্দিত আলোর সাথে,
সবারে সে আড়াল করে, মরি লাজে রে॥
থরে থামা রে ঝঞ্চার।
নীরব হরে দেখ্ রে চেয়ে, দেখ্ রে চারি ধার।
তোরি হদর ফুটে আছে মধ্র হয়ে ফুলের গাছে,
নদীর ধারা ছুটেছে ওই তোরি কাজে রে॥

### 244

আমার কণ্ঠ তাঁরে ডাকে,
তথন হদর কোথায় থাকে॥

যখন হদর আসে ফিরে আপন নীরব নীড়ে
আমার জীবন তথন কোন্ গহনে বেড়ায় কিসের পাকে॥

যখন মোহ আমায় ডাকে
তথন লম্জা কোথায় থাকে!

যখন আনেন তমোহারী আলোক-তরবারি
তথন পারান আমার কোন্ কোণে বে

লম্জাতে মুখ ঢাকে॥

### 346

দেবতা জেনে দ্বের রই দাঁড়ারে,
আপন জেনে আদর করি নে।
পিতা বলে প্রণাম করি পারে,
বন্ধ বলে দ্ হাত ধরি নে॥
আপনি তুমি অতি সহজ প্রেমে
আমার হয়ে যেথায় এলে নেমে
সেথায় স্থে ব্কের মধ্যে ধরে সঙ্গী বলে তোমার বরি নে॥
ভাই তুমি বে ভাইয়ের মাঝে, প্রভূ,
তাদের পানে তাকাই না যে তব্—
ভাইরের সাথে ভাগ করে মোর ধন তোমার মুঠা কেন ভরি নে॥

ছুটে এসে সবার সূথে দুখে
দাড়াই নে তো তোমারি সম্মুখে,
সাপিরে প্রাণ্ড ক্রিয়িবহান কাজে প্রাণসাগরে ঝালিরে পড়ি নে ম

## 264

ক্লান্তি আমার ক্ষমা করে। প্রভূ,
পথে যদি পিছিরে পড়ি কভূ॥
এই-যে হিরা থরোথরো কাঁপে আজি এমনতুরো
এই বেদনা ক্ষমা করে। ক্ষমা করে। প্রভূ॥
এই দীনতা ক্ষমা করে। প্রভূ,
পিছন-পানে তাকাই যদি কভূ।
দিনের তাপে রৌদুজনালার শ্কার মালা প্রভার থালার,
সেই স্কানতা ক্ষমা করে। ক্ষমা করে। প্রভূ॥

# 36V

অগিবীণা বাজাও তুমি কেমন করে!
আকাশ কাঁপে তারার আলোর গানের ঘারে॥
তেমনি করে আপন হাতে ছলৈ আমার বেদনাতে,
ন্তন স্থি জাগল ব্ঝি জীবন-পরে॥
বাজে বলেই বাজাও তুমি সেই গরবে,
ওগো প্রভূ, আমার প্রাদে সকল সবে।
বিষম তোমার বহিছাতে বারে বাবে আমার রাতে
জন্মিরে দিলে ন্তন তারা বাধার ভরে॥

### 247

পথ চেরে যে কেটে গেল কড দিনে রাতে,
আজ তোমার আমার প্রাণের ব'ধ্ মিলব গো এক সাথে॥
রচবে তোমার মাবের ছারা চোখের জলে মধ্র মারা,
নীরব হরে তোমার পানে চাইব গো জোড় হাতে॥
এরা সবাই কী বলে গো লাগে না মন আর,
আসার হদর ডেঙে দিল তোমার কী মাধ্রীর ভার!
বাহ্র ঘেরে তুমি মোরে রাখবে না কি আড়াল করে,
তোমার অখি চাইবে না কি আমার বেদনাতে॥

### 200

সদ্ধা হল গো—ও মা, সদ্ধা হল, ব্ৰুকে ধরো। অতল কালো লেহের মাকে ভূবিয়ে আমার বিদ্ধ করে। ম ফিরিরে নে মা, ফিরিরে নে গো—সব বে কোখার হারিরেছে গো—
ছড়ানো এই জীবন, তোমার আঁধার-মাঝে হোক-না জড়ো ॥
আর আমারে বাইরে তোমার কোথাও বেন না যার দেখা।
তোমার রাতে মিলাক আমার জীবনসাঁজের রশিমরেখা।
আমার ঘিরি আমার চুমি কেবল তুমি, কেবল তুমি—
আমার বলে যা আছে, মা, তোমার করে সকল হরো॥

### 202

তুমি ডাক দিরেছ কোন্ সকালে কেউ তা জানে না,
আমার মন যে কাঁদে আপন-মনে কেউ তা মানে না।।
ফিরি আমি উদাস প্রাণে, তাকাই সবার মুখের পানে,
তোমার মতন এমন টানে কেউ তো টানে না।।
বেজে ওঠে পঞ্চমে স্বর, কেপে ওঠে বন্ধ এ ঘর,
বাহির হতে দ্যারে কর কেউ তো হানে না।
আকাশে কার বাাকুলতা, বাতাস বহে কার বারতা,
এ পথে সেই গোপন কথা কেউ তো আনে না।।

# 562

এ যে মোর আবরণ ঘুচাতে কতকণ! নিশ্বাসবার উড়ে চলে যায় তুমি কর বাদ মন॥ যদি পড়ে থাকি ভমে ধ্লার ধরণী চুমে তমি তারি লাগি খারে রবে জাগি এ কেমন তব পণ।। রথের চাকার রবে জাগাও জাগাও সবে. আপনার ঘরে এসো বলভরে এসো এসো গৌরবে। ध्य देखें शक हता. চিনি ষেন প্রভূ বলে-ছুটে এসে দ্বারে করি আপনারে চরণে সমপ্র॥

## 300

সকল জনম ভরে ও মোর দর্রাদ্য়া, কাদি কাদাই তোরে ও মোর দর্রাদ্য়া॥

আছ হদয়-মাধে সেখা কতই বাথা বাজে. এ কি তোমার সাজে श्री ও মোর দরদিরা॥ এই দুরার-দেওরা ঘরে কন্ত অধার নাহি সরে. আছ তারি 'পরে তব: ও মোর দর্রাদয়া। সেখা আসন হয় নি পাতা, মালা হয় নি গাঁথা, সেথা *লম্জাতে হে'ট* মাথা আয়ার ও মোর দর্বদিয়া॥

### >0B

আমার বাথা ধখন আনে আমার তোমার থারে
তথন আপনি এসে শ্বার খুলে দাও, ডাকো তারে॥
বাহ্পাশের কাঙাল সে হে, চলেছে তাই সকল ভোকে,
কটার পথে ধার সে তোমার অভিসারে॥
আমার বাথা ধখন বাজার আমার বাজি স্বের—
সোনর টানে পারো না আর রইতে দ্রে।
ল্টিরে পড়ে সে গান মম কড়ের রাতের পাখি-সম,
বাহির হয়ে এসো ডমি অন্ধকারে॥

### 364

যতবার আলো জনলাতে চাই, নিবে বার বারে বারে।
আমার জীবনে তোমার আসন গভীর অক্কারে॥
যে লতাটি আছে শ্কারেছে ম্ল— কুড়ি ধরে শ্ব্, নাহি ফোটে ফ্ল.
আমার জীবনে তব সেবা তাই বেদনার উপহারে॥
প্রামোরব প্র্যাবভব কিছু নাহি, নাহি লেশ—
এ তব প্রারী পরিয়া এসেছে লক্ষার দীন বেশ।
উৎসবে তার আসে নাই কেছ, বাজে নাই বানি, সাজে নাই গেহ—
কাদিয়া তোমায় এনেছে ভাকিয়া ভাঙামন্দির-লারে॥

### 200

আবার এরা খিরেছে মোর মন।
আবার চোখে নামে যে আবরণ॥
আবার এ যে নানা কথাই জমে, চিন্ত আমার নানা দিকে শুমে,
দাহ আবার বেড়ে ওঠে চুমে, আবার এ যে হারাই শ্রীচরণ॥

তব নীরব বাণী হৃদয়তলে
ডোবে না ষেন লোকের কোলাহলে।
সবার মাঝে আমার সাথে থাকো, আমায় সদা তোমার মাঝে ঢাকো,
নিয়ত মোর চেতনা-'পরে রাথো আলোকে-ভরা উদার গ্রিভূবন।৷

### 569

তুমি নব নব র্পে এসো প্রাণে
এসো গন্ধে বরনে এসো গানে॥
এসো অঙ্গে প্লকময় পরশে,
এসো চিত্তে স্থাময় হরবে,
এসো মৃদ্ধ মুদিত দ্বনয়ানে॥
এসো নির্মল উজ্জ্বল কান্ত,
এসো এসো হে বিচিত্র বিধানে।
এসো দৃংখে স্থে, এসো মর্মে,
এসো নিত্য নিত্য সব কর্মে,
এসো সকল কর্ম-অবসানে॥

## 78R

হদরনন্দনবনে নিভ্ত এ নিকেতনে
এসো হে আনন্দমর, এসো চিরস্কুন্দর॥
দেখাও তব প্রেমমুখ, পাসরি সর্ব দৃখ,
বিরহকাতর তপ্ত চিন্ত-মাঝে বিহরো॥
শৃত্দিন শৃত্রজনী আনো আনো এ জীবনে,
ব্যর্থ এ নরজনম সফল করো প্রিয়তম।
মধ্র চিরসঙ্গীতে ধর্ননত করো অন্তর,
করিবে জীবনে মনে দিবানিশা সুখানিকর॥

### 263

বসে আছি হে কবে শ্নিব তোমার বাণী।
কবে বাহির হইব জগতে মম জাবন ধনা মানি।
কবে প্রাণ জাগিবে, তব প্রেম গাহিবে,
দারে দ্বারে ফিরি সবার জদর চাহিবে,
নরনারীমন করিয়া হরণ চরণে দিবে আনি।

কৈছ শ্লেনা গান, জাগেনা প্রাণ,
বিফলে গীত-অবসান—
তোমার বচন করিব রচন সাধ্য নাছি নাছি।
তুমিনা কছিলে কেমনে কব প্রবল অজের বাণী তব,
তুমি যা বালবে তাই বালব, আমি কিছুই না জানি।
তব নামে আমি সবারে ভাকিব, হদরে লইব টানি॥

## 390

ডাকিছ শানি জাগিন্ প্রভু, আসিন্ তব পাশে।
আখি ফ্টিল, চাহি উঠিল চরণদরশ-আশে॥
খ্লিল খার, তিমিরভার দ্র হইল চাসে।
হৈরিল পথ বিশ্বজগত, ধাইল নিজ বাসে॥
বিমলকিরণ প্রেম-আঁখি স্লের পরকাশে।
নিখিল তার অভর পার, সকল জগত হাসে॥
কানন সব ফ্ল আজি, সৌরভ তব ভাসে।
ম্ম হদর মন্ত মধ্প প্রেমকুস্ম্যাসে॥
উল্জন্ল যত ভকতহদর, মোহতিমির নাশে।
দাও নাধ, প্রেম-অম্ত বশ্বিত তব দাসে॥

## 295

কারে ডাকি গো. আমি আমার বাঁধন দাও গো টুটে। আমি হাত বাড়িয়ে আছি, चामाव नंद क्टल नंद न्हिं॥ ত্মি ভাকো এর্মান ভাকে ষেন मन्साध्य ना शास्त्र. मव स्करण याहे. मव दर्शक वाहे. বেন वारे त्यत्व बारे घटा। আমি দ্বপন দিয়ে বাধা---কেবল ঘুমের ঘোরের বাধা, জডিয়ে আছে প্রাণের কাছে সে বে मामित्र जीचनारहे। **पिरनेव भरत पिन** ल्या. কোথার হল লীন, আমার ভাষাহারা অপ্রাথারার কেবল পরান কেন্দে উঠে॥

আজি মম মন চাহে জীবনবন্ধ্রে.
সেই জনমে মরণে নিতাসঙ্গী
নিশিদিন সুখে শোকে—
সেই চির-আনন্দ, বিমল চিরসুখা,
যুগে যুগে কত নব নব লোকে নিয়তশরণ।
পরাশান্তি, পরমপ্রেম, পরামুক্তি, পরমক্ষেম.
সেই অন্তর্গতম চিরস্কুদর প্রভু, চিন্তস্থা,
ধর্ম-অর্থ-কাম-ভরণ রাজা হদরহরণ॥

## 590

আমার মন তুমি, নাথ, লবে হরে
আমি আছি বসে সেই আশা ধরে॥
নীলাকাশে ওই তারা ভাসে, নীরব নিশীথে শশী হাসে,
আমার দুনরনে বারি আসে ভরে— আছি আশা ধরে॥
স্থলে জলে তব ধ্লিতলে, তর্লতা তব ফ্লে ফলে,
নরনারীদের প্রেমডোরে,
নানা দিকে দিকে নানা কালে, নানা স্রে স্বের নানা তালে
নানা মতে তুমি লবে মোরে— আছি আশা ধরে॥

### 398

ঘাটে বসে আছি আনমনা. যেতেছে বহিয়া স্কময়—
সে বাতাসে তরী ভাসাব না যাহা তোমা পানে নাহি বয়॥
দিন যায় ওগো দিন যায়, দিনমণি যায় অন্তে—
নিশার তিমিরে দশ দিক ছিরে জাগিয়া উঠিছে শত ভয়॥
ঘরের ঠিকানা হল না গো, মন করে তব্ যাই-যাইধ্বতারা তুমি যেথা জাগ সে দিকের পথ চিনি নাই॥
এত দিন তরী বাহিলাম যে স্দ্র পথ বাহিয়া—
শত বার তরী ভূব্ভুব্ করি সে পথে ভরসা নাহি পাই॥
তীর-সাথে হেরো শত ভোরে বাঁধা আছে মোর তরীখান—
রাশ খুলে দেবে কবে মোরে, ভাসিতে পারিলে বাঁচে প্রাণ।
কবে অক্লের খোলা হাওয়া দিবে সব জ্বালা ভুড়ারে,
শ্না যাবে কবে ঘনষাের রবে

### 394

. এই মলিন ক্ষা ছাড়তে হবে, হবে গো এইবার-আমার এই মলিন অহ•কার॥ দিনের কাজে থ্লা লাগি অনেক দাগে হল দাগি,

এমনি তপ্ত হরে আছে সহা করা ভার

আমার এই মালন অহন্কার।।

এখন তো কাজ সাঙ্গ হল দিনের অবসানে—
হল রে তার আসার সময়, আশা এল প্রাণে।

য়ান করে আয় এখন তবে, প্রেমের বসন পরতে হবে,

সন্ধাবনের কুস্ম ভূলে গাঁথতে হবে হার।

ওরে আয়, সময় নেই যে আর॥

## 396

নিবিড় খন আঁধারে জর্বলছে প্রব্রহার।
মন রে মোর, পাখারে হোস নে দিশেহারা।
বিবাদে হরে প্রিরমাণ বন্ধ না করিরো গান,
সফল করি ভোলো প্রাণ ট্রিটিয়া মোহকারা।
রাখিরো বল জীবনে, রাখিরো চির-আশা,
শোভন এই ভূবনে রাখিরো ভালোবাসা।
সংসারের সুখে দুখে চলিয়া খেয়ো হাসিমুখে,
ভরিয়া সদা রেখো বুকে তাঁহারি সুখাধারা।।

## >99

প্রতিদিন তব গাখা গাব আমি স্মধ্র—
তৃমি দেহাে মারে কথা, তৃমি দেহাে মারে স্ব—
তৃমি বদি থাক মনে বিকচ কমলাসনে,
তৃমি বদি কর প্রাণ তব প্রেমে পরিপ্র
প্রতিদিন তব গাখা গাব আমি স্মধ্ব।
তৃমি শোন বদি গান আমার সম্ধে থাকি,
স্থা বদি করে দান তোমার উদার অথি,
তৃমি বদি দ্খাপরে রাখ কর লেহভরে,
তৃমি বদি স্থ হতে দন্ত করহ দ্র
প্রতিদিন তব গাখা গাব আমি স্মধ্র।

### 294

নিশীথশয়নে ভেবে রাখি মনে ওগো অন্তর্বামী, প্রভাতে প্রথম নরন মেলিরা ভোমারে হেরিব আমি ওগো অন্তর্বমী॥ ভাগিরা বসিরা শুভ অলোকে ভোমার চরণে নমিয়া প্লেকে মনে ভেবে রাখি দিনের কর্ম ভোমারে স্পিব স্বামী ওগো অন্তর্বামী॥ দিনের কর্ম সাধিতে সাধিতে ভেবে রাখি মনে মনে কর্ম-অস্তে সন্ধ্যাবেলায় বসিব তোমারি সনে। দিন-অবসানে ভাবি বসে ঘরে তোমার নিশীর্থবিরামসাগরে প্রান্ত প্রাণের ভাবনা বেদনা নীরবে বাইবে নামি ওগো অস্তরবামী॥

## 292

প্রতিদিন আমি, হে জীবনস্বামী, দাঁড়াব তোমারি সম্মুখে ।
করি জোড়কর, হে ভূবনেশ্বর, দাঁড়াব তোমারি সম্মুখে ॥
তোমার অপার আকাশের তলে বিজনে বিরলে হে
নম্ম হদরে নয়নের জলে দাঁড়াব তোমারি সম্মুখে ॥
তোমার বিচিত্র এ ভবসংসারে কর্মপারাবারপারে হে—
নিখিল ভূবনলোকের মাঝারে দাঁড়াব তোমারি সম্মুখে ॥
তোমার এ ভবে মম কর্ম ধবে সমাপন হবে হে—
ওগো রাজরাজ, একাকী নীরবে দাঁড়াব তোমারি সম্মুখে ॥

## 280

জাগিতে হবে রে—
মোহনিদ্রা কভু না রবে চির্রাদন,
ত্যজিতে হইবে সংখশয়ন অর্শনিঘোষণে॥
জাগে তাঁর নাায়দণ্ড সর্বভুবনে,
ফিরে তাঁর কালচক্র অসীম গগনে,
জবলে তাঁর রুদ্রনের পাপতিমিরে॥

### 282

আমার যা আছে আমি সকল দিতে পারি নি তোমারে নাথ—
আমার লাজ ভয়, আমার মান অপমান, সূখ দুখ ভাবনা।
মাঝে রয়েছে আবরণ কত শত, কতমতো—
তাই কে'দে ফিরি, তাই তোমারে না পাই,
মনে থেকে বায় তাই হে মনের বেদনা॥
যাহা রেখেছি তাহে কী স্থ—
তাহে কে'দে মরি, তাহে ভেবে মরি।
তাই দিয়ে বদি তোমারে পাই কেন তা দিতে পারি না?
আমার জগতের সব তোমারে দেব, দিয়ে তোমারে নেব— বাসনা॥

## SVR

ব্রুড়ারে আছে বাধা, ছাড়ারে বেতে চাই, ছাডাতে গেলে বাথা বাজে। মুক্তি চাহিবারে তোমার কাছে বাই. চাহিতে গেলে মার লাব্দে॥ জানি হে তুমি মম জীবনে শ্রেরতম, এমন ধন আরু নাহি বে তোমা-সম. তব্য যা ভাঙাচোরা ঘরেতে আছে শোরা ফেলিয়া দিতে পারি না বে॥ তোমারে আবরিয়া ধলোতে ঢাকে হিয়া. মরণ আনে রাশি রাশি— আমি যে প্রাণ ভরি তাদের ঘূণা করি তব্ৰ ভাই ভালোবাস। এতই আছে বাকি, জমেছে এত ফাঁকি, কত বে বিষ্ণলতা, কত বে ঢাকাঢাকি, আমার ভালো তাই চাহিতে ধবে ৰাই ভর বে আসে মনোমাঝে॥

### 710

উডিয়ে ধনকা অন্তভেদী রখে ওই-বে তিনি, ওই-বে বাহির পথেয় আর রে ছুটে, টানতে হবে রশি, ঘরের কোণে রইলি কোথায় বসি! ভিডের মধ্যে ঝালিয়ে পড়ে গিয়ে ঠিই করে তুই নে রে কোনোমতে॥ কোখার কী তোর আছে ঘরের কাজ সে-সব কথা ভূলতে হবে আজ। টান রে দিয়ে সকল চিত্তকারা, টান্রে ছেড়ে তুচ্ছ প্রাণের মারা, চল রে টেনে আলোর অন্ধকারে নগর-গ্রামে অরণ্যে পর্বতে॥ ওই-বে ঢাকা ছারছে রে ঝন ঝনি, ব্ৰকের মাঝে শ্ৰেছ কি সেই ধ্ৰনি? রক্তে তোমার দুলছে না কি প্রাণ? গাইছে না মন মরণজ্য়ী গান? আকাশ্দা তোর বন্যাবেগের মতো হটেছে না কি বিপলে ভৰিষ্যতে।

#### 2 F8

আপনারে দিয়ে রচিল রে কি এ আপনারই আবরণ!
খ্লে দেখ্ দ্বার, অন্তরে তার আনন্দনিকেতন॥
মা্তি আজিকে নাই কোনো ধারে, আকাশ দেও যে বাঁধে কারাগারে,
বিষনিশ্বাদে তাই ভরে আদে নির্দ্ধ সমীরণ॥
ঠেলে দে আড়াল: দ্চিবে আঁধার— আপনারে ফেল্ দ্রে—
সহজে তথনি জীবন তোমার অমাতে উঠিবে প্রে।
শ্ন্য করিয়া রাশ্ তোর বাঁশি, বাজ্ঞাবার যিনি বাজ্ঞাবেন আসি—
ভিক্ষা না নিবি, তথনি জানিবি ভরা আছে তোর ধন॥

#### 244

বাঁধন-ছে'ড়ার সাধন হবে,
ছেড়ে যাব তীর মাভৈ-রবে॥
যাঁহার হাতের বিজয়মালা
রুদুদাহের বহিজন্মলা
নমি নমি নমি সে ভৈরবে॥
কালসমুদ্রে আলোর যাত্রী
শ্নো ষে ধায় দিবস-রাত্রি।
ডাক এল তার তরঙ্গেরই,
বাজনুক বক্ষে বজ্রভেরী
অক্ল প্রাণের সে উৎসবে॥

#### 286

আমায় মুক্তি যদি দাও বাঁধন খুলে
আমি তোমার বাঁধন নেব তুলে॥
বৈ পথে ধাই নিরবাধ সে পথ আমার ঘোচে বাঁদ
যাব তোমার মাঝে পথের ভূলে॥
যদি নেবাও ঘরের আলো
তোমার কালো আঁধার বাসব ভালো।
তীর যদি আর না যায় দেখা তোমার আমি হব একা
দিশাহারা সেই অক্লে॥

#### 289

বিশ্বজোড়া ফাঁদ পেতেছ, কেমনে দিই ফাঁকি! অংধক ধরা পড়েছি গো, আধেক আছে বাকি॥ কেন জানি আপনা ভূলে বারেক হৃদয় ধায় যে খুলে, বারেক ভাবে ঢাকি॥ বাহির আমার শহুন্তি বেন কঠিন আবরণ— অন্তরে মোর তোমার লাগি একটি কালা-ধন। হুদয় বলে তোমার দিকে রইবে চেরে অনিমিখে, চার না কেন অধিয়

#### SVV

এ আবরণ কর হবে গো কর হবে,
এ দেহমন ভূমানশদমর হবে॥

চোখে আমার মারার ছারা টুটবে গো,
বিশ্বকমল প্রাণে আমার ফুটবে গো,
এ জীবনে তোমারি, নাথ, জর হবে॥
রক্ত আমার বিশ্বতালে নাচবে বে,
হদর আমার বিপ্লে প্রালে বাঁচবে বে।
কাঁপবে তোমার আলো-বাঁণার তারে সে,
দ্লবে তোমার তারামাণর হারে সে,
বাসনা তার ছড়িরে গিরে লর হবে॥

#### 212

সহজ হবি, সহজ হবি, ওরে মন, সহজ হবি—
কাছের জিনিস দ্রে রাখে তার খেকে তূই দ্রে রবি॥
কেন রে তার দ্হাত পাতা, দান তো না চাই, চাই যে দাতা—
সহজে তূই দিবি যখন সহজে তূই সকল লবি॥
সহজ হবি, সহজ হবি, ওরে মন, সহজ হবি —
আপন বচন-রচন হতে বাহির হয়ে আয় য়ে কবি।
সকল কথার বাহিরেতে ভূবন আছে হদর শেতে,
নীরব ফুলের নয়ন পানে চেরে আছে প্রভাত-রবি॥

#### 220

এই কথাটা ধরে রাখিস, মৃত্তি তোরে পেতেই হবে।
যে পথ গেছে পারের পানে সে পথে তোর বেতেই হবে।
অভয় মনে কণ্ঠ ছাড়ি গান গেয়ে তুই দিবি পাড়ি,
খ্লি হয়ে কড়ের হাওয়ায় টেউ যে তোরে খেতেই হবে।
পাকের ঘোরে ঘোরায় যদি ছুটি তোরে পেতেই হবে।
চলার পথে কটা থাকে দলে তোমায় বেতেই হবে।
স্থের আশা অকড়ে লয়ে মরিস নে তুই ভয়ে ভয়ে
জীবনকে তোর ভারে নিতে মরল-আবাত খেতেই হবে।

সোই তো আমি চাই—
সাধনা যে শেষ হবে মোর সে ভাবনা তো নাই॥
ফলের তরে নয় তো খোঁজা, কে বইবে সেই বিষম বোঝা—
যেই ফলে ফল ধ্লায় ফেলে আবার ফ্ল ফ্টাই॥
এর্মান করে মোর জীবনে অসীম ব্যাকুলতা,
নিত্য ন্তন সাধনাতে নিত্যন্তন বাধা!
পেলেই সে তো ফ্রিয়ে ফেলি, আবার আমি দ্ব হাত মেলি—
নিত্য দেওয়া ফ্রায় না ষে, নিত্য নেওয়া তাই॥

#### 225

আর রেখা না আঁখারে, আমায় দেখতে দাও।
তোমার মাঝে আমার আপনারে দেখতে দাও।
কাঁদাও বাদ কাঁদাও এবার, সুখের প্রানি সয় না যে আর,
নয়ন আমার বাক-না ধ্রে অগ্র্যুধারে
আমায় দেখতে দাও॥
জানি না তো কোন্ কালো এই ছায়া,
আপন বলে ভুলায় যখন ঘনায় বিষম মায়া।
ম্বপ্লভারে জমল বোঝা, চিরক্রীবন শ্না খোঁজা ব্য মোর আলো লাক্রিয়ে আছে রাতের পারে
আমায় দেখতে দাও॥

#### 770

দঃখের তিমিরে যদি জনলে তব মকল-আলোক তবে তাই হোক। মৃত্যু যদি কাছে আনে তোমার অমৃত্যয় লোক তবে তাই হোক॥ প্জার প্রদীপে তব জনলে যদি মম দপ্তি শোক তবে তাই হোক। অশ্র-অধি-পরে যদি ফুটে ওঠে তব স্নেহচোখ তবে তাই হোক॥

#### 278

আমার আঁধার ভালো, আলোর কাছে বিকিয়ে দেবে আপনাকে সে। আলোরে ধে লোপ করে খায় সেই কুয়াশা সর্বনেশে॥ অব্যুক্ত শিশ্ম মায়ের ঘরে সহক্ত মনে বিহার করে, অভিমানী জ্ঞানী তোমার বাহির শ্বারে ঠেকে এসে॥ তোমার পথ আপনার আপনি দেখার, তাই বেয়ে, মা, চলব সোজা।

য়ারা পথ দেখাবার ভিড় করে গো তারা কেবল বাড়ার খোঁজা।

ওরা ডাকে আমার প্জার ছলে, এসে দেখি দেউল-ডলে—

আপন মনের বিকারটারে সাজিয়ে রাখে ছম্মবেশে॥

#### 274

এবার দুংখ আমার অসীম পাথার পার হল ছে, পার হল।
তোমার পায়ে এসে ঠেকল শেষে, সকল সুখের সার হল।
এত দিন নরনধারা বরেছে বাঁধনহারা,
কেন বয় পাই নি যে তার কুলাকিনারা—
আজ গাঁথল কে সেই অশুমালা, তোমার গলার হার হল।
তোমার সাঁঝের তারা ডাকল আমার ধখন অন্ধকার হল।
বিরহের বাধাখানি খুজে তো পায় নি বাণী,
এত দিন নীরব ছিল শরম মানি—
আজ পরশ পেয়ে উঠল গেরে, তোমার বীণার তার হল।

#### 224

যারে নিক্তে তুমি ভাসিরেছিলে দুঃখধারার ভরা স্লোতে
তারে ডাক দিলে আজ কোন্ খেরালে
আবার তোমার ও পার হতে।।
শ্রাবণ-রাতে বাদল-ধারে উদাস করে কাদাও যারে
আবার তারে ফিরিয়ে আনো ফ্ল-ফোটানো ফাগ্ন-রাতে।।
এ পার হতে ও পার করে বাটে বাটে ঘারাও মোরে।
কুড়িয়ে আনা, ছড়িয়ে ফেলা, এই কি তোমার একই খেলালাগাও ধাঁধা বারে বারে এই আধারে এই আলোতে।।

#### 229

আমার দাও গো বলে
সে কি তুমি আমায় দাও দোলা অশান্তিদালে।
দেখতে না পাই পিছে থেকে আঘাত দিরে হৃদরে কে
তেউ যে তোলে।
মুখ দেখি নে তাই লাগে ভর— জানি না বে, এ কিছু নর।
মুছব অখি, উঠব হেসে— দোলা যে দের বখন এসে
ধরবে কোলে।

#### 22 V

শিকল আমায় বিকল করবে না। তোর মারে মরম মরবে না।। তোর আপন হাতের ছার্ডাচঠি সেই যে তাঁর মনের ভিতর রয়েছে এই বে, আমার ধরা আমায় ধরবে না।। ্রেল্ড যে পথ দিয়ে আমার চলাচল প্রহরী তার খোঁজ পাবে কী বল। তোর • তাঁর দুরারে পেণছে গেছি রে. আমি তোর দুয়ারে ঠেকাবে কি রে? মোরে ডরে পরান ডরবে না॥ তোর

#### 222

আমি মারের সাগর পাড়ি দেব বিষম ঝড়ের বায়ে
আমার ভরভাঙা এই নায়ে॥
মাভৈ বাণীর ভরসা নিয়ে ছে'ড়া পালে বৃক ফ্লিয়ে
তোমার ওই পারেতেই যাবে তরী ছায়াবটের ছায়ে॥
পথ আমারে সেই দেখাবে যে আমারে চায়
আমি অভয় মনে ছাড়ব তরী, এই শ্ধ্ মোর দায়।
দিন ফ্রালে, জানি জানি, পেণছে ঘাটে দেব আনি
আমার দঃখদিনের রক্তকমল তোমার কর্ণ পায়॥

#### 200

বাহিরে ভূল হানবে যখন অন্তরে ভূল ভাঙৰে কি ?
বিষাদবিষে জনলে শেষে তোমার প্রসাদ মান্তবে কি !!
রৌদ্রদাহ হলে সারা নামবে কি ওর বর্ষাধারা ?
লাজের রাঙা মিটলে হৃদয় প্রেমের রঙে রাঙবে কি !!
যতই যাবে দ্রেরে পানে
বাঁধন ততই কঠিন হয়ে টানবে না কি বাধার টানে!
অভিমানের কালো মেঘে বাদল-হাওয়া লাগবে বেগে,
নয়নজলের আবেগ তখন কোনোই বাধা মানবে কি !!

#### 205

আমার সকল দুখের প্রদীপ জেবলে দিবস গেলে করব নিবেদন — আমার ব্যথার প্জা হয় নি সমাপন॥ যথন বেলা-শেষের ছায়ায় পাথিরা বায় আপন কুলার-মাঝে, সন্ধ্যাপ্জার ঘণ্টা যথন বাজে তখন আপন শেষ শিখাটি জ্বালবে এ জীবন—
আমার ব্যথার প্জা হবে সমাপন ॥
আনেক দিনের অনেক কথা, ব্যাকুলতা, বাঁধা বেদন-ডোরে,
মনের মাঝে উঠেছে আজ ভরে।
যখন প্জার হোমানলে উঠবে জ্বলে একে একে তারা.
আকাশ-পানে ছাটবে বাঁধন-হারা,
অন্তর্গবির ছবির সাথে মিলবে আরোজন—
আমার ব্যথার প্জা হবে সমাপন॥

### २०३

আজি বিজন ঘরে নিশীধরাতে আসবে বদি শ্না হাতে
আমি তাইতে কি ভর মানি!
জানি কানি, বন্ধু, জানি—
তোমার আছে তো হাতথানি॥
চাওয়া-পাওয়ার পথে পথে দিন কেটেছে কোনোমতে,
এখন সময় হল তোমার কাছে আপনাকে দিই আনি॥
আধার থাকুক দিকে দিকে আকাশ-অন্ধ-করা,
তোমার পরশ থাকুক আমার-হদর-ভরা।
জীবনদোলার দুলে দুলে আপনারে ছিলেম ভূলে,
এখন জীবন মরণ দু দিক দিয়ে নেবে আমার টানি॥

#### 200

বখন তোমায় আঘাত করি তখন চিনি।
শ্রু হয়ে দাঁড়াই যখন লও যে জিনি॥
এ প্রাণ যত নিজের তরে তোমারি ধন হরণ করে
ততই শুধা তোমার কাছে হয় সে ঋণী॥
উজিয়ে যেতে চাই যতবার গর্বস্থে
তোমার স্রোতের প্রবল পরশ পাই যে ব্কে।
আলো যখন আলস-ভরে নিবিয়ে ফেলি আপন খরে
লক্ষ তারা জন্নশায় তোমার নিশীধিনী॥

### 805

দ্বংথ যদি না পাবে তো দ্বংশ তোমার ঘ্রুবে কবে?
বিবকে বিবের দাছ দিয়ে দহন করে মারতে হবে॥
জ্বলতে দে তোর আগ্বনটারে, ভর কিছ্ব না করিস তারে,
ছাই হরে সে নিভবে যখন জ্বলবে না আর কভু তবে॥
অভিয়ে তারে পালাস না রে, ধরা দিতে হোস না কাতর।
দীর্ঘ পথে ছুটে ছুটে দীর্ঘ করিস দ্বংশটা তোর।

মরতে মরতে মরণটারে শেষ করে দে একেবারে, তার পরে সেই জীবন এসে আপন আসন আপনি লবে॥

### ₹04

যেতে থেতে একলা পথে নিবেছে মোর বাতি।
ঝড় এসেছে, ওরে, এবার ঝড়কে পেলেম সাথি॥
আকাশ্বকোণে সর্বনেশে ক্ষণে ক্ষণে উঠছে হেসে,
প্রলয় আমার কেশে বেশে করছে মাতামাতি॥
বে পথ দিয়ে যেতেছিলেম ভূলিয়ে দিল তারে,
আবার কোথা চলতে হবে গভীর অন্ধকারে।
বৃঝি বা এই বন্ধুরবে ন্তন পথের বার্তা কবে—
কোন্ প্রগীতে গিয়ে তবে প্রভাত হবে রাতি॥

### 208

না বাঁচাবে আমায় যদি মারবে কেন তবে?
কিসের তরে এই আয়োজন এমন কলরবে॥
অগ্নিবাণে ত্ণ যে ভরা, চরণভরে কাঁপে ধরা,
জীবনদাতা মেতেছ যে মরণ-মহোৎসবে॥
বক্ষ আমার এমন করে বিদীর্ণ যে করো
উৎস যদি না বাহিরায় হবে কেমনতরো?
এই-যে আমার ব্যথার খনি জোগাবে এই মুকুট-র্মাণ
মরণদ্বেখ জাগাবে মোর জীবনবল্লভে॥

#### 209

মোর	মরণে তোমার হবে জয়।
মোর	জীবনে তোমার পরিচয়।
মোর	দ্বঃখ যে রাঙা শতদল
আজি	ঘিরিল তোমার পদতল,
মোর	আনন্দ সে যে মণিহার মুকুটে তোমার বাঁধা রয়॥
মোর	তাাগে যে তোমার হবে জয়।
মোর	প্রেমে যে তোমার পরিচয়।
মোর	ধৈর্য তোমার রাজপথ
সে যে	<b>লঙ্ঘিবে বনপর্ব</b> ত্
মোর	বীর্য তোমার জয়রথ তোমারি প্রাক্তা ভিতে বস্তু।

## YOF

হদর আমার প্রকাশ হল অনস্ত আকাশে।
বেদন-বাঁশি উঠল বেজে বাতাসে বাতাসে॥
এই-যে আলোর আকৃলতা আমারি এ আপন কথা,
উদাস হয়ে প্রাণে আমার আবার ফিরে আসে॥
বাইরে তুমি নানা বেশে ফের নানান ছলে;
জ্ঞানি নে তো আমার মালা দিরেছি কার গলে।
আজ কী দেখি পরান-মাঝে, তোমার গলায় সব মালা বে—
সব নিয়ে শেষ ধরা দিলে গভীর সর্বনাশে।
সেই কথা আজ প্রকাশ হল অনস্ত আকাশে॥

# 205

যথন তুমি বাঁধছিলে তার সে যে বিষম ব্যথা—
বাজাও বাঁণা, ভুলাও ভুলাও সকল দুখের কথা॥
এতদিন বা সঙ্গোপনে ছিল ভোমার মনে মনে
আঞ্জে আমার তারে তারে শ্নাও সে বারতা॥
আর বিলম্ব কোরো না গো, ওই-যে নেবে বাতি।
দুয়ারে মোর নিশাখিনী রয়েছে কান পাতি।
বাঁধলে যে সুর তারায় ভারায় অন্তবিহান অগ্নিধারায়,
সেই সুরে মোর বাজাও প্রাণে ভোমার বাাকুলতা॥

#### 230

এই-যে কালো মাটির বাসা শামল স্থের ধরা— এইখানেতে আঁধার-আলোর স্বপন-মাথে চরা॥ এরই গোপন হদর-'পরে বাধার স্বর্গ বিরাজ করে দ্বংখে-আলো-করা॥ বিরহী তোর সেইখানে যে একলা বসে থাকে— হুদয় তাহার ক্ষণে ক্ষণে নামটি তোমার ডাকে। দ্বংখে যখন মিলন হবে আনন্দলোক মিলবে ডবে সুধার-সুধার-ভ্রা॥

# 522

এক হাতে ওর কৃপাণ আছে, আর-এক হাতে হার।
ও বে ভেঙেছে তোর খার॥
আসে নি ও ভিক্ষা নিতে, না না না—লড়াই করে নেবে জিতে
পরানটি তোমার॥

মরণেরই পথ দিয়ে ওই আসছে জীবন-মাঝে, ও যে আসছে বীরের সাজে। আধেক নিয়ে ফিরবে না রে, না না না না যা আছে সব একেবারে করবে অধিকার॥

# 252

পরশর্মাণ ছোঁরাও প্রাণে। আগ্যনের भूग करता महन-मार्ति॥ এ জীবন . দেহখানি তুলে ধরো, আমার এই দেবালয়ের প্রদীপ করো--তোমার ওই আলোক-শিখা জ্বল্ক গানে॥ নিশিদিন গায়ে গায়ে পরশ তব আঁধারের ফোটাক তারা নব নব। সারা রাত मृचि २८७ घ्रास्य काट्या, নয়নের পড়বে সেথায় দেখবে আলো---যেখানে উঠবে জনলে উধর-পানে॥ বাথা মোর

# 250

ওরে কে রে এমন জাগায় তোকে?

হ্ম কেন নেই তোরই চোখে॥

চেয়ে আছিস আপন-মনে— ওই-যে দ্রে গগন-কোণে
রাত্রি মেলে রাঙা নয়ন রুদ্রদেবের দীপ্তালোকে॥

রক্তশতদলের সাজি

সাজিয়ে কেন রাখিস আজি?

কোন্ সাহসে একেবারে শিকল খুলে দিলি শ্বারে—
জ্যোড্হাতে তুই ডাকিস কারে, প্রলয় যে তোর খরে ঢোকে॥

### \$\$8

আঘাত করে নিলে জিনে,
কাড়িলে মন দিনে দিনে।
সংখ্যের বাধা ভেঙে ফেলে তবে আমার প্রাণে এলে
বারে বারে মরার মুখে অনেক দুখে নিলেম চিনে॥
তৃফান দেখে ঝড়ের রাতে
ছেড়েছি হাল ভোমার হাতে।
বাটের মাঝে, হাটের মাঝে, কোথাও আমার ছাড়লে না-ষে—
যখন আমার সব বিকালো তখন আমায় নিলে কিনে॥

ওগো আমার প্রাণের ঠাকুর,
তোমার প্রেম তোমারে এমন করে করেছে নিষ্ঠার॥
তুমি বসে থাকতে দেবে না যে, দিবানিশি তাই তো বাজে
পরান-মাঝে এমন কঠিন স্বে॥
ওগো আমার প্রাণের ঠাকুর,
তোমার লাগি দৃঃখ আমার হয় কেন মধ্র।
তোমার খেজার মোরে, তোমার বেদন, কাদার ওরে,
আরাম বভ করে কোথার দ্রে॥

# 220

স্থে আমার রাখবে কেন. রাখো তোমার কোলে।

যাক-না গো সুখ জনলে।

যাক-না পারের তলার মাটি, তুমি তখন ধরবে অটি-তুলে নিরে দুলাবে ওই বাহুদোলার দোলে॥

যেখানে ঘর বাধব আমি আসে আস্ক বান-তুমি বাদ ভাসাও মোরে চাই নে পরিরাদ।

হার মেনেছি, মিটেছে ভর - তোমার জর তো আমারি জর:
ধরা দেব, তোমার আমি ধরব ষে তাই হলে॥

# २५९

ও নিঠ্র, আরো কি বাদ তোমার ত্লে আছে?
তুমি মর্মে আমার মারবে হিরার কাছে॥
আমি পালিরে থাকি, মুদি আঁখি, আঁচল দিরে মুখ বে ঢাকি গো
কোথাও কিছু আঘাত লাগে পাছে॥
আমি মারকে তোমার ভর করেছি বলে।
তাই তো এমন হদর ওঠে জ্বলে।
যে দিন সে ভর ঘুচে যাবে সে দিন তোমার বাদ ফুরাবে গো—
মরণকে প্রাণ বরণ করে বাঁচে॥

# 42 F

আমি হৃদরেতে পথ কেটেছি, সেথার চরণ পড়ে।
তামার সেথার চরণ পড়ে।
তাই তো আমার সকল পরান কপিছে বাধার ভরে গো,
কাপছে ধরোধরে॥

ব্যথাপথের পথিক তুমি, চরণ চলে ব্যথা চুমি—
কাঁদন দিয়ে সাধন আমার চিরদিনের তরে গো
চিরজীবন ধরে।
নরনজ্ঞলের বন্যা দেখে ভয় করি নে আর,
আমি ভয় করি নে আর।
মরণ-টানে টেনে আমায় করিয়ে দেবে পার,
আমি ভয়ব পারাবার।
বিডের হাওয়া আকুল গানে বইছে আজি তোমার পানে—
ভূবিয়ে তরী ঝাঁপিয়ে পড়ি ঠেকব চরণ-'পরে,
আমি বাঁচব চরণ ধরে।

## 665

তোমার কাছে শাস্তি চাব না.
থাক্-না আমার দুঃখ ভাবনা॥
অশাস্তির এই দোলার 'পরে বোসো বোসো লীলার ভরে.
দোলা দিব এ মোর কামনা॥
নেবে নিব্ক প্রদীপ বাতাসে,
ঝড়ের কেতন উড়্ক আকাশে বুকের কাছে ক্ষণে ক্ষণে তোমার চরণ-পরশনে
অন্ধকারে আমার সাধনা॥

### 220

যে রাতে মোর দ্বারগন্লি ভাঙল ঝড়ে জানি নাই তো তুমি এলে আমার ঘরে॥ সব যে হয়ে গেল কালো, নিবে গেল দীপের আলো, আকাশ-পানে হাত বাড়ালেম কাহার তরে॥ অন্ধকারে রইন্ পড়ে স্বপন মানি। ঝড় যে তোমার জয়ধনজা তাই কি জানি! সকালবেলার চেয়ে দেখি, দাঁড়িয়ে আছ তুমি এ কি ঘর-ভরা মোর শ্নাতারই বাকের 'পরে॥

#### 255

ভয়েরে মোর আঘাত করে। ভীষণ, হে ভীষণ! কঠিন করে চরণ-'পরে প্রণত করে। মন॥ বে'ধেছে মোরে নিতা কাজে প্রাচীরে-ঘেরা ঘরের মাঝে, নিতা মোরে বে'ধেছে সাজে সাজের আভরণ॥ এসো হে, ওহে আকস্মিক, ঘিরিয়া ফেলো সকল দিক, মুক্ত পথে উড়ায়ে নিক নিমেষে এ জীবন।

# তাহার 'পরে প্রকাশ হোক উদার তব সহাস চোধ— তব অভর শান্তিমর স্বর্প প্রোতন॥

## २२२

বস্ত্রে তোমার বাজে বাঁশি, সে কি সহজ পান!
সেই স্বরেতে জাগব আমি, দাও মোরে সেই কান॥
আমি ভূপব না আর সহজেতে, সেই প্রাণে মন উঠবে মেতে
মৃত্যু-মাঝে ঢাকা আছে যে অন্তহীন প্রাণ॥
সে ঝড় যেন সই আনন্দে চিত্তবীণার তারে
সপ্রসিদ্ধ দশদিগন্ত নাচাও যে ঝঞ্কারে।
আরাম হতে ছিল্ল করে সেই গভীরে প্রও গো মোরে
অশান্তির অন্তরে যেথার শান্তি স্মুহান॥

## २२०

এই করেছ ভালো, নিঠুর হে, নিঠুর হে, এই করেছ ভালো।
এমনি করে হদরে মোর তীর দহন জনলো॥
আমার এ ধ্প না পোড়ালে গন্ধ কিছুই নাহি ঢালে,
আমার এ দীপ না জনলালে দেয় না কিছুই আলো॥
যথন থাকে অচেতনে এ চিত্ত আমার
আঘাত সে যে পরশ তব, সেই তো প্রস্কার।
অন্ধারে মোহে লাজে চোখে তোমায় দেখি না যে,
বক্তে তোলো আগ্ন করে আমার যত কালো॥

# **२**२8

আরো আঘাত সইবে আমার, সইবে আমারো।
আরো কঠিন সুরে জীবন-তারে ঝঙ্কারো॥
যে রাগ জাগাও আমার প্রাণে বাজে নি তা চরম তানে,
নিঠুর মুর্ছনায় সে গানে মুর্তি সঞ্চারো॥
লাগে না গো কেবল যেন কোমল কর্ণা,
মুদ্র সুরের খেলায় এ প্রাণ বার্থা কোরো না।
জ্বলে উঠ্ক সকল হৃতাশ, গান্ধি উঠ্ক সকল বাতাস,
জাগিয়ে দিয়ে সকল আকাশ পূর্ণতা বিস্তারো॥

### 226

আমি বহু বাসনায় প্রাণপণে চাই, বণ্ডিত করে বাঁচালে মোরে। এ কুপা কঠোর সন্তিত মোর জীবন ভরে॥ না চাহিতে মোরে যা করেছ দান— আকাশ আলোক তন্মন প্রাণ,
দিনে দিনে তুমি নিতেছ আমার দে মহা দানেরই যোগ্য করে
অতি-ইচ্ছার সঙ্কট হতে বাঁচায়ে মোরে॥
আমি কখনো বা তুলি, কখনো বা চলি, তোমার পথের লক্ষ্য ধরে;
তুমি নিষ্ঠার সক্ষ্ম্ হতে যাও যে সরে।
এ যে তব দয়া, জানি জানি হায়, নিতে চাও বলে ফিরাও আমায়পূর্ণ করিয়া লবে এ জীবন তব মিলনেরই যোগ্য করে
আধা-ইচ্ছার সঙ্কট হতে বাঁচায়ে মোরে॥

#### 226

প্রচন্ড গর্জনে আসিল একি দুর্দিন-দার্ণ ঘনঘটা, অবিরল অশানতর্জন ॥
ঘন ঘন দামিনী-ভুজঙ্গ-ক্ষত যামিনী,
অম্বর করিছে অন্ধন্যনে অগ্র-বরিষন ॥
ছাড়ো রে শংকা, জাগো ভীর্ অলস,
আনন্দে জাগাও অন্তরে শকতি।
অকুণ্ঠ আখি মেলি হেরো প্রশান্ত বিরাজিত
মহাভয়-মহাসনে অপর্প মৃত্যুঞ্জরর্পে ভয়হরণ॥

#### २२१

বিপদে মোরে রক্ষা করে। এ নহে মোর প্রার্থনা—
বিপদে আমি না ষেন করি ভয়।
দ্বঃখতাপে ব্যথিত চিতে নাই বা দিলে সান্তুনা,
দ্বঃখে যেন করিতে পারি জয়॥
সহায় মোর না যদি জৢটে নিজের বল না যেন টৢটে—
সংসারেতে ঘটিলে ক্ষতি, লভিলে শুধ্ বঞ্চনা,
নিজের মনে না ষেন মানি ক্ষয়॥
আমারে তুমি করিবে ত্রাণ এ নহে মোর প্রার্থনা —
তরিতে পারি শক্তি ষেন রয়।
আমার ভার লাঘব করি নাই বা দিলে সান্তুনা,
বহিতে পারি এমনি ষেন হয়॥
নম্মানরে সুখের দিনে তোমারি মুখ লইব চিনে—
দুখের রাতে নিখিল ধরা যে দিন করে বঞ্চনা
তোমারে যেন না করি সংশয়॥

#### 258

আরো আরো, প্রভূ, আরো আরো এর্মান করে আমায় মারো॥ ল্কিরে থাকি, আমি পালিরে বেড়াই— ধরা পড়ে গেছি, আর কি এড়াই! যা-কিছ্ম আছে সব কাড়ো কাড়ো॥ এবার বা করবার তা সারো সারো, আমি হারি কিংবা তুমিই হারো। হাটে ঘাটে বাটে করি মেলা, কেবল হেসে খেলে গেছে বেলা— দেখি কেমনে কাঁদাতে পারো॥

### २२৯

ভোমার সোনার থালায় সাজাব আজ দুবের অপ্রথার।
জননী গো, গাঁথব ভোমার গলার মুক্তাহার॥
চন্দ্র সূর্য পারের কাছে মালা হয়ে জড়িরে আছে,
ভোমার বুকে শোভা পাবে আমার দুবের অলম্কার॥
ধন ধানা ভোমারি ধন কী করবে তা কও।
দিতে চাও তো দিয়ো আমার, নিতে চাও তো লও।
দুঃখ আমার ঘরের জিনিস, খাঁটি রতন তুই তো চিনিস—
ভোর প্রসাদ দিয়ে তারে কিনিস এ মাের অহম্কার॥

# 200

দুখের বেশে এসেছ বলে তোমারে নাহি ভরিব হে।
বেখানে বাথা তোমারে সেথা নিবিড় করে ধরিব হে॥
আধারে মুখ ঢাকিলে স্বামী, তোমারে তব্ চিনিব আমি—
মরণর্পে আসিলে প্রভু, চরণ ধরি মরিব হে।
বেমন করে দাও-না দেখা তোমারে নাহি ভরিব হে॥
নয়নে আজি ঝরিছে জল, কর্ক জল নয়নে হে।
বাজিছে ব্কে বাজ্ক তব কঠিন বাহ্-বাধনে হে।
তুমি যে আছ বক্ষে ধরে বৈদনা তাহা জানাক মোরে—
চাব না কিছু, কব না কথা, চাহিয়া রব বদনে হে॥

### २०५

তোমার পতাকা যারে দাও তারে বহিবারে দাও শকতি।
তোমার সেবার মহান দ্বংশ সহিবারে দাও ভকতি।
আমি তাই চাই ভরিয়া পরান দ্বংশর সাথে দ্বংশের চাণ,
তোমার হাতের বেদনার দান এড়ারে চাহি না ম্কৃতি।
দ্ব হবে মম মাধার ভূবণ সাখে বদি দাও ভকতি।
যত দিতে চাও কাজ দিরো বদি ভোমারে না দাও ভূলিতে,
অন্তর বদি জড়াতে না দাও জালজন্তালগ্রেলিতে।

বাধিয়ো আমায় যত খাদি ভোরে মাক্ত রাখিয়ো তোমা-পানে মোরে,
ধালায় রাখিয়ো পবিত্র করে তোমার চরণধালিতে—
ভুলায়ে রাখিয়ো সংসারতলে, তোমারে দিয়ো না ভুলিতে।।
যে পথে ঘারতে দিয়েছ ঘারিব ধাই ষেন তব চরণে,
সব শ্রম যেন বহি লয় মোরে সকলগ্রান্তিহরণে।
দার্গম পথ এ ভবগহন— কত ত্যাগ শোক বিরহদহন—
জীবনে মৃত্যু করিয়া বহন প্রাণ পাই ষেন মরণে—
সন্ধ্যাবেলায় লভি গো কুলায় নিখিলশরণ চরণে।।

# २०२

দ্বর্থ দিয়েছ, দিয়েছ ক্ষতি নাই, কেন গো একেলা ফেলে রাধ?
ডেকে নিলে ছিল যারা কাছে, তুমি তবে কাছে কাছে থাকো॥
প্রাণ কারো সাড়া নাহি পায়, রিব শশী দেখা নাহি যায়,
এ পথে চলে যে অসহায়— তারে তুমি ডাকো, প্রভ্, ডাকো॥
সংসারের আলো নিভাইলে, বিষাদের আঁধার ঘনায়,
দেখাও তোমার বাতায়নে চির-আলো জর্বলছে কোথায়।
শ্বুক্ষ নির্বরের ধারে রই, পিপাসিত প্রাণ কাঁদে ওই—
অসীম প্রেমের উৎস কই, আমারে ত্রিত রেখাে নাকো।।
কে আমার আত্মীয় স্বজন— আজ আসে, কাল চলে যায়
চরাচর ঘ্রিছে কেবল, জগতের বিশ্রাম কোথায়,
সবাই আপনা নিয়ে রয়— কে কাহারে দিবে গো আশ্রয়।
সংসারের নিরাশ্রয় জনে তোমার রেহেতে, নাথ, ঢাকো।।

#### २००

হে মহাদঃখ, হে রুদ্র, হে ভয়ওকর, ওতে শধ্কর, হে প্রলয়ওকর। হোক জটানিঃস্ত অগ্নিভূজক্বম -দংশনে জর্জর স্থাবর জঙ্গম। ঘন ঘন ঝন ঝন ঝননন ঝননন পিনাক টওকরো॥

#### 508

সর্ব থব তারে দহে তব ক্রোধদাহ
হে তৈরব, শক্তি দাও, তস্ত-পানে চাহো।
দরে করো মহারুদ্র বাহা মৃদ্ধ, বাহা ক্র্যু--মৃত্যুরে করিবে তুক্ত প্রানের উৎসাহ।।
দ্বের মন্থনবৈগে উঠিবে অমৃত,
শঙ্কা হতে রক্ষা পাবে বারা মৃত্যুভীত।
তব দীপ্ত রোদ্র তেজে নিশ্বরিয়া গাঁলবে বে
প্রস্তরশৃশ্বলোন্যক্ত ত্যাগের প্রবাহ।

নয় এ মধ্র খেলা—
তোমায় আমায় সায়াজবিন সকাল-সন্ধাবেলা নয় এ মধ্র খেলা॥
কতবার যে নিবল বাতি, গর্জে এল বড়ের রাতি—
সংসারের এই দোলায় দিলে সংশরেরই ঠেলা॥
বারে বারে বাঁধ ভাঙিয়া বন্যা ছুটেছে।
দার্ণ দিনে দিকে দিকে কালা উঠেছে।
ওগো রয়, দ্বংখে স্থে এই কথাটি শ্রজল ব্কে—
তোমার প্রেমে আঘাত আছে, নাইকো অবহেলা॥

#### 206

জাগো হে রুদ্র, জাগো— স্থিজড়িত তিমিরজাল সহে না, সহে না গো।। এসো নিরুদ্ধ খারে, বিমৃক্ত করো তারে, তন্মনপ্রাণ ধনজনমান, হে মহাভিক্ষ্, মাগো॥

#### 209

পিনাকৈতে লাগে টঞ্কারবস্করার পঞ্চর এলে কম্পন জাগে শঞ্কার॥
আকাশেতে ঘোরে ঘ্রি স্ফির বাঁধ চ্রি,
বন্ধুতীষণ গর্জনেরব প্রলয়ের জয়তঞ্চার॥
ম্বর্গ উঠিছে ক্রিন, স্বর্গরিষদ বন্দী —
তিমিরগহন দ্বাসহ রাতে উঠে শ্র্থলবন্ধার।
দানবদ্ধ তিজা রুদ্র উঠিল গার্জ—
লাভত্ত ল্বিটল ধ্লায় অন্তেদী অহম্কার॥

### 40k

প্রাণে গান নাই, মিছে ভাই ফিরিন্ যে
বাঁশিতে সে গান খুঁছে।
প্রেমেরে বিদায় করে দেশান্তরে
বেলা যায় কারে প্রেছা।
বনে ভারে লাগাস আগন্ন, তবে ফাগনে কিসের তরে—ব্যা ভারে ভস্ম-'পরে মরিস যুঝে॥
ভরে, ভোর নিবিরে দিয়ে জরের বাতি
কী লাগি ফিরিস পথে দিবারাতি—
যে আলো শতধারার অশিভারার পড়ে করে
ভাহারে কে পায় ওরে নয়ন বুজে॥

ষা হারিয়ে যায় তা আগলে বসে রইব কত আর?
আর পারি নে রাত জাগতে, হে নাথ, ভাবতে অনিবার॥
আছি রাহি দিবস ধরে দুরার আমার বন্ধ করে,
আসতে যে চায় সন্দেহে তায় তাড়াই বারে বার॥
তাই তো কারো হয় না আসা আমার একা ঘরে।
আনন্দময় ভূবন তোমার বাইরে খেলা করে॥
তুমিও ব্বি৯পথ নাহি পাও, এসে এসে ফিরিয়া যাও—
রাখতে যা চাই রয় না তাও, ধ্লায় একাকার॥

#### ₹80

আনন্দ তুমি স্বামী, মঙ্গল তুমি,
তুমি হৈ মহাস্ক্র, জীবননাধ।।
শোকে দুখে তোমারি বাণী জাগরণ দিবে আনি,
নাশিবে দার্ণ অবসাদ।।
চিত মন অপিন্ তব পদপ্রাস্তে—
শুদ্র শাস্তিশতদল-প্রামধ্-পানে
চাহি আছে সেবক, তব স্দৃষ্টিপাতে
কবে হবে এ দুখরাত প্রভাত।।

### 285

ওরে ভীর্, তোমার হাতে নাই ভ্বনের ভার।
হালের কাছে মাঝি আছে, করবে তরী পার॥
তৃফান যদি এসে থাকে তোমার কিসের দার —
চেয়ে দেখো চেউরের খেলা, কাজ কী ভাবনায়?
আস্ক-নাকো গহন রাতি, হোক-না অন্ধকার
হালের কাছে মাঝি আছে, করবে তরী পার॥
পশ্চিমে তৃই তাকিয়ে দেখিস মেঘে আকাশ ডোবা,
আনন্দে তৃই প্রের দিকে দেখ্-না তারার শোভা।
সাথি যারা আছে তারা তোমার আপন বলে
ভাবো কি তাই রক্ষা পাবে তোমারি ওই কোলে?
উঠবে রে ঝড়, দ্লবে রে বৃক, জাগবে হাহাকার—
হালের কাছে মাঝি আছে, করবে তরী পার॥

## \$8\$

আ**লো যে যা**য় রে দেখা- -হদরের প্রে-গগনে সোনার রেখা॥ এবারে ঘ্রচল কি ভয়, এবারে হবে কি জয়?
আকাশে হল কি ক্ষয় কালীর লেখা ॥
কারে ওই যায় গো দেখা,
হৃদয়ের সাগরতীরে দাঁড়ায় একা।
ওরে তুই সকল ভূলে চেয়ে থাক্ নয়ন ভূলে—
নীরবে চরণম্লে মাথা ঠেকা॥

### 280

তোমার দ্বারে কেন আসি ভূলেই যে যাই, কতই কী চাই—

দিনের শেষে ঘরে এসে লন্ডা যে পাই ॥

সে-সব চাওরা সুখে দুখে ভেসে বেড়ায় কেবল মুখে,

গভীর বুকে

যে চাওয়াটি গোপন তাহার কথা যে নাই ॥

বাসনা সব বাধন ঘেন কু'ড়ির গায়ে—

ফেটে ষাবে, ঝরে যাবে দখিন-বায়ে।

একটি চাওয়া ভিতর হতে ফ্টবে ভোমার ভোর-আলোভে

প্রাণের স্লোতে—

অস্তরে সেই গভীর আশা বয়ে বেড়াই ॥

#### 885

তুমি জানো, ওগো অন্তর্যামী,
পথে পথেই মন ফিরালেম আমি॥
ভাবনা আমার বাঁধল নাকো বাসা,
কেবল তাদের স্রোভের 'পরেই ভাসা—
তব্ আমার মনে আছে আশা,
তোমার পারে ঠেকবে তারা স্বামী॥
টোনছিল কতই কামাহাসি,
বারে বারেই ছিম হল ফাঁসি।
শ্বায় সবাই হতভাগা বলে,
'মাথা কোথায় রাখবি সন্ধ্যা হলে।'
জানি জানি নামবে তোমার কোলে
আপনি ষেথায় পড়বে মাখা নামি॥

#### ₹84

তোমার দ্রার খোলার ধর্নি ওই গো বাজে হাদরমাঝে।। তোমার ঘরে নিশি-ভোরে আগল বদি গেল সরে আমার ঘরে রইব ভবে কিসের লাজে। অনেক বলা বলেছি, সে মিথ্যা বলা।
আনেক চলা চলেছি, সে মিথ্যা চলা।
আজ যেন সব পথের শেষে তোমার শ্বারে দাঁড়াই এসেভূলিয়ে যেন নেয় না মোরে আপন কাজে॥

### 289

य जारम काष्ट्र, य यात्र हत्न मृद्ध, আমার পাই বা কভু না পাই যে বন্ধরে, কভ এই কথাটি বাজে মনের সংরে--যেন তুমি আমার কাছে এসেছ।। মধ্র রসে ভরে জদয়খানি, কভু নিঠার বাজে প্রিয়ম্থের বাণী, কভ নিতা যেন এই কথাটি জানি-ত্ব তুমি ক্লেহের হাসি হেসেছ ৷৷ কড় স্থের কড় দ্থের দোলে ওগো. জীবন জাড়ে কত তৃফান তেলে. মোর চিত্ত আমার এই কথা না ভোলে -যেন তুমি আমায় ভালোবেসেছ। মরণ আসে নিশীথে গৃহদারে যবে পরিচিতের কোল হতে সে কাডে. য়বে জানি গো সেই অজানা পারাবারে যেন এক তরীতে তুমিও **ভেসেছ**॥

#### 289

হার-মানা হার পরাব তোমার গলে —
দ্রে রব কত আপন বলের ছলে॥
জানি আমি জানি ভেসে গাবে অভিমান
নিবিড় বাথায় ফাটিয়া পড়িবে প্রাণ,
শ্না হিয়ার বাশিতে বাজিবে গান,
পাষাণ তখন গালিবে নয়নজলে॥
শতদলদল খলে যাবে থরে থরে,
লকানো রবে না মধ্ চিবদিন তরে।
আকাশ জাডিয়া চাহিবে কাহার আখি,
ঘরের বাহিরে নীরবে লইবে ডাকি,
কিছুই সেদিন কিছুই রবে না বাকি —
পরম মরণ লভিব চরণতলে॥

# 48 F

আছে দ্বংখ, আছে মৃত্যু, বিরহদহন লাগে।
তব্ও শাস্তি, তব্ আনন্দ, তব্ অনস্ত জাগে॥
তব্ প্রাণ নিভাধারা, হাসে স্থা চন্দ্র ভারা,
বসস্ত নিকুঞ্জে আসে বিচিত্র রাগে॥
তরঙ্গ মিলারে বায় তরঙ্গ উঠে,
কুস্ম ঝরিয়া পড়ে কুস্ম ফ্টে।
নাহি ক্ষা, নাহি শেষ, নাহি নাহি দৈনিলেশ—
সেই প্রতির পায়ে মন স্থান মাগে॥

### 285

অন্তরে জাগিছ অন্তর্বামী।
তব্ সদা দ্রে শ্রমিতেছি আমি॥
সংসারস্থ করেছি বরণ,
তব্ তুমি মম জীবনস্বামী॥
না জানিয়া পথ শ্রমিতেছি পথে
আপন গরবে অসীম জগতে।
তব্ লেহনের জাগে ধ্বতারা,
তব শ্ভ আশিস আসিছে নামি॥

### 240

দীর্ঘ জীবনপথ, কত দ্বংখতাপ, কত শোকদহন—
গোরে চলি তব্ তাঁর কর্বার গান॥
খ্লে রেখেছেন তাঁর অম্তত্বনদার—
গ্রাভি ঘ্রিবে, অপ্রাছেবে, এ পথের হবে অবসান॥
অনভের পানে চাহি আনন্দের গান গাহি—
কর্ত শোকতাপ নাহি নাহি রে।
অনভ আলয় যার কিসের ভাবনা তার—
নিমেষের ভুচ্ছ ভারে হব না রে ছিয়ুমাণ॥

#### 363

আজি কোন্ধন হতে বিশ্বে আমারে
কোন্জনে করে বণিত,
তব চরণ-কমল-বতন-রেণ্কা
অন্তরে আছে সণিত॥
কভ নিঠার কঠোর দরশে ঘরষে মর্মামাঝারে শলা বরষে,
তব্ প্রাণ মন পীব্যপরশে পলে পলে প্লকাঞ্ডি॥

#### ब्रवीन्त्र-ब्रह्मावना

আজি কিসের পিপাসা মিটিল না ওগো প্রম প্রানব**ল্ল**ভ!

চিতে চিরস্থা **ক**রে সঞ্চার তব

সকর্ণ করপল্লব।

নাথ, যার যাহা আছে তার তাই থাক্, আমি থাকি চিরলাঞ্ছিডশুধ্ তুমি এ জীবনে নয়নে নয়নে থাকো থাকো চিরবাঞ্ছিত॥

### 262

কে যায় অমৃতধ্যমধান্ত্ৰী!
আজি এ গহন তিমিবরাতি,
কাঁপে নভ জয়গানে॥
আনন্দরব গ্রবণে লাগে, স্পু হদয় চমকি জাগে,
চাহি দেখে পথপানে॥
ওগো রহো রহো, মোরে ডাকি লহো, কহো আশ্বাসবাণী।
যাব অহরহ সংথে সাথে
স্থে দ্থে শোকে দিবসে রাতে
অপরাচ্চিত প্রাণে॥

#### 240

চোথের আলোয় দেখেছিলেম চোথের বাহিরে।
অন্তরে আজ দেখব, যথন আলোক নাহি রে॥
ধরায় যখন দাও না ধরা হনয় তখন তোমায় ভরা,
এখন তোমার আপন আলোয় তোমায় চাহি রে॥
তোমায় নিয়ে খেলোছিলেম খেলার ঘরেতে।
খেলার পাতুল ভেঙে গেছে প্রলয়ঝড়েতে।
থাক্ তবে সেই কেবল খেলা, হোক-না এখন প্রাণের মেলা—
তারের বীণা ভাঙল, হদয়-বাণায় গাহি রে॥

#### 248

এবার নীরব করে দাও হে তোমার ম্থর কবিরে।
তার হৃদরবাশি আপনি কেড়ে বাজাও গভীরে॥
নিশীথরাতের নিবিড় স্বে বাশিতে তান দাও হে প্রে,
যে তান দিয়ে অবাক্ কর গ্রহশশীরে॥
যা-কিছ্ মোর ছড়িয়ে আছে জীবন-মরণে
গানের টানে মিলুক এসে তোমার চরণে।
বহুদিনের বাকারাশি এক নিমেষে যাবে ভাসি—
একলা বসে শ্নেব বাশি অক্ল তিমিরে॥

একমনে ভারে একতারাতে একটি যে তার সেইটি বাজ্ঞা—
ফ্লেবনে তোর একটি কুস্মে, তাই নিয়ে তোর ভালি সাজা।
বেখানে তোর সীমা সেথার আনন্দে তুই থামিস এসে,
বে কড়ি তোর প্রভুর দেওয়া সেই কড়ি তুই নিস রে হেসে।
লোকের কথা নিস নে কানে, ফিরিস নে আর হাজার টানে,
বেন রে তোর হুদয় জানে হুদয়ে তোর আছেন রাজা—
একতারাতে একটি যে তার আপন-মনে সেইটি বাজা॥

## 266

গভীর রজনী নামিল হদরে, আর কোলাহল নাই।
রহি রহি শৃধ্ সৃদ্র সিক্র ধর্নি শ্নিবারে পাই॥
সকল বাসনা চিত্তে এল ফিরে, নিবিড় আধার ঘনলো বাহিরে—
প্রদীপ একটি নিড়ত অন্তরে জর্বিতেছে এক ঠাই॥
অসীম মহলে মিলিল মাধ্রী, খেলা হল সমাধান।
চপল চণ্ডল লহরীলীলা পারাবারে অবসান।
নীরব মন্দে হদরমাঝে শান্তি শান্তি বাজে,
অর্পকান্তি নির্মি অন্তরে মুদিতলোচনে চাই॥

### 269

ভূবন হইতে ভূবনবাসী এসো আপন হদরে। হদরমাঝে হদরনাথ আছে নিত্য সাথ সাথ— কোথা ফিরিছ দিবারাত, হেরো তাঁহারে অভরে॥ হেথা চির-আনন্দধাম, হেখা ব্যক্তিছে অভর নাম, হেথা প্রিবে সকল কাম নিভূত অম্ত-আলয়ে॥

# 44V

জীবন বখন ছিল ফ্লের মতো
পাপড়ি তাহার ছিল শত শত॥
বসতে সে হত বখন দাতা
করিরে দিত দ্-চারটি তার পাতা,
তব্ যে তার বাকি রইত কত॥
আজ ব্বি তার ফল ধরেছে, তাই
হাতে তাহার অধিক কিছ্ নাই।
হেমস্তে তার সমর হল এবে
প্র্ণ করে আপনাকে সে দেবে,
রসের ভারে তাই সে অবনত॥

বাধা দিলে বাধবে লড়াই, মরতে হবে।
পথ জুড়ে কি করবি বড়াই, সরতে হবে॥
লুঠ-করা ধন করে জড়ো কে হতে চাস সবার বড়ো—
এক নিমেষে পথের ধুলার পড়তে হবে।
নাড়া দিতে গিয়ে তোমায় নড়তে হবে॥
নিচে বসে আছিস কে রে, কাঁদিস কেন?
লক্ষাভোরে আপনাকে রে বাঁধিস কেন?
ধনী ষে তুই দুঃথধনে সেই কথাটি রাখিস মনে—
ধুলার 'পরে স্বর্গ তোমায় গড়তে হবে—
বিনা অস্ত্র, বিনা সহায়্য, লড়তে হবে॥

#### 260

তুই কেবল থাকিস সরে সরে,
তাই পাস নে কিছুই হৃদয় ভরে॥
আনন্দভা ভারের থেকে দৃত যে তোরে গেল ভেকে-কোণে বসে দিস নে সাড়া, সব খোওয়ালি এমনি করে॥
জীবনটাকে তোল্ জাগিয়ে,
মাঝে সবার আয় আগিয়ে।
চলিস নে পথ মেপে মেপে, আপনাকে দে নিখিল ব্যেপে-যে কটা দিন বাকি আছে কাটাস নে আর ঘ্মের ঘোরে॥

#### 265

দাঁড়াও মন, অনন্ত ব্রহ্মাণ্ড-মাঝে আনন্দসভাভবনে আজ। বিপ্লমহিমাময়, গগনে মহাসনে বিরাজ করে বিশ্বরাজ।। সিন্ধ শৈল তটিনী মহারণা জলধরমালা তপন চন্দ্র তারা গভীর মন্দ্রে গাহিছে শ্ন গান। এই বিশ্বমহোংসব দেখি মগন হল স্থে কবিচিত, ভূলি গেল সব কাজ।।

#### २७२

নদীপারের এই আষাঢ়ের প্রভাতথানি নের ও মন, নেরে আপন প্রাণে টানি॥ সব্জ-নীলে সোনায় মিলে যে স্থা এই ছড়িয়ে দিলে, জাগিয়ে দিলে আকাশতলে গভীর বাণী, নেরে ও মন, নেরে আপন প্রাণে টানি॥ এমনি করে চলতে পথে ভবের ক্লে
দুই ধারে যা ফুল ফুটে সব নিস রে তুলে।
সে ফুলগ্রিল চেতনাতে গে'থে তুলিস দিবস-রাতে,
দিনে দিনে আলোর মালা ভাগ্য মানি—
নে রে ও মন, নে রে আপন প্রাণে টানি॥

### २७०

শান্ত হ রে মম চিন্ত নিরাকুল, শান্ত হ রে ওরে দীন!

হেরো চিদম্বরে মঞ্চলে স্থানরে সর্বচরাচর লীন॥
শা্ন রে নিখিলজদর্মানসান্তিত শা্নাতলে উপলে জয়সঙ্গীত,
হেরো বিশ্ব চিরপ্রাণতরিঙ্গত নিশ্বত নিতানবীন॥
নাহি বিনাশ বিকার বিশোচন, নাহি দৃঃখ স্থ তাপ—
নির্মাল নিম্কল নিভার অক্ষর, নাহি জরা জরুর পাপ।
চির আনন্দ, বিরাম চিরন্তন, প্রেম নিরম্বর, জ্যোতি নিরপ্রন—
শান্তি নিরাময়, কান্তি স্বন্দন,
সান্তন অন্তবিহান॥

### 268

শ্ভ নব শংখ তব গগন ভরি বাজে,
ধর্নিল শ্ভ জাগরণগাঁত।
অর্ণরাচি আসনে চরণ তব রাজে,
মম হদয়কমল বিকশিত।
গ্রহণ কর তাবে তিমিরপরপারে,
বিমলতর প্ণাকরপরশা-হরষিত।

#### २७६

প্রবিগনভাগে
দীপ্ত হইল স্প্রভাত
তর্ণার্ণরাগে।
শ্রু শ্রু মাহাতি আজি সাথকি কর রে,
অমাতে ভর রে-অমিতপ্ণাভাগী কে
জাগে কে জাগে॥

#### 266

মন, জাগ মঙ্গলোকে অমল অমৃত্যয় নব আলোকে জ্যোতিবিভাসিত চোখে॥

হের গগন ভরি জাগে স্কুদর, জাগে তরকে জীবনসাগর-নির্মাল প্রাতে বিশ্বের সাথে জাগ অভয় অশোকে॥

## २७१

ভোরের বেলা কখন এসে পরশ করে গেছ হেসে।
আমার ঘ্মের দ্বার ঠেলে কে সেই খবর দিল মেলে—
জেগে দেখি, আমার আঁখি আঁখির জলে গেছে ভেসে।
মনে হল, আকাশ ষেন কইল কথা কানে কানে।
মনে হল, সকল দেহ পূর্ণ হল গানে গানে।
হদর যেন শিশিরনত ফুটল প্জার ফুলের মতো—
জীবননদী ক্ল ছাপিয়ে ছড়িয়ে গেল অসীমদেশে।

#### 208

এখনো ঘোর ভাঙে না ভোর যে, মেলে না ভোর আঁথি
কাঁটার বনে ফর্ল ফ্টেছে রে জানিস নে তুই তা কি?
ওরে অলস, জানিস নে তুই তা কি?
জাগো এবার জাগো, বেলা কাটাস না গো॥
কঠিন পথের শেষে কোথায় অগম বিজন দেশে
ও সেই বন্ধু আমার একলা আছে গো, দিস্ নে তারে ফাঁকি॥
প্রথর রবির তাপে নাহয় শৃষ্ক গগন কাঁপে,
নাহয় দম্ম বাল্ তপ্ত আঁচলে দিক চারি দিক ঢাকি
পিপাসাতে দিক চারি দিক ঢাকি।
মনের মাঝে চাহি দেখ্রে আনন্দ কি নাহি।
পথে পায়ে পায়ে দ্বের বাঁশার বাজবে তোরে ডাকি
মধ্র স্বের বাজবে তোরে ডাকি॥

#### 262

আজি নির্ভাষনিদ্রত ভূবনে জাগে, কে জাগে?
ঘন সৌরভমন্থর পবনে জাগে, কে জাগে।
কত নীরব বিহঙ্গকুলায়ে
মোহন অঙ্গনি ব্লায়ে— জাগে, কে জাগে?
কত অঙ্ফন্ট প্রেপর গোপনে জাগে, কে জাগে?
এই অপার অন্বরপাথারে
স্তান্ত গন্তীর আঁধারে— জাগে, কে জাগে?
মম গভীর অন্তরবেদনে জাগে, কে জাগে।

ভোর হল বিভাবরী, পথ হল অবসান—
শন ওই লোকে লোকে উঠে আলোকেরই গান ॥
ধনা হলি ওরে পাম্ধ রক্ষনীজাগরকান্ত,
ধনা হল মরি মরি ধ্লায় ধ্সর প্রাণ॥
বনের কোলের কাছে সমীরণ জাগিয়াছে,
মধ্যিভক্ষ্ সারে সারে আগত কুঞ্জের ঘারে।
হল তব যাতা সারা, মোছো মোছো অশ্বাধারা
লক্ষা ভর গেল করি, ঘুচিল রে অভিমান॥

# 295

নিশার দ্বপন ছাটল রে এই ছাটল রে, টাটল বাঁধন টাটল রে ॥
রইল না আর আড়াল প্রাণে, বেরিরে এলেম জগং-পানে—
হদরশতদলের সকল দলগালি এই ফাটল রে এই ফাটল রে ॥
দায়ার আমার ভেঙে শেষে দাঁড়ালে ষেই আপনি এসে
নয়নজলে ভেসে হদর চরণতলে লাটল রে।
আকাশ হতে প্রভাত-আলো আমার পানে হাত বাড়ালো,
ভাঙা কারার দ্বারে আমার জয়ধানি উঠল রে ॥ই উঠল রে ॥

# २१२

অনেক দিনের শ্নাতা মোর ভরতে হবে—
মৌনবীণার তল্য আমার জাগাও স্থারবে॥
বসন্তসমীরে তোমার ফ্ল-ফ্টানো বাণী
দিক পরানে আনি—
ডাকো তোমার নিখিল-উংসবে॥
মিলনশতদলে
তোমার প্রেমের অর্প ম্তি দেখাও ভ্বনতলে।
সবার সাথে মিলাও আমার, ভূলাও অহম্কার,
খ্লাও র্ক্ষার—
প্র করো প্রণতিগৌরবে॥

## 290

হে চিরন্তন, আজি এ দিনের প্রথম গানে জীবন আমার উঠ্ক বিকাশি তোমার পানে!! তোমার বাণীতে সীমাহীন আশা, চিরদিবসের প্রাণমরী ভাষা— ক্ষয়হীন ধন ভরি দের মন তোমার হাতের দানে॥ এ শ্ভলগনে জাগ্ক গগনে অম্তবায়, আন্ক জীবনে নবজনমের অমল আয়,। জীর্ণ যা-কিছ্, যাহা-কিছ্ ক্ষীণ নবীনের মাঝে হোক তা বিলীন— ধ্রের যাক ষত প্রোনো মলিন নব-আলোকের স্নানে।

### 298

প্রাণের প্রাণ জাগিছে তোমারি প্রাণে, অলস রে, ওরে, জাগো জাগো॥ শোনো রে চিত্তভবনে অনাদি শৃংখ বাজিছে -অলস রে, ওরে, জাগো জাগো॥

### 296

জাগো নির্মাল নৈতে রাতির পরপারে,
জাগো অন্তরক্ষেতে মুক্তির অধিকারে।।
জাগো ভক্তির তীথে প্জাপ্পেনর ঘাণে,
জাগো উন্মুখচিত্তে, জাগো অন্লানপ্রাণে,
জাগো নন্দনন্তে সুধাসিম্বর ধারে,
জাগো স্বার্থের প্রান্তে প্রেম্মন্দিরম্বারে।।
জাগো উল্জ্বল প্রণা, জাগো নিশ্চল আশে,
জাগো নির্জাধামে, জাগো সংগ্রামসাজে,
জাগো নির্জাধামে, জাগো সংগ্রামসাজে,
জাগো রক্ষের নামে, জাগো কল্যাণকাজে,
জাগো দ্বর্গমযাতী দ্বংবের অভিসারে,
জাগো স্বার্থের প্রান্তে প্রেম্মন্দিরম্বারে।।

### २१७

স্বপন যদি ভাঙিলে রজনীপ্রভাতে পূর্ণ করো হিয়া মঙ্গলিকরণে॥ রাখো মোরে তব কান্ডে, নবীন করো এ জীবন হে॥ খুলি মোর গৃহদার ভাকো তোমারি ভবনে হে॥

#### 299

বাজাও তুমি কবি, তোমার সঙ্গীত স্মধ্র গভীরতর তানে প্রাণে মম, দুব জীবন ঝারবে ঝর ঝর নিঝার তব পায়ে॥ বিসরিব সব স্থ-দৃখ, চিন্তা, অতৃপ্ত বাসনা— বিচরিবে বিমৃক্ত হৃদয় বিপ্ল বিশ্ব-মাঝে অনুখন আনন্দবায়ে॥

## 298

মনোমোহন, গহন যামিনীশেষে
দিলে আমারে জাগায়ে॥
মেলি দিলে শ্ভপ্রাতে স্পু এ খুর্নিখ
শ্ভ আলোক লাগায়ে॥
মিথ্যা স্বপনরাজি কোথা মিলাইল,
আধার গেল মিলায়ে।
শাভিসরসী-মাঝে চিত্তকমল
ফুর্টিল আনন্দবায়ে॥

### 295

পান্ধ, এখনো কেন অর্লাসত অক্স—
হেরো, পুংপবনে জাগে বিহক।
গগন মগন নন্দন-আলোক-উল্লাসে,
লোকে লোকে উঠে প্রাণতরক্ষ।
রুদ্ধ হদরকক্ষে তিমিরে
কেন আত্মসুখদ্বঃখে শ্যান—
ভাগো ভাগো, চলো মহলপথে,
যাতীদলে মিলি লহো বিশ্বের সক্ষ॥

### SRO

দঃখরাতে, হে নাথ, কে ডাকিলে—
ফাগি হেরিন্ তব প্রেমম্খছবি।
হেরিন্ উষালোকে বিশ্ব তব কোলে,
ফাগে তব নয়নে প্রাতে শুদ্র রবি।
শ্নিন্ বনে উপবনে আনন্দগাথা,
আশা হৃদয়ে বহি নিতা গাহে কৰি॥

### 242

ডাকো মোরে আজি এ নিশীথে নিদ্রামগন ধবে বিশ্বজগত, হদরে আসিয়ে নীরবে ডাকো হে তোমারি অমৃতে॥ জনালো তব দীপ এ অস্তরতিমিরে, বার বার ডাকো মম অচেত চিতে॥

### २४२

হরষে জাগো আজি, জাগো রে তাঁহার সাথে, প্রীতিষোগে তাঁর সাথে একাকী ॥ গশ্বনে গগনে হেরো দিবা নয়নে কোন্ মহাপ্রেষ জাগে মহাবোগাসনে— নিখিল কালে জড়ে জীবে জগতে দেহে প্রাণে হদরে॥

#### 280

বিমল আনন্দে জাগো রে। মগন হও সংধাসাগরে॥ হুদুর-উদ্রাচলে দেখো রে চাহি প্রথম প্রম জ্যোতিরাগ রে॥

# **SA8**

সবে আনন্দ করে। প্রিরতম নাথে লরে বতনে হদরধামে।। সঙ্গীতধর্নন জাগাও জগতে প্রভাতে, স্তব্ধ গগন পূর্ণ করে। ব্রহ্মনামে॥

#### 2 R G

তুমি আপনি জাগাও মোরে তব স্থাপরশে— হদরনাথ, তিমিবরজনী-অবসানে হেরি তোমারে। ধীরে ধীরে বিকাশো হদরগগনে বিমল তব মুখভাতি॥

#### 280

ন্তন প্রাণ দাও, প্রাণসখা, আজি স্প্রভাতে ॥ বিষাদ সব করো দ্র নবীন আনন্দে, প্রাচীন রজনী নাশো ন্তন উযালোকে॥

শোনো তাঁর স্থাবাণী শ্ভম্হ্তে শান্তপ্রাণে—
ছাড়ো ছাড়ো কোলাহল, ছাড়ো রে আপন কথা॥
আকাশে দিবানিশি উথলে সঙ্গীতধন্নি তাঁহার,
কে শ্নে সে মধ্বীণারব—
অধীর বিশ্ব শ্নাপথে হল বাহির॥

### SAA

নিশিদিন চাহো রে তাঁর পানে। বিকশিবে প্রাণ তাঁর গ্ণগানে॥ হেরো রে অন্তরে সে মৃথ স্কার, ভোলো দ্বংখ তাঁর প্রেমমধ্পানে॥

### 247

ওঠো ওঠো রে— বিফলে প্রভাত বহে যায় যে।
মেলো আমি, জাগো জাগো, থেকো না রে অচেতন।
সকলেই তাঁর কাজে ধাইল জগতমাঝে,
জাগিল প্রভাতবার, ভান্ ধাইল আকাশপথে॥
একে একে নাম ধরে ডাকিছেন ব্বি প্রভূ—
একে একে ফ্লগ্লি তাই ফ্টিয়া উঠিছে বনে।
শ্ন সে আহ্বানবাণী, চাহো সেই ম্খপানে—
তাঁহার আশিস লয়ে
চলো রে যাই সবে তাঁর কাজে॥

#### **\$**30

ওদের কথার ধাঁদা লাগে, তোমার কথা আমি ব্রি।
তোমার আকাশ তোমার বাতাস এই তো সবই সোজাস্তি।
হদরকুস্ম আপনি ফোটে, জীবন আমার ভরে ওঠে—
দ্রার খলে চেরে দেখি হাতের কাছে সকল পর্লি।।
সকাল সাঁজে স্র যে বাজে ভুবন-জোড়া তোমার নাটে,
আলোর জোরার বেরে তোমার ভরী আসে আমার ঘাটে।
শ্নেব কী আর ব্রুব কী বা, এই তো দেখি রাহিদিবা
ঘরেই তোমার আনাগোনা—
পথে কি আর তোমার খলি।।

জানি নাই গো সাধন তোমার বলে কারে।
আমি ধ্লায় বসে থেলেছি এই
তোমার দ্বারে॥
অবাধ আমি ছিলেম বলে যেমন খ্লি এলেম চলে,
ভয় করি নি তোমার আমি অন্ধকারে॥
তোমার জ্ঞানী আমার বলে কঠিন তিরস্কারে,
'পঞ্চ দিয়ে তুই আসিস নি ষে, ফিরে যা রে।'
ফেরার পল্থা বন্ধ করে আপনি বাঁধো বাহুর ডোরে,
ভরা আমায় মিথ্যা ডাকে বারে বারে॥

#### 225

আমার ভুলতে দিতে নাইকো তোমার ভর।
আমার ভোলার আছে অন্ত, তোমার প্রেমের তো নাই কর॥
দ্বে গিয়ে বাড়াই বে ঘ্র, সে দ্র শৃধ্ আমারি দ্র —
তোমার কাছে দ্র কড় দ্র নয়॥
আমার প্রাণের কুণিড় পাপাড় নাহি খোলে,
তোমার বসন্তবায় নাই কি গো তাই বলে!
এই খেলাতে আমার সনে হার মানো যে ক্ষণে ক্ষণে—
হারের মাঝে আছে তোমার জয়॥

### 520

আমার সকল কাঁটা ধন্য করে ফ্টেবে গো ফ্ল ফ্টেবে।
আমার সকল বাথা রঙিন হয়ে গোলাপ হয়ে উঠবে।
আমার অনেক দিনের আকাশ-চাওয়া আসবে ছুটে দখিন-হাওয়া,
হদয় আমার আকুল করে স্গদ্ধন লুটবে॥
আমার লঙ্জা যাবে ধখন পাব দেবার মতো ধন,
যথন রাপ ধরিয়ে বিকশিবে প্রাণের আরাধন।
আমার বন্ধ্র যথন রাতিশেষে পরশ তারে করবে এসে,
ফুরিয়ে গিয়ে দলগুলি সব চরণে তার লুটবে॥

## \$28

তাই তোমার আনন্দ আমার 'পর
তুমি তাই এসেছ নিচে—
আমায় নইলে, চিভুবনেশ্বর,
তোমার প্রেম হত যে মিছে॥

আমার নিরে মেলেছ এই মেলা,
আমার হিরার চলছে রসের খেলা,
মার জীবনে বিচিত্ররূপ খরে
তোমার ইচ্ছা তরক্তিছে।
তাই তো তুমি রাজার রাজা হয়ে
তব্ব আমার হৃদর লাগি
ফিরছ কত মনোহরণ বেশে,
প্রস্তু, নিতা আছ জাগি।
তাই তো, প্রস্তু, ষেখার এল নেরুম
তোমারি প্রেম ভক্তপ্রাণের প্রেমে
ম্তি তোমার যুগলসন্মিলনে সেখার পূর্ণ প্রকাশিছে।

# 226

তব সিংহাসনের আসন হতে এলে তুমি নেমে—
মোর বিজন ঘরের দ্বারের কাছে দাঁড়ালে, নাথ, থেমে॥
একলা বসে আপন-মনে গাইতেছিলেম গান:
তোমার কানে গেল সে স্বুর, এলে তুমি নেমে—
মোর বিজন ঘরের দ্বারের কাছে দাঁড়ালে, নাথ, থেমে॥
তোমার সভার কত যে গান, কতই আছে গ্লী—
গ্ণহীনের গানখানি আজ বাজল তোমার প্রেমে!
লাগল সকল তানের মাঝে একটি কর্ল স্বুর,
হাতে লয়ে বরণমালা এলে তুমি নেমে—
মোর বিজন ঘরের দ্বারের কাছে দাঁড়ালে, নাথ, থেমে॥

## 226

জীবনে যত প্জা হল না সারা
ভানি হৈ জানি তাও হর নি হার।॥
যে ফ্ল না ফ্টিতে ঝরেছে ধরণীতে
যে নদী মর্পথে হারালো ধারা
ভানি হে জানি তাও হর নি হারা॥
ভীবনে আজো যাহা রয়েছে পিছে
জানি হে জানি তাও হর নি মিছে।
আমার অনাগত আমার অনাহত
ভোমার বীণাভারে বাজিছে ভারা—
ভানি হে জানি তাও হর নি হারা॥

জানি জানি কোন আদি কাল হতে ভাসালে আমারে জীবনের স্লোতে— সহসা, হে প্রিয়, কত গ্রহে পথে বেখে গেছ পাণে কত হর্ষন।। কতবার তুমি মেঘের আড়ালে এমনি মধ্র হাসিয়া দাঁড়ালে, ञत्रुशिकत्रां हत्र वाष्ट्रात्न, ললাটে রাখিলে শুভ পরশন।। স্থিত হয়ে আছে এই চোখে কত কালে কালে কত লোকে লোকে কত নব নব আলোকে আলোকে অরূপের কত রূপদর্শন। কত যুগে যুগে কেহ নাহি জানে ভরিয়া ভরিয়া উঠেছে পরানে কত সূথে দূথে কত প্রেমে গানে অমতের কত রসবর্ষন॥

### 324

তুমি যে আমারে চাও আমি সে জানি।
কেন যে মােরে কাঁদাও আমি সে জানি।
এ আলােকে এ আঁধারে কেন তুমি আপনারে
ছায়াখানি দিয়ে ছাও আমি সে জানি।
সারাদিন নানা কাজে কেন তুমি নানা সাজে
কত সরে ডাক দাও আমি সে জানি।
সারা হলে দেয়া-নেয়া দিনান্ডের শেষ থেয়া
কোন দিক -পানে বাও আমি সে জানি।

#### 222

জানি হে যবে প্রভাত হবে তোমার কুপা-তরণী
লইবে মোরে ভবসাগর-কিনারে।
করি না ভর, তোমারি জয় গাহিয়া যাব চলিয়া,
দাঁড়াব আসি তব অম্তদ্রারে॥
জানি হে ভূমি বুগে যুগে ভোমার বাহু ঘেরিয়া
রেখেছ মোরে তব অসমি ভূবনে—
জনম মোরে দিয়েছ ভূমি আলোক হতে আলোকে,
জীবন হতে নিয়েছ নব জীবনে।

জানি হে নাথ, প্রাপাপে হদর মোর সতত
শরান আছে তব নরনসমূথে।
আমার হাতে তোমার হাত রয়েছে দিনরজনী,
সকল পথে-বিপথে স্থে-অস্থে।
জানি হে জানি, জীবন মম বিফল কভূ হবে না.
দিবে না ফেলি বিনাশভরপাথারে—
এমন দিন আসিবে যবে কর্ণাভরে আপনি
ফুলের মত তুলিয়া লবে তাহারে॥

#### 200

নিভৃত প্রাণের দেবতা বেখানে জাগেন একা,
ভক্ত, সেথায় খোলো দ্বার— আজ লব তাঁর দেখা॥
সারাদিন শুখু বাহিরে ঘুরে ঘুরে কারে চাহি রে,
সন্ধাবেলার আরতি হয় নি আমার শেখা॥
তব জীবনের আলোতে জীবনপ্রদীপ জ্বালি
হে প্জারি, আজ নিভৃতে সাজাব আমার থালি।
যেথা নিখিলের সাধনা প্জালোক করে রচনা
সেথায় আমিও ধরিব একটি জ্যোতির রেখা॥

#### 005

ভক্ত করিছে প্রভুর চরণে জীবনসমর্পণওরে দীন, তুই জোড়কর করি কর্ তাহা দরশন॥
মিলনের ধারা পড়িতেছে ঝরি, বহিয়া যেতেছে অমৃতলহরী,
ভূতলে মাথাটি রাখিয়া লহো রে শ্ভাশিস্-বরিষন॥
ওই-যে আলোক পড়েছে তাহার উদার ললাটদেশে,
সেধা হতে তারি একটি রশ্মি পড়াক মাথায় এসে।
চারি দিকে তার শান্তিসাগর ভির হয়ে আছে ভরি চরাচর—
ক্ষণকাল-তরে দাঁড়াও রে তীরে, শান্ত করো রে মন॥

#### 905

এসেছে সকলে কত আশে দেখো চেরে—
হে প্রাণেশ, ডাকে সবে ওই তোমারে॥
এসো হে মাঝে এসো, কাছে এসো,
তোমার ঘিরিব চারি ধারে॥
উৎসবে মাডিব হে তোমার শরে,
ভূবিব আনন্দ-পারাবারে॥

ধর্নিল আহ্বান মধ্র গঙীর প্রভাত-অন্বর-মাঝে.
দিকে দিগন্তরে ভুবনমন্দিরে শান্তিসঙ্গীত বাজে॥
হেরো গো অন্তরে অর্পস্নদরে, নিখিল সংসারে পরমবদ্ধের,
এসো আনন্দিত মিলন-অঙ্গনে শোভন মঙ্গল সাজে॥
কল্ম কলম্ম বিরোধ বিশ্বেষ হউক নির্মল, হউক নিঃশেষ—
চিত্তে হোক যত বিঘা অপ্গত নিত্য কল্যাণকাজে।
স্বর তর্জিয়া গাও বিহঙ্গম, প্রপশ্চমবন্ধ্সম—
মৈন্তীবন্ধনপ্রামন্তপবির বিশ্বসমাজে॥

#### 908

কী গাব আমি, কী শ্নাব, আজি আনন্দধামে।
প্রবাসী জনে এনেছি ডেকে তোমার অম্তনামে॥
কেমনে বর্ণিব তোমার রচনা, কেমনে রটিব তোমার কর্ণা,
কেমনে গলাব হদর প্রাণ তোমার মধ্র প্রেমে॥
তব নাম লয়ে চন্দ্র তারা অসীম শ্নো ধাইছে—
রবি হতে গ্রহে ঝরিছে প্রেম, গ্রহ হতে গ্রহে ছাইছে।
অসীম আকাশ নীলশতদল তোমার কিরণে সদা চলচল,
তোমার অম্তসাগর-মাঝারে ভাসিছে অবিরামে॥

#### 204

সফল করো হে প্রভূ আজি সভা, এ রক্ষনী হোক মহোৎসবা।।
বাহির অন্তর ভূবনচরাচর মঙ্গলডোরে বাঁধি এক করো-শৃহক হদর করো প্রেমে সরসতর, শ্না নরনে আনো পুণাপ্রভা।।
অভয়দ্বার তব করো হে অবারিত, অমৃত-উৎস তব করো উৎসারিত,
গগনে গগনে করো প্রসারিত অতিবিচিত্র তব নিত্যশোভা।
সব ভকতে তব আনো এ পরিষদে, বিমৃথ চিত্ত যত করো নত তব পদে,
রাজ-অধীশ্বর, তব চিরসম্পদে সব সম্পদ করো হতগরবা॥

#### 203

হৃদিমন্দিরদ্বারে বাজে স্মাক্ষল শংখ। শত মঙ্গলশিখা করে ভবন আলো, উঠে নির্মাল ফলেগন্ধ॥

ওই পোহাইল তিমিররাতি।
পূর্বগগনে দেখা দিল নব প্রভাতছটা,
জীবনে-ধৌবনে হৃদয়ে-বাহিরে
প্রকাশিল অতি অপর্শ মধ্র ভাতি॥
কে পাঠালে এ শ্ভদিন নিদ্রা-মাঝে,
মহা মহোস্লাসে জাগাইলে চরাচর,
স্মঙ্গল আশীর্বাদ বর্রাবলে
করি প্রচার স্থবারতা—
ভূমি চির সাথের সাথি॥

#### 40 F

আজি বহিছে বসন্তপবন স্মুদ্দ তোমারি স্বান্ধ হৈ।

কত আকুল প্রাণ আজি গাহিছে গান, চাহে তোমারি পানে আনন্দে হৈ॥

জবল তোমার আলোক দ্বালোকভূলোকে গগন-উংসবপ্রান্ধণে—

চিরভ্রোতি পাইছে চন্দ্র তারা, আখি পাইছে অন্ধ হে॥

তব মধ্রম্খভাতিবিহসিত প্রেমবিকশিত অন্তরে—

কত ভকত ডাকিছে, 'নাথ, বাচি দিবসরজনী তব সঙ্গ হে।'

উঠে সজনে প্রান্ধরে লোকলোকান্তরে যশোগাথা কত ছন্দে হে—

তই ভবশরণ, প্রভু, অভয় পদ তব স্বর্মানব ম্বনি বন্দে হে॥

#### 003

আনন্দগান উঠ্ক তবে বাহ্নি এবার আমার ব্যথার বাশিতে। অশ্রহ্ণলের ঢেউয়ের 'পরে আজি পারের তরী থাকুক ভাসিতে॥ যাবার হাওয়া ওই-যে উঠেছে, ওগো, ওই-ষে উঠেছে, সারারাত্রি চক্ষে আমার ঘুম যে ছুটেছে। হদর আমার উঠছে দলে দলে অক্ল জলের অটুহাসিতে---কে গো তুমি দাও দেখি তান তুলে এবার আমার বাধার বাঁশিতে।**।** হে অজানা, অজানা স্র নব বাজাও আমার ব্যথার বাশিতে, হঠাৎ এবার উজান হাওয়ায় তব পারের তরী থাক্-না ভাসিতে। কোনো কালে হয় নি বারে দেখা, ওগো. তারি বিরহে এমন করে ডাক দিরেছে-- ঘরে কে রহে!

বাসার আশা গিয়েছে মোর ঘুরে, ঝাঁপ দিয়েছি আকাশরাশিতে। পাগল, তোমার স্থিছাড়া স্বুরে তান দিয়ো মোর ব্যথার বাঁশিতে॥

# 950

এ দিন আজি কোন্ ঘরে গো খুলে দিল ছার?
আজি প্লাতে স্ব' ওঠা সফল হল করে।
কাহার অভিযেকের তরে সোনার ঘটে আলোক ভরে.
উষা কাহার আশিস বহি হল আধার পার।
বনে বনে ফুল ফুটেছে, দোলে নবীন পাতা—
কার হদরের মাঝে হল তাদের মালা গাঁথা?
বহু যুগের উপহারে বরণ করি নিল কারে,
কার জীবনে প্রভাত আজি ঘুচার অক্কার।

### 022

ওই অমল হাতে রজনী প্রাতে আপনি জনলো

এই তো আলো— এই তো আলো॥

এই তো প্রভাত, এই তো আকাশ, এই তো প্রভার প্রপবিকাশ,

এই তো বিমল, এই তো মধ্র, এই তো ভালো—

এই তো আলো— এই তো আলো॥

আধার মেঘের বক্ষে জেগে আপনি জনলো

এই তো আলো— এই তো আলো।

এই তো অঞ্চা তড়িং-জনলা, এই তো দ্বের অগ্নিমালা,

এই তো মালি— এই তো লালো—

এই তো মালো— এই তো জালো॥

## 560

তার অন্ত নাই গো যে আনন্দে গড়া আমার অক্স।

তার অন্-পরমান্ পেল কত আলোর সক্স,

ও তার অন্ত নাই গো নাই।

তারে মোহনমন্ত দিয়ে গেছে কত ফ্লের গন্ধ,

তারে দোলা দিয়ে দ্বলিয়ে গেছে কত ঢেউরের ছন্দ,

ও তার অন্ত নাই গো নাই।

আছে কত স্বের সোহাগ যে তার স্তরে স্তরে লাম,

সে যে কত রঙের রসধারায় কতই হল মাা,

ও তার অন্ত নাই গো নাই।

কত শ্কতারা বে স্বল্পে তাহার রেখে গেছে স্পর্ল,
কত বসন্ত বে তেলেছে তার অকারণের হর্ব,
ও তার অন্ত নাই গো নাই।
সে বে প্রাণ পেরেছে পান করে ব্যা-ব্যান্ডরের শুনা—
ভূবন কত তথিজিলের ধারার করেছে তায় ধনা,
ও তার অন্ত নাই গো নাই।
সাসনী মোর, আমারে সে দিরেছে বরমালা।
আমি ধনা, সে মোর অঙ্গনে বে কত প্রদীপ জন্মলল—
ও তার অন্ত নাই গো নাই॥ °

#### 020

আনন্দ ওই এল ছারে এল এল এল গো। ওগো পরেবাসী! তোমার আঁচলখানি ধ্ৰায় পেতে আভিনাতে মেলো গো॥ বৃকের সেচন কোরো গন্ধবারি মলিন না হয় চরণ তারি, পথে তোমার স্কর ওই এল **যারে এল এল এল গো**। হদয়খানি সম্মুখে তার ছড়িরে ফেলো ফেলো গো।। আকুল সকল ধন যে ধনা হল হল গো। তোমার বিশ্বজনের কলাণে আজ খরের দ্বার খোলো গো! রাঙা হল সকল গগন, চিত্ত হল প্রক্ষণন হেরো নিতা আলো এল দারে এল এল এল গো। ভোমার পরানপ্রদীপ তুলে ধোরো, ওই আলোতে জেবলা গোল ভোমার

## 028

প্রাণে খাশির তুফান উঠেছে।
ভর-ভাবনার বাধা টাটেছে॥
দাংথকে আজ কঠিন বলে জড়িরে ধরতে বাকের তলে
উধাও হরে হদর ছাটেছে॥
হেখার কারো ঠাই হবে না মনে ছিল এই ভাবনা,
দারার ভেঙে সবাই ভাটেছে।
যতন করে আপনাকে বে রেখেছিলেম ধারে মেজে,
আনন্দে সে ধালায় লাটেছে॥

#### 034

পারবি না কি যোগ দিতে এই ছন্দে রে

এই খনে ধাবার, ভেনে বাবার, ভাঙবারই জানন্দে রে ॥
পাতিয়া কান শ্রিনস না বে দিকে দিকে গগনমাঝে
মরণবীণার কী স্র বাজে তপন-ডারা-চন্দ্রে রে
জন্মিরে আগ্রন থেয়ে থেয়ে জ্বলবারই আনন্দে রে ॥

পাগল-করা গানের তানে ধার যে কোথা কেই বা জানে, চায় না ফিরে পিছন-পানে, রয় না বাঁধা বদ্ধে রে— লুটে যাবার, ছুটে যাবার, চলবারই আনন্দে রে। সেই আনন্দ-চরণ-পাতে ছয় ঋতু যে নুত্যে মাতে. প্রাবন বহে যায় ধরাতে বরণ-গাতে গঙ্কে রে— ফেলে দেবার, ছেড়ে দেবার, মরবারই আনন্দে রে॥

# 979

প্রেমে প্রাণে গানে গন্ধে আলোকে প্রাণেক
প্রানিত করিয়া নিখিল দ্বলোকে ভূলোকে
তোমার অমল অমৃত পড়িছে ঝরিয়া॥
দিকে দিকে আজি ট্রিটয়া সকল বন্ধ
মুরতি ধরিয়া জাগিয়া উঠে আনন্দ,
জীবন উঠিল নিবিড় সুধায় ভরিয়া॥
চেতনা আমার কল্যাণরসসরসে
শতদলসম ফ্টিল পরম হরষে
সব মধ্ তার চরণে তোমার ধরিয়া।
নীরব আলোকে জাগিল হৃদয়প্রান্তে
উদার উষার উদয়-অর্থকান্তি,
অলস অধিব আবরণ গেল সরিয়া॥

# 039

জগতে আনন্দযজে আমার নিমন্ত্রণ।
ধন্য হল, ধন্য হল মানবজীবন॥
নয়ন আমার রূপের প্রের সাধ মিটায়ে বেড়ায় ঘ্রের,
প্রবণ আমার গভীর স্বের হয়েছে মগন॥
তোমার যজে দিয়েছ ভার, বাজাই আমি বাশি—
গানে গানে গোথে বেড়াই প্রাণের কালা হাসি।
এখন সময় হয়েছে কি? সভায় গিয়ে তোমায় দেখি
জয়ধর্নি শানিয়ে যাব এ মার নিবেদন॥

#### 028

গায়ে আমার প্লেক লাগে, চোখে ঘনায় ঘোর ফদয়ে মোর কে বে'থেছে রাঙা রাখীর ডোর। আজিকে এই আকাশতলে জলে স্থলে ফলে ফলে কেমন করে, মনোহরণ, ছড়ালে মন মোর। কেমন খেলা হল আমার আজি তোমার সনে! পেরেছি কি খ'জে বেড়াই ডেবে না পাই মনে। আনন্দ আন্ধ কিসের ছলে কাঁদিতে চায় নয়নজলে, বিরহ আন্ধ মধ্বে হয়ে করেছে প্রাণ ভোর ॥

## 027

আলোর আলোকময় করে হে এলে আলোর আলো।
আমার নয়ন হতে আধার মিলালো মিলালো।
সকল আকাশ সকল ধরা আনন্দে হাসিতে ভরা,
যে দিক-পানে নয়ন মেলি ভালো সবই ভালো।।
তোমার আলো গাছের পাতায় ন্যুচিয়ে তোলে প্রাণ।
তোমার আলো পাখির বাসায় জাগিয়ে তোলে গান।
তোমার আলো ভালোবেসে পড়েছে মোর গারে এসে,
হদরে মোর নির্মাল হাত ব্লালো ব্লালো।।

# 0 \$ 0

আজি এ আনন্দসদ্ধা স্কুদর বিকাশে, আহা॥
মন্দ পবনে আজি ভাসে আকাশে
বিধার বাাকুল মধ্মাধ্রী, আহা॥
শুদ্ধ গগনে গ্রহতারা নীরবে
কিরণসঙ্গীতে স্থা বরষে, আহা।
প্রাণ মন মম ধীরে ধীরে প্রসাদরসে আসে ভরি,
দেহ প্লকিত উদার হরষে, আহা॥

#### 057

বাজে বাজে রমাবীণা বাজে—
অমলকমল-মাঝে, জ্যাংলারজনী-মাঝে,
কাজলঘন-মাঝে, নিশি-আধার-মাঝে,
কুসন্মস্রতি-মাঝে বিনরণন শ্নি বে—
প্রেমে প্রেমে বাজে॥
নাচে নাচে রমাতালে নাচে—
তপন তারা নাচে, নদী সমন্ত নাচে,
জক্মরণ নাচে, ব্যব্গান্ত নাচে,
তকতহদর নাচে বিশ্বছদে মাতিরে—
প্রেমে প্রেমে নাচে॥
সাজে সাজে রমাবেশে সাজে—
নীল অব্র সাজে, উষাসন্ধা সাজে,
ধরণীধ্লি সাজে, দীনদৃঃখী সাজে,
প্রণীধ্লি সাজে, দীনদৃঃখী সাজে,
প্রণীধ্লি সাজে বিশ্বশোভার শ্নীরে—

বিপ্ল তরঙ্গ রে, বিপ্ল তরঙ্গ রে।
সব গগন উদ্বেলিয়া, মগন করি অতীত অনাগত
আলোকে-উজ্জ্বল জীবনে-চণ্ডল একি আনন্দ-তরঙ্গ।
তাই, দ্লিছে দিনকর চন্দ্র তারা,
চমকি কম্পিছে চেতনাধারা,
আকুল চণ্ডল নাচে সংসার, কুহরে হদয়বিহঙ্গ।

# 020

সদা থাকো আনন্দে, সংসারে নির্ভরে নির্মালপ্রাণে । জাগো প্রাতে আনন্দে, করো কর্ম আনন্দে. সন্ধ্যার গৃহে চলো হে আনন্দগানে ॥ সঙ্কটে সম্পদে থাকো কল্যাণে, থাকো আনন্দে নিন্দা-অপমানে । সবারে ক্ষমা করি থাকো আনন্দে, চির-অমৃতনির্মরে শান্তিরসপানে ॥

# 958

বহে নিরন্তর অনন্ত আনন্দধারা॥
বাজে অসীম নভমাঝে অনাদি রব.
জাগে অগণ্য রবিচন্দ্রতারা॥
একক অখণ্ড ব্রহ্মাণ্ডরাজ্যে
পরম-এক সেই রাজরাজেন্দ্র রাঞ্জে।
বিহিমত নিমেষহত বিশ্ব চরণে বিনত,
লক্ষণত ভক্তচিত বাকাহারা॥

# 950

অমল কমল সহজে জলের কোলে আনন্দে রহে ফ্রটিয়া,
ফিরে না সে কভু 'আলয় কোথার' বলে ধ্লায় ধ্লায় ল্টিয়া॥
তেমনি সহজে আনন্দে হরিষত
তোমার মাঝারে রব নিমর্মাচত.
প্জাশতদল আপনি সে বিকশিত সব সংশয় ট্রটিয়া॥
কোথা আছ তুমি পথ না খ্রিলব কভু, শ্বাব না কোনো পথিকে
তোমারি মাঝারে দ্রমিব ফিরিব প্রভু, যথন ফিরিব ষে দিকে।
চলিব যথন তোমার আকাশগেহে
তোমার অমৃতপ্রবাহ লাগিবে দেহে,
তোমার পবন সথার মতন শ্লেহে বক্ষে আসিবে ছ্রটিয়া॥

আনন্দধারা বহিছে ভূবনে,
দিনরজনী কত অম্তরস উথলি বার অনন্ত গগনে॥
পান করে রবি শশী অঞ্চলি ভরিয়া—
সদা দীপ্ত রহে অক্ষর জ্যোতি—
নিত্য পূর্ণ ধরা জীবনে কিরণে॥
বাসরা আছ কেন আপন-মনে,
শ্বার্থানিমগন কী কারণে?
চারি দিকে দেখো চাহি হুদর প্রসারি,
ক্ষুদ্র দুঃখ সব তুচ্ছ মানি
প্রেম ভরিয়া লহো শনো জীবনে॥

## 950

নব আনন্দে জাগো আজি নবরবিকিরণে শুদ্র স্কুদর প্রীতি-উক্জ্বল নির্মাল জীবনে॥ উংসারিত নব জীবননির্মার, উচ্ছ্বাসিত আশাগীতি, অমৃতপ্রুপক্ষ বহে আজি এই শান্তিপ্রনে॥

#### OSV

হেরি তব বিমলম্খভাতি দ্র হল গহন দ্খরাতি।
ফ্টিল মন প্রাণ মম তব চরণলালসে, দিন্ হুদয়কমলদল পাতি॥
তব নয়নজ্যোতকণ লাগি তর্ণ রবিকরণ উঠে জাগি।
নয়ন খ্লি বিশ্বজন বদন তুলি চাহিল তব দয়শপরশস্থ মাগি।
গগনতল মগন হল শুভ তব হাসিতে,
উঠিল ফ্টি কত কুস্মপাতি— হেরি তব বিমলম্খভাতি॥
ধর্নিত বন বিহগকলতানে, গাঁত সব ধার তব পানে।
প্রগগনে জগত জাগি উঠি গাহিল, প্রণ সব তব রচিত গানে।
প্রেমরস পান করি গান করি কাননে
উঠিল মন প্রাণ মম মাতি— হেরি তব বিমলম্খভাতি॥

# 052

এত আনন্দধর্নি উঠিল কোখার,
জগতপ্রবাসী সবে কোখার ধার॥
কোন্ অমৃতধনের পেরেছে সন্ধান,
কোন্ স্থা করে পান!
কোন্ আলোকে অধার দ্রে বার॥

অবিধার রজনী পোহালো,
বিমল প্রভাতিকিরশে
জগত নয়ন তুলিয়া
হেরিছে হৃদয়নাথেরে
প্রেমম্খহাসি তাঁহারি
কুস্ম বিকশি উঠিছে,
স্মধীরে অঞ্চরার ট্রিটছে,
জননীর কোলে যেন রে
জগত যে দিকে চাহিছে
হেরি সে অসীম মাধ্রী
নবীন আলোকে ভাতিছে,
নতীন জ্বীবন লভিয়া

জ্ঞগত প্রিল প্লেকে।
মিলিল দ্বলোকে ভূলোকে॥
হৃদয় দ্বার খ্লিয়া
আপন হৃদয়-আলোকে॥
পড়িছে ধরার আননে—
সমীর বহিছে কাননে।
দশ দিক ফ্টে উঠিছে—
জাগিছে বালিকা বালকে॥
সে দিকে দেখিন্ব চাহিয়া,
হৃদয় উঠিছে গণিহয়া।
নবীন আশায় মাতিছে,
জয়-জয় উঠে গ্রিলোকে॥

#### 003

হৃদয়বাসনা পূর্ণ হল আজি মম পূর্ণ হল, শ্বন সবে জগতজনে॥ কী হেরিন্ব শোভা, নিখিলভূবননাথ চিত্ত-মাঝে বসি স্থির আসনে॥

#### 905

ক্ষত যত ক্ষতি যত মিছে হতে মিছে.
নিমেষের কুশা কর পড়ে রবে নিচে॥
কী হল না, কী পেলে না, কৈ তব শোধে নি দেনা.
সে সকলি মর্রীচিকা মিলাইবে পিছে॥
এই-যে হেরিলে চোখে অপর্প ছবি
অর্ণ গগনতলে প্রভাতের রবি—
এই তো পরম দান সফল করিল প্রাণ.
সত্যের আনন্দর্প
এই তো জাগিছে॥

#### 000

আমি সংসারে মন দিয়েছিন্, তুমি আপনি সে মন নিয়েছ।
আমি সুখ বলে দুখ চেয়েছিন্, তুমি দুখ বলে সুখ দিয়েছ।
হৃদয় যাহার শতখানে ছিল শত স্বাথের সাধনে
তাহারে কেমনে কুড়ায়ে আনিলে, বাঁধিলে ভক্তিবাঁধনে।
সুখ সুখ করে দ্বারে দ্বারে মোরে কত দিকে কত খোঁজালে,
তুমি যে আমার কত আপনার এবার সে কথা বোঝালে -

কর্ণা তোমার কোন্ পথ দিরে কোথা নিয়ে বার কাহারে— সহসা দেখিনা নরন মেলিয়ে, এনেছ তোমারি দ্যারে॥

#### 008

আজিকে এই সকালবেলাতে
বসে আছি আমার প্রাণের স্বরটি মেলাতে॥
আকাশে ওই অর্ণ রাগে মধ্র তান কর্ণ লাগে,
বাতাস মাতে আলোছায়ার মায়ার শেলাতে॥
নীলিমা এই নিলীন হল আমার চেতনার।
সোনার আভা জড়িয়ে গেল মনের কামনার।
লোকান্তরের ও পার হতে কে উদাসী বায়্র স্লোতে
তেসে বেড়ায় দিগতে ওই মেঘের ভেলাতে॥

#### 004

যে ধ্বপদ দিয়েছ বাঁধি বিশ্বতানে
মিলাব তাই জীবনগানে॥
গগনে তব বিমল নীল—হদ্যে লব তাহারি মিল,
শান্তিময়ী গভীর বাণী নীরব প্রাণে॥
বাজার উষা নিশীধক্লে যে গীতভাষা
সে ধরনি নিয়ে জাগিবে মোর নবীন আশা।
ফ্লের মতো সহজ স্বে প্রভাত মম উঠিবে প্রে,
সক্ষা মম সে স্থের যেন মরিতে জানে॥

#### 906

ওরে, ভোরা ধারা শুনবি না
তোদের তরে আকাশ-'পরে নিতা বাজে কোন্ বীণা॥
দ্রের শংখ উঠল বেজে, পথে বাহির হল সে বে,
দ্বারে তোর আসবে কবে তার লাগি দিন গ্নবি না॥
রাডগ্লো যায় হায় রে ব্থায়, দিনগ্লো যায় ভেসে—
মনে আশা রাখবি না কি মিলন হবে শেবে?
হয়তো দিনের দেরি আছে, হয়তো সে দিন আস্ল কাছে—
মিলনরাতে ফুটবে যে ফুল তার কি রে বীজ বুনবি না॥

#### 009

মহাবিশ্বে মহাকাশে মহাকাল-মাঝে আমি মানব একাকী ভ্রমি বিশ্ময়ে, ভ্রমি বিশ্ময়ে॥ তুমি আছ, বিশ্বনাথ, অসীম রহস্যমাঝে
নীরবে একাকী আপন মহিমানিলয়ে॥
অনস্ত এ দেশকালে, অগণ্য এ দীপ্ত লোকে.
তুমি আছ মোরে চাহি—আমি চাহি তোমা-পানে।
শুদ্ধ সর্ব কোলাহল, শাস্তিমগ্ন চরাচর—
এক তুমি, তোমা-মাঝে আমি একা নির্ভারে॥

#### OOV

আছ আপন মহিমা লয়ে মোর গগনে রবি,
অবিক্ছ মোর মেছের পটে তব রঙেরই ছবি।।
তাপস, তুমি ধেয়ানে তব কী দেখ মোরে কেমনে কব
তোমার জটে আমি তোমারি ভাবের জাহুবী।।
তোমারি সোনা বোঝাই হল, আমি তো তার ভেলা।
নিজেরে তুমি ভোলাবে বলে আমারে নিয়ে খেলা।
কপ্তে মম কী কথা শোন অর্থ আমি বৃঝি না কোনো—
বীগাতে মোর কাঁদিয়া ওঠে তোমারি ভৈরবী।।

## 002

আমার মুক্তি আলোয় আলোয় এই আকাশে,
আমার মুক্তি ধ্লায় ধ্লায় ঘাসে ঘাসে॥
দেহমনের স্দ্র পারে হারিয়ে ফেলি আপনারে,
গানের স্বরে আমার মুক্তি উধের্ব ভাসে॥
আমার মুক্তি সর্বজনের মনের মাঝে,
দ্বংখবিপদ-তুচ্ছ-করা কঠিন কাজে।
বিশ্বধাতার যজ্ঞশালা, আত্মহোমের বহি জন্মলা
জীবন যেন দিই আহ্হিত মুক্তি-আশে॥

#### 680

আমার প্রাণে গভীর গোপন মহা-আপন সে কি.

অন্ধকারে হঠাং তারে দেখি॥

যবে দ্বর্দম ঝড়ে আগল খুলে পড়ে,

কার সে নরন-'পরে নরন বার গো ঠেকি॥

যখন আসে পরম লগন তখন গগন-মাঝে

তাহার ভেরী বাজে।

বিদ্যুত-উন্তাসে বেদনারই দ্ত আসে,

আমন্তবের বাদী যার হদকে লেখি॥

আজি মর্মারধর্নি কেন জাগিল রে!
মন পল্লবে পল্লবে হিল্লোলে হিল্লোলে
থরথর কম্পন লাগিল রে॥
কোন্ ভিখারি হার রে এল আমারি এ অঙ্গনদারে,
ব্ঝি সব মন ধন মন মাগিল রে॥
হদর ব্ঝি তারে জানে,
কুস্ম ফোটার তারি গানে।
আজি মন অন্তর্মাঝে সেই পথিকেরই পদধর্নি বাজে,
তাই চকিতে চকিতে খ্যে ভাঙিল রে॥

#### 989

প্রথম আলোর চরণধন্নি উঠল বেজে বেই
নীড়বিরাগী হৃদর আমার উধাও হল সেই॥
নীল অতলের কোথা থেকে উদাস তারে করল বে কে
গোপনবাসী সেই উদাসীর ঠিক-ঠিকানা নেই॥
'সম্প্রিশরন আর ছেড়ে আর' জাগে বে তার ভাষা,
সে বলে 'চল্ আছে বেথায় সাগরপারের বাসা'।
দেশ-বিদেশের সকল ধারা সেইখানে হয় বাঁধনহারা,
কোণের প্রদীপ মিলায় শিখা জোতিসম্দেই॥

#### 980

তোমার হাতের রাষীখানি বাঁধো আমার দখিন-হাতে
স্ব যেমন ধরার করে আলোক-রাষী জড়ার প্রাতে॥
তোমার আগিস আমার কাজে সফল হবে বিশ্ব-মাঝে,
জন্মবে তোমার দীপ্ত শিখা আমার সকল বেদনাতে॥
কর্ম করি যে হাত লয়ে কর্মবাঁধন তারে বাঁধে।
ফলের আশা শিকল হয়ে জড়িয়ে ধরে জটিল ফাঁদে।
তোমার রাখী বাঁধো আটি—সকল বাঁধন যাবে কাটি,
কর্ম তখন বীণার মতো বাজবে মধ্র ম্ছনাতে॥

#### 088

ব্রেছি কি ব্ঝি নাই বা সে তর্কে কাজ নাই, ভালো আমার লেগেছে যে রইল সেই কথাই॥ ভোরের আলোর নরন ভরে নিভাকে পাই ন্তন করে, কাহার মুখে চাই॥

# बबीम्ब-बाजावनी

প্রতিদিনের কাজের পথে করতে আনাগোনা কানে আমার লেগেছে গান, করেছে আন্মনা। হৃদয়ে মোর কথন জানি পড়ল পায়ের চিহুখানি চেমে দেখি তাই॥

## 084

রাখলেই কি পড়ে রবে ও অবোধ। যেক দাম জানে সে কুড়িয়ে লবে ও অবোধ॥ ষে তার कान् त्रजन जा रमश्-ना छाति, अत 'भरत कि धरमात्र मािव? ও যে হারিয়ে গেলে তাঁরি গলার হার গাঁথা যে বার্থ হবে॥ Ð খোঁজ পডেছে জানিস নে তা? ওর তাই দতে বেরোল হেথা সেথা। কর্মল হেলা সবাই মিলি আদর যে তার বাড়িয়ে দিলি--যারে দবদ দিলি তার বাথা কি সেই দবদীর প্রাণে সবে। যাবে

## 986

দেওয়া নেওয়া ফিরিয়ে দেওয়া তোমায় আমায়—

ক্রমম জনম এই চলেছে, মরণ কভু তারে থামার।

যখন তোমার গানে আমি জাগি আকাশে চাই তোমার লাগি,

আবার একতারাতে আমার গানে মাটির পানে তোমার নামায়॥

ওগো. তোমার সোনার আলোর ধারা, তার ধারি ধার

আমার কালো মাটির ফুল ফুটিয়ে শোধ করি তার।

আমার শরংরাতের শেফালিবন সোরভেতে মাতে যখন

তথন পালটা সে তান লাগে তব শ্রাবণ-রাতের প্রেম-বরিষায়॥

#### 989

অর্পবীণা র্পের আড়ালে ল্কিয়ে বাজে:
সে বীণা আজি উঠিল বাজি হুদ্যুমাঝে॥
ভূবন আমার ভরিল স্বে, ভেদ ঘ্টে যায় নিকটে দ্রে,
সেই রাগিণী লেগেছে আমার সকল কাজে॥
হাতে-পাওয়ার চোখে-চাওয়ার সকল বাখন
গেল কেটে আজ, সফল হল সকল কাদন।
স্বের রসে হারিয়ে যাওয়া সেই তো দেখা, সেই তো পাওয়া
বিরহ মিলন মিলে গেল আজ সমান সাজে॥

#### ORY

আমি ধ্বালৰ না মোর বাতায়নে প্রদীপ আনি,
আমি শ্নব বসে আঁধার-ভরা গভীর বাণী॥
আমার এ দেহ মন মিলারে যাক নিশীপরাতে,
আমার লুকিয়ে-ফোটা এই হদরের প্রুপপাতে
থাক্-না ঢাকা মোর বেদনার গন্ধর্মান॥
আমার সকল হদর উধাও হবে তারার মাঝে
যেখানে এই আঁধারবীপার আলো, বাজে।
আমার সকল দিনের পথ খোঁলা এই হল সারা,
এখন দিক্-বিদিকের শেষে এসে দিশাহারা
কিসের আশার বসে অছি অভর মানি॥

## 689

আমি যখন তাঁর দ্বারে ভিক্না নিতে যাই তখন বাহা পাই

সে যে আমি হারাই বারে বারে ॥

তিনি যখন ভিক্না নিতে আসেন আমার বারে
বন্ধ তালা ভেঙে দেখি আপন-মাঝে গোপন রতনভার,
হারার না সে আর ॥
প্রভাত আসে তাঁহার কাছে আলোক ভিক্না নিতে,
সে আলো তার ল্টার ধরণীতে।

তিনি বখন সন্ধা-কাছে দাঁড়ান উধর্করে তখন প্ররে স্করে
ফুটে ওঠে অন্ধারের আপন প্রাণের ধন,
ম্কুটে তাঁর পরেন সে রতন॥

#### 060

আকাশ জবুড়ে শ্নিনন্ ওই বাজে তোমারি নাম সকল তারার মাঝে॥
সে নামখানি নেমে এল ভূ'রে, কখন আমার ললাট দিল ছবুরে,
শাভিধারায় বেদন গেল ধুরে— আপন আমার আপনি মরে লাজে॥
মন মিলে ধার আজ ওই নীরব রাতে তারায় ভরা ওই গগনের সাথে।
অমনি করে আমার এ হদয় তোমার নামে হোক-না নামময়,
াধারে মোর তোমার আলোর জয় গভীর হয়ে থাক্ জীবনের কাজে॥

#### 043

অকারশে অকালে মোর পড়ল বখন ডাক তখন আমি ছিলেম শরন পাতি। বিশ্ব তখন তারার আলোর দাঁড়ারে নিবাক্, ধরার তখন তিমিরগহন রাতি

ঘরের লোকে কে'দে কইল মোরে. 'আঁধারে পথ চিনবে কেমন করে?' আমি কইনু, 'চলব আমি নিজের আলো ধরে, হাতে আমার এই-যে আছে বাতি।' বাতি যতই উচ্চ শিখায় জনলে আপন ডেজে চোখে ততই লাগে আলোর বাধা, ছায়ায় মিশে চারি দিকে মায়া ছড়ায় সে-যে আধেক দেখা করে আমায় আঁধা। গর্রভরে যতই চলি বেগে আকাশ তত ঢাকে খুলার মেৰে. শিখা আমার কে'পে ওঠে অধীর হাওয়া লেগে. পারে পায়ে সাজন করে ধাঁধা।। হঠাং শিরে লাগল আঘাত বনের শাখাজালে হঠাৎ হাতে নিবল **আ**মার বাতি। চেয়ে দেখি, পথ হারিয়ে ফেলেছি কোন কালে চেয়ে দেখি, তিমিরগহন রাতি। কে'দে বলি মাথা করে নিচ. 'শক্তি আমার রইল না আর কিছু!' সেই নিমেৰে হঠাৎ দেখি, কখন পিছ, পিছ, এসেছে মোর চিরপথের সাথি॥

#### 042

ভূবনজোড়া আসনখানি
আমার হৃদয়-মাঝে বিছাও আনি।।
রাতের তারা, দিনের রবি, আঁধার-আলোর সকল ছবি,
তোমার আকাশ-ভরা সকল বাণী হৃদয়-মাঝে বিছাও আনি।।
ভূবনবীণার সকল স্বের
আমার হৃদয় পরান দাও-না প্রে।
দ্ঃখস্থের সকল হরষ, ফ্লের পরশ, ঝড়ের পরশ
তোমার কর্ণ শৃভ উদার পাণি হৃদয়-মাঝে দিক্-না আনি।।

#### 040

ডাকে বার বার ডাকে.
শোনো রে, দ্রারে দ্রারে আধারে আলোকে।
কত স্থদ্ঃখশোকে কড মরণে জীবনলোকে
ভাকে বন্ধভয়ত্কর রবে,
স্ধাসঙ্গীতে ভাকে দ্যুলোকে ভূলোকে।

অন্ধকারের উৎস হতে উৎসারিত আলো সেই তো তোমার আলো! সকল দ্বন্দ্ববিরোধ-মাঝে জাগ্রত যে ভালো সেই তো তোমার ভালো। পথের ধ্লায় বক্ষ পেতে রয়েছে যেই গেহ সেই তো তোমার গেহ। সমর্বাতে অমর করে র,দ্রনিঠার লেহ সেই তো তোমার স্নেহ। সব ফ্রালে বাকি রহে অদৃশ্য বেই দান সেই তো তোমার দান। মৃত্যু আপন পাতে ভরি বহিছে যেই প্রাণ সেই তো তোমার প্রাণ॥ বিশ্বজনের পায়ের তলে ধ্লিময় যে ভূমি সেই তো স্বৰ্গভূমি। সবার নিয়ে সবার মাঝে ল্যুকিয়ে আছ ভূমি সেই তো আমার তুমি॥

#### OÉĆ

সারা জীবন দিল আলো স্ব গ্রহ চাদ
তোমার আশীর্বাদ, হে প্রভূ, তোমার আশীর্বাদ।।
মেঘের কলস ভরে ভরে প্রসাদবারি পড়ে ঝরে,
সকল দেহে প্রভাতবার ঘ্রার অবসাদ তোমার আশীর্বাদ, হে প্রভূ, তোমার আশীর্বাদ।।
তৃণ যে এই খ্লার 'পরে পাতে আঁচলখানি,
এই-যে আকাশ চিরনীরব অম্তমর বাণী,
ফ্ল যে আসে দিনে দিনে বিনা রেখার পর্থাট চিনে,
এই-যে ভূবন দিকে দিকে প্রায় কত সাধ—
তোমার আশীর্বাদ। হে প্রভূ, তোমার আশীর্বাদ।।

#### 046

আপন হতে বাহির হরে বাইরে দাঁড়া, ব্বেকর মাঝে বিশ্বলোকের পাবি সাড়া॥ এই-যে বিপ্রশ ঢেউ লেগেছে তোর মাঝেতে উঠ্বক নেচে, সকল পরান দিক-না নাড়া॥ বোস্-না, দ্রমর, এই নীলিমার আসন লয়ে অর্ণ-আলোর-স্বর্ণরেণ্-মাথা হয়ে। যেখানেতে অগাধ ছাটি মেল্ সেথা তোর ডানাদ্বিট, স্বার মাঝে পাবি ছাড়া।

#### 949

ষে থাকে থাক্-না খারে, যে বাবি যা-না পারে॥
যদি ওই • ভোরের পাখি তোরি নাম বায় রে ডাকি
একা ভূই চলে বা রে॥
কু'ড়ি চার আঁধার রাতে শিশিরের রসে মাতে।
ফোটা ফ্ল চার না নিশা, প্রাণে তার আলোর ত্বা,
কাঁদে সে অন্ধকারে॥

## 064

मुदे शांख প्रिम विनास ७ कि! আকাশে গাঁড়য়ে গেল লোকে লোকে॥ সে সুধা ভারে নিল সবাজ পাতায়, গাছেরা ধরে নিল আপন মাথায়। ধরণী সকল গায়ে নিল মেখে. ফ\_লেরা পাথায় তারে নিল এ'কে। পাথিৱা কৃডিয়ে নিল মায়ের বৃকে. ছেলেরা দেখে নিল ছেলের মুখে। মায়েরা সে যে ওই দঃর্থাশথার উঠল ভরলে, সে যে ওই অশ্রহারার পড়ল গলে ॥ সে যে ওই বিদীর্ণ বীর-হৃদয় হতে মরণর পী জবিনস্রোতে। বহিল ভাঙাগড়ার তালে তালে সে যে ওই प्रत्भ प्रत्म कात्न कात्न॥ নেচে যায়

#### 063

নিত্য তোমার যে ফ্রল ফোটে ফ্রলবনে
তারি মধ্ব কেন মনমধ্বপে খাওয়াও না ?
নিত্যসভা বসে তোমার প্রান্তবে,
তোমার ভ্তোরে সেই সভায় কেন গাওয়াও না ॥
বিশ্বকমল ফ্টে চরণচুম্বনে,
সে যে তোমার মুখে মুখ ভলে চার উন্মনে,
আমার চিত্ত-কমলটিরে সেই রুসে
কেন তোমার পানে নিত্য-চাওয়া চাওয়াও না ॥

আকাশে ধার রবি-তারা-ইন্দর্তে,
তোমার বিরামহারা নদীরা ধার সিন্ধর্তে,
তেমনি করে স্থাসাগর-সন্ধানে
আমার জীবনধারা নিতা কেন ধাওরাও না?
পাখির কণ্ঠে আপনি জাগাও আনন্দ,
তুমি ফ্লের বন্ধে ভরিয়া দাও স্গন্ধ,
তেমনি করে আমার হদরভিক্ষ্রের
কেন খারে তোমার নিতাপ্রসাদ পাওয়াও না॥

# 000

এমনি করে ঘ্রিব দ্রে বাহিরে,
আর তো গতি নাহি রে মোর নাহি রে॥
যে পথে তব রথের রেখা ধরিয়া
আপনা হতে কুস্ম উঠে ভরিয়া,
চন্দ্র ছুটে, স্ব ছুটে, সে পথতলে পড়িব লুটে—
সবার পানে রহিব শুধ্ চাহি রে॥
তোমার ছায়া পড়ে যে সরোবরে গো
কমল সেথা ধরে না, নাহি ধরে গো।
ছলের তেউ তরল তানে সে ছায়া লয়ে মাতিল গানে,
ঘিরিয়া তারে ফিরিব তরী বাহি রে।
যে বাশিখানি বাছিছে তব ভবনে
সহসা তাহা শ্নিব মধ্ প্বনে।
তাকায়ে রব ছারের পানে, সে তানখানি লইয়া কানে
বাজায়ে বীদা বেড়াব গান গাহি রে॥

# 067

কোলাহল তো বারণ হল, এবার কখা কানে কানে।
এখন হবে প্রাণের আলাপ কেবলমার গানে গানে॥
রাজার পথে লোক ছুটেছে, বেচা-কেনার হাঁক উঠেছে,
আমার ছুটি অবেলাতেই দিন-দুপ্রের মধ্যখানে—
কাজের মাঝে ডাক পড়েছে কেন যে তা কেই-বা জানে॥
মোর কাননে অকালে ফুল উঠুক তবে মুক্সরিরা।
মধ্যদিনে মৌমাছিরা বেড়াক ম্দু গুক্সরিরা।
মন্দভালোর খলে খেটে গেছে তো দিন অনেক কেটে,
অলস বেলার খেলার সাখি এবার আমার ছদর টানে।
বিনা কাজের ডাক পড়েছে
কেন যে তা কেই-বা জানে॥

যেথায় তোমার প্ট হতেছে ভ্বনে
সেইখানে মোর চিত্ত যাবে কেমনে॥
সোনার ঘটে স্য তারা নিচ্ছে তুলে আলোর ধারা,
অনস্ত প্রাণ ছড়িয়ে পড়ে গগনে॥
ধেথায় তুমি বস দানের আসনে
চিত্ত আমার সেথায় যাবে কেমনে?
নিতা ব্তন রসে ঢেলে আপনাকে যে দিচ্ছ মেলে,
সেথা কি ডাক পড়বে না গো জীবনে॥

#### 040

বিশ্বসাথে যোগে যেথায় বিহারে।
সেইখানে যোগ তোমার সাথে আমারও॥
নয়কো বনে, নয় বিজনে, নয়কো আমার আপন মনে—
সবার যেথায় আপন তুমি, হে প্রির, সেথায় আপন আমারও॥
সবার পানে যেথায় বাহ্ পসারো
সেইখানেতেই প্রেম জাগিবে আমারও।
গোপনে প্রেম রয় না ঘরে, আলোর মতো ছড়িয়ে পড়ে—
সবার তুমি আনন্দধন হে প্রিয়, আনন্দ সেই আমারও॥

# 860

প্রভ্. আজি তোমার দক্ষিণ হাত রেখো না ঢাকি।
এসেছি তোমারে, হে নাথ, পরাতে রাখী॥
বিদ বাঁধি তোমার হাতে পড়ব বাঁধা সবার সাথে,
যেখানে যে আছে কেহই রবে না বাকি॥
আজি যেন ভেদ নাহি রয় আপনা পরে,
তোমায় যেন এক দেখি হে বাহিরে ঘরে।
তোমা সাথে যে বিচ্ছেদে খুরে বেড়াই কে'দে কে'দে
ক্ষণেকতরে খুচাতে তাই তোমারে ডাকি॥

#### 044

অমন আড়াল দিয়ে লুকিয়ে গোলে চলবে না।
এবার হৃদয়-মাঝে লুকিয়ে বোসো, কেউ জানবে না, কেউ বলবে না ম
বিশ্বে তোমার লুকোচুরি, দেশ-বিদেশে কতই ঘুরি—
এবার বলো আমার মনের কোলে দেবে ধরা, ছলবে না ॥
জানি আমার কঠিন হৃদয় চরণ রাখার যোগ্য সে নয়—
সথা, তোমার হাওয়া লাগলে হিয়ায় তবু কি প্রাণ গলবে না?

নাহর আমার নাই সাধনা—ঝরলে তোমার কুপার কণা তখন নিমেবে কি ফুটবে না ফুল, চকিতে ফল ফলবে না॥

# 046

কত অজানারে জানাইলে তুমি, কত খরে দিলে ঠাই—
দ্রকে করিলে নিকট, বন্ধু, পরকে করিলে ভাই॥
প্রানো আবাস ছেড়ে যাই যবে মনে ভেবে মরি কী জানি কী হবে—
ন্তনের মাঝে তুমি প্রোতন সে কথা যে ভূলে যাই॥
জীবনে মরণে নিখিল ভূবনে বর্খনি যেখানে লবে
চিরজনমের পরিচিত ওহে তুমিই চিনাবে সবে।
তোমারে জানিলে নাহি কেহ পর, নাহি কোনো মানা, নাই কোনো ভর—
সবারে মিলারে তুমি জাগিতেছ দেখা যেন সদা পাই॥

## 990

সবার মাঝারে তোমারে স্বীকার করিব হে। সবার মাঝারে তোমারে হৃদরে বরিব হে॥ শ্ব্যু আপনার মনে নয়, আপন ঘরের কোণে নয়, শ্ধ্ আপনার রচনার মাঝে নহে-- তোমার মহিমা যেথা উল্জ্বল রহে সেই সবা-মাঝে তোমারে স্বীকার করিব হে। দ্যলোকে ভূলোকে তোমারে হৃদয়ে বরিব হে॥ সকলই তেয়াগি তোমারে স্বীকার করিব হে। সকলই গ্রহণ করিয়া তোমারে বরিব হে। কেবলই তোমার শুবে নয়, শুধু সঙ্গীতরবে নয়, শ্ব্ নির্জনে ধ্যানের আসনে নহে— তব সংসার ষেথা জাগ্রত রহে, কর্মে সেথায় তোমারে স্বীকার করিব হে। প্রিয়ে অপ্রিয়ে তোমারে হৃদরে বরিব হে॥ জানি না বলিয়া তোমারে স্বীকার করিব হে। कानि वर्षा, नाथ, रठाभारत रुपरत वीतव रह। भारा कौरानत मार्थ नतः, भारा श्रकात्रमार्थ नतः, শ্ব্ব স্বাদনের সহজ্ঞ স্বযোগে নহে-- দ্বধশোক ষেথা আঁধার করিয়া রহে নত হয়ে সেথা তোমারে স্বীকার করিব হে। নয়নের জলে তোমারে হদয়ে বরিব হে॥

#### 944

মোরে ডাকি লয়ে যাও মৃক্তমারে তোমার বিশ্বের সভাতে আজি এ মঙ্গলপ্রভাতে !!

উদয়গিরি হতে উচ্চে কহে৷ মোরে : তিমির লয় হল দীপ্তিসাগরে— স্বার্থ হতে জাগো, দৈন্য হতে জাগো, সব জড়তা হতে জাগো জাগো রে সতেজ উন্নত শোভাতে॥

বাহির করো তব পথের মাঝে, বরণ করো মোরে তোমার কাজে।
নিবিড় আবরণ করো বিমোচন, মুক্ত করো সব ডুচ্ছ শোচন,
ধৌত করো মম মুদ্ধ লোচন তোমার উল্জব্ধ শ্রহরোচন
নবীন নির্মাণ বিভাতে॥

#### 062

যারা কাছে আছে তারা কাছে থাক্, তারা তো পারে না জানিতে—
তাহাদের চেয়ে তুমি কাছে আছ আমার হৃদয়খানিতে॥

যারা কথা বলে তাহারা বল্ক, আমি করিব না কারেও বিম্ধ-তারা নাহি জানে ভরা আছে প্রাণ তব অকথিত বাণীতে।
নীরবে নিয়ত রয়েছ আমার নীরব হৃদয়খানিতে॥

তোমার লাগিয়া কারেও, হে প্রভু, পথ ছেড়ে দিতে বালব না কভু,
যত প্রেম আছে সব প্রেম মোরে তোমা-পানে রবে টানিতে—
সকলের প্রেমে রবে তব প্রেম আমার হৃদয়খানিতে।

সবার সহিতে তোমার বাধন হেরি যেন সদা এ মোর সাধন—
সবার সঙ্গ পারে যেন মনে তব আরাধনা আনিতে।

সবার মিলনে তোমার মিলন
জাগিবে হৃদয়খানিতে॥

090

জাগ্রত বিশ্বকোলাহল-মাঝে তুমি গন্তীর, স্তব্ধ, শান্ত, নিবিকার, পরিপূর্ণ মহাজ্ঞান॥ তোমা-পানে ধার প্রাণ সব কোলাহল ছাড়ি, চণ্ডল নদী ষেমন ধার সাগরে॥

095

শান্তিসমৃদ্র ভূমি গভীর, আতি অগাধ আনন্দরাশি। তোমাতে সব দৃঃখ জনালা করি নির্বাণ ভূলিব সংসার, অসীম সুখসাগরে ভূবে হাব॥

ডুবি অম্তপাথারে— যাই ভুলে চরাচর, মিলায় রবি শশী॥ নাহি দেশ, নাহি কাল, নাহি হেরি সীমা-প্রেমম্রতি হদয়ে জাগে, আনন্দ নাহি ধরে॥

#### 090

ভেঙেছে দ্য়ার, এসেছ জ্যোতিম্বা, তোমারি হউক জর।
তিমির্বিদার উদার অভ্যুদর, তোমারি হউক জয়॥
হে বিজয়ী বীর, নব জীবনের প্রাতে
নবীন আশার থল তোমার হাতে
জীগ আবেশ কাটো স্কঠোর ঘাতে, বন্ধন হোক ক্ষয়॥
এসো দ্রুসহ, এসো এসো নির্দর, তোমারি হউক জয়।
এসো নির্মল, এসো এসো নির্ভার, তোমারি হউক জয়।
প্রভাতস্য্, এসেছ র্লুসাজে,
দ্রুবের পথে তোমার ত্য্ বাজে—
থর্ণবহি জন্লাও চিত্তমাঝে, মত্যুর হোক লয়॥

# 998

হবে জয়, হবে জয়, হবে জয় রে,
ওহে বার, হে নির্ভায়।
জয়া প্রাণ, চিরপ্রাণ, জয়া রে আনন্দগান,
জয়া প্রেম, জয়া ক্ষেম, জয়া ক্রোতির্মায় রে।
এ আধার হবে ক্ষয়, হবে ক্ষয় রে,
ওহে বার, হে নির্ভায়।
ছাড়ো ঘ্রম, মেলো চোথ, অবসাদ দ্র হোক,
আশার অর্থালোক হোক অভাদয় রে॥

#### 994

জয় হোক, জয় হোক নব অর্ণোদয়।
প্রবিদগণ্ডল হোক জ্যোতিময়ি॥
এসো অপরাজিত বাণী, অসতা হানি অপহত শংকা, অপগত সংশয়॥
এসো নবজাগ্রত প্রাণ, চির্যোবনজয়গান।
এসো মৃত্যুক্তয় আশা জড়ত্বনাশা—
চন্দন দ্র হোক, বন্ধন হোক ক্ষয়॥

জয় তব বিচিত্র আনন্দ, হে কবি,
জয় তোমার কর্ণা।
জয় তব ভীষণ সব-কল্ম-নাশন র্দ্রতা।
জয় অমৃত তব, জয় মৃত্যু তব,
জয় শোক তব, জয় সাম্বনা॥
জয় প্র্জাগ্রত জ্যোতি তব,
জয় তিমিরনিবিড় নিশীধিনী ভয়দায়িনী।
জয় প্রেমমধ্ময় মিলন তব, জয় অসহ বিচ্ছেদবেদনা॥

#### 999

সকলকল্বতামসহর, জয় হোক তব জয়-অম্তবারি সিপ্টন কর নিখিলভুবনময়-মহাশান্তি, মহাক্ষেম, মহাপ্রণা, মহাপ্রেম॥
জ্ঞানস্থ-উদয়-ভাতি ধরংস কর্ক তিমিররাতি।
দ্বঃসহ দ্বঃস্বপ্প থাতি অপগত কর ভয়॥
মোহমালন অতি-দ্বিদ্ন-শান্তিত-চিত পাশ্ধ
জাতল-গহন-পথসংকট-সংশয়-উদ্ভাত্ত।
কর্ণাময়, মাগি শরণ— দ্বগতিভয় করহ হরণ,
দাও দ্বঃখবন্ধতরণ ম্বিলর পরিচয়॥

#### OQK

রাখো রাখো রে জীবনে জীবনবল্পতে, প্রাণমনে ধরি রাখো নিবিড় আনন্দবন্ধনে॥ আলো জনলো হদয়দীপে অতিনিভূত অপ্তরমাঝে, আকুলিয়া দাও প্রাণ গন্ধচন্দনে॥

#### 600

হৃদয়মন্দিরে, প্রাণাধীশ, আছ গোপনে। অম্তসৌরভে আকুল প্রাণ হার শুমিয়া জগতে না পায় সন্ধান— কে পারে পশিতে আনন্দভ্বনে তোমার কর্বুণাকিরণ-বিহনে॥

ওই শ্বনি যেন চরণধ্বনি রে,

শ্বনি আপন-মনে।
ব্বি আমার মনোহরণ আসে গোপনে॥
পাবার আগে কিসের আভাস পাই,
চোখের জলের বাঁধ ভেঙেছে তাই গো,
মালার গন্ধ এল বারে জানি স্বপনে॥
ফ্লের মালা হাতে ফাগ্ন চেয়ে আছে, ওই-যে—
তার চলার পথের কাছে ওই-যে।
দিগক্তনার অক্সনে যে আজি
কণে কণে শংখ ওঠে বাজি,
আশার হাওয়া লাগে ওই নিখিল গগনে॥

#### OFZ

বেধিছ প্রেমের পাশে ওহে প্রেমমর।
তব প্রেম লাগি দিবানিশি জাগি বাাকুলহদর॥
তব প্রেমে কুস্ম হাসে, তব প্রেমে চাদ বিকাশে,
প্রেমহাসি তব উবা নব নব,
প্রেম-নিমগন নিখিল নীরব,
তব প্রেম-তরে ফিরে হা হা করে উদাসী মলর॥
আকুল প্রাণ মম ফিরিবে না সংসারে,
ভূলেছে তোমারি রূপে নরন আমারি।
জলে স্থলে গগনতলে তব স্থাবাদী সতত উপলে
শ্নিরা পরান শান্তি না মানে,
ছুটে বেতে চার অনস্তেরই পানে,
আকুল হদর খেজি বিশ্বময় ও প্রেম-আলর॥

# OFS

দাও হে আমার ভর ভেতে দাও।
আমার দিকে ও মৃথ ফিরাও॥
পাশে থেকে চিনতে নারি, কোন্ দিকে যে কী নেহারি,
তৃমি আমার হুদাবহারী হুদয়-পানে হাসিয়া চাও॥
বলো আমার বলো কথা, গারে আমার পরশ করো।
দক্ষিপ হাত বাড়িয়ে দিয়ে আমায় তৃমি তৃলে ধরো।
যা ব্লি সব ভূল ব্লি হে, যা খ্লি সব ভূল খ্লি হে—
হাসি মিছে, কারা মিছে, সামনে এসে এ ভূল ঘ্রাও॥

আর নহে, আর নয়,
আমি করি নে আর ভয়।
আমার ঘ্চল কাঁদন, ফলল সাধন, হল বাঁধন ক্ষয়॥
ওই আকাশে ওই ডাকে,
আমার আর কে ধরে রাখে—
আমি সকল দ্য়ার খুলেছি, আব্দ ধাব সকলময়॥
ওরা বসে বসে মিছে
শুধ্ মায়াজাল গাঁথিছে—
ওরা কী-ষে গোনে ঘরের কোণে আমায় ডাকে পিছে।
আমার অস্ত্র হল গড়া,
আমার বর্ম হল পরা—
এবার ছুটবে ঘোড়া প্রনবেগে, করবে ভুবন জয়॥

## 0 8 8

আরো চাই যে, আরো চাই গো— আরো যে চাই।
ভান্ডারী যে স্থা আমায় বিতরে নাই॥
সকালবেলার আলোয় ভরা এই-যে আকাশ বস্করা
এরে আমার জীবন-মাঝে কুড়ানো চাই—
সকল ধন যে বাইরে আমার, ভিতরে নাই॥
প্রাণের বীণায় আরো আঘাত, আরো যে চাই।
গ্ণীর পরশ পেয়ে সে যে শিহরে নাই।
দিনরজনীর বাশি প্রে যে গান বাজে অসীম প্রে
তারে আমার প্রাণের তারে বাজানো চাই।
আপন গান যে দ্রে তাহার, নিয়ড়ে নাই॥

#### OHE

নয়ন ছেড়ে গেলে চলে, এলে সকল-মাঝে—
তোমায় আমি হারাই যদি তুমি হারাও না যে॥
ফ্রায় যবে মিলনরাতি তব্ চির সাথের সাথি
ফ্রায় না তো তোমায় পাওয়া, এস স্বপনসাজে॥
তোমার স্থারসের ধারা গহনপথে এসে
বাথারে মোর মধ্র করি নয়নে যায় ভেসে।
শ্রনিয়েছিলে যে স্র তব
বীণা থেকে বিদায় নিল, চিত্তে আমার বাজে॥

আরাম-ভাঙা উদাস স্রে আমার বাশির শ্না হৃদয় কে দিল আজ ব্যথায় প্রে॥ বিরামহারা ঘরছাড়াকে ব্যাকৃল বাঁশি আপনি ডাকে---ডাকে স্বপন-জাগরণে, কাছের থেকে ডাকে দ্রে॥ আমার প্রাণের কোন্ নিভ্তে ল্বকিয়ে কাদায় গোধ্লিতে-মন আজও তার নাম জানে না, র্প আজও তার নয়কো চেনা— क्वित द्व तम हाम्रात रिताम न्वरक्ष आभात द्वि ।।

#### 049

আসা-যাওয়ার **মাঝথানে** একলা আছ চেয়ে কাহার পথ-পানে॥ আকাশে ওই কালোয় সোনায় প্রাবণমেন্বের কোণায় কোণায় আঁধার-আলোয় কোন্ খেলা যে কে জানে আসা-বাওয়ার মাঝখানে॥ **শ্বকনো পাতা ধ্লায় ঝরে**, নবীন পাতায় শাখা ভরে। মাঝে তুমি আপন-হারা, পায়ের কাছে জলের ধারা যায় চলে ওই অগ্র-ভরা কোন্ গানে আসা-যাওয়ার মারাখানে॥

# OAA

বারে বারে পেয়েছি যে তারে চেনায় চেনায় অচেনারে॥

বে আছে ব্ৰুকের কাছে কাছে চলেছি তাহারি অভিসারে॥ চোথে-চোথে-চাওয়া নিমে চলে কোন্ অজানারই পথপারে॥

याद्र प्रथा शिल जाति भाष्य ना-प्रश्वादर कान् वाँगि वास्त्र. অপর্প সে যে রূপে রূপে কী খেলা খেলিছে চুপে চুপে। কানে কানে কথা উঠে প্রে কোন্ স্দ্রের স্রের স্রের,

# OAP

এ পথ গৈছে কোন্খানে গো কোন্খানে— কে জানে তা কে জানে॥ কোন্ পাহাড়ের পারে, কোন্ সাগরের ধারে, কোন্ দ্রাশার দিক-পানে— তা কে জানে তা কে জানে॥

এ পথ দিয়ে কে আসে যায় কোন্খানে
তা কে জানে তা কে জানে।
কেমন যে তার বাণী, কেমন হাসিখানি,
যায় সে কাহার সন্ধানে—
তা কে জানে তা কে জানে॥

# 950

নিতা নব সত্য তব শুদ্র আলোকময়
পরিপ্র্ণ জ্ঞানময়
কবে হবে বিভাসিত মম চিত্ত-আকাশে॥
রয়েছি বসি দীঘীনিশ
চাহিয়া উদর্মাদশি
উধ্বম্থে করপ্টে—
নবস্থ-নবপ্রাণ-নবদিবা-আশে॥
কী দেখিব, কী জানিব,
না জানি সে কী আনন্দ—
ন্তন আলোক আপন মনোমাঝে।
সে আলোকে মহাস্থে
তাপন আলয়ম্থে
চলে বাব গান গাহি—
কে রহিবে আর দ্রে পরবাসে॥

# 022

র্যাদ ঝড়ের মেঘের মতো আমি ধাই চঞ্চল-অন্তর
তবে দয়া কোরো হে, দয়া কেরো হে, দয়া কোরো ঈশ্বর॥
ওহে অপাপপরেষ, দীনহীন আমি এসেছি পাপের ক্লে-প্রভূ, দয়া কোরো হে, দয়া কোরো হে, দয়া করে লও তুলে॥
আমি জলের মাঝারে বাস করি, তব্ তৃষায় শ্কায়ে মরি-প্রভূ, দয়া কোরো হে, দয়া করে দাও স্থায় কদয় ভরি॥

#### 660

ভূমি আমাদের পিতা,
তোমায় পিতা বলে ষেন জানি,
তোমায় নত হয়ে যেন মানি,
ভূমি কোরো না কোরো না রোষ।
হে পিতা, হে দেব, দ্র করে দাও যত পাপ, যত দোষ—
বাহা ভালো তাই দাও আমাদের, যাহাতে তোমার তোষ।

তোমা হতে সব সূখ হে পিতা, তোমা হতে সব ভালো। তোমাতেই সব সূখ হে পিতা, তোমাতেই সব ভালো। তুমিই ভালো হে তুমিই ভালো সকল-ভালোর-সার---তোমারে নমস্কার হে পিতা, তোমারে নমস্কার ॥

# 020

প্রেমানন্দে রাখে। পূর্ণ আমারে দিবসরতে।
বিশ্বভূবনে নির্মাণ্ড সত্ত স্কুদর তোমারে,
চন্দ্র-স্থ-কিরণে তোমার কর্ণ নর্মনপাত।।
স্থসম্পদে করি হে পান তব প্রসাদবারি,
দ্থসম্পটে পরণ পাই তব মঙ্গলহাত॥
জীবনে জ্বালো অমর দীপ তব অনন্ত আশা,
মরণ-অন্তে হউক তোমারি চরণে স্প্রভাত॥
লহো লহো মম সব আনন্দ, সকল প্রীতি গীতিহদরে বাহিরে একমাত তুমি আমার নাধ॥

## 678

মাঝে মাঝে তব দেখা পাই, চির্রাদন কেন পাই না?
কেন মেঘ আসে হৃদয়-আকাশে, তোমারে দেখিতে দেয় না॥
ক্ষণিক আলোকে আখির পলকে তোমায় যবে পাই দেখিতে
হারাই-হারাই সদা হয় ভয়, হারাইয়া ফেলি চকিতে॥
কী করিলে বলো পাইব ভোমারে, রাখিব আখিতে আখিতে।
এত প্রেম আমি কোথা পাব নাথ, তোমারে হৃদয়ে রাখিতে?
আর কারো পানে চাহিব না আর, করিব হে আমি প্রাণপণ—
ভূমি যদি বল এখনি করিব বিষয়বাসনা বিসঞ্জন॥

#### 074

তোমার কথা হেথা কেছ তো বলে না. করে শুধ্ মিছে কোলাছল।
স্থাসাগরের তীরেতে বসিয়া পান করে শুধ্ হলাহল॥
আপনি কেটেছে আপনার ম্ল-- না জানে সাঁতার, নাহি পায় ক্ল,
স্লোতে যায় ভেসে, ভোবে ব্ঝি শেষে, করে দিবানিশি টলমল॥
আমি কোথা যাব, কাছারে শুধাব, নিয়ে যায় সবে টানিয়া।
একেলা আমারে ফেলে বাবে শেষে অক্ল পাখারে আনিয়া।
স্ক্দের তরে চাই চারি ধারে, আখি করিতেছে ছলছল।
আপনার ভারে মরি যে আপনি কাপিছে হলয় হানবল॥

কেন বাণী তব নাহি শ্বিন নাথ হৈ?

অন্ধজনে নয়ন দিয়ে অন্ধলারে ফেলিলে, বিরহে তব কাটে দিনরাত হে॥

স্বপনসম মিলাবে যদি কেন গো দিলে চেতনা—

চকিতে শ্ব্লু দেখা দিয়ে চিরমরমবেদনা,

আপনা-পানে চাহি শ্ব্লু নয়নজলপাত হে॥

পরশে তব জীবন নব সহসা যদি জাগিল

কেন জীবন বিফল কর— মরণশর্ষাত হে॥

অহৎকার চ্র্লু করো, প্রেমে মন প্র্লু করো,

সদয় মন হরণ করি রাখো তব সাথ হে॥

#### 940

তুমি ছেড়ে ছিলে, ভূলে ছিলে বলে হেরো গো কী দশা হয়েছে — মালন বদন, মালন হদয়, শোকে প্রাণ ভূবে রয়েছে॥ বিরহীর বেশে এসোছ হেথায় জানাতে বিরহবেদনা; দরশন নেব তবে চলে যাব, অনেক দিনের বাসনা॥ নাথ নাথ' বলে ডাকিব ভোমারে, চাহিব হৃদয়ে রাখিতে— কাতর প্রাণের রোদন শর্নিলে আর কি পারিবে থাকিতে? ও অমৃতর্প দেখিব যথন মৃছিব নয়নবারি হে— আর উঠিব না, পাড়িয়া রহিব চরণতলে ভোমারি হে॥

#### OZK

অসীম আকাশে অগণা কিরণ, কত গ্রহ উপগ্রহ কত চন্দ্র তপন ফিরিছে বিচিত্র আলোক জনালায়ে— তুমি কোথার, তুমি কোথার॥ হায় সকলই অন্ধকার— চন্দ্র, স্ক্র্র, সকল কিরণ, আধার নিখিল বিশ্বজগত। তোমার প্রকাশ হদরমাঝে স্ক্রের মোর নাথ-মধ্র প্রেম-আলোকে তোমারি মাধ্রী তোমারে প্রকাশে॥

#### 022

চরণধর্নন শানি তব, নাথ, জীবনতীরে কত নীরব নির্দ্ধনে কত মধ্যুমানিঃ। গগনে গ্রহতারাচয় অনিমেষে চাহি রয়, ভাবনাস্রোত হদয়ে বয় ধীরে একান্তে ধীরে॥ চাহিয়া রহে আঁখি মম তৃষ্ণাভুর পাখ্যিম, শ্রবণ রয়েছি মেলি চিত্তগভীরে— কোন্ শভেপ্রাতে দাঁড়াবে হুদিমাঝে, ভূলিব সব দৃঃখ সূখ ভূবিয়া আনন্দনীরে॥

#### 800

শ্না হাতে ফিরি, হে নাথ, পথে পথে— ফিরি হে দ্বারে দ্বারে চিরভিশারি হাদি মম নিশিদিন চাহে কারে ॥
চিত্ত না শান্তি জ্বানে, তৃকা না তৃপ্তি মানে—যাহা পাই তাই হারাই, ভাসি অগ্রন্থারে ॥
সকল ষাত্রী চলি গেল, বহি গেল সব বেলা,
আসে তিমির্যামিনী, ভাঙিয়া গেল মেলা—
কত পথ আছে বাকি, যাব চলি ভিক্ষা রাখি,
কোথা জ্বলে গ্রপ্রদীপ কোন্ সিক্ক্পারে॥

## 805

হদয়বেদনা বহিয়া, প্রভু, এসেছি তব দ্বারে।
তুমি অন্তর্যামী হদয়ন্দ্রামী, সকলই জানিছ হে—
যত দঃখ লাজ দারিদ্রা সকট আর জানাইব কারে॥
অপরাধ কত করেছি, নাথ, মোহপাশে পড়ে—
তুমি ছাড়া, প্রভু, মার্জনা কেহ করিবে না সংসারে॥
সব বাসনা দিব বিসর্জন তোমার প্রেমপাথারে,
সব বিরহ বিচ্ছেদ ভূলিব তব মিলন-অমৃতধারে।
আর আপন ভাবনা পারি না ভাবিতে, তুমি লহো মোর ভার—
পরিপ্রান্ত জনে, প্রভু, লরে বাও সংসারসাগরপারে॥

# 808

কেন ভাগে না, জাগে না অবশ পরাননিশিদন অচেতন ধ্লিশয়ান॥
জাগিছে ভারা নিশীথ-আকাশে,
জাগিছে শত অনিমেষ নয়ান॥
বিহণ গাহে বনে ফ্টে ফ্লরাশি,
চন্দ্রমা হাসে স্থাময় হাসি—
তব মাধ্রী কেন জাগে না প্রাণে?
কেন হোর না তব প্রেমবয়ান॥
পাই জননীর অ্যাচিত য়েহ,
ভাই ভাগনী মিলি মধ্ময় গেহ,
কত ভাবে সদা ভূমি আছ হে কাছে,
কেন করি ভোমা হতে দ্রে প্রয়াণ॥

যাদের চাহিয়া তোমারে ভুলেছি তারা তো চাহে না আমারে: তারা আসে, তারা চলে যায় দ্রে, ফেলে যায় মর্-মাঝারে॥ দ্বিদনের হাসি দ্বিদনে ফ্রায়, দীপ নিভে যায় আঁধারে: কে রহে তখন ম্ছাতে নয়ন, ডেকে ডেকে মরি কাহারে॥ যাহা পাই তাই ঘরে নিয়ে ষাই আপনার মন ভূলাতে—শেষে দেখি হায় সব ভেঙে যায়, ধ্লা হয়ে যায় ধ্লাতে। স্থের আশার মরি পিপাসায় ভূবে মরি দ্খপাথারে—রবি শশী তারা কোথা হয় হারা, দেখিতে না পাই তোমারে॥

#### 808

আমি জেনে শানে তব্ ভূলে আছি, দিবস কাটে বৃথায় হে
আমি যেতে চাই তব পথপানে, কত বাধা পায় পায় হে॥
চারি দিকে হেরো ঘিরিছে কারা, শত বাঁধনে জড়ায় হে
আমি ছাড়াতে চাহি, ছাড়ে না কেন গো, ডুবায়ে রাখে মায়ায় হে॥
দাও ভেঙে দাও এ ভবের সাখ, কাজ নেই এ খেলায় হে।
আমি ভূলে থাকি যত অবোধের মতো বেলা বহে তত যায় হে॥
হানো তব বাজ হদয়গহনে, দাখানল জন্মলো তায় হে
নয়নের জলে ভাসায়ে আমারে সে জল দাও মাছায়ে হে॥
শানা করে দাও হদয় আমার, আসন পাতো সেথায় হে
তুমি এসো এসো, নাথ হয়ে বোসো, ভূলো না আর আমায় হে॥

#### 804

নয়ান ভাসিল জলে—
শ্ন্য হিয়াতলে ঘনাইল নিবিড় সজল ঘন প্রসাদপবনে,
জাগিল রজনী হর্ষে হর্ষে রে॥
তাপহরণ তৃষিতশরণ জয় তাঁর দয়া গাও রে।
জাগো রে আনন্দে চিতচাতক জাগো—
মৃদ্ মৃদ্ মধ্ মধ্ প্রেম বর্ষে বর্ষে রে॥

#### 804

হিংসার উদ্মন্ত পৃথ্বী, নিত্য নিঠ্র দ্বন্ধ:
ঘোর কুটিল পন্থ তার, লোভজটিল বন্ধ॥
নৃতন তব জন্ম লাগি কাতর যত প্রাণী
কর গ্রাণ মহাপ্রাণ, আন অমৃতবাণী,
বিকশিত কর প্রেমপন্ম চিরমধ্নিষ্যান্দ।

শাস্ত হে, মৃক্ত হে, হে অনন্তপ্ণা, कत्वाधन, धत्वीएम कत्र कमक्ष्म्ना॥ এস দানবীর, দাও ত্যাগকঠিন দীক্ষা। মহাভিক্স, লও সবার অহৎকারভিকা। লোক লোক ভূল্ক শোক, খণ্ডন কর মোহ, উল্লেখ্য হোক জ্ঞানসূর্য-উদয়সমারোহ-প্রাণ লভুক সকল ভুবন, নয়ন লভুক অন্ধ। শান্ত হে, মৃক্ত হে, হে অনন্তপ্ণা, কর্ণাঘন, ধরণীতল কর কুলব্দানা। ক্রন্দনময় নিখিলহুদয় তাপদহনদীপ্ত বিষয়বিষবিকারজীর্ণ খিল্ল অপরিভৃপ্ত। দেশ দেশ পরিল তিলক রক্তকল্যগ্রানি, তব মঙ্গৰাণ্য আন তব দক্ষিণপাণি— তব শ্ভসঙ্গীতরাগ, তব স্ফের ছন্দ। শান্ত হে, মৃক্ত হে, হে অনন্তপুণা, কর্ণাঘন, ধরণতিল কর কলব্দ্নায়

#### 809

অনেক দিয়েছ নাথ
আমায় অনেক দিয়েছ নাথ,
আমায় বাসনা তব্ব প্রিল না—
দীনদশা ঘ্চিল না, অগ্রুবারি ম্ছিল না,
গভীর প্রাণের ত্যা মিটিল না, মিটিল না॥
দিয়েছ জীবন মন, প্রাণপ্রিয় পরিজন,
স্থালিছ সমীরণ, নীলকান্ত অন্বর, শামশোভা ধরণী।
এত যদি দিলে, স্থা, আরো দিতে হবে হে—
তোমারে না পেলে আমি ফিরিব না, ফিরিব না॥

#### 804

তব অমল পরশরস, তব শীতল শান্ত প্ৰাকর অন্তরে দাও। তব উল্ভান জ্যোতি বিকাশি হদরমধ্যে মন্ন চাও॥ তব মধ্মর প্রেমরসস্করস্পরে জীবন ছাও। জ্ঞান ধ্যান তব, ভক্তি-অমৃত তব, শ্রী আনন্দ জাগাও॥

#### 802

বীণা বাজ্ঞাও হে মম অন্তরে॥ সন্ধনে বিজনে, বন্ধু, সংখে দৃংখে বিপদে— আনন্দিত তান শুনাও হে মম অন্তরে॥

শান্তি করো বরিষন নীরব ধারে, নাথ, চিন্তমাকে সূথে দুখে সব কাজে, নির্জনে জনসমাজে॥ উদিত রাখো, নাথ, তোমার প্রেমচন্দ্র অনিমেষ মম লোচনে গভীরতিমিরমাঝে॥

# 855

হে সখা, মম হৃদয়ে রহো।
সংসারে সব কাজে ধ্যানে জ্ঞানে হৃদয়ে রহো॥
নাথ, তুমি এসো ধীরে স্থ-দ্থ-হাসি-নয়ননীরে,
লহো আমার জীবন ঘিরে—
সংসারে সব কাজে ধ্যানে জ্ঞানে হৃদয়ে রহো॥

# 852

লহো লহো তুলি লও হে ভূমিতল হতে ধ্লিম্লান এ পরান--রাখো তব কৃপাচোথে, রাখো তব ক্লেহকরতলে। রাখো তারে আলোকে, রাখো তারে অম্তে, রাখো তারে নিয়ত কল্যাণে, রাখো তারে কৃপাচোখে, রাখো তারে ক্লেহকরতলে॥

#### 820

চিরস্থা, ছেড়ো না মোরে ছেড়ো না। সংসারগহনে নির্ভায়নির্ভার, নির্ভানসন্ধনে সঙ্গে রহো॥ অধনের হও ধন. অনাথের নাথ হও হে, অবলের বল। জরাভারাতুরে নবীন করো ওহে সুধাসাগর॥

#### 828

শ্বামী, তুমি এসো আজ অন্ধবার হদরমাঝ পাপে শ্বান পাই লাজ, ডাকি হে তোমারে॥
ফলন উঠিছে প্রাণে, মন শান্তি নাহি মানে,
পথ তব্ নাহি জানে আপন আঁখারে॥
ধিক ধিক জনম মম, বিফল বিষয়প্রম—
বিফল ক্ষণিক প্রেম ট্টিয়া ধার বারবার।
সন্তাপে হদর দহে, নয়নে অপ্র্বারি বহে,
বাড়িছে বিষয়পিপাসা বিষম বিষ্বিকারে॥

হার কে দিবে আর সান্ত্রা।
সকলে গিরেছে হে, তুমি বেরো না—
চাহো প্রসম নরনে, প্রভূ, দীন অধীন জনে॥
চারি দিকে চাই, হেরি না কাহারে।
কেন গেলে ফেলে একেলা আঁধারে—
হেরো হে শ্না ভূবন মম॥

# 826

আর কত দ্বে আছে সে আনন্দধাম।
আমি প্রান্ত, আমি অরু, আমি পথ নাহি স্থানি॥
রবি বার অন্তাচলে, আধারে ঢাকে ধরণী—
করো কৃপা অনাথে হে বিশ্বজনজনলী॥
অত্প্র বাসনা লাগি ফিরিরাছি পথে পথে—
ব্থা খেলা, ব্থা মেলা, ব্থা বেলা গেল বহে।
আজি সন্ধ্যাসমীরণে লহে। লাভিনিকেতনে,
প্রেহকরপরশনে চিরশান্তি দেহে। আনি॥

# 839

কামনা করি একান্তে হউক বর্রীবত নিখিল বিদ্ধে সূখ শাভি॥ পাপতাপ হিংসা শোক পাসরে সকল লোক, সকল প্রাণী পার ক্ল সেই তব তাপিত্সরণ অভরচরণপ্রাত্তে॥

#### 874

নাথ হে, প্রেমপথে সব বাধা ভাভিরা পাও। মাঝে কিছু রেখো না, রেখো না— থেকো না, থেকো না দ্রেথ নির্জানে সঞ্জনে অন্তরে বাহিরে নিতা তোমারে হেরিব॥

# 827

প্রণ-আনন্দ প্রথমস্তর্পে হাদরে এসো, এসো মনোরস্কান॥ আলোকে আঁধার হউক চ্প্ অমতে মৃত্যু করে। প্র্প, করো গভীরদারিদ্রাভঞ্জন।। সকল সংসার দাঁড়াবে সরিয়া তুমি হৃদয়ে আসিছ দেখি— জ্যোতির্মার তোমার প্রকাশে শশী তপন পায় লাজ, সকলের তুমি গর্বগঞ্জন।।

# 840

সংশয়তিমিরমাঝে না হেরি গতি হে।
প্রেম-আলোকে প্রকাশো জগপতি হে॥
বিপদে সম্পদে থেকো না দ্রে, সতত বিরাজো হৃদয়প্রে—
তোমা বিনে অনাথ আমি অতি হে॥
মিছে আশা লয়ে সতত প্রান্ত, তাই প্রতিদিন হতেছি প্রান্ত,
তব্ চন্দল বিষয়ে মতি হে—
নিবারো নিবারো প্রাণের ক্রম্পন, কাটো হে কাটো হে এ মায়াবন্ধন,
রাখো রাখো চরণে এ মিনতি হে॥

# 843

নিশিদিন মোর পরানে প্রিয়তম মম কত-না বেদনা দিয়ে বারতা পাঠালে॥ ভরিলে চিত্ত মম নিতা তুমি প্রেমে প্রাণে গানে হায় থাকি আড়ালে॥

# 822

আছ অন্তরে চিরদিন, তব্ কেন কাদি?
তব্ কেন হৈরি না তোমার জ্যোতি,
কেন দিশাহারা কন্ধকারে।
অক্লের ক্ল তুমি আমার,
তব্ কেন ভেসে বাই মরণের পারাবারে।
আনক্দেন বিভূ, তুমি বার দ্বামী
সে কেন ফিরে পথে গারে দ্বারে।

# 820

এ মোহ-আবরণ খ্লে দাও, দাও হে॥ স্ন্দর ম্খ তব দেখি নয়ন ভরি, চাও হৃদয়মাঝে চাও হে॥

ডাকিছ কে তুমি তাপিত জনে তাপহরণ শ্বেহকোলে॥
নয়নর্সাললে ফুটেছে হাসি,
ডাক শ্বনে সবে ছুটে চলে তাপহরণ শ্বেহকোলে॥
ফিরিছে যারা পথে পথে, ডিক্ষা মাগিছে নারে নারে
শ্বনেছে তাহারা তব কর্ণা—
দ্খীজনে তুমি নেবে ভূলে তাপহরণ শ্বেহকোলে॥

# 824

আজি নাহি নাহি নিদ্রা আঁখিপাতে।
তোমার ভবনতলে হৈরি প্রদীপ জনলে,
দ্রে বাহিরে তিমিরে আমি জাগি জোড়হাতে॥
চন্দন ধর্নিছে পথহারা প্রনে,
রজনী মৃহ্গিত বিদ্যুত্থাতে।
হার খোলো হৈ হার খোলো—
প্রভু, করো দরা, দেহো দেখা দ্বরাতে॥

# 884

তিমিরবিভাবরী ক'টে কেমনে
জীগ ভবনে, শ্না জীবনে—
হদর শ্কাইল প্রেম বিহনে॥
গহন জাধার কবে প্লেকে প্র্বিহবে
ওবে আনন্দমর, তোমার বীণারবে—
প্রিবে প্রানে তব স্থান্ধ বসস্তপ্রনে॥

# 8 2 9

অম্তের সাগরে আমি বাব বাব রে,

তৃকা জর্লিছে মোর প্রশে।

কোথা পথ বলো হে বলো, বাখার বাখী হে—
কোথা হতে কলধর্নি আসিছে কানে।

# 824

কার মিলন চাও বিরহী— তীহারে কোখা খ্রিছ ডব-অরশ্যে কুটিল জটিল গছনে খারিস্খহীন ওরে মন॥ দেখো দেখো রে চিত্তকমলে চরণপশ্ম রাজে—হার। অমৃতজ্যোতি কিবা স্মুন্দর ওরে মন॥

# 852

তোমা লাগি, নাথ, জাগি জাগি হে— সূথ নাই জীবনে তোমা বিনা॥ সকলে চলে যায় ফেলে চিরশরণ হে— তুমি কাছে থাকো সূথে দুখে নাথ, পাপে তাপে আরু কেহ নাহি॥

#### 800

মোরে বারে বারে ফিরালে।
প্জাফ্ল না ফ্টিল দুর্খনিশা না ছ্টিল,
না ট্টিল আবরণ॥
জীবন ভরি মাধ্রী কী শ্ভলগনে জাগিবে?
নাথ ওহে নাথ, তবে লবে তন্তুমন ধন॥

#### 802

কোথা হতে বাজে প্রেমবেদনা রে! ধীরে ধীরে বুঝি অন্ধকারঘন হদর-অঙ্গনে আসে সখা মম॥ সকল দৈনা তব দরে করো ওরে, জাগো সুখে ওরে প্রাণ। সকল প্রদীপ তব জনলো রে, জনালো রে— ডাকো আকুল স্বরে 'এসো হে প্রিরতম'॥

# 802

নিকটে দেখিব তোমারে করেছি বাসনা মনে।
চাহিব না হে, চাহিব না হে দ্রদ্রান্তর গগনে॥
দেখিব তোমারে গৃহমাঝারে জননীক্ষেহে, ভ্রাতৃপ্রেমে,
শত সহস্র মঙ্গলবন্ধনে॥
হেরিব উৎসবমাঝে, মঙ্গলকাজে,
প্রতিদিন হেরিব জীবনে।
হেরিব উভজনল বিমল মুর্ভি তব শোকে দ্বংখে মরণে।
হেরিব সজনে নরনারীমুখে, হেরিব বিজনে বিরলে হে
গভীর অন্তর-আসনে॥



তোমার দেখা পাব বলে এসেছি-বে সখা!
শন প্রিয়তম হে, কোথা আছ শন্কাইয়ে—
তব গোপন বিজন গৃহে লয়ে যাও॥
দেহো গো সরায়ে তপন তারকা,
আবরণ সব দ্ব করো হে, মোচন করো তিমির—
জগৎ-আড়ালে থেকো না বিরলে,
লন্কারো না আপনারি মহিমা-মাঝে—
তোমার গৃহের বার খুলে দাও॥

#### 808

ঘোর দ্ঃথে জাগিন, ঘনঘোরা বামিনী একেলা হার রে— তোমার আশা হারারে॥ ভোর হল নিশা, জাগে দশ দিশা— আছি ঘারে দাঁড়ারে উদয়পথপানে দুই বাহ্ বাড়ারে॥

#### 804

এ পরবাসে রবে কে হায়! কে রবে এ সংশরে সন্তাপে শোকে॥ হেথা কে রাখিবে দ্বভরসংকটে— তেমন আপন কেহ নাহি এ প্রান্তরে হায় রে॥

#### 800

এখনো আঁধার রয়েছে হে নাথ— এ প্রাণ দীন মলিন, চিত অধীর, সব শ্নামর॥ চারি দিকে চাহি, পথ নাহি নাছি— শান্তি কোথা, কোথা আলর? কোথা ভাগহারী পিপাসার বারি— হদরের চির-আগ্রয়॥

#### 809

ব্যাকৃষ্ণ প্রাণ কোথা স্কৃত্রে ফিল্লে— ভাকি লহো, প্রভূ, তব ভবনমাঝে: ভবগারে স্থাসিষ্ট্তীরে ॥

শ্না প্রাণ কাঁদে সদা, 'প্রাণেশ্বর, দীনবন্ধ্য, দর্যাসন্ধ্য, প্রেমবিন্দ্য কাতরে করো দান। কোরো না, সখা, কোরো না চিরনিম্ফল এই জীবন। প্রভু, জনমে মরণে তুমি গতি, চরণে দাও স্থান।'

## 802

স্থহীন নিশিদিন পরাধীন হয়ে প্রমিছ দীনপ্রাণে।
সতত হায় ভাবনা শত শত, নিরত ভীত পীড়িত,
শির নত কত অপমানে॥
জানো না রে অধ-উধের্ব বাহির-অন্তরে
ঘেরি তোরে নিত্য রাজে সেই অন্তর-আশ্রয়।
তোলো আনত শির, তাজো রে ভরভার,
সতত সরলচিতে চাহো তারি প্রেমম্খপানে॥

#### 880

দূরে কোথায় দূরে দূরে
আমার মন বেড়ার গো ঘুরে ঘুরে।
যে বাঁশিতে বাডাস কাঁদে সেই বাঁশিটির সূরে সূরে॥
যে পথ সকল দেশ পারায়ে উদাস হয়ে যায় হারারে
সে পথ বেয়ে কাঙাল পরান যেতে চায় কোন্ অচিন পুরে॥

#### 882

পিপাসা হার নাহি মিটিল, নাহি মিটিল। গরলরসপানে জরজরপরানে মিনতি করি হে করজোড়ে, জন্ডাও সংসারদাহ তব প্রেমের অমাতে॥

# 888

দিন যায় রে দিন যায় বিষাদে—
স্বার্থকোলাহলে, ছলনায়, বিফলা বাসনায়॥
এসেছ ক্ষণতরে, ক্ষণপরে যাইবে চলে,
জনম কাটে বৃথায় বাদবিবাদের কুমন্যণায়॥

তোমা-হীন কাটে দিবস হে প্রস্তু, হার তোমা-হীন মোর স্বপন জাগরণ— কবে আসিবে হিরামাঝারে।

# 888

বর্ষ গেল, বৃথা গেল, কিছুই করি নি হার—
আপন শ্ন্যতা লয়ে জীবন বহিরা ধার॥
তব্ তো আমার কাছে নব রবি উদিরাছে,
তব্ তো জীবন ঢালি বহিছে নবীন বার॥
বহিছে বিমল উবা তোমার আশিসবাণী,
তোমার কর্ণাস্থা হদরে দিতেছে আনি।
রেখেছ জগতপ্রে, মোরে তো ফেল নি দ্রে,
অসীম আশ্বাসে তাই প্লেকে শিহরে কার॥

# 884

কেমনে ফিরিরা বাও না দেখি তাঁহারে!
কেমনে জীবন কাটে চির-অন্ধকারে॥
মহান জগতে থাকি বিসমর্যবিহীন আখি,
বারেক না দেখ তাঁরে এ বিশ্বমাঝারে॥
যতনে জাগায়ে জ্যোতি ফিরে কোটি স্ব্লোক,
তুমি কেন নিভারেছ আত্মার আলোক?
তাঁহার আহ্মনরবে আনন্দে চলিছে সবে,
তুমি কেন বসে আছ ক্মু এ সংসারে॥

## 885

কে বসিলে আজি হৃদরাসনে ভূবনেশ্বর প্রভূ, জাগাইলৈ অনুপম স্কর শোভা হে হৃদরেশ্বর ম সহসা ফ্টিল ফ্লমঞ্চরী শ্কানো তর্তে, পাষাণে বহে স্থাধারা ম

## 889

অসীম কালসাগরে ভূবন ভেসে চলেছে। অম্তভবন কোথা আছে তাহা কে জানে॥

# त्रवीनप्र-ब्राज्ञावनी

হেরো আপন হৃদয়মাঝে ছুবিয়ে, এ কি শোভা! অমৃতময় দেবতা সতত বিরাজে এই মন্দিরে, এই সুখানিকেতনে॥

## 888

ইচ্ছা যবে হবে লইরো পারে,
প্রাকুস্মে রচিয়া অঞ্চলি
আছি রসে ভবসিদ্ধ-কিনারে॥
যত দিন রাখ তোমা মুখ চাহি
ফ্লেমনে রব এ সংসারে॥
ডাকিবে বর্খান তোমার সেবকে
দ্রত চলি যাইব ছাড়ি সবারে॥

## 885

শুদ্র আসনে বিরাজ অর্ণছটামাঝে, নীলাম্বরে ধরণী পরে কিবা মহিমা তব বিকাশিল ॥ দীপ্ত সূর্য তব ম্কুটোপরি, চরণে কোটি তারা মিলাইল, আলোকে প্রেমে আনন্দে সকল জগত বিভাসিল॥

#### 840

পেরেছি অভয়পদ, আর ভয় কারে—
আনন্দে চলেছি ভবপারাবারপারে॥
মধ্র শীতল ছায় শোক তাপ দ্রে যায়,
কর্ণাকিরণ তাঁর অর্ণ বিকাশে।
জীবনে মরণে আর কভু না ছাড়িব তাঁরে॥

## 845

শনেছে তোমার নাম অনাথ আতুর জনএসেছে তোমার দ্বারে, শ্না ফেরে না যেন॥
কাঁদে ধারা নিরাশায় আঁথি যেন মুছে ধায়,
যেন গো অভয় পায় গ্রাসে-কন্পিত মন॥
কত শত আছে দীন অভাগা আলয়হীন,
শোকে জীর্ণ প্রাণ কত কাঁদিতেছে নিশিদিন।
পাপে ধারা ভূবিয়াছে ধাবে তারা কার কাছে—
কোথা হায় পথ আছে, দাও তারে দরশন॥

সতা মঙ্গল প্রেমময় তুমি, প্র্বজ্যোতি তুমি অন্ধলরে।
তুমি সদা বার হদে বিরাজ দ্বজ্বলা সেই পাশরে—
সব দ্বজ্বলা সেই পাশরে॥
তোমার জ্ঞানে তোমার ধ্যানে তব নামে কত মাধ্রী
ধই ভকত সেই জানে,
তুমি জানাও বারে সেই জানে।
ওহে তুমি জানাও বারে সেই জানে ॥

## 840

চিরবন্ধ, চিরনিভার, চিরশান্তি
তুমি হৈ প্রভু—
তুমি চিরমঙ্গল সাধা হে তোমার জগতে,
চিরসঙ্গী চিরজীবনে।
চিরপ্রীতিস্থানিঝার তুমি হে হদয়েশ—
তব জরসঙ্গীত ধ্যনিছে তোমার জগতে
চিরদিবা চিররজনী।।

## 848

বাঁচান বাঁচি, মারেন মরি—
বলা ভাই ধনা হরি॥
ধনা হরি ভবের নাটে, ধনা হরি রাজ্যপাটে,
ধনা হরি শমশানঘাটে, ধনা হরি, ধনা হরি।
সুখা দিরে মাতান যখন ধনা হরি, ধনা হরি।
বাধা দিরে কাঁদান যখন ধনা হরি, ধনা হরি।
আত্যাজনের কোলে বুকে ধুনা হরি হাসিম্থে,
ছাই দিরে সব ঘরের সুখে ধনা হরি, ধনা হরি॥
আপনি কাছে আসেন হেসে ধনা হরি, ধনা হরি।
ফিরিয়ে বেড়ান দেশে দেশে ধনা হরি, ধনা হরি।
ধনা হরি ভলে জলে, ধনা হরি ফুলে ফলে,
ধনা হরি ফ্লে জলে,

#### 846

সংসারে কোনো ভর নাহি নাহি— ভরে ভরচণাল প্রাণ, জীবনে মরণে সবে ররেছি তাঁহারি বারে। অভয়শৃত্থ বাজে নিখিল অম্বরে স্কান্তীর, দিশি দিশি দিবানিশি স্বথে শোকে লোক-লোকান্তরে॥

## 844

শক্তিরূপ হেরো তার, আনিক্ত, অতক্ষিত, ভূলোকে ভূবলোকে-বিশ্বকাজে, চিত্তমাঝে দিনে রাতে॥ कारमा द्र कारमा कारमा. উৎসাহে উল্লাসে— পরান বাঁধো রে মরণহরণ প্রমশক্তি-সাথে ৷ শ্রান্তি অলস বিষাদ বিলাস দ্বিধা বিবাদ দ্র করো রে। চলো রে— চলো রে কল্যাণে. চলো রে অভয়ে চলো রে আলোকে, ठतना वतन। দুখ শোক পরিহরি মিলো রে নিখিলে নিখিলনাথে ॥

#### 849

গ্রান্ত কেন ওহে পান্ধ, পথপ্রান্তে বসে একি খেলা!
আজি বহে অম্তসমীরণ, চলো চলো এইবেলা॥
তাঁর শ্বারে হৈরো হিভূবন দাঁড়ায়ে,
সেথা অনস্ত উৎসব জাগে,
সকল শোভা গন্ধ সঙ্গীত আনন্দের মেলা॥

#### 868

গাও বীণা— বীণা, গাও রে।
অমৃত্যধ্র তাঁর প্রেমগান মানব-সবে শ্নাও রে।
মধ্র তানে নীরস প্রাণে মধ্র প্রেম জাগাও রে॥
ব্যথা দিরো না কাহারে, ব্যথিতের তরে পাষাণ প্রাণ কাঁদাও রে।
নিরাশেরে কহো আশার কাহিনী, প্রাণে নব বল দাও রে।
আনন্দময়ের আনন্দ-আলয় নব নব তানে ছাও রে।
পড়ে থাকো সদা বিভূর চরণে, আপনারে ভূলে বাও রে॥

কে রে ওই ডাকিছে,
স্নেহের রব উঠিছে জগতে জগতে—
তোরা আর আর আর আর আর॥
তাই আনন্দে বিহঙ্গ গান গার,
প্রভাতে সে স্থাম্বর প্রচারে।
বিষাদ তবে কেন, অগ্রু বহে চোখে,
শোককাতর আকুল কেন আজি!
কেন নিরানন্দ, চলো সবে বাই—
গ্রেণ হবে আশা॥

# 840

মন্দিরে মম কে আসিলে হে!
সকল গলন অমৃত্যগন,
দিশি দিশি গেল মিশি অমানিশি দ্রে দ্রে॥
সকল দ্রার আপনি খ্লিল,
সকল প্রাপি আপনি জ্লিল,
সব বীণা বাজিল নব নব স্রে স্রে॥

## 847

একি কর্ণা কর্ণামর!
হদয়শতদল উঠিল ফ্টি অমল কিরণে তব পদতলে॥
অন্তরে বাহিরে হেরিন্ তোমারে লোকে লোকে লোকান্তরে—
অধারে অলোকে স্থে দ্ধে হেরিন্ হে
লেহে প্রেম জগতময় চিত্তময়॥

## 845

পেয়েছি সন্ধান তব অন্তর্যামী, অন্তরে দেখেছি ভোমারে।
চকিতে চপল আলেকে, হদরশতদলমাঝে,
হোরন্ একি অপর্প র্প॥
কোথা ফিরিতেছিলাম পথে পথে ছারে ছারে
মাতিয়া কলরবে—
সহসা কোলাহলমাঝে শ্নেছি তব আহন্তন,
নিভ্তহদরমাঝে
মধ্রে গভীর শাস্ত বাণী॥

আমার হৃদয়সম্দ্রতীরে কে তুমি দাঁড়ারে!
কাতর পরান ধার বাহ্ম বাড়ারে॥
হৃদয়ে উথলে তরঙ্গ চরণপরশের তরে,
তারা চরণিকরণ লয়ে কাড়াকাড়ি করে॥
মেতেছে হৃদয় আমার, ধৈরজ না মানে—
তোমারে ছেরিতে চায়, নাচে সঘনে॥
সখা. ওইখেনেতে থাকো তুমি, বেয়ো না চলে—
আজি হৃদয়সাগরের বাধ ভাঙি সবলে।
কোথা হতে আজি প্রেমের পবন ছ্টেছে,
আমার হৃদয়ে তরঙ্গ কত নেচে উঠেছে।
তুমি দাঁড়াও, তুমি যেয়ো না—
আমার হৃদয়ে তরঙ্গ আজি নেচে উঠেছে॥

## 868

জননী, তোমার কর্ণ চরণখানি হেরিন্ব আজি এ অর্ণকিরণর্পে॥ জননী, তোমার মরণহরণ বাণী নীরব গগনে ভরি উঠে চুপে চুপে॥ তোমারে নাম হে সকল ভ্বনমাঝে, তোমারে নাম হে সকল জীবনকাজে, তন্মন ধন করি নিবেদন আজি ভক্তিপাবন তোমার প্জার ধ্পে। জননী, তোমার কর্ণ চরণখানি হেরিন্ব আজি এ অর্ণকিরণর্পে॥

## 844

তিমিরদ্যার খোলো— এসো, এসো নীরবচরণে।
জননী আমার, দাঁড়াও এই নবীন অর্ণকিরণে॥
প্ণাপরশপ্লকে সব আলস যাক দ্রে।
গগনে বাজ্বক বীণা জগত-জাগানো স্রে।
জননী, জীবন জ্ড়াও তব প্রসাদস্ধাসমীরণে।
জননী আমার, দাঁড়াও মম জ্যোতিবিভাসিত নরনে॥

#### 866

তুমি জাগিছ কে! তব আখিজ্যোতি ভেদ করে সঘন গহন তিমিররাতি॥ চাহিছ হৃদরে অনিমেব নরনে,
সংশয়চপল প্রাণ কম্পিত গ্রাসে॥
কোথা ল্কোব তোমা হতে স্বামী—
এ কলম্পিত জীবন ভূমি দেখিছ, জানিছ—
প্রভূ, ক্ষমা করো হে।
তব পদপ্রান্তে বসি একাতে দাও কাঁদিতে আমার,
আর কোথা ষাই॥

969

আজি শৃত শৃত্র প্রাতে কিবা শোভা দেখালে
শাভিলোক জ্যোতিলোক প্রকাশি।
নিখিল নীল অম্বর বিদারিরা দিক্দিগত্তে
আবরিরা রবি শশী তারা
পুণ্যমহিমা উঠে বিভাসি॥

# 867

ভক্তক্ষিবিকাশ প্রাণবিমোহন
নব নব তব প্রকাশ নিত্য নিত্য চিত্তগগনে হুদীশ্বর॥
কভু মোছবিনাশ মহার্যুক্তনালা,
কভু বিরাজ ভরহর শান্তিস্থাকর॥
চণ্ডল হর্যশোকসম্কুল কল্লোল'পরে
ছির বিরাজে চির্নিন মঙ্গল তব র্প।
প্রেমম্তি নির্শম প্রকাশ করো নাথ হে,
ধ্যাননরনে পরিপ্রে র্প তব স্ক্রের॥

## 862

বাণী তব ধার অনস্ত গগনে লোকে লোকে, তব বাণী গ্রহ চন্দ্র দীপ্ত তপন তারা॥ সূখ দৃখে তব বাণী, জনম মরণ বাণী তোমার, নিভ্ত গভীর তব বাণী ভক্তস্বরে শান্তিধারা॥

# 890

প্রথম আদি তব শক্তি— আদি পরমোক্ষরেল ক্ষ্যোতি তোমারি হৈ গগনে গগনে॥ তোমার আদি বাণী বহিছে তব আনন্দ, ক্ষাগিছে নব নব রসে হাদরে মনে॥ তোমার চিদাকাশে ভাতে স্রয় চন্দ্র তারা, প্রাণতরক উঠে পবনে। তুমি আদিকবি, কবিগ্রু তুমি হে, মন্দ্র তোমার মন্দ্রিত সব ভূবনে॥

## 895

# 892

হে মহাপ্রবল বলী,
কত অসংখ্য গ্রহ তারা তপন চন্দ্র
ধারণ করে তোমার বাহ্
নরপতি ভূমাপতি হে দেববন্দ্য।
ধন্য ধন্য তুমি মহেশ, ধন্য, গহে সর্ব দেশ—
স্বর্গে মর্ত্যে বিশ্বলোকে এক ইন্দু॥
অন্ত নাহি জানে মহাকাল মহাকাশ,
গীতছন্দে করে প্রদক্ষিণ।
তব অভ্যাচরণে শর্মাগত দীনহীন,
হে রাজা বিশ্ববন্ধ।

## 890

জগতে তুমি রাজা, অসীম প্রতাপ—
হদরে তুমি রদরনাথ হদরহরণর প॥
নীলাম্বর জ্যোতিখচিত চরণপ্রান্তে প্রসারিত,
ফিরে সভরে নিরমপথে অনস্তলোক॥
নিভ্ত হদরমাঝে কিবা প্রসম্ম মুখছেবি
প্রেমপরিপ্রণ মধ্র ভাতি।
ভকতহদরে তব কর্ণারস সতত বহে,
দানজনে সতত করে। অভয় দান॥

## 898

তুমি ধন্য ধনা হে, ধনা তব প্রেম, ধন্য তোমার জগতরচনা।। একি অম্তরতে চন্দ্র বিকাশিলে,
এ সমীরণ প্রিরলে প্রাণহিল্পোলা।
একি প্রেমে তুমি ফ্ল ফ্টাইলে,
কুস্মবন ছাইলে শ্যাম পল্লবে॥
একি গভীর বাণী শিখালে সাগরে,
কী মধ্গীতি তুলিলে নদীকলোলে!
একি ঢালিছ স্থা মানবহদেরে,
ভাই হদর গাইছে প্রেম-উল্লাসে॥

#### 894

তাহারে আরতি করে চন্দ্র তপন, দেব মানব বন্দে চরণ—
আসীন সেই বিশ্বশরণ তাঁর জগতমন্দিরে॥
অনাদিকাল অনস্তগগন সেই অসীম-মহিমা-মগন—
তাহে তরক উঠে সঘন আনন্দ-নন্দ রে॥
হাতে লয়ে ছয় বাতুর ডালি পায়ে দেয় ধরা কুস্ম ঢালি—
কতই বরন, কতই গদ্ধ কত গতি কত ছল্দ রে॥
বিহগগতি গগন ছায়—জলদ গায়, জলধি গায়—
মহাপবন হরবে ধায়, গাহে গিয়িরকন্দরে।
কত কত শত ভকতপ্রাণ হেরিছে প্লেকে, গাহিছে গান—
প্রণা কিরণে ফ্রিটছে প্রেম, ট্টিছে মোহবদ্ধ রে॥

## 896

আনন্দলোকে মঙ্গলালোকে বিরাজ সতাস্কর॥
মহিমা তব উন্তাসিত মহাগগনমাঝে,
বিশ্বজগত মণিভূষণ বেন্দিত চরণে॥
গ্রহতারক চন্দ্রতপন ব্যাকৃল প্রত বেগে
করিছে পান, করিছে শ্বান, অক্ষয় কিরণে॥
ধরণী'পর করে নিকরি, মোহন মধ্য শোভা
ফ্লপঙ্গর-গতিগন্ধ-স্কর-বরনে॥
বহে জাবন রক্তনীদিন চিরন্তনধারা,
কর্ণা তব অবিশ্রাম জনমে মরণে॥
ক্রে প্রেম দরা তক্তি কোমল করে প্রাণ,
কত সান্তুন করো বর্ষণ সন্তাপহরণে॥
জগতে তব কী মহোৎসব, কন্দন করে বিশ্ব
শ্রীসম্পদ ভূমাস্পদ নির্ভারণে।।

ওই রে তরী দিল খুলে।
তার বোঝা কে নেবে তুলে॥
সামনে যখন যাবি ওরে থাক্-না পিছন পিছে পড়ে—
পিঠে তারে বইতে গোল, একলা পড়ে রইলি ক্লে॥
ঘরের বোঝা টেনে টেনে পারের ঘটে রার্খলি এনে—
তাই যে তোরে বারে বারে ফিরতে হল, গোল ভুলে॥
ভাক্রে আবার মাঝিরে ডাক্, বোঝা তোমার যাক ভেসে যাকজীবনখানি উজাড করে সাপে দে তার চরণম্লে॥

## 894

আমি কী বলে করিব নিবেদন
আমার হৃদর প্রাণ মন॥

চিত্তে আসি দরা করি নিজে লহো অপহরি,
করো তারে আপনারি ধন—আমার হৃদর প্রাণ মন॥

শুধু ধ্লি, শুধু ছাই, মূল্য ধার কিছু নাই,
মূল্য তারে করো সমর্পণ স্পর্শে তব পরশ্রতন!
তোমারি গৌরবে ধবে আমার গৌরব হবে

সব তবে দিব বিসন্ধান—
আমার হৃদয় প্রাণ মন॥

## 428

সংসার যবে মন কেড়ে লয়, জাগে না ষথন প্রাণ,
তথনো, হে নাথ, প্রণমি তোমায় গাহি বসে তব গান॥
অন্তর্যামী, ক্ষমো সে আমার শ্না মনের ব্থা উপহার—
প্রপবিহীন প্রা-আয়োজন, ভক্তিবিহীন তান॥
ডাকি তব নাম শ্ব্বুক কপ্ঠে, আশা করি প্রাণপণে—
নিবিড় প্রেমের সরস বরষা বদি নেমে আসে মনে।
সহসা একদা আপনা হইতে ভরি দিবে তুমি তোমার অম্তে,
এই ভরসায় করি পদতলে শ্না হদয় দান॥

#### 840

ওহে জীবনবক্সত, ওহে সাধনদ্র্লাভ, আমি মর্মের কথা অন্তরব্যথা কিছুই নাহি কব— শ্ধ্য জীবন মন চরণে দিন্ ব্বিয়ার লহো সব। আমি কী আর কব।। এই সংসারপথসঞ্চট অতি কণ্টকময় হে,
আমি নীরবে ধাব হৃদয়ে লয়ে প্রেমম্রতি তব।
আমি কী আর কব॥
সূখ দৃখ সব ভুচ্ছ করিন্ প্রির অপ্রির হে—
তুমি নিজ হাতে ধাহা সাপিবে তাহা মাধার ভুলিয়া লব।
আমি কী আর কব॥
অপরাধ যদি করে থাকি পদে, না করো বদি ক্ষমা,
তবে পরানপ্রির, দিয়ো হে দিয়ো বেদনা নব নব।
তব্ ফেলো না দ্রে, দিবসশেষে ডেকে মিয়ো চরণে—
তুমি ছাড়া আর কী আছে আমার মৃত্যু-আধার ভব।
আমি কী আর কব॥

## 872

সবাই যারে সব দিতেছে তার কাছে সব দিরে ফেলি।
ক'বার আগে চাবার আগে আপনি আমায় দেব মেলি॥
নেবার বেলা হলেম ঋণী, ভিড় করেছি, ভয় করি নি—
এখনো ভয় করব না রে, দেবার খেলা এবার খেলি॥
প্রভাত তারি সোনা নিম্নে বেরিয়ে পড়ে নেচেকু'দে।
সন্ধ্যা তারে প্রণাম করে সব সোনা তার দেয় রে শ্ধে।
ফোটা ফ্লের আনন্দ রে ঝরা ফ্লেই ফলে ধরে—
আপনাকে, ভাই, ফ্রিরে-দেওয়া চুকিয়ে দে তুই বেলাবেলি॥

# 815

আমার যে সব দিতে হবে সে তো আমি জানি—
আমার বত বিত্ত, প্রভু, আমার বত বাণী॥
আমার চোখের চেরে দেখা, আমার কানের শোনা,
আমার হাতের নিপ্রণ সেবা, আমার আনাগোনা—
সব দিতে হবে॥
আমার প্রভাত, আমার সন্ধা হদরপরপ্রেট
গোপন থেকে তোমার পানে উঠকে ফুটে ফুটে।
এখন সে যে আমার বীণা, হতেছে তার বাঁধা,
বাজবে বখন তোমার হবে তোমার স্বরে সাধা—
সব দিতে হবে॥
ভোমারি আনন্দ আমার দ্বংশে স্থে তরে
আমার করে নিয়ে তবে নাও যে তোমার করে।
আমার বলে যা পেরেছি শ্রুক্শণে ববে
তোমার করে দেব তখন তারা আমার হবে—
সব দিতে হবে॥

#### SVO

আমি দীন, অতি দীন—
কেমনে শ্বিষ, নাথ হে, তব কর্ণাঋণ॥
তব শ্বেহ শত ধারে, ডুবাইছে সংসারে,
তাপিত হৃদয়মাঝে ঝরিছে নিশিদিন॥
হৃদয়ে যা আছে দিব তব কাছে,
তোমারি এ প্রেম দিব তোমারে—
চির্মদিন তব কাজে রহিব জগতমাঝে,
জীবন করেছি তোমার চরণতলে লীন॥

#### 848

কী ভয় অভয়ধামে, তুমি মহারাজা— ভয় যায় তব নামে।
নির্ভায়ে অয়ত সহস্র লোক ধায় হে,
গগনে গগনে সেই অভয়নাম গায় হে॥
তব বলে কর বলী যারে, কুপামর,
লোকভয় বিপদ মৃত্যুভয় দ্র হয় তার।
আশা বিকাশে, সব বন্ধন ঘ্টে, নিতা অম্তরস পায় হে॥

#### 844

আনন্দ রয়েছে জাগি ভূবনে তোমার
 তুমি সদা নিকটে আছ বলে।
 তুমি বলা নিকটে আছ বলে।
 তুম অবাক নীলাম্বরে রবি শশী তারা
 গাঁথিছে হে শুদ্র কিরণমালা॥
 বিশ্ব পরিবার তোমার ফেরে স্থে আকাশে,
 তোমার চোড় প্রসারিত ব্যোমে ব্যোমে।
 আমি দীন সস্তান আছি সেই তব আশ্রয়ে
 তব লেহম্খপানে চাহি চিরদিন॥

## 846

সকল ভরের ভয় যে তারে কোন্ বিপদে কাড়বে?
প্রাণের সঙ্গে যে প্রাণ গাঁথা কোন্ কালে সে ছাড়বে॥
নাহয় গেল সবই ভেসে রইবে তো সেই সর্বনেশে,
যে লাভ সকল ক্ষতির শোষে সে লাভ কেবল বাড়বে॥
সুখ নিয়ে, ভাই, ভয়ে থাকি, আছে আছে দেয় সে ফাঁকি—
দৃঃখে যে সুখ থাকে বাকি কেই বা সে সুখ নাড়বে?
যে পড়েছে পড়ার শেষে ঠাই পেয়েছে ভলায় এসে,
ভয় মিটেছে, বেচছে সে— তারে কে আর পারবে॥

নয়ন তোমারে পায় না দেখিতে, রয়েছ নয়নে নয়নে।
হদয় তোমারে পায় না জানিতে, হদয়ে রয়েছ গোপনে॥
বাসনার বশে মন অবিরত ধায় দশ দিশে পাগলের মতো,
ছির-আথি তুমি ময়মে সতত জাগিছ শয়নে স্বপনে॥
সবাই ছেড়েছে, নাই বার কেহ, তুমি আছ তার আছে তব জয়ৼ—
নিরাশ্রয় জন, পথ বার গেহ, সেও আছে তব ভবনে।
তুমি ছাড়া কেহ সাথি নাই আয়, সমুখে অনস্ত জীবনবিস্তার—
কালপারাবার করিতেছ পায় কেহ নাহি জানে কেমনে॥
জানি শুধু তুমি আছ তাই আছি, তুমি প্রাণময় তাই আমি বাচি,
যত পাই তোমায় আয়ো তত যাচি, বত জানি তত জানি নে।
জানি আমি তোমায় পাব নিরস্তর লোকলোকাস্তরে ব্লাব্লাস্তর—
তুমি আয় আমি মাঝে কেহ নাই, কোনো বাধা নাই ভুবনে॥

## SVV

দরা দিরে হবে গো মোর জীবন ধুতে।
নইলে কি আর পারব তোমার চরণ ছুতে॥
তোমার দিতে প্জার ডালি বেরিরে পড়ে সকল কালী,
পরান আমার পারি নে তাই পারে খুতে॥
এত দিন তো ছিল না মোর কোনো বাধা,
সর্ব অঙ্গে মাখা ছিল মলিনতা।
আজ ওই শুদ্র কোলের তরে ব্যাকুল হৃদর কোদে মরে—
দিরো না গো দিরো না আর ধ্বালার শুতে॥

#### 842

এ মণিহার আমার নাহি সাজে—
পরতে গেলে লাগে, এরে ছি'ড়তে গেলে বাজে॥
ক'ঠ ষে রোধ করে, সুর তো নাহি সরে—
ওই দিকে যে মন পড়ে রর, মন লাগে না কাজে॥
তাই তো বসে আছি,
এ হার তোমার পরাই বদি তবেই আমি বাঁচি।
ফুলমালার ডোরে বরিয়া লও মোরে—
তোমার কাছে দেখাই নে মুখ মণিমালার লাজে॥

বেথায় থাকে সবার অথম দীনের হতে দীন
সেইখানে যে চরণ তোমার রাজে
সবার পিছে, সবার নিচে, সবহারাদের মাঝে॥

যখন তোমায় প্রণাম করি আমি প্রণাম আমার কোন্খানে যায় থামি।
তোমার চরণ যেথায় নামে অপমানের তলে
সেথায় আমার প্রণাম নামে না বে
সবার পিছে, সবার নিচে, সবহারাদের মাঝে॥
অহৎকার তো পায় না নাগাল যেথায় তুমি ফের
রিক্তভূষণ দীন দরিদ্র সাজে
সবার পিছে, সবার নিচে, সবহারাদের মাঝে।

ধনে মানে যেথায় আছে ভরি সেথায় তোমার সক্ষ আশা করি,
সক্ষী হয়ে আছ যেথায় সক্ষীহীনের ঘরে
সেথায় আমার হদয় নামে না যে
সবার পিছে সবার নিচে, সবহারাদের মাঝে॥

## 877

ওই আসনতলের মাটির 'পরে লাটিয়ে রব.
তোমার চরণ-খালায় খালায় খালায় খালায় বালায় বাল

#### 875

আমার মাথা নত করে দাও হে তোমার চরণধ্লার তলে।
সকল অহঙ্কার হে আমার ডুবাও চোঝের জলে॥
নিজেরে করিতে গোরব দান নিজেরে কেবলই করি অপমান,
আপনারে শ্ধ্ ঘেরিয়া ঘেরিয়া ঘ্রে মরি পলে পলে।
সকল অহঙ্কার হে আমার ডুবাও চোখের জলে॥
আমারে না খেন করি প্রচার আমার আপন কাজে,
তোমারি ইচ্ছা করো হে পূর্ণ আমার জীবনমাঝে।

যাচি হে তোমার চরমশান্তি পরানে তোমার পরমকারি আমারে আড়াল করিয়া দাঁড়াও হৃদরপদ্মদলে। সকল অহন্দার হে আমার ভূবাও চোখের জলে॥

## 820

গরব মম হরেছ, প্রভু, দিয়েছ বহু লাজ।
কেমনে মুখ সমুখে তব তুলিব আমি আজ।।
তোমারে আমি পেরেছি বলি মনে মনে বে মনেরে ছলি,
ধরা পড়িন্ সংসারেতে করিতে তব কাজ।
কেমনে মুখ সমুখে তব তুলিব আমি আজ।।
জানি নে, নাথ, আমার খরে ঠাই কোথা যে তোমারি তরে—
নিজেরে তব চরণ'পরে সাপি নি রাজরাজ!
তোমারে চেরে দিবস্বামী আমারি পানে তাকাই আমি—
তোমারে চোখে দেখি নে, স্বামী, তব মহিমামাঝ।
কেমনে মুখ সমুখে তব তুলিব আমি আজ।।

## 828

ভর হর পাছে তব নামে আমি আমারে করি প্রচার হে।
মোহবশে পাছে ঘিরে আমার তব নামগান-অহব্দার হে॥
তোমার কাছে কিছু নাহি তো লুকানো, অন্তরের কথা তুমি সব জানো—
আমি কত দীন, আমি কত হীন, কেহ নাহি জানে আর হে॥
ক্ষুদ্র কপ্টে যবৈ উঠে তব নাম বিশ্ব শুনে তোমার করে গো প্রণাম—
তাই আমার পাছে জাগে অভিমান, গ্রাসে আমার আঁধার হে,
পাছে প্রতারণা করি আপনারে তোমার আসনে বসাই আমারে—
রাখো মোহ হতে, রাখো তম হতে, রাখো রাখো বারবার হে॥

# 824

আজি প্রণীম তোমারে চলিব, নাম্ব, সংসারকাঞ্জে।
তুমি আমার নয়নে নয়ন রেখো অন্তর্মাঝো।
হদয়দেবতা ররেছ প্রাণে মন বেন তাহা নিরুত জানে,
পাপের চিন্তা মরে বেন দহি দ্বসহ লাজে।
সব কলরবে সারা দিনমান শুনি অনাদি সঙ্গীতগান,
সবার সঙ্গে বেন অবিরত তোমার সঞ্জ রাজে।
নিমেবে নিমেবে নরনে বচনে, সকল কর্মে, সকল মননে,
সকল হদরতক্যে যেন মঞ্জা বাজে।

ষে-কেহ মোরে দিয়েছ সুখ দিয়েছ তাঁরি পরিচয়,
সবারে আমি নমি।
ষে-কেহ মোরে দিয়েছ দুখ দিয়েছ তাঁরি পরিচয়,
সবারে আমি নমি॥
ষে-কেহ মোরে বেসেছ ভালো জেবলেছ ঘরে তাঁহারি আলো,
তাঁহারি মাঝে সবারই আজি পেয়েছি আমি পরিচয়,
সবারে আমি নমি॥
ষা-কিছু কাছে এসেছে, আছে, এনেছে তাঁরে প্রাণে,
সবারে আমি নমি।
ষা-কিছু দুরে গিয়েছে ছেড়ে টেনেছে তাঁরি পানে,
সবারে আমি নমি।
জানি বা আমি নাহি বা জানি, মানি বা আমি নাহি বা মানি,
নয়ন মেলি নিখিলে আমি পেয়েছি তাঁরি পরিচয়,
সবারে আমি নমি॥

# 839

কে জানিত তুমি ডাকিবে আমারে, ছিলাম নিদ্রামগন।
সংসার মারে মহামোহছোরে ছিল সদা ঘিরে সঘন॥
আপনার হাতে দিবে যে বেদনা, ভাসাবে নয়নজলে,
কে জানিত হবে আমার এমন শ্ভদিন শ্ভলগন॥
জানি না কখন কর্ণা-অর্ণ উঠিল উদয়াচলে,
দেখিতে দেখিতে কিরণে প্রিল আমার হদয়গগন॥
তোমার অম্তসাগর হইতে বন্যা আসিল কবে,
হদয়ে বাহিরে যত বাঁধ ছিল কখন হইল ভগন॥
স্বাতাস তুমি আপনি দিয়েছ, পরানে দিয়েছ আশা
আমার জীবনতরণী হইবে তোমার চরণে মগন॥

#### 874

জীবনে আমার যত আনন্দ পেয়েছি দিবস-রাত
সবার মাঝারে আজিকে তোমারে স্মরিব জীবননাথ॥
যে দিন তোমার জগত নির্রাথ হরষে পরান উঠেছে প্রাকি
সে দিন আমার নরনে হয়েছে তোমারি নরনপাত॥
বারে বারে তুমি আপনার হাতে স্বাদে সৌরভে গানে
বাহির হইতে পরশ করেছ অন্তরমাঝখানে।
পিতা মাতা প্রাতা সব পরিবার, মিত্র আমার, প্র আমার,
সকলের সাথে প্রবেশি হদয়ে
তুমি আছ মোর সাথ॥

#### 8>>

অথিজন মৃছাইলে জননী—
অসীম দ্বেহ তব, ধন্য তুমি গো,
ধন্য ধন্য তব কর্ণা॥
অনাথ যে তারে তুমি মৃথ তুলে চাহিলে,
মলিন যে তারে বসাইলে পাশে—
তোমার দ্বার হতে কেহ না ফিরে
যে আসে অমৃতিপরাসে॥
দেখেছি অজি তব প্রেমম্খহাসি,
পেরেছি চরণছারা।
চাহি না আর-কিছ্— প্রেছে কামনা,
ঘুচেছে হদয়বেদনা॥

#### 400

তোমারি গেহে পালিছ লেহে, তুমি ধন্য ধন্য হে।
আমার প্রাণ তোমারি দান, তুমি ধন্য ধন্য হে॥
পিতার বক্ষে রেখেছ মোরে, জনম দিরেছ জননীলোড়ে,
বে'ধেছ সখার প্রণরডোরে, তুমি ধন্য ধন্য হে॥
তোমার বিশাল বিপলে ভুবন করেছ আমার নরনলোভন—
নদী গিরি বন সরসশোভন, তুমি ধন্য ধন্য হে॥
হদরে-বাহিরে স্বদেশে-বিদেশে যুগে-যুগান্তে নিমেধে-নিমেধে
জনমে-মরণে শোকে-আনন্দে তুমি ধন্য ধন্য হে॥

## 405

হৃদয়ে হৃদয় আসি মিলে যায় বেখা,
হে বন্ধ আমার,
সে প্ণ্যতীথেবি বিনি জাগুত দেবতা
তারৈ নমস্কার॥
বিশ্বলোক নিতা যার শাশ্বত শাসনে
মরণ উত্তীর্ণ হয় প্রতি ক্ষণে ক্ষণে,
আবর্জনা দ্রে যায় জরাজীর্গতার,
তারে নমস্কার॥
যুগান্ডের বহিল্লানে যুগান্ডরদিন
নিমলে করেন যিনি, করেন নবীন,
ক্রশেষে পরিপ্র্ণ করেন সংসার,
তারৈ নমস্কার।

পথষাত্রী জীবনের দৃহুথে সৃথ্যে ভরি অজ্ঞানা উদ্দেশ-পানে চলে কালতরী, ক্লান্তি তার দৃর করি করিছেন পার, তারে নমস্কার॥

# 605

ফ্ল বলে, ধন্য আমি মাটির 'পরে,
দেবতা ওগো, তোমার সেবা আমার ঘরে॥
জন্ম নিয়েছি ধ্লিতে দয়া করে দাও ভুলিতে,
নাই ধ্লি মোর অন্তরে॥
নয়ন তোমার নত করো,
দলগ্লি কাঁপে থরোথরো।
চরণপরশ দিয়ো দিয়ো, ধ্লির ধনকে করো ব্রগীয়ধরার প্রণাম আমি তোমার তরে॥

#### 400

নমি নমি চরণে, নমি কল ষহরণে॥ সুধারসনিঝার হে. নমি নমি চরণে। নমি চির্নানভার হে মোহগহনতরণে ॥ নমি চিরমঙ্গল হে: নমি চিরসম্বল হে। উদিল তপন, গেল রাগ্রি, নমি নমি চরণে। জাগিল অম্তপথ্যাত্রী --নমি চিরপথসঙ্গী নমি নিখিলশর্ণে॥ নমি সংখে দঃখে ভয়ে নীম ভাষপ্রাক্রয়ে। অসীম বিশ্বতলে র্নাম নাম চরুলে। নমি চিতক্মলদলে নিবিড নিভত নিলয়ে, নমি জীবনে মুরুপে॥

একটি নমস্কারে, প্রস্কু, একটি নমস্কারে
সকল দেহ লাটিয়ে পড়াক ভোমার এ সংসারে॥
ঘন প্রাবণমেঘের মতো রসের ভারে নম্ম নত
একটি নমস্কারে, প্রভু, একটি নমস্কারে
সমস্ত মন পড়িয়া থাকা তব ভবনদ্বারে॥
নানা স্বের আকুল ধারা মিলিয়ে দিয়ে আত্মহারা
একটি নমস্কারে, প্রভু, একটি নমস্কারে
সমস্ত গান সমাপ্ত হোক নীরব পারাবারে।
হংস যেমন মানস্বাহী তেমনি সারা দিবসরাহি
একটি নমস্কারে, প্রভু, একটি নমস্কারে
সমস্ত প্রাণ উড়ে চলাক মহামরণ-পারে॥

#### **606**

তোমারি নামে নরন মেলিন্ প্রপ্রভাতে আজি, তোমারি নামে খ্লিল হদরশতদলদলরাজি॥ তোমারি নামে নিবিড় তিমিরে ফ্টিল কনকলেখা, তোমারি নামে উঠিল গগনে কিরণবীণা বাজি। তোমারি নামে প্রতারণে খ্লিল সিংহ্মার, বাহিরিল রবি নবীন আলোকে দীপ্ত ম্কুট মাজি। তোমারি নামে জীবনসাগরে ভাগিল লহরীলীলা, তোমারি নামে নিখিল ভুবন বাহিরে আসিল সাজি॥

# 404

অনিমেষ আখি সেই কে দেখেছে
যে আখি জগতপানে চেয়ে রয়েছে॥
রবি শশী গ্রহ তারা হয় নাকো দিশাহারা,
সেই অখিপারে তারা আখি রেখেছে॥
তরাসে আখারে কেন কাদিয়া বেড়াই,
হদয়-আকাশ-পানে কেন না তাকাই?
ধ্বজ্যোতি সে নয়ন জাগে সেথা অন্কণ,
সংসারের মেধে বৃষ্ধি দৃষ্টি চেকেছে॥

#### 409

মম অঙ্গনে স্বামী আনন্দে হাসে, স্বান্ধ ভাষে আনন্দ-রাতে॥ খুলে দাও দ্রার সব, সবারে ডাকো ডাকো, নাহি রেখো কোথাও কোনো বাধা— অহো, আজি সঙ্গীতে মন প্রাণ মাতে॥

#### GOR

আজি মম জীবনে নামিছে ধাঁরে

• ঘন রজনা নীরবে নিবিড়গস্তীরে॥

জাগো আজি জাগো, জাগো রে তাঁরে লয়ে

প্রেমঘন হৃদয়মন্দিরে॥

#### 402

কেমনে রাখিবি তোরা তাঁরে ল,কারে
চন্দ্রমা তপন তারা আপন আলোকছারে॥
হে বিপ্রল সংসার, স্থে দ্থে আঁধার,
কত কাল রাখিবি ঢাকি তাঁহারে কুহেলিকায়।
আত্মা-বিহারী তিনি, হদরে উদয় তাঁর—
নব নব মহিমা জাগে, নব নব কিরণ ভায়॥

# 450

হে নিখিলভারধারণ বিশ্ববিধাতা, হে বলদাতা মহাকালরথসারথি॥ তব নামজপমালা গাঁথে রবি শশী তারা, অনন্ত দেশ কাল জগে দিবারাতি॥

## 433

দেবাধিদেব মহাদেব! অসীম সম্পদ, অসীম মহিমা॥ মহাসভা তব অনস্ত আকাশে। কোটি কণ্ঠ গাহে জয় জয় জয় হে॥

# 452

দিন ফ্রালো হে সংসারী, ডাকো তাঁরে ডাকো যিনি প্রান্তিহারী॥ ভোলো সব ভবভাবনা, হদয়ে লহো হে শান্তিবারি॥

জরজর প্রাণে, নাথ, বরিষন করো তব প্রেমস্থা—
নিবারো এ হৃদয়দহন॥
করো হৈ মোচন করো সব পাপমোহ,
দ্র করো বিষয়বাসনা॥

428

কোথায় তুমি, আমি কোথায়, জীবন কোন্ পথে চলিছে নাহি জানি নিশিদিন হেনভাবে আর কতকাল বাবে— দীননাথ, পদতলে লহো টানি॥

454

সকল গর্ব দ্রে করি দিব, তোমার গর্ব ছাড়িব নাং সবারে ডাকিয়া কহিব বে দিন পাব তব পদরেণ,কণা।। তব আহ্বান আসিবে যখন সে কথা কেমনে করিব গোপন! সকল বাক্যে সকল কৰ্মে প্রকাশিবে তব আরাধনা ৷৷ যত মান আমি পেয়েছি বে কাজে म भिन अक्लाई वाद्य म् (त, শাুধা তব মান দেহে মনে মোর বাজিয়া উঠিবে এক সারে। পথের পথিক সেও দেখে যাবৈ তোমার বারতা মোর মুখভাবে ভবসংসারবাতারনতলে বসে রব যবে আনমনা।।

424

এই লভিন্ সঙ্গ তব স্কার হে স্কার। প্না হল অঙ্গ মম, ধনা হল অন্তর স্কার হে স্কার॥ আলোকে মোর চক্ষ্মিটি মৃদ্ধ হরে উঠল ফ্রিট্ হদ্গগনে পবন হল সোরভেতে মন্থর স্কার হে স্কার॥ এই তোমারি পরশরাগে চিত্ত হল রঞ্জিত, এই তোমারি মিলনস্থা রইল প্রাণে সঞ্জিত। তোমার মাঝে এমনি করে নবীন করি লও যে মোরে, এই জনমে ঘটালে মোর জন্ম-জনমান্তর স্কুদর হে স্কুদর॥

## 639

স্ক্র বটে তব অঙ্গদখানি তারায় তারায় খচিত—
স্বলে রত্নে শোভন লোভন জানি, বণে বণে রচিত॥
খঙ্গা তোমার আরো মনোহর লাগে বাঁকা বিদ্যুতে আঁকা সে
গর্ডের পাখা রক্ত রবির রাগে যেন গো অস্ত-আকাশো॥
জীবনশেষের শেষজাগরণসম ঝলসিছে মহাবেদনা—
নিমেষে দহিয়া ষাহা-কিছ্ আছে মম তীর ভীষণ চেতনা।
স্কুর বটে তব অঙ্গদখানি তারায় তারায় খচিত—
খঙ্গা তোমার, হে দেব বক্তপাণি, চরম শোভায় রচিত॥

#### 47 A

আলো যে আজ গান করে মোর প্রাণে গো।
ক এল মোর অঙ্গনে কে জানে গো॥
হদর আমার উদাস করে কেড়ে নিল আকাশ মোরে,
বাতাস আমায় আনন্দবাণ হানে গো॥
দিগন্তের ওই নীল নরনের ছারাতে
কুস্ম মেন বিকাশে মোর কারাতে।
মোর হদরের স্কেন্ধ যে বাহির হল কাহার খোঁজে,
সকল জীবন চাহে কাহার পানে গো॥

# 633

মোর সন্ধ্যায় তুমি স্ক্রেবেশ এসেছ,
তোমায় করি গো নমস্কার।
মোর অন্ধকারের অন্তরে তুমি হেসেছ,
তোমায় করি গো নমস্কার।
এই নম্ম নীরব সোমা গভীর আকাশে
তোমায় করি গো নমস্কার।
এই শান্ত সংখীর তল্যানিবিড় বাতাসে
তোমায় করি গো নমস্কার।
এই ক্লান্ত ধরার শ্যামলাঞ্জল-আসনে
তোমায় করি গো নমস্কার।
এই ক্লান্ত ধরার শ্যামলাঞ্জল-আসনে
তোমায় করি গো নমস্কার।
এই ন্তম্ক তারার মোনমন্যভাষণে
তোমায় করি গো নমস্কার।

এই কর্ম-অন্তে নিভূত পান্থশালাতে তোমার করি গো নমস্কার। এই গন্ধগহন-সন্ধ্যাকুস্মুম-মালাতে তোমার করি গো নমস্কার॥

# 420

এই তো তোমার আলোকধেন্ স্ব তারা দলে দলে—
কোথার বসে বাজাও বেণ্, চরাও মহাগগনতলে॥
তৃণের সারি তুলছে মাথা, তর্র শাখে শ্যামল পাতা—
আলোয়-চরা ধেন্ এরা ভিড় করেছে ফ্লে ফলে॥
সকালবেলা দ্রে দ্রে উড়িরে ধ্লি কোথার ছোটে,
আধার হলে সাঁজের স্রে ফিরিরে আন আপন গোঠে।
আশা ত্যা আমার যত ঘ্রে বেড়ার কোথার কত—
মোর জীবনের রাখাল ওগো, ভাক দেবে কি সন্ধ্যা হলে॥

# 623

প্ৰেম দিলে না প্ৰাণে যদি -ভোরের আকাশ ভরে দিলে এমন গানে গানে। কেন কেন তারার মালা গাঁথা, কেন ফ্লের শর্ম পাতা, কেন দিখিন-হাওয়া গোপন কথা জানায় কানে কানে। **য**দি প্রেম দিলে না প্রাণে কেন আকাশ তবে এমন চাওয়া চায় এ মুখের পানে? তবে ক্ষণে ক্ষণে কেন আমার হুদয় পাগল-হেন সেই সাগরে ভাসার ধাহার ক্ল সে নাহি জানে। তরী

# 625

মহারাজ, একি সাজে এলে হৃদয়পুরমাঝে!
চরণতলে কোটি শশী সূর্য মরে লাজে॥
গর্ব সব ট্টিয়া মুছি পড়ে লুটিয়া,
সকল মম দেহ মন বীণাসম বাজে॥
একি প্লকবেদনা বহিছে মধ্বারে!
কাননে যত প্লপ ছিল মিলিল তব পায়ে।
পলক নাহি নয়নে, হেরি না কিছ্ ভূবনে—
নির্মি শৃহ্ব অন্তরে স্কর বিরাজে॥

হৃদয়শশী হাদগগনে উদিল মঙ্গললগনে,
নিখিল স্কর ভূবনে একি এ মহামধ্রিমা।
ভূবিল কোথা দৃখ সৃখ রে অপার শান্তির সাগরে,
বাহিরে অন্তরে জাগে রে শুধ্ই স্থাপ্রনিমা।
গভীর সঙ্গীত দ্যলোকে ধ্নিছে গড়ীর প্লকে,
গগন-অঙ্গন-আলোকে উদার দীপদীপ্তিমা।
চিত্তমাঝে কোন্ যন্তে কী গান মধ্ময় মন্তে
বাজে রে অপর্প তন্তে, প্রেমের কোথা পরিসীমা।

## 658

আমারে দিই তোমার হাতে
ন্তন করে ন্তন প্রাতে॥

দিনে দিনেই ফুল যে ফোটে, তেমনি করেই ফুটে ওঠে
জীবন তোমার আঙিনাতে
ন্তন করে ন্তন প্রাতে॥

বিচ্ছেদেরই ছন্দে লয়ে
মিলন ওঠে নবীন হয়ে।
আলো-অন্ধকারের তীরে হারায়ে পাই ফিরে ফিরে,
দেখা আমার তোমার সাথে
ন্তন করে নৃতন প্রাতে॥

# 4 2 4

কে গো অস্তরতর সে!
আমার চেতনা আমার বেদনা তারি স্বগভীর পরশে।
আখিতে আমার ব্লায় মন্ত্র, বাজায় হদরবীণার তন্ত্র,
কত আনন্দে জাগায় ছন্দ কত স্থে দুখে হরষে।
সোনালি র্পালি সব্জে স্নীলে সে এমন মায়া কেমনে গাঁথিলে—
তারি সে আড়ালে চরণ বাড়ালে, ডুবালে সে স্থাসরসে।
কত দিন আসে, কত যুগ যায়, গোপনে গোপনে পরান ভুলায়,
নানা পরিচয়ে নানা নাম লয়ে নিতি নিতি রস বরষে।

# 629

এই-যে তোমার প্রেম ওগো হৃদয়হরণ, এই-যে পাতায় আলো নাচে সোনার বরন॥ এই-যে মধ্ব আলসভরে মেঘ ভেসে যায় আকাশ'পরে, এই-যে বাতাস দেহে করে অমৃতক্ষরণ॥ প্রভাত-আলোর ধারার আমার নয়ন ভেসেছে। এই তোমারি প্রেমের বাণী প্রাণে এসেছে। তোমারি মুখ ওই নুয়েছে, মুখে আমার চোখ ধ্রেছে, আমার হদর আজ ছুরেছে তোমারি চরণ॥

## 629

তোমারি মধ্র র্পে ভরেছ ভূবন—
ম্দ্র নয়ন ময়, প্লাকিত মোহিত মন॥
তর্ণ অর্ণ নবীনভাতি, প্রিমাপ্রসম রাতি,
র্পরাশি-বিকশিত-তন্ব কুস্মবন॥
তোমা-পানে চাহি সকলে স্কর,
র্প হেরি আকুল অন্তর।
তোমারে ঘেরিয়া ফিরে নিরস্তর তোমার প্রেম চাহি।
উঠে সঙ্গতি তোমার পানে, গগন প্র্ প্রেমগানে,
তোমার চরণ করেছে বরণ নিখিলজন॥

# 45R

লহো লহো, তুলে লহো নীরব বীণাখানি।
তোমার নন্দর্শন হতে স্ব দেহো তায় আনি
ওহে স্বন্দর হে স্বন্দর॥
আমি আঁধার বিছায়ে আছি রাতের আকাশে
তোমারি আশ্বাসে।
তারায় তারায় জাগাও তোমার আলোক-ভরা বাণী
ওহে স্বন্দর হে স্বন্দর॥
পাষাণ আমার কঠিন দ্বে তোমায় কে'দে বলে,
'পরশ দিয়ে সরস করো, ভাসাও অগ্রব্জলে,
ওহে স্বন্দর হে স্বন্দর।'
শৃত্ব যে এই নগ্ম মর্, নিত্য মরে লাজে
আমার চিত্তমাঝে,
শ্যামল রসের আঁচল তাহার বক্ষে দেহ্যে টানি
ওহে স্বন্দর হে স্বন্দর॥

# 623

ডাকিল মোরে জাগার সাথি। প্রাণের মাঝে বিভাস বাজে, প্রভাত হল আঁধার রাতি॥ বাজায় বাশি তন্দ্রা-ভাঙা, ছড়ায় তারি বসন রাঙা— ফ্লের বাসে এই বাতাসে কী মায়াখানি দিয়েছে গাঁথি॥ গোপনতম অন্তরে কী লেখনরেখা দিয়েছে লেখি! মন তো তারি নাম জানে না, রূপ আজিও নয় যে চেনা, বেদনা মম বিছায়ে দিয়ে রেখেছি তারি আসন পাতি ম

## 600

স্কুলর, মরি মরি, ওহে কী দিয়ে বরণ করি॥ তোমায় ফাল্যান ষেন আসে তব আজি মোর পরানের পাশে. দেয় সুধারসধারে-ধারে অঞ্চলি ভরি ভরি॥ মম মধ্ সমীর দিগগুলে আনে পুলকপ্জাঞ্জলি---মম হৃদরের পথতলে যেন চণ্ডল আসে চলি। মম মনের বনের শাখে নিখিল কোকিল ডাকে. যেন মঞ্জবীদীপশিখা যেন নীল অম্ববে বাখে ধরি॥

## 603

তোমায় চেয়ে আছি বসে পথের ধারে স্কর হে।
জমল ধ্লা প্রাণের বীণার তারে তারে স্কর হে॥
নাই যে কুসমে, মালা গাঁথব কিসে! কারার গান বীণার এনেছি বে,
দ্র হতে তাই শ্নতে পাবে অন্ধকারে স্কর হে॥
দিনের পরে দিন কেটে যায় স্কর হে।
মরে হদয় কোন্ পিপাসায় স্কর হে।
শ্না ঘাটে আমি কী-ষে করি— রিঙন পালে কবে আসবে তরী,
পাড়ি দেব কবে স্থারসের পারাবারে স্কর হে॥

## 605

তুমি স্কুর, ষোবনঘন রসময় তব ম্তি, দৈন্যভরণ বৈভব তব অপচয়পরিপ্তি॥ নৃত্য গীত কাব্যছন্দ কলগ্ঞ্জন বর্ণ গন্ধ— মরণহীন চিরনবীন তব মহিমাস্ফ্তি॥

ওই মরণের সাগরপারে চুপে চুপে
এলে তুমি ভূবনমোহন স্বপনর্পে॥
কান্না আমার সারা প্রহর তোমায় ডেকে
ঘ্রেছিল চারি দিকের বাধায় ঠেকে,
বন্ধ ছিলেম এই জীবনের অন্ধক্পে—
আজ এসেছ ভূবনমোহন স্বপনর্পে॥
আজ কী দেখি কালো চুলের আঁধার ঢালা,
তারি স্তরে স্তরে সন্ধ্যাতারার মানিক জ্বালা।
আকাশ আজি গানের বাথায় ভরে আছে,
বিল্লিরবে কাঁপে তোমার পায়ের কাছে,
বন্দনা তোর প্রপবনের গন্ধপে—
আজ এসেছ ভূবনমোহন স্বপনর্পে॥

# 608

ওগো স্কর, একদা কী জানি কোন্ প্লোর ফলে
আমি বনফ্ল তোমার মালার ছিলাম তোমার গলে॥
তখন প্রভাতে প্রথম তর্ণ আলো
ঘ্ম-ভাঙা চোখে ধরার লেগেছে ভালো,
বিভাসে ললিতে নবীনের বীণা বেজেছে জলে স্থলে॥
আজি এ ক্লান্ত দিবসের অবসানে
ল্পু আলোর, পাখির স্পু গানে,
শ্রান্তি-আবেশে যদি অবশেষে খরে ফ্ল ধরাতলে—
সন্ধ্যাবাতাসে অন্ধ্যারের পারে
পিছে পিছে তব উড়ারে চল্ক ভারে,
ধ্লায় ধ্লায় দীর্ণ জীর্থ না হোক সে পলে পলে॥

## 404

র্দ্রবেশে কেমন খেলা, কালো মেঘের শ্রুকৃটি!
সক্ষ্যাকাশের বক্ষ যে ওই বন্ধ্রবাণে বার ট্রটি॥
সক্ষর হে, তোমার চেরে ফ্ল ছিল সব শাখা ছেরে,
কড়ের বেগে আছাত লেগে ধ্লার তারা যার ল্টি॥
মিলনদিনে হঠাং কেন ল্কাও তোমার মাধ্রী!
ভীর্কে ভর দেখাতে চাও, একি দার্শ চাত্রী!
বিদ তোমার কঠিন ঘারে বাঁধন দিতে চাও ঘ্টারে
কঠোর বলে টেনে নিয়ে বক্ষে তোমার দাও ছ্টি॥

জাগে নাথ জোছনারাতে—
জাগো রে অন্তর জাগো॥
তাঁহারি পানে চাহো মৃদ্ধপ্রাণে
নিমেষহারা আঁখিপাতে॥
নীরব চন্দ্রমা, নীরব তারা, নীরব গীতরসে হল হারা–
জাগে বস্ক্রা, অন্বর জাগে রে—
জাগে রে স্ক্র সাথে॥

#### 609

স্কার বহে আনন্দমন্দানল,
সম্দিত প্রেমচন্দ্র, অন্তর প্লেকাকুল॥
কুঞ্জে কুঞ্জে জাগিছে বসন্ত প্রেগগন্ধ,
শ্নো বাজিছে রে অনাদি বীগাধ্বনি॥
অচল বিরাজ করে
শশীতারামন্ডিত স্মহান সিংহাসনে গ্রিভ্বনেশ্বর।
পদতলে বিশ্বলোক রোমাণিত,
জয় জয় গীত গাহে স্বরনর॥

#### 404

চিরদিবস নব মাধ্রী, নব শোভা তব বিশ্বে—
নব কুস্মপল্লব, নব গতি, নব আনন্দ।
নব জ্যোতি বিভাসিত, নব প্রাণ বিকাশিত
নবপ্রীতিপ্রবাহহিলোলে।
চারি দিকে চিরদিন নবীন লাবণ্য,
তব প্রেমনয়নছটা।
হাদয়স্বামী, তুমি চিরপ্রবীণ,
তুমি চিরনবীন, চিরসক্রন, চিরস্কর।

#### 403

একি লাবণ্যে প্র' প্রাণ, প্রাণেশ হে, আনন্দবসন্তসমাগমে॥ বিকশিত প্রীতিকুস্ম হে প্রাকিত চিতকাননে॥ জীবনলতা অবনতা তব চরণে। হরষগীত উচ্ছবসিত হে কিরণমগন গগনে॥

আজি হেরি সংসার অম্তময়।

মধ্র পবন, বিমল কিরণ, ফ্রা বন,

মধ্র বিহগকলধন্নি॥
কোথা হতে বহিল সহসা প্রাণভরা প্রেমহিল্লোল, আহা—
হুদয়কুসন্ম উঠিল ফ্রি প্লকভরে॥
আতি আশ্চর্য দেখো সবে, দীনহীন ক্ষ্ হু হুদয়মাঝে
অসীম জগতস্বামী বিরাজে স্বুদর শোভন!
ধন্য এই মানবজীবন, ধন্য বিশ্বজগত,
ধন্য তাঁর প্রেম, তিনি ধন্য ধন্য॥

## 485

প্রভাতে বিমল আনলে বিকশিত কুস্মগন্ধে বিহঙ্গমগীতছন্দে তোমার আভাস পাই॥ জাগে বিশ্ব তব ভবনে প্রতিদিন নব জীবনে, অগাধ শ্না প্রে কিরণে, থচিত নিখিল বিচিত্ত বরনে— বিরল আসনে বসি তুমি সব দেখিছ চাহি॥ চারি দিকে করে খেলা বরন-কিরণ-জীবন-মেলা, কোখা তুমি অন্তরালে! অন্ত কোথায়, অন্ত কোথায়— অন্ত তোমার নাহি নাহি॥

## 483

একি স্গ্রহালে বহিল
আজি প্রভাতে, জগত মাতিল তার॥
ফদরমধ্কর ধাইছে দিশি দিশি পাগলপ্রায়॥
বরন-বরন প্রপরাজি হদর খ্লিরাছে আজি,
সেই স্রভিস্ধা করিছে পান
প্রিয়া প্রাণ, সে স্থা করিছে দান—
সে স্ধা অনিলে উথলি বার॥

#### 480

একি এ স্কর শোভা! কী মৃখ হেরি এ! আজি মোর ঘরে আইল হদরনাথ, প্রেম-উৎস উর্থালল আজি॥ বলো হে প্রেমময় হদরের স্বামী, কী ধন তোমারে দিব উপহার। হুদয় প্রাণ লহো লহো তুমি, কী বলিব— ষাহা-কিছু আছে মম সকলই লও হে নাথ॥

#### 488

মধ্র রূপে বিরাজ হে বিশ্বরাজ, শোভন সভা নিরখি মন প্রাণ ভূলে॥ নীরব নিশি স্কুলর, বিমল নীলাম্বর, •শ্বির্টের চন্দ্রকলা চরণম্লে॥

## 484

রহি রহি আনন্দতরঙ্গ জাগে—
রহি রহি, প্রভু, তব পরশমাধ্রী
হৃদরমাঝে আসি লাগে।
রহি রহি শ্নি তব চরণপাত হে
মম পথের আগে আগে।
রহি রহি মম মনোগগন ভাতিল
তব প্রসাদরবিরাগে ম

## 484

আমি কান পেতে রই আমার আপন হদয়গহন-দারে
কোন্ গোপনবাসীর কালাহাসির গোপন কথা শ্নিবারে॥
ভ্রমর সেথা হয় বিবাগী নিভ্ত নীল পদ্ম লাগি রে,
কোন্ রাতের পাখি গায় একাকী সঙ্গীবিহীন অন্ধলরে॥
কে সে মোর কেই বা জানে, কিছু তার দেখি আজা।
কিছু পাই অনুমানে, কিছু তার ব্কি না বা।
মাঝে মাঝে তার বারতা আমার ভাষায় পায় কি কথা রে,
ও সে আমায় জানি পাঠায় বাণী গানের তানে লুকিয়ে তারেছ

## 489

আমি তারেই খুঁজে বেড়াই যে রয় মনে আমার মনে। সে আছে বলে আকাশ জন্তে ফোটে তারা রাতে. আমার **क**ृत कृटि दश वरन आभात वरन॥ প্রাতে আছে বলে চোথের তারার আলোয় সে এত রূপের খেলা রঙের মেলা অসীম সাদার কালোয়। সে মোর সঙ্গে থাকে বলে আমার অঙ্গে অঙ্গে হরষ জাগায় দখিন-সমীরণে॥

তারি বাণী হঠাৎ উঠে প্রে আন্মনা কোন্ তানের মাঝে আমার গানের স্রে। দ্খের দোলে হঠাৎ মোরে দোলার, কাজের মাঝে ল্বিক্য়ে থেকে আমারে কাজ ভোলার।

সে মোর চিরদিনের বলে

তারি প্লকে মোর পলকগ্রিল ভরে ক্ষণে ক্ষণে॥

## 48 V

সে যে মনের মান্ষ, কেন তারে বসিয়ে রাখিস নর্মন্বারে?

ডাক্-না রে তোর ব্কের ভিতর, নরন ভাস্ক নরমধারে।

যখন নিভবে আলো, আসবে রাতি, হদরে দিস আসন পাতি—

আসবে সে যে সঙ্গোপনে বিচ্ছেদেরই অন্ধকারে।

তার আসা-যাওয়ার গোপন পথে

সে আসবে যাবে আপন মতে।

তারে বাঁধবে বলে যেই করো পণ সে থাকে না, থাকে বাঁধন—

সেই বাঁধনে মনে মনে বাঁধিস কেবল আপনারে।

## 483

আমার প্রাণের মান্য আছে প্রাণে, তাই হেরি তার সকল খানে॥

আছে সে নয়নতারায় আলোক-ধারায়, তাই না হারায়—

ওগো, তাই দেখি তায় ষেথায় সেথায়

তাকাই আমি যে দিক-পানে॥

আমি তার মুখের কথা শুনব বলে গেলাম কোথা,

শোনা হল না, হল না—

আজ ফিরে এসে নিজের দেশে এই-যে শ্নি

শ্নি তাহার বাণী আপন গানে॥

কে তোরা থক্তিস তারে কাঙাল বেশে দ্বারে দ্বারে,

দেখা মেলে না মেলে না—

তোরা আয় রে ধেয়ে, দেখ্রে চেয়ে আমার বৃকে

ওরে দেখ্রে আমার দৃই নয়ানে॥

## 440

আমার মন, যখন জাগলি না রে তোর মনের মানুষ এল দারে।

তার চলে যাওয়ার শব্দ শ্নে ভাঙল রে ঘ্ম—

ও তোর <u>ভাঙল রে ঘ্</u>ম অন্ধকারে॥

মাটির 'পরে আঁচল পাতি একলা কাটে নিশীথরাতি। তার বাঁশি বাজে আঁধার-মাঝে, দেখি না যে চক্ষে তারে॥ ওরে তুই যাহারে দিলি ফাঁকি খ্জে তারে পায় কি আঁখি? এখন পথে ফিরে পানি কি রে ঘরের বাহির করলি বারে॥

## 665

আমি তারেই জানি তারেই জানি আমার যে জন আপন জানে-তারি দানে দাবি আমার যার অধিকার আমার দানে।।
যে আমারে চিনতে পারে সেই চেনাতে চিনি তারে গো—
একই আলো চেনার পথে তার প্রাণে আর আমার প্রাণে॥
আপন মনের অন্ধকারে ঢাকল যারা
আমি তাদের মধ্যে আপনহারা।
ছুইয়ে দিল সোনার কাঠি, ঘুমের ঢাকা গোল কাটি গো—
নয়ন আমার ছুটেছে তার আলো-করা মুখের পানে॥

# 665

জানি জানি তোমার প্রেমে সকল প্রেমের বাণী মেশে.
আমি সেইখানেতেই মুক্তি খুজি দিনের শেষে॥
সেথায় প্রেমের চরম সাধন, যায় খসে তার সকল বাধনমোর হৃদয়পাখির গগন তোমার হৃদয়দেশে॥
ওগো, জানি আমার প্রান্ত দিনের সকল ধারা
তোমার গভীর রাতের শাস্তিমাঝে ক্লান্তিহারা।
আমার দেহে ধরার পরশ তোমার সুধায় হল সরস আমার ধ্লারই ধন তোমার মাঝে নুতন বেশে॥

#### 660

তোমার খোলা হাওয়া লাগিয়ে পালে ট্করো করে কাছি

তুবতে রাজি আছি আমি তুবতে রাজি আছি॥

সকাল আমার গেল মিছে, বিকেল যে যায় তারি পিছে গো

রেখো না আর, বেখো না আর ক্লের কাছাকাছি॥

মাঝির লাগি আছি জাগি সকল রাচিবেলা,

টেউগ্লো যে আমায় নিয়ে করে কেবল খেলা।

ঝড়কে আমি করব মিতে, ভরব না তার দ্রুকৃটিতে—

দাও ছেড়ে দাও, ওগো, আমি তুফান পেলে বাঁচি।

আমি যখন ছিলেম অন্ধ
স্থের খেলায় বেলা গেছে, পাই নি তো আনন্দ॥
খেলাঘরের দেয়াল গেখে খেরাল নিয়ে ছিলেম মেতে,
ভিত ভেঙে ষেই এলে ঘরে ঘ্রুচল আমার বন্ধ।
স্থের খেলা আর রোচে না, পেয়েছি আনন্দ॥
ভীষণ আমার, রুদু আমার, নিদ্রা গেল ক্ষুদু আমার
উগ্র বাথায় ন্তন করে বাঁধলে আমার ছন্দ।
বেদিন তুমি অন্নিবেশে স্ব-কিছু মোর নিলে এসে
সে দিন আমি প্র্ণ হলেম, ঘ্রুচল আমার দ্বন্ধ।
দ্বঃখস্থের পারে তোমার পেয়েছি আনন্দ॥

## 444

আমারে পাড়ার পাড়ার খেপিরে বেড়ার কোন্খ্যাপা সে! থরে, আকাশ জুড়ে মোহন স্বরে কী যে বাজে কোন্ বাতাসে॥ গেল রে, গেল বেলা, পাগলের কেমন খেলা— ডেকে সে আকুল করে, দের না ধরা। তারে কানন গিরি খুজে ফিরি, কে'দে মরি কোন্ হুতাশে॥

## 646

মন রে ওরে মন, তুমি কোন্ সাধনার ধন!
পাই নে তোমার পাই নে, শুধু খুজি সারাক্ষণ॥
রাতের তারা চোখ না বোজে— অক্ষকারে তোমার খোঁজে,
দিকে দিকে বেড়ার ডেকে দখিন-সমীরণ॥
সাগর বেমন জাগার ধর্নি, খোঁজে নিজের রতনমণি,
তেমনি করে আকাশ ছেরে অরুণ আলো যার যে চেরে—
নাম ধরে তোর বাজার বাঁশি কোন্ অজানা জন॥

## 449

কোন্ আলোতে প্রাণের প্রদীপ জন্মলিরে তুমি ধরার আস— সাধক ওগো, প্রেমিক ওগো, পাগল ওগো, ধরার আস॥ এই অক্ল সংসারে দৃঃখ আঘাত তোমার প্রাণে বীণা ঝণ্কারে। ধ্যার বিপদ-মাঝে কোন্ জননীর মুখের হাসি দেখিয়া হাসো॥ তুমি কাহার সন্ধানে
সকল স্থে আগনে জেবলে বেড়াও কে জানে!
এমন ব্যাকুল করে
কে তোমারে কাঁদায় যারে ভালোবাস॥
তোমার ভাবনা কিছু নাই—
কে যে তোমার সাথের সাথি ভাবি মনে তাই।
তুমি মরণ ভূলে
কোন্ অনস্ত প্রাণসাগরে আনন্দে ভাস॥

## 464

আমারে কে নিবি ভাই, সাঁপিতে চাই আপনারে।
আমার এই মন গালিয়ে কাজ ভুলিয়ে সঙ্গে তোদের নিয়ে যা রে॥
তোরা কোন্ র্পের হাটে চলেছিস ভবের বাটে,
পিছিয়ে আছি আমি আপন ভারে,
তোদের ওই হাসিখাশি দিবানিশি দেখে মন কেমন করে॥
আমার এই বাঁধা টুটে নিয়ে বা লুটেপাটে—
পড়ে থাক্ মনের বোঝা ঘরের দ্বারে—
যেমন ওই এক নিমেষে বন্যা এসে
ভাসিয়ে নে যায় পারাবারে॥
এত যে আনাগোনা কে আছে জানাশোনা,
কে আছে নাম ধরে মোর ডাকতে পারে?
যদি সে বারেক এসে দাঁড়ায় হেসে
চিনতে পারি দেখে তারে॥

#### 662

আমার এই পথ-চাওয়াতেই আনন্দ।
থেলে যায় রোদ্র ছায়া, বর্ষা আসে বসন্ত ॥
কারা এই সমুখ দিরে আসে যার খবর নিয়ে,
খানি রই আপন-মনে— বাতাস বহে সমুমন্দ॥
সারাদিন আখি মেলে দুয়ারে রব একা,
শাভখন হঠাং এলে তখনি পাব দেখা।
ততখন ক্ষণে ক্ষণে হাসি গাই আপন-মনে,
ততখন রহি রহি ভেসে আসে স্থান্ধ॥

440

হাওয়া লাগে গানের পালে— মাঝি আমার, বোসো হালে॥ এবার ছাড়া পেলে বাঁচে,
জীবনতরী ঢেউরে নাচে
এই বাতাসের তালে তালে॥
দিন গিরেছে, এল রাতি,
নাই কেহ মোর ঘাটের সাখি।
কাটো বাঁধন, দাও গো ছাড়ি—
তারার আলোর দেব পাড়ি,
সূর জেগেছে যাবার কালে॥

# 445

পথ দিয়ে কে যায় গো চলে

ডাক দিয়ে সে যায়।

আমার ঘরে থাকাই দায়॥

পথের হাওয়ায় কী সূর বাজে, বাজে আমার ব্কের মাঝে

বাজে বেদনায়॥

পূর্ণিমাতে সাগর হতে ছুটে এল বান,

আমার লাগল প্রাণে টান।

আপন-মনে মেলে আঁখি আর কেন বা পড়ে থাকি

কিসের ভাবনায়॥

## 645

এই আসা-যাওরার খেরার ক্লে আমার বাড়ি।
কেউ বা আসে এ পারে, কেউ পারের ঘাটে দের রে পাড়ি॥
পথিকেরা বাঁশি ভরে যে স্বর আনে সঙ্গে করে
তাই যে আমার দিবানিশি সকল পরান লয় রে কাড়ি॥
কার কথা যে জানায় তারা জানি নে তা,
হেথা হতে কী নিয়ে বা যায় রে সেখা।
স্বেরর সাথে মিশিয়ে বাণী দুই পারের এই কানাকানি,
তাই শ্নেন যে উদাস হিয়া চায় রে যেতে বাসা ছাড়ি॥

#### 690

আমার আর হবে না দেরি—
আমি শ্নেছি ওই বাজে তোমার ভেরী॥
তুমি কি, নাথ, দাঁড়িয়ে আছ আমার যাবার পথে?
মনে হয় যে কণে কণে মোর বাতায়ন হতে
তোমায় যেন হেরি—
আমার আর হবে না দেরি॥

আমার স্বপন হল সারা,
এখন প্রাণে বীণা বাজায় ভোরের তারা।
দেবার মতো বা ছিল মোর নাই কিছু আর হাতে,
তোমার আশীর্বাদের মালা নেব কেবল মাথে
আমার ললাট ঘেরি—
এখন আর হবে না দেরি॥

#### 648

পান্থ তুমি, পান্থজনের সখা হে, পথে চলাই সেই তো তোমায় পাওয়া। যাত্রাপথের আনন্দগান যে গাহে তারি কন্ঠে তোমারি গান গাওয়া।। চায় না সে জন পিছন-পানে ফিরে. বায় না তরী কেবল তীরে তীরে. ত্ফান তারে ডাকে অকলে নীরে যার পরানে লাগল তোমার হাওয়া।। পান্থ তুমি, পান্থজনের সখা হে, পথিকচিত্তে তোমার তরী বাওয়া। দুয়ার খুলে সমুখ-পানে যে চাহে তার চাওয়া যে তোমার পানে চাওয়া। বিপদ বাধা কিছুই ডরে না সে. রর না পড়ে কোনো লাভের আশে. যাবার লাগি মন তারি উদাসে— যাওয়া সে যে তোমার পানে যাওয়।।।

#### 444

ওগো, পথের সাথি, নমি বারশ্বার।
পথিকজনের লহো লহো নমস্কার॥
ওগো বিদায়, ওগো ক্ষতি, ওগো দিনশেষের পতি,
ভাঙা বাসার লহো নমস্কার॥
ওগো নব প্রভাতজ্যোতি, ওগো চিরদিনের গতি,
নব আশার লহো নমস্কার।
জীবনরথের হে সারথি, আমি নিত্য পথের পথী,
পথে চলার লহো লহো লহো নমস্কার॥

অশ্রনদীর স্দ্র পারে ঘাট দেখা যায় তোমার দ্বারে॥
নিজের হাতে নিজে বাঁধা ঘরে আধা বাইরে আধা—
এবার ভাসাই সন্ধ্যাহাওয়ায় আপনারে॥
কাটল বেলা হাটের দিনে
লোকের কথার বোঝা কিনে।
কথার সে ভার নামা রে মন, নীরব হয়ে শোন্ দেখি শোন্
পারের হাওয়ায় গান বাজে কোন্ বীগার॰ তারে॥

## 689

পথিক হে.

ওই-যে চলে, ওই-ষে চলে সঙ্গী তোমার দলে দলে॥
অন্যমনে থাকি কোণে, চমক লাগে ক্ষণে ক্ষণে—
হঠাং শ্নি জলে স্থলে পায়ের ধর্নি আকাশতলে॥
পথিক হে, পথিক হে, যেতে যেতে পথের থেকে
আমায় ডুমি যেয়ো ডেকে।
যগে যগে বারে বারে এসেছিলে আমার দ্বারে—
হঠাং যে তাই জানিতে পাই, তোমার চলা হদয়তলে॥

#### 464

এবার রভিয়ে গেল হুদরগগন সাঁঝের রঙে।
আমার সকল বাণী হল মগন সাঁঝের রঙে॥
মনে লাগে দিনের পরে পথিক এবার আসবে ঘরে,
আমার প্রণ হবে পর্যা লগন সাঁঝের রঙে॥
অস্তাচলের সাগরক্লের এই বাতাসে
ক্ষণে ক্ষণে চক্ষে আমার তন্দ্রা আসে।
সন্ধ্যায্থীর গন্ধভারে পান্ধ ধখন আসবে ঘারে
আমার আপনি হবে নিদ্রাভগন সাঁঝের রঙে॥

## 443

হার মানালে গো, ভাঙিলে অভিমান হার হার।
ক্ষীণ হাতে জনলা স্লান দীপের থালা
হল খান্খান্ হার হার॥
এবার তবে জনলো আপন তারার আলো,
রঙিন ছারার এই গোধ্লি হোক অবসান হার হার॥
এসো পারের সাখি—
বইল পথের হাওয়া, নিবল ঘরের বাতি।

আজি বিজন বাটে, অন্ধকারের ঘাটে সব-হারানো নাটে এনেছি এই গান হার হার॥

#### 490

আমার পথে পথে পাথর ছড়ানো।
তাই তো তোমার বাণী বাজে ঝর্না-ঝরানো।।
আমার বাঁশি তোমার হাতে, ফুটোর পরে ফুটো তাতে—
তাই শুনি স্বর এমন মধ্র পরান-ভরানো।।
তোমার হাওয়া যখন জাগে আমার পালে বাধা লাগে—
এমন করে গায়ে পড়ে সাগর-তরানো।
ছাড়া পেলে একেবারে রথ কি তোমার চলতে পারে—
তোমার হাতে আমার ঘোড়া লাগাম-পরানো।।

## 695

তুমি হঠাৎ-হাওয়ায় ভেসে-আসা ধন—
তাই হঠাৎ-পাওয়ায় চমকে ওঠে মন॥
গোপন পথে আপন-মনে বাহির হও যে কোন্ লগনে,
হঠাৎগন্ধে মাতাও সমীরণ॥
নিত্য যেথায় আনাগোনা হয় না সেথায় চেনাশোনা,
উড়িয়ে ধ্লো আসছে কতই জন।
কখন পথের বাহির থেকে হঠাৎ-বাশি যায় যে ডেকে,
পথহারাকে করে সচেতন॥

## 692

পথে চলে যেতে যেতে কোথা কোন্খানে
তোমার পরশ আসে কখন কে জানে॥
কী অচেনা কুস্মের গন্ধে, কী গোপন আপন আনন্দে,
কোন্ পথিকের কোন্ গানে॥
সহসা দার্ণ দ্খতাপে সকল ভূবন যবে কাঁপে,
সকল পথের ঘোচে চিহ্ন, সকল বাঁধন যবে ছিল্ল,
মৃত্যু-আঘাত লাগে প্রাণে—
তোমার পরশ আসে কখন কে জানে॥

#### 690

আমার ভাঙা পথের রাঙা ধ্লার পড়েছে কার পারের চিহু! তারি গলার মালা হতে পাপড়ি হোথা ল্টায় ছিল্ল॥ এল ধখন সাড়াটি নাই, গোল চলে জানালো তাই—
এমন করে আমারে হায় কে বা কাঁদায় সে জন ভিন্ন॥
তখন তর্ণ ছিল অর্ণ আলো, পথটি ছিল কুস্মকীর্ণ।
বসন্ত যে রঙিন বেশে ধরায় সে দিন অবতীর্ণ।
সে দিন খবর মিলল না যে, রইন্ বসে ঘরের মাঝে—
আজকে পথে বাহির হব বহি আমার জীবন জীর্ণ॥

## 698

পাতার ভেলা ভাসাই নীরে,
পিছন-পানে চাই নে ফিরে॥
কর্ম আমার বোঝাই ফেলা, খেলা আমার চলার খেলা।
হয় নি আমার আসন মেলা, খর বাঁধি নি স্রোতের তীরে॥
বাঁধন যখন বাঁধতে আসে
ভাগ্য আমার তখন হাসে॥
ধ্লা-ওড়া হাওয়ার ডাকে পথ যে টেনে লয় আমাকে—
নতুন নতুন বাঁকে বাঁকে গান দিয়ে ষাই ধরিত্রীরে॥

## 494

আমাদের খেপিরে বেড়ায় বে কোথার ল্কিরে থাকে রে।
ছুটল বেগে ফাগ্ন-হাওয়া কোন্ খ্যাপামির নেশায় পাওয়া,
ঘ্ণা হাওয়ায় ঘ্রিয়ে দিল স্যাতারাকে॥
কোন্ খ্যাপামির তালে নাচে পাগল সাগর-নীর।
সেই তালে যে পা ফেলে যাই, রইতে নারি স্থির।
চল্রে সোজা, ফেল্ রে বোঝা, রেখে দে তোর রাস্তা-খোঁজা,
চলার বেগে পায়ের তলায় রাস্তা জেগেছে॥

## 495

চলি গো, চলি গো, ষাই গো চলে।
পথের প্রদীপ জনুলে গো গগনতলে॥
বাজিরে চলি পথের বাশি, ছড়িরে চলি চলার হাসি,
রাঙন বসন উড়িরে চলি জলে স্থলে॥
পথিক ভূবন ভালোবাসে পথিকজনে রে।
এমন সুরে ভাই সে ডাকে ক্ষণে ক্ষণে রে।
চলার পথের আগে অংগ ঋতুর ঋতুর সোহাগ জাগে,
চরণ-ঘারে মরণ মরে পলে পলে॥

এখন আমার সময় হল,
যাবার দ্রার খোলো খোলো॥
হল দেখা, হল মেলা আলোছারায় হল খেলা—
স্বপন যে সে ভোলো ভোলো॥
আকাশ ভরে দ্রের গানে,
অলখ দেশে হদয় টানে।
ওগো দ্দ্র, ওগো মধ্র, পথ বলে দাও পরানব ধ্র—
সব আবরণ তোলো তোলো॥

## 694

ওরে পথিক, ওরে প্রেমিক, বিচ্ছেদে তোর খণ্ড মিলন পূর্ণ হবে। আয় রে সবে প্রলয়গানের মহোৎসবে॥ তান্ডবে ওই তপ্ত হাওয়ায় ঘূর্ণি লাগায়, মত্ত ঈশান বাজায় বিষাণ, শঙ্কা জাগায়-ঝতকারিয়া উঠল আকাশ ঝঞ্চারবে॥ ভাঙন-ধরার ছিল্ল-করার রুদ্র নাটে यथन जकन इन्म विकन, वन्न कार्छ, মুক্তিপাগল বৈরাগীদের চিত্ততলে . প্রেমসাধনার হোমহ<sub>ু</sub>তাশন জ্বলবে তবে। ওরে পথিক, ওরে প্রেমিক, সব আশাজাল যায় রে যখন উডে পতে আশার অতীত দাঁড়ায় তখন ভুবন জাড়ে -छक वाणी नीवव मृत्य कथा करव। আয় রে সবে প্রলয়গানের মহোৎসবে॥

#### 693

মোর পথিকেরে বৃঝি এনেছ এবার কর্ণ রঙিন পথ!
এসেছে এসেছে অঙ্গনে, মোর দুরারে লেগেছে রথ॥
সোগরপারের বাণী মোর পরানে দিয়েছে আনি,
তার আঁখির তারায় যেন গান গায় অরণ্যপর্বত॥
দঃখসুখের এ পারে, ও পারে, দোলায় আমার মনকেন অকারণ অশুসলিলে ভরে বায় দ্বনায়ন।
ওগো নিদার্ণ পথ, জানি—জানি প্ন নিয়ে বাবে টানি তারে—
চিরদিন মোর যে দিল ভরিয়া যাবে সে স্বপনবং॥

#### & VO

ছিল্ল পাতার সাজাই তরণী, একা একা করি খেলা—
আন্মনা যেন দিক্বালিকার ভাসানো মেদের ভেলা॥
বেমন হেলার অলস ছল্পে কোন্ খেয়ালির কোন্ আনন্দে
সকালে-ধরানো আমের মৃকুল ঝরানো বিকালবেলা॥
যে বাতাস নেয় ফ্লের গন্ধ, ভূলে বায় দিনশেবে,
তার হাতে দিই আমার ছন্দ—কোথা যায় কে জানে সে।
লক্ষ্যবিহীন প্রোতের ধারায় জেনো জেনো মায় সকলই হারায়,
চিরদিন আমি প্রের নেশায় পাথেয় করেছি হেলা॥

## 447

না রে, না রে, হবে না তোর স্বর্গসাধন—
সেথানে যে মধ্র বেশে ফাঁদ পেতে রয় স্থের বাঁধন॥
ভেবেছিলি দিনের শেষে তপ্ত পথের প্রান্তে এসে
সোনার মেঘে মিলিয়ে যাবে সারা দিনের সকল কাঁদন॥
না রে, না রে, হবে না তোর, হবে না তা—
সন্ধ্যাতারার হাসির নিচে হবে না তোর শন্ত্রন পাতা।
পথিক ব'ধ্ব পাগল করে পথে বাহির করবে তোরে—
হদয় যে তোর ফেটে গিয়ে ফুটবে তবে তাঁর আরাধন॥

#### 645

আপনি আমার কোন্খানে
বেড়াই তারি সন্ধানে॥
নানান রূপে নানান বৈশে ফেরে বৈজন ছায়ার দেশে
তার পরিচর কে'দে হেসে শেষ হবে কি, কে জানে॥
আমার গানের গহন-মাঝে শ্নেছিলেম যার ভাষা
খংজে না পাই তার বাসা।
বেলা কখন যায় গো বয়ে, আলো আসে মলিন হয়ে,
পথের বাশি যায় কী কয়ে বিকালবেলার মূলতানে॥

#### & RO

পথ এখনো শেষ হল না, মিলিয়ে এল দিনের ভাতি।
তোমার আমার মাঝখানে হায় আসবে কখন আঁধার রাতি॥
এবার তোমার শিখা আনি
জ্বালাও আমার প্রদীপধানি,
আলোয় আঁলোয় মিলন হবে পথের মাঝে পথের সাথি॥

ভালো করে মূখ যে তোমার যায় না দেখা স্করে হে-দীর্ঘ পথের দার্গ গ্লান তাই তো আমায় জড়িয়ে রহে।
ছায়ায়-ফেরা ধ্লায়-চলা
মনের কথা যায় না বলা,
শেষ কথাটি জনলবে এবার তোমার বাতি আমার বাতি॥

#### 4 N8

বা শেরেছি প্রথম দিনে সেই বেন পাই শেষে.
দুহাত দিরে বিশ্বেরে ছুই শিশুর মতো হেসে॥
যাবার বেলা সহজেরে
যাই যেন মোর প্রণাম সেরে,
সকল পন্থা যেথায় মেলে সেথা দাঁড়াই এসে॥
খ্রুতে যারে হয় না কোথাও চোখ যেন তায় দেখে,
সদাই যে রয় কাছে তারি পরশ ষেন ঠেকে।
নিত্য যাহার থাকি কোলে
তারেই যেন ষাই গো বলে—
এই জীবনে ধনা হলেম তোমায় ভালোবেসে॥

#### 444

জয় জয় পরমা নিল্কৃতি হে, নিম নিম।
জয় জয় পরমা নির্বৃতি হে, নিম নিম।
নিম নিম তোমারে হে অকস্মাৎ,
গ্রান্থফেছদন খরসংঘাত—
লৃপ্তি, স্পৃতি, বিস্মৃতি হে, নিম নিম।
অশ্র্মাবণপ্লাবন হে, নিম নিম।
সাব ভয় ভয় ভাবনার
চরমা আবৃতি হে, নিম নিম।

#### 484

আঁধার রাতে একলা পাগল যায় কে'দে।
বলে শুধু, বাঝিয়ে দে, বাঝিয়ে দে, বাঝিয়ে দে॥
আমি ষে তোর আলোর ছেলে—
আমার সামনে দিলি আঁধার মেলে,
মুখ লাকালি, মার আমি সেই থেদে॥
অন্ধলারে অন্তর্মবির লিপি লেখা।
আমারে তার অর্থ শেখা।

# তোর প্রাণের বাশির তান সে নানা সেই আমারই ছিল জানা, আজ মরণ-বাশির অজানা সূরে নেব সেধে॥

## 449

মরণের মুখে রেখে দ্রে যাও দ্রে যাও চলে
আবার বাথার টানে নিকটে ফিরাবে বলে॥
আঁধার-আলোর পারে থেয়া দিই বান্ধে বারে,
নিজেরে হারায়ে খুঁজি— দুলি সেই দোলে দোলে॥
সকল রাগিণী বুঝি বাজাবে আমার প্রাণে—
কভু ভয়ে কভু জয়ে, কভু অপমানে মানে।
বিরহে ভরিবে সুরে তাই রেখে দাও দ্রে,
মিলনে বাজিবে বাঁশি তাই টেনে আন কোলে॥

#### GRA

রজনীর শেষ তারা, গোপনে আঁষারে আধো-ঘুমে
বাণী তব রেখে যাও প্রভাতের প্রথম কুস্মে॥
সেইমত যিনি এই জীবনের আনন্দর্পিণী
শেষক্ষণে দেন যেন তিনি নবজীবনের মুখ চুমে॥
এই নিশীথের স্বপ্পরাজি
নবজাগরণক্ষণে নব গানে উঠে ষেন বাজি।
বিরহিণী যে ছিল রে মোর হদরের মর্ম-মাঝে
বধ্বেশে সেই যেন সাজে নবদিনে চন্দনে কুন্কুমে॥

#### GAP

কোন্ খেলা যে খেলব কখন ভাবি বসে সেই কথাটাইতোমার আপন খেলার সাথি করে, তা হলে আর ভাবনা তো নাই॥
দিশির-ভেজা সকালবেলা আজ কি তোমার ছ্টির খেলা—
বর্ষণহীন মেঘের মেলা তার সনে মোর মনকে ভাসাই॥
তোমার নিঠ্র খেলা খেলবে যে দিন বাজবে সে দিন ভীষণ ভেরী—
ঘনাবে মেঘ, আঁধার হবে, কাঁদবে হাওয়া আকাশ ঘেরি।
সে দিন বেন তোমার ডাকে ঘরের বাঁধন আর না থাকে
অকাতরে পরানটাকে প্রশায়দোলার দোলাতে চাই॥

#### 420

অচেনাকে ভর কী আমার ওরে? অচেনাকেই চিনে চিনে উঠবে জীবন ভরে॥ জানি জানি আমার চেনা কোনো কালেই ফ্রাবে না,
চিহ্নারা পথে আমার টানবে অচিন ডোরে॥
ছিল আমার মা অচেনা, নিল আমার কোলে।
সকল প্রেমই অচেনা গো, তাই তো হদয় দোলে।
অচেনা এই ভূবন-মাঝে কত স্বেই হদয় বাজে—
অচেনা এই জীবন আমার,
বেড়াই তারি ঘোরে॥

622

আবার যদি ইচ্ছা কর আবার আসি ফিরে
দ্বংখস্থের-চেউ-খেলানো এই সাগরের তীরে॥
আবার জলে ভাসাই ভেলা, ধুলার 'পরে করি খেলা গো,
হাসির মায়াম্গার পিছে ভাসি নয়ননীরে॥
কাঁটার পথে আঁধার রাতে আবার যাত্রা করি,
আঘাত খেয়ে বাঁচি নাহয় আঘাত খেয়ে মরি।
আবার তুমি ছন্মবেশে আমার সাথে খেলাও হেসে গো,
ন্তন প্রেমে ভালোবাসি আবার ধরণীরে॥

## 625

প্ৰপ দিয়ে মারো যারে চিনল না সে মরণকে।
বাণ খেয়ে যে পড়ে সে যে ধরে তোমার চরণকে॥
সবার নিচে ধ্লার 'পরে ফেলো যারে মৃত্যুশরে
সে যে তোমার কোলে পড়ে, ভয় কি বা তার পড়নকে॥
আরামে যার আঘাত ঢাকা, কলঙ্ক যার স্কুগরু,
নয়ন মেলে দেখল না সে রুদ্র ম্থের আনন্দ।
মজল না সে চোখের জলে, পেশছল না চরণতলে,
তিলে তিলে পলে পলে ম'ল যেজন পালঙ্কে॥

#### 420

মেঘ বলেছে 'যাব যাব', রাত বলেছে যাই',
সাগর বলে 'ক্ল মিলেছে— আমি তো আর নাই'॥
দ্বঃখ বলে 'রইন্ চুপে তাঁহার পারের চিহুর্পে',
আমি বলে 'মিলাই আমি আর কিছ্ না চাই'॥
ভুবন বলে 'তোমার তরে আছে বরণমালা',
গগন বলে 'তোমার তরে লক্ষ প্রদীপ জ্বালা'।
প্রেম বলে যে 'য্গে য্গে তোমার লাগি আছি জেগে',
মরণ বলে 'আমি তোমার জীবনতরী বাই'॥

জানি গো, দিন বাবে এ দিন বাবে। একদা কোন্ বেলাশেষে মলিন রবি কর্ণ ছেসে শেষ বিদারের চাওয়া আমার ম্থের পানে চাবে॥ পথের ধারে বাজবে বেশ্ব, নদীর ক্লে চরবে ধেন্ব, আডিনাতে খেলবে শিশ্ব, পাখিরা গান গাবে— তব্ও দিন ধাবে এ দিন বাবে॥

তোমার কাছে আমার এ মিনতি
যাবার আগে জানি যেন আমার ডেকেছিল কেন
আকাশ-পানে নরন তুলে শ্যামল বস্মতী।
কেন নিশার নীরবতা শ্নিরেছিল তারার কথা,
পরানে ডেউ তুলেছিল কেন দিনের জ্যোতি—
তোমার কাছে আমার এই মিনতি॥

সাঙ্গ যবে হবে ধরার পালা
যেন আমার গানের শেষে থামতে পারি সমে এসে,
ছরটি কতুর ফ্লে ফলে ভরতে পারি ডালা।
এই জীবনের আলোকেতে পারি ডোমার দেখে যেতে,
পরিরে যেতে পারি ডোমার আমার পলার মালা—
সাঙ্গ যবে হবে ধরার পালা।।

## 474

অলপ লইয়া থাকি, তাই মোর বাহা বার তাহা বার।
কণাট্কু বদি হারার তা লয়ে প্রাণ করে 'হার হার'॥
নদীতটসম কেবলই কৃথাই প্রবাহ আঁকড়ি রাখিবারে চাই,
একে একে বকে আঘাত করিয়া তেউগন্লি কোথা ধার॥
বাহা বায় আর বাহা-কিছু থাকে সব বদি দিই সপিয়া তোমাকে
তবে নাহি ক্ষর, সবই জেগে রয় তব মহা মহিমার।
তোমাতে রয়েছে কত শশী ভান্, হারায় না কভু অণ্ পরমাণ্,
আমারই ক্ষুদ্র হারাধনগ্লি রবে না কি তব পার॥

#### 426

তোমার অসীমে প্রাশমন লবে যত দ্বে আমি ধাই— কোথাও দৃঃখ, কোথাও মৃত্যু, কোখা বিচ্ছেদ নাই॥ মৃত্যু সে ধরে মৃত্যুর রূপ, দৃঃখ হয় হে দৃঃখের ক্প. তোমা হতে ধবে হইরে কিম্খ আপনার পানে চাই॥ হে প্র্ণ, তব চরণের কাছে থাহা-কিছু সব আছে আছে আছেনাই নাই ভয়, সে শুধু আমারই, নিশিদিন কাদি তাই।
অন্তরগ্রানি সংসারভার পলক ফেলিতে কোথা একাকার
জীবনের মাধ্যে প্ররূপ তোমার রাখিবারে যদি পাই॥

## 629

আমি আছি তোমার সভার দ্বার-দেশে,
সময় হলেই বিদায় নেব কে'দে হেসে॥
মালায় গে'থে যে ফ্লগ্লিল দির্ঘেছিলে মাথায় তুলি
পাপড়ি তাহার পড়বে ঝরে দিনের শেষে॥
উচ্চ আসন না যদি রর নামব নিচে,
ছোটো ছোটো গানগ্লিল এই ছড়িয়ে পিছে।
কিছ্ম তো তার রইবে বাকি তোমার পথের ধ্লো ঢাকি,
সবগ্লি কি সন্ধা-হাওয়ায় যাবে ভেসে॥

## 624

পের্মেছ ছাট, বিদায় দেহো ভাই—
সবারে আমি প্রণাম করে যাই॥
ফিরায়ে দিন্দ্ব দারের চাবি, রাখি না আর খরের দাবি—
সবার আজি প্রসাদবাণী চাই॥
অনেক দিন ছিলাম প্রতিবেশী,
দির্মেছি যত নির্মেছি তার বেশি।
প্রভাত হয়ে এসেছে রাতি, নিবিয়া গেল কোণের বাতি—
গড়েছে ভাক, চলোছ আমি তাই॥

#### 477

আমার ধাবার বেলাতে
সবাই জয়ধননি কর ।
ভোরের আকাশ রাঙা হল রে,
আমার পথ হল সন্দের ॥
কী নিয়ে বা ধাব সেথা ওগো ভোরা ভাবিস নে তা,
শ্ন্য হাতেই চলব বহিয়ে
আমার ব্যাকুল অন্তর ॥
মালা পরে ধাব মিলনকেশে,
আমার পথিকসম্জা নয় ।
বাধা বিপদ আছে মাঝের দেশে,
মনে রাখি নে সেই ভর ।

যায়া যখন হবে সারা উঠবে জ্বলে সন্ধ্যাতারা, প্রবীতে কর্ণ বাঁশরি দ্বারে বাজবে মধ্র স্বর॥

600

আঁধার এল বলে

তাই তো ঘরে উঠল আলো জনলে॥

ভূলেছিলেম দিনে, রাতে নিজেম চিনে—
জেনেছি কার লীলা আমার বক্ষোদোলার দোলে॥
ঘ্মহারা মোর বনে
বিহঙ্গান জাগল ক্ষণে ক্ষণে।

যখন সকল শব্দ হয়েছে নিস্তব্ধ
বসস্তবায় মোরে জাগায় পল্লবক্রোলে॥

405

দিন যদি হল অবসান
নিখিলের অস্তর্মান্দরপ্রাঙ্গণে
ওই তব এল আহ্বান॥
চেরে দেখো মঙ্গলরাতি জ্বালি দিল উৎসববাতি,
গুদ্ধ এ সংসারপ্রান্তে ধরো ধরো তব বন্দনগান॥
কমের-কলরব-ক্রান্ত,
করো করো তব অন্তর শান্ত।
চিন্ত-আসন দাও মেলে, নাই যদি দর্শন পেলে
অবধারে মিলিবে তার স্পর্ণা—
হর্ষে জাগায়ে দিবে প্রাণ॥

## 403

তোমার হাতের অর্ণলেখা পাবার লাগি রাতারাতি
স্থব্ধ আকাশ জাগে একা প্রের পানে বক্ষ পাতি।।
তোমার রঙিন ত্লির পাকে নামাবলীর আঁকন আঁকে,
তাই নিয়ে তো ফ্লের বনে হাওয়ায় হাওয়ায় মাতামাতি॥
এই কামনা রইল মনে— গোপনে আজ তোমায় কব
পড়বে আঁকা মোর জীবনে রেখায় রেখায় আখর তব।
দিনের শেষে আমায় ববে বিদায় নিরে বেতেই হবে
তোমায় হাতের লিখনমালা
স্রের স্তোর বাব গাঁথি॥

দিনের বেলায় বাঁশি তোমার বাজিয়েছিলে অনেক স্বরে—
গানের পরশ প্রাণে এল, আপনি তুমি রইলে দ্রে॥
শ্বধাই যত পথের লোকে 'এই বাঁশিটি বাজালো কে'—
নানান নামে ভোলায় তারা, নানান দ্বারে বেড়াই ঘ্রে॥
এখন আকাশ ব্লান হল, ক্লান্ত দিবা চক্ষ্ব বোজে—
পথে পথে ফেরাও যদি মরব তবে মিথ্যা খোঁজে।
বাহির,ছেড়ে ভিতরেতে আপনি লহো আসন পেতে—
তোমার বাঁশি বাজাও আসি
আমার প্রাণের অন্তঃপ্রে॥

## 806

মধ্র, তোমার শেষ যে না পাই, প্রহর হল শেষ ভূবন জুড়ে রইল লেগে আনন্দ-আবেশ॥ দিনান্তের এই এক কোণাতে সন্ধ্যামেঘের শেষ সোনাতে মন যে আমার গ্রন্ধরিছে কোথায় নির্শেদশ॥ সায়স্তনের ক্লান্ত ফুলের গন্ধ হাওয়ার 'পরে অঙ্গবিহীন আলিঙ্গনে সকল অঙ্গ ভরে। এই গোধ্নির ধ্সরিমায় শামল ধরার সীমায় সীমায় শুনি বনে বনান্তরে অসীম গানের রেশ॥

#### 404

দিন অবসান হল।
এই আভাসগ্রিল পড়বে মালায় গাঁথা কালকে দিনের তরে
তোমার অলস দ্বিপ্রহরে॥

বসস্ত সে বায় তো হেসে, যাবার কালে
শেষ কুস্মের পরশ রাখে বনের ভালে॥
তেমনি তুমি বাবে জানি, সঙ্গে বাবে হাসিখানি—
অলক হতে পড়বে অশোক বিদায়-থালে॥
রইব একা ভাসন-খেলার নদীর তটে,
বেদনাহীন মুখের ছবি স্মৃতির পটে—
অবসানের অস্ত-আলো তোমার সাথি, সেই তো ভালো—
ছায়া সে থাক্ মিলনশেষের অস্তরালে॥

## 256

মম দ্বংখের সাধন থবে করিন্থ নিবেদন তব চরণতলে,
শ্ভলগন গেল চলে,
প্রেমের অভিষেক কেন হল না তব নয়নজলে॥
রসের ধারা নামিল না, বিরহে তাপের দিনে ফ্ল গেল শ্কায়ে—
মালা পরানো হল না তব গলে॥
মনে হয়েছিল দেখেছিন্থ কর্ণা তব আঁখিনিমেবে,
গেল সে ভেসে।
যদি দিতে বেদনার দান আপনি পেতে তারে ফিরে
অমৃতফলে॥

## २२७

বাণী মোর নাহি,
স্তব্ধ হদয় বিছায়ে চাহিতে শ্ব্ধ জানি॥
আমি অমাবিভাবরী আলোহারা.
মেলিয়া অগণ্য তারা
নিজ্ফল আশায় নিঃশেষ পথ চাহি॥
তুমি যবে বাজাও বাঁশি স্ব আসে ভাসি
নীরবতার গভীরে বিহ্লে বায়ে
নিদ্রাসমূদ্র পারায়ে।
তোমারি স্বেরর প্রতিধর্নি তোমারে দিই ফিরায়ে,
কে জানে সে কি পশে তব স্বপ্লের তীরে
বিপ্লে অন্ধকার বাহি॥

## 229

আজি দক্ষিণপ্রনে দোলা লাগিল বনে বনে॥ দিক্ললনার নৃত্যচণ্ডল মঞ্জীরধর্নি অন্তরে ওঠে রনরনি বিরহবিহর্ল হংস্পদনে॥

মাধবীলতায় ভাষাহারা ব্যাকৃলতা পল্লবে পল্লবে প্রলপিত কলরবে। প্রজাপতির পাখায় দিকে দিকে লিপি নিয়ে ষায় উৎসব-আমল্যগে॥

### 258

যদি হায় জীবন প্রণ নাই হল মম তব অকৃপণ করে,
মন তব্ জানে জানে—
চকিত ক্ষণিক আলোছায়া তব আলিপন আঁকিয়া যায়
ভাবনার প্রাঙ্গণে॥
বৈশাখের শীর্ণ নদী ভরা স্রোতের দান না পায় যদি
তব্ সংকুচিত তীরে তীরে
ক্ষীণ ধারায় পলাতক পরশ্খনি দিয়ে যায়,
পিয়াসী লয় তাহা ভাগ্য মানি॥

মম ভীর, বাসনার অঞ্চলিতে।
যতট্কু পাই রয় উচ্ছলিতে।
দিবসের দৈন্যের সঞ্চয় যত
যত্নে ধরে রাখি,
সে যে বজনীর স্বপ্লের আয়োজন।।

### 222

আমার আপন গান আমার অগোচরে আমার মন হরণ করে.
নিয়ে সে যায় ভাসায়ে সকল সীমারই পারে।
ওই-যে দ্রে ক্লে ক্লে ফাল্প্ন উচ্ছ্রনিত ফ্লে ফ্লেসেথা হতে আসে দ্রস্ত হাওয়া, লাগে আমার পালে।।
কোথায় তুমি মম অজানা সাথি
কাটাও বিজনে বিরহরাতি,
এসো এসো উধাও পথের যাত্রী—
তরী আমার টলোমলো ভরা জোয়ারে।।

### 200

অধরা মাধ্রী ধরেছি ছন্দোবন্ধনে। ও যে সন্দ্র প্রাতের পাখি গাহে সন্দ্র রাতের গান॥ বিগত বসস্তের অশোকরক্তরাগে ওর রভিন পাখা, তারি ঝরা ফুলের গন্ধ ওর অক্তরে ঢাকা॥ ওগো বিদেশিনী,
তুমি ডাকো ওরে নাম ধরে,
ও যে তোমারি চেনা।
তোমারি দেশের আকাশ ও যে জানে, তোমারি রাতের তারা,
তোমারি বকুলবনের গানে ও দের সাড়া—
নাচে তোমারি কণ্কণেরই তালে॥

### 205

আমি যে গান গাই জানি নে সে কার উন্দেশে।।

যবে জাগে মনে অকারণে চণ্ডল হাওয়া প্রবাসী পাথি যেন

যায় সনুর ভেসে, কার উন্দেশে।।

ওই মনুখপানে চেরে দেখি—

তুমি সে কি অতীত কালের স্বপ্ন এলে

নতুন কালের বেশে।

কভু জাগে মনে আজও যে আসে নি এ জীবনে
গানের খেয়া সে মাগে আমার তীরে এসে, কার উন্দেশে।

## २०२

ওগো পড়োশনি.

শ্নি বনপথে স্ব মেলে যায় তব কি জিগী॥

ক্লান্তক্জন দিনশেবে, আম্বশাথে,

আকাশে বাজে তব নীরব রিনিরিনি॥

এই নিকটে থাকা

অতিদ্র আবরণে রয়েছে ঢাকা।

ধেমন দ্রে বাণী আপনহারা গানের স্বে.

মাধ্রীরহস্যমায়ায় চেনা তোমারে না চিনি॥

### २००

ওগো দ্বপ্লদ্বর্ণিণী তব অভিসারের পথে পথে
স্মৃতির দীপ জনালা॥
সেদিনেরই মাধবীবনে আজও তেমনি ফ্ল ফ্টেছে
তেমনি গন্ধ ঢালা॥
আজি তন্দ্রাবিহীন রাতে বিল্লিঝাকারে স্পন্দিত পবনে
তব অঞ্লের কন্পন সঞ্চারে।
আজি পরজে বাজে বালি

যেন হদরে বহুদ্বে আবেশবিহন্দ স্রে।
বিকচ মল্লিমালো তোমারে স্মরিয়া রেখেছি ভরিয়া ভালা॥

ওরে জাগায়ো না, ও যে বিরাম মাগে নির্মম ভাগ্যের পায়ে।
ও যে সব চাওয়া দিতে চাহে অতলে জলাঞ্জলি॥
দ্রাশার দ্বঃসহ ভার দিক নামায়ে,
যাক ভূলে অকিণ্ডন জীবনের বণ্ডনা।
আস্ক নিবিড় নিদ্রা,
তামসী তুলিকায় অতীতের বিদ্রুপবাণী দিক ম্ছায়ে
স্মরণের পত্ত হতে।
ন্তন্ধ হোক বেদনগর্জন
স্প্র বিহঙ্গের নীড়ের মতো—
আনো ত্মস্বিনী,
শ্রান্ত দ্বের মোনতিমিরে শান্তির দান॥

# २०६

দিনান্তবেলায় শেষের ফসল দিলেম তর্ন-'পরে,

এ পারে কৃষি হল সারা,

যাব ও পারের ঘাটে।

হংসবলাকা উড়ে যায়

দ্রের তীরে, তারার আলােয়,

তারি ডানার ধর্নন বাজে মাের অন্তরে।

ভাঁটার নদী ধায় সাগর-পানে কলতানে,

ভাবনা মাের ভেসে যায় তারি টানে॥

যা-কিছ্ম নিয়ে চলি শেষ সঞ্চয়

স্থ নয় সে, দুঃখ সে নয়, নয় সে কামনা—

শ্বনি শ্ব্দু মাঝির গান আর দাঁড়ের ধ্বনি তাহার স্বরে॥

### 204

ধ্সর জীবনের গোধালিতে ক্লান্ত আলোয় ম্লানস্মৃতি।
সেই সুরের কায়া মোর সাথের সাথি, ম্বপ্লের সঙ্গিনী,
তারি আবেশ লাগে মনে বসন্তবিহন্ত বনে॥
দেখি তার বিরহী মৃতি বেহাগের তানে
সকর্ণ নত নয়ানে।
প্রিমা জ্যোৎস্লালোকে মিলে ধায়

পূর্ণিমা জ্যোৎস্নালোকে মিলে যায় জাগ্রত কোকিল-কাকলিতে, মোর বাঁশির গীতে॥

দোষী করিব না, করিব না তোমারে।
আমি নিজেরে নিজে করি ছলনা।
মনে মনে ভাবি ভালোবাস,
মনে মনে বৃঝি তুমি হাস,
জান এ আমার খেলা—
এ আমার মোহের রচনা।।
সন্ধ্যামেঘের রাগে অকারণে ছবি জাগে,
সেইমতো মায়ার আভাসে মনের আকাশে
হাওয়ার হাওয়ায় ভাসে
শ্নো শ্নো ছিমলিপি মোর
বিবহমিলনকম্পনা।।

### 50 K

দৈবে তুমি কখন নেশার পেয়ে

আপন মনে যাও একা গান গেরে।

যে আকাশে স্বরের লেখা লেখ

তার পানে রই চেয়ে চেয়ে॥

হদয় আমার অদ্শ্যে যায় চলে, চেনা দিনের ঠিক-ঠিকানা ভোলে,
মোমাছিরা আপনা হারায় যেন গন্ধের পথ বেয়ে বেয়ে॥

গানের টানা জালে

নিমেষ-ঘেরা গহন থেকে ভোলে অসীমকালে।

মাটির আড়াল করি ভেদন স্বলোকের আনে বেদন,

মর্ত্যলোকের বীণাভারে রাগিণী দেয় ছেয়ে॥

## 202

ভরা থাক্ স্মৃতিস্ধায় বিদায়ের পারখানি।
মিলনের উৎসবে তায় ফিরায়ে দিয়ো আনি॥
বিষাদের অশ্রন্তলে নীরবের মর্মাতলে
গোপনে উঠ্ক ফলে হৃদরের ন্তন বাণী॥
যে পথে যেতে হবে সে পথে তুমি একা—
নয়নে আধার রবে, ধেয়ানে আলোকরেখা।
সারা দিন সংগোপনে স্থারস ঢালবে মনে
পরানের পশ্মবনে বিরহের বীগাপাণি॥

# \$80

ওকে ধরিলে তো ধরা দেবে না—

ওকে দাও ছেড়ে দাও ছেড়ে।

মন নাই যদি দিল নাই দিল,

মন নের যদি নিক্ কেড়ে॥

একি খেলা মোরা খেলেছি, শুখু নয়নের জল ফেলেছি—

ওরই জয় যদি হয় জয় হোক, মোরা হারি যদি যাই হেরে॥

এক দিন মিছে আদরে মনে গরব সোহাগ না ধরে.

শেষে দিন না ফুরাতে ফুরাতে সব গরব দিয়েছে সেরে।

ভেবেছিন্ ওকে চিনেছি, বুঝি বিনা পণে ওকে কিনেছি—

### 285

কেন ধরে রাখা, ও যে যাবে চলে

মিলনযামিনী গত হলে।

স্বপনশেষে নয়ন মেলো. নিব-নিব দীপ নিবায়ে ফেলো

কী হবে শ্কানো ফ্লদলে॥

জাগে শ্কতারা, ডাকিছে পাখি,

উষা সকর্ণ অর্ণ-আর্থি।

এসো, প্রাণপণ হাসিম্থে বলো যাও স্থা! থাকো স্থে'—

ডেকো না, রেখো না আ্বিজ্লো।

### 282

ও চাঁদ, চোথের জলের লাগল জোয়ার দুখের পারাবারে.
হল কানায় কানায় কানাকানি এই পারে ওই পারে॥
আমার তরী ছিল চেনার কুলে, বাঁধন যে তার গেল খুলে:
তারে হাওয়ায় হাওয়ায় নিয়ে গেল কোন্ অচেনার ধারে॥
পথিক সবাই পেরিয়ে গেল ঘাটের কিনারাতে,
আমি সে কোন্ আকুল আলোয় দিশাহারা রাতে।
সেই পথ-হারানোর অধীর টানে অকুলে পথ আপনি টানে,
দিক ভোলাবার পাগল আমার হাসে অন্ধকারে॥

### 280

হায় গো, ব্যথায় কথা যায় ভূবে যায়, যায় গো— সূর হারালেম অগ্রহারে॥ তরী তোমার সাগরনীরে, আমি ফিরি তীরে তীরে,

ঠাই হল না তোমার সোনার নায় গো—

পথ কোথা পাই অন্ধলরে।

হায় গো, নয়ন আমার মরে দুরাশার গো,

চেয়ে থাকি দাঁড়িয়ে ছারে।

যে ঘরে ওই প্রদীপ জবলে তার ঠিকানা কেউ না বলে,

বসে থাকি পথের নিরালায় গো

চির-রাতের পাথার-পারে॥

# \$88

তোমার বাঁণায় গান ছিল আর আমার ভালায় ফ্ল ছিল গো।

একই দখিন হাওয়ায় সে দিন দোঁহায় মোদের দ্ল দিল গো॥

সে দিন সে তো জানে না কেউ আকাশ ভরে কিসের সে তেউ,
তোমার স্রের তরাঁ আমার রভিন ফ্লে ক্ল নিল গো॥

সে দিন আমার মনে হল, তোমার গানের তাল ধরে

আমার প্রাণে ফ্ল-ফোটানো রইবে চিরকাল ধরে।

গান তব্ তো গেল ভেসে, ফ্ল ফ্রালো দিনের শেষে,
ফাগ্নবেলার মধ্র খেলায় কোন্খানে হায় ভূল ছিল গো॥

# 286

তার হাতে ছিল হাসির ফ্লের হার কত রঙে রঙ-করা।
মার সাথে ছিল দ্থের ফলের ভার অশুর রসে ভরা॥
সহসা আসিল, কহিল সে স্কারী 'এসো-না বদল করি'।
ম্থপানে তার চাহিলাম, মার মার, নিদয়া সে মনোহরা॥
সে লইল মার ভরা বাদলের ভালা, চাহিল সকোতৃকে।
আমি লয়ে তার নবফাগ্নের মালা তুলিয়া ধরিন্ ব্কে।
'মোর হল জয়' বেতে বেতে কয় হেসে, দ্রে চলে গেল ছরা।
সন্ধায় দেখি তপ্ত দিনের শেষে ফ্লেগ্লি সব ঝরা॥

# 289

কেন নয়ন আপনি ভেসে যায় জলে।
কেন মন কেন এমন করে॥
যেন সহসা কী কথা মনে পড়ে—
মনে পড়ে না গো তব্ মনে পড়ে॥
চারি দিকে সব মধ্র নীরব,
কেন আমারি পরান কে'দে মরে।
কেন মন কেন এমন কেন রে॥

# वरीन्य-ब्रह्मावली

যেন কাহার বচন দিরেছে বেদন,
যেন কৈ ফিরে গিরেছে অনাদরে—
বাজে তারি অযতন প্রাণের 'পরে।
যেন সহসা কী কথা মনে পড়ে—
মনে পড়ে না গো তব্ মনে পড়ে।

# 289

আজি যে রজনী যায় ফিরাইব তায় কেমনে। নয়নের জল ঝরিছে বিফল নয়নে॥ কেন এ বেশভূষণ লহে সথী, লহাে, এ কুস্মুমমালা হয়েছে অসহ এমন যামিনী কাটিল বিরহশয়নে॥ আমি ব্থা অভিসারে এ ষম্নাপারে এসেছি, বহি ব্যা মনো-আশা এত ভালোবাসা বেসেছি। নিশিশেষে বদন মলিন, ক্লান্তচরণ, মন উদাসীন, শেষে ফিরিয়া চলেছি কোন্ স্থহীন ভবনে॥ ভোলা ভালো তবে, কাঁদিয়া কী হবে মিছে আর। ওগো. যেতে হল হায় প্রাণ কেন চায় পিছে আর। যদি ক্স্তুদুরারে অবোধের মতো রজনীপ্রভাতে বসে রব কত-এবারের মতো বসন্ত গত জীবনে॥

#### \$84

এমন দিনে তারে বলা যায়,
এমন ঘনঘোর বরিষায়।
এমন দিনে মন খোলা যায়—
এমন মেঘস্বরে বাদল-ঝরঝরে
তপনহীন ঘন তমসায়॥

সে কথা শ্বনিবে না কেহ আর,
নিভত নির্জন চারি ধার।
দ্বজনে মুখোম্বি, গভীর দুখে দ্বিথ আকাশে জল ঝরে অনিবার— জগতে কেহ যেন নাহি আর॥

সমাজ সংসার মিছে সব,
মিছে এ জীবনের কলরব।
কেবল আঁখি দিয়ে আঁখির স্থা পিয়ে
হৃদয় দিয়ে হাদি অন্ভব—
আঁধারে মিশে গেছে আর সব॥

তাহাতে এ জগতে ক্ষতি কার,
নামাতে পারি যদি মনোভার।
গ্রাবণবরিষনে একদা গৃহকোণে
দুকথা বলি যদি কাছে তার,
তাহাতে আসে যাবে কিবা কার॥

ব্যাকুল বেগে আজি বহে বায়.
বিজ লি থেকে থেকে চমকায়।
যে কথা এ জীবনে বহিয়া গেল মনে
সৈ কথা আজি যেন বলা যায়—
এমন ঘনঘোর ববিষায়।

# 485

সকর্ণ বেণ্ব বাজায়ে কে যায় বিদেশী নামে,
তাহারি রাগিণী লাগিল গায়ে॥
সে স্ব বাহিয়া ভেসে আসে কার স্দ্র বিরহবিধ্ব হিয়ার
অজানা বেদনা, সাগরবেলার অধীর বায়ে
বনের ছায়ে॥

তাই শ্বনে আজি বিজন প্রবাসে হদরমাঝে
শরংশিশিরে ভিজে ভৈরবী নীরবে বাজে।
ছবি মনে আনে আলোতে ও গীতে— যেন জনহীন নদীপর্ঘটিতে
কে চলেছে জলে কলস ভারতে অলস পায়ে
বনের ছারে॥

### 260

এ পারে মুখর হল কেকা ওই, ও পারে নীরব কেন কুহ্ হার।
এক কহে, 'আর-একটি একা কই, শুভযোগে কবে হব দুহ্ হার।'
অধীর সমীর পুরবৈয়া নিবিড় বিরহবাথা বইয়া
নিশ্বাস ফেলে মুহ্ মুহ্ হায়॥
আবাঢ় সজলঘন আধারে ভাবে বসি দুরাশার ধেয়নে—
'আমি কেন তিথিডোরে বাধা রে, ফাগ্নেরে মোর পাশে কে আনে।'
য়তুর দু ধারে থাকে দুজনে, মেলে না বে কাকলী ও ক্জনে.
আকাশের প্রাণ করে হুহু হায়॥

#### 462

রোদনভরা এ বসস্ত, সখী, কখনো আসে নি বৃক্তি আগে। মোর বিরহবেদনা রাঙালো কিংশ্করস্তিমরাগে॥ কুঞ্জারে বনমব্লিকা সেজেছে পরিয়া নব পত্রালিকা,
সারা দিন-রজনী অনিমিখা কার পথ চেয়ে জাগে।
দক্ষিণসমীরে দ্র গগনে একেলা বিরহী গাহে ব্রিখ গো।
কুঞ্জাবনে মোর মুকুল ষত আবরণবন্ধন ছিণ্ডিতে চাহে।
আমি এ প্রাণের রুদ্ধ দ্বারে ব্যাকুল কর হানি বারে বারে—
দেওয়া হল না যে আপনারে এই ব্যথা মনে লাগে।

### २७२

এসো এসো ফিরে এসো, ব'ধ্ব হে ফিরে এসো। ক্ষ্মিত ভূষিত তাপিত চিত, নাথ হে. ফিরে এসো। ওহে নিষ্ঠার, ফিরে এসো, আমার কর্ণকোমল এসো. সজলজলদল্লিদ্ধকান্ত স্বন্দর ফিরে এসো। আমার নিতিস্থ ফিরে এসো, আমার চিরদ্রখ ফিরে এসো, সবস্থদ্খমন্থনধন অন্তরে ফিরে এসো। আমার আমার চিরবাঞ্চিত এসো. আমার চিতসঞ্চিত এসো ওহে চণ্ডল, হে চিরস্তন, ভুজ- বন্ধনে ফিরে এসো। আমার বকে ফিরিয়া এসো, আমার চক্ষে ফিরিয়া এসো. আমার শয়নে স্বপনে বসনে ভূষণে নিখিল ভূবনে এসো। আমার মুখের হাসিতে এসো. আমার চোখের সলিলে এসো. আমার আদরে আমার ছলনে আমার অভিমানে ফিরে এসো। আমার সকল স্মরণে এসো. আমার সকল ভরমে এসো. ধরম-করম-সোহাগ-শরম-জনম-মরণে এসো !) আমার

# 260

তোমার গাঁতি জাগালো স্মৃতি নয়ন ছলছলিয়া,
বাদলশেষে কর্ণ হেসে যেন চামেলি-কলিয়া॥
সজল ঘন মেঘের ছায়ে মৃদ্ব স্বাস দিল বিছায়ে,
না-দেখা কোন্ পরশঘায়ে পড়িছে টলটালয়া॥
তোমার বাণী-সমরণখানি আজি বাদলপবনে
নিশীথে বারিপতন-সম ধ্রনিছে মম শ্রবণে।
সে বাণী যেন গানেতে লেখা দিতেছে অকি স্রের রেখা
যে পথ দিয়ে তোমারি, প্রিয়ে, চরণ গেল চলিয়া॥

বুগে বুগি আমার চেয়েছিল সে।
সেই যেন মোর পথের ধারে রয়েছে বসে॥
আজ কেন মোর পড়ে মনে কথন্ ভারে চোথের কোণে
দেখেছিলেম অফুট প্রদোধে—
সেই যেন মোর পথের ধারে রয়েছে বসে॥
আজ ওই চাঁদের বরণ হবে আলোর সঙ্গীতে,
রাতের মুখের আঁধারখানি খুলবে ইঙ্গিতে।
শুকুরাতে সেই আলোকে দেখা হবে এক পলকে,
সব আবরণ বাবে ষে খসে।
সেই যেন মোর পথের ধারে রয়েছে বসে॥

# 244

বনে যদি ফ্টল কুস্ম নেই কেন সেই পাখি।
কোন্ স্দ্রের আকাশ হতে আনব তারে ডাকি॥
হাওয়ায় হাওয়ায় মাতন জাগে, পাতায় পাতায় নাচন লাগে গো—
এমন মধ্র গানের বেলায় সেই শুধ্র রয় বাকি॥
উদাস-করা হদয়-হরা না জানি কোন্ ডাকে
সাগর-পারের বনের ধারে কে ভুলালো তাকে।
আমার হেথায় ফাগ্ন বৃধায় বারে বারে ডাকে যে তায় গো—
এমন রাতের বাাকুল বাথায় কেন সে দেয় ফাঁকি॥

### 269

ধ্সর জীবনের গোধ্লিতে ক্লান্ত মালন যেই ক্ষাতি

থ্ছে-আসা সেই ছবিটিতে রঙ এ'কে দেয় মোর গাঁতি॥

বসন্তের ফুলের পরাগে যেই রঙ জাগে,

ঘ্ম-ভাঙা পিককাকলীতে যেই রঙ লাগে,

যেই রঙ পিয়ালছায়ায় ঢালে শ্রুসপ্তমীর তিথি॥

সেই ছবি দোলা খায় রস্তের হিল্লোলে,

সেই ছবি মিশে যায় নিক্রকল্লোলে,

দক্ষিণসমীরণে ভাসে, প্রিমাজ্যোশ্লায় হাসে—

সে আমারি ক্রপ্লের অতিথি॥

# 249

আমার জনলে নি আলো অন্ধকারে,
দাও না সাড়া কি তাই বারে বারে॥

তোমার বাঁশি আমার বাজে বৃকে কঠিন দুখে, গভীর স্থেযে জানে না পথ কাঁদাও তারে॥
চেয়ে রই রাতের আকাশ-পানে,
মন যে কী চায় তা মনই জানে।
আশা জাগে কেন অকারণে আমার মনে ক্ষণে ক্ষণে,
ব্যথার টানে তোমায় আনবে দ্বারে॥

### 3 G B

নীলাজনছায়া. প্রফর্প্ল কদম্বন. জম্বুপুজে শ্যাম বনাস্ত, বনবীথিকা ঘনস্গন্ধ॥ মন্থর নব নীলনীরদ- পরিকীর্ণ দিগস্ত। চিত্ত মোর পন্থহারা কাস্তবিরহকাস্তারে॥

## 262

ফিরবে না তা জানি, তবু তোমার পথ চেয়ে জবলুক প্রদীপর্যান॥ আহা. গাঁথবে না মালা জানি মনে. তব্ ধর্ক মাকুল আমার বকুলবনে আহা. ওই পরশের পিয়াস আনি॥ প্রাপে কোথার তুমি পথভোলা. থাক্-না আমার দুয়ার খোলা : তব্ রাতি আমার গীতহীনা, তবু বাঁধ্ৰক সারে বাঁধ্ৰক তোমার বীণা---আহা. খিরে ফিরুক কাঙাল বাণী।। তারে

# 260

দিনের পরে দিন যে গেল আঁধার ঘরে,
তোমার আসনখানি দেখে মন যে কেমন করে॥
ওগো ব'ধ্ব, ফ্বলের সাজি মঞ্জরীতে ভরল আজি—
ব্যথার হারে গাঁথব তারে, রাখব চরণ-'পরে॥
পারের ধর্নিন গণি গণি রাতের তারা জাগে,
উত্তরীয়ের হাওয়া এসে ফ্বলের বনে লাগে।
ফাগ্নবেলার ব্কের মাঝে পথ-চাওয়া স্বর কে'দে বাজে-প্রাণের কথা ভাষা হারায়, চোথের জলে করে॥

না চাহিলে যারে পাওয়া যায়, তেয়াগিলে আসে হাতে,
দিবসে সে ধন হারায়েছি আমি, পেরেছি আঁধার রাতে॥
না দেখিবে তারে, পরশিবে না গো, তারি পানে প্রাণ মেলে দিয়ে জাগো—
তারায় তারায় রবে তারি বাণী, কুসন্মে ফর্টিবে প্রাতে॥
তারি লাগি যত ফেলেছি অগ্রভল
বীণাবাদিনীর শতদলদলে করিছে সে টলোমল।
মোর গানে গানে পলকে পলকে ঝলসি উঠিছে ঝলকে ঝলকে,
শান্ত হাসির কর্ণ আলোকে ভাতিছে নয়নপাতে॥

# 262

বিরহ মধ্র হল আজি মধ্রাতে।
গভীর রাগিণী উঠে বাজি বেদনাতে।
ভরি দিয়া প্রিমানিশা অধীর অদর্শনিত্যা
কী কর্ণ মরীচিকা আনে আঁথিপাতে।
স্দ্রের স্বলম্বারা বায়ভরে
পরানে আমার পথহারা ঘ্রে মরে।
কার বাণী কোন্ স্রে তালে মর্মারে পল্লবজালে,
বাজে মম মঞ্চীররাজি সাথে সাথে।

#### 260

ফিরে ফিরে ডাক্ দেখি রে পরান খুলে, ডাক্ ডাক্ ডাক্ ফিরে ফিরে।
দেখব কেমন রয় সে ভূলে॥
সে ডাক বেড়াক বনে বনে, সে ডাক শুখাক জনে জনে
সে ডাক বুকে দুখে সুখে ফির্ক দুলে॥
সাঁজ-সকালে রাত্রিবলায় ক্ষে ক্ষে
একলা বসে ডাক্ দেখি তায় মনে মনে।
নয়ন ডোরি ডাকুক তারে, শ্রবণ রহ্ক পথের ধারে,
থাক্-না সে ডাক গলায় গাঁখা মালার ফুলে॥

### 865

প্রভাত-আলোরে মোর কাঁদারে গেলে মিলনমালার ডোর ছি'ড়িয়া ফেলে॥ পড়ে যা রহিল পিছে সব হরে গেল মিছে, বসে আছি দ্রে-পানে নয়ন ফেলে॥ একে একে ধ্লি হতে কুড়ায়ে মরি যে ফ্ল বিদায়পথে পড়িছে ঝরি। ভাবি নি রবে না লেশ সে দিনের অবশেষ— কাটিল ফাগ্নবেলা কী খেলা খেলে॥

## 266

নাই যদি বা এলে তুমি এড়িয়ে যাবে তাই বলে ?
অন্তরেতে নাই কি তুমি সামনে আমার নাই বলে ॥
মন যে আছে তোমায় মিশে, আমায় তবে ছাড়বে কিসে—
প্রেম কি আমার হারায় দিশে অভিমানে যাই বলে ॥
বিরহ মোর হোক-না অক্ল, সেই বিরহের সরোবরে
মিলনকমল উঠছে দুলে অগ্রাজ্ঞলের ঢেউয়ের 'পরে ।
তব্ ত্যায় মরে আঁখি, তোমার লাগি চেয়ে থাকি –
চোখের 'পরে পাব না কি ব্কের 'পরে পাই বলে ॥

### 266

শ্রাবণের পবনে আকুল বিষয় সন্ধায়
সাথিহারা ঘরে মন আমার
প্রবাসী পাখি ফিরে ষেতে চায়
দ্রকালের অরণ্যছায়াতলে।
কী জানি সেথা আছে কিনা আজও বিজনে বিরহী হিয়া
নীপবনগন্ধঘন অন্ধকারে—
সাড়া দিবে কি গীতহীন নীরব সাধনায়॥
হায়, জানি সে নাই জীর্ণ নীড়ে জানি সে নাই নাই।
তথিহারা যাত্রী ফিরে বার্থ বেদনার—
ডাকে তব্ হদয় মম মনে-মনে রিক্ত ভূবনে
রোদন-জাগা সঙ্গীহারা অসীম শ্রেন্য শ্রেন্য॥

# 269

সে যে পাশে এসে বর্সেছল, তব্ব জাগি নি।
কী ঘ্ম তোরে পেরেছিল হতভাগিনি॥
এসেছিল নীরব রাতে, বীণাখানি ছিল হাতে
স্বপন-মাঝে বাজিয়ে গেল গভীর রাগিণী॥
জেগে দেখি দখিন-হাওয়া পাগল করিয়া
গন্ধ তাহার ভেসে বেড়ায় আঁধার ভরিয়া।
কেন আমার রজনী যায়, কাছে পেয়ে কাছে না পায়—
কেন গো তার মালার পরশ ব্বে লাগে নি॥

কোন্ গহন অরণো তারে এলেম হারায়ে
কোন্ দ্র জনমের কোন্ স্মৃতিবিস্মৃতিছারে॥
আজ আলো-আঁধারে
কথন্-বৃঝি দেখি, কথন্ দেখি না তারে—
কোন্ মিলনস্থের স্বপনসাগর এল পারায়ে॥
ধরা-অধরার মাঝে
ছায়ানটের রাগিণীতে আমার বাশি বাজে।
বকুলতলায় ছায়ার নাচন ফ্লের গান্ধে মিশে
জানি নে মন পাগল করে কিসে।
কোন্ নটিনীর ঘৃণি-আঁচল লাগে আমার গারে॥

#### 263

কাছ থেকে দ্র রচিল কেন গো আঁধারে।
মিলনের মাঝে বিরহকারার বাঁধা রে॥
সমন্থে রয়েছে সন্ধাপারাবার, নাগাল না পার তব্ আঁথি তার—
কেমনে সরাব কুহেলিকার এই বাধা রে॥
আড়ালে আড়ালে শানি শাধ্য তারি বাণী যে—
ভানি তারে আমি, তব্ তারে নাহি জানি যে।
শাধ্য বেদনায় অন্তরে পাই, অন্তরে পেরে বাহিরে হারাই—
আমার ভূবন রবে কি কেবলই আধা রে॥

### 290

অশান্তি আজ হানল একি দহনজনলা।

বিশ্বল হদয় নিদয় বাণে বেদনঢালা॥

বক্ষে জনলায় অগ্নিশিখা. চক্ষে কাঁপায় য়য়ীচিকা—

মরণস্তায় গাঁথল কে মোর বরণডালা॥

চেনা ভবন হারিয়ে গেল স্বপনছায়াতে,
ফাগন্নিদনের পলাশরঙের রঙিন মায়াতে।

যাতা আমার নির্দেশা. পথ-হারানোর লাগল নেশা—

অচিন দেশে এবার আমার বাবার পালা॥

### 293

স্বপ্নমদির নেশার মেশা এ উদ্মন্ততা জাগার দেহে মনে একি বিপ্রেল বাখা।। বহে মম শিরে শিরে একি দাহ, কী প্রবাহ, চকিতে সর্বদেহে ছুটে তড়িংলতা।। ঝড়ের পবনগর্জে হারাই আপনার দ্বস্তবোবনক্ষ্ম অশাস্ত বন্যায়। তরঙ্গ উঠে প্রাণে দিগস্তে কাহার পানে— ইঙ্গিতের ভাষায় কাঁদে, নাহি নাহি কথা॥

# 292

শ্বনি ক্ষণে ক্ষণে মনে মনে অতল জলের আহ্বান।
মন রয় না, রয় না, রয় না খরে, চণাল প্রাণ॥
ভাসায়ে দিব আপনারে ভরা জোয়ায়ে,
সকল-ভাবনা-ভ্বানো ধায়ায় করিব য়ান—
ব্যর্থ বাসনার দাহ হবে নির্বাণ॥
চেউ দিয়েছে জলে।
টেউ দিল আমার মর্মতলে।
একি ব্যাকুলতা আজি আকাশে, এই বাতাসে,
যেন উতলা অশ্সরীর উত্তরীয় করে রোমাঞ্দান—
দ্র সিশ্বতীরে কার মঞ্জীরে গ্রেশ্বরতান॥

## 290

দিন পরে যার দিন, বসি পথপাশে
গান পরে গাই গান বসস্তবাতাসে॥
ফুরাতে চার না বেলা, তাই সূর গেথে খেলারাগিণীর মরীচিকা স্বপ্নের আভাসে॥
দিন পরে যার দিন, নাই তব দেখা।
গান পরে গাই গান, রই বসে একা।
সূর থেমে যার পাছে তাই নাহি আস কাছে ভালোবাসা বাধা দের যারে ভালোবাসে॥

# 298

আমার ভুবন তো আজ হল কাঙাল, কিছু তো নাই বাকি.
ওগো নিঠুর, দেখতে পেলে তা কি॥
তার সব করেছে, সব মরেছে, জীর্ণ বসন ওই পরেছে
প্রেমের দানে নগ্ন প্রাণের লম্জা দেহো ঢাকি॥
কুঙ্গে তাহার গান যা ছিল কোথায় গেল ভাসি।
এবার তাহার শ্না হিয়ায় বাজাও তোমার বাশি।
তার দীপের আলো কে নিভালো, তারে তুমি জনালো জনালোআমার আপন আঁখার আমার অমিবরে দেয় ফাঁকি॥

যখন এসেছিলে অন্ধকারে
চাঁদ ওঠে নি সিদ্ধপারে॥
হে অজানা, তোমার তবে জেনেছিলেম অন্ভবে—
গানে তোমার পরশখানি বেজেছিল প্রাণের তারে॥
তুমি গোলে বখন একলা চলে
চাঁদ উঠেছে রাতের কোলে।
তখন দেখি, পথের কাছে মালা তোমার পড়ে আছে—
ব্রেছিলেম অনুমানে এ কণ্ঠহার দিলে কারে॥

### २96

এ পথে আমি-যে গোছ বার বার, ভূলি নি তো এক দিনও।
আজ কি ঘ্চিল চিহ্ন তাহার, উঠিল বনের তৃণ॥
তব্ মনে মনে জানি নাই ভর, অন্ক্ল বার্ সহসা ষে বর—
চিনিব তোমায় আসিবে সময়, তৃমি ষে আমায় চিন॥
একেলা যেতাম যে প্রদীপ হাতে নিবেছে তাহার শিখা।
তব্ জানি মনে, তারার ভাষাতে ঠিকানা রয়েছে লিখা।
পথের ধারেতে ফ্টিল যে ফ্ল জানি জানি তারা ভেঙে দেবে ভূল—
গক্ষে তাদের গোপন মৃদ্ল সংক্তেত আছে লীন॥

# 299

মনে কী দ্বিধা রেখে গেলে চলে সে দিন ভরা সাঁঝে, যেতে যেতে দ্বুয়ার হতে কী ভেবে ফিরালে মুখখানি— কী কথা ছিল যে মনে॥ তুমি সে কি হেসে গেলে আখিকোণে— আমি বসে বসে ভাবি নিয়ে কাম্পত হদয়খানি, তুমি আছ দ্বে ভুবনে॥ আকাশে উড়িছে বকপাঁতি, বেদনা আমার তারি সাথি। বারেক তোমায় শ্বাবারে চাই বিদায়কালে কী বল নাই, সে কি রয়ে গেল গো সিক্ত যুখীর গন্ধবেদনে॥

### 298

কী ফ্ল করিল বিপলে অন্ধকারে। গন্ধ ছড়ালো ঘ্মের প্রান্তপারে॥ একা এসেছিল ভূলে অন্ধরাতের ক্লে অরুণ-আলোর বন্দনা করিবারে। ক্ষীণ দেহে মরি মরি সে যে নিরেছিল বরি
অসীম সাহসে নিষ্ফল সাধনারে॥
কী যে তার রূপ দেখা হল না তো চোখে.
জানি না কী নামে স্মরণ করিব ওকে।
আঁধারে ষাহারা চলে সেই তারাদের দলে
এসে ফিরে গেল বিরহের ধারে ধারে।
কর্ণ মাধ্রীখানি কহিতে জানে না বাণী
কেন এসেছিল রাতের বন্ধ ধারে॥

# 293

লিখন তোমার ধ্লায় হয়েছে ধ্লি.
হারিয়ে গিয়েছে তোমার আখরগ্নলি॥

চৈত্রজনী আজ বসে আছি একা, প্ন ব্ঝি দিল দেখা—
বনে বনে তব লেখনীলীলার রেখা,
নবিকশলয়ে গো কোন্ ভূলে এল ভূলি, তোমার প্রানো আখরগ্নলি॥
মাল্লকা আজি কাননে কাননে কত
সৌরভে-ভরা তোমারি নামের মতো।
কোমল তোমার অঙ্গলি-ছোঁওয়া বাণী মনে দিল আজি আনি
বিরহের কোন্ ব্যথাভরা লিপিখানি।
মাধবীশাখার উঠিতেছে দ্লি দ্লি তোমার প্রানো আখরগ্নলি॥

### SRO

আজি সাঁঝের ষম্নায় গো।
তর্ণ চাঁদের কিরণতরী কোথায় ভেসে যায় গো॥
তারি স্দ্র সারিগানে বিদায়স্মৃতি জাগায় প্রাণে
সেই-যে দুটি উতল আঁখি উছল কর্ণায় গো॥
আজ মনে মোর যে স্র বাজে কেউ তা শোনে নাই কি।
একলা প্রাণের কথা নিয়ে একলা এ দিন যায় কি।
যায় যাবে, সে ফিরে ফিরে লাকিয়ে তুলে নেয় নি কি রে
আমার পরম বেদনখান আপন বেদনায় গো॥

### 242

সথী, আঁধারে একেলা ঘরে মন মানে না।
কিসেরই পিয়াসে কোথা যে যাবে সে, পথ জানে না॥
ঝরোঝরো নীরে, নিবিড় তিমিরে, সজল সমীরে গো
যেন কার বাণী কভু কানে আনে—কভু আনে না॥

যথন ভাঙল মিলন-মেলা
ভেবেছিলেম ভূলব না আর চক্ষের জল ফেলা॥
দিনে দিনে পথের ধ্লায় মালা হতে ফ্ল ঝরে যায় জানি নে তো কখন এল বিস্মরণের বেলা॥
দিনে দিনে কঠিন হল কখন্ ব্কের তল—
ভেবেছিলেম ঝরবে না আর আমার চোখের জল।
হঠাৎ দেখা পথের মাঝে, কাল্লা তখন থামে না ষে-ভোলার তলে তলে ছিল অগ্রন্থলের খেলা॥

### 540

আমার এ পথ তোমার পথের থেকে অনেক দ্রে গেছে বৈকৈ । আমার ফুলে আর কি কবে তোমার মালা গাঁথা হবে, তোমার বাঁশি দ্রের হাওয়ায় কে'দে বাজে কারে ডেকে।। গ্রান্তি লাগে পারে পারে, বিস পথের তর্ছায়ে। সাথিহারার গোপন বাথা বলব যারে সেজন কোথা— পথিকরা যায় আপন-মনে, আমারে যায় পিছে রেখে।।

#### 588

একলা বসে একে একে অনামনে পদেয়র দল ভাসাও জলে অকারণে॥
হার রে, ব্বিথ কথন তুমি গেছ ভূলে ও যে আমি এনেছিলেম আপনি তুলে
রেখেছিলেম প্রভাতে ওই চরণম্লে অকারণে—
কথন তুলে নিলে হাতে যাবার ক্ষণে অনামনে॥
দিনের পরে দিনগ্লি মোর এমনি ভাবে
তোমার হাতে ছিড়ে ছিড়ে হারিয়ে যাবে।
সবগ্লি এই শেষ হবে বেই তোমার খেলায়
এমনি তোমার আলস-ভরা অবহেলায়,
হয়তো তখন বাজবে বাখা সক্ষেবেলায় অকারণে—
চোখের জলের লাগবে আভাস নয়নকোণে অনামনে॥

### SAG

তার বিদায়বেলার মালাখানি আমার গলে রে
দেংলে দোলে বৃক্তের কাছে পলে পলে রে॥
গন্ধ তাহার কাণে কাণে জাগে ফাগ্নেসমীরণে
গ্রন্ধরিত কুঞ্জতলে রে॥
দিনের শেবে যেতে যেতে পথের 'পরে
ছায়াখানি মিলিয়ে দিল বনান্তরে।

সেই ছায়া এই আমার মনে, সেই ছায়া ওই কাঁপে বনে, কাঁপে স্কীল দিগণুলে রে ৷৷

### 289

আমি এলেম তারি দ্বারে, ডাক দিলেম অন্ধকারে॥
আগল ধরে দিলেম নাড়া— প্রহর গেল, পাই নি সাড়া,
দেখতে পেলেম না যে তারে॥
তবে যাবার আগে এখান থেকে এই লিখনখানি যাব রেখে—
দেখা তোমার পাই বা না পাই দেখতে এলেম জেনো গো তাই,
ফিরে যাই সুদ্রের পারে॥

### 589

দীপ নিবে গেছে মম নিশীখসমীরে.
ধীরে ধীরে এসে তুমি যেয়ো না গো ফিরে॥

এ পথে যখন বাবে আঁধারে চিনিতে পাবে—
রজনীগন্ধার গন্ধ ভরেছে মন্দিরে॥
আমারে পড়িবে মনে কখন সে লাগি
প্রহরে প্রহরে আমি গান গেয়ে জাগি।
ভয় পাছে শেষ রাতে ঘুম আসে আঁখিপাতে,
ক্রান্ত কপ্টে মোর সূর ফ্রায় যদি রে॥

### 288

তুমি আমায় ডেকেছিলে ছুটির নিমলাণে,
তথন ছিলেম বহু দ্রে কিসের অন্বেষণে॥
কলে যথন এলেম ফিরে তথন অন্তশিখরশিরে
চাইল রবি শেষ চাওয়া তার কনকচাপার বনে।
আমার ছুটি ফ্রিয়ে গেছে কথন অন্যমনে॥
লিখন তোমার বিনিস্তোর শিউলিফ্লের মালা,
বাণী যে তার সোনায়-ছোঁওয়া অর্ণ-আলোয়-ঢালা-এল আমার ক্লান্ত হাতে ফ্ল-ঝরানো শীতের রাতে
কুহেলিকায় মন্থর কোন্ মৌন সমীরণে।
তথন ছুটি ফ্রিয়ের গেছে কথন অন্যমনে॥

### 5 RY

সে যে বাহির হল আমি জানি, বক্ষে আমার বাজে তাহার পথের ৰাণী॥ কোথার কবে এসেছে সে সাগরতীরে, বনের শেষে, আকাশ করে সেই কথারই কানাকানি॥ হায় রে, আমি দ্বর বে'থেছি এতই দ্রে, না জানি তার আসতে হবে কত ঘ্রে। হিয়া আমার পেতে রেখে সারাটি পথ দিলেম ঢেকে, আমার ব্যথায় পড়ুক তাহার চরণখানি॥

### 570

কবে তুমি আসবে বলে রইব না বসে, আমি চলব বাহিরে।
শ্কনো ফুলের পাতাগ্লি পড়তেছে খসে, আর সময় নাহি রে॥
থরে বাতাস দিল দোল, দিল দোল;
এবার ঘটের বাঁধন খোল, ও তুই খোল।
মাঝ-নদীতে ভাসিয়ে দিয়ে তরী বাহি রে॥
আজ শ্কো একাদশী, হেরো নিদ্রাহারা শশী
ওই স্বপ্নপারাবারের খেয়া একলা চালায় বাস।
তার পথ জানা নাই, নাইবা জানা নাই—
তার নাই মানা নাই, মনের মানা নাই—
সবার সাথে চলবি রাতে সামনে চাহি রে॥

### 272

জাগরণে যায় বিভাবরী—
অধি হতে ঘুম নিল হরি মরি মরি॥
যার লাগি ফিরি একা একা— আঁখি পিপাসিত, নাহি দেখা,
তারি বাঁশি ওগো তারি বাঁশি তারি বাঁশি বাজে হিয়া ভরি মরি মরি॥
বাণী নাহি, তবু কানে কানে
কী যে শুনি তাহা কেবা জানে।
এই হিয়াভরা বেদনাতে, বারি-ছলোছলো আঁখিপাতে,
ছায়া দোলে তারি ছায়া দোলে ছায়া দোলে দিবানিশি ধরি মরি মরি॥

# २५२

সমর আমার নাই যে বাকি,
শেষের গ্রহর পূর্ণ করে দেবে না কি॥
বারে বারে কারা করে আনাগোনা,
কোলাহলে স্বুরট্কু আর ষায় না শোনা—
কণে কণে গানে আমার পড়ে ফাঁকি॥
পণ করেছি, তোমার হাতে আপনারে
শেষ করে আঞ্জ চুকিয়ে দেব একেবারে।

মিটিয়ে দেব সকল খোঁজা, সকল বোঝা, ভোরবেলাকার একলা পথে চলব সোজা তোমার আলোয় ডুবিয়ে নেব সজাগ আঁখি॥

#### 570

একদা তুমি, প্রিয়ে, আমারি এ তর্মলে
বসেছ ফ্লসাজে সে কথা যে গেছ ভূলে॥
সেথা যে বহে নদী নিরবিধ সে ভোলে নি,
তারি যে স্লোতে আঁকা বাঁকা বাঁকা তব বেণী,
তোমারি পদরেখা আছে লেখা তারি ক্লে।
আজি কি সবই ফাঁকি—সে কথা কি গেছ ভূলে॥
গেথছ যে রাগিণী একাকিনী দিনে দিনে
আজিও যায় ব্যেপে কেপে কেপে ত্ণে ত্ণে।
গাঁথিতে যে আঁচলে ছায়াতলে ফ্লমালা
তাহারি পরশন হরষন- স্থা-ঢালা
ফাগ্ন আজো যে রে খ্লে ফেরে চাঁপাফ্লে।
আজি কি সবই ফাঁকি—সে কথা কি গেছ ভূলে॥

#### \$28

আমার একটি কথা বাঁশি জানে, বাঁশিই জানে॥
ভরে রইল ব্বকের তলা, কারো কাছে হয় নি বলা,
কেবল বলে গেলেম বাঁশির কানে কানে॥
আমার চোথে ঘুম ছিল না গভীর রাতে,
চেরে ছিলেম চেয়ে-থাকা তারার সাথে।
এমনি গেল সারা রাতি, পাই নি আমার জাগার সাথিবাঁশিটিরে জাগিয়ে গেলেম গানে গানে॥

#### 365

- ও দেখা দিয়ে যে চলে গেল, ও চুপিচুপি কী বলে গেল।
  ও যেতে যেতে গো, কাননেতে গো কত যে ফ্ল দলে গেল।
  মনে মনে কী ভাবে কে জানে, মেতে আছে ও যেন কী গানে.
  নরন হানে আকাশ-পানে— চাঁদের হিয়া গলে গেল।
- ও পায়ে পায়ে যে বাজায়ে চলে বীণার ধর্নি তৃণের দলে। কে জানে কারে ভালো কি বাসে, ব্রিঝতে নারি কাঁদে কি হাসে, জানি নে ও কি ফিরিয়া আসে— জানি নে ও কি ছলে গেল।।

কেন সারা দিন ধীরে ধীরে
বাল নিয়ে শৃধ্ খেল তীরে॥
চলে গেল বেলা, রেখে মিছে খেলা
ঝাঁপ দিয়ে পড়ো কালো নীরে।
অক্ল ছানিয়ে যা পাও তা নিয়ে
হেসে কে'দে চলো ঘরে ফিরে॥
নাহি জানি মনে কী বাসিয়া
পথে বসে আছে কে আসিয়া।
কী কুস্মবাসে ফাগ্নেবাতাসে
হৃদয় দিতেছে উদাসিয়া।
চল্ ওরে এই খ্যাপা বাতাসেই
সাথে নিয়ে সেই উদাসীরে॥

#### 229

কী সূর বাজে আমার প্রাণে আমিই জানি, মনই জানে॥
কিসের লাগি সদাই জাগি, কাহার কাছে কী ধন মাগি—
তাকাই কেন পথের পানে॥
দ্বারের পাশে প্রভাত আসে, সন্ধ্যা নামে বনের বাসে।
সকাল-সাঁঝে বাঁশি বাজে, বিকল করে সকল কাজে—
বাজায় কে ধে কিসের তানে॥

### 57R

গহন ঘন বনে পিয়াল-তমাল-সহকার-ছায়ে
সন্ধানায়ে তৃণশয়নে মৃদ্ধনয়নে রয়েছি বসি॥
শ্যামল পল্লবভার আঁধারে মমরিছে,
বায়্ভরে কাঁপে শাখা, বকুলদল পড়ে খসি॥
ন্তন্ধ নীরে বিহগ,
নিত্তরক্ষ নদীপ্রান্তে অরণাের নিবিড় ছায়া।
কিলিমন্দ্রে তন্দ্রাপ্র্ণ জলস্থল শ্নাতল,
চরাচরে ক্বপনের মায়া।
নিজন হদয়ে মাের জাগিতেছে সেই মৃখশশী॥

#### 627

কে উঠে ভাকি মম বক্ষোনীড়ে থাকি কর্ণ মধ্র অধীর তানে বিরহবিধ্র পাখি॥ নিবিড় ছায়া, গহন মায়া, পঞ্জবঘন নির্জন বন—
শান্ত পবনে কুঞ্জভবনে কে জাগে একাকী॥
যামিনী বিভারা নিদ্যাঘনখোরা—
ঘন তমালশাখা নিদ্যাঞ্জন-মাখা।
স্থিমিত তারা চেতনহারা, পাণ্ডু গগন তন্দ্রামগন—
চন্দ্র প্রান্ত দিকভান্ত নিদ্যালস-আখি॥

# 900

ওগো কে যায় বাঁশরি বাজায়ে, আমার ঘরে কেহ নাই ষে।
তারে মনে পড়ে যারে চাই যে॥
তার আকুল পরান, বিরহের গান, বাঁশি ব্বিঝ গেল জানায়ে।
আমি আমার কথা তারে জানাব কী করে, প্রাণ কাঁদে মোর তাই ষে॥
কুস্মের মালা গাঁথা হল না, ধ্লিতে পড়ে শ্কায় রে।
নিশি হয় ভোর, রজনীর চাঁদ মালন মুখ ল্কায় রে।
সারা বিভাবরী কার প্জা করি যৌবনডালা সাজায়ে—
বাঁশিস্বরে হায় প্রাণ নিয়ে যায়, আমি কেন থাকি হায় রে॥

### 600

হেলাফেলা সারা বেলা একি খেলা আপন-সনে।
এই বাতাসে ফুলের বাসে মুখখানি কার পড়ে মনে॥
আখির কাছে বেড়ার ভাসি কে জানে গো কাহার হাসি,
দুটি ফোটা নয়নসলিল রেখে যায় এই নয়নকোণে॥
কোন্ ছায়াতে কোন্ উদাসী দুরে বাজায় অলস বাঁশি,
মনে হয় কার মনের বেদন কে'দে বেড়ায় বাঁশির গানে।
সারা দিন গাঁথি গান কারে চাহে, গাহে প্রাণ—
তর্তলের ছায়ার মতন বসে আছি ফুলবনে॥

## 900

ওগাে এত প্রেম-আশা, প্রাণের তিয়াষা কেমনে আছে সে পাশরি।
তবে সেথা কি হাসে না চাঁদিনি যামিনী, সেথা কি বাজে না বাঁশরি ॥
সথী, হেথা সমীরণ লুটে ফুলবন, সেথা কি পবন বহে না।
সে যে তার কথা মােরে কহে অনুখন, মাের কথা তারে কহে না।
বাদি আমারে আজি সে ভূলিবে সজনী, আমারে ভূলালে কেন সে।
ওগাে এ চিরজীবন করিব রােদন, এই ছিল তার মানসে!
ববে কুস্মশয়নে নয়নে নয়নে কেটেছিল স্খরাতি রে,
তবে কে জানিত তার বিরহ আমার হবে জীবনের সাথি রে।
বাদি
মনে নাহি রাখে, সুথে বাদ থাকে, তােয়া একবার দেখে আয়
এই নয়নের ত্যা, পরানের আশা, চরণের তলে রেখে আয়।

আর নিয়ে বা রাধার বিরহের ভার, কত আর ঢেকে রাখি বল্।
আর পারিস যদি তো আনিস হরিয়ে এক-ফোটা তার আখিজল।
না না, এত প্রেম, সখী, ভূলিতে যে পারে তারে আর কেহ সেধাে না।
আমি কথা নাহি কব, দ্খ লয়ে রব, মনে মনে স'ব বেদনা।
ওগাে মিছে মিছে, সখী, মিছে এই প্রেম, মিছে পরানের বাসনা।
ওগাে সুখদিন হায় যবে চলে যায় আর ফিরে আর আসে না॥

#### 000

আমি নিশি নিশি কত রচিব শয়ন আকুলনয়ন রে। কত নিতি নিতি বনে করিব যতনে কুস্মেচরন রে। কত শারদ বামিনী **হইবে বিফল**, বসস্ত বাবে চলিয়া। উদিবে **তপন** আশার স্বপন প্রভাতে যাইবে ছলিয়া। এই যৌবন কত রাখিব বাঁধিয়া, মারব কাঁদিয়া রে। সেই চরণ পাইলে মরণ মাগিব সাধিয়া সাধিয়া রে। আমি কার পথ চাহি এ জনম বাহি, কার দরশন যাচি রে। আসিবে বালিয়া কে গেছে চালিয়া, তাই আমি বসে আছি রে। যেন তাই মালাটি গাঁথিয়া পরেছি মাথায়, নীলবাসে তনু ঢাকিয়া। তাই বিজন আলয়ে প্রদীপ জ্বালায়ে একেলা রয়েছি জাগিয়া। ওপো তাই কত নিশি চাঁদ ওঠে হাসি, তাই কে'দে যায় প্রভাতে। ওগো তাই ফুলবনে মধুসমীরণে ফুটে ফুল কত শোভাতে। ওই বাশিম্বর তার আসে বারবার, সেই শ্ব্ধু কেন আসে না! এই হদর-আসন শূন্য পড়ে থাকে, কে'দে মরে শুধ**ু** বাসনা। পরশিয়া কার বায়, বহে যায়, বহে যম্নার লহরী। কুহ, কুহ, পিক কুহরিয়া উঠে, যামিনী যে উঠে শিহরি। ওগো, যদি নিশিশেষে আসে হেসে হেসে মোর হাসি আর রবে কি। এই জাগরণে-ক্ষীণ বদনমালন আমারে হেরিয়া কবে কী। আমি সারা রজনীর গাঁথা ফুলমালা প্রভাতে চরণে করিব— ওগো, আছে সুশীতল ধমুনার জল দেখে তারে আমি মরিব॥

#### 908

কখন বসন্ত গেল, এবার হল না গান।
কখন বকুলম্ল ছেরেছিল ঝরা ফ্ল.
কখন যে ফ্ল-ফোটা হরে গেল অবসান॥
এবার বসন্তে কি রে য্থীগ্লি জাগো নি রে—
অলিকুল গ্লারিয়া করে নি কি মধ্পান।
এবার কি সমীরণ জাগার নি ফ্লবন—
সাড়া দিয়ে গেল না তো, চলে গেল ভিদ্ধাণ॥
বসন্তের শেষ রাতে এসেছি যে শ্না হাতে—
এবার গাঁথি নি মালা, কী তোমারে করি দান।

কাঁদিছে নীরব বাঁশি, অধরে মিলায় হাসি— তোমার নয়নে ভাসে ছলোছলো অভিমান।।

### 906

বাঁশরি বাজাতে চাহি, বাঁশরি বাজিল কই।
বিহরিছে সমীরণ, কুহরিছে পিকগণ,
মথুরার উপবন কুসুমে সাজিল ওই॥
বিকচ বকুলফুল দেখে যে হতেছে ভূল,
কোথাকার অলিকুল গুঞ্জারে কোথার।
এ নহে কি বৃন্দাবন, কোথা সেই চন্দানন,
ওই কি নুপুরধর্নি বনপথে শুনা যায়।
একা আছি বনে বসি, পীত ধড়া পড়ে খসি,
সোঙরি সে মুখশশী পরান মজিল সই॥
একবার রাধে রাধে ডাক্ বাঁশি মনোসাধে—
আজি এ মধ্র চাঁদে মধ্র যামিনী ভায়।
কোথা সে বিধ্রা বালা— মলিনমালতীমালা,
হদয়ে বিরহজনলা, এ নিশি পোহায় হয়ে।
কবি যে হল আকুল, একি রে বিধির ভূল,
মথুরায় কেন ফুল

#### 909

পথিক পরান, চল্, চল্ সে পথে তুই
যে পথ দিয়ে গেল রে তোর বিকেলবেলার ভাই।।
সে পথ বেরে গেছে যে তোর সন্ধামেছের সোনা.
প্রাণের ছায়াবীথির তলে গানের আনাগোনা—
রইল না কিছুই॥
যে পথে তার পাপড়ি দিয়ে বিছিয়ে গেল ভূই
পথিক পরান, চল্, চল্ সে পথে তুই।
অন্ধকারে সন্ধায়থ্থীর স্বপন্ময়ী ছায়া
উঠবে ফুটে তারার মতো কায়াবিহীন মায়া—
ছাই তারে না ছাই॥

#### 909

তুই ফেলে এসেছিস কারে, মন, মন রে আমার।
তাই জনম গেল, শাস্তি পেলি না রে, মন, মন রে আমার॥
যে পথ দিয়ে চলে এলি সে পথ এখন ভূলে গেলি—
কেমন করে ফিরবি তাহার ধারে মন, মন রে আমার॥

নদীর জলে থাকি রে কান পেতে, কাঁপে রে প্রাণ পাতার মর্মারেতে। মনে হয় যে পাব খ্লি ফ্লের ভাষা যদি ব্রিধ যে পথ গেছে সন্ধ্যাতারার পারে মন, মন রে আমার॥

#### 90 k

যে দিন সকল মৃকুল গোল ঝরে
আমায় ডাকলে কেন গো, এমন করে॥
বৈতে হবে বে পথ বেয়ে শৃকুনো পাতা আছে ছেয়ে,
হাতে আমার শ্না ডালা কী ফুল দিয়ে দেব ভরে॥
গানহারা মোর হুদয়তলে
তোমার বাকুল বালি কী যে বলে।
নেই আয়োজন, নেই মম ধন, নেই আভরণ, নেই আবরণ—
রিক্ত বাহু এই তো আমার বাধবে তোমায় বাহুডোরে॥

#### 002

আমায় থাকতে দে-না আপন-মনে।
সেই চরণের পরশ্যানি মনে পড়ে ক্ষণে ক্ষণে॥
কথার পাকে কাজের ঘোরে ভুলিয়ে রাখে কে আর মোরে,
তার স্মরণের বরণমালা গাঁথি বসে গোপন কোণে॥
এই যে বাধার রতনখানি আমার বুকে দিল আনি
এই নিয়ে আজ দিনের শেষে একা চলি তার উদ্দেশে।
নয়নজলে সামনে দাঁড়াই, তারে সাজাই তারি ধনে॥

#### 950

হে বিরহী, হায়, চণাল হিয়া তব,
নীরবে জাগ একাকী শ্নামন্দিরে দীর্ঘ বিভাবরী—
কোন্ সে নির্দেশ-লাগি আছ জাগিয়া॥
স্বপনর্পিণী অলোকস্দরী অলক্ষা অলকাপ্রী-নিবাসিনী,
তাহার মুরতি রচিলে বেদনার হদয়-মাঝারে॥

#### 023

ওগো স্থী, দেখি দেখি, মন কোথা আছে। কত কাতর হৃদর ঘুরে ঘুরে হেরো কারে যাচে।। কী মধ্ব, কী সুধা, কী সোরভ, কী রূপ রেখেছ ল্কারে— কোন্ প্রভাতে, ও কোন্ রবির আলোকে দিবে খুলিরে কাহার কাছে।। সে যদি না আসে এ জীবনে, এ কাননে পথ না পায়। যারা এসেছে তারা বসস্ত ফ্রোলে নিরাশ প্রাণে ফেরে পাছে॥

### 560

স্থী, বহে গেল বেলা, শৃথ্যু হাসিখেলা এ কি আর ভালো লাগে।
আকুল তিয়াষ, প্রেমের পিয়াস, প্রাণে কেন নাহি জাগে॥
কবে আর হবে থাকিতে জীবন আঁখিতে আঁখিতে মিদর মিলন—
মধ্র হ্তাশে মধ্র দহন নিতি-নব অনুরাগে॥
তরল কোমল নয়নের জল নয়নে উঠিবে ভাসি,
সে বিষাদনীরে নিবে যাবে ধীরে প্রখর চপল হাসি।
উদাস নিশ্বাস আকুলি উঠিবে, আশানিরাশায় পরান ট্টিবে
মরমের আলো কপোলে ফুটিবে শরম-অরুণরাগে॥

### 050

ওলো রেখে দে সখী, রেখে দে, মিছে কথা ভালোবাসা।
স্থের বেদনা, সোহাগযাতনা, ব্ঝিতে পারি না ভাষা॥
ফ্লের বাঁধন, সাধের কাঁদন, পরান সাপিতে প্রাণের সাধন,
লহো-লহো বলে পরে আরাধন— পরের চরণে আশা॥
তিলেক দরশ পরশ মাগিয়া বরষ বরষ কাতরে জাগিয়া
পরের ম্থের হাসির লাগিয়া অগ্রসাগরে ভাসা—
জীবনের স্থ খাজবারে গিয়া জীবনের স্থ নাশা॥

#### 978

তারে দেখাতে পারি নে কেন প্রাণ খুলে গো।
ব্ঝাতে পারি নে হদরবেদনা॥
কেমনে সে হেসে চলে যায়, কোন্ প্রাণে ফিরেও না চায়—
এত সাধ এত প্রেম করে অপমান॥
এত ব্যথাভরা ভালোবাসা কেহ দেখে না, প্রাণে গোপনে রহিল।
এ প্রেম কুস্ম যদি হত প্রাণ হতে ছি'ড়ে লইতাম,
তার চরণে করিতাম দান।
ব্ঝি সে তুলে নিত না, শ্কাতো অনাদরে, তব্ তার সংশয় হত অবসান॥

#### 054

এ তো খেলা নয়, খেলা নয়— এ বে হৃদয়দহনজনালা সখী॥ এ যে প্রাণভরা ব্যাকুলতা, গোপন মর্মের ব্যথা, এ যে কাহার চরণোদেশে জীবন মরণ ঢালা॥ কে যেন সতত মোরে ডাকিয়ে আকুল করে—

যাই-যাই করে প্রাণ, যেতে পারি নে।

যে কথা বলিতে চাহি তা ব্রিঝ বলিতে নাহি—

কোথায় নামায়ে রাখি, সখী, এ প্রেমের ডালা।

যতনে গাঁথিয়ে শেষে পরাতে পারি নে মালা॥

### 036

দিবস রজনী আমি বেন কার আশায় আশার থাকি।
তাই চমকিত মন, চকিত প্রবণ, তৃষিত আকুল আঁখি॥
চণ্ডল হয়ে ঘ্রিয়ে বেড়াই, সদা মনে হয় বদি দেখা পাই—
'কে আসিছে' বলে চমকিয়ে চাই কাননে ডাকিলে পাখি॥
জাগরণে তারে না দেখিতে পাই, থাকি স্বপনের আশে—
ঘ্রের আড়ালে বদি ধরা দেয় বাধিব স্বপনপাশে।
এত ভালোবাসি, এত বারে চাই, মনে হয় না তো সে বে কাছে নাই—
যেন এ বাসনা ব্যাকুল আবেগে তাহারে আনিবে ডাকি॥

### 929

অলি বার বার ফিরে যায়, অলি বার বার ফিরে আসে—
তবে তো ফুল বিকাশে॥
কলি ফ্টিতে চাহে, ফোটে না, মরে লাজে, মরে গ্রাসে॥
ভূলি মান অপমান দাও মন প্রাণ, নির্মাদিন রহো পাশে।
ওগো, আশা ছেড়ে তব্ আশা রেখে দাও হাদয়রতন-আশে॥
ফিরে এসো, ফিরে এসো— বন মোদিত ফ্লবাসে।
আজ বিরহরজনী, ফুল্ল কুসুম শিশিরসলিলে ভাসে॥

#### 07 K

দ্রের বন্ধ্ব স্বরের দ্তীরে পাঠালো তোমার ঘরে।
মিলনবীণা যে হাদয়ের মাঝে বাজে তব অগোচরে॥
মনের কথাটি গোপনে গোপনে বাতাসে বাতাসে বেতাসে আসে মনে,
বনে উপবনে, বকুলশাখার চঞ্চলতার মর্মারে মর্মারে॥
প্রেপমালার পরশপ্লক পেয়েছ বক্ষতলে,
রাথো তুমি তারে সিক্ত করিয়া স্থের অগ্র্জলে।
ধরো সাহানাতে মিলনের পালা, সাজাও বতনে বরণের ভালা—
মালতীর মালা, অগুলে ডেকে কনকপ্রদীপ আনো আনো তার পথ-'পরে।

আমার মন চেয়ে রয় মনে মনে হেরে মাধ্রী।
নায়ন আমার কাঙাল হয়ে মরে না ঘ্রি॥
চেয়ে চেয়ে ব্কের মাঝে গ্রেজারল একতারা যে—
মনোরথের পথে পথে বাজল বাঁশ্রি।
র্পের কোলে ওই-যে দোলে অর্প মাধ্রী॥

\*\*\*

ক্লহারা কোন্ রসের সরোবরে ম্লহারা ফ্ল ভাসে জলের 'পরে হাতের ধরা ধরতে গেলে টেউ দিয়ে তায় দিই যে ঠেলে— আপন-মনে স্থির হয়ে রই, করি নে চুরি। ধরা দেওয়ার ধন সে তো নয়, অর্প মাধ্রী॥

### 0 \$ 0

বিনা সাজে সাজি দেখা দিয়েছিলে কবে,
আভরণে আজি আবরণ কেন তবে॥
ভালোবাসা যদি মেশে আধা-আধি মোহে
আলোতে আঁধারে দোঁহারে হারাব দোঁহে।
ধেয়ে আসে হিয়া তোমার সহজ রবে,
আভরণ দিয়া আবরণ কেন তবে॥
ভাবের রসেতে যাহার নয়ন ডোবা
ভূষণে তাহারে দেখাও কিসের শোভা।
কাছে এসে তব্ কেন রয়ে গেলে দ্রে—
বাহির-বাঁধনে বাঁধিবে কি বন্ধুরে,
নিজের ধনে কি নিক্তে চুরি করে লবে।
আভরণে আজি আবরণ কেন তবে॥

### 023

বাহির পথে বিবাগী হিয়া কিসের খোঁজে গোঁল,
আয় রে ফিরে আয়।
প্রানো ঘরে দ্বার দিয়া ছে'ড়া আসন মেলি
বিসিবি নিরালায়॥
সারাটা বেলা সাগরধারে কুড়ালি যত ন্বিড়,
নানা রঙের শাম্ক-ভারে বোঝাই হল ঝ্ডি,
লবণপারাবারের পারে প্রথর তাপে প্রিড়
মরিলি পিপাসায়—
টেউরের দোল তুলিল রোল অক্লেডল জ্বড়ি,
কহিল বাণী কী জানি কী ভাষায়॥
বিরাম হল আরামহীন যদি রে তোর ঘরে, না যদি রয় সাথি,
সন্ধ্যা যদি তন্দ্রালীন মৌন অনাদরে, না যদি জ্বালে বাতি,

তব্ তো আছে আঁধার কোণে ধাানের ধনগ্রিল—
একেলা বাস আপন-মনে মর্ছিবি তার ধ্লি,
গাঁথিবি তারে রতনহারে, ব্কেতে নিবি তুলি মধ্র বেদনায়।
কাননবীথি ফ্লের রীতি নাহয় গেছে তুলি,
তারকা আছে গগনকিনারায়॥

# ०२२

এলেম নতুন দেশে—
তলায় গেল ভায় তরী, ক্লে এলেম ভেসে॥
অচিন মনের ভাষা শোলাবে অপূর্ব কোন্ আশা,
বোলাবে রঙিন স্তোর দঃখস্থের জাল,
বাজবে প্রাণে নতুন গানের তাল—
নতুন বেদনায় ফিরব কেদে হেসে॥
নাম-না-জানা প্রিয়া
নাম-না-জানা ফ্লের মালা নিয়া হিয়ায় দেবে হিয়া।
যৌবনেরই নবোচ্ছনাসে ফাগ্নেমাসে
বাজবে ন্প্র ঘাসে ঘাসে।
মাতবে দখিনবায় মঞ্জারত লবঙ্গলতায়,
চঞ্চিলত এলো কেশে॥

# 020

বড়ে যায় উড়ে যায় গো আমার মুখের আঁচলখানি।

ঢাকা থাকে না হায় গো. তারে রাখতে নারি টানি॥

আমার রইল না লাজলন্জা, আমার ঘুচল গো সাজসন্জা—

তুমি দেখলে আমারে এমন প্রলয়-মাথে আনি

আমায় এমন মরণ হানি॥

হঠাং আকাশ উজলি কারে খুজে কে ওই চলে,

চমক লাগায় বিজন্লি আমার আঁধার ঘরের তলে।

তবে নিশীখগগন জন্ডে আমার যাক সকলই উড়ে,

এই দার্ণ কল্লোলে বাজন্ক আমার প্রাণের বাণী

কোনো বাধন নাহি মানি॥

# 9\$8

পূর্ণ প্রাণে চাবার যাহা রিস্ক হাতে চাস নে তারে, সিক্তচোখে যাস নে ঘারে॥ রত্নমালা আনবি যবে মাল্যবদল তখন হবে— পাতবি কি তোর দেবীর আসন শূন্য খুলায় পথের ধারে॥ বৈশাখে বন রুক্ষ যখন, বহে পবন দৈন্যজ্বালা, হায় রে তখন শ্বকনো ফ্লে ভরবি কি তোর বরণডালা। অতিথিরে ডাকবি যবে ডাকিস যেন সগৌরবে, লক্ষ শিখায় জ্বলবে যখন দীপ্ত প্রদীপ অন্ধকারে॥

# 0२6

লাকালে বলেই খাজে বাহির করা,
ধরা যদি দিতে তবে যেত না ধরা॥
পাওয়া ধন আনমনে হারাই যে অযতনে,
হারাধন পোলে সে যে হৃদয়-ভরা॥
আপনি যে কাছে এল দ্রে সে আছে,
কাছে যে টানিয়া আনে সে আসে কাছে।
দ্রে বারি যায় চলে, লাকায় মেঘের কোলে,
তাই সে ধরায় ফেরে পিপাসাহরা॥

# ०२६

ঘরেতে শ্রমর এল গুন্গুনিয়ে।
আমারে কার কথা সে যায় শ্নিয়ে॥
আলোতে কোন্গগনে মাধবী জাগল বনে,
এল সেই ফ্ল-জাগানোর খবর নিয়ে।
সারা দিন সেই কথা সে যায় শ্নিয়ে॥
কেমনে রহি ঘরে, মন যে কেমন করে—
কেমনে কাটে যে দিন দিন গুনিয়ে।
কী মায়া দেয় বুলায়ে, দিল সব কাজ ভুলায়ে,
বেলা যায় গানের স্রে জাল বুনিয়ে।
আমারে কার কথা সে যায় শ্নিয়ে॥

### 029

বাইরে দূরে সায় রে উড়ে হায় রে হায়, কোথা বনের পাখি বনে পালায়॥ তোমার চপল আঁখি ওগো. হৃদয়ে যবে মোহন রবে বাজবে বাশি আপনি সেধে ফিরবে কে'দে, পরবে ফাঁসি--তখন ঘুচবে স্থরা ঘুরিয়া মরা তখন হেথা হোথায়। আহা, আজি সে আঁখি বনের পাখি বনে পালায়॥ দেখিস না রে হৃদয়ন্বারে কে আসে যায়, চেয়ে শ্রনিস কানে বারতা আনে দখিনবার। তোরা

আজি ফ'লের বাসে স্থের হাসে আকুল গানে চির- বসস্ত যে তোমারি খোঁজে এসেছে প্রাণে— তারে বাহিরে খ'জি ফিরিছ ব্রি পাগলপ্রার। তোমার চপল অথি বনের পাখি বনে পালায়॥

### 958

দে তোরা আমায় ন্তন করে দে ন্তন আভরণে॥
হেমন্ডের অভিসম্পাতে রিক্ত অকিণ্ডন কাননভূমি,
বসন্তে হোক দৈন্যবিমোচন নব লাবণ্যধনে।
শ্না শাখা লক্ষা ভূলে যাক পল্লব-আবরণে॥
বাজ্বক প্রেমের মায়ামন্তে
প্রেকিত প্রাণের বীণাযন্তে
চিরস্ক্রের অভিকদনা।
আনন্দচণ্ডল নৃত্য অকে অকে বহে যাক হিল্লোলে হিল্লোলে,
যৌবন পাক সম্মান বাঞ্ভিসম্মিলনে॥

### ०२५

তোমার বৈশাথে ছিল প্রথর রোদ্রের জনালা।
কথন্ বাদল আনে আষাঢ়ের পালা, হায় হায় হায়।
কঠিন পাষাণে কেমনে গোপনে ছিল,
সহসা ঝরনা নামিল অগ্রন্টালা, হায় হায় হায়।
মৃগয়া করিতে বাহির হল যে বনে
মৃগী হয়ে শেষে এল কি অবলা বালা, হায় হায় হায়।
যে ছিল আপন শক্তির অভিমানে
কার পায়ে আনে হার মানিবার ডালা, হায় হায় হায়।

# 000

আমার এই বিস্তু ডালি দিব তোমারি পায়ে।

দিব কাণ্ডালিনীর আঁচল তোমার পথে পথে বিছায়ে॥

যে প্রুপে গাঁথ প্রুপ্ধন্ত তারি ফুলে ফুলে হে অতন্ত্ত,

আমার প্রজানিবেদনের দৈন্য দিয়ো ঘ্টায়ে॥

তোমার রণজয়ের অভিযানে তুমি আমায় নিয়ে।

ফ্লবাণের টিকা আমার ভালে এক দিয়ে।।

আমার শ্নাতা দাও যদি সুখায় ভরি দিব তোমার জয়ধ্বনি ঘোষণ করি—

ফালগুনের আহ্বান জাগাও আমার কায়ে দক্ষিণবায়ে॥

আমার অক্সে অক্সে কে বাজার বাঁশি। আনন্দে বিষাদে মন উদাসী॥
প্তপবিকাশের স্বরে দেহ মন উঠে প্রে.
কী মাধ্রীস্গন্ধ বাতাসে যায় ভাসি॥
সহসা মনে জাগে আশা, মোর আহ্বিত পেয়েছে অগ্নির ভাষা।
আজ মম রূপে বেশে লিপি লিখি কার উদ্দেশে—
এল মুমের বন্দিনী বাণী বন্ধন নাশি॥

# 500

কোন্দেবতা সে কী পরিহাসে ভাসালো মায়ার ভেলায়।
স্বশ্নের সাথি, এসো মোরা মাতি স্বর্গের কৌতুকথেলায়॥
স্বের প্রবাহে হাসির তরঙ্গে বাতাসে বাতাসে ভেসে ধাব রঙ্গে
নৃত্যবিভঙ্কে

মাধবীবনের মধ্গকে মোদিত মোহিত মন্থর বেলায়॥
যে ফ্লমালা দ্লায়েছ আজি রোমাণ্ডিত বক্ষতলে
মধ্রজনীতে রেখো সর্রসিয়া মোহের মদির জলে।
নব্যোদিত স্থের করসম্পাতে বিকল হবে হায় লম্জা-আঘাতে.
দিন গত হলে ন তন প্রভাতে মিলাবে ধ্লার তলে কার অবহেলায়॥

#### 000

নারীর ললিত লোভন লীলায় এখনি কেন এ ক্লান্তি।
 এখনি কি, সখা, খেলা হল অবসান।।
 যে মধ্র রসে ছিলে বিহরল সে কি মধ্যাখা প্রান্তি—
 সে কি স্বপ্রের দান, সে কি সত্যের অপমান।
 দ্র দ্রাশায় হদয় ভরিছ. কঠিন প্রেমের প্রতিমা গড়িছ-কী মনে ভাবিয়া নারীতে করিছ পোর্ষসন্ধান।
 এও কি মায়ার দান।।

সহসা মন্ত্রবলে
নমনীয় এই কমনীয়তারে যদি আমাদের স্থী একেবারে
পরের বসন-সমান ছিল্ল করি ফেলে ধ্র্লিতলে
সবে না সবে না সে নৈরাশ্য— ভাগ্যের সেই অট্ট্রাস্য জানি জানি, স্থা, ক্ষত্ত্ব করিবে লব্ধ প্রেয়্যপ্রাণ— হানিবে নিঠুর বাণ ৷

#### 800

ওরে চিত্ররেখাডোরে বাঁধিল কে— বহ- প্রশ্বিস্থাতিসম হেরি ওকে॥ কার ত্লিকা নিল মন্দ্রে জিনি এই মঞ্জ্বল রূপের নিঝারিণী— স্থির নিঝারিণী বেন ফাল্স্ন-উপবনে শ্কুরাতে দোলপ্রির্নাতে

এল ছন্দম্রতি কার নব-অশোকে॥

নৃত্যকলা বেন চিচ্চে-লিখা

কোন্ স্বগের মোহিনী মরীচিকা।

শরং-নীলাম্বরে তড়িংলতা কোথা হারাইল চগুলতা।
হে স্তন্ধবাণী, কারে দিবে আনি নন্দনমন্দারমাল্যখানি— বরমাল্যখানি।

প্রিয়- বন্দনাগান-জাগানো রাতে

শর্ভ দশ্নি দিবে তুমি কাহার চোখে॥

#### 004

চিনিলে না আমারে কি।
দীপহারা কোণে ছিন্ অনুমনে, ফিরে গেলে কারেও না দেখি।
দারে এসে গেলে ভূলে— পরশনে বার যেত খ্লে,
মোর ভাগ্যতরী এট্কু বাধার গেল ঠেকি॥
ঝড়ের রাতে ছিন্ প্রহর গণি।
হায়, শ্নিন নাই তব রথের ধ্নিন।
গ্র্গ্র্ব্ গরজনে কাপি বক্ষ ধ্রিয়াছিন্ চাপি,
আকাশে বিদ্যুৎবহি অভিশাপ গেল লেখি॥

#### 000

কঠিন বেদনার তাপস দোঁহে যাও চিরবিরহের সাধনায়।
ফিরো না, ফিরো না, ভূলো না মোহে।
গভীর বিষাদের শান্তি পাও হদয়ে,
ভয়ী হও অস্তর্রবিদ্রোহে॥
যাক পিরাসা, খ্রুক দ্রাশা, যাক মিলায়ে কামনাকুয়াশা।
স্বপ্প-আবেশ-বিহীন পথে যাও বাঁধনহারা
তাপবিহীন মধ্র স্মৃতি নীরবে বহে॥

### 009

সব কিছ্ কেন নিল না, নিল না, নিল না ভালোবাসা— ভালো আর মন্দেরে। আপনাতে কেন মিটালো না বত কিছ্ খন্দেরে— ভালো আর মন্দেরে॥ নদী নিয়ে আসে পঞ্চিল জলধারা, সাগরহদয়ে গহনে হয় হারা। ক্ষমার দীপ্তি দেয় স্বর্গের আলো প্রেমের আনন্দেরে— ভালো আর মন্দেরে॥

নীরবে থাকিস, সখী, ও তুই নীরবে থাকিস।
তারে প্রেমেতে আছে যে কাঁটা
তারে আপন বৃকে বিশিধরে রাখিস॥
দরিতেরে দিয়েছিলি স্থা, আজিও তাহার মেটে নি ক্ষ্ধা—
এখনি তাহে মিশাবি কি বিষ।
যে জন্বনে তুই মরিবি মরমে মরমে
কেন তারে বাহিরে ডাকিস॥

#### 005

প্রেমের জোয়ারে ভাসাবে দোঁহারে— বাঁধন খুলে দাও, দাও। ভূলিব ভাবনা, পিছনে চাব না— পাল তুলে দাও, দাও দাও॥ প্রবল প্রনে তরঙ্গ তুলিল, হৃদয় দুলিল, দুলিল দুলিল— পাগল হে নাবিক, ভূলাও দিগ্রিদিক— পাল তুলে দাও, দাও দাও॥

### 980

জেনো প্রেম চিরঋণী আপনারই হরষে, জেনো প্রিয়ে। সব পাপ ক্ষমা করি ঋণশোধ করে সে। কলপ্ক যাহা আছে দ্রে হয় তার কাছে, কালিমার 'পরে তার অমৃত সে বরষে॥

#### 085

কোন্ অ্যাচিত আশার আলো দেখা দিল রে তিমিররাতি ভেদি দুদিনিদুর্যোগে — কাহার মাধ্রী বাজাইল কর্ণ বাশি। অচেনা নির্মাম ভূবনে দেখিনা একি সহসা কোন্ অজানার সাক্ষর মুখে সান্ত্নাহাসি॥

### 985

ধদি আসে তবে কেন যেতে চায়।
দেখা দিয়ে তবে কেন গো লুকায়॥
চেয়ে থাকে ফ্ল, হৃদয় আকৃল—
বায়্ বলে এসে 'ভেসে ঘাই'।
ধরে রাখো, ধরে রাখো—
স্থপাখি ফাঁকি দিয়ে উড়ে ধায়॥

পথিকের বৈশে স্থানিশি এসে বলে হেসে হেসে 'মিশে হাই'। জেগে থাকো, জেগে থাকো— বরষের সাধ নিমেষে মিলায়॥

#### 080

আমার মন বলে, 'চাই, চা ই, চাই গো— যারে নাহি পাই গো।'
সকল পাওয়ার মাঝে আমার মনে বেদন বাজে,
'না ই, না ই, নাই গো।'
হারিয়ে যেতে হবে,
আমায় ফিরিয়ে পাব তবে।
সন্ধ্যাতারা যায় যে চলে ভোরের তারায় জাগবে বলে—
বলে সে, 'যা ই, যা ই, ষাই গো।'

#### 088

আমি ফ্ল তুলিতে এলেম বনে—
জানি নে, আমার কী ছিল মনে।
এ তো ফ্ল তোলা নর, ব্ঝি নে কী মনে হয়,
জল ভরে ষায় দূ নরনে॥

### 986

প্রাণ চায় চক্ষ্ব না চায়, মরি একি তোর দ্বন্তরলভ্জা।
সহন্দর এসে ফিরে যায়, তবে কার লাগি মিথ্যা এ সভ্জা॥
মুখে নাহি নিঃসরে ভাষ, দহে অন্তরে নির্বাক্ বহি।
ওপ্তে কী নিষ্ঠার হাস, তব মামে যে ক্রন্দন ভন্বী!
মালা যে দংশিছে হায়, তোর শ্ব্যা যে কন্টকশ্ব্যা—
মিলনসম্ভবেলায় চির- বিচ্ছেদজর্জর মন্জা॥

#### 086

ষারে কেন দিলে নাড়া ওগো মালিনী!
কার কাছে পাবে সাড়া ওগো মালিনী॥
তুমি তো তুলেছ ফুল, গেথেছ মালা, আমার আঁধার ঘরে লেগেছে তালা।
থাজে তো পাই নি পথ, দীপ জনালি নি॥
ওই দেখো গোধালির ক্ষীণ আলোতে
দিনের শেষের সোনা ডোবে কালোতে।
আঁধার নিবিড় হলে আসিয়ো পাশে, যখন দরের আলো জনালে আকাশে
অসীম পথের রাতি দীপশালিনী॥

তুমি মোর পাও নাই পরিচয়।
তুমি যারে জান সে যে কেহ নয়, কেহ নয়॥
মালা দাও তারি গলে, শ্বনায় তা পলে পলে,
আলো তার ভরে ভরে রয়—
বায়্পরশন নাহি সয়॥
এসো এসো দৃঃখ, জনালো শিখা,
দাও ভালে অগ্নিময়ী টিকা।
মরণ আস্ব চূপে পরমপ্রকাশর্পে,
সব আবরণ হোক লয়—
ঘ্রুক সকল পরাজয়॥

#### 08V

এবার, সখী, সোনার মৃগ দেয় বৃঝি দেয় ধরা।
আয় গো তোরা প্রাঙ্গনা, আয় সবে আয় ছরা॥
ছুটেছিল পিয়াস-ভরে মরীচিকা-বারির তরে,
ধরে তারে কোমল করে কঠিন ফাঁসি পরা॥
দয়ামায়া করিস নে গো, ওদের নয় সে ধারা।
দয়ার দোহাই মানবে না গো একট্ব পেলেই ছাড়া।
বাঁধন-কাটা বন্যটাকে মায়ার ফাঁদে ফেলাও পাকে,
ভূলাও তাকে বাঁশির ডাকে বৃদ্ধিবিচার-হরা॥

#### 685

কী হল আমার! বৃঝি বা সখী, হৃদয় আমার হারিয়েছি।
পথের মাঝেতে খেলাতে গিয়ে হৃদয় আমার হারিয়েছি॥
প্রভাতকিরণে সকালবেলাতে
মন লয়ে, সখী, গেছিন্ খেলাতে—
মন কুড়াইতে, মন ছড়াইতে, মনের মাঝারে খেলি বেড়াইতে,
মনোফ্ল দলি চলি বেড়াইতে—
সহসা, সজনী, চেতনা পেয়ে
সহসা, সজনী, দেখিন্ চেয়ে
রাশি রাশি ভাঙা হৃদয়-মাঝে হৃদয় আমার হারিয়েছি॥
বদি কেহ, সখী, দলিয়া যায়,
তার 'পর দিয়া চলিয়া যায়—
শ্বায়ে পড়িবে, ছিড়য়া পড়িবে, দলগ্নলি তার ঝরিয়া পড়িবেযদি কেহ, সখী, দলিয়া যায়।
আমার কুস্মকোমল হৃদয় কখনো সহে নি রবির কর,
আমার মনের কামিনীপাপড়ি সহে নি শ্রমরচরণভর।

চির্রাদন, সখী, হাসিত খেলিত, জোছনা-আলোকে নয়ন মোলত— সহসা আজ সে হৃদয় আমার কোধায়, সজনী, হারিয়েছি॥

#### 940

আজি অথি জন্তালো হেরিয়ে মনোমোহন মিলনমাধ্রী, ধ্গলম্রতি।।
ফ্লগন্ধে আকুল করে, বাজে বাঁশরি উদাস স্বরে,
নিকুঞ্জ প্লাবিত চন্দ্রকরে—
তারি মাঝে মনোমোহন মিলনমাধ্রী, ধ্গলম্রতি।।
আনো আনো ফ্লমালা, দাও দৌহে বাধিয়ে।
হদয়ে পশিবে ফ্লপাশ, অক্ষয় হবে প্রেমবন্ধন,
চিরদিন হেরিব হে মনোমোহন মিলনমাধ্রী, ধ্গলম্রতি।।

#### 063

সকল হদয় দিয়ে ভালোবেসেছি যারে সে কি ফিরাতে পারে স্থী!
সংসারবাহিরে থাকি, জানি নে কী ঘটে সংসারে॥
কে জানে হেথায় প্রাণপণে প্রাণ যারে চায়
তারে পায় কি না পায়— জানি নে—
ভয়ে ভয়ে তাই এসেছি গো অজানা হদয়দ্বারে॥
তোমার সকলই ভালোবাসি— ওই র্পরাশি,
ওই খেলা, ওই গান, ওই মধ্ হাসি।
ওই দিয়ে আছ ছেয়ে জীবন আমারই।
কোথায় তোমার সীমা ভবনমাঝারে॥

# 965

তারে কেমনে ধরিবে, সখী, যদি ধরা দিলে।
তারে কেমনে কাঁদাবে যদি আপনি কাঁদিলে॥
যদি মন পেতে চাও মন রাখো গোপনে।
কে তারে বাঁধিবে ভূমি আপনার বাঁধিলে॥
কাছে আসিলে তো কেহ কাছে রহে না।
কথা কহিলে তো কেহ কথা কহে না।
হাতে পেলে ভূমিতলে ফেলে চলে বায়।
হাসিরে ফিরায় মুখ কাঁদিয়া সাধিলে॥

#### 040

उरे भर्द भूथ खारा यतः। र्जानय ना এ कीयतः, की स्वभतः की खागतरा॥ তুমি জান বা না জান, মনে সদা যেন মধ্বর বাঁশরি বাজে— হৃদয়ে সদা আছ বলে। আমি প্রকাশিতে পারি নে, শ্বধ্ব চাহি কাতরনয়নে।

# 948

সন্থে আছি, সন্থে আছি সথা, আপনমনে।
কিছন চেয়ো না, দ্বে ষেয়ো না,
শ্ব্ব চেয়ো না, দ্বে ষেয়ো না,
শ্ব্ব চেয়ে দেখো, শ্ব্ব ঘিরে থাকো কাছাকাছি॥
সথা, নয়নে শ্ব্ব জানাবে প্রেম, নীরবে দিবে প্রাণ,
রচিয়া ললিতমধ্র বাণী আড়ালে গাবে গান।
গোপনে তুলিয়া কুস্ম গাঁথিয়া রেখে যাবে মালাগাছি।
মন চেয়ো না, শ্ব্ব চেয়ে থাকো, শ্ব্ব ঘিরে থাকো কাছাকাছি॥
মধ্র জীবন, মধ্র রজনী, মধ্র মলয়বায়।
এই মাধ্রীধারা বহিছে আপনি, কেহ কিছন নাহি চায়।
আমি আপনার মাঝে আপনি হারা, আপন সৌরভে সারা—
যেন আপনার মন আপনার প্রাণ আপনারে সংপিয়াছি॥

## 946

ভালোবেসে যদি স্থ নাহি তবে কেন,
তবে কেন মিছে ভালোবাসা।
মন দিয়ে মন পেতে চাহি। ওগো কেন,
ওগো কেন মিছে এ দ্রাশা।।
হদয়ে জন্মলায়ে বাসনার শিখা, নয়নে সাজায়ে মায়ামরীচিকা,
শৃধ্ ঘ্রে মরি মর্ভূমে। ওগো কেন,
ওগো•কেন মিছে এ পিপাসা।।
আপনি যে আছে আপনার কাছে
নিখল জগতে কী অভাব আছে।
আছে মন্দ সমীরণ, প্রশ্বিভূষণ,
কোকিলক্জিত কুঞ্জ।
বিশ্বচরাচর লুপ্ত হয়ে যায়, একি ঘার প্রেম অন্ধরাহ্-প্রায়
জীবন যৌবন গ্রাসে। তবে কেন,
তবে কেন মিছে এ কয়াশা।।

## 949

স্থা, আপন মন নিয়ে কাঁদিয়ে মার, পরের মন নিয়ে কী হবে। আপন মন যদি ব্রিতে নারি, পরের মন ব্রে কে কবে॥ অবাধ মন লয়ে ফিরি ভবে, বাসনা কাঁদে প্রাণে হা-হা-রবে—
এ মন দিতে চাও দিয়ে ফেলো, কেন গো নিতে চাও মন তবে॥
দ্বপনসম সব জানিয়ো মনে, তোমার কেহ নাই এ ত্রিভূবনে—
যে জন ফিরিতেছে আপন আশে তুমি ফিরিছ কেন ভাহার পাশে।
নয়ন মেলি শুধু দেখে যাও, হদর দিয়ে শুধু শান্তি পাও—
তোমারে মুখ তুলে চাহে না ষে থাক্ সে আপনার গরবে॥

## 049

প্রেমের ফাঁদ পাতা ভ্বনে।
কৈ কোথা ধরা পড়ে কে জানে—
গরব সব হায় কখন্ টুটে যায়, সালল বহে যায় নয়নে।
এ স্বুখরণীতে কেবলই চাহ নিতে, জান না হবে দিতে আপনা—
স্থের ছায়া ফোল কখন যাবে চাল, বারবে সাধ করি বেদনা।
কখন বাজে বাঁশি, গরব যায় ভাসি, পরান পড়ে আসি বাঁধনে॥

# OGF

এসেছি গো এসেছি, মন দিতে এসেছি যারে ভালোবেসেছি।
ফুলদলে ঢাকি মন যাব রাখি চরণে,
পাছে কঠিন ধরণী পায়ে বাজে।
রেখো রেখো চরণ হৃদি-মাঝে।
নাহয় দলে যাবে, প্রাণ ব্যথা পাবে—
আমি তো ভেসেছি, অক্লে ভেসেছি॥

## 067

যেয়ো না, যেয়ো না ফিরে।
দাঁড়াও বারেক, দাঁড়াও হদয়-আসনে॥
চণ্ডল সমীরসম ফিরিছ কেন কুসনুমে কুসনুমে, কাননে কাননে।
তোমায় ধরিতে চাহি, ধরিতে পারি নে, তুমি গঠিত যেন স্বপনে—
এসো হে, তোমারে বারেক দেখি ভরিয়ে আঁখি, ধরিয়ে রাখি ষতনে॥
প্রাণের মাঝে তোমারে ঢাকিব, ফুলের পাশে বাঁধিয়ে রাখিব—
তুমি দিবসনিশি রহিবে মিশি কোমল প্রেমশয়নে॥

## 940

কাছে আছে দেখিতে না পাও। তুমি কাহার সন্ধানে দ্বে যাও॥ মনের মতো কারে খ্রিজ মর,
সে কি আছে ভূবনে—
সে বে রয়েছে মনে।
থগো, মনের মতো সেই তো হবে
ভূমি শ্রুক্ষণে যাহার পানে চাও॥
ভোমার আপনার বে জন দেখিলে না তারে
ভূমি যাবে কার দ্বারে।
যারে চাবে তারে পাবে না,
যে মন তোমার আছে যাবে তাও॥

# 065

জীবনে আজ কি প্রথম এল বসন্ত।
নবীনবাসনাভরে হদর কেমন করে,
নবীন জীবনে হল জীবন্ত॥
স্ব্যভরা এ ধরায় মন বাহিরিতে চার,
কাহারে বসাতে চার হদরে।
তাহারে খুজিব দিক-দিগন্ত॥
কেমন দখিনে বার্ ছুটেছে, না জানি কোথার ফ্ল ফ্টেছে,
তেমনি আমিও, স্থী, ষাব— না জানি কোথার দেখা পাব।
কার স্ব্ধাস্বর-মাঝে জগতের গীত বাজে,
প্রভাত জাগিছে কার নরনে,
কাহার প্রাণের প্রেম অনন্ত।
তাহারে খুজিব দিক-দিগন্ত॥

# 065

পথহারা তুমি পথিক ষেন গো স্থের কাননে
ওগো যাও, কোথা যাও।
স্থে ঢলঢল বিবশ বিভল পাগল নরনে
তুমি চাও, কারে চাও।
কোথা গেছে তব উদাস হৃদয়, কোথা পড়ে আছে ধরণী।
মায়ার তরণী বাহিয়া ষেন গো মায়াপৢরী-পানে ধাও—
কোন্ মায়াপৢরী-পানে ধাও॥

## 000

তুমি কোন্কাননের ফ্ল, তুমি কোন্গগনের তারা। তোমায় কোথায় দেখেছি যেন কোন্স্বপনের পারা॥ কবে তুমি গেয়েছিলে, আখির পানে চেয়েছিলে
ভূলে গিরেছি।
শ্বধ্ মনের মধ্যে জেগে আছে ওই নয়নের তারা॥
তুমি কথা কোয়ো না, তুমি চেয়ে চলে যাও।
এই চাঁদের আলোতে তুমি হেসে গলে যাও।
আমি ঘ্মের ঘোরে চাঁদের পানে চেয়ে থাকি মধ্র প্রাণে,
তোমার আখির মতন দুটি তারা চালুক কিরণধারা॥

#### 048

আর তবে সহচরী, হাতে হাতে ধরি ধরি
নাচিবি খিরি খিরি, গাহিবি গান।
আন্ তবে বীণা—
সপ্তম সুরে বাঁধ্ তবে ভান॥
পাশরিব ভাবনা, পাশরিব বাতনা,
রাখিব প্রমোদে ভরি দিবানিশি মনপ্রাণ,
আন্ তবে বীণা—
সপ্তম সুরে বাঁধ্ তবে তান॥
ঢালো ঢালো শশধর, ঢালো ঢালো জোছনা।
সমীরণ, বহে বা রে ফুলে ফুলে ঢাল ঢাল।
উলসিত তাঁটনী,
উর্থালত গীতরবে খুলে দে রে মনপ্রাণ॥

#### 064

আজ তোমারে দেখতে এলেম অনেক দিনের পরে।
ভয় কোরো না, সুখে থাকো, বেশিক্ষণ থাকব নাকো—
এসেছি দশ্ড-দুরের তরে॥
দেখব শুধু মুখখানি, শুনাও যদি শুনব বাণী,
নাহয় যাব আড়াল থেকে হাসি দেখে দেশান্তরে॥

## 066

মনে যে আশা লয়ে এসেছি হল না, হল না হে। ওই মুখপানে চেয়ে ফিরিন্ ল্কাতে আঁখিজল, বেদনা রহিল মনে মনে॥ তুমি কেন হেসে চাও, হেসে যাও হে, আমি কেন কে'দে ফিরি— কেন আনি কম্পিত হদরখানি, কেন যাও দ্বে না দেখে॥

এখনো তারে চোখে দেখি নি, শুধু বাশি শুনেছি—
মন প্রাণ ষাহা ছিল দিয়ে ফেলেছি॥
শুনেছি মুরতি কালো, তারে না দেখাই ভালো।
স্থা, বলো আমি জল আনিতে যমুনায় যাব কি॥
শুধু স্বপনে এসেছিল সে, নয়নকোণে হেসেছিল সে।
সে অবধি, সই, ভয়ে ভয়ে রই— আখি মেলিতে ভেবে সারা হই।
কাননপথে যে খুশি সে যায়, কদমতলে যে খুশি সে চায়-স্থা, বলো আমি কারো পানে চাব কি॥

#### OFF

ব'ধ্ব, তোমায় করব রাজা তর্তলে, বনফ্বলের বিনোদমালা দেব গলে॥ সিংহাসনে বসাইতে হৃদয়খানি দেব পেতে, অভিষেক করব তোমায় আঁথিজলে॥

#### 065

এরা পরকে আপন করে, আপনারে পর— বাহিরে বাঁশির রবে ছেড়ে যায় ঘর॥ ভালোবাসে সমুখে দুখে, ব্যথা সহে হাসিমুখে, মরণেরে করে চিরজীবর্নানর্ভর॥

## 990

সম্থেতে বহিছে তটিনী, দুটি তারা আকাশে ফুটিয়া।
বায় বহে পরিমল লুটিয়া।
সাঁঝের অধর হতে স্লান হাসি পড়িছে টুটিয়া॥
দিবস বিদায় চাহে, বমনা বিলাপ গাহে-সায়াহেবই রাঙা পায়ে কে'দে কে'দে পড়িছে লুটিয়া॥
এসো ব'ধ্ব, তোমায় ডাকি — দোঁহে হেখা বসে থাকি.
আকাশের পানে চেয়ে জলদের খেলা দেখি,
আখি-'পরে তারাগ্রলি একে একে উঠিবে ফুটিয়া॥

#### 095

বৃথি বেলা বহে যায়, কাননে আয় তোরা আয়। আলোতে ফ্ল উঠল ফ্টো, ছায়ায় ঝরে পড়ে যায়॥ সাধ ছিল রে পরিয়ে দেব মনের মতো মালা গে'ঝে— কই সে হল মালা গাঁথা, কই সে এল হার। ধম্নার ডেউ যাছে বয়ে, বেলা চলে যার॥

# 092

বনে এমন ফ্ল ফ্টেছে,
মান করে থাকা আজ কি সাজে।
মান অভিমান ভাসিরে দিরে
চলো চলো কুঞ্চমাঝে॥
আজ কোকলে গেরেছে কুহ্ম ম্হ্রর্ম্হ্র,
আজ কাননে ওই বাশি বাজে।
মান করে থাকা আজ কি সাজে॥
আজ মধ্রে মিশাবি মধ্, পরানব'ধ্ম
চাদের আলোর ওই বিরাজে।
মান করে থাকা আজ কি সাজে॥

# 999

আমি কেবল তোমার দাসী।
কেমন করে আনব মুখে 'তোমায় ভালোবাসি'॥
গ্রেণ বদি মোর থাকত তবে অনেক আদর মিলত ভবে,
বিনাম্লোর কেনা আমি গ্রীচরণপ্রয়াসী॥

## 998

আজ বেমন করে গাইছে আকাশ তেমনি করে গাও গো। বেমন করে চাইছে আকাশ তেমনি করে চাও গো॥ আজ হাওয়া বেমন পাতায় পাতায় মমরিয়া বনকে কাঁদায়, তেমনি আমার ব্রকের মাঝে কাঁদিয়া কাঁদাও গো॥

## 094

যৌবনসরসীনীরে মিলনশতদল
কোন্ চণ্ডল বন্যায় টলোমল টলোমল ॥
শরম-রক্তরাগে তার গোপন স্বপ্ন জাগে,
তারি গদ্ধকেশর-মাঝে
এক বিন্দৃ নর্মজ্জা ॥
ধীরে বও ধীরে বও, সমীরণ.
সবেদন প্রশন ।

শব্দিত চিত্ত মোর পাছে ভাঙে ব্ভডোর—
তাই অকারণ কর্ণায় মোর আখি করে ছলোছল।

## 098

বলো দেখি, সখী লো,
নিরদয় লাজ তোর টুটিবে কি লো।
চেয়ে আছি ললনা—
মুখানি তুলিবি কি লো,
ঘোমটা খুলিবি কি লো,
আধফোটা অধরে হাসি ফুটিবে কি লো॥
শরমের মেঘে ঢাকা বিধ্মুখানি—
মেঘ টুটে জোছনা ফুটে উঠিবে কি লো।
ত্বিত আঁখির আশা প্রাবি কি লো—
তবে ঘোমটা খোলো, মুখটি তোলো, আঁখি মেলো॥

# 099

দেখে যা, দেখে যা, দেখে যা লো তোরা সাধের কাননে মোর
আমার সাধের কুস্ম উঠেছে ফ্টিয়া, মলয় বহিছে স্রতি লাটিয়া রে—
হেথায় জোছনা ফাটে, তটিনী ছাটে, প্রমোদে কানন ভোর॥
আয় আয় সখী, আয় লো হেথা দাজনে কহিব মনের কথা।
তুলিব কুস্ম দাজনে মিলিয়ে—
সাখে গাঁথিব মালা, গণিব তারা, করিব রজনী ভোর॥
এ কাননে বাস গাহিব গান, সাখের স্বপনে কাটাব প্রাণ,
খেলিব দাজনে মনের খেলা রে—
প্রাণে রহিবে মিশি দিবসানিশি আধ্যো-আধ্যে ছামছোর॥

# 998

নিমেবের তরে শরমে বাধিল, মরমের কথা হল না। জনমের তরে তাহারি লাগিয়ে রহিল মরমবেদনা॥ চোখে চোখে সদা রাখিবারে সাধ— পলক পড়িল, ঘটিল বিষাদ। মেলিতে নয়ন মিলালো স্বপন এমনি প্রেমের ছলনা॥

#### 600

আমি হাদরের কথা বলিতে ব্যাকুল, শুধাইল না কেছ।
সে তো এল না যারে সপিলাম এই প্রাণ মন দেহ।
সে কি মোর তরে পথ চাহে, সে কি বিরহগীত গাহে
যার বাশরিধন্নি শ্নিয়ে আমি ত্যজিলাম গেহ।

ওকে বল্, সখী, বল্— কেন মিছে করে ছল, মিছে হাসি কেন সখী, মিছে আখিজল॥ জানি নে প্রেমের ধারা, ভরে তাই হই সারা—কে জানে কোথার স্থা কোথা হলাহল॥ কাঁদিতে জানে না এরা, কাঁদাইতে জানে কল—ম্থের বচন শ্লে মিছে কী হইবে ফল। প্রেম নিয়ে শ্ধ্ব খেলা— প্রাণ নিয়ে হেলাফেলা—ফিরে যাই এই বেলা, চল্ সখী, চল্॥

#### ONZ

কে ডাকে। আমি কভু ফিরে নাহি চাই।
কত ফ্ল ফ্টে উঠে কত ফ্লে বার ট্টে,
আমি শৃধ্ব বহে চলে বাই॥
পরশ প্লকরস-ভরা রেখে বাই, নাহি দিই ধরা।
উড়ে আসে ফ্লেবাস, লতাপাতা ফেলে শ্বাস,
বনে বনে উঠে হাহ্বতাশ—
চাকিতে শ্নিতে শৃধ্ব পাই। চলে বাই॥

## ORS

সথী, সে গেল কোথার তারে ডেকে নিরে
দাঁড়াব ঘিরে তারে তর্তলার॥
আজি এ মধ্র সাঁঝে কাননে ফ্লের মাঝে
হেসে হেসে বেড়াবে সে, দেখিব তার॥
আকাশে তারা ফুটেছে, দাখনে বাতাস ছুটেছে,
পাখিটি ঘুমখোরে গেরে উঠেছে।
আয় লো আনন্দমরী, মধ্র বসস্ত লরে
লাবণ্য ফুটাবি লো তর্লতার॥

#### 949

বিদায় করেছ ধারে নয়নজলে, এখন ফিরাবে তারে কিসের ছলে গো ॥ আজি মধ্য সমীরণে নিশীথে কুস্মবনে তারে কি পড়েছে মনে বকুলতলে॥ সে দিনও তো মধ্যনিশি প্রাণে গিরেছিল মিশি, মুকুলিত দশ দিশি কুস্মদলে। দুটি সোহাগের বাণী যদি হত কানাকানি, যদি ওই মালাখানি পরাতে গলে। এখন ফিরাবে তারে কিসের ছলে গো॥ মধুরাতি প্রিমার ফিরে আসে বার বার, সে জন ফিরে না আর যে গেছে চলে॥ ছিল তিথি অনুক্ল, শুধু নিমেষের ভূল— চিরদিন ত্যাকুল পরান জবলে। এখন ফিরাবে তারে কিসের ছলে গো॥

## OVS

না ব্বে কারে তুমি ভাসালে অথিজলে।
ওগো, কে আছে চাহিয়া শ্ন্য পথপানে—
কাহার জীবনে নাহি স্থ, কাহার পরান জবলে॥
পড় নি কাহার নরনের ভাষা,
বোঝ নি কাহার মরমের আশা,
দেখ নি ফিরে—
কার ব্যাকুল প্রাণের সাধ এসেছ দলে॥

# ONG

নয়ন মেলে দেখি আমায় বাঁধন বে'ধেছে। গোপনে কে এমন করে এ ফাঁদ ফে'দেছে॥ বসস্তরজনীশেষে বিদায় নিতে গেলেম হেসে— যাবার বেলায় ব'ধ্ব আমায় কাঁদিয়ে কে'দেছে॥

#### OFF

হাসিরে কি লুকাবি লাজে।
চপলা সে বাঁধা পড়ে না যে॥
বুবিয়া অধরদ্বারে ঝাঁপিয়া রাখিলি যারে
কখন সে ছুটে এল নয়নমাঝে॥

# ONG

ষে ফ্ল ঝরে সেই তো ঝরে. ফ্ল তো থাকে ফ্টিতে— বাতাস তারে উড়িয়ে নে বায়, মাটি মেশায় মাটিতে॥ গন্ধ দিলে, হাসি দিলে, ফ্রিয়ে গেল খেলা। ভালোবাসা দিয়ে গেল, তাই কি হেলাফেলা॥

#### OFF

সাজাব তোমারে হে ফ্ল দিয়ে দিয়ে। নানা বরনের বনফ্ল দিয়ে দিয়ে॥ আজি বসস্তরাতে প্রিমাচন্দ্রকরে দক্ষিণপ্রনে, প্রিয়ে, সাজাব তোমারে হে ফ্ল দিয়ে দিয়ে॥

## ORZ

মন জানে মনোমোহন আইল, মন জানে স্থা।
তাই কেমন করে আজি আমার প্রাণে॥
তারি সৌরভ বহি বহিল কি সমীরণ আমার প্রান্পানে॥

## 020

হল না, হল না, সই, হায়—
মরমে মরমে লাকানো রহিল, বলা হল না॥
বলি বলি বলি তারে কত মনে করিনা—
হল না, হল না সই॥
না কিছা কহিল, চাহিয়া রহিল,
গোল সে চলিয়া, আর সে ফিরিল না।
ফিরাব ফিরাব বলে কত মনে করিনা—
হল না, হল না সই॥

# 022

ও কেন চুরি করে চায়।
নুকোতে গিয়ে হাসি হেসে পলায়॥
বনপথে ফুলের মেলা, হেলে দুলে করে খেলা—
চকিতে সে চমকিয়ে কোথা দিয়ে যায়॥
কী যেন গানের মতো বেজেছে কানের কাছে,
যেন তার প্রাণের কথা আধেকখানি শোনা গেছে।
পথেতে যেতে চলে মালাটি গেছে ফেলে—
পরানের আশাগুলি গাঁখা যেন তায়॥

# 925

কেহ কারো মন বোঝে না, কাছে এসে সরে যায়।
সোহাগের হার্সিট কেন চোখের জলে মরে যায়।
বাতাস যখন কে'দে গেল প্রাণ খুলে ফুল ফ্রিটল না,
সাঝের কেলায় একাকিনী কেন রে ফুল ঝরে যায়।

মনুখের পানে চেয়ে দেখো, আঁখিতে মিলাও আঁখি— মধ্র প্রাণের কথা প্রাণেতে রেখো না ঢাকি। এ রজনী রহিবে না, আর কথা হইবে না— প্রভাতে রহিবে শুধু হদয়ের হায়-হায়॥

## 020

গেল গো—
ফিরিল না, চাহিল না, পাষাণ সে।
কথাটিও কহিল না, চলে গেল গো।
না যদি থাকিতে চায় যাক যেথা সাধ যায়,
একেলা আপন-মনে দিন কি কাটিবৈ না।
তাই হোক, হোক তবে—
আর তারে সাধিব না।

#### 928

বল্, গোলাপ মোরে বল্, তুই ফুটিবি, সখী, কবে। ফ্টেছে চারি পাশ, চাঁদ্ হাসিছে স্থাহাস. ফুল ফেলিছে মৃদ্ শ্বাস, পাখি গাহিছে মধ্রববে--বায়, তুই ফুটিবি, সখী, কৰে॥ পডেছে শিশিরকণা, সাঁঝে বহিছে দখিনা বায়, প্রাতে কাছে ফুলবালা সারি সারি -পাতার আড়ালে সাঁঝের তারা মুখানি দেখিতে **চায়**। দ,রে দ্র হতে আসিয়াছে, যত ভ্রমর ফিরিছে কাছে. বায়\_ কচি কিশলয়গুলি রয়েছে নয়ন তুলি-তারা শুধাইছে মিলি সবে, তই ফুটিবি স্থী, কবে॥

# 960

আমার যেতে সরে না মন —
তোমার দুয়ার পারায়ে আমি যাই যে হারায়ে
অতল বিরহে নিমগন।
চলিতে চলিতে পথে সকলই দেখি যেন মিছে.
নিখিল ভূবন মিছে ডাকে অনুক্ষণ॥
আমার মনে কেবলই বাজে
তোমায় কিছু দেওয়া হল না যে।
যবে চলে যাই পদে পদে বাধা পাই.
ফিরে ফিরে আসি অকারণ॥



व्रवीनम्नाथ ও जननीनम्नाथ

# প্রকৃতি

>

বিশ্ববীণারবে বিশ্বজন মোহিছে।
শ্বলে জলে নভতলে বনে উপবনে
নদীনদে গিরিগ্রো-পারাবারে
নিত্য জাগে সরস সঙ্গীতমধ্রিমা,
নিত্য নৃত্যুরসভঙ্গিমা।—

নব বসন্তে নব আনন্দ, উৎসব নব।
অতি মঞ্জ্বল, অতি মঞ্জ্বল, শ্রান মঞ্জ্বল গ্রেন কুঞ্জে,
শ্রান রে শ্রান মর্মার পঞ্জবপর্ঞে,
পিকক্জন প্রশেবনে বিজনে,
মৃদ্ব বায়্হিলোলবিলোল বিভোল বিশাল সরোবর-মাঝে
কলগীত স্কালত বাজে।
শ্যামল কান্তার-'পরে অনিল সঞ্চারে ধীরে রে,
নদীতীরে শরবনে উঠে ধর্নি সরসর মরমর।
কত দিকে কত বাণী, নব নব কত ভাষা, ঝরঝর রসধারা॥

আষাঢ়ে নব আনন্দ, উৎসব নব।
আতি গন্তীর, অতি গন্তীর নীল অন্বরে ডন্বর্ বাজে,
বেন রে প্রলম্বকরী শঙ্করী নাচে।
করে গর্জন নিঝারিণী সঘনে,
হেরো ক্ষ্রুর ভয়াল বিশাল নিরাল পিয়ালতমালবিতানে
উঠে রব ভৈরবতানে।
পবন মল্লারগীত গাহিছে আঁধার রাতে,
উন্মাদিনী সোদামিনী রঙ্গভরে ন্তা করে অন্বরতলে।
দিকে দিকে কত বাণী, নব নব কত ভাষা, ঝরঝর রসধারা॥

আশ্বিনে নব আনন্দ, উৎসব নব।
আতি নিম্পাল, অতি নিম্পাল উন্জ্বল সাজে
ভূবনে নব শারদলক্ষ্মী বিরাজে।
নব ইন্দ্র্লেখা অলকে ঝলকে,
আতি নির্মাল হাসবিভাসবিকাশ আকাশনীলান্ব্জ-মাঝে
শ্বেত ভূকে শ্বেত বীণা বাজে।

উঠিছে আলাপ মৃদ্ধ মধ্বর বেহাগতানে, চন্দ্রকরে উল্লাসিত ফ্লাবনে ঝিল্লারবে তন্দ্রা আনে রে। দিকে দিকে কত বাণী, নব নব কত ভাষা, ঝরঝর রসধারা॥

२

কুস্মে কুস্মে চরণচিহ্ন দিয়ে যাও, শেষে দাও মুছে।
থহে চণ্ডল, বেলা না যেতে খেলা কেন তব বায় ঘ্চে॥
চকিত চোখের অশ্রমজল বেদনায় তুমি ছায়ে ছায়ে চল,
কোথা সে পথের শেষ কোন্ স্দ্রের দেশ
সবাই তোমায় তাই পুছে॥
বাঁশরির ডাকে কুড়ি ধরে শাখে, ফুল যবে ফোটে নাই দেখা।
তোমায় লগন যায় যে কখন, মালা গেথে আমি রই একা।
'এসো এসো এসো' আখি কয় কেদে। তৃষিত বক্ষ বলে 'রাখি বে'ধে'।
যেতে যেতে, ওগো প্রিয়. কিছু ফেলে রেখে দিয়ো
ধরা দিতে যদি নাই রুচে॥

O

একি আকুলতা ভুবনে! একি চণ্ডলতা প্রনে॥
একি মধ্রমদির রসরাশি আজি শ্নাতলে চলে ভাসি,
ঝরে চন্দ্রকরে একি হাসি, ফ্ল- গন্ধ লুটে গগনে॥
একি প্রাণভরা অনুরাগে আজি বিশ্বজগতজন জাগে,
আজি নিখিল নীলগগনে স্থ- পরশ কোথা হতে লাগে।
স্থে শিহরে সকল বনরাজি, উঠে মোহনবাশার বাজি,
হেরো প্রবিকশিত আজি মম অন্তর স্কর স্বপনে॥

8

আজ তালের বনের করতালি কিসের তালে
প্রিমার্টাদ মাঠের পারে ওঠার কালে।
না-দেখা কোন্ বীণা বাজে আকাশ-মাঝে,
না-শোনা কোন্ রাগ রাগিণী শ্নো ঢালে।।
ওর খুশির সাথে কোন্ খুশির আজ মেলামেশা,
কোন্ বিশ্বমাতন গানের নেশায় লাগল নেশা।
তারায় কাঁপে রিনিঝিন যে কিভিকণী
তারি কাঁপন লাগল কি ওর মৃদ্ধ ভালে।।

আধার কুণিড়র বাঁধন টুটে চাঁদের ফ্ল উঠেছে ফুটে।।
তার গন্ধ কোথার, গন্ধ কোথার রে।
গন্ধ আমার গভাঁর ব্যথার হৃদর-মাঝে লুটে।।
ও কখন খাবে সরে, আকাশ হতে পড়বে ঝরে।
ওরে রাখব কোথার, রাখব কোথার রে।
রাখব ওরে আমার ব্যথার গানের প্রপ্রেটা।

å

প্রণিচাদের মারার আজি ভাবনা আমার পথ ভোলে, বেন সিক্পারের পাখি তারা বার বার বার চলে॥ আলোছারার স্বে অনেক কালের সে কোন্দ্রে ডাকে আর আর আর বলে॥ বেথার চলে গেছে আমার হারা ফাগ্নরাতি সেথার তারা ফিরে ফিরে থোঁজে আপন সাথি। আলোছারার থেথা অনেক দিনের সে কোন্ব্যথা কাদে হার হার হার বলে॥

9

কত বে তুমি মনোহর মনই তাহা জানে,
হদর মম থরোথরো কাঁপে তোমার গানে॥
আজিকে এই প্রভাতবেলা মেঘের সাথে রোদের খেলা,
জলে নরন ভরোভরো চাহি তোমার পানে॥
আলোর অধীর ঝিলিমিলি নদীর ঢেউরে ওঠে,
বনের হাসি খিলিখিলি পাতার পাতার ছোটে।
আকাশে ওই দেখি কী যে— তোমার চোখের চাহনি যে।
স্নীল স্থা করোঝরো ঝরে আমার প্রাণে॥

V

আকাশভরা সূর্ব-ভারা, বিশ্বভরা প্রাণ,
তাহারি মাঝখনে আমি পেরেছি মোর স্থান,
বিস্মরে তাই জাগে আমার গান॥
অসীম কালের যে হিল্লোলে জোরার-ভাঁটার ভূবন দোলে
নাড়ীতে মোর রক্তধারার লেগেছে তার টান,
বিস্মরে তাই জাগে আমার গান॥
ঘাসে খাসে পা ফেলেছি বনের পথে যেতে,
ফুলের গত্কে চমক লেগে উঠেছে মন মেতে,

ছড়িয়ে আছে আনন্দেরই দান, বিক্ষয়ে তাই জাগে আমার গান॥ কান পেতেছি, চোখ মেলেছি, ধরার বৃকে প্রাণ ঢেলেছি, জানার মাঝে অজানারে করেছি সন্ধান, বিক্ষয়ে তাই জাগে আমার গান॥

5

ব্যাকুল বকুলের ফর্লে শ্রমর মরে পথ ভূলে॥
আকাশে কী গোপন বাণী বাতাসে করে কানাকানি,
বনের অণ্ডলখানি পর্লকে উঠে দর্লে দর্লে॥
বেদনা সমুমধ্র হয়ে ভূবনে আজি গেল বয়ে।
বাশিতে মায়া-তান পর্নির কে আজি মন করে চুরি,
নিখিল তাই মরে ঘ্রির বিরহসাগরের ক্লে॥

20

নাই রস নাই, দার্ণ দাহনবেলা। খেলো খেলো তব নীরব ভৈরব খেলা॥
যদি ঝরে পড়ে পড়্ক পাতা, দ্লান হয়ে যাক মালা গাঁথা,
থাক্ জনহীন পথে পথে মরীচিকাজাল ফেলা॥
শা্চ্ক ধ্লায় খসে-পড়া ফ্লদলে ঘ্র্ণি-আঁচল উড়াও আকাশতলে।
প্রাণ যদি কর মর্সম তবে তাই হোক—হে নির্মাম,
তুমি একা আর আমি একা, কঠোর মিলনমেলা॥

22

দার্ণ অগ্নিবাণে রে হৃদয় ত্যায় হানে রে॥
রজনী নিদ্রাহীন, দীর্ঘ দক্ষ দিন
আরাম নাহি বে জানে রে॥
শৃক্ষ কাননশাথে ক্লান্ত কপোত ডাকে
কর্ণ কাতর গানে রে॥
ভয় নাহি, ভয় নাহি। গগনে রয়েছি চাহি।
জানি ঝঞ্জার বেশে দিবে দেখা তুমি এসে
একদা তাপিত প্রাণে রে॥

25

এসো এসো হৈ তৃষ্যর জল, কলকল্ছলছল্— ভেদ করি কঠিনের কুর বক্ষতল কলকল্ছলছল্। এসো এসো উৎসম্রোতে গড়ে অন্ধকার হতে এসো হে নির্মাল, কলকল্ছলছল্। রবিকর রহে তব প্রতীক্ষার।

তুমি যে খেলার সাথি, সে তোমারে চায়।

তাহারি সোনার তান তোমাতে জাগার গান,

এসো হে উচ্ছবল, কলকল্ ছলছল্॥

হাকিছে অশান্ত বার,

'আয়, আয়, আয়।' সে তোমার খুজে যায়।

তাহার ম্দকরবে করতালি দিতে হবে,

এসো হে চণ্ডল, কলকল্ ছলছল্॥

মর্দৈত্য কোন্ মায়াবলে

তোমারে করেছে বন্দী পাষাণশৃভ্খলে।

ভেঙে ফেলে দিয়ে কারা এসো বন্ধহীন ধারা,

এসো হে প্রবল, কলকল্ ছলছল্॥

## 20

হদর আমার, ওই বৃঝি তোর বৈশাখী ঝড় আসে।
বেড়া-ভাঙার মাতন নামে উম্পাম উল্লাসে॥
ভোমার মোহন এল ভীষণ বেশে, আকাশ ঢাকা জটিল কেশে—
বৃঝি এল তোমার সাধনধন চরম সর্বনাশে॥
বাতাসে তোর স্বর ছিল না, ছিল তাপে ভরা।
পিপাসাতে বৃক-ফাটা তোর শৃষ্ক কঠিন ধরা।
এবার জাগ্রে হতাশ, আয় রে ছুটে অবসাদের বাঁধন ট্টে—
বৃঝি এল তোমার পথের সাথি বিপ্লে অটুহাসে॥

## >8

এসো, এসো, এসো হে বৈশাখ।
তাপসনিশ্বাসবায়ে মৃম্বব্রে দাও উড়ায়ে,
বংসরের আবর্জনা দ্র হয়ে যাক॥
যাক প্রাতন স্মৃতি, বাক ভূলে-যাওয়া গীতি,
অশ্রবাদ্প সৃদ্রে মিলাক॥
মৃছে যাক প্রানি, ঘৃচে যাক জরা,
অগ্নিয়ানে শ্চি হোক ধরা।
রসের আবেশরাশি শৃষ্ক করি দাও আসি,
আনো আনো আনো তব প্রশারের শাঁব।
মায়ার কুঞ্চিজাল যাক দ্রে যাক॥

নমো নমো, হে বৈরাগী। তপোবহির শিখা জনলো জনলো, নির্বাণহীন নির্মাল আলো অন্তরে থাক্ জাগি॥

20

মধ্যদিনে ববে গান বন্ধ করে পাখি, হে রাখাল, বেণ্ তব বাজাও একাকী॥ প্রান্তরপ্রান্তের কোণে রুদ্র বসি তাই শোনে মধ্বের-স্বপ্নাবেশে-ধ্যানমগন-আঁখি— হে রাখাল, বেণ্ ধবে বাজাও একাকী॥ সহসা উচ্ছবিস উঠে ভরিয়া আকাশ ত্যাতপ্ত বিরহের নিরুদ্ধ নিশ্বাস। অন্বরপ্রান্তে যে দ্রে ডন্বর্ গভীর স্বরে জাগায় বিদ্যুং-ছন্দে আসল্ল বৈশাখী— হে রাখাল, বেণ্ ধবে বাজাও একাকী॥

29

ওই বৃঝি কালবৈশাখী
সন্ধ্যা-আকাশ দেয় ঢাকি॥
ভয় কী রে তোর ভয় কারে, স্বার খলে দিস চার ধারে—
শোন্ দেখি ঘোর হ্ব কারে নাম তোরই ওই যায় ডাকি॥
তোর স্বরে আর তোর গানে
দিস সাড়া তুই ওর পানে।
যা নড়ে তায় দিক নেড়ে, যা যাবে তা যাক ছেড়ে,
যা ভাঙা তাই ভাঙবে রে— যা রবে তাই থাকা বাকি॥

2R

প্রথর তপনতাপে আকাশ ত্যায় কাঁপে, বায় করে হাহাকার। দীর্ঘপথের শেষে ডাকি মন্দিরে এসে, 'খোলো খোলো খোলো দ্বার।' বাহির হয়েছি কবে কার আহ্বানরবে, এখনি মলিন হবে প্রভাতের ফ্রলহার॥ বুকে বাজে আশাহীনা ক্ষীণমর্মর বীণা, জানি না কে আছে কিনা, সাড়া তো না পাই তার। আজি সারা দিন ধরে প্রাণে স্কুর ওঠে ভরে, একেলা কেমন করে বহিব গানের ভার॥

27

বৈশাখের এই ভোরের হাওয়া আসে মৃদ্মশন।
আনে আমার মনের কোণে সেই চরপের ছলদ॥
শ্বপ্পশেষের বাতায়নে হঠাং-আসা কলে কণে
আধো-ঘুমের-প্রান্ত-ছোঁয়া বকুলমালার গন্ধ॥
বৈশাখের এই ভোরের হাওয়া বহে কিসের হর্ষ,
যেন রে সেই উড়ে-পড়া এলো কেশের স্পর্শ।
চাঁপাবনের কাঁপন-ছলে লাগে আমার ব্রুকের তলে
আরেক দিনের প্রভাত হতে হুদরদোলার স্পন্দ॥

20

বৈশাখ হে, মৌনী তাপস, কোন্ অতলের বাণী

এমন কোথার খাজে পেলে।
তপ্ত ভালের দীপ্তি ঢাকি মন্ধর মেঘখানি
এল গভীর ছারা ফেলে॥
র্দ্রতপের সিদ্ধি এ কি ওই-যে তোমার বক্ষে দেখি।
ওরই লাগি আসন পাত হোমহ্তাশন জেবলে॥
নিঠ্র, তুমি তাকিরেছিলে মৃত্যুক্ষ্ধার মতো
তোমার রক্তনরন মেলে।
ভীষণ, তোমার প্রলয়সাধন প্রাণের বাধন যত
বেন হানবে অবহেলে।
হঠাৎ তোমার কপ্তে এ বে আশার ভাষা উঠল বেজে.
দিলে তর্ণ শ্যামল র্পে কর্ণ স্থা ঢেলে॥

23

শ্বকতাপের দৈতাপুরে দ্বার ভাঙবে বলে, রাজপুর, কোথা হতে হঠাং এলে চলে॥ সাত সম্দ্র-পারের থেকে বক্তুস্বরে এলে হে'কে. দ্বদ্ভি যে উঠল বেজে বিষম কলরোলে॥ বীরের পদপরশ পেরে ম্ছা হতে জাগে, বস্করার ভপ্ত প্রাণে বিপ্লে প্রাক লাগে॥ মরকতমণির থালা সাজিরে গাঁথে বরণমালা, উতলা তার হিয়া আজি সজল হাওরার দোলে॥

# \$\$

হে তাপস, তব শুক্ত কঠোর রুপের গভীর রসে
মন আজি মোর উদাস বিভার কোন্ সে ভাবের বশে॥
তব পিঙ্গল জটা হানিছে দীপ্ত ছটা,
তব দৃষ্টির বহিব্দিট অন্তরে গিয়ে পশে॥
ব্ঝি না, কিছু না জানি
মর্মে আমার মোন তোমার কী বলে রুদ্রবাণী।
দিগ্দিগন্ত দহি দুঃসহ তাপ বহি
তব নিশ্বাস আমার বক্ষে রহি রহি নিশ্বসে॥
সারা হয়ে এলে দিন
সন্ধ্যামেঘের মায়ার মহিমা নিঃশেষে হবে লীন
দীপ্তি তোমার তবে শান্ত হইয়া রবে,
তারায় তারায় নীরব মন্দ্রে ভরি দিবে শ্ন্য সে॥

## 20

মধ্যদিনের বিজন বাতায়নে ক্লান্তি-ভরা কোন্ বেদনার মায়া স্বপ্নাভাসে ভাসে মনে-মনে॥ কৈশোরে যে সলাজ কানাকানি খংজিছিল প্রথম প্রেমের বাণী আজ কেন তাই তপ্ত হাওয়ায় হাওয়ায় মমর্নিছে গহন বনে বনে॥ যে নৈরাশা গভীর অশ্রক্তলে ভুবেছিল বিসমরণের তলে আজ কেন সেই বনয্থীর বাসে উচ্ছবিসল মধ্র নিশ্বাসে, সারাবেলা চাঁপার ছায়ায় ছায়ায় গ্রেজরিয়া ওঠে ক্ষণে ক্ষণে॥

# 89

তপদ্বিনী হে ধরণী, ওই-ষে তাপের বেলা আসে—
তপের আসনখানি প্রসারিল মৌন নীলাকাশে॥
অন্তরে প্রাণের লীলা হোক তবে অন্তঃশীলা,
যৌবনের পরিসর শীর্ণ হোক হোমাগ্নিনিশ্বাসে॥
যে তব বিচিত্র তান উচ্ছনিস উঠিত বহু গীতে
এক হয়ে মিশে যাক মৌনমন্তে ধ্যানের শান্তিতে।
সংযমে বাধ্ক লতা কুস্মিত চপ্দলতা,
সাজ্ক লাবণ্যলক্ষ্মী দৈন্যের ধ্সের ধ্লিবাসে॥

## 24

চক্ষে আমার তৃষ্ণা ওগো, তৃষ্ণা আমার বক্ষ জনুড়ে। আমি বৃষ্টিবিহীন বৈশাখী দিন, সন্তাপে প্রাণ বার বে পনুড়ে॥ ঝড় উঠেছে তপ্ত হাওয়ায়, মনকে স্দ্র শ্নো ধাওয়ায়— অবগ্নুন্ঠন বায় যে উড়ে॥ যে ফ্ল কানন করত আলো কালো হয়ে সে শ্বকালো। ঝরনারে কে দিল বাধা— নিন্ঠ্র পাষাণে বাঁধা দ্বংধের শিথরচ্ড়ে॥

26

এসো শ্যামল সুন্দর

আনো তব তাপহরা ত্ষাহরা সঙ্গস্থা।
বিরহিণী চাহিয়া আছে আকাশে॥
সে যে ব্যথিত হদর আছে বিছারে
তমালকুঞ্জপথে সজল ছায়াতে,
নয়নে জাগিছে কর্ণ রাগিণী॥
বকুলম্কুল রেথেছে গাঁথিয়া,
আনো সাথে তোমার মান্দরা,
চণ্ডল ন্ত্যের ব্যাজ্বে ছন্দে সে—
ব্যাজ্বে কৎকণ, ব্যাজ্বে কিৎকণী,
ঝঙকারিবে মঞ্জার র্ণ্ র্ণ্॥

29

ওই আসে ওই অতি ভৈরব হরবে
জলাসিঞ্চ ক্ষিতিসোরভরভসে
ঘনগোরবে নবযোবনা বরষা
শ্যামগন্তীর সরসা।
গুরু গর্জনে নীল অরণ্য শিহরে,
উতলা কলাপী কেকাকলরবে বিহরে—
নিখিলচিত্তহরষা
ঘনগোরবে আসিছে মন্ত বরষা॥

কোথা তোরা অরি তর্ণী পথিকলননা, জনপদবধ্ তড়িতচকিতনয়না, মালতীমালিনী কোথা প্রিয়পরিচারিকা, কোথা তোরা অভিসারিকা। ঘনবনতলে এসো ঘননীলবসনা, লালত ন্ত্যে বাজ্বক স্বর্গরসনা, আনো বীণা মনোহারিকা। কোথা বিরহিণী, কোথা তোরা অভিসারিকা॥ আনো মৃদক্ষ মুরজ মুরলী মধ্রা,
বাজাও শৃত্ধ, হ্লুরেব করো বধ্রা—
এসেছে বরষা, ওগো নব-অনুরাগিণী,
ওগো প্রিয়স্খভাগিনী।
কুঞ্জকৃটিরে অয়ি ভাবাকুললোচনা,
ভূক্পাতায় নবগাত করো রচনা
মেঘমপ্লাররাগিণী।
এসেছে বরষা, ওগো নব-অনুরাগিণী॥

কেতকীকেশরে কেশপাশ করে। স্রভি,
ক্ষীণ কটিতটে গাঁথি লয়ে পরে। করবী।
কদন্বরেণ্ বিছাইয়া দাও শয়নে,
অঞ্জন আঁকো নয়নে।
তালে তালে দ্বটি কৎকণ কনকনিয়া
ভবনশিখীরে নাচাও গণিয়া গণিয়া
ক্ষিতবিকশিত বয়নে—
কদন্বরেণ্ বিছাইয়া ফ্লশয়নে॥

এসেছে বরষা, এসেছে নবীনা বরষা, গগন ভরিয়া এসেছে ভুবনভরসা। দুলিছে পবনে সনসন বনবীথিকা, গীতময় তর্লতিকা। শতেক যুগের কবিদলে মিলি আকাশে ধুর্নিয়া তুলিছে মন্তম্দির বাতাসে শতেক যুগের গীতিকা। শতশতগীতমুখ্রিত বনবীথিকা॥

## 38

ঝরঝর বরিষে বারিধারা।
হায় পথবাসী, হায় গতিহীন, হায় গ্হহারা॥
ফিরে বায়্ হাহাস্বরে, ভাকে কারে জনহীন অসীম প্রান্তরে রজনী আঁধারা॥
অধীরা যম্না তরঙ্গ-আকুলা অক্লা রে, তিমিরদ্ক্লা রে।
নিবিড় নীরদ গগনে গরগর গরজে সঘনে,
চণ্ডলচপলা চমকে—নাহি শশিতারা॥

23

গহন ঘন ছাইল গগন ঘনাইয়া। স্তিমিত দশ দিশি, স্তম্ভিত কানন, সব চরাচর আকুল— কী হবে কে জানে।
ঘারা রজনী, দিকললনা ভর্মবিভলা॥
চমকে চমকে সহসা দিক উজলি
চকিতে চকিতে মাতি ছ্টিল বিজলি
থরথর চরাচর পলকে ঝলকিয়া—
ঘার তিমিরে ছায় গগন মেদিনী।
গ্র্গ্র্ নীরদগরজনে শুদ্ধ আঁধার ঘ্মাইছে,
সহসা উঠিল জেগে প্রচণ্ড সমীরণ— কড়কড় বাজ॥

00

হৈরিরা শ্যামল ঘন নীল গগনে,
সেই সজল কাজল আঁখি পড়িল মনে।
অধর কর্ণা-মাখা, মিনতিবেদনা-আঁকা
নীরবে চাহিরা থাকা বিদারখনে॥
ঝরঝর ঝরে জল, বিজন্লি হানে,
পবন মাতিছে বনে পাগল গানে।
আমার পরানপন্টে কোন্খানে ব্যথা ফুটে,
কার কথা জেগে উঠে হদরকোণে॥

02

শাঙনগগনে ষোর খনঘটা, নিশীখবামিনী রে।
কুঞ্জপথে, সখি, কৈসে বাওব অবলা কামিনী রে।
উদ্দদ পবনে বম্না তজিতি, ঘন ঘন গজিতি মেহ।
দমকত বিদ্যুত, পথতর লাগিত, থরথর কম্পিত দেহ।
ঘন ঘন রিম্বিম্ রিম্বিম্ রিম্বিম্ বর্থত নীরদপ্রে ।
শাল-পিয়ালে তাল-তমালে নিবিড়াতিমিরময় কুঞা।
কহ রে সজনী, এ দ্রুয়েখাগে কুজে নিরদয় কান
দার্শ বাঁশী কাহ বজায়ত সকর্ণ রাখা নাম।
মোতিম হারে বেশ বনা দে, সীপি লগা দে ভালে।
উরহি বিলাগিত লোল চিকুর মম বাঁধহ চম্পকমালে।
গহন রয়নমে ন বাও, বালা, নওলকিশোরক পাশ।
গরজে ঘন ঘন, বহু ভর পাওব, কহে ভানু তব দাস॥

०२

মেঘের পরে মেঘ জমেছে, আঁধার করে আসে।
আমার কেন বসিরে রাখ একা খারের পাশে॥
কাজের দিনে নানা কাজে থাকি নানা লোকের মাঝে,
আজ আমি যে বসে আছি তোমারি আখাসে॥

তুমি যদি না দেখা দাও, কর আমায় হেলা, কেমন করে কাটে আমার এমন বাদল-বেলা। দ্রের পানে মেলে আঁখি কেবল আমি চেয়ে থাকি, পরান আমার কে'দে বেড়ায় দ্রেন্ড বাতাসে॥

99

আষাঢ়সন্ধ্যা ঘনিয়ে এল, গেল রে দিন বয়ে।
বাঁধন-হারা বৃষ্টিধারা ঝরছে রয়ে রয়ে॥
একলা বসে ঘরের কোণে কী ভাবি যে আপন-মনে,
সজল হাওয়া যুখীর বনে কী কথা যায় কয়ে॥
হদয়ে আজ ঢেউ দিয়েছে, খুজে না পাই ক্ল
সারভে প্রাণ কাঁদিয়ে তোলে ভিজে বনের ফ্ল।
আধার রাতে প্রহরগ্লি কোন্ স্রের আজ ভরিয়ে তুলি,
কোন্ ভুলে আজ সকল ভুলি আছি আকুল হয়ে॥

08

আজ বারি ঝরে ঝরঝর ভরা বাদরে,
আকাশ-ভাঙা আকুল ধারা কোথাও না ধরে॥
শালের বনে থেকে থেকে ঝড় দোলা দেয় হে°কে হে'কে,
জল ছুটে যায় একে বে'কে মাঠের 'পরে।
আজ মেঘের জটা উড়িয়ে দিয়ে ন্তা কে করে॥
ওরে ব্লিটতে মোর ছুটেছে মন, লুটেছে এই ঝড়ে—
ব্ক ছাপিয়ে তরঙ্গ মোর কাহার পায়ে পড়ে।
অস্তরে আজ কী কলরোল, দ্বারে দ্বারে ভাঙল আগল—
হদয়-মাঝে জাগল পাগল আজি ভাদরে।
আজ এমন করে কে মেতেছে বাহিরে দরে॥

04

কাঁপিছে দেহলতা থরথর,
চোথের জলে আঁখি ভরভর॥
দোদলে তমালেরই বনছারা তোমারি নীল বাসে নিল কায়া,
বাদল-নিশীথেরই ঝরঝর
তোমারি আঁখি-'পরে ভরভর॥
যে কথা ছিল তব মনে মনে
চমকে অধরের কোণে কোণে।
নীরব হিয়া তব দিল ভারি কী মারা স্বপনে ষে, মরি মরি,
আঁধার কাননের মরমর
বাদল-নিশীথের ঝরঝর॥

আমার দিন ফ্রালো ব্যাকুল বাদলসাঁঝে
গহন মেখের নিবিড় ধারার মাঝে॥
বনের ছারায় জলছলছল স্রে
হৃদয় আমার কানায় কানায় প্রে।
খনে খনে ওই গ্রুগ্রুহ্ তালে তালে
গগনে গগনে গভীর মৃদঙ বাজে॥
কোন্
দ্রের মানুষ যেন এল আজ কাছে,
তিমির-আড়ালে নীরবে দাঁড়ায়ে আছে।
ব্কে দোলে তার বিরহব্যথার মালা
গোপন-মিলন-অম্তগন্ধ-ঢালা।
মনে হয় তার চরশের ধ্বনি জানি—
হার মানি তার অজানা জনের সাজে॥

## 99

বাদল-মেঘে মাদল বাজে গ্রহ্গ্রহ্ গগন-মাঝে।।
তারি গভীর রোলে আমার হদর দোলে,
আপন স্রে আপনি ভোলে॥
কোথায় ছিল গহন প্রাণে গোপন বাথা গোপন গানে—
আজি সজল বারে শ্যামল বনের ছারে
ছড়িয়ে গেল সকলখানে গানে গানে॥

#### OF

ওগো আমার প্রাবণমেঘের খেরাতরীর মাঝি.
অপ্রভ্রা প্রব হাওয়ার পাল তুলে দাও আজি॥
উদাস হৃদর তাকারে রয়় বোঝা তাহার নয় ভারী নয়,
প্রক-লাগা এই কদন্বের একটি কেবল সাজি॥
ভোরবেলা যে খেলার সাথি ছিল আমার কাছে,
মনে ভাবি, তার ঠিকানা তোমার জানা আছে।
তাই তোমারি সারিগানে সেই আঁখি তার মনে আনে,
আকাশ-ভরা বেদনাতে রোদন উঠে বাজি॥

# 03

তিমির-অবগ**্রন্ঠনে বদন তব ঢাকি** কে তুমি মম অঙ্গনে দাঁড়ালে একাকী॥ আজি সঘন শর্বরী, মেঘমগন তারা,
নদীর জলে ঝঝরি ঝরিছে জলধারা,
তমালবন মমর্বির পবন চলে হাঁকি॥
যে কথা মম অন্তরে আনিছ তুমি টানি
জানি না কোন্ মন্তরে তাহারে দিব বাগী।
ররেছি বাঁধা বন্ধনে, ছিণ্ড্ব, ষাব বাটে—
যেন এ বৃথা ক্রন্দনে এ নিশি নাহি কাটে।
কঠিন বাধা-লক্ষনে দিব না আমি ফাঁকি॥

80

আকাশতলে দলে দলে মেঘ যে ডেকে বায়—
'আ র আ র আর'॥
জামের বনে আমের বনে রব উঠেছে তাই—
'যা ই বা ই যাই'।
উড়ে যাওয়ার সাধ জাগে তার প্লক-ভরা ডালে
পাতায় পাতায়॥
নদীর ধারে বারে বারে মেঘ যে ডেকে বায়—
'আ র আ র আয়'।
কাশের বনে ক্ষণে ক্ষণে রব উঠেছে তাই—
'যা ই বা ই যাই'।
মেঘের গানে তরীগ্লি তান মিলিয়ে চলে
পাল-তোলা পাখায়॥

82

কদন্বেরই কানন র্যোর আষাঢ়মেন্ডের ছায়া থেলে,
পিয়ালগালি নাটের ঠাটে হাওয়ায় হেলে॥
বরষনের পরশনে শিহর লাগে বনে বনে,
বিরহী এই মন বে আমার সাদ্রে-পানে পাথা মেলে॥
আকাশপথে বলাকা ধায় কোন্ সে অকারণের বেগে,
প্র হাওয়াতে ঢেউ থেলে ষায় ভানার গানের তৃফান লেগে।
বিশ্লিমন্থর বাদল-সাঁঝে কে দেখা দেয় হৃদয়-মাঝে
স্বপনর্পে চুপে চুপে বাথায় আমার চরণ ফেলে॥

88

আষাঢ়, কোথা হতে আজ পেলি ছাড়া। মাঠের শেষে শ্যামল বেশে ক্লেক দাঁড়া॥ জরধবজা ওই-বে তোমার গগন জবড়ে পর্ব হতে কোন্ পশ্চিমেতে যায় রে উড়ে, গরের গরের ভেরী কারে দেয় যে সাড়া॥ নাচের নেশা লাগল তালের পাতার পাতার, হাওয়ার দোলায় দোলার শালের বনকে মাতায়। আকাশ হতে আকাশে কার ছবটোছব্টি, বনে বনে মেঘের ছায়ায় লবটোপব্টি— ভরা নদীর ঢেউরে ঢেউরে কে দেয় নাড়া॥

80

ছায়া ঘনাইছে বনে বনে, গগনে গগনে ভাকে দেরা।
কবে নবঘন-বরিষনে গোপনে গোপনে এলি কেরা॥
প্রবে নীরব ইশারাতে একদা নিদ্রাহীন রাতে
হাওয়াতে কী পথে দিলি খেয়া—
আষাঢ়ের খেয়ালের কোন্ খেয়া॥
যে মধ্ হদরে ছিল মাখা কাঁটাতে কী ভয়ে দিলি ঢাকা।
ব্রিঝ এলি ষার অভিসারে মনে মনে দেখা হল তারে,
আড়ালে আড়ালে দেরা-নেরা—
আপনায় ল্কারে দেরা-নেরা॥

88

এই শ্রাবণ-বেলা বাদল-ঝরা ধ্থীবনের গন্ধে ভরা॥
কোন্ ভোলা দিনের বিরহিণী, বেন তারে চিনি চিনি—
ঘন বনের কোণে কোণে ফেরে ছায়ার-ঘোমটা-পরা॥
কেন বিজন বাটের পানে তাকিয়ে আছি কে তা জানে।
হঠাৎ কখন অজানা সে আসবে আমার ছারের পাশে,
বাদল-সাঝের আধার-মাঝে গান গাবে প্রাণ-পাগল-করা॥

B¢

শ্রাবণবরিষন পার হয়ে কী বাণী আসে ওই রয়ে রয়ে॥
গোপন কেডকীর পরিমলে, সিস্ত বকুলের বনতলে,
দ্রের অধিজ্ঞল বয়ে বয়ে কী বাণী আসে ওই রয়ে রয়ে॥
কবির হিয়াতলে ঘ্রে ঘ্রে আঁচল ভরে লয় স্রের স্রে।
বিজনে বিরহীর কানে কানে সজল মল্লার-গানে-গানে
কাহার নামখানি করে কয়ে
কী বাণী আসে ওই রয়ে রয়ে॥

আজ কিছুতেই যায় না মনের ভার,
দিনের আকাশ মেঘে অন্ধকার— হায় রে॥
মনে ছিল আসবে বুঝি, আমার সে কি পার নি খ্রিভনা-বলা তার কথাখানি জাগার হাহাকার॥
সজল হাওয়ায় বারে বারে
সারা আকাশ ভাকে তারে।
বাদল-দিনের দীর্ঘাধানে জানায় আমায় ফিরবে না সে—
বুক ভরে সে নিয়ে গেল বিফল অভিসার॥

89

গহন রাতে প্রাবণধারা পড়িছে ঝরে.
কেন গো মিছে জাগাবে ওরে ॥
এখনো দুটি অখির কোণে যায় যে দেখা
জলের রেখা,
না-বলা বাণী রয়েছে যেন অধর ভরে॥
নাহয় যেয়ো গ্র্জারয়া বীণার তারে
মনের কথা শয়নদ্বারে।
নাহয় রেখো মালতীকলি শিথিল কেশে
নীরবে এসে,
নাহয় রাখী পরায়ে যেয়ো ফ্লের ডোরে।
কেন গো মিছে জাগাবে ওরে॥

84

বৈতে দাও গেল যারা।

তুমি যেরো না, যেরো না,

আমার বাদলের গান হয় নি সারা।।

কুটিরে কুটিরে বন্ধ দ্বার, নিভত রজনী অন্ধকার,

বনের অঞ্চল কাঁপে চঞ্চল— অধীর সমীর তল্দাহারা।।

দীপ নিবেছে নিবৃক নাকো, আঁধারে তব পরশ রাখো।

বাজ্ব কাঁকন তোমার হাতে আমার গানের তালের সাথে,

যেমন নদীর ছলোছলো জলে ঝরে ঝরোঝরো শ্রাবণধারা।।

82

ভেবেছিলেম আসবে ফিরে, তাই ফাগনেশেষে দিলেম বিদায়। তুমি গেলে ভাসি নয়ননীরে

এখন প্রাবণদিনে মরি দ্বিধায়।।

এখন বাদল-সাঁঝের অন্ধকারে আপনি কাঁদাই আপনারে,

একা ঝরো ঝরো বারিধারে ভাবি কী ডাকে ফিরাব তোমার।।

যখন থাক আঁখির কাছে

তখন দেখি ভিতর বাহির সব ভরে আছে।

সেই ভরা দিনের ভরসাতে চাই বিরহের ভর ঘোচাতে,

তব্ তোমা-হারা বিজন রাতে

কেবল হারাই-হারাই বাজে হিরার।।

40

আজি ওই আকাশ-'পরে স্থায় ভরে আষাঢ়-মেঘের ফাঁক।
হদয়-মাঝে মধ্র বাজে কী উংসবের শাঁথ।
একি হাসির বাঁশির তান, একি চোখের জলের গান—পাই নে দিশে কে জানি সে দিল আমায় ভাক।
আমায় নির্দ্দেশের পানে কেমন করে টানে এমন কর্ণ গানে।
ওই পথের পারের আলো আমার লাগল চেতে ভালো,
গগনপারে দেখি ভারে স্দ্র নির্বাক্।

63

ও আষাঢ়ের প্রণিমা আমার, আজি রইলে আড়ালে —
স্বপনের আবরণে ল্কিয়ে দাঁড়ালে॥
আপনারই মনে জানি না একেলা হদর-আঙিনায় করিছ কা খেলা—
তুমি আপনার খাজিয়া ফের কি তুমি আপনার হারালে॥
একি মনে রাখা, একি ভূলে যাওয়া।
একি স্লোতে ভাসা, একি ক্লে যাওয়া।
কভ্বা নয়নে কভ্বা পরনে কর ল্কোচ্রি কেন যে কে ভানে।
কভ্বা ছায়ায় কভ্বা আলোয় কোন্ দোলায় যে নাড়ালে॥

42

শ্যামল ছায়া, নাইবা গেলে
শেষ বরষার ধারা ঢেলে॥
সময় যদি ফুরিয়ে থাকে হেসে বিদায় করে। তাকে,
এবার নাহয় কাট্ক বেলা অসময়ের খেলা খেলে॥
মলিন, তোমার মিলাবে লাজ—
শরং এসে পরাবে সাজ।
নবীন রবি উঠবে হাসি, বাজাবে মেঘ সোনার বাঁশি—
কালোয় আলোয় যুগলর্পে শ্নো দেবে মিলন মেলে॥

আহ্বান আসিল মহোৎসবে

অম্বরে গভীর ভেরিরবে॥
প্র্বায় চলে ডেকে শ্যামলের অভিষেকেঅরণ্যে অরণ্যে নৃত্য হবে॥
নির্বারকল্লোল-কলকলে
ধরণীর আনন্দ উচ্ছলে।
শ্রাবণের বীণাপাণি মিলালো বর্ষণবাণী
কদন্বের পল্লবে পল্লবে॥

48

কোন্ প্রাতন প্রাণের টানে
ছুটেছে মন মাটির পানে॥
চোখ ডুবে যায় নবীন ঘাসে, ভাবনা ভাসে প্র-বাতাসেমঙ্লারগান প্লাবন জাগায় মনের মধ্যে প্রাবণ-গানে॥
লাগল যে দোল বনের মাঝে
অঙ্গে সে মোর দেয় দোলা যে।
যে বাণী ওই ধানের ক্ষেতে আকুল হল অঙ্কুরেতে
আজ এই মেঘের শ্যামল মায়ায়
সেই বাণী মোর সুরে আনে॥

#### άá

নীল অঞ্জনখন পঞ্জেছায়ায় সম্বৃত অন্বর হে গণ্ডীর।
বনলক্ষ্মীর কম্পিত কায়, চণ্ডল অন্তর—
বুজ্ত তার বিল্লির মঞ্জীর হে গণ্ডীর॥
বর্ষণগীত হল মুখরিত মেঘমন্দিত ছন্দে,
কদন্ববন গভীর মগন আনন্দ্রম গঙ্কে—
নান্দ্রত তব উৎসবমন্দির হে গণ্ডীর॥
দহনশয়নে তপ্ত ধরণী পড়েছিল পিপাসার্তা,
পাঠালে তাহারে ইন্দ্রলোকের অম্তব্যারের বার্তা।
মাটির কঠিন বাধা হল ক্ষীণ, দিকে দিকে হল দীর্গ—
নব-অঞ্কর-জয়পতাকায় ধরাতল সমাকীর্ণ—
ছিল্ল হয়েছে বন্ধন বন্দীর হে গন্ধীর॥

আজ প্রাবশের আমশ্রণে
দ্রার কাঁপে কলে কলে
দ্রার কাঁপে কলে কলে
ঘরের বাঁধন যায় ব্ঝি আজ ট্টো ॥
ধরিত্রী তাঁর অকলেতে নাচের তালে ওঠেন মেতে,
চণ্ডল তাঁর অঞ্চল যায় ল্টো ॥
প্রথম যুগের বচন শ্নি মনে
নবশ্যামল প্রাণের নিকেতনে।
প্র-হাওয়া ধায় আকাশতলে, তার সাথে মোর ভাবনা চলে
কালহারা কোনু কালের পানে ছুটো ॥

# 49

পথিক মেঘের দল জোটে ওই প্রাবণগগন-অঙ্গনে।
শোন্ শোন্রে, মন রে আমার, উধাও হয়ে নির্দ্দেশের সঙ্গ নে।
দিক্-হারানো দ্বঃসাহসে সকল বাঁধন পড়্ক খসে,
কিসের বাধা ঘরের কোণের শাসনসীমা-লন্ধনে॥
বেদনা তাের বিজ্লাশিখা জ্বল্ক অন্তরে।
সর্বনাশের করিস সাধন বক্তমন্তরে।
অজ্ঞানতে করবি গাহন, ঋড় সে পথের হবে বাহন—
শেষ করে দিস আপনারে তুই প্রলয়-রাতের ক্রন্দনে॥

#### A W

বক্তমানিক দিয়ে গাঁথা, আষাঢ় তোমার মালা।
তোমার শ্যামল শোভার বুকে বিদ্যুতেরই জ্বালা॥
তোমার মশ্বলৈ পাষাণ গলে, ফদল ফলে—
মর্ বহে আনে তোমার পায়ে ফুলের ডালা॥
মরোমরো পাতার পাতার অরোঝরো বারির রবে
গ্রুগ্রু মেঘের মাদল বাজে তোমার কী উৎসবে।
সব্জ স্থার ধারার প্রাণ এনে দাও তপ্ত ধরার,
বামে রাখ ভরক্কী বন্যা মরণ-চালা॥

#### đ۵

ওরে, ঝড় নেমে আর, আর রে আমার শ্বকনো পাতার ডালে এই বরষার নবশ্যামের আগমনের কালে॥ বা উদাসীন, বা প্রাণহীন, বা আনন্দহারা চরম রাতের অশ্রহারার আজ হরে বাক সারা— বাবার বাহা বাক সে চলে রুদ্র নাচের ভালে॥ আসন আমায় পাততে হবে রিক্ত প্রাণের ঘরে,
নবীন বসন পরতে হবে সিক্ত ব্বকের 'পরে।
নদীর জলে বান ডেকেছে, ক্ল গেল তার ভেসে,
য্থীবনের গন্ধবাণী ছুটল নির্দেদশে
পরান আমার জাগল ব্বি মরণ-অস্তরালে॥

40

এই শ্রাবণের বৃকের ভিতর আগন্ন আছে।
সেই আগন্নের কালোর্প যে আমার চোথের 'পরে নাচে॥
ও তার শিখার জটা ছড়িয়ে পড়ে দিক হতে ওই দিগস্তরে,
তার কালো আভার কাঁপন দেখো তালবনের ওই গাছে গাছে॥
বাদল-হাওয়া পাগল হল সেই আগন্নের হৃহ্ভকারে।
দৃন্দর্ভি তার বাজিয়ে বেড়ায় মাঠ হতে কোন্ মাঠের পারে।
ওরে, সেই আগন্নের প্রক ফ্টে কদ্বন রঙিয়ে উঠে,
সেই আগন্নের বেগ লাগে আজ আমার গানের পাখার পাছে॥

## 65

মেঘের কোলে কোলে যায় রে চলে বকের পাঁতি।
ওরা ঘর-ছাড়া মোর মনের কথা যায় বৃঝি ওই গাঁথি গাঁথি॥
স্কুন্রের বাঁণার স্বরে কে ওদের হৃদয় হরে,
দ্রাশার দ্ঃসাহসে উদাস করে—
সে কোন্ উধাও হাওয়ার পাগলামিতে পাখা ওদের ওঠে মাতি॥
ওদের ঘুম ছুটেছে, ভয় টুটেছে একেবারে,
অলক্ষ্যেতে লক্ষ্য ওদের— পিছন-পানে তাকায় না রে।
যে বাসা ছিল জানা সে ওদের দিল হানা,
না-জানার পথে ওদের নাই রে মানা—
ওরা দিনের শেষে দেখেছে কোন্ মনোহরণ আঁধার রাতি॥

## 9 5

উতল-ধারা বাদল ঝরে। সকল বেলা একা ঘরে॥
সজল হাওয়া বহে বেগে, পাগল নদী ওঠে ভেগে,
আকাশ ঘেরে কাজল মেঘে, তমালবনে আঁধার করে॥
ওগো ব'ধ্, দিনের শেষে এলে তুমি কেমন বেশে —
আঁচল দিয়ে শ্কাব জল, ম্ছাব পা আকুল কেশে।
নিবিড় হবে তিমির-রাতি, জেনলে দেব প্রেমের বাতি,
পরানখানি দেব পাতি— চরণ রেখো তাহার 'পরে॥
ভূলে গিয়ে জীবন মরণ লব তোমায় করে বরণ—
করিব জয় শরম-য়াসে, দাঁড়াব আজ তোমার পাশে—

বাঁধন বাধা **যাবে জনলে, স**ুখ দুঃখ দেব দলে, ঝড়ের রাতে তোমার সাথে বাহির হব অভয়ভরে॥ উতল-ধারা বাদল ঝরে, দুরার খুলে এলে ঘরে। চোখে আমার ঝলক লাগে, সকল মনে পুলক জাগে, চাহিতে চাই মুখের বাগে— নয়ন মেলে কাঁপি ডরে॥

## .

ওই-ষে ঝড়ের মেষের কোলে
বৃষ্টি আসে মুক্তকেশে, আঁচলখানি দোলে॥
ওরই গানের তালে তালে আমে জামে শিরীষ-শালে
নাচন লাগে পাতায় পাতায় আকুল কল্লোলে॥
আমার দৃই আঁখি ওই স্বুরে
যায় হারিয়ে সজল ধারায় ওই ছায়াময় দ্রের।
ভিজে হাওয়ায় থেকে থেকে কোন্ সাথি মোর যায় যে ডেকে,
একলা দিনের বৃকের ভিতর বাথার তুফান তোলে॥

# 68

কথন বাদল-ছেওয়া লেগে
মাঠে মাঠে ঢাকে মাটি সব্ক মেঘে মেছে॥
ওই ঘাসের ঘনঘোরে
ধরণীতল হল শীতল চিকন আভায় ভরে—
ওরা হঠাৎ-গাওয়া গানের মতো এল প্রাণের বেগে॥
ওরা যে এই প্রাণের রণে মর্ক্সয়ের সেনা,
ওদের সাথে আমার প্রাণের প্রথম যুগের চেনা।
তাই এমন গভীর স্বরে
আমার অখি নিল ডাকি ওদের খেলাঘরে—
ওদের দোল দেখে আজ প্রাণে আমার দোলা ওঠে জেগে॥

#### ь¢

আজ নবীন মেখের স্ব লেগেছে আমার মনে।
আমার ভাবনা যত উতল হল অকারণে॥
কেমন করে যার যে ডেকে, বাহির করে ঘরের থেকে,
ছারাতে চোখ ফেলে ছেয়ে ক্ষণে ক্ষণে॥
বাধনহারা জলধারার কলরোলে
আমারে কোন্ পথের বাণী যার যে বলে।
সে পথ গেছে নির্দেশে মানসলোকে গানের শেষে
চিরদিনের বিরহিণীর কুঞ্চবনে॥

6 è

আজ আকাশের মনের কথা ঝরো ঝরো বাজে
সারা প্রহর আমার ব্বেকর মাঝে॥
দিঘির কালো জলের 'পরে মেঘের ছায়া ঘনিয়ে ধরে,
বাতাস বহে ধ্গান্তরের প্রাচীন বেদনা বে
সারা প্রহর আমার ব্বেকর মাঝে॥
অধার বাতায়নে
একলা আমার কানাকানি ওই আকাশের সনে।
ভানস্মৃতির বাণী ষত পল্লবমর্মরের মতো
সজল স্বরে ওঠে জেগে ঝিল্লিম্খর সাঁঝে
সারা প্রহর আমার ব্বেকর মাঝে॥

69

এই সকাল বেলার বাদল-আঁধারে
আজি বনের বাঁণায় কাঁ সূর বাঁধা রে॥
ঝরো ঝরো বৃদ্ডিকলরোলে তালের পাতা মুখর করে তোলে রে,
উতল হাওয়া বেণ্শাখায় লাগায় ধাঁদা রে॥
ছায়ার তলে তলে জলের ধারা ওই
হেরো দলে দলে নাচে তাথৈ থৈ— তাথৈ থৈ।
মন যে আমার পথ-হারানো সূরে সকল আকাশ বেড়ায় ঘ্রুরে ঘ্রের রে,
শোনে যেন কোন্ ব্যাকুলের কর্ণ কাঁদা রে॥

ès la

পাব-সাগরের পার হতে কোন্ এল পরবাসী—
শানো বাজায় ঘন ঘন হাওরায় হাওয়ায় সন সন
সাপ খেলাবার বাঁশি॥
সহসা তাই কোথা হতে কুলা কুলা কলস্রোতে
দিকে দিকে জলের ধারা ছাটেছে উল্লাসী॥
আজ দিগন্তে ঘন ঘন গভীর গারা গারা ডামরারব হয়েছে ওই শারা।
তাই শানে আজ গগনতলে পালে পালে দলে দলে
অগ্নিবরন নাগ নাগিনী ছাটেছে উদাসী॥

63

আজি বর্ষারাতের শেষে
সজল মেঘের কোমল কালোয় অরুণ আলো মেশে॥
বেণ্বনের মাথার মাথার রঙ লেগেছে পাতার পাতার,
রঙের ধারায় হৃদর হারায়, কোথা যে যায় ভেসে॥

# ं शर्माच

এই খাসের ঝিলিমিলি, তার সাথে মোর প্রাণের কাঁপন এক তালে বায় মিলি। মাটির প্রেমে আলোর রাগে রক্তে আমার প্র্লক লাগে— বনের সাথে মন যে মাতে, ওঠে আকুল হেসে॥

### 90

শ্রাবণমেথের আধেক দ্য়ার ওই খোলা,
আড়াল থেকে দের দেখা কোন্ পথ-ভোলা॥
ওই-যে প্রব-গগন জ্ডে উত্তরী তার যায় রে উড়ে,
সজল হাওয়ার হিন্দোলাতে দের দোলা॥
লুকাবে কি প্রকাশ পাবে কেই জানে—
আকাশে কি ধরায় বাসা কোন্খানে।
নানা বেশে ক্ষণে ক্ষণে ওই তো আমার লাগায় মনে
পরশ্খানি নানা-স্রের-ডেউ-তোলা॥

### 93

বহু যুগের ও পার হতে আষাঢ় এল আমার মনে,
কোন্ সে কবির ছন্দ বাজে ঝরো ঝরো বরিষনে॥
যে মিলনের মালাগালি ধ্লায় মিশে হল ধ্লি
গন্ধ তারি ভেসে আসে আজি সজল সমীরণে॥
সে দিন এমনি মেঘের ঘটা রেবানদীর তীরে,
এমনি বারি ঝরেছিল শ্যামলশৈলাশিরে।
মালবিকা অনিমিধে চেয়েছিল পথের দিকে,
সেই চাহনি এল ভেসে কালো মেঘের ছায়ার সনে॥

### 92

বাদল-বাউল বাজায় রে একতারা—
সারা বেলা ধরে ঝরো ঝরো ঝরো ধারা॥
জামের বনে ধানের ক্ষেতে আপন তানে আপনি মেতে
নেচে নেচে হল সারা॥
ঘন জটার ঘটা ঘনায় আঁধার আকাশ-মাঝৈ,
পাতার পাতার ট্পরে ট্পরে ন্প্র মধ্র বাজে।
ঘর-ছাড়ানো আকুল স্বে উদাস হয়ে বেড়ায় ঘ্রে
প্রে হাওয়া গ্রহারা॥

একি গভীর বাণী এল ঘন মেঘের আড়াল ধরে
সকল আকাশ আকুল করে॥
সেই বাণীর পরশ লাগে, নবীন প্রাণের বাণী জাগে,
হঠাং দিকে দিগন্তরে ধরার হৃদয় ওঠে ভরে॥
সে কে বাশি বাজিয়েছিল কবে প্রথম স্থের তালে,
প্রাণেরে ডাক দিয়েছিল স্দ্র আধার আদিকালে।
তার বাশির ধর্নিখানি আজ আষাঢ় দিল আনি,
সেই অগোচরের তরে আমার হৃদয় নিল হরে॥

98

আজি হৃদয় আমার যায় যে ভেসে
যার পায় নি দেখা তার উদেদশে॥
বাঁধন ভোলে, হাওয়ায় দোলে, যায় সে বাদল-মেঘের কোলে রে
কোন্-সে অসম্ভবের দেশে॥
সেথায় বিজন সাগরক্লে
শ্রাবণ ঘনায় শৈলম্লে।
রাজার প্রে তমালগাছে ন্প্র শ্নে ময়্র নাচে রে
স্দুর তেপাস্তরের শেষে॥

96

ভোর হল ষেই শ্রাবশশর্বরী
তোমার বেড়ায় উঠল ফুটে হেনার মঞ্চরী॥
গন্ধ তারি রহি রহি বাদল-বাতাস আনে বহি,
আমার মনের কোণে কোণে বেড়ায় সপ্তরি॥
বেড়া দিলে কবে তুমি তোমার ফুলবাগানে—
আড়াল করে রেখেছিলে আমার বনের পানে।
কখন গোপন অন্ধলরে বর্ধারাতের অশুধারে
তোমার আড়াল মধ্র হয়ে ডাকে মর্মরি॥

96

বৃষ্টিশেষের হাওয়া কিসের খোঁজে বইছে ধাঁরে ধাঁরে।
গ্রন্থারয়া কেন বেড়ায় ও যে বুকের শিরে শিরে॥
অলথ তারে বাঁধা অচিন বাঁগা ধরার বক্ষে রহে নিতা লানা— এই হাওয়া
কত ধ্রেরে কত মনের কথা বাজায় ফিরে ফিরে॥
ঋতুর পরে ঋতু ফিরে আসে বস্করার ক্লে।
চিহ্ন পড়ে বনের ঘাসে ঘাসে ফুলের পরে ফুলে।

গানের পরে গানে তারি সাথে কড স্বরের কত যে হার গাঁথে—এই হাওয়া ধরার কণ্ঠ বাণীর বরণমালায় সাজায় ঘিরে ঘিরে ॥

99

বাদল-ধারা হল সারা, বাজে বিদার-স্ব ।
গানের পালা শেষ করে দে রে, মাবি অনেক দ্র ॥
ছাড়ল খেয়া ও পার হতে ভাদ্রদিনের ভরা স্রোতে রে,
দ্লছে তরী নদীর পথে তরক্ষর্ম ॥
কদমকেশর চেকেছে আজ বনতলের খ্লি,
মোমাছিরা কেয়াবনের পথ গিরেছে ভূলি।
অরণ্যে আজ শুরু হাওয়া, আকাশ আজি শিশির-ছাওয়া রে,
আলোতে আজ শুরুতির আভাস ব্লিউর বিন্দুর ॥

94

ঝরে ঝরো ঝরো ভাদরবাদর, বিরহকাতর শর্বরী।
ফিরিছে এ কোন্ অসীম রোদন কানন কানন মর্মারি॥
আমার প্রাণের রাগিণী আজি এ গগনে গগনে উঠিছে বাজিরে।
মোর হুদর একি রে ব্যাপিল তিমিরে সমীরে সমীরে সঞ্চীর॥

95

এসো নীপবনে ছায়াবীথিতলে, এসো করো শ্লান নবধারাজলে॥
দাও আকুলিয়া ঘন কালো কেশ, পরো দেহ ঘেরি মেঘনীল বেশ—
কাজলনয়নে, য্থীমালা গলে, এসো নীপবনে ছায়াবীথিতলে॥
আজি ক্ষণে ক্ষণে হাসিখানি, সখী, অধরে নয়নে উঠ্ক চমকি।
মল্লারগানে তব মধ্স্বরে দিক বাণী আনি বন্মমারে।
ঘনবরিষনে জলকলকলে এসো নীপবনে ছায়াবীথিতলে॥

NO

কোথা যে উধাও হল মোর প্রাণ উদাসী
আজি ভরা বাদরে॥
ঘন ঘন গ্রে গ্রে গর্রজছে,
করো করো নামে দিকে দিগন্তে জলধারা—
মন ছুটে শ্নো শ্নো অনস্তে অশান্ত বাতাসে॥

আজ শ্রাবণের প্রণিমাতে কী এনেছিস বল্—
হাসির কানায় কানায় ভরা নয়নের জল॥
বাদল-হাওয়ার দীর্ঘাসে য্থীবনের বেদন আসে—
ফুল-ফোটানোর খেলায় কেন ফুল-ঝয়ানোর ছল।
ও তুই কী এনেছিস বল্॥
ওগো, কী আবেশ হেরি চাঁদের চোখে,
ফেরে সে কোন্ স্বপন-লোকে।
মন বসে রয় পথের ধারে, জানে না সে পাবে কারে—
আসা-যাওয়ার আভাস ভাসে বাতাসে চপ্তল।
ও তুই কী এনেছিস বল্॥

### 85

পুব-হাওয়াতে দেয় দোলা আজ মরি মরি।
হদয়নদীর ক্লে ক্লে জাগে লহরী॥
পথ চেয়ে তাই একলা ঘাটে বিনা কাজে সময় কাটে,
পাল তুলে ওই আসে তোমার স্রেরই তরী॥
ব্যথা আমার ক্ল মানে না, বাধা মানে না।
পরান আমার ঘুম জানে না, জাগা জানে না।
মিলবে যে আজ অক্ল-পানে তোমার গানে আমার গানে,
ভেসে যাবে রসের বানে আজ বিভাবরী॥

### 80

অশ্রভরা বেদনা দিকে দিকে জাগে।
আজি শ্যামল মেঘের মাঝে বাজে কার কামনা॥
চলিছে ছ্বিটয়া অশাস্ত বায়,
ফল্দন কার তার গানে ধ্রনিছে—
করে কে সে বিরহী বিফল সাধনা॥

#### **VS**

ধরণীর গগনের মিলনের ছন্দে বাদলবাতাস মাতে মালতীর গন্ধে॥ উৎসবসভা-মাঝে শ্রাবণের বীণা বাজে, শিহরে শ্যামল মাটি প্রাণের আনকে॥ দ্বই ক্ল আকুলিয়া অধীর বিভঙ্গে নাচন উঠিল জেগে নদীর তরঙ্গে। কাপিছে বনের হিয়া বরষনে মুখরিয়া, বিজলি ঝালিয়া উঠে নবঘনমন্দে॥

### 44

বন্ধ্য, রহো রহো সাথে আজি এ সখন শ্রাবগপ্রাতে। ছিলে কি মোর স্বপনে সাথিহারা রাতে॥ বন্ধ্য, বেলা বৃথা বার রে আজি এ বাদলে আকুল হাওরায় রে— কথা কও মোর হৃদরে, হাত রাখো হাতে॥

### 40

একলা বসে বাদল-শেষে শ্নি কত কী—
'এবার আমার গেল বেলা' বলে কেতকী॥
বৃদ্ধি-সারা মেঘ যে তারে ডেকে গেল আকাশপারে,
তাই তো সে যে উদাস হল— নইলে যেত কি॥
ছিল সে যে একটি ধারে বনের কিনারার,
উঠত কে'পে তড়িং-আলোর চকিত ইশারার।
গ্রাবণঘন অন্ধকারে গন্ধ যেত অভিসারে—
সন্ধ্যাতারা আড়াল থেকে খবর পেত কি॥

#### 49

শ্যামল শোভন শ্রাবণ, তুমি নাই বা গেলে
সজল বিলোল আঁচল মেলে॥
প্র হাওয়া কয়, 'ওর যে সময় গেল চলে।'
শরৎ বলে, 'ভয় কী সময় গেল বলে,
বিনা কাজে আকাশ-মাঝে কাটবে বেলা অসময়ের খেলা খেলে।'
কালো মেঘের আর কি আছে দিন।
ও যে হল সাথিহীন।
প্র-হাওয়া কয়, 'কালোর এবার যাওয়াই ভালো।'
শরৎ বলে, 'মিলবে যুগল কালোয় আলো,
সাজবে বাদল সোনার সাজে আকাশ-মাঝে কালিয়া ওর ঘ্রিচরে ফেলে।'

WW

নমো, নমো, নমো কর্ণাঘন, নমো হৈ।
নয়ন স্থিত্য অমৃতাঞ্জনপরশে,
জীবন পূর্ণ স্থারসবরষে,
তব দশ্নিধনসাথক মন হে, অকূপণবর্ষণ কর্ণাঘন হে॥

### R.P

তপের তাপের বাঁধন কাট্বক রসের বর্ষণে।
হাদর আমার, শ্যামল-ব'ধ্বর কর্ণ স্পর্শ নে।
অঝোর-ঝরণ প্রাবণজলে তিমিরমেদ্বর বনাণ্ডলে
ফ্ট্রক সোনার কদম্বফ্ল নিবিড় হর্ষণে।
ভর্ক গগন, ভর্ক কানন, ভর্ক নিখিল ধরা,
দেখ্বক ভূবন মিলনম্বপন মধ্ব-বেদনা-ভরা।
পরান-ভরানো ঘনছায়াজাল বাহির-আকাশ কর্ক আড়াল—
নয়ন ভূল্ক, বিজ্লি ঝল্ক পরম দর্শনে।

### 20

ওই কি এলে আকাশপারে দিক্-ললনার প্রিয় —
চিত্তে আমার লাগল তোমার ছায়ার উত্তরীয় ॥
মেঘের মাঝে মৃদঙ তোমার বাজিয়ে দিলে কি ও,
ওই তালেতে মাতিয়ে আমার নাচিয়ে দিয়ে। দিয়ে।॥

### 25

গগনে গগনে আপনার মনে কী খেলা তব।
তুমি কত বেশে নিমেষে নিমেষে নিডুই নব॥
জটার গভীরে লুকালে রবিরে, ছায়াপটে আঁক এ কোন্ ছবি রে।
মেঘমল্লারে কী বল আমারে কেমনে কব॥
বৈশাখী ঝড়ে সে দিনের সেই অটুহাসি
গ্রুগ্রু সুরে কোন্ দ্রে দ্রে যায় যে ভাসি।
সে সোনার আলো শ্যামলৈ মিশালো— শ্বেড উত্তরী আজ কেন কালো।
দ্বালে ছায়ায় মেঘের মায়ায় কী বৈভব॥

### 25

প্রাবণ, তুমি বাতাসে কার আভাস পেলে। পথে তারি সকল বারি দিলে ঢেলে। কেরা কাঁদে, 'বার যার যার ।'
কদম ঝরে, 'হার হার হার।'
প্ব-হাওয়া কয়, 'ওর তো সময় নাই বাকি আর।'
শরং বলে, 'যাক-না সময়, ভয় কিবা তার—
কাটবে বেলা আকাশ-মাঝে বিনা কাজে অসময়ের খেলা খেলে।'
কালো মেখের আর কি আছে দিন, ও যে হল সাথিহীন।
প্ব-হাওয়া কয়, 'কালোর এবার যাওয়াই ভালো।'
শরং বলে, 'মিলিয়ে দেব কালোয় আলো—
সাজবে বাদল আকাশ-মাঝে সোনার সাজে কালিমা ওর মুছে ফেলে।'

### 20

কেন পাশ্ব, এ চণ্ডলতা।
কোন্ শ্ন্য হতে এল কার বারতা॥
নয়ন কিসের প্রতীক্ষা-রত বিদায়বিষাদে উদাস-মতো—
ঘনকুন্তলভার ললাটে নত, ক্লান্ত তড়িতবধ্ তল্লাগতা॥
কেশরকীণ কদন্ববনে মর্মান্থারত মৃদ্বপবনে
বর্ষণহর্ষ-ভরা ধরণীর বিরহ্বিশঙ্কিত কর্ণ কথা।
ধ্যে মানো ওগো, ধৈর্য মানো! বর্মাল্য গলে তব হয় নি স্পান—
আজও হয় নি স্লান—
ফ্লেগ্রুনিবেদনবেদনস্কুদ্র মালতী তব চরণে প্রণতা॥

### >8

আজি প্রাবণঘনগহন মোহে গোপন তব চরণ ফেলে
নিশার মতো নীরব ওহে, সবার দিঠি এড়ায়ে এলে॥
প্রভাত আজি মুদেছে আখি, বাতাস বৃথা যেতেছে ডাকি,
নিলাজ নীল আকাশ ঢাকি নিবিড় মেঘ কে দিল মেলে॥
ক্জনহীন কাননভূমি, দুয়ার দেওয়া সকল ঘরে—
একেলা কোন্ পথিক ভূমি পথিকহীন পথের 'পরে।
হে একা সখা, হে প্রিয়তম, রয়েছে খোলা এ ঘর মম—
সমুখ দিয়ে স্বপন-সম ধেয়ো না মোরে হেলায় ঠেলে॥

24

আজি

ঝড়ের রাতে তোমার অভিসার পরানসথা বন্ধ হৈ আমার॥ আকাশ কাঁদে হতাশ-সম, নাই যে ঘ্ম নরনে মম— দ্রার খ্লি হে প্রিয়তম, চাই যে বারে বার॥ বাহিরে কিছু দেখিতে নাহি পাই, তোমার পথ কোথায় ভাবি তাই। সন্দ্র কোন্ নদীর পারে গহন কোন্ বনের ধারে গভীর কোন্ অন্ধকারে হতেছ তুমি পার॥

26

চলে ছলোছলো নদীধারা নিবিড় ছারায় কিনারায় কিনারায়।

ওকে মেঘের ডাকে ডাকল স্নৃদ্রে, 'আ র আ র আয়।'

ক্লে প্রফল্ল বকুলবন ওরে করিছে আবাহন—
কোথা দ্রে বেণ্বন গায়, 'আ য় আ য় আয়।'

তীরে তীরে, সখী, ওই-যে উঠে নবীন ধান্য প্লিক।

কাশের বনে বনে দ্লিছে ক্ষণে ক্ষণে—
গাহিছে সজল বায়, 'আ য় আয় আয়।'

29

আমারে যদি জাগালে আজি নাথ,
ফিরো না তবে ফিরো না, করো কর্ণ আঁথিপাত।।
নিবিড় বনশাখার 'পরে আষাঢ়মেঘে বৃষ্টি করে,
বাদল-ভরা আলস-ভরে ঘুমারে আছে রাত॥
বিরামহীন বিজ্বলিঘাতে নিদ্রাহারা প্রাণ
বরষাজলধারার সাথে গাহিতে চাহে গান।
হদর মোর চোখের জলে বাহির হল তিমিরতলে,
আকাশ খোঁজে ব্যাকুল বলে বাড়ায়ে দুই হাত॥

24

আবার এসেছে আষাঢ় আকাশ ছেয়ে,
আসে বৃষ্টির সুবাস বাতাস বেয়ে॥
এই পুরাতন হৃদয় আমার আজি প্লকে দ্বিলয়া উঠিছে আবার বাজি
নৃতন মেঘের ঘনিমার পানে চেয়ে॥
রহিয়া রহিয়া বিপ্ল মাঠের 'পরে নব তৃণদলে বাদলের ছায়া পড়ে।
'এসেছে এসেছে' এই কথা বলে প্রাণ, 'এসেছে এসেছে' উঠিতেছে এই গান—
নয়নে এসেছে, হৃদয়ে এসেছে ধৈয়ে॥

66

এসো হে এসো সজল ঘন, বাদলবরিষনে— বিপ্লে তব শ্যামল স্নেহে এসো হে এ জীবনে॥ এসো হে গিরিশিথর চুমি, ছায়ায় ঘিরি কাননভূমি গগন ছেয়ে এসো হে তুমি গভীর গরজনে॥ ব্যথিয়া উঠে নীপের বন প্রেক-ভরা ফ্রেন, উছাল উঠে কলরোদন নদীর ক্লে ক্লে। এসো হে এসো হৃদর-ভরা, এসো হে এসো পিপাসাহরা, এসো হে অথি-শীতল-করা, ঘনারে এসো মনে॥

#### >00

চিত্ত আমার হারালো আজ মেঘের মাঝখানে—
কোথায় ছুটে চলেছে সে কোথায় কে জানে॥
কিজুলি তার বীণার তারে আঘাত করে বারে বারে,
বুকের মাঝে বক্তু বাজে কী মহাতানে॥
পুঞ্জ ভারে ভারে নিবিড় নীল অশ্ধকারে
জড়ালো রে অঙ্গ আমার, ছড়ালো প্রাণে।
পাগল হাওয়া ন্তো মাতি হল আমার সাথের সাথি—
অটু হাসে ধায় কোথা সে, বারণ না মানে॥

### >0>

আবার দ্রাবণ হয়ে এলে ফিরে,
মেঘ-আঁচলে নিলে ঘিরে॥
সূর্য হারায়, হারায় তারা, আঁধারে পথ হয়-যে হারা,
ডেউ দিয়েছে নদীর নীরে॥
সকল আকাশ, সকল ধরা বর্ষণেরই-বাণী-ভরা।
ঝরো ঝরো ধারায় মাতি বাজে আমার আঁধার রাতি,
বাজে আমার শিরে শিরে॥

### 205

ধরণী, দ্বে চেয়ে কেন আজ আছিস জেগে
যেন কার উত্তরীয়ের পরশের হরষ লেগে॥
আজি কার মিলনগীতি ধরনিছে কাননবীথি,
মুখে চায় কোন্ অতিথি আকাশের নবীন মেছে॥
ঘিরেছিস মাথায় বসন কদমের কুস্ম-ডোরে,
সেজেছিস নয়নপাতে নীলিমার কাজল পরে।
তোমার ওই বক্ষতলে নবশ্যাম দ্র্বাদলে
আলোকের ঝলক ঝলে পরানের প্রেক-বেগে॥

### 300

হৃদয়ে মন্দ্রিল ডমর্ গ্রু গ্রু, ঘন মেঘের ভূর্ কুটিল কুণ্ডিত, হল রোমণ্ডিত বন বনাস্তর—
দুলিল চণ্ডল বক্ষোহিন্দোলে মিলনস্বপ্নে সে কোন্ অতিথি রে :
সঘন-বর্ষণ-শব্দ-মুখারিত বন্ধ্রসচকিত গ্রস্ত শর্ব রী,
মালতীবপ্ররী কাঁপায় পপ্লব কর্ণ কল্লোলে- কানন শহ্কিত বিঞ্জিবংকৃত ৷৷

### >08

মধ্ -গঙ্কে-ভরা মৃদ্ -শ্লিক্ষছায়া নীপ -কুঞ্জতলে
শ্যাম -কান্তিময়ী কোন্ স্বপ্লমায়া ফিরে বৃণ্টিজলে॥
ফিরে রক্ত-অলক্তক-ধোত পায়ে ধারা -িসক্ত বায়ে.
মেঘ -মৃক্ত সহাস্য শশাৎককলা সিশ্থ -প্রান্তে জরলে॥
পিয়ে উচ্ছল তরল প্রলয়মদিরা উন্ মৃথর তর্রিঙ্গণী ধায় অধীরা,
কার নিভীক মৃতি তরঙ্গদোলে কল -মন্দ্ররোলে।
এই তারাহারা নিঃসীম অক্কারে কার তরণী চলে॥

### 304

আমি তথন ছিলেম মগন গহন ঘ্মের ঘোরে
যখন বৃণ্টি নামল তিমিরনিবিড় রাতে॥
দিকে দিকে সঘন গগন মন্ত প্রলাপে প্লাবন-ঢালা প্লাবণধারাপাতে
সে দিন তিমিরনিবিড় রাতে॥
আমার স্বপ্পস্বরূপ বাহির হয়ে এল, সে যে সঙ্গ পেল
আমার স্কুম্বরূপ বাহির হয়ে এল, সে যে সঙ্গ পেল
আমার স্কুম্বরূপ বাহির হয়ে এল, সে যে সঙ্গ পেল
আমার স্কুম্বরূপ বাহির হয়ে এল, সে যে সঙ্গ পেল
আমার স্কুম্বরূপ বাহির হয়ে এল, সে যে সঙ্গ পেল
আমার স্কুম্বরূপ বাহির স্বপ্রদাসর-সাথে
সে দিন তিমিরনিবিড় রাতে॥
আমার দেহের সীমা গেল পারায়ে - ক্ষুক্ক বনের মন্দ্রবে গেল হারায়ে।
মিলে গেল কুজবীথির সিক্ত য্থীর গজে মন্ত হাওয়ার ছল্দে
মেঘে মেঘে তডিংশিখার ভজঙ্গপ্রয়াতে সে দিন তিমিরনিবিড রাতে॥

#### 709

আমি প্রাবণ-আকাশে ওই দিয়েছি পাতি
মম জল-ছলো-ছলো আখি মেঘে মেঘে।
বিরহদিগন্ত পারায়ে সারা রাতি অনিমেষে আছে জেগে॥
যে গিয়েছে দেখার বাহিরে আছে তারি উন্দেশে চাহি রে,
স্বপ্নে উড়িছে তারি কেশরাশি প্রব-পবনবেগে॥
শ্যামল তমালবনে
যে পথে সে চলে গিয়েছিল বিদায়গোধ্লি-খনে
বেদনা জড়ায়ে আছে তারি ঘাসে, কাঁপে নিশ্বাসে—
সেই বারে বারে ফিরে ফিরে চাওয়া ছায়ায় রয়েছে লেগে॥

ভার থেকে আন্ধ বাদল ছুটেছে— আর গো আর।
কাঁচা রোদখানি পড়েছে বনের ভিন্তে পাতার॥
বিকি বিকি করি কাঁপিতেছে বট—
ওগো ঘাটে আর, নিয়ে আর ঘট—
পথের দ্ ধারে শাখে শাখে আজি পাখিরা গার॥
তপন-আতপে আতপ্ত হরে উঠেছে বেলা।
কলস পাকড়ি আঁকড়িয়া বুকে
ভরা জলে তোরা ভেসে যাবি সুখে
তিমির্নাবিড় ঘনঘোর ঘুমে স্বপন-প্রার — আর গো আর॥
মেঘ ছুটে গেল, নাই গো বাদল— আর গো আর।
আজিকে সকালে শিথিল কোমল বহিছে বার— আর গো আর।
এ ঘাট হইতে ও ঘাটে তাহার
কথা-বলাবলি নাহি চলে আর,

### ZOR

নীল নবম্বনে আষাঢ়গগনে তিল ঠাই আর নাহি রে। ওগো, আজ তোরা যাস নে ঘরের বাহিরে॥ বাদলের ধারা ঝরে ঝরো ঝরো, আউশের ক্ষেত জলে ভরো ভরো, কালীমাখা মেঘে ও পারে আধার ঘনিরেছে দেখ্ চাহি রে॥

ওই শোনো শোনো পারে ষাবে বলে কে ডাকিছে ব্বিথ মাঝিরে। থেয়া-পারাপার বন্ধ হয়েছে আজি রে। প্রে হাওয়া বয়, ক্লে নেই কেউ, দ্ব ক্ল বাহিয়া উঠে পড়ে ঢেউ— দরো দরো বেগে জলে পড়ি জল ছলো ছলো উঠে বাজি রে। থেয়া-পারাপার বন্ধ হয়েছে আজি রে॥

ওই ডাকে শোনো ধেন্ব ঘন ঘন, ধবলীরে আনো গোহালে—
এখনি আঁধার হবে বেলাট্বকু পোহালে।
দ্যারে দাঁড়ায়ে ওগো দেখো দেখি, মাঠে গেছে ধারা তারা ফিরিছে কি,
রাখালবালক কী জানি কোখার সারা দিন আজি খোরালে।
এখনি আঁধার হবে বেলাট্বকু পোহালে॥

ওগো, আজ তোরা বাস নে গো তোরা বাস নে ঘরের বাহিরে। আকাশ আঁধার, বেলা বেশি আর নাহি রে। ঝরো ঝরো ধারে ভিজ্পিবে নিচোল, ঘাটে যেতে পথ হয়েছে পিছল— ওই বেণ্যেন লোলে ঘন খন পথপাশে দেখো চাহি রে॥

থামাও রিমিক বিমিকি বরিষন, বিল্লিখনক-খন-নন, হে প্রাবণ।

হানও হানও স্বপ্নমোহ-অবগ্রন্তন হানত
এসো হে, এসো হে, দর্দম বীর এসো হে।

ঝড়ের রথে অগম পথে জড়ের বাধা যত করো উন্ম্লন॥

জনালো জনালো বিদরণ-শিখা জনালো,

দেখাও তিমিরভেদী দীপ্তি তোমার দেখাও।

দিশ্বিজয়ী তব বাণী দেহো আনি, গগনে গগনে স্বিপ্তভেদী তব গর্জন জাগাও॥

#### 220

আজি পল্লিবালিকা অলকগ্ছে সাজালো বকুলফ্লের দ্লে,

যেন মেঘরাগিণী-রচিত কী স্র দ্লালো কর্ণম্লে।

ওরা চলেছে কুঞ্জছোয়াবীথিকায় হাস্যকল্লোল-উছল গীতিকায়

বেণ্মমর্ম্যর পবনে তরঙ্গ তুলে॥

আজি নীপশাখায়-শাখায় দ্লিছে প্লপদোলা,

আজি ক্লে ক্লে তরল প্রলাপে যম্না কলরোলা।

মেঘপ্ঞ গরজে গ্রু গ্রু, বনের বক্ষ কাঁপে দ্রু দ্রু—

স্বপ্লোকে পথ হারান্মনের ভুলে॥

#### 222

ওই মালতীলতা দোলে
পিরালতর্র কোলে প্র-হাওয়াতে॥
মার হৃদয়ে লাগে দোলা, ফিরি আপন-ভোলা—
মার ভাবনা কোথায় হারা মেঘের মতন যায় চলে॥
জানি নে কোথায় জাগ ওগো বন্ধ, পরবাসী—
কোন্ নিভ্ত বাতায়নে।
সেথা নিশীথের জল-ভরা কপ্ঠে
কোন্ বিরহিণীর বাণী তোমারে কী যায় বলে॥

### 225

আঁধার অম্বরে প্রচণ্ড ডম্বর্ বাজিল গন্তীর গরজনে।
অশত্থপপ্রবে অশান্ত হিল্লোল সমীরচণ্ডল দিগন্সনে॥
নদীর কল্লোল, বনের মর্মার, বাদল-উচ্ছল নিঝার-ঝর্মার,
ধর্নি তর্মিল নিবিড় সঙ্গীতে— প্রাবণসন্ন্যাসী রচিল রাগিণী॥
কদম্বকুঞ্জের স্বগন্ধমদিরা অজস্র ল্টিছে দ্বন্ত ঝাটকা।
তড়িংশিখা ছুটে দিগন্ত সন্ধিয়া, ভ্রার্ত যামিনী উঠিছে ক্লিয়া—
নাচিছে যেন কোন্ প্রমন্ত দানব মেঘের দ্বর্গের দ্বুয়ার হানিয়া॥

#### >>0

হদর আমার নাচে রে আজিকে মর্রের মতো নাচে রে।

শত বরনের ভাব-উচ্ছন্ত্রস কলাপের মতো করেছে বিকাশ,
আকুল পরান আকাশে চাহিরা উল্লাসে কারে যাচে রে॥

ওগো. নির্জানে বকুলশাখার দোলার কে আজি দ্বিলছে, দোদ্বল দ্বিলছে।

থরকে থরকে থরিছে বকুল, আঁচল আকাশে হতেছে আকুল,

উড়িয়া অলক ডাকিছে পলক— কবরী খসিরা খ্লিছে।

থরে ঘনধারা নবপল্লবে, কাপিছে কানন ঝিল্লের রবে—

তীর ছাপি নদী কলকল্লোলে এল পল্লির কাছে রে॥

### 228

আজ বরষার রুপ হেরি মানবের মাঝে—
চলেছে গরজি, চলেছে নিবিড় সাজে।
হদরে তাহার নাচিয়া উঠেছে ভীমা,
ধাইতে ধাইতে লোপ করে চলে সীমা,
কোন্ তাড়নার মেঘের সহিত মেঘে
বক্ষে বক্ষে মিলিয়া বছ্র বাজে॥
প্রেল্প প্রেল দ্রে স্ক্রের পানে
দলে দলে চলে, কেন চলে নাহি জানে।
জানে না কিছুই কোন্ মহাদ্রিতলে
গভীর প্রাবণে গলিয়া পড়িবে জলে,
নাহি জানে তার ঘনঘোর সমারোহে
কোন সে ভীষণ জীবন মরণ রাজে॥

### 224

মনে হল যেন পেরিয়ে এলেম অন্তবিহীন পথ আসিতে তোমার দ্বারে

মর্তীর হতে স্থাশ্যামলিম পারে॥

পথ হতে আমি গাঁধিয়া এনেছি সিক্ত য্থীর মালা

সকর্ণ-নিবেদনের-গন্ধ-ঢালা—

লক্ষা দিয়ো না তারে॥

সজল মেঘের ছায়া ঘনাইছে বনে বনে,

পথ-হারানোর বাজিছে বেদনা সমীরণে।

দ্র হতে আমি দেখেছি তোমার ওই বাতায়নতলে নিভ্তে প্রদীপ জনলে—

আমার এ আঁখি উৎস্ক পাধি ঝড়ের অন্ধকারে॥

তৃষ্ণার শান্তি, স্ক্রুরকান্তি,
তৃমি এলে নিখিলের সন্তাপভঞ্জন॥
আঁকো ধরাবক্ষে দিগ্বধ্চক্ষে
স্ক্রুণিতল স্কোমল শ্যামরসরঞ্জন।
এলে বীরছন্দে, তব কটিবন্ধে
বিদ্যাত-অসিলতা বেক্নে ওঠে বঞ্জন॥
তব উত্তরীয়ে ছায়া দিলে ভরিয়ে—
তমালবর্নাশ্বরে নবনীল-অঞ্জন।
বির্দ্লির মন্দ্রে মালতীর গন্ধে
মিলাইলে চঞ্চল মধ্করগ্ঞন।
নৃত্যের ভঙ্গে এলে নব রঙ্গে,
সচকিত পল্লবে নাচে যেন খ্ঞ্জন॥

#### 229

মম মন-উপবনে চলে অভিসারে আঁধার রাতে বিরহিণী।
রক্তে তারি ন্পুর বাজে রিনিরিনি॥
দ্রুর দ্রুর করে হিয়া, মেঘ ওঠে গরজিয়া,
ঝিল্লি ঝনকে ঝিনিঝিনি॥
মম মন-উপবনে ঝরে বারিধারা, গগনে নাহি শশীতারা।
বিজ্বলির চমকনে মিলে আলো ক্ষণে ক্ষণে,
ক্ষণে ক্ষণে পথ ভোলে উদাসিনী॥

#### 22 K

আজি বরিষনমুখরিত শ্রাবণরাতি,
সম্তিবেদনার মালা একেলা গাঁথি॥
আজি কোন্ ভূলে ভূলি, আঁধার ঘরেতে রাখি দ্য়ার খ্লি,
মনে হয় ব্ঝি আসিছে সে মোর দ্খরজনীর সাথি॥
আসিছে সে ধারাজলে স্র লাগায়ে,
নীপবনে প্লক জাগায়ে।
ব্দিও বা নাহি আসে তব্ ব্থা আশ্বাসে
ধ্লি-'পরে রাখিব রে মিলন-আসনখানি পাতি॥

### 222

যায় দিন, শ্রাবণদিন যায়। আঁধারিল মন মোর আশুক্রার, মিলনের বৃথা প্রত্যাশায় মায়াবিনী এই সন্ধ্য ছলিছে। আসম নিজনি রাতি, হার, মম পথ-চাওরা বাতি
ব্যাকুলিছে শ্নোরে কোন্ প্রশেন॥
দিকে দিকে কোথাও নাহি সাড়া,
ফিরে খ্যাপা হাওরা গৃহছাড়া।
নিবিড়-তমিদ্র-বিলুপ্ত-আশা ব্যথিতা ব্যমিনী খোঁজে ভাষা—
বৃ্তিমুখ্রিত মুম্রছদেদ, সিক্ত মালতীগ্রে॥

### >50

আমি কী গান গাব যে ভেবে না পাই—
মেঘলা আকাশে উতলা বাতাসে খ্রে বেড়াই॥
বনের গাছে গাছে জেগেছে ভাষা ভাষাহারা নাচে—
মন ওদের কাছে চণ্ডলতার রাগিণী বাচে,
সারা দিন বিরামহীন ফিরি যে তাই॥
আমার অঙ্গে স্রেতরঙ্গে ডেকেছে বান,
রসের প্লাবনে ভূবিয়া যাই।
কী কথা রয়েছে আমার মনের ছায়াতে
স্বপ্লপ্রদাযে— আমি ভারে যে চাই॥

#### 252

কিছু বলব বলে এসেছিলেম,
রইন্ চেরে না বলে॥
দেখিলাম, খোলা বাতারনে মালা গাঁথ আপন-মনে,
গাও গ্ন্-গ্ন্ গ্ঞারিয়া য্থীকু'ড়ি নিরে কোলে॥
সারা আকাশ তোমার দিকে
চেয়ে ছিল অনিমিখে।
মেঘ-ছে'ড়া আলো এসে পড়েছিল কালো কেশে,
বাদল-মেঘে মৃদ্ল হাওয়ায় অলক দোলে॥

### 255

মন মোর মেঘের সঙ্গী.
উড়ে চলে দিগ্দিগন্তের পানে
নিঃসীম শ্নো প্রাবণবর্ষণসঙ্গীতে
রিমিঝিম রিমিঝিম রিমিঝিম॥
মন মোর হংসবলাকার পাখার বার উড়ে
কচিং কচিং চকিত তড়িত-আলোকে।
ঝঞ্জনমঞ্জীর বাজার ঝঞ্জা রুল্ল আলন্দে।
কলো কলো কলমন্দ্রে নিঝ্রিণী
ভাক দেয় প্রশার-আহ্যানে॥

বায়্ বহে প্ৰিসমন্ত হতে উচ্চল ছলো ছলো তটিনীতরক্ষে। মন মোর ধায় তারি মন্ত প্রবাহে তাল-তমাল-অরণ্যে ক্ষম্ম শাখার আন্দোলনে॥

### > 20

মোর ভাবনারে কী হাওয়ায় মাতালো,
দোলে মন দোলে অকারণ হরবে।
হদয়গগনে সজল ঘন নবীন মেঘে
রসের ধারা বরবে॥
তাহারে দেখি না যে দেখি না,
শাধ্র মনে মনে ক্ষণে ক্ষণে ওই শোনা যায়
বাজে অলখিত তারি চরণে
র্ন্র্ন্ র্ন্র্ন্ ন্প্রধর্নি॥
গোপন স্বপনে ছাইল
অপরশ আঁচলের নব নীলিমা।
উড়ে যায় বাদলের এই বাতাসে
তার ছায়াময় এলো কেশ আকাশে।
সে যে মন মোর দিল আকুলি
জল-ভেজা কেতকীর দ্র স্বাসে॥

### > \$8

আমার প্রিয়ার ছায়া
আকাশে আজ ভাসে, হায় হায়।
বৃণ্ডিসজল বিষম নিশ্বাসে, হায় হায়॥
আমার প্রিয়া মেঘের ফাঁকে ফাঁকে
সন্ধ্যাতারায় লৃকিয়ে দেখে কাকে,
সন্ধ্যাদীপের লুপ্ত আলো স্মরণে তার আসে, হায়॥
বারি-ঝরা বনের গন্ধ নিয়া
পরশ-হারা বরণমালা গাঁথে আমার প্রিয়া।
আমার প্রিয়া ঘন শ্রাবণধারায়
আকাশ ছেয়ে মনের কথা হায়ায়॥
আমার প্রিয়ার আঁচল দোলে
নিবিড় বনের শ্যামল উচ্ছনসে, হায়॥

ওগো সাঁওতালি ছেলে,

শ্যামল সম্বন নববর্ষার কিশোর দ্ত কি এলে।
ধানের ক্ষেতের পারে শালের ছায়ার ধারে
বাঁশির স্রেতে স্দ্র দ্রেতে চলেছ হৃদয় মেলে॥
প্র-দিগস্ত দিল তব দেহে নীলিমলেখা,
পীত ধড়াটিতে অর্ণরেখা,
কেরাফ্লখানি কবে তুলে আনি
দ্বারে মোর রেখে গেলে॥
আমার গানের হংসবলাকাপাতি
বাদল-দিনের তোমার মনের সাথি।
বড়ে চণ্ডল তমালবনের প্রাণে
তোমাতে আমাতে মিলিয়াছি একখানে,
মেঘের ছায়ায় চলিয়াছি ছায়া ফেলে॥

# 526

বাদল-দিনের প্রথম কদম ফ্ল করেছ দান,
আমি দিতে এসেছি প্রাবণের গান॥
মেঘের ছারার অন্ধকারে রেখেছি ঢেকে তারে
এই-যে আমার স্বরের ক্ষেতের প্রথম সোনার ধান॥
আজ এনে দিলে, হয়তো দিবে না কাল—
রিক্ত হবে যে তোমার ফ্লের ডাল।
এ গান আমার প্রাবণে প্রাবণে তব বিস্মৃতিপ্রোতের প্রাবনে
ফিরিয়া ফিরিয়া আসিবে তরণী বহি তব সম্মান॥

### 529

আজি তোমার আবার চাই শ্নাবারে
যে কথা শ্নারেছি বারে বারে—
আমার পরানে আজি যে বাণী উঠিছে বাজি
অবিরাম বর্ষণধারে॥
কারণ শ্বায়ো না, অর্থ নাহি তার,
স্বের স্পেকত জাগে প্রিজত বেদনার।
স্বপ্লে যে বাণী মনে মনে ধর্নিয়া উঠে ক্ষণে ক্ষণে
কানে কানে গ্রেরিব তাই বাদলের অন্ধকারে॥

এসো গো, জেবলে দিয়ে যাও প্রদীপথানি
বিজন ঘরের কোণে, এসো গো।
নামিল প্রাবণসন্ধ্যা, কালো ছারা ঘনায় বনে বনে॥
আনো বিসময় মম নিভ্ত প্রতীক্ষার যুখীমালিকার মূদ্, গানে—
নীলবসন-অণ্ডল-ছায়া
স্থরজনী-সম মেল্ক মনে॥
হারিয়ে গেছে মোর বাঁশি,
আমি কোন্ স্রে ডাকি তোমারে।
পথ-চেয়ে-থাকা মোর দ্ভিখানি

হান্ স্বরে ডাকি তোমারে। পথ-চেয়ে-থাকা মোর দ্যিতথানি শ্বনিতে পাও কি তাহার বাণী— কম্পিত বক্ষের পরশ মেলে কি সজল সমীরণে॥

### 656

আজি ঝরো ঝরো ম্থর বাদর্যদনে
জানি নে, জানি নে কিছুতে কেন যে মন লাগে না॥
এই চণ্ডল সজল পবন-বেগে উদ্ভাস্ত মেঘে মন চায়
মন চায় ওই বলাকার পথখানি নিতে চিনে॥
মেঘমল্লারে সারা দিনমান
বাজে ঝরনার গান।
মন হারাবার আজি বেলা, পথ ভূলিবার খেলা— মন চায়
মন চায় হৃদয় জড়াতে কার চিরঋণে॥

### 500

#### 202

স্বপ্নে আমার মনে হল কথন ঘা দিলে আমার দ্বারে, হায়। আমি জাগি নাই জাগি নাই গো. ভূমি মিলালে অন্ধকারে, হায়॥ অচেতন মনো-মাঝে তথন রিমিঝিমি ধর্নি বাজে,
কাঁপিল বনের হাওয়া ঝিল্লিঝঙ্কারে।
আমি জাগি নাই জাগি নাই গো. নদী বহিল বনের পারে॥
পথিক এল দুই প্রহরে পথের আহ্বান আনি ঘরে।
শিয়রে নীরব বীণা বেজেছিল কি জানি না—
জাগি নাই জাগি নাই গো.
ঘিরেছিল বনগদ্ধ ঘুমের চারি ধারে॥

#### 205

শেষ গানেরই রেশ নিয়ে যাও চলে, শেষ কথা যাও বলে।।
সময় পাবে না আর. নামিছে অন্ধকার,
গোধ্লিতে আলো-আঁধারে
পথিক যে পথ ভোলে।।
পশ্চিমগগনে ওই দেখা যায় শেষ রবিরেখা,
তমাল-অরণ্যে ওই শ্নিন শেষ কেকা।
কে আমার অভিসারিকা ব্ঝি বাহিরিল অভানারে খ্লৈ,
শেষবার মোর আভিনার দ্বার খোলে।।

### 200

এসেছিলে তব্ আস নাই জানায়ে গোলে
সম্থের পথ দিয়ে পলাতকা ছায়া ফেলে॥
তোমার সে উদাসনিতা সতা কিনা জানি না সে,
চণ্ডল চরণ গোল ঘাসে ঘাসে বেদনা মেলে॥
তথন পাতায় পাতায় বিন্দ্ বিন্দ্ ঝরে জল,
শ্যামল বনাস্তভূমি করে ছলোছল্।
তুমি চলে গেছ ধারে ধারে, সিক্ত সমারে,
পিছনে নীপবাধিকায় রোদ্রছায়া বায় খেলে॥

#### 208

এসেছিন্ ছারে তব প্রাবণরাতে.
প্রদীপ নিভালে কেন অঞ্চলঘাতে॥
অন্তরে কালো ছারা পড়ে আঁকা.
বিমাশ মাথের ছবি মনে রয় ঢাকা,
দ্বংখের সাথি ভারা ফিরিছে সাথে॥
কেন দিলে না মাধ্রীকণা, হায় রে কৃপণা।
লাবণালক্ষ্মী বিরাজে ভ্বনমাঝে,
ভারি লিপি দিলে না হাতে॥

নিবিড় মেঘের ছায়ায় মন দিয়েছি মেলে,
ওগো প্রবাসিনী, স্বপনে তব
তাহার বারতা কি পেলে॥
আজি তরঙ্গকলকলোলে দক্ষিণসিদ্ধর ক্রন্দনধর্ননি
আনে বহিয়া কাহার বিরহ॥
লক্ত তারার পথে চলে কাহার স্দ্র স্মৃতি
নিশীথরাতের রাগিণী বহি।
নিদ্রাবিহীন ব্যথিত হদয়
ব্যর্থ শ্নো তাকায়ে রহে॥

#### 204

আমার যে দিন ভেসে গেছে চোখের জলে.
তারি ছায়া পড়েছে শ্রাবণগগনতলে॥
সে দিন যে রাগিণী গেছে থেমে অতল বিরহে নেমে
আজি প্রের হাওয়ায় হাওয়ায় হায় হায় হায় রে
কাপন ভেসে চলে॥
নিবিড় স্থে মধ্র দ্থে জড়িত ছিল সেই দিন-দ্ব তারে জীবনের বাঁধা ছিল বীন।
তার ছিড়ে গেছে কবে এক দিন কোন্ হাহারবে
স্রের হারায়ে গেল পলে পলে॥

# 209

পাগলা হাওয়ার বাদল-দিনে
পাগল আমার মন জেগে উঠে॥

চেনাশোনার কোন বাইরে যেখানে পথ নাই নাই রে
সেখানে অকারণে যায় ছুটে॥

ঘরের মুখে আর কি রে কোনো দিন সে যাবে ফিরে।
যাবে না, যাবে না—
দেয়াল যত সব গেল টুটে॥

বা্ণিট-নেশা-ভরা সন্ধ্যাবেলা কোন বলরামের আমি চেলা।
আমার স্বপ্ন ঘিরে নাচে মাতাল জুটে—
যত মাতাল জুটে।

যা না চাইবার তাই আজি চাই গো,
যা না পাইবার তাই কোথা পাই গো।
পাব না, পাব না,
মরি অসম্ভবের পায়ে মাথা কুটে॥

#### ZON

আজি মেঘ কেটে গৈছে সকালবেলায়,
এসো এসো এসো হাসিম্বে।
এসো আমার অলস দিনের খেলায়॥
স্বপ্ন যত জমেছিল আশা-নিরাশায়
তর্ণ প্রাণের বিফল ভালোবাসায়
দিব অক্ল-পানে ভাসায়ে ভাঁটার গাঙের ভেলায়।
দঃখস্থের বাঁধন তারি গ্রন্থি দিব খ্লে,
আজি ক্লণেক-তরে মোরা রব আপন ভূলে।
যে গান হয় নি গাওয়া বে দান হয় নি পাওয়া—
আজি প্রব-হাওয়ায় তারি পরিতাপ
উডাব অবহেলায়॥

### 202

সঘন গহন রাতি, ঝারছে শ্রাবণধারা—
অন্ধ বিভাবরী সঙ্গপরশহারা॥
চেয়ে থাকি যে শ্নো অন্যমনে
সেথায় বিরহিণীর অশ্র হরণ করেছে ওই তারা॥
অশত্বপল্লবে বৃষ্টি ঝারিয়া মর্মারশন্দে
নিশীথের অনিদ্রা দেয় যে ভরিয়া।
মারালোক হতে ছায়াতরণী
ভাসায় স্বপ্পারাবারে— নাহি তার কিনারা॥

### >80

ওগো তুমি পণ্ডদশী,
প্রেণিছলে প্রিমাতে।
ম্দ্বিমত স্বপ্নের আভাস তব বিহত্তল রাতে॥
কচিং জাগারত বিহঙ্গকাকলী
তব নবযৌবনে উঠিছে আকৃলি ক্ষণে ক্ষণে।
প্রথম আবাঢ়ের কেতকীসোরভ তব নিদ্রাতে॥
বেন অরণামর্মর
গ্রেরি উঠে তব বক্ষে থরথর।
অকারণ বেদনার ছায়া খনায় মনের দিগতে,
ছলো ছলো জল এনে দেব তব নয়নপাতে॥

আজি শরততপনে প্রভাতস্বপনে কী জানি পরান কী যে চায়।
ওই শেফালির শাথে কী বলিয়া ডাকে, বিহগ বিহগী কী যে গায়॥
আজি মধ্র বাতাসে হদয় উদাসে, রহে না আবাসে মন হায়—
কোন্ কুস্মের আশে কোন্ ফ্লবাসে স্নীল আকাশে মন ধায়॥
আজি কে যেন গো নাই, এ প্রভাতে তাই জীবন বিফল হয় গো—
তাই চারি দিকে চায়, মন কে'দে গায় 'এ নহে, এ নহে, নয় গো'।
কোন্ স্বপনের দেশে আছে এলোকেশে কোন্ ছায়ায়য়ী অমরায়।
আজি কোন্ উপবনে, বিরহবেদনে আমারি কায়ণে কে'দে যায়॥
আমি যদি গাঁথি গান অথিরপরান সে গান শ্নাব কারে আর।
আমি যদি গাঁথি মালা লয়ে ফ্লডালা, কাহারে পরাব ফ্লহার॥
আমি আমার এ প্রাণ যদি করি দান, দিব প্রাণ তবে কার পায়।
সদা ভয় হয় মনে, পাছে অযতনে মনে মনে কেহ বাথা পায়॥

# 582

মেঘের কোলে রোদ হেসেছে. বাদল গেছে টুটি। আহা, হাহা, হা।
আজ আমাদের ছুটি ও ভাই, আজ আমাদের ছুটি। আহা, হাহা, হা॥
কী করি আজ ভেবে না পাই, পথ হারিয়ে কোন্ বনে যাই.
কোন্ মাঠে যে ছুটে বেড়াই সকল ছেলে জুটি। আহা, হাহা, হা॥
কেয়া-পাতার নোকো গড়ে সাজিয়ে দেব ফুলে—
তালদিঘিতে ভাসিয়ে দেব, চলবে দুলে দুলে।
রাথাল ছেলের সঙ্গে ধেন্ চরাব আজ বাজিয়ে বেণ্
মাখব গায়ে ফুলের রেণ্ চাপার বনে লুটি। আহা, হাহা, হা॥

#### 280

আজ ধানের ক্ষেতে রৌদ্রছায়ায় লাকাচুরি খেলা—
নীল আকাশে কে ভাসালে সাদা মেঘের ভেলা।।
আজ শ্রমর ভোলে মধ্ খেতে— উড়ে বেড়ায় আলোয় মেতে,
আজ কিসের তরে নদীর চরে চখা-চখীর মেলা।।
ওরে, যাব না আজ ঘরে রে ভাই. যাব না আজ ঘরে।
থরে, আকাশ ভেঙে বাহিরকে আজ নেব রে লাট করে।
যেন জোয়ার-জলে ফেনার রাশি বাতাসে আজ ছাটছে হাসি,
আজ বিনা কাজে বাজিয়ে বাশি কাটবে সকল বেলা।।

#### >88

আমরা বে'ধেছি কাশের গ্রুছ, আমরা গে'থেছি শেফালিমালা— নবীন ধানের মঞ্চরী দিয়ে সাজিয়ে এনেছি ডালা॥ এসো গো শারদলক্ষ্মী, তোমার শুদ্র মেঘের রথে, নিম্ল নীলপথে এসো ধৌত শ্যামল আলো-ঝলমল বর্নাগরি-পর্বতে --এসো মুকুটে পরিয়া শ্বেতশতদল শীতল-শিশির-ঢালা।। এসো ঝরা মালতীর ফুলে আসন বিছানো নিভৃত কুঞ্চে ভরা গঙ্গার ক্লে, ফিরিছে মরাল ডানা পাতিবারে তোমার চরণমূলে। গ্রেপ্পরতান তুলিয়ো তোমার সোনার বীণার তারে মুদ্বুমধ্ব ঝংকারে, হাসি-ঢালা সূর গলিয়া পড়িবে ক্ষণিক অশ্রুধারে। রহিয়া রহিয়া যে পরশর্মাণ ঝলকে অলককোণে পলকের তরে সকর্ণ করে ব্লায়ো ব্লায়ো মনে— সোনা হয়ে যাবে সকল ভাবনা, আঁধার হইবে আলা॥

### 384

অমল ধবল পালে লেগেছে মন্দ মধ্র হাওয়া-দেখি নাই কভু দেখি নাই এমন তরণী-বাওয়া॥
কোন্ সাগরের পার হতে আনে কোন্ স্দ্রের ধন -ভেসে যেতে চায় মন,
ফেলে যেতে চায় এই কিনারায় সব চাওয়া সব পাওয়া॥
পিছনে ঝরিছে ঝরো ঝরো জল, গ্রুর্ গ্রু দেয়া ডাকে,
ম্থে এসে পড়ে অর্ণকিরণ ছিল্ল মেছের ফাকে।
ওগো কাপ্ডারী, কে গো তুমি, কার হাসিকালার ধন
ভেবে মরে মোর মন-কোন্ স্রে আজ বাধিবে যন্ত, কী মন্ত হবে গাওয়া॥

#### 784

আমার নরন-ভূলানো এলে,
আমি কী হেরিলাম হৃদয় মেলে॥
শিউলিতলার পাশে পাশে ঝরা ফুলের রাশে রাশে
শিশির-ভেক্কা ঘাসে ঘাসে অর্ণরাঙা চরণ ফেলে
নরন-ভূলানো এলে॥
আলোছায়ার আঁচলখানি লুটিয়ে পড়ে বনে বনে,
ফুলগুলি ওই মুখে চেয়ে কী কথা কর মনে মনে।

তোমায় মোরা করব বরণ, মুখের ঢাকা করো হরণ,
ওইটুকু ওই মেঘাবরণ দু হাত দিয়ে ফেলো ঠেলে।
বনদেবীর দ্বারে দানি গভীর শৃত্থধন্নি,
আকাশবীণার তারে তারে জাগে তোমার আগমনী।
কোথায় সোনার নৃপ্র বাজে, বুঝি আমার হিয়ার মাঝে
সকল ভাবে সকল কাজে পাষাণ-গালা সুধা ঢেলে—
নয়ন-ভূলানো এলে।

### 289

শিউলি ফ্ল, শিউলি ফ্ল, কেমন ভূল, এমন ভূল।।
রাতের বায় কোন্ মায়ায় আনিল হায় বনছায়ায়,
ভোরবেলায় বারে বারেই ফিরিবারে হলি ব্যাকুল।।
কেন রে তুই উল্মনা, নয়নে তার হিমকণা।
কোন্ ভাষায় চাস বিদায়, গন্ধ তার কী জানায়সঙ্গে হায় পলে পলেই দলে দলে ষায় বকুল।।

#### 28 W

শরতে আজ কোন্ অতিথি এল প্রাণের স্বারে।
আনন্দগান গা রে হদয়, আনন্দগান গা রে॥
নীল আকাশের নীরব কথা শিশির-ভেজা ব্যাকুলতা
বেজে উঠ্ক আজি তোমার বীণার তারে তারে॥
শস্য-ক্ষেতের সোনার গানে যোগ দে রে আজ সমান তানে,
ভাসিয়ে দে স্বর ভরা নদীর অমল জলধারে॥
যে এসেছে তাহার মুখে দেখ্রে চেয়ে গভীর সুখে,
দ্বার খুলে তাহার সাথে বাহির হয়ে যা রে॥

### 282

আজ প্রথম ফ্লের পাব প্রসাদখানি, তাই ভোরে উঠেছি।
আজ শ্নতে পাব প্রথম আলোর বাণী, তাই বাইরে ছ্টেছি॥
এই হল মোদের পাওয়া, তাই ধরেছি গান-গাওয়া,
আজ ল্বিটয়ে হিরণ-কিরণ-পদ্মদলে সোনার রেণ্ব ল্টেছি॥
আজ পার্লিদির বনে মোরা চলব নিমন্ত্রণে,
আজ চাঁপা-ভায়ের শাখা-ছায়ের তলে মোরা সবাই জ্টেছি।
আজ মনের মধ্যে ছেয়ে স্নীল আকাশ ওঠে গেয়ে,
আজ সকালবেলায় ছেলেখেলার ছলে সকল শিকল টুটেছি॥

#### >40

শেষ্যালবনের মনের কামনা, હાજા সাদার গগনে গগনে কেন মিলায়ে পরনে পরনে। আছ কিরণে কিরণে ঝলিয়া কেন যাও শিশিরে শিশিরে গলিয়া। কেন চপল আলোতে ছায়াতে ল\_কায়ে আপন মায়াতে। আছ তমি মুরতি ধরিয়া চকিতে নামো-না শেফালিবনের মনের কামনা। ওগো

আজি মাঠে মাঠে চলো বিহরি,
তৃগ উঠ্ক শিহরি শিহরি।
নামো তালপল্লববীজনে,
নামো জলে ছায়াছবিস্জনে।
এসো সৌরভ ভরি আঁচলে,
আঁথি আঁকিয়া স্নীল কাজলে।
মম চোখের সমুখে ক্লেক থামো-না,
ওগো শেকালিবনের মনের কামনা॥

ওগো সোনার স্বপন, সাধের সাধনা,
কত আকুল হাসি ও রোদনে
রাতে দিবসে স্বপনে বোধনে
জনলি জোনাকিপ্রদীপমালিকা,
ভার নিশীর্থাতিমির্থালিকা,
প্রাতে কৃস্মের সাজি সাজারে,
সাজে বিপ্লি-ঝাঝর বাজারে,
কত করেছে তোমার স্থাত-আরাধনা,
ওগো সোনার স্বপন, সাধের সাধনা।

ওই বসেছ শুদ্র আসনে
আজি নিখিলের সম্ভাষণে।
আহা শ্বেতচন্দর্নতিলকে
আজি তোমারে সাজায়ে দিল কে।
আহা বরিল তোমারে কে আজি
তার দুঃখশয়ন তেয়াজি—
ত্মি ঘুচালে কাহার বিরহকনিনা,
ওপো সোনার স্বপন, সাধের সাধনা।

শরত-আলোর কমলবনে,
বাহির হয়ে বিহার করে যে ছিল মোর মনে মনে॥
তারি সোনার কাঁকন বাজে আজি প্রভাত-কিরণ-মাঝে,
হাওয়ায় কাঁপে আঁচলখানি—ছড়ায় ছায়া ক্ষণে ক্ষণে॥
আকুল কেশের পরিমলে
শিউলিবনের উদাস বায়্ পড়ে থাকে তর্তলে।
হদয়মাঝে হদয় দলায়, বাহিরে সে ভুবন ভুলায়আজি সে তার চোখের চাওয়া ছড়িয়ে দিল নীল গগনে॥

### 363

তোমার মোহন রপে কে রয় ভূলে।
জানি না কি মরণ নাচে, নাচে গো ওই চরণম্লে॥
শরং-আলোর আঁচল টুটে কিসের ঝলক নেচে উঠে.
ঝড় এনেছ এলোচুলে॥
কাঁপন ধরে বাতাসেতে—
পাকা ধানের তরাস লাগে, শিউরে ওঠে ভরা ক্ষেতে॥
জানি গো আজ হাহারবে তোমার প্জা সারা হবে
নিখিল-অগ্রু-সাগর-ক্লে॥

#### 260

শরং, তোমার অর্ণ আলোর অঞ্জলি ছড়িয়ে গেল ছাপিয়ে মোহন অঙ্গুলি॥ শরং, তোমার শিশির-ধোওয়া কুন্তলে বনের-পথে-ল্বিটের-পড়া অঞ্চলে আজ প্রভাতের হদয় ওঠে চঞ্চলি॥ মানিক-গাঁথা ওই-যে তোমার কৎকণে বিলিক লাগায় তোমার শ্যামল অঙ্গনে। কুঞ্জছায়া গ্রন্ধরণের সঙ্গীতে ওড়না ওড়ায় একি নাচের ভঙ্গীতে, শিউলিবনের বৃক যে ওঠে আন্দোলি॥

### 348

তোমরা যাবল তাই বলো, আমার লাগে নামনে। আমার যায় বেলা বয়ে যায় বেলা কেমন বিনাকারণে॥ এই পাগল হাওয়া কীগান-গাওয়া ছড়িয়ে দিয়ে গেল আজি স্নীল গগনে॥ সে গান আমার লাগল যে গো লাগল মনে, আমি কিসের মধ্য খাজে বেড়াই শ্রমরগ্রন্ধনে। ওই আকাশ-ছাওরা কাহার চাওরা এমন করে লাগে আজি আমার নয়নে।

#### >44

কোন্ খেপা শ্রাবণ ছন্টে এল আশ্বিনেরই আঙিনায়।
দর্শিয়ে জটা ঘনঘটা পাগল হাওয়ার গান সে গায়॥
মাঠে মাঠে প্লক লাগে ছায়ানটের নৃতারাগে,
শরং-রবির সোনার আলো উদাস হয়ে মিলিয়ে য়য়॥
কী কথা সে বলতে এল ভরা ক্ষেতের কানে কানে।
লন্টিয়ে-পড়া কিসের কাদন উঠেছে আজ নবীন ধানে।
মেঘে অধীর আকাশ কেন ডানা-মেলা গর্ড় যেন –
পথ-ভোলা এই পথিক এসে পথের বেদন আনল ধরায়॥

### 566

আকাশ হতে থসল তারা আঁধার রাতে পথহারা।।
প্রভাত তারে খ্রুতে ধাবে ধরার ধ্লার খ্রুতে পাবে
তৃণে তৃণে শিশিরধারা।।
দ্থের পথে গেল চলে নিবল আলো, মরল জ্বলে।
রবির আলো নেমে এসে মিলিয়ে নেবে ভালোবেসে,
দ্বংখ তখন হবে সারা।৷

### 269

হৃদয়ে ছিলে জেগে,
দেখি আজ শরত-মেখে॥
কৈমনে আজকে ভারে গেল গো গেল সরে
তোমার ওই আঁচলখানি শিশিরের ছোঁওয়া লেগে॥
কী-যে গান গাহিতে চাই,
বালী মোর খ্জেনা পাই।
সে যে ওই শিউলিদলে ছড়ালো কাননতলে,
সে যে ওই ক্ষণিক ধারায় উড়ে যায় বায়বেগে॥

### 248

সারা নিশি ছিলেম শ্রে বিজন ভূ'রে আমার মেঠো **ফ্লের পাশাপাশি**, তথন শ্নেছি**লেম** তারার বাঁশি॥ এখন সকালবেলা খ'জে দেখি স্বপ্লে-শোনা সে স'র একি
আমার মেঠো ফ'লের চোখের জলে উঠে ভাসি।
এ স'র আমি খ'জেছিলেম রাজার ঘরে,
শেষে ধরা দিল ধরার ধ্লির 'পরে।
এ বে ঘাসের কোলে আলোর ভাষা আকাশ-হতে-ভেসে-আসাএ বে মাটির কোলে মানিক-খসা হাসিরাশি॥

#### 263

দেখো শ্কতারা আঁখি মেলি চায়
প্রভাতের কিনারায়।

ডাক দিয়েছে রে শিউলি ফ্লেরে—
আয় আয় আয়॥

ও যে কার লাগি জনলে দীপ,
কার ললাটে পরায় টিপ,
ও যে কার আগমনী গায়— আয় আয় আয়॥

ভা গো ভা গো সখী,
কাহার আশায় আকাশ উঠিল প্লেকি।
মালতীর বনে বনে ওই শোনো ক্ষণে ক্ষণে
কহিছে শিশিরবায়— আয় আয় আয়॥

### 500

ওলো শেফালি, ওলো শেফালি,
আমার সব্জ ছায়ার প্রদোষে তুই জ্বালিস দীপালি।
তারার বাণী আকাশ থেকে তোমার রূপে দিল এ'কে
শ্যামল পাতার থেরে থারে আথর রূপালি।।
তোমার ব্রুকের থসা গন্ধ-আঁচল রইল পাতা সে
আমার গোপন কাননবীধির বিবশ বাতাসে।
সারাটা দিন বাটে বাটে নানা কাজে দিবস কাটে,
আমার সাঁঝে বাজে তোমার করুণ ভূপালি।।

#### 262

এসো শরতের অমল মহিমা, এসো হে ধীরে।
চিত্ত বিকাশিবে চরণ ঘিরে॥
বিরহতরক্ষে অক্লে সে দোলে
দিবাধামিনী আক্ল সমীরে॥

এবার অবগ্ৰুঠন খোলো।
গহন মেঘমায়ায় বিজন বনছায়ায়
তোমার আলসে অবল্যুঠন সারা হল॥
শিউলিস্বভি রাতে বিকশিত জ্যোৎস্নাতে
ম্দ্ মর্মরগানে তব মর্মের বাণী বোলো॥
বিষাদ-অগ্রভলে মিল্ক শ্রমহাসি—
মালতীবিতানতলে বাজক ব'ধ্র বাশি।
শিশিরসিক্ত বায়ে বিজড়িত আলোছারে
বিরহ-মিলনে-গাঁথা নব প্রশারদোলায় দোলো॥

#### 260

তোমার নাম জানি নে, স্বর জানি।
তুমি শরং-প্রাতের আলোর বাণী॥
সারা বেলা শিউলিবনে আছি মগন আপন-মনে,
কিসের তুল রেখে গেলে আমার বুকে ব্যথার বাশিখানি॥
আমি যা বালতে চাই হল বলা
ওই শিশিরে শিশিরে অগ্রু-গলা।
আমি যা দেখিতে চাই প্রাণের মাঝে
সেই মুরতি এই বিরাক্তে—
ছায়াতে-আলোতে-আঁচল-গাঁথা
আমার অকারণ বেদনার বীণাপাণি॥

#### 298

মরি লো) কার বাশি নিশিভোরে বাজিল মোর প্রাণে।
ফুটে দিগস্তে অর্ণাকরণকলিকা॥
শরতের আলোতে স্ফুদর আসে,
ধরণীর আখি যে শিশিরে ভাসে,
হৃদয়কুঞ্জবনে মুঞ্জরিল মধুর শেফালিকা॥

#### 294

আমার রাত পোহালো শারদ প্রাতে। বশি, তোমার দিরে বাব কাহার হাতে॥ তোমার বৃকে বাজল ধর্নি বিদারগাথা আগমনী কত বে— ফাল্মনে প্রাবণে কত প্রভাতে রাতে॥ যে কথা রয় প্রাণের ভিতর অগোচরে গানে গানে নিয়েছিলে চুরি করে। সময় যে তার হল গত নিশিশেষের তারার মতো, তারে শেষ করে দাও শিউলিফব্লের মরণ-সাথে॥

### 200

নিৰ্মাল কান্ত, নমো হে নমো।
রিশ্ধ সমুশান্ত, নমো হে নমো।
বন-অঙ্গন-ময় রবিকররেখা
লোপল আলিম্পর্নালিপি-লেখা,
আঁকিব তাহে প্রণতি মম।
নমো হে নমো॥

#### 569

আলোর অমল কমলখানি কে ফ্টালে।
নীল আকাশের ঘ্ম ছ্টালে॥
আমার মনের ভাব্নাগর্নি বাহির হল পাখা তুলি,
ওই কমলের পথে তাদের সেই জ্টালে॥
শরতবাণীর বীণা বাজে কমলদলে।
লালিত রাগের স্বর ঝরে তাই শিউলিতলে।
তাই তো বাতাস বেড়ায় মেতে কচি ধানের সব্জ ক্ষেতে,
বনের প্রাণে মর্মরানির তেউ উঠালে॥

### 768

সেই তো তোমার পথের ব'ধ্ব সেই তো।
দ্র কুস্মের গন্ধ এনে খেজিয় মধ্ব এই তো॥
সেই তো তোমার পথের ব'ধ্ব সেই তো।
এই আলো তার এই তো আধার, এই আছে এই নেই তো॥

#### 262

পোহালো পোহালো বিভাবরী,
প্রবিতারণে শানি বাঁশরি॥
প্রবিতারণে শানি বাঁশরি॥
নাচে তরঙ্গ, তরী অতি চণ্ডল, কম্পিত অংশ্ককেতন-অণ্ডল,
পল্লবে পল্লবে পাগল জাগল আলসলালস পাসরি॥
উদয়-অচলতল সাজিল নন্দন, গগনে গগনে বনে জাগিল বন্দন,
কনক্কিরণঘন শোভন সান্দন—নামিছে শারদস্বদ্রী।

দশদিক-অঙ্গনে দিগঙ্গনাদল ধর্নিল শ্না ভরি শংখ স্মঙ্গল— চলো রে চলো চলো তর্ণযাত্রীদল তুলি নব মালতীমঞ্জরী॥

#### 390

নবকুন্দধবলদলস্থাতিলা,
অতি স্নিম্পা, স্থসম্ভ্রলা,
শৃত স্বর্ণ-আসনে অচণ্ডলা॥
স্থিত-উদয়ার্ণ-কিরণ-বিলাসিনী,
প্র্তিসতাংশ্বিভাসবিকাশিনী,
নন্দনলক্ষ্মী স্মুস্পা॥

### 295

হিমের রাতে ওই গগনের দীপগৃহলিরে
হেমন্তিকা করল গোপন আঁচল ঘিরে॥
ঘরে ঘরে ডাক পাঠালো— 'দীপালিকায় জনুলাও আলো,
জনুলাও আলো, আপন আলো, সাজাও আলোয় ধরিগ্রীরে।'
দ্না এখন ফুলের বাগান, দোরেল কোকিল গাহে না গান,
কাশ ঝরে যায় নদীর তীরে।
যাক অবসাদ বিষাদ কালো, দীপালিকায় জনুলাও আলো—
জনুলাও আলো, আপন আলো, শুনাও আলোর জয়বাণীরে॥
দেবতারা আজ আছে চেয়ে— জাগো ধরার ছেলে মেয়ে,
আলোর জাগাও যামিনীরে।
এল আধার, দিন ফুরালো, দীপালিকায় জনুলাও আলো,
জনুলাও আলো, আপন আলো, জয় করে। এই তামসীরে।

# 593

হায় হেমন্তলক্ষ্মী, তোমার নয়ন কেন ঢাকা—
হিমের ঘন ঘোমটাখানি ধ্মল রঙে আঁকা॥
সন্ধ্যাপ্রদীপ তোমার হাতে মলিন হেরি কুয়াশাতে,
কপ্টে তোমার বাণী যেন কর্ণ বাঙ্গে মাখা॥
ধরার আঁচল ভরে দিলে প্রচুর সোনার ধানে।
দিগঙ্গনার অঙ্গন আজ প্র্ণি তোমার দানে।
আপন দানের আড়ালেতে রইলে কেন আসন পেতে,
আপনাকে এই কেমন তোমার গোপন করে রাখা॥

হেমন্তে কোন্ বসন্তেরই বাণী প্রণশণী ওই-যে দিল আনি।।
বকুল ডালের আগায় জ্যোৎয়া যেন ফ্লের স্বপন লাগায়।
কোন্ গোপন কানাকানি প্রণশণী ওই-যে দিল আনি॥
আবেশ লাগে বনে শ্বেতকরবীর অকাল জাগরণে।
ডাকছে থাকি থাকি ঘ্মহারা কোন্ নাম-না-জানা পাখি।
কার মধ্র স্মরণথানি প্রণশণী ওই-যে দিল আনি॥

# 398

সে দিন আমার বলেছিলে আমার সময় হয় নাই
ফিরে ফিরে চলে গেলে তাই॥
তথনো খেলার বেলা— বনে মল্লিকার মেলা,
পল্লবে পল্লবে বার্ম উতলা সদাই॥
আজি এল হেমন্ডের দিন
কুহেলিবিলীন, ভূষণবিহীন।
বেলা আর নাই বাকি, সময় হয়েছে নাকি—
দিনশেষে দ্বারে বসে পথপানে চাই॥

### 394

নমো, নমো, নমো। তুমি ক্ষ্যাতজিন শরণা, অমৃত-অল্ল-ভোগধন্য করো অন্তর মম॥

### 296

শীতের হাওয়ার লাগল নাচন আম্লকীর এই ডালে ডালে।
পাতাগর্নি শির্শিরিয়ে ঝরিয়ে দিল তালে তালে॥
উড়িয়ে দেবার মাতন এসে কাঙাল তারে করল শেষে,
তখন তাহার ফলের বাহার রইল না আর অন্তর্রালে॥
শ্না করে তরে দেওয়া যাহার খেলা তারি লাগি রইন্ বসে সকল বেলা।
শীতের পরশ খেকে খেকে যায় ব্বি ওই ডেকে ডেকে,
সব খোওয়াবার সময় আমার হবে কখন কোনা সকালে॥

#### 199

শিউলি-ফোটা ফ্রোল যেই শীতের বনে এলে যে সেই শ্নাক্ষণে॥ তাই গোপনে সাজিয়ে ডালা দুখের সুরে বরণমালা
গাঁথি মনে মনে শ্লাক্ষণে ॥
দিনের কোলাহলে
ঢাকা সে যে রইবে হদয়তলে—
রাতের তারা উঠবে যবে সুরের মালা বদল হবে
তথন তোমার সনে মনে মনে ॥

### 398

এল যে শীতের বেলা বরষ-পরে।

এবার ফসল কাটো, লও গো ঘরে॥

করো দ্বরা, করো দ্বরা, কাজ আছে মাঠ-ভরা 
দেখিতে দেখিতে দিন আঁধার করে॥

বাহিরে কাজের পালা হইবে সারা

আকাশে উঠিবে যবে সন্ধ্যাতারা—

আসন আপন হাতে পেতে রেখো আভিনাতে

যে সাথি আসিবে রাতে তাহারি তরে॥

### 292

পৌষ তোদের ডাক দিয়েছে, আর রে চলে,
আর আর আর ।
ডালা যে তার ভরেছে আজ পাকা ফসলে,
মরি হা র হা র হার ॥
হাওয়ার নেশার উঠল মেতে দিগ্বধ্রা ধানের ক্ষেতে—
রোদের সোনা ছড়িরে পড়ে মাটির আঁচলে, মরি হা র হা র হার ॥
মাঠের বাশি শানে শানে আকাশ খাশি হল।
ঘরেতে আজ কে রবে গো, খোলো দ্রার খোলো।
আলোর হাসি উঠল জেগে ধানের শিষে শিশির লেগেধরার খাশি ধরে না গো, ওই-যে উথলে, মরি হা র হা র হার॥

#### 2 NO

ছাড় গো তোরা ছাড় গো
আমি চলব সাগর-পার গো॥
বিদায়বেলার একি হাসি, ধর্মল আগমনীর বাশি।
যাবার স্বের আসার স্বের কর্মল একাকার গো॥
সবাই আপন-পানে আমায় আবার কেন টানে।
প্রানো শীত পাতা-ঝরা, তারে এমন ন্তন করা!
মাধ মরিল ফাগ্ন হরে খেরে ফুলের মার গো॥

রঙের খেলার ভাই রে, আমার সময় হাতে নাই রে। তোমাদের ওই সব্জ ফাগে চক্ষে আমার ধাঁদা লাগে, আমায় তোদের প্রাণের দাগে দাগিস নে, ভাই, আর গো॥

#### 2 R.2

আমরা ন্তন প্রাণের চর হা হা।
আমরা থাকি পথে ঘাটে, নাই আমাদের ঘর হা হা॥
নিয়ে পক্ব পাতার পর্নজি পালাবে শীত, ভাবছ ব্নি গো?
ও-সব কেড়ে নেব, উড়িয়ে দেব দখিন-হাওয়ার পর হা হা॥
তোমায় বাঁধব ন্তন ফ্লের মালায়
বসন্তের এই বন্দীশালায়।
জীর্ণ জরার ছন্মর্পে এড়িয়ে যাবে চুপে চুপে?
তোমার সকল ভূষণ ঢাকা আছে, নাই যে অগোচর হা হা॥

### 285

আর নাই যে দেরি, নাই যে দেরি।
সামনে সবার পড়ল ধরা তুমি ষে, ভাই, আমাদেরই॥
হিমের বাহ্-বাঁধন ট্রিট পাগ্লাঝোরা পাবে ছ্রিট,
উত্তরে এই হাওয়া তোমার বইবে উজান কুঞ্জ ঘেরি॥
আর নাই যে দেরি, নাই যে দেরি।
শ্নছ না কি জলে স্থলে জাদ্করের বাজল ভেরী।
দেখছ নাকি এই আলোকে খেলছে হাসি রবির চোখে—
সাদা তোমার শামল হবে, ফিরব মোরা তাই যে হেরি॥

### 240

এ কী মায়া, ল্কাও কায়া জীর্ণ শীতের সাজে।
আমার সয় না প্রাণে, কিছুতে সয় না যে॥
কুপণ হয়ে হে মহারাজ, রইবে কি আজ
আপন ভুবন-মাঝে॥
ব্রুতে নারি বনের বীণা তোমার প্রসাদ পাবে কিনা,
হিমের হাওয়ায় গগন-ভরা ব্যাকুল রোদন বাজে॥
কেন মর্র পারে কাটাও বেলা রসের কান্ডারী।
ল্কিয়ে আছে কোথায় তোমার র্পের ভান্ডারী।
রিক্তপাতা শুক্ক শাথে কোকিল তোমার কই গো ডাকে—
শ্ন্য সভা, মৌন বাণী, আমরা মরি লাজে॥

মোরা ভাঙৰ তাপস, ভাঙৰ তোমার কঠিন তপের বাঁধন—

এবার এই আমাদের সাধন॥

চল্কবি, চল্সঙ্গে জুটে, কাজ ফেলে তুই আয় রে ছুটে,

গানে গানে উদাস প্রাণে

এবার জাগা রে উন্মাদন॥

বকুলবনের মৃদ্ধ হদয় উঠ্ক-না উচ্ছবাসি,

নীলাম্বরের মর্ম-মাঝে বাজাও সোনার বাঁশি।

পলাশরেণ্র রঙ মাখিরে নবাঁন বসন এনেছি এ,

সবাই মিলে দিই ঘ্রিরে

তোমার প্রোনো আচ্ছাদন॥

#### 784

শীতের বনে কোন্ সে কঠিন আসবে বলে
শিউলিগালি ভয়ে মলিন বনের কোলা।
আম্লকী-ডাল সাজল কাঙাল, খাসিয়ে দিল পল্লবজাল,
কাশের হাসি হাওয়ায় ভাসি যায় যে চলে॥
সইবে না সে পাতায় ঘাসে চঞ্চলতা,
তাই তো আপন রঙ ঘ্চালো ঝ্ম্কোলতা।
উত্তরবায় জানায় শাসন, পাতল তপের শাভ্রুক আসন,
সাজ-খসাবার এই লীলা কার অটুরোলো॥

### 286

নমো, নমো, নমো।
নিদ'য় অতি কর্ণা তোমার— বন্ধু, তুমি হে নিম'ম॥
যা-কিছ্ জীপ করিবে দীপ
দ'ভ তোমার দুদ'ম॥

#### 249

হে সম্যাসী,
হিমগির ফেলে নিচে নেমে এলে কিসের জন্য।
কুন্দমালতী করিছে মিনতি, হও প্রসন্তম।
যাহা-কিছু স্লান বিরস জীর্ণ দিকে দিকে দিলে করি বিকীর্ণ।
বিচ্ছেদভারে বনচ্ছায়ারে করে বিষয়— হও প্রসম।
সাজাবে কি ভালা, গাঁখিবে কি মালা মরণসতে।
তাই উত্তরী নিলে ভরি ভরি শ্বকানো পতে?

ধরণী যে তব তাণ্ডবে সাথি প্রলয়বেদনা নিল ব্বকে পাতি। র্দু, এবারে বরবেশে তারে করো গো ধন্য— হও প্রসম।

### 288

নব বসন্তের দানের ভালি এনেছি ভোদেরই দ্বারে,
আর আর আর
পরিবি গলার হারে।।
লতার বাঁধন হারায়ে মাধবী মরিছে কে'দে.
বেণীর বাঁধনে রাখিবি বে'ধে—
অলকদোলায় দোলাবি তারে আয় আয় আয়।
বনমাধুরী করিবি চুরি আপন নবীন মাধুরীতে —
সোহিনী রাগিণী জাগাবে সে তোদের
দেহেব বীণাব তারে তারে. আয় আয় আয়!।

#### 787

এস বসন্ত, ধরাতলে। এস মাহা মাহা নব তান, আন নব প্রাণ নব গান। আন গন্ধমদভৱে অলস সমীরণ। আন িবিশ্বের অন্তরে অন্তরে নিবিড চেত্না। আন নব উল্লাস্তিলোল। আন আন আনন্দ**ছন্দের হিন্দোলা ধরাতলে**। আন ভাঙ বন্ধনশ, তথল। ভাঙ ্যান উন্দীপ্ত প্রা**ণের বে**দনা ধরাত**লে**। আন থরথরকম্পিত মর্মারমার্খারত নবপল্লবপার্কাকত এস আকুল মালতীবল্লীবিতানে— সুখছারে, মধ্বায়ে। ফুল-বিকশিত উন্মাথ, এস চির-উৎসাক নন্দনপথচির্যাতীঃ এস ম্পন্দিত নন্দিত চিন্তনিলয়ে গানে গানে প্রাণে প্রাণে। এস অরুণচরণ কমলবরন তরুণ উযার কোলে। এস জ্যোৎস্মাবিবশ নিশীথে কলকল্লোল তটিনী-তীরে এস সপ্তে সরসী-নীরে। এস এস। সূখ-তড়িং-শিখা-সম ঝঞ্চাচরণে সিন্ধ<u>্রতরঙ্গদোলে।</u> এস এস জাগর মুখর প্রভাতে। এস নগরে প্রান্তরে বনে। এস কর্মে ক্রনে মনে। এস এস। এস মঞ্জীরগ্রন্থার চরণে। এস গতিমখর কলকণ্ঠে। মঞ্জুল মল্লিকামাল্যে। এস কোমল কিশলয়বসনে। এস স,ন্দর, যোবনবেগে। এস

এস দৃশু বীর, নবতেজে।
ওহে দুর্মাদ, কর জরবাত্তা,
চল জরাপরাভব সমরে
পবনে কেশররেণ্ড ছড়ারে,
চঞ্চল কস্তল উড়ারে॥

#### >>0

আজি বসন্ত জাগ্ৰত দারে। তব অবগ্রাপ্তিত ক্রাপ্তিত জীবনে কোরো না বিড়ম্বিত তারে॥ आंकि थ्रीलरहा रुपराप्त थ्रीलरहा, আজি ভূলিয়ো আপন পর ভূলিয়ো. এই সঙ্গীতমুখরিত গগনে গন্ধ তর্রাঙ্গরা তুলিয়ো। তব এই বাহির-ভূবনে দিশা হারায়ে দিয়ো ছড়ায়ে মাধ্রী ভারে ভারে॥ একি নিবিড় বেদনা বনমাঝে আৰু পল্লবে পল্লবে বাজে--দ্বে গগনে কাহার পথ চাহিয়া আজি ব্যাকুল বস্কুরা সাজে। মোর পরানে দবিনবায় লাগিছে, কারে স্বারে স্বর হানি মাগিছে-এই সৌরভবিহ<sub>ব</sub>ল রঙ্গনী কার চরণে ধরণীতলে জাগিছে। ওহে সঃশ্বর বক্সভ, কান্ত, তব গভীর আহ্বান কারে॥

#### 222

এনেছ ওই শিরীষ বকুল আমের মনুকুল সাজিখানি হাতে করে।
কবে যে সব ফ্রিয়ে দেবে, চলে যাবে দিগন্তরে॥
পথিক, তোমার আছে জানা, করব না গো তোমার মানা—
যাবার বেলার যেরো যেরো বিজরমালা মাখার পরে॥
তব্ তুমি আছ যত ক্ষণ
অসীম হয়ে ওঠে হিয়ার তোমারি মিলন।
যখন যাবে তখন প্রাণে বিরহ মোর ভরবে গানে—
দ্রের কথা স্রে বাজে সকল বেলা বাখার ভরে॥

ও মঞ্জরী, ও মঞ্জরী, আমের মঞ্জরী,
আজ হৃদয় তোমার উদাস হয়ে পড়ছে কি ঝরি॥
আমার গান যে তোমার গন্ধে মিশে দিশে দিশে
ফিরে ফিরে ফেরে গ্রেজরি॥
প্রিমাচাঁদ তোমার শাখায় শাখায়
তোমার গন্ধ-সাথে আপন আলো মাখায়।
ওই দখিন-বাতাস গন্ধে পাগল ভাঙল আগল,
ছিরে ছিরে ফিরে সগরি॥

#### 220

কার যেন এই মনের বেদন চৈত্রমাসের উতল হাওয়ার,
ঝ্মকোলতার চিকন পাতা কাঁপে রে কার চম্কে-চাওয়ায়॥
হারিয়ে-যাওয়া কার সে বাণী কার সোহাগের স্মরণখানি
আমের বোলের গঙ্গে মিশে কাননকে আজ কায়া পাওয়ায়॥
কাঁকন-দ্বির রিনিঝিনি কার বা এখন মনে আছে।
সেই কাঁকনের ঝিকিমিকি পিয়ালবনের শাখায় নাচে।
যার চোখের ওই আভাস দোলে নদী-চেউয়ের কোলে কোলে
তার সাথে মোর দেখা ছিল সেই সে কালের তরী-বাওয়ায়॥

#### 228

দোলে প্রেমের দোলন-চাঁপা হৃদয়-আকাশে,
দোল-ফাগ্নের চাঁদের আলোর স্থায় মাথা সে॥
কৃষ্ণরাতের অন্ধনরে বচনহারা ধ্যানের পারে
কোন্ স্বপনের পর্ণপুটে ছিল ঢাকা সে॥
দাখন-হাওয়ায় ছড়িয়ে গেল গোপন রেণ্কা।
গন্ধে তারি ছন্দে মাতে কবির বেণ্কা।
কোমল প্রাণের পাতে পাতে লাগল বে রঙ প্রিমাতে
আমার গানের স্বের স্বুরে রইল আঁকা সে॥

#### 274

অনন্তের বাণী তুমি, বসন্তের মাধ্রী-উৎসবে
আনন্দের মধ্পাত্র পরিপূর্ণ করি দিবে করে॥
বঞ্জবানিকৃঞ্জতলে সন্ধরিবে লীলাচ্ছলে,
চণ্ডল অঞ্চলগন্ধে বনচ্ছায়া রোমাণ্ডিত হবে॥
মন্থর মঞ্জবল ছন্দে মঞ্জীরের গ্রন্থনকক্ষোল
আন্দোলিবে ক্ষণে ক্ষণে অরণ্যের হৃদর্যহিন্দোল।

নয়নপল্লবে হাসি হিল্লোল উঠিবে ভাসি, মিলনমলিকামাল্য পরাইবে পরানবল্লভে ॥

#### 226

এবার এল সময় রে তোর শ্ক্নো-পাতা-ঝরা—
যায় বেলা যায়, রোদ্র হল থরা ॥

অলস শ্রমর ক্লান্তপাখা মলিন ফ্লের দলে
অকারণে দোল দিরে যায় কোন্ থেয়ালের ছলে।
শুন্ধ বিজন ছায়াবীথি বনের-বাথা-ভরা॥
মনের মাঝে গান থেমেছে, স্বর নাহি আর লাগে—
শ্রান্ত বাশি আর তো নাহি জাগে।
যে গেথেছে মালাখানি সে গিয়েছে ভূলে,
কোন্কালে সে পারে গেল স্ন্র নদীক্লে।
রইল রে তোর অসীম আকাশ, অবাধপ্রসার ধরা॥

#### 229

ওরে গৃহবাসী, খোল্ দ্বার খোল্, লাগল যে দোল।

দ্বলে জলে বনতলে লাগল যে দোল।

দ্বার খোল্, দ্বার খোল্॥

রাঙা হাসি রাশি রাশি অশোকে পলাশে,

রাঙা নেশা মেঘে মেশা প্রভাত-আকাশে,

নবীন পাতায় লাগে রাঙা হিল্লোল।

ঘার খোল্, দ্বার খোল্॥

বেণ্বন মর্মরে দখিন বাতাসে,
প্রজাপতি দোলে ঘাসে ঘাসে।

মউমাছি ফিরে যাচি ফ্লের দখিনা,

পাখায় বাজায় তার ভিখারির বীণা,

মাধবীবিতানে বায়্ গঙ্কে বিভোল।

দ্বার খোল্, দ্বার খোল্॥

#### 22 K

একট্রকু ছোঁওয়া লাগে, একট্রকু কথা শ্নি—
তাই দিয়ে মনে মনে রচি মম ফাল্গানী॥
কিছন পলাশের নেশা, কিছন বা চাঁপার মেশা,
তাই দিয়ে স্বরে স্বরে রঙে রসে জাল ব্নি॥
যেট্রকু কাছেতে আসে ক্ষণিকের ফাঁকে ফাঁকে
চকিত মনের কোণে স্বপনের ছবি আঁকে।

ষেট্রকু ষায় রে দ্রে ভাবনা কাঁপার স্বরে, তাই নিয়ে যায় বেলা ন্প্রের তাল গর্ন।

#### 222

ওগো বধ্ স্ন্দরী, তুমি মধ্মঞ্জরী,
প্রাকিত চন্পার লহো অভিনন্দন
পর্গের পাত্রে ফাল্গনেরাতে ম্কুলিত মল্লিকা-মাল্যের বন্ধন।
এনেছি বসন্তের অঞ্জলি গন্ধের,
পলান্দের কৃষ্কুম চাঁদিনির চন্দন—
পার্লের হিল্লোল, শিরীবের হিন্দোল, মঞ্জল বল্লীর বিষ্কম কৎকণউল্লাস-উতরোল বেণ্বনকল্লোল,
কন্দিত কিশলয়ে মলয়ের চুন্বন।
তব আখিপল্লবে দিয়ো আঁকি বল্লভে
গগনের নবনীল স্বপনের অঞ্জন॥

#### ₹00

আমার বনে বনে ধরল মৃকুল.
বহে মনে মনে দক্ষিণহাওয়।
মৌমাছিদের ডানায় ডানায়
যেন উড়ে মোর উংস্ক চাওয়া॥
গোপন স্বপনকুস্মে কে এমন স্বগভীর রঙ দিল একেনব কিশলয়শিহরণে ভাবনা আমার হল ছাওয়া॥
ফাল্গ্নপ্রিমতে
এই দিশাহার। রাতে
নিদ্রাবিহীন গানে কোন্ নির্দ্দেশের পানে
উদ্বেল গন্ধের জোয়ারতরক্ষে হবে মোর তরণী বাওয়া॥

#### 205

'আমি পথভোলা এক পথিক এসেছি।
সন্ধ্যাবেলার চার্মোল গো, সকাল বেলার মল্লিকা,
আমার চেন কি।'
'চিনি ভোমার চিনি, নবীন পাল্থ—
বনে বনে ওড়ে ভোমার রঙিন বসনপ্রান্ত।
ফাগনে প্রাতের উতলা গো, চৈত্র রাতের উদাসী,
ভোমার পথে আমরা ভেসেছি।'
'ঘরছাড়া এই পাগলটাকে এমন করে কে গো ডাকে
কর্ণ গ্ঞার,
যখন বাজিয়ে বীণা বনের পথে বেড়াই সঞ্চার।'

'আমি তোমায় ডাক দিয়েছি ওগো উদাসী, আমি আমের মঞ্চরী।

তোমায় চোখে দেখার আগে তোমার স্বপন চোখে লাগে,

বেদন জাগে গো—

না চিনিতেই ভালো বেসেছি।

'যখন ফ্রিয়ে বেলা চুকিয়ে খেলা তপ্ত ধ্লার পথে যাব ঝরা ফুলের রথে—

তখন সঙ্গ কে লবি।

'লব আমি মাধবী।'

'যখন বিদায়-বাশির স্বের স্বরে শ্ক্নো পাতা ধাবে উড়ে সঙ্গে কে রবি।'

'আমি রব, উদাস হব ওগো উদাসী, আমি তর্ণ করবী।'

'বসন্তের এই লালত রাগে বিদার-ব্যথা লাকিয়ে জাগে--ফাগ্ন দিনে গো কাদন-ভরা হাসি হেসেছি।'

# २०३

আজি দখিন-দ্য়ার খোলা—
এসো হে, এসো হে, এসো হে আমার বসন্ত এসো।
দিব হদয়দোলায় দোলা,
এসো হে, এসো হে, এসো হে আমার বসন্ত এসো।।
নব শ্যামল শোভন রপে এসো বকুলবিছানো পথে,
এসো বাজায়ে ব্যাকুল বেণ্ট্ল মেখে পিয়ালফলের রেণ্ট্র।
এসো হে, এসো হে, এসো হে আমার বসন্ত এসো।।
এসো ঘনপল্লবপ্ঞে এসো হে, এসো হে, এসো হে।
এসো বনমল্লিকাকুঞ্জে এসো হে, এসো হে, এসা হে।
মদ্ম মধ্যুর মদির হেসে এসো পাগল হাওয়ার দেশে,
ভোমার উতলা উত্তরীয় তুমি আকাশে উড়ায়ে দিয়ো—
এসো হে, এসো হে, এসো হে আমার বসন্ত এসো।।

#### 200

বসতে কি শুখু কেবল ফোটা ফুলের মেলা রে।
দৈখিস নে কি শুক্নো-পাতা ঝরা-ফুলের খেলা রে॥
যে ঢেউ উঠে তারি সূরে বাজে কি গান সাগর জুড়ে।
যে ঢেউ পড়ে তাহারও সূর জাগছে সারা বেলা রে।
বসতে আজ দেখুরে তোরা ঝরা ফুলের খেলা রে॥
আমার প্রভূর পারের তলে শুখুই কি রে মানিক জুলে।
চরণে তার লুটিয়ে কাঁদে লক্ষ মাটির ঢেলা রে॥

আমার গ্রের আসন-কাছে স্বোধ ছেলে ক জ্বন আছে। অবোধ জনে কোল দিয়েছেন, তাই আমি তাঁর চেলা রে। উৎসবরাজ দেখেন চেয়ে ঝরা ফুলের খেলা রে॥

#### \$08

ওগো দখিন হাওয়া, ও পথিক হাওয়া, দোদ্ল দোলায় দাও দ্লিয়ে।
ন্তন-পাতার-প্লক-ছাওয়া পরশখানি দাও ব্লিয়ে॥
আমি পথের ধারের ব্যাকুল বেন্ হঠাৎ তোমার সাড়া পেন্ গো—
আহা, এসো আমার শাখায় শাখায় প্রাণের গানের ঢেউ তুলিয়ে॥
ওগো দখিন হাওয়া, ও পথিক হাওয়া পথের ধারে আমার বাসা।
জানি তোমার আসা-যাওয়া, শ্লি তোমার পায়ের ভাষা।
আমায় তোমার ছোঁওয়া লাগলে পরে একট্কুতেই কাঁপন ধরে গো—
আহা, কানে কানে একটি কথায় সকল কথা নেয় ভুলিয়ে॥

## 305

আকাশ আমায় ভরল আলোয়, আকাশ আমি ভরব গানে।
সুরের আবীর হানব হাওয়ায়, নাচের আবীর হাওয়ায় হানে॥
ওরে পলাশ, ওরে পলাশ,
রাঙা রঙের শিখায় শিখায় দিকে দিকে আগনে জবলাস—
আমার মনের রাগ রাগিণী রাঙা হল রঙিন তানে॥
দিখন-হাওয়ায় কুস্মবনের ব্কের কাঁপন থামে না ষে।
নীল আকাশে সোনার আলোয় কচি পাতার ন্প্র বাজে।
ওরে শিরীষ, ওরে শিরীষ,
মৃদ্ হাসির অন্তরালে গন্ধালে শ্না ঘিরিস—
তোমার গন্ধ আমার কপ্ঠে আমার হদর টেনে আনে॥

#### २०७

মোর বীণা ওঠে কোন্ স্রে বাজি কোন নব চণ্ডল ছন্দে।
মম অন্তর কম্পিত আজি নিখিলের হৃদরস্পন্দে॥
আসে কোন্ তর্ণ অশান্ত, উড়ে বসনাণ্ডলপ্রান্ত—
আলোকের নৃত্যে বনান্ত মুখারত অধীর আনন্দে॥
অম্বরপ্রান্তশান্ধে নিঃম্বর মঞ্জীর গ্রে।
অশ্বত সেই তালে বাজে করতালি পল্লবপ্রে।
কার পদপরশন-আশা ত্লে ত্লে অপিল ভাষা—
সমীরণ বন্ধনহারা উন্মন কোন্ বনগরো॥

ওরে ভাই, ফাগ্ন লেগেছে বনে বনে—
ডালে ডালে ফ্লে ফলে পাতার পাতার রে,
আড়ালে আড়ালে কোণে কোণে॥
রঙে রঙে রঙিল আকাশ, গানে গানে নিখিল উদাস—
যেন চলচণ্ডল নব পপ্লবদল মর্মারে মোর মনে মনে॥
হেরো হেরো অবনীর রঙ্গ,
গগনের করে তপোভঙ্গ।
হাসির আঘাতে তার মৌন রহে না আর,
কেপে কেপে ওঠে খনে খনে।
বাতাস ছ্টিছে বনমর রে, ফ্লের না জানে পরিচর রে।
তাই ব্ঝি বারে বারে কুঞ্রের দ্বারে দ্বারে

#### **308**

এত দিন যে বর্সোছলেম পথ চেয়ে আর কাল গানে
দেখা পেলেম ফালগানে॥
বালক বারের বেশে তুমি করলে বিশ্বস্কর—
একি গো বিস্মর।
অবাক্ আমি তর্ণ গলার গান শানে॥
গান্ধে উদাস হাওয়ার মতো উড়ে তোমার উত্তরী,
কর্ণে তোমার কৃষ্ণচ্ডার মঞ্জরী।
তর্ণ হাসির আড়ালে কোন্ আগান ঢাকা রয়—
একি গো বিস্মর।
অস্ত তোমার গোপন রাখো কোন্ ত্লো॥

#### 202

বসস্তে ফ্ল গাঁথল আমার জয়ের মালা।
বইল প্রাণে দখিন-হাওয়া আগন্ন-জন্বলা॥
পিছের বাঁলি কোলের ঘরে মিছে রে ওই কে'দে মরে—
মরণ এবার আনল আমার বরণডালা॥
যৌবনেরই ঝড় উঠেছে আকাশ-পাতালে।
নাচের তালের ঝঙ্কারে তার আমায় মাতালে।
কুড়িয়ে নেবার ঘ্চল পেশা, উড়িয়ে দেবার লাগল নেশা—
আরাম বলে 'এল আমায় যাবার পালা'॥

ওরে আয় রে তবে, মাত্ রে সবে আনন্দে
আজ নবীন প্রাণের বসস্তে॥
পিছন-পানের বাঁধন হতে চল্ ছুটে আজ বন্যাস্ত্রোতে,
আপনাকে আজ দখিন-হাওয়ায় ছড়িয়ে দে রে দিগস্তে॥
বাঁধন যত ছিল্ল করো আনন্দে
আজ নবীন প্রাণের বসস্তে।
অক্ল প্রাণের সাগর-তীরে ভয় কী রে তোর ক্লয়-ক্লতিরে।
যা আছে রে সব নিয়ে তোর ঝাঁপ দিয়ে পড়া অনস্তে॥

#### 255

বসস্ত, তোর শেষ করে দে, শেষ করে দে, শেষ করে দে রক্ষ—
ফুল ফোটাবার খ্যাপামি, তার উন্দামতরক্ষ॥
উড়িয়ে দেবার ছড়িয়ে দেবার মাতন তোমার থাম্ক এবার,
নীড়ে ফিরে আস্ক তোমার পথহারা বিহক।।
তোমার সাধের মুকুল কতই পড়ল ঝরে—
তারা ধুলা হল, তারা ধুলা দিল ভরে।
প্রথব তাপে জরোজরো ফল ফলাবার সাধন ধরো,
হেলাফেলার পালা তোমার এই বেলা হোক ভক্ষ॥

## २५२

দিনশেষে বসন্ত যা প্রাণে গেল বলে
তাই নিয়ে বসে আছি, বাঁণাখানি কোলে॥
তারি সরে নেব ধরে
আমারি গানেতে ভরে,
ঝরা মাধবীর সাথে যায় সে যে চলে॥
থামো থামো দখিনপবন,
কী বারতা এনেছ তা কোরো না গোপন।
যে দিনেরে নাই মনে তুমি তারি উপবনে
কী ফুল পেয়েছ খুঁছে গান্ধে প্রাণ ভোলে॥

# 230

সব দিবি কে সব দিবি পায়, আয় আয় আয় । ডাক পড়েছে ওই শোনা যায় 'আয় আয় আয়'॥ আসবে যে সে স্বর্ণরথে— জাগবি কারা রিক্ত প্রথে পৌষ-রজনী তাহার আশার, আয় আয় আয় । ক্ষণেক কেবল তাহার খেলা, হায় হায় হায়। তার পরে তার যাবার বেলা, হায় হায় হায়। চলে গেলে জাগবি যবে ধনরতন বোঝা হবে— বহন করা হবে যে দায়, আয় আয় আয় ॥

## **₹58**

বাকি আমি রাখব না কিছ্ই—
তোমার চলার পথে পথে ছেয়ে দেব ভূ'ই।।
ওগো মোহন, তোমার উত্তরীয় গল্ধে আমার ভরে নিয়ো,
উজাড় করে দেব পায়ে বকুল বেলা জ্বই॥
দিখন-সাগর পার হয়ে যে এলে পথিক তুমি,
আমার সকল দেব অতিথিরে আমি বনভূমি।
আমার কুলায়-ভরা রয়েছে গান, সব তোমারেই করেছি দান-দেবার কাঙাল করে আমায় চরণ যখন ছুবই॥

## 236

ফল ফলাবার আশা আমি মনে রাখি নি রে।
আজ আমি তাই মৃকুল ঝরাই দক্ষিণসমীরে॥
বসন্তগান পাখিরা গায়়, বাতাসে তার সূর ঝরে যায়—
মৃকুল-ঝরার ব্যাকুল খেলা আমারি সেই রাগিণগীরে॥
জানি নে ভাই, ভাবি নে তাই কী হবে মোর দশা
বখন আমার সারা হবে সকল ঝরা খসা।
এই কথা মোর শ্না ডালে বাজবে সে দিন তালে তালে—
'চরম দেওয়ায় সব দির্ছেছ মধ্র মধ্যামিনীরে'॥

#### 236

যদি তারে নাই চিনি গো সে কি আমায় নেবে চিনে
এই নব ফাল্যনের দিনে— জানি নে, জানি নে॥
সে কি আমার কু'ড়ির কানে কবে কথা গানে গানে,
পরান তাহার নেবে কিনে এই নব ফাল্যনের দিনে—
জানি নে, জানি নে॥
সে কি আপন রঙে ফ্ল রাঙাবে।
সে কি মর্মে এসে ঘ্র ভাঙাবে।
ঘোমটা আমার নতুন পাতার হঠাৎ দোলা পাবে কি তার.

গোপন কথা নেবে জিনে এই নব ফাল্যেনের দিনে— জানি নে, জানি নে॥

ধীরে ধীরে ধীরে বও ওগো উতল হাওয়া,
নিশীথরাতের বাঁশি বাজে—শাস্ত হও গো শাস্ত হও ॥
আমি প্রদীপশিখা তোমার লাগি ভয়ে ভরে একা জাগি,
মনের কথা কানে কানে মৃদ্ মৃদ্ কও॥
তোমার দ্রের গাথা তোমার বনের বাণী
ঘরের কোণে দেহো আনি।
আমার কিছু কথা আছে ভোরের বেলার তারার কাছে,
সেই কথাটি তোমার কানে চুপিচুপি লও॥

#### 228

দথিন-হাওয়া জাগো জাগো, জাগাও আমার সুপ্ত এ প্রাণ।
আমি বেণু, আমার শাখায় নীরব যে হায় কত-না গান। জাগো জাগো ৯
পথের ধারে আমার কারা ওগো পথিক বাঁধন-হারা,
নৃত্য তোমার চিত্তে আমার মুক্তি-দোলা করে যে দান। জাগো জাগো ॥
গানের পাখা যখন খুলি বাধা-বেদন তখন ভুলি।
যখন আমার বুকের মাঝে তোমার পথের বাঁশি বাজে
বন্ধ ভাঙার ছন্দে আমার মৌন-কাঁদন হয় অবসান। জাগো জাগো॥

#### 665

সহসা ডালপালা তোর উতলা যে ও চাঁপা, ও করবী!
কারে তুই দেখতে পেলি আকাশ-মাঝে জানি না যে॥
কোন্ স্রের মাতন হাওয়ায় এসে বেড়ায় ভেসে ও চাঁপা, ও করবী!
কার নাচনের ন্প্র বাজে জানি না যে॥
তোরে ক্ষণে ক্ষণে চমক লাগে।
কোন্ অজানার ধেয়ান ভোমার মনে জাগে।
কোন্ বঙের মাতন উঠল দলে ফলে ফলে ফলে ও চাঁপা, ও করবী!
কে সাজালে রঙিন সাজে জানি না যে॥

#### 220

সে কি ভাবে গোপন রবে ল্বিকয়ে হদয় কাড়া।
তাহার আসা হাওয়ায় ঢাকা, সে যে স্চিইছাড়া।
হিয়ায় হিয়ায় জাগল বাণী, পাতায় পাতায় কানাকানি—
'ওই এল যে' 'ওই এল ষে' পরান দিল সাড়া।।
এই তো আমার আপ্নারই এই ফ্লে-ফোটানোর মাঝে
তারে দেখি নয়ন ভরে নানা রঙের সাজে।

এই-যে পাখির গানে গানে চরণধর্নি বরে আনে, বিশ্ববীণার তারে তারে এই তো দিল নাড়া॥

#### 223

ভাঙল হাসির বাঁধ।
অধীর হয়ে মাতল কেন প্রণিমার ওই চাঁদ॥
উতল হাওয়া ক্ষণে ক্ষণে মাকুল-ছাওয়া বকুলবনে
দোল দিয়ে যায় পাতায় পাতায়, ঘটায় পরমাদ॥
ঘ্মের আঁচল আকুল হল কী উল্লাসের ভরে।
স্বপন যত ছড়িয়ে পল দিকে দিগস্তরে।
আজ রাতের ওই পাগলামিরে বাঁধবে বলে কে ওই ফিরে,
শালবীথিকায় ছায়া গেখে তাই পেতেছে ফাঁদ॥

## २२२

ও আমার চাঁদের আলো, আজ ফাগন্নের সন্ধ্যাকালে
ধরা দিয়েছ যে আমার পাতার পাতার ডালে ডালে॥
যে গান তোমার স্বেরে ধারায় বন্যা জাগায় তারায় তারায়
মোর আভিনায় বাজল সে স্ব আমার প্রাণের তালে তালে॥
সব কুণিড় মোর ফ্টে ওঠে তোমার হাসির ইশারাতে।
দথিন-হাওরা দিশাহারা আমার ফ্লের গদ্ধে মাতে।
শ্রু. তুমি করলে বিলোল আমার প্রাণে রঙের হিলোল,
মম্বিত মর্ম আমার জড়ায় তোমার হাসির জালে॥

#### २२०

কে দেবে, চাঁদ. তোমার দোলা—
আপন আলোর স্বপন-মাঝে বিভোল ভোলা॥
কেবল তোমার চোখের চাওয়ায় দোলা দিলে হাওয়ায় হাওয়ায়.
বনে বনে দোল জাগালো ওই চাহনি তুফান-তোলা॥
আজ মানসের সরোবরে
কোন্ মাধ্রীর কমলকানন দোলাও তুমি ঢেউয়ের 'পরে।
তোমার হাসির আভাস লেগে
বিশ্ব-দোলন দোলার বেগে
উঠল জেগে আমার গানের কল্লোলনী কলরোলা॥

#### 228

শ্ক্নো পাতা কে যে ছড়ায় ওই দ্রে। উদাস-করা কোন্ স্বরে॥ ঘর-ছাড়া ওই কে বৈরাগী জানি না যে কাহার লাগি,
ক্ষণে ক্ষণে শ্ন্য বনে যায় ঘ্রেয়।
চিনি চিনি যেন ওরে হয় মনে,
ফিরে ফিরে যেন দেখা ওর সনে।
ছম্মবেশে কেন খেল, জীর্ণ এ বাস ফেলো ফেলো—
প্রকাশ করে। চিরন্তন বন্ধরে।

## 226

তোমার বাস কোথা যে পথিক ওগো, দেশে কি বিদেশে।
তুমি হৃদয়-প্র্-করা ওগো, তুমিই সর্বনেশে॥
'আমার বাস কোথা যে জান না কি,
শ্বাতে হয় সে কথা কি
ও মাধবী, ও মালতী!'
হয়তো জানি, হয়তো জানি নে,
মোদের বলে দেবে কে সে॥
মনে করি, আমার তুমি, ব্রঝি নও আমার।
বলো বলো, বলো পথিক, বলো তুমি কার।
'আমি তারি যে আমারে যেমনি দেখে চিনতে পারে,
ও মাধবী, ও মালতী!'
হয়তো চিনি, হয়তো চিনি, হয়তো চিনি নে,
মোদের বলে দেবে কে সে॥

## २२७

আজ দখিন-বাতাসে

নাম-না-জানা কোন্ বনফ্ল ফ্টল বনের ঘাসে।

'ও মোর পথের সাথি পথে পথে গোপনে বায় আসে।'

কৃষ্চ্ডা চ্ডার সাজে, বকুল তোমার মালার মাঝে,

শিরীষ তোমার ভরবে সাজি ফ্টেছে সেই আশে।

'এ মোর পথের বাশির স্বের স্বের ল্কিয়ে কাঁদে হাসে

ওরে দেখ বা নাই দেখ, ওরে যাও বা না যাও ভূলে।

ওরে নাই বা দিলে দোলা, ওরে নাই বা নিলে তুলে।

সভার তোমার ও কেহ নর, ওর সাথে নেই ঘরের প্রণর,

যাওয়া-আসার আভাস নিয়ে রয়েছে এক পাশে।

'ওগো ওর সাথে মোর প্রাণের কথা নিশ্বাসে নিশ্বাসে।'

#### 229

বিদায় যখন চাইবে তুমি দক্ষিণসমীরে তোমায় ডাকব না তো ফিরে॥ করব তোমায় কী সন্তাবণ কোথার ভোমার পাতব আসন পাতা-ঝরা কুস্ম-ঝরা নিকুঞ্চকুটিরে॥ ভূমি আপনি যখন আস তখন আপনি কর ঠাই— আপনি কুস্ম ফোটাও, মোরা তাই দিয়ে সাজাই। ভূমি যখন যাও চলে যাও সব আয়োজন হয় যে উধাও— গান ঘ্চে যায়, রঙ মুছে যায়, তাকাই অগ্রনীরে॥

#### 224

এ বেলা ভাক পড়েছে কোন্খানে
ফাগ্নের ক্লান্ত ক্ষণের শেষ গানে॥
সেথানে শুদ্ধ বীণার তারে তারে স্বরের খেলা ভূব সাঁতারে—
সেখানে চোখ মেলে যার পাই নে দেথা
তাহারে মন জানে গো মন জানে॥
এ বেলা মন যেতে চায় কোন্খানে
নিরালার লুপ্ত পথের সন্ধানে।
সেখানে মিলন্দিনের ভোলা হাসি লুকিয়ে বাজায় কর্ণ বাঁশি,
সেখানে যে কথাটি হয় নি বলা সে কথা রয় কানে গো রয় কানে॥

#### २२५

না, যেয়ো না, যেয়ো নাকো।
মিলনপিয়াসী মোরা— কথা রাখো, কথা রাখো॥
আজো বকুল আপনহারা—হায় রে ফ্ল-ফোটানো হয় নি সারা,
সাজি ভরে নি।
পথিক ওগো, থাকো থাকো॥
চাঁদের চোখে জাগে নেশা,
তার আলো গানে গন্ধে মেশা।
দেখো চেয়ে কোন্ বেদনায় হায় রে মল্লিকা ওই য়য় চলে য়য়
অভিমানিনী।
পথিক, তারে ডাকো ডাকো॥

#### 200

এবার বিদায়বেলার সূত্র ধরো ধরো ও চাঁপা, ও করবী!
তোমার শেষ ফুলে আজ্ঞ সাজি ভরো॥
যাবার পথে আকাশতলে মেঘ রাঙা হল চোখের জলে,
বরের পাতা করোঝরো॥

হেরো হেরো ওই রুদ্র রবি
স্বশ্ধ ভাঙায় রক্তছবি।
থেয়াতরীর রাঙা পালে আজ লাগল হাওয়া ঝড়ের তালে,
বেণ্বেনের বাাকুল শাখা থরোথরো॥

## 205

আজ খেলা ভাঙার খেলা খেলবি আয়,
সাথের বাসা ভেঙে ফেলবি আয়।।
মিলনমালার আজ বাঁধন তো ট্টবে,
ফাগ্মন-দিনের আজ স্বপন তো ছ্টবে—
উধাও মনের পাখা মেলবি আয়।।
অন্তাগিরির ওই শিখরচাড়ে
ঝড়ের মেঘের আজ ধ্মজা উড়ে।
কালবৈশাখীর হবে যে নাচন,
সাথে নাচুক তোর মরণ বাঁচন—
হাসি কাঁদন পায়ে ঠেলবি আয়॥

## २०२

আজ কি তাহার বারতা পেল রে কিশলয়।
ওরা কার কথা কয় বনময়॥
আকাশে আকাশে দ্রে দ্রে স্বের স্বের
কোন্ পথিকের গাহে জয়॥
যেথা চাঁপা-কোরকের শিখা জবলে
বিল্লিম্খর ঘন বনতলে,
এসো কবি, এসো, মালা পরো, বাঁশি ধরো—
হোক গানে গানে বিনিময়॥

# 200

চরণরেখা তব যে পথে দিলে লেখি
চিহ্ন আজি তারি আপনি ঘুচালে কি॥
অশোকরেণ্যুনি রাঙালো যার ধ্লি
তারে যে তৃণতলে আজিকে লীন দেখি॥
ফুরায় ফুল-ফোটা, পাখিও গান ভোলে,
দখিনবায় সেও উদাসী যায় চলে।
তব্ কি ভরি তারে অমৃত ছিল না রে—
স্মরণ তারো কি গো মরণে যাবে ঠেকি॥

# প্ৰকৃতি

#### 308

নমো নমো, নমো নমো, নমো নমো, তুমি স্ক্রেডম।
নমো নমো নমো।
দ্র হইল দৈন্যক্রম, ছিল্ল হইল দ্বংখবন্ধ—
উৎসবপতি মহানন্দ তুমি স্ক্রেডমা।

## 206

তোমার আসন পাতব কোথার হে অতিথি।
ছেরে গেছে শ্কনো পাতার কাননবীথি॥
ছিল ফ্টে মালতীফ্ল কুন্দকলি;
উত্তরবায় লঠ করে তার গেল চলি,
হিমে বিবশ বনন্থলী বিরলগীতি
হে অতিথি॥
সূত্র-ভোলা ওই ধরার বাঁশি লটোর ভূ'রে,
মর্মে তাহার তোমার হাসি দাও-না ছু'রে।
মাতবে আকাশ নবীন রঙের তানে তানে,
পলাশ বকুল ব্যাকুল হবে আন্ধাননে,
জাগবে বনের মৃদ্ধ মনে মধ্র স্মৃতি
হে অতিথি॥

## 204

রঙ লাগালে বনে বনে,
তেউ জাগালে সমীরণে॥
আজ ভূবনের দ্য়ার খোলা, দোল দিরেছে বনের দোলা—
কোন্ ভোলা সে ভাবে-ভোলা খেলায় প্রাঙ্গণে॥
আন্ বাশি তোর আন্রে, লাগল স্রের বান রে।
বাতাসে আজ দে ছড়িয়ে শেষ বেলাকার গান্ রে॥
সন্ধ্যাকাশের বৃক-ফাটা স্ব বিদায়-রাতি করবে মধ্র—
মাতল আজি অন্তসাগর স্রের প্লাবনে॥

## २७१

মন যে বলে চিনি চিনি যে গন্ধ বর এই সমীরে।
কে ওরে কর বিদেশিনী চৈত্তরাতের চার্মেলিরে।
রক্তে রেখে গেছে ভাষা,
স্বপ্নে ছিল যাওরা-আসা—
কোন্ যুগে কোন্ হাওরার পথে, কোন্ বনে, কোন্ সিন্ধতীরে।

এই স্দুরে পরবাসে
ওর বাশি আজ প্রাণে আসে।
মোর প্রাতন দিনের পাখি
ডাক শুনে তার উঠল ডাকি,
চিত্ততলে জাগিয়ে তোলে অগ্র্জলের ভৈরবীরে॥

#### SOR

বকুলগন্ধে বন্যা এল দখিন-হাওয়ার স্লোতে।
প্রেপধন, ভাসাও তরী নন্দনতীর হতে॥
পলাশকলি দিকে দিকে তোমার আখর দিল লিখে,
চণ্ডলতা জাগিয়ে দিল অরণ্যে পর্বতে॥
আকাশ-পারে পেতে আছে একলা আসনখানি—
নিত্যকালের সেই বিরহীর জাগল আশার বাণী।
পাতায় পাতায় ঘাসে ঘাসে নবীন প্রাণের পত্র আসে,
পলাশ জবায় কনক-চাঁপায় অশোকে অশ্বথে॥

#### २०५

বাসন্তী, হে ভুবনমোহনী,
দিকপ্রান্তে, বনবনান্তে,
শ্যাম প্রান্তরে, আম্রছারে,
সরোবরতীরে নদীনীরে,
নীল আকাশে, মলরবাতাসে
ব্যাপিল অনন্ত তব মাধ্রী॥
নগরে গ্রামে কাননে, দিনে নিশীথে,
পিকসঙ্গীতে, নৃতাগীতকলনে বিশ্ব আনন্দিত।
ভবনে ভবনে বীণাতান রণ-রণ-ঝংকৃত।
মধ্মদমোদিত হদয়ে হদয়ে রে
নবপ্রাণ উচ্ছেনিল আজি,
বিচলিত চিত উচ্ছলি উন্মাদনা
ঝন-কন ঝনিল মঞ্জীরে মঞ্জীরে॥

#### ₹80

আন্ গো তোরা কার কী আছে,
দেবার হাওয়া বইল দিকে দিগস্তরে—
এই স্সময় ফ্রায় পাছে॥
কুঞ্জবনের অঞ্জলি যে ছাপিয়ে পড়ে,
পলাশকানন থৈর্য হারায় রঙের ঝড়ে,
বেণ্রে শাখা তালে মাতাল পাতার নাচে॥

প্রজাপতি রঙ ভাসালো নীলাম্বরে,
মৌমাছিরা ধর্নি উড়ার বাতাস-'পরে।
দিখন-হাওয়া হে'কে বেড়ার 'জাগো জাগো',
দোরেল কোয়েল গানের বিরাম জানে না গো—
রক্ত রঙের জাগল প্রলাপ অশোক-গাছে॥

#### \$85

ফাগ্ন, হাওয়ায় হাওয়ায় করেছি বে দান-তোমার হাওরার হাওরার করেছি বে দান— আপনহারা প্রাণ, আমার বাঁধন-ছে'ডা প্রাণ। আমার তোমার অশোকে কিংশকে অলক্ষা রঙ লাগল আমার অকারণের সূথে. ঝাউয়ের দোলে মমরিরা ওঠে আমার দঃখরাতের গান॥ তোমার রজনীগন্ধায় পূৰ্ণিমাসক্ষায় র পসাগরের পারের পানে উদাসী মন ধার। প্রজাপতির পাখা ্ আকাশ-চাওয়া মৃদ্ধ চোখের রঙিন-স্বপন-মাধা। আমার তোমার চাঁদের আলোয় মিলায় আমার দুঃ<del>খসুখের সকল</del> অবসান॥

## 181

নিবিড় অমা-তিমির হতে বাহির হল জোয়ার-স্রোতে
শ্রুরাতে চাঁদের তরণী।
ভরিল ভরা অর্প ফুলে, সাজালো ডালা অমরাক্লে
আলোর মালা চামেলি-বরনী॥
তিথির পরে তিথির ঘাটে আসিছে তরী দোলের নাটে,
নীরবে হাসে স্বপনে ধরণী।
উংস্বের প্সরা নিয়ে প্রিমার ক্লেতে কি এ
ভিড়িল শেষে তন্দাহরণী॥

#### \$80

হে মাধবী, বিধা কেন, আসিবে কি ফিরিবে কি—
আঙিনাতে বাহিরিতে মন কেন গেল ঠেকি॥
বাতাসে লুকারে থেকে কে যে তোরে গেছে ডেকে.
পাতার পাতার তোরে পচ সে যে গেছে লেখি॥
কথন্ দখিন হতে কে দিল দ্রার ঠেলি,
চমকি উঠিল জাগি চার্মোল নরন মেলি।

বকুল পেয়েছে ছাড়া, করবী দিয়েছে সাড়া, শিরীষ শিহরি উঠে দ্রে হতে কারে দেখি॥

## \$88

ওরা অকারণে চণ্ণল।

ডালে ডালে দোলে বার্হিল্লোলে নব পল্লবদল॥

ছড়ায়ে ছড়ায়ে ঝিকিমিক আলো

দিকে দিকে ওরা কী খেলা খেলালো,

মর্মরতানে প্রাণে ওরা আনে কৈশোরকোলাহল॥

ওরা কান পেতে শোনে গগনে গগনে

নীরবের কানাকানি,

নীলিমার কোন্ বাণী।

ওরা প্রাণঝরনার উচ্ছল ধার, ঝিরয়া ঝিরয়া বহে অনিবার,

চিব তাপসিনী ধরণীর ওরা শ্যামশিখা হোমানল॥

## \$86

#### 286

বেদনা কী ভাষায় রে

মর্মে মমর্নির গ্রন্থারি বাজে॥
সে বেদনা সমীরে সমীরে সঞ্চারে,
চণ্ডল বেগে বিশ্বে দিল দোলা॥
দিবানিশা আছি নিদ্রাহরা বিরহে
তব নন্দনবন-অঙ্গনম্বারে,
মনোমোহন বন্ধ্ব—
আকুল প্রাণে
পারিক্বাতমালা সুগন্ধ হানে॥

চলে যায় মরি হায় বসন্তের দিন।
দ্রে শাথে পিক ডাকে বিরামবিহীন॥
অধীর সমীর-ভরে উচ্ছনিস বকুল ঝরে,
গন্ধ-সনে হল মন স্দ্রের বিলীন॥
প্লেকিত আম্রবীথি ফাল্স্নেরই তাপে,
মধ্করগ্প্পরণে ছায়াতল কাঁপে।
কেন আজি অকারণে সারা বেলা আনমনে
প্রানে বাজায় বীণা কে গো উদাসীন॥

# \$8¥

বসন্তে বসন্তে তোমার কবিরে দাও ভাক—
বার বদি সে বাক॥
রইল তাহার বাণী রইল ভরা সুরে, রইবে না সে দ্রে—
হদর তাহার কুঞ্চে তোমার রইবে না নির্বাক্॥
ছদ্দ তাহার রইবে বেচে
কিশলয়ের নবীন নাচে নেচে নেচে॥
তারে তোমার বীণা বার না যেন ভুলে,
তোমার ফুলে ফুলে
মধ্করের গ্লেগ্লেগে বেদনা তার পাক্॥

#### \$85

যথন মল্লিকাবনে প্রথম ধরেছে কলি
তোমার লাগিয়া তর্থান, বন্ধ্ব, বে'ধেছিন্ব অঞ্জলি॥
তথনো কুহেলিজালে,
সথা, তর্গী উষার ভালে
শিশিরে শিশিরে অর্ণমালিকা উঠিতেছে ছলোছলি॥
এখনো বনের গান বন্ধ্ব, হয় নি তো অবসান—
তব্ব এখনি ষাবে কি চলি।
ও মোর কর্ণ বল্লিকা,
ও তোর শ্রাস্ত মাল্লিকা
করো-ঝরো হল, এই বেলা তোর শেষ কথা দিস বলি॥

## 260

ক্লান্ত যখন আয়ুকলির কাল, মাধবী ঝরিল ভূমিতলে অবসন্ন, সৌরভধনে তখন ভূমি হে শালমঞ্জরী বসন্তে কর ধন্য॥ সান্ত্রনা মাগি দাঁড়ায় কুঞ্জভূমি রিক্ত বেলায় অণ্ডল যবে শ্না— বনসভাতলে সবার উধের তুমি, সব-অবসানে তোমার দানের প্রাণা।

#### 265

তুমি কিছু দিয়ে যাও মোর প্রাণে গোপনে গো—
ফুলের গন্ধে, বাঁশির গানে, মর্মারমুখরিত পবনে॥
তুমি কিছু নিয়ে যাও বেদনা হতে বেদনে—
যে মোর অগ্রু হাসিতে লীন, যে বাণী নীরব নয়নে॥

## २६२

আজি এই গন্ধবিধ্র সমীরণে
কার সন্ধানে ফিরি বনে বনে॥
আজি ক্ষুদ্ধ নীলাম্বরমাঝে একি চণ্ডল দেশন বাজে।
স্দ্র দিগন্তের সকর্ণ সঙ্গীত লাগে মোর চিন্তার কাজে—
আমি খ্লি কারে অন্তরে মনে গন্ধবিধ্র সমীরণে॥
ওগো, জানি না কী নন্দনরাগে
স্থে উৎস্ক যৌবন জাগে।
আজি আয়ুম্কুলসৌগন্ধে, নব পল্লবমর্ম রছন্দে,
চন্দ্রকিরণস্থাসিণ্ডিত অন্বরে অশ্রুসরস মহানন্দে,
আমি প্লকিত কার পরশনে গন্ধবিধ্র সমীরণে॥

#### 260

এবার ভাসিয়ে দিতে হবে আমার এই তরী—
তীরে বসে যার যে বেলা, মরি গো মরি॥
ফ্ল-ফোটানো সারা করে বসস্ত যে গেল সরে,
নিয়ে ঝরা ফ্লের ভালা বলো কী করি॥
জল উঠেছে ছল্ছলিয়ে, টেউ উঠেছে দ্লে,
মমরিয়ে ঝরে পাতা বিজন তর্ম্লে।
শ্লামনে কোথায় তাকাস।
ওরে সকল বাতাস সকল আকাশ
আজি ওই পারের ওই বাশির স্বের উঠে শিহরি॥

#### 848

বসন্তে আজ ধরার চিন্ত হল উতলা, বৃকের 'পরে দোলে রে তার পরানপৃতলা।। আনন্দেরই ছবি দোলে দিগস্তেরই কোলে কোলে, গান দুলিছে নীল-আকাশের-হৃদয়-উথলা।। আমার দুটি মুদ্ধ নয়ন নিদ্রা ভূলেছে।
আজি আমার হৃদয়দোলায় কে গো দুলিছে।
দুলিয়ে দিল সুখের রাশি লাকিয়ে ছিল যতেক হাসি—
দুলিয়ে দিল জনম-ভরা ব্যথা অতলা॥

#### 266

তুমি কোন্ পথে যে এলে পথিক, আমি দেখি নাই তোমারে।
হঠাং স্বপন-সম দেখা দিলে বনেরই কিনারে॥
ফাগ্নে যে বান ডেকেছে মাটির পাথারে।
তোমার সব্জ পালে লাগল হাওয়া, এলে জোয়ারে।
ভেসে এলে জোয়ারে, যৌবনের জোয়ারে॥
কোন্ দেশে যে বাসা তোমার কে জানে ঠিকানা।
কোন্ গানের স্বেরর পারে, তার পথের নাই নিশানা।
তোমার সেই দেশেরই তরে আমার মন যে কেমন করে,
তোমার মালার গম্ধে তারি আভাস আমার প্রাণে বিহারে॥

## २६७

অনেক দিনের মনের মানুষ ষেন এলে কে
কোন্ ভূলে-যাওয়া বসস্ত থেকে॥
যা-কিছ্ সব গেছ ফেলে খ্রুতে এলে হদরে,
পথ চিনেছ চেনা ফ্লের চিহ্ন দেখে॥
ব্বি মনে তোমার আছে আশা—
আমার ব্যথায় তোমার মিলবে বাসা।
দেখতে এলে সেই-ষে বীণা বাজে কিনা হদরে,
তারগুলি তার ধুলায় ধুলায় গেছে কি চেকে॥

## 269

প্রোতনকে বিদার দিলে না যে ওগো নবীন রাজা।
শ্ধ্ বাঁশি তোমার বাজালে তার পরান-মাঝে ওগো নবীন রাজা॥
মন্ত যে তার লাগল প্রাণে মোহন গানে হার,
বিকশিয়া উঠল হিয়া নবীন সাজে ওগো নবীন রাজা॥
তোমার রঙে দিলে তুমি রাভিয়া ও তার আভিয়া ওগো নবীন রাজা।
তোমার মালা দিলে গলে খেলার ছলে হায়—
তোমার স্বরে স্বের তাহার বীণা বাজে ওগো নবীন রাজা॥

বারে নবরে বারে নারে বারে বারের বার্ত্র বার্না।
আর আর আর আর আর সেরসের স্থার হৃদর ভর্-না।।
সেই মৃক্ত বন্যাধারার ধারার চিত্ত মৃত্যু-আবেশ হারার,
ও সেই রসের পরশ পেয়ে ধরা নিত্যনবীনবর্ণা।।
তার কলধননি দখিন-হাওয়ায় ছড়ায় গগনময়,
মমরিয়া আসে ছুটে নবীন কিশলয়।
বানের বীণায় বীণায় ছব্দ জাগে বসন্তপগ্রমের রাগে,
ও সেই স্রের স্বের স্বর মিলিয়ে আনন্দগান ধর্-না।।

#### 262

প্রতিলের পানে তাকাই অস্তাচলের ধারে আসি।
ভাক দিয়ে যার সাড়া না পাই ভার লাগি আজ বাজাই বাঁশি॥
যখন এ ক্ল যাব ছাড়ি, পারের খেয়ায় দেব পাড়ি,
মোর ফাগনের গানের বোঝা বাঁশির সাথে যাবে ভাঙ্গি॥
সেই-যে আমার বনের গাল রঙিন ফ্লে ছিল আঁকা
সেই ফ্লেরই ছিল্ল দলে চিহ্ন যে তার পড়ল ঢাকা।
মাঝে মাঝে কোন্ বাতাসে চেনা দিনের গন্ধ আসে,
হঠাং ব্কে চমক লাগায় আধ-ভোলা সেই কালাহাসি॥

#### 260

নীল আকাশের কোণে কোণে ওই বৃঝি আজ শিহর লাগে. আহা।
শাল-পিয়ালের বনে বনে কেমন যেন কাঁপন জাগে, আহা।।
স্কুরে কার পায়ের ধর্নি গণি গণি দিন-রজনী
ধরণী তার চরণ মাগে, আহা।।
দিখন-হাওয়া ক্ষণে ক্ষণে কেন ডাকিস 'জাগো জাগো'।
ফিরিস মেতে শিরীষবনে, শোনাস কানে কোন্ কথা গো।
শ্নো তোমার ওগো প্রিয় উত্তরীয় উড়ল কি ও
রবির আলোর রঙিন রাগে. আহা।।

## 265

মাধবী হঠাৎ কোথা হতে এল ফাগ্ন-দিনের স্লোতে। এনে হেসেই বলে, 'ষা ই ষা ই ঘাই।' পাতারা ঘিরে দলে দলে তারে কানে কানে বলে, 'না না না।' নাচে তা ই তা ই তাই॥

তারা বলে তারে, 'তুমি এসো গগন-পারে, আকাশের তোমার চাই চাই চাই।' ঘিরে দলে দলে তারে কানে কানে বলে. পাতারা 'ना ना ना।' নাচে তাই তাই তাই॥ দখিন হতে আসে, ফেরে তারি পাশে পাশে, বাতাস 'আ য় আ র আয়।' 'নীল অতলের ক্লে স্দ্র অস্তাচলের ম্লে বলে. বেঞা বার বার বার।' প্রশেশীর রাতি ক্রমে হবে মলিন-ভাতি, বলে. সময় নাই নাই নাই।' ঘিরে দলে দলে তারে কানে কানে বলে. পাতারা 'ना ना ना।' নাচে তাই তাই তাই॥

#### २७२

নীল দিগন্তে ওই ফ্লের আগ্রন লাগল।
বসতে সৌরভের শিখা জাগল॥
আকাশের লাগে ধাঁধা রবির আলো ওই কি বাঁধা॥
ব্বিধ ধরার কাছে আপনাকে সে মাগল।
সধেক্ষিতে ফ্ল হয়ে তাই জাগল॥
নীল দিগন্তে মোর বেদনখানি লাগল।
অনেক কালের মনের কথা জাগল।
এল আমার হারিয়ে-যাওয়া কোন্ ফাগ্নেরে পাগল হাওয়া।
ব্বিধ এই ফাগ্নেন আপনাকে সে মাগল।
সধেক্ষেতে তেউ হয়ে তাই জাগল॥

#### 200

বসন্ত তার গান লিখে ষায় ধ্লির পরে কী আদরে॥
তাই সে ধ্লা ওঠে হেসে বারে বারে নবীন বেশে,
বারে বারে র্পের সাজি আপনি ভরে কী আদরে॥
তেমনি পরশ লেগেছে মোর হৃদয়তলে,
সে যে তাই ধনা হল মন্তবলে।
তাই প্রাণে কোন্ মায়া জাগে, বারে বারে প্রাক লাগে,
বারে বারে গানের মাকুল আপনি ধরে কী আদরে॥

ফাগ্নের শ্রু হতেই শ্কনো পাতা ঝরল যত তারা আজ কে'দে শ্বার, 'সেই ডালে ফ্ল ফ্টল কি গো, ওগো কও ফ্টল কত।' তারা কয়, 'হঠাৎ হাওয়ায় এল ভাসি মধ্রের স্দ্র হাসি. হায়। খ্যাপা হাওয়ায় আকুল হয়ে ঝরে গেলেম শত শত।' তারা কয়, 'আজ কি তবে এসেছে সে নবীন বেশে। আজ কি তবে এত ক্ষণে জাগল বনে যে গান ছিল মনে মনে। সেই বারতা কানে নিয়ে যাই চলে এই বারের মতো।'

## 366

ফাগ্নের প্রিমা এল কার লিপি হাতে।
বাণী তার ব্ঝি না রে, ভরে মন বেদনাতে॥
উদরশৈলম্লে জীবনের কোন্ ক্লে
এই বাণী জেগেছিল কবে কোন্ মধ্রাতে॥
মাধবীর মঞ্জরী মনে আনে বারে বারে
বরণের মালা গাঁথা স্মরণের প্রপারে।
সমীরণে কোন্ মায়া ফিরিছে স্বপনকায়া,
বেণ্বনে কাঁপে ছায়া অলখ-চরণ-পাতে॥

## 200

এক ফাগ্নের গান সে আমার আর ফাগ্নের ক্লে ক্লে কার খোঁজে আজ পথ হারালো নতুন কালের ফ্লে ফ্লে। শ্ধায় তারে বকুল-হেনা, 'কেউ আছে কি তোমার চেনা।' সে বলে, 'হায়, আছে কি নাই না ব্ঝে তাই বেড়াই ভূলে নতুন কালের ফ্লে ফ্লে।' এক ফাগ্নের মনের কথা আর ফাগ্নের কানে কানে গ্রেপ্তারয়া কে'দে শ্ধায়, 'মোর ভাষা আজ কেই বা জানে।' আকাশ বলে, 'কে জানে সে কোন্ ভাষা যে বেড়ায় ভেসে।' 'হয়তো জানি' 'হয়তো জানি' বাতাস বলে দ্লে দ্লে

**उत् वक्न, भार्ज्ञ, अद्ध भाम-भिग्नात्मद्र वन,** কোন খানে আজ পাই এমন মনের মতো ঠাই যেথায় ফাগনে ভরে দেব দিয়ে সকল মন. দিয়ে আয়াব সকল মন॥ সারা গগনতলে তুম্ব রঙের কোলাহলে মাতামাতির নেই যে বিরাম কোথাও অন্কণ যেথার ফাগনে ভরে দেব দিয়ে সকল মন. দিয়ে আমার সকল মন।। ওরে বকুল, পার্ল, ওরে শাল-পিয়ালের বন, আকাশ নিবিভ করে তোরা দাঁড়াস নে ভিড় করে— আমি চাই নে. চাই নে. চাই নে এমন গন্ধরঙের বিপাল আয়োজন। অক্ল অবকাশে যেথায় স্বপ্লকমল ভাসে দে আমারে একটি এমন গগন-জোড়া কোণ--যেথায় ফাগনে ভরে দেব দিয়ে সকল মন. দিয়ে আমার সকল মন॥

# 264

নিশীথরাতের প্রাণ
কোন্ স্থা যে চাঁদের আলোয় আজ করেছে পান॥
মনের স্থে তাই আজ গোপন কিছ্ নাই,
আঁধার-ঢাকা ভেঙে ফেলে সব করেছে দান॥
দখিন-হাওয়ায় তার সব খ্লেছে দ্বার।
তারি নিমন্ত্রণে আজি ফিরি বনে বনে,
সঙ্গে করে এনেছি এই
রাত-জাগা মোর গান॥

## 262

চেনা ফ্লের গন্ধস্রোতে ফাগ্ন-রাতের অন্ধনারে।
চিত্তে আমার ভাসিয়ে আনে নিত্যকালের অচেনারে॥
একদা কোন্ কিশোর-বেলায় চেনা চোখের মিলন-মেলায়
সেই তো খেলা করেছিল কামাহাসির ধারে ধারে॥
তারি ভাষার বাণী নিয়ে প্রিয়া আমায় গেছে ভেকে,
তারি বাঁশির ধর্নন সে যে বিরহে মোর গেছে রেখে।
পরিচিত নামের ডাকে তার পরিচয় গোপন থাকে,
পেয়ে ষারে পাই নে তারি পরশ পাই যে বারে বারে॥

মধ্র বসন্ত এসেছে মধ্র মিলন ঘটাতে,
মধ্র মলয়সমীরে মধ্র মিলন রটাতে॥
কুহকলেখনী ছুটায়ে কুস্ম তুলিছে ফ্টায়ে.
লিখিছে প্রণয়কাহিনী বিবিধ বরনছটাতে॥
হেরো প্রানো প্রাচীন ধরণী হয়েছে শ্যামলবরনী,
যেন যৌবনপ্রবাহ ছুটেছে কালের শাসন ট্টাতে।
প্রানো বিরহ হানিছে, নবীন মিলন আনিছে,
নবীন বসন্ত আইল নবীন জীবন ফ্টাতে।

#### 295

আমার মালার ফুলের দলে আছে লেখা বসন্তের মন্দ্রলিপি! এর মাধ্বর্যে আছে যৌবনের আমন্ত্রণ। সাহানা রাগিণী এর রাঙা রঙে রঞ্জিত, মধ্করের ক্ষা অশ্রত ছন্দে গন্ধে তার গ্রপ্তরে॥ আনু গো ডালা, গাঁথ গো মালা, আন্ মাধবী মালতী অশোকমঞ্জরী, আয় তোরা আয়। আন্ করবী রঙ্গণ কাণ্ডন রজনীগন্ধা প্রফ্রেমল্লিকা, আয় তোরা আয়। মালা পর্গো মালা পর্স্করী— ত্রা কর্ গো ত্রা কর্। আজি প্রিমারাতে জাগিছে চন্দ্রমা, বকুলকুঞ্জ দক্ষিণবাতাসে দ্বলিছে কাঁপিছে থরোথরো মৃদ্ব মমর্বি। নৃত্যপরা বনাঙ্গনা বনাঙ্গনে সঞ্জে, চণ্ডালত চরণ ঘেরি মঞ্জীর তার গ্র**ঞ্জরে** আহা। দিস নে মধ্রাতি বৃথা বহিষে উদাসিনী হায় রে। শ্বভলগন গেলে চলে ফিরে দেবে না ধরা— স্ধাপসরা ধ্লার দেবে শ্না করি, শ্কাবে বঞ্লমঞ্জরী। চন্দ্রকরে অভিষিক্ত নিশীথে ঝিল্লিম্খর বনছায়ে তন্দ্রাহারা-পিক-বিরহকাকলী-ক্রিত দক্ষিণবায়ে মালও মোর ভরল ফ্লে ফ্লে ফ্লে গো. কিংশ্বকশাখা চণ্ডল হল দ্বলে দ্বলে দ্বলে গো॥

#### 292

আজি কমলমনুকুলদল খ্রিলল, দ্রিলল রে দ্রিলল— মানসসরসে রসপ্রলকে পলকে পলকে ঢেউ তুলিল ॥ গগন মগন হল গানে, সমীরণ ম্ছে আনন্দে, গ্রন্গ্রন্ গ্ঞানছন্দে মধ্কর ঘিরি ঘিরি বন্দে— নিখিলভূবনমন ভূলিল— মন ভূলিল রে মন ভূলিল॥

# 290

পৃষ্প ফ্টে কোন্ কুঞ্জবনে, কোন্ নিভ্তে ওরে, কোন্ গহনে। মাতিল আকুল দক্ষিণবায়্ন সৌরভচণ্ডল সন্তরণে॥ বন্ধহারা মম অন্ধ ঘরে আছি বসে অবসম্লমনে, উৎসবরাজ কোথায় বিরাজে, কে লয়ে যাবে সে ভবনে॥

## 298

এই মৌমাছিদের ঘরছাড়া কে করেছে রে
তোরা আমায় বলে দে ভাই, বলে দে রে॥
ফ্লের গোপন পরান-মাঝে নীরব স্বে বাঁশি বাজে—
ওদের সেই স্বেতে কেমনে মন হরেছে রে॥
যে মধ্যিট ল্যুকিয়ে আছে, দেয় না ধরা কারো কাছে,
ওদের সেই মধ্তে কেমনে মন ভরেছে রে॥

# 296

বিদায় নিয়ে গিয়েছি**লেম বারে** বারে। ভেবেছিলেম ফিরব না রে॥ এই তো আবার নবীন বেশে এলেম তোমার হৃদরশ্বারে॥ কে গো তুমি।— 'আমি বকুল।' কে গো তুমি।— 'আমি পার্ল।' তোমরা কে বা।— 'আমরা আমের মুকুল গো এলেম আবার আলোর পারে। 'এবার যখন ঝরব মোরা ধরার বুকে ঝরব তখন হাসিম্বে, অফ্রানের আঁচল ভরে মরব মোরা প্রাণের স্থে। তুমি কে গো।— 'আমি শিম্ল।' তুমি কে গো।— 'কমিনী ফ্ল।' তোমরা কে বা।— 'আমরা নবীন পাতা গো শালের বনে ভারে ভারে।'

এই কথাটাই ছিলেম ভূলে—
মিলব আবার সবার সাথে ফাল্পনের এই ফ্লে ফ্লে॥
অশোকবনে আমার হিয়া ন্তন পাতায় উঠবে জিয়া,
ব্কের মাতন ট্টবে বাঁধন যৌবনেরই ক্লে ক্লে
ফাল্পনের এই ফ্লে ফ্লে॥
বাঁশিতে গান উঠবে প্রে
নবীন-রবির-বালী-ভরা আকাশবীদার সোনার স্বে।
আমার মনের সকল কোণে ভরবে গগন আলোক-ধনে,
কালাহািসির বন্যারই নীর উঠবে আবার দ্লে দ্লে
ফাল্পনের এই ফ্লে ফ্লে॥

## २११

এবার তো ষৌবনের কাছে মেনেছ হার মেনেছ?

'মেনেছি'।

আপন-মাঝে ন্তনকে আজ জেনেছ?

'জেনেছি'॥

আবরণকে বরণ করে ছিলে কাহার জীর্ণ ঘরে?

আপনাকে আজ বাহির করে এনেছ?

'এনেছি'॥

এবার আপন প্রাণের কাছে মেনেছ হার মেনেছ?

'মেনেছি'।

মরণ-মাঝে অমৃতকে জেনেছ?

'জেনেছি'।

লা্কিয়ে তোমার অমরপ্রী খ্লা-অস্ব করে চুরি,

তাহারে আজ মরণ-আঘাত হেনেছ?

'হেনেছি'॥

#### 294

সেই তো বসন্ত ফিরে এল, হাদরের বসন্ত কোথায় হায় রে।
সব মর্ময়, মলয়-অনিল এসে কে'দে শেষে ফিরে চলে যায় হায় রে॥
কত শত ফ্ল ছিল হৃদয়ে, ঝরে গেল, আশালতা শ্কালো,
পাখিগ্রিল দিকে দিকে চলে যায়।
শ্কানো পাতায় ঢাকা বসন্তের মৃতকায়,
প্রাণ করে হায়-হায় হায় রে॥

ফ্রাইল সকলই। প্রভাতের মৃদ্ হাসি, ফ্লের র্পরাশি, ফিরিবে কি আর। কিবা জোছনা ফ্টিত রে, কিবা বামিনী, সকলই হারালো, সকলই গেল রে চলিয়া, প্রাণ করে হায় হায় হায় রে॥

## 293

নিবিড় অন্তরতর বসন্ত এল প্রাণে।
জগতজনহাদর্যন, চাহি তব পানে॥
হর্ষরস বর্ষি যত ত্যিত ফ্লপাতে
কুঞ্জকাননপবন পরশ তব আনে॥
মৃদ্ধ কোকিল মৃখর রাতি দিন যাপে,
মমর্রিত পল্লবিত সকল বন কাঁপে।
দশ দিশি স্বর্ষা স্ক্রম মধ্র হেরি,
দ্বেখ হল দ্র সব-দৈনা-অবসানে॥

## SRO

নব নব পপ্লবর্রাজ
সব বন উপবনে উঠে বিকশিরা,
দখিনপবনে সঙ্গীত উঠে বাজি॥
মধ্র স্কান্ধে আকুল ভূবন, হাহা করিছে মম জীবন।
এসো এসো সাধনধন, মম মন করো প্র্ আজি॥

#### 547

মম অন্তর উদাসে
পল্লবমর্ম রে কোন্ চণ্ডল বাতাসে॥
জ্যাংলাজড়িত নিশা ঘুমে-জাগরণে-মিশা
বিহ্নল আকুল কার অঞ্চলস্বাসে॥
থাকিতে না দেয় ঘরে, কোখায় বাহির করে
স্কর স্দ্রে কোন্ নন্দন-আকাশে।
অতীত দিনের পারে স্মরণসাগর-ধারে
বেদনা লুকানো কোন্ কন্দন-আভাসে॥

#### 285

ফাগ্ন-হাওরার রঙে রঙে পাগল ঝোরা লন্কিরে ঝরে গোলাপ জবা পার্ল পলাশ পারিজাতের ব্কের 'পরে॥ সেইখানে মোর পরানখানি যখন পারি বহে আনি. নিলাজ-রাঙা পাগল রঙে রঙিয়ে নিতে থরে থরে॥ বাহির হলেম ব্যাকুল হাওয়ার উতল পথের চিহ্ন ধরে— ওগো তুমি রঙের পাগল, ধরব তোমায় কেমন করে। কোন্ আড়ালে লন্কিয়ে রবে, তোমায় র্যাদ না পাই তবে রক্তে আমার তোমার পায়ের রঙ লেগেছে কিসের তরে॥

# 280

বরা পাতা গো, আমি তোমারি দলে।
অনেক হাসি অনেক অশ্রন্তলে
ফাগ্ন দিল বিদায়মন্ত আমার হিয়াতলে॥
বরা পাতা গো, বসস্তী রঙ দিয়ে
শেষের বেশে সেজেছ তুমি কি এ।
খেলিলে হোলি ধ্লায় ঘাসে ঘাসে
বসস্তের এই চরম ইতিহাসে।
তোমারি মতো আমারো উত্তরী
আগ্ন-রঙে দিয়ো রঙিন করি—
অস্তর্বি লাগাক প্রশর্মাণ
প্রাণের মম শেষের সম্বলে॥

# বিচিত্ৰ

5

আমায় ক্ষমো হে ক্ষমো, নমো হে নমো. তোমায় প্মরি, হে নির্পম, নৃত্যরসে চিন্ত মম উছল হয়ে বাজে॥ আমার সকল দেহের আকুল রবে মন্দ্রহারা তোমার শুবে ডাইনে বামে ছন্দ নামে নবজনমের মাঝে। বন্দনা মোর ভঙ্গীতে আজ সঙ্গীতে বিরাজে॥

একি পরম ব্যথায় পরান কাঁপার, কাঁপন বক্ষে লাগে।
শাস্তিসাগরে ঢেউ খেলে যার, স্কুনর তায় জাগে।
আমার সব চেতনা সব বেদনা র্রচল এ যে কাঁ আরাধনা—
তোমার পায়ে মোর সাধনা মরে না যেন লাজে।
বন্দনা মোর ভঙ্গাতে আজ সঙ্গাতে বিরাজে॥

আমি কানন হতে তুলি নি ফ্ল, মেলে নি মোরে ফল।
কলস মম শ্নাসম, ভরি নি তীর্থজিল।
আমার তন্তন্তে বাঁধনহারা হদর ঢালে অধরা ধারা—
তোমার চরণে হোক তা সারা প্জার প্লা কাজে।
বন্দনা মোর ভঙ্গীতে আজ সঙ্গীতে বিরাজে॥

5

ন্ত্যের তালে তালে নটরাজ, ঘুচাও সকল বন্ধ হে।
স্থি ভাঙাও, চিত্তে জাগাও মুক্ত স্ব্রের ছন্দ হে॥
তোমার চরণপবনপরশে সরস্বতীর মানসসরসে
য্গে বুগে কালে কালে স্বরে স্বরে তালে তালে
টেউ তুলে দাও, মাতিয়ে জাগাও অমলকমলগন্ধ হে॥
নমো নমো নমো—
তোমার নৃত্য অমিত বিত্ত ভর্ক চিত্ত মম॥

াতে তোমার মুক্তির রূপ. নৃত্যে তোমার মারা,
বিশ্বতন্তে অণ্তে অণ্তে কাঁপে নৃত্যের ছারা।
তোমার বিশ্ব-নাচের দোলায় বাঁধন পরায় বাঁধন খোলায়
যুগে যুগে কালে কালে সুরে সুরে তালে তালে,
অস্ত কে তার সন্ধান পায় ভাবিতে লাগায় ধন্দ হৈ !!
নমো নমো নমো ন

ন্ত্যের বশে স্বন্ধর হল বিদ্রোহী পরমাণ্ন,
পদয্ব ঘিরে জ্যোতিমঞ্জীরে বাজিল চন্দ্র ভান্।
তব ন্ত্যের প্রাণবেদনায় বিবশ বিশ্ব জাগে চেতনার
য্গে য্গে কালে কালে স্বরে স্বরে তালে তালে,
স্থে দ্বথে হয় তরঙ্গময় তোমার পরমানন্দ হে॥
নমো নমো নমো—
তোমার ন্তা অমিত বিত্ত ভর্ক চিত্ত মম॥

মোর সংসারে তাণ্ডব তব কম্পিত জটাজালে।
লোকে লোকে ঘ্রে এসেছি তোমার নাচের ঘ্রিতালে।
ওগো সম্মাসী, ওগো স্কর, ওগো শঞ্কর, হে ভয়ঞ্কর,
যুগে যুগে কালে কালে স্রে স্বে তালে তালে
জীবন-মরণ-নাচের ডমর্ বাজাও জলদমন্দ্র হে॥
নমো নমো নমো—
তোমার নূত্য অমিত বিত্ত ভর্ক চিত্ত মম॥

0

নাই ভয়, নাই ভয়, নাই রে।
থাক্ পড়ে থাক্ ভয় বাইরে॥
জাগো, মৃত্যুঞ্জয়, চিত্তে থৈ থৈ নত্নিন্তা।
ওরে মন, বন্ধনছিল
দাও তালি তাই তাই বে॥

8

প্রলয়নাচন নাচলে যখন আপন ভূলে,
হে নটরাজ, জটার বাঁধন পড়ল খুলে॥
জাহুবী তাই মুক্ত ধারায় উন্মাদিনী দিশা হারায়,
সঙ্গীতে তার তরঙ্গদল উঠল দুলে॥
রবির আলো সাড়া দিল আকাশ-পারে,
শুনিয়ে দিল অভয়বাণী ঘর-ছাড়ারে।
আপন স্লোতে আপনি মাতে, সাথি হল আপন-সাথে,
সব-হারা যে সব পেল তার কুলে কুলে॥

Œ

কালের মন্দিরা বে সদাই বাজে ডাইনে বাঁরে দ্বই হাতে, স্বাপ্তি ছাটে নৃত্য উঠে নিত্য নৃত্ন সংঘাতে॥ বাজে ফালে, বাজে কাঁটায়, আলোছায়ার জোয়ার-ভাঁটায়, প্রাণের মাঝে ওই-যে বাজে দ্বঃখে স্থে শঞ্চাতে॥ তালে তালে সাঁথ-সকালে র্প-সাগরে চেউ লাগে।
সাদা-কালোর দ্বন্থে যে ওই ছন্দে নানান রঙ জাগে।
এই তালে তোর গান বে'থে নে— কান্নাহাসির তান সেথে নে,
ডাক দিল শোন্ মরণ বাঁচন নাচন-সভার ডব্কাতে ॥

ě

মম চিন্তে নিতি নৃত্যে কে বে নাচে
তাতা থৈথৈ, তাতা থৈথৈ, তাতা থৈথৈ।
তারি সঙ্গে কী মৃদক্তে সদা বাজে
তাতা থৈথৈ, তাতা থৈথৈ, তাতা থৈথৈ।
হাসিকালা হীরাপালা দোলে ভালে,
কাঁপে ছন্দে ভালো মন্দ তালে তালে।
নাচে জন্ম, নাচে মৃত্যু পাছে পাছে
তাতা থৈথৈ, তাতা থৈথৈ, তাতা থৈথৈ।
কী আনন্দ, কী আনন্দ,
দিবারাহি নাচে মৃত্তি, নাচে বন্ধ—
সে তরঙ্গে ছাটি রক্তে পাছে পাছে
তাতা থৈথৈ, তাতা থৈথৈ, তাতা থৈথৈ।
তাতা থৈথৈ, তাতা থৈথৈ, তাতা থৈথৈ।

٩

আমার ঘ্র লেগেছে— তাধিন্ তাধিন্।
তামার পিছন পিছন নেচে নেচে ঘ্র লেগেছে তাধিন্ তাধিন্ ।
তামার তালে আমার চরণ চলে, শ্নতে না পাই কে কী বলে—
তাধিন্ তাধিন্।
তামার গানে আমার প্রাণে যে কোন্ পাগল ছিল সেই জেগেছে—
তাধিন্ তাধিন্।
আমার লাজের বাধন সাজের বাধন খসে গেল ভজন সাধন—
তাধিন্ তাধিন্।
বিষম নাচের বেগে দোলা লেগে ভাবনা যত সব ভেগেছে—
তাধিন্ তাধিন্॥

v

কমলবনের মধ্পরাজি এসো হে কমলভবনে।
কী স্থাগন্ধ এসেছে আজি নববসস্তপবনে॥
অমল চরণ ঘেরিয়া প্লকে শত শতদল ফ্টিল,
বারতা তাহারি দ্যলোকে ভূলোকে ছ্টিল ভূবনে ভূবনে॥
গ্রহে তারকার কিরণে কিরণে বাজিয়া উঠিছে ব্যাগিণী,
গীতগ্পন ক্জনকাকলি আকুলি উঠিছে গ্রবণ।

সাগর গাহিছে কল্লোলগাথা, বার্ বাজাইছে শৃত্থ— সামগান উঠে বনপল্লবে, মঙ্গলগাঁত জীবনে।

à

এসো গো ন্তন জীবন।

এসো গো কঠোর নিঠুর নীরব, এসো গো ভীষণ শোভন॥

এসো অপ্রিয় বিরস তিস্ত, এসো গো অশুসলিলসিস্ত,

এসো গো ভ্ষণবিহীন রিস্ত, এসো গো চিত্তপাবন॥

থাক্ বীণাবেণ্, মালতীমালিকা, প্রিমানিশি, মায়াকুহেলিকা
এসো গো প্রথর হোমানলশিখা হদয়শোণিতপ্রাশন

এসো গো পরমদ্ঃখনিলয়, আশা-অব্দুর করহ বিলয়—

এসো সংগ্রাম, এসো মহাজয়, এসো গো মরণসাধন॥

50

মধ্র মধ্র ধর্ন বাজে
হৃদরকমলবনমাঝে॥
নিভ্তবাসিনী বীণাপাণি অমৃতম্বতিমতী বাণী
হিরণিকরণ ছবিখানি— পরানের কোথা সে বিরাজে॥
মধ্খতু জাগে দিবানিশি পিককুহরিত দিশি দিশি।
মানসমধ্প পদতলে ম্রছি পড়িছে পরিমলে।
এসো দেবী, এসো এ আলোকে, একবার তোরে হেরি চোখেগোপনে থেকো না মনোলোকে ছায়াময় মায়াময় সাজে॥

55

ওঠো রে মলিনম্থ, চলো এইবার।
এসো রে তৃষিত-বৃক, রাখো হাহাকার॥
হেরো ওই গেল বেলা, ভাঙিল ভাঙিল মেলা—
গেল সবে ছাড়ি খেলা ঘরে যে যাহার॥
হে ভিখারি, কারে তুমি শুনাইছ স্বর—
রজনী আঁধার হল, পথ আঁত দ্র।
ক্রিতি তৃষিত প্রাণে আর কাজ নাহি গানে—
এখন বেস্বর তানে বাজিছে সেতার॥

25

আমার নাইবা হল পারে যাওরা। যে হাওরাতে চলত তরী অঙ্গেতে সেই লাগাই হাওরা॥ নেই যদি বা জমল পাড়ি ঘাট আছে তো, বসতে পারি।
আমার আশার তরী ডুবল যদি দেখব তোদের তরী-বাওয়া॥
হাতের কাছে কোলের কাছে যা আছে সেই অনেক আছে।
আমার সারা দিনের এই কি রে কাজ— ওপার-পানে কে'দে চাওয়া।
কম কিছ্ মোর থাকে হেখা প্রিয়ে নেব প্রাণ দিয়ে তা।
আমার সেইখানেতেই কম্প্রতা যেখানে মোর দাবি-দাওয়া॥

50

যখন পড়বে না মোর পারের চিহ্ন এই বাটে
বাইব না মোর খেয়াতরী এই ঘাটে,
চুকিরে দেব বেচা কেনা, মিটিরে দেব লেনা দেনা,
বন্ধ হবে আনাগোনা এই হাটে—
তখন আমায় নাইবা মনে রাখলে,
তারার পানে চেয়ে চেয়ে নাইবা আমায় ভাকলে।

যথন জমবে ধ্লা তানপ্রাটার তারগ্লার,
কটিলতা উঠবে ঘরের শ্বারগ্লার,
ফ্লের বাগান ঘন ঘাসের পরবে সম্জা বনবাসের,
শ্যাওলা এসে ঘিরবে দিঘির ধারগ্লার:—
তথন আমার নাইবা মনে রাখলে,
তারার পানে চেরে চেরে নাইবা আমার ভাকলে।

তথন এমনি করেই বাজবে বাঁশি এই নাটে,
কাটবে গো দিন আজও বেমন দিন কাটে,
ঘাটে ঘাটে খেয়ার তরী এমনি সে দিন উঠবে ভরি—
চরবে গোর্ খেলবে রাখাল ওই মাঠে।
তথন আমায় নাইবা মনে রাখলে,
তারার পানে চেয়ে চেয়ে নাইবা আমায় ভাকলে।

তথন কে বলে গো সেই প্রভাতে নেই আমি।
সকল খেলায় করবে খেলা এই আমি—
নতুন নামে ডাকবে মোরে, বাঁধবে নতুন বাহ্-ডোরে,
আসব যাব চিরদিনের সেই আমি।
তথন আমায় নাইবা মনে রাখলে,
তারার পানে চেয়ে চেয়ে নাইবা আমার ডাকলে॥

58

্থামছাড়া ওই রাঙা মাটির পথ আমার মন ভূলার রে। <sup>ওরে</sup> কার পানে মন হাত বাড়িরে ল্টিরে বার ধ্লার রে॥ ও বে আমার ঘরের বাহির করে, পারে-পারে পারে ধরে— ও বে কেড়ে আমার নিয়ে যায় রে যায় রে কোন্ চুলায় রে। ও বে কোন্ বাঁকে কী ধন দেখাবে, কোন্খানে কী দায় ঠেকাবে— কোথায় গিয়ে শেষ মেলে যে ভেবেই না কুলায় রে॥

36

এই তো ভালো লেগেছিল আলোর নাচন পাতার পাতার।
শালের বনে খ্যাপা হাওয়া, এই তো আমার মনকে মাতার।
রাঙা মাটির রাস্তা বেয়ে হাটের পথিক চলে থেয়ে,
ছোটো মেয়ে ধ্লার বলে খেলার ডালি একলা সাজায়—
সামনে চেয়ে এই বা দেখি চোখে আমার বীণা বাজায়॥

আমার এ বে বাঁশের বাঁশি, মাঠের স্বরে আমার সাধন। আমার মনকে বেঁধেছে রে এই ধরণীর মাটির বাঁধন। নীল আকাশের আলোর ধারা পান করেছে নতুন বারা সেই ছেলেদের চোথের চাওয়া নির্মেছি মোর দ্ব চোথ প্রে— আমার বীণার স্বর বেঁধেছি ওদের কচি গলার স্বরে॥

দ্রে যাবার খেরাল হলে সবাই মোরে ঘিরে থামার—
গাঁরের আকাশ সজনে ফ্লের হাতছানিতে ডাকে আমার।
ফ্রায় নি ভাই, কাছের স্থা, নাই যে রে তাই দ্রের ক্ষ্ধা–
এই-যে এ-সব ছোটোখাটো পাই নি এদের ক্লাকনারা।
তুচ্ছ দিনের গানের পালা আজও আমার হয় নি সারা॥

লাগল ভালো, মন ভোলালো, এই কথাটাই গেয়ে বেড়াই— দিনে রাতে সময় কোথা, কান্ধের কথা তাই তো এড়াই। মজেছে মন, মজল আঁখি— মিথ্যে আমায় ডাকাডাকি— ওদের আছে অনেক আশা, ওরা কর্ক অনেক জড়ো— আমি কেবল গেয়ে বেড়াই, চাই নে হতে আরো বড়ো॥

30

রাঙিরে দিরে যাও যাও যাও গো এবার যাবার আগে-তোমার আপন রাগে, তোমার গোপন রাগে, তোমার তর্ণ হাসির অর্ণ রাগে, অশ্রভালের কর্ণ রাগে॥ রঙ যেন মোর মর্মে লাগে, আমার সকল কর্মে লাগে, সন্ধাদীপের আগার লাগে, গভীর রাতের জাগার লাগে॥ যাবার আগে যাও গো আমায় জাগিয়ে দিয়ে,
রক্তে তোমার চরণ-দোলা লাগিয়ে দিয়ে।
আঁধার নিশার বক্ষে যেমন তারা জাগে,
পাষাণগাহার কক্ষে নিঝর-ধারা জাগে,
মেঘের ব্কে যেমন মেঘের মন্দ্র জাগে,
বিশ্ব-নাচের কেন্দ্রে যেমন ছন্দ জাগে,
তেমনি আমায় দোল দিয়ে যাও যাবার পথে আগিয়ে দিয়ে,
কাঁদন-বাঁধন ভাগিয়ে দিয়ে॥

#### 29

আমার সদ্ধান শ্না-পানে চেরে আছে,
সে যে লম্জা জানায় বার্থ রাতের তারার কাছে॥
ললাটে তার পড়ুক লিখা
তোমার লিখন ওগো শিখা—
বিজয়টিকা দাও গো একে, এই সে বাচে॥
হায় কাহার পথে বাহির হলে বিরহিণী!
তোমার আলোক-খণে করো তুমি আমায় খণী।
তোমার রাতে আমার রাতে
এক আলোকের সূত্র গাঁথে
এমন ভাগ্য হায় গো আমার হারায় পাছে॥

#### SV

কেন যে মন ভোলে আমার মন জানে না।
তারে মানা করে কে. আমার মন মানে না॥
কেউ বোঝে না তারে, সে যে বোঝে না আপ্নারে।
সবাই লম্জা দিয়ে যায়, সে তো কানে আনে না॥
তার খেয়া গেল পারে, সে যে রইল নদীর ধারে।
কাজ করে সব সারা ওই এগিয়ে গেল কারা,
আন্মনা মন সে দিক-পানে দ্বিট হানে না॥

### 22

ঘরছাড়া আজ ঘর পেল যে, আপন মনে রইল মজে। হাওয়ায় হাওয়ায় কেমন করে খবর যে তার পেশছল রে ঘর-ছাড়া ওই মেঘের কানে॥

20

হাটের ধ্লা সয় না যে আর, কাতর করে প্রাণ।
তোমার স্বস্বধ্নীর ধারায় করাও আমায় য়ান॥
জাগাক তারি মৃদঙ্গরোল, রক্তে তুল্বক তরঙ্গদোল,
অঙ্গ হতে ফেল্বক ধ্রে সকল অসম্মান—
সব কোলাহল দিক্ ভূবায়ে তাহার কলতান॥
স্বদর হে, তোমার ফ্লে গে'থেছিলেম মালা—
সেই কথা আজ মনে করাও, ভূলাও সকল জ্বালা।
তোমার গানের পশ্মবনে আবার ভাকো নিমল্লেশ—
তারি গোপন স্থাকণা আবার করাও পান,
তারি রেণ্বর তিলকলেখা আমায় করো দান॥

25

আমি একলা চলেছি এ ভবে,
আমায় পথের সন্ধান কে কবে।
ভয় নেই, ভয় নেই—
যাও আপন মনেই
যেমন একলা মধ্প ধেয়ে যায়
কেবল ফ্রলের সৌরভে॥

## २२

স্বপন-পারের ডাক শ্নেছি, জেগে তাই তো ভাবি কেউ কখনো খ্রুজ কি পায় স্বপ্পলোকের চাবি॥ নয় তো সেথায় যাবার তরে, নয় কিছু তো পাবার তরে, নাই কিছু তার দাবি— বিশ্ব হতে হারিয়ে গেছে স্বপ্পলোকের চাবি॥ চাওয়া-পাওয়ার ব্কের ভিতর না-পাওয়া ফ্ল ফোটে, দিশাহারা গন্ধে তারি আকাশ ভরে ওঠে। খ্রুজে যারে বেড়াই গানে, প্রাণের গভীর অতল-পানে যে জন গেছে নাবি,

আপন-মনে গোপন কোণে লেখাজোখার কারখানাতে
দ্যার রুধে বচন কু'দে খেলনা আমার হয় বানাতে॥
এই জগতের সকাল সাঁজে ছুটি আমার সকল কাজে,
মিলে মিলে মিলিয়ে কথা রঙে রঙে হয় মানাতে॥
কে গো আছে ভূবন-মাঝে নিত্যশিশ্ব আনন্দেতে,
ডাকে আমায় বিশ্বখেলায় খেলাঘরের জোগান দিতে॥
বনের হাওয়ায় সকাল-বেলা ভাসায় সে বে গানের ভেলা,
সেই তো কাঁপায় স্বেরের কাঁপন মৌমাছিদের নীল ভানাতে॥

## ₹8

সকাল-বেলার কুণ্ডি আমার বিকালে যায় ট্টে,
মাঝখানে হায় হয় নি দেখা উঠল যখন ফুটে।
ঝরা ফুলের পাপড়িগ্লি ধুলো থেকে আনিস তুলি,
শাকনো পাতার গাঁথব মালা হদয়পত্রপ্টে।
যখন সময় ছিল দিল ফাঁকি—
এখন আন্ ক্ডায়ে দিনের শেষে অসময়ের ছিল বাকি।
কৃষ্ণয়াতের চাঁদের কণা আঁধায়কে দেয় যে সাঝুনা
তাই নিয়ে মার মিট্ক আশা— স্বপন গেছে ছটে॥

### 26

পাগল যে তুই. কণ্ঠ ভরে
ভানিয়ে দে তাই সাহস করে॥
দেয় যদি তোর দ্রার নাড়া
থাকিস কোশে, দিস নে সাড়া—
বল্ক সবাই 'স্মিউছাড়া', বল্ক সবাই 'কী কাজ তোরে'॥
বল্ রে, 'আমি কেহই না গো,'
কছাই নহি যে হই-না গো।'
শ্নে বনে উঠবে হাসি,
দিকে দিকে বাজবে বাশি—
বলবে বাতাস 'ভালোবাসি', বাধবে আকাশ অলখ ডোরে॥

## २७

পেলাঘর বাঁধতে লেগেছি আমার মনের ভিতরে। কত রাত তাই তো জেগেছি বলব কী তোরে॥ প্রভাতে পথিক ডেকে যায়, অবসর পাই নে আমি হায়— বাহিরের খেলায় ডাকে যে, যাব কী করে॥ ষা আমার স্বার হেলাফেলা ষাচ্ছে ছড়াছড়ি পুরোনো ভাঙা দিনের ঢেলা তাই দিয়ে ঘর গড়ি। যে আমার নতুন খেলার জন তারি এই খেলার সিংহাসন, ভাঙারে জোড়া দেবে সে কিসের মন্তরে॥

## 29

তোর গোপন প্রাণে একলা মানুষ ষে
তারে কাজের পাকে জড়িরে রাখিস নে॥
তার একলা ঘরের ধেয়ান হতে উঠুক-না গান নানা স্রোতে,
তার আপন স্বরের ভূবন-মাঝে তারে থাকতে দে॥
তারে প্রাণের মাঝে একলা মানুষ যে
তারে দশের ভিড়ে ভিড়িয়ে রাখিস নে।
কোন্ আরেক একা ওরে খোঁজে, সেই তো ওরই দরদ বোঝে—,
যেন পথ খাঁজে পায়, কাজের ফাঁকে ফিরে না যায় সে॥

## 28

আমার জীর্ণ পাতা যাবার বেলায় বারে বারে

ডাক দিয়ে যায় নতুন পাতার দ্বারে দ্বারে॥

তাই তো আমার এই জীবনের বনচ্ছায়ে

ফাগনে আসে ফিরে ফিরে দখিন-বায়ে,

নতুন স্বুরে গান উড়ে যায় আকাশ-পারে,

নতুন রঙে ফ্ল ফুটে তাই ভারে ভারে॥

ওগো আমার নিত্য-ন্তন, দাঁড়াও হেসে।

চলব তোমার নিমন্তাণে নবীন বেশে।

দিনের শেষে নিবল যখন পথের আলো,

সাগরতীরে যাত্রা আমার যেই ফ্রালো,

তোমার বাঁশি বাজে সাঁঝের অককারে—

শ্নো আমার উঠল তারা সারে সারে॥

#### 22

এ শৃধ্ অলস মায়া, এ শৃধ্ মেঘের খেলা, এ শৃধ্ মনের সাধ বাতাসেতে বিস্কৃতিন। এ শৃধ্ আপনমনে মালা গেথে ছিড়ে ফেলা, নিমেষের হাসিকালা গান গেয়ে সমাপন। শ্যামল পল্লবপাতে রবিকরে সারা বেলা আপনারই ছায়া লয়ে খেলা করে ফ্লগ্লি— এও সেই ছায়াখেলা বসস্তের সমীরণে। কুহকের দেশে যেন সাধ করে পথ ভূলি
হেথা হোথা ঘ্রির ফিরি সারা দিন আনমনে।
কারে যেন দেব বলে কোথা যেন ফ্ল ভূলি—
সন্ধার মলিন ফ্ল উড়ে ষায় বনে বনে।
এ খেলা খেলিবে, হায়, খেলার সাথি কে আছে।
ভূলে ভূলে গান গাই— কে শোনে কে নাই শোনে—
যদি কিছ্ম মনে পড়ে, যদি কেহ আসে কাছে॥

00

যে আমি ওই ভেসে চলে কালের ঢেউরে আকাশতলে ওরই পানে দেখছি আমি চেরে। **धूलात्र সাথে, कल्वत সाथে, ফুलের সাথে, ফলের** সাথে, সবার সাথে চলছে ও যে থেয়ে।। ও যে সদাই বাইরে আছে, দুঃখে সুখে নিত্য নাচে— ঢেউ দিয়ে যার দোলে যে ঢেউ খেরে। একট্ব ক্ষরে ক্ষতি লাগে, একট্ব ঘায়ে ক্ষত জাগে— ওরই পানে দেখছি আমি চেয়ে॥ যে আমি যায় কে'দে হেসে তাল দিতেছে মৃদক্ষে সে. অন্য আমি উঠতেছি গান গেন্তে। ও যে সচল ছবির মতো, আমি নীরব কবির মতো— ওরই পানে দেখছি আমি চেয়ে। এই-যে আমি ওই আমি নই, আপন-মাঝে আপনি যে রই, যাই নে ভেসে মরণধারা বেয়ে— মৃক্ত আমি, তৃপ্ত আমি, শাস্ত আমি, দৃপ্ত আমি। ওরই পানে দেখছি আমি চেয়ে।।

03

দিনগৃহিল মোর সোনার খাঁচায় রইল না—
সেই-যে আমার নানা রঙের দিনগৃহিল।
কাল্লাহাসির বাঁধন তারা সইল না—
সেই-যে আমার নানা রঙের দিনগৃহিল॥
আমার প্রাণের গানের ভাষা
শিখবে তারা ছিল আশা—
উড়ে গেল, সকল কথা কইল না—
সেই-যে আমার নানা রঙের দিনগৃহিল॥
স্বপন দেখি, যেন তারা কার আশে
ফেরে আমার ভাঙা খাঁচার চার পাশে—
সেই-যে আমার নানা রঙের দিনগৃহিল।

এত বেদন হয় কি ফাঁকি। ওরা কি সব ছায়ার পাখি। আকাশ-পারে কিছুই কি গো বইল না— সেই-যে আমার নানা রঙের দিনগ্লি॥

## 9

তরীতে পা দিই নি আমি, পারের পানে ধাই নি গো।
ঘাটেই বসে কাটাই বেলা, আর কিছু তো চাই নি গো।।
তোরা যাবি রাজার পুরে অনেক দ্রে,
তোদের রথের চাকার সুরে
আমার সাড়া পাই নি গো।।
আমার এ যে গভীর জলে খেরা বাওয়া,
হয়তো কথন্ নিষ্ত রাতে উঠবে হাওয়া।
আসবে মাঝি ও পার হতে উজান স্রোতে,
সেই আশাতেই চেয়ে আছি— তরী আমার বাই নি গো।।

#### 90

আমি ফিরব না রে, ফিরব না আর, ফিরব না রে—
এমন হাওয়ার মুখে ভাসল তরী—
কুলে ভিড়ব না আর, ভিড়ব না রে॥
ছড়িয়ে গেছে সুতো ছি'ড়ে, তাই খুঁটে আজ মরব কি রে—
এখন ভাঙা ঘরের কুড়িয়ে খুঁটি
বেড়া ঘরব না আর, ঘরব না রে॥
ঘাটের রশি গেছে কেটে, কাঁদব কি তাই বক্ষ ফেটে—
এখন পালের রশি ধরব কষি,
এ রশি ছি'ড়ব না আর, ছি'ড়ব না রে॥

#### 98

আর আয় রে পাগল, ভুলবি রে চল্ আপনাকে।
তার একট্খানির আপনাকে।
তুই ফিরিস নে আর এই চাকাটার ঘ্রপাকে।
কোন্ হঠাং হাওয়ার ঢেউ উঠে
তার ঘরের আগল যায় ট্টে
ওরে স্যোগ ধরিস, বেরিয়ে পড়িস সেই ফাঁকে।
তার দ্রার-ভাঙার সেই ফাঁকে।
নানান গোলে ভূফান তোলে চার দিকে,
তুই ব্ঝিস নে মন, ফিরবি কখন কার দিকে।

তোর আপন ব্রকের মাঝখানে কী ষে বাজায় কে যে সেই জানে— ওরে পথের খবর মিলবে রে তোর সেই ডাকে— তোর আপন ব্রকের সেই ডাকে॥

Of

কোন্ স্দ্র হতে আমার মনোমাঝে বাণীর ধারা বহে — আমার প্রাণে প্রাণে । কথন শানি, কথন শানি না যে, কখন কী যে কহে— আমার কানে কানে॥ আমার ঘুমে আমার কোলাহলে আমার আঁথি-জলে তাহারি সূর তাহারি স্র জীবন-গ্রাতলে গোপন গানে রহে— আমার কানে কানে॥ ঘন গহন বিজন তীরে তীরে তাহার ভাঙা গড়া— **ছায়ার তলে তলে**। জানি না কোনু দক্ষিণসমীরে তাহার ওঠা পড়া— তেউরের ছলোছলে। এই ধরণীরে গগন-পারের ছাঁদে সে যে তারার সাথে বাঁধে, স্থের সাথে দৃখ মিলায়ে কাঁদে 'এ নহে এই নহে'— কাদে কানে ।।

#### 66

আকাশ হতে আকাশ-পথে হাজার স্রোতে

ঝরছে জগং ঝরনাধারার মতো॥

আমার শরীর মনের অধীর ধারা সাথে সাথে বইছে অবিরত॥

দৃই প্রবাহের ঘাতে ঘাতে উঠতেছে গান দিনে রাতে,

সেই গানে গানে আমার প্রাণে টেউ লেগেছে কত।

আমার হৃদয়তটে চ্র্লিসে গান ছড়ায় শত শত।

এই আকাশ-ডোবা ধারার দোলায় দ্বলি অবিরত॥

এই নৃত্য-পাগল ব্যাকুলতা বিশ্বপরানে

নিত্য আমায় জাগিয়ে রাখে, শান্তি না মানে।

চিরদিনের কামাহাসি উঠছে ভেসে রাশি রাশি—

এ-সব দেখতেছে কোন্ নিদ্রাহারা নয়ন অবনত।

ওগো, সেই নয়নে নয়ন আমার হোক-না নিমেষহত—

ওই আকাশ-ভরা দেখার সাথে দেখব অবিরত॥

আলোক-চোরা ল্কিয়ে এল ওই—
তিমিরজয়ী বীর, তোরা আজ কই।
এই কুয়াশা-জয়ের দীক্ষা কাহার কাছে লই॥
মলিন হল শুদ্র বরন, অর্ণ-সোনা করল হরণ,
লম্জা পেয়ে নীরব হল উষা জ্যোতির্ময়ী॥
স্পিসাগরতীর বেয়ে সে এসেছে মুখ ঢেকে,
অঙ্গে কালী মেখে।
রবির রশ্মি কই গো তোরা, কোথায় আঁধার-ছেদন ছোরা,
উদয়শৈলশ্য হতে বল্ 'মাভৈঃ মাভৈঃ'॥

OF

জাগ জাগ আলসশয়নবিলগ্ধ।
জাগ জাগ তামসগহননিমগ্ন॥
ধৌত কর্ক কর্ণার্ণব্ডি স্থিজড়িত যত আবিল দ্থিত,
জাগ জাগ দ্বেখভারনত উদামভগ্ন॥
জ্যোতিঃসম্পদ ভরি দিক চিত্ত ধনপ্রলোভননাশন বিত্ত,
জাগ জাগ, প্ণাবসন পর লজ্জিত নগ্ন॥

02

তোমার আসন শ্ন্য আজি, হে বাঁর, প্রণ করো—
ওই-যে দেখি বস্ক্রা কাঁপল থরোথরো॥
বাজল ত্র্য আকাশপথে— স্র্য আসেন অগ্নিরথে,
এই প্রভাতে দখিন হাতে বিজয়খলা ধরো॥
ধর্ম তোমার সহায় বিশ্ববাণী।
অমর বাঁর্য সহায় তোমার, সহায় বঞ্জপাণি।
দ্রগম পথ সগোরবে তোমার চরণচিক্ত লবে।
চিত্তে অভয় বর্ম, তোমার বক্ষে তাহাই পরো॥

80

মোরা সত্যের 'পরে মন আজি করিব সমপ'ণ,
জয় জয় সত্যের জয়।
মোরা ব্বিবিব সত্য, প্র্জিব সত্য, থ্র্জিব সত্যধন।
জয় জয় সত্যের জয়।
বিদ দ্বংখে দহিতে হয় তব্ব মিধ্যাচিস্তা নয়।
বিদ দৈনা বহিতে হয় তব্ব মিধ্যাকম নয়।

র্যাদ দশ্ড সহিতে হয় তব**্ মিথ্যাবাক্য ন**র।

জয় জয় সত্যের জয়॥

মোরা মঙ্গলকান্ডে প্রাণ, আজি করিব সকলে দান। জয় জয় মঙ্গলময়।

মোরা লভিব প্রণা, শোভিব প্রণা, গাহিব প্রণাগান। জয় জয় মঙ্গলময়।

যদি দ্বংখে দহিতে হয় তব্ অশ্ভচিন্তা নয়। যদি দৈন্য বহিতে হয় তব্ অশ্ভক্ম নয়। যদি দশ্ড সহিতে হয় তব্ অশ্ভবাক্য নয়। জয় জয় মঙ্গলময়॥

সেই অভয় ব্রহ্মনাম আজি মোরা সবে লইলাম—
হিনি সকল ভয়ের ভয়।

মোরা করিব না শোক যা হবার হোক, চলিব ব্রহ্মধাম।
ভয় জয় ব্রহ্মের জয়।

যদি দ্বংখে দহিতে হয় তব্ নাহি ভয়, নাহি ভয়। যদি দৈন্য বহিতে হয় তব্ নাহি ভয়, নাহি ভয়। যদি মৃত্যু নিকট হয় তব্ নাহি ভয়, নাহি ভয়। জয় জয় ব্ৰেল্য জয়।

মোরা আনন্দ-মাঝে মন আজি করিব বিসর্জন।

জয় জয় আনন্দময়।

সকল দ্শ্যে সকল বিশ্বে আনন্দমিয়ে।

জয় জয় আনন্দময়।

আনন্দ চিত্ত-মাঝে আনন্দ সর্বকাজে,

আনন্দ সর্বকালে দ্বংখে বিপদজালে,

আনন্দ সর্বলাকে মৃত্যুবিরহে শোকে— জয় জয় আনন্দময়।

#### 85

আমাদের শান্তিনিকেতন আমাদের সব হতে আপন।
তার আকাশ-ভরা কোলে মোদের দোলে হুদর দোলে,
মোরা বারে বারে দেখি তারে নিতাই ন্তন॥
মোদের তর্ম্লের মেলা, মোদের খোলা মাঠের খেলা,
মোদের নীল গগনের সোহাগ-মাখা সকাল-সন্ধ্যাবেলা।
মোদের শালের ছায়াবীখি বাজায় বনের কলগীতি,
সদাই পাতার নাচে মেতে আছে আম্লাকি-কানন॥
আমরা খেথায় মরি ঘুরে সে যে যায় না কর্ডু দ্রে,
মোদের মানের মাঝে প্রেমের সেতার বাধা যে তার সুরে।

মোদের প্রাণের সঙ্গে প্রাণে সে যে মিলিয়েছে এক তানে, মোদের ভাইয়ের সঙ্গে ভাইকে যে সে করেছে এক-মন ॥

88

না গো, এই যে ধ্লা আমার না এ।
তোমার ধ্লার ধরার 'পরে উড়িয়ে যাব সন্ধ্যাবায়ে॥
দিয়ে মাটি আগ্ন জনলি রচলে দেহ প্জার থালি—
শেষ আরতি সারা করে ভেঙে যাব তোমার পায়ে॥
ফ্ল যা ছিল প্জার তরে
যেতে পথে ডালি হতে অনেক যে তার গেছে পড়ে।
কত প্রদীপ এই থালাতে সাজিয়েছিলে আপন হাতে—
কত যে তার নিবল হাওয়ায়, পেণ্ডল না চরণছায়ে॥

80

জীবন আমার চলছে যেমন তেমনি ভাবে
সহজ কঠিন দ্বন্দে ছলেদ চলে যাবে।।
চলার পথে দিনে রাতে দেখা হবে সবার সাথে-তাদের আমি চাব, তারা আমার চাবে।।
জীবন আমার পলে পলে এমনি ভাবে
দ্বঃখস্থের রঙে রঙে রঙিয়ে যাবে।
রঙের খেলার সেই সভাতে খেলে যে জন সবার সাথে
তারে আমি চাব, সেও আমার চাবে॥

88

কী পাই নি তারি হিসাব মিলাতে মন মোর নহে রাজি।
আজ হদয়ের ছায়াতে আলোতে বাঁশরি উঠেছে বাজি॥
ভালোবেসেছিন, এই ধরণীরে সেই স্মৃতি মনে আসে ফিরে ফিরে,
কত বসন্তে দখিনসমীরে ভরেছে আমারি সাজি॥
নয়নের জল গভীর গহনে আছে হদয়ের ন্তরে,
বেদনার রসে গোপনে গোপনে সাধনা সফল করে।
মাঝে মাঝে বটে ছি'ডেছিল তার, তাই নিয়ে কেবা করে হাহাকার—
সরুর তব্ব লেগেছিল বারে-বার মনে পড়ে তাই আজি॥

84

আমি যে সব নিতে চাই, সব নিতে ধাই রে। আমি আপনাকে, ভাই, মেলব যে বাইরে॥ পালে আমার লাগল হাওরা, হবে আমার সাগর-বাওরা,
ঘাটে তরী নাই বাঁধা নাই রে॥
স্থে দ্থে ব্কের মাঝে পথের বাঁশি কেবল বাজে,
সকল কাজে শ্নি যে তাই রে।
পাগ্লামি আজ লাগল পাখার, পাখি কি আর থাকবে শাখার।
দিকে দিকে সাড়া যে পাই রে॥

84

আলো আমার, আলো ওগো, আলো ভূবন-ভরা,
আলো নরন-ধোওয়া আমার, আলো হৃদয়-হরা॥
নাচে আলো নাচে, ও ভাই, আমার প্রাণের কাছে—
বাজে আলো বাজে, ও ভাই, হৃদয়বীণার মাঝে—
জাগে আকাশ, ছোটে বাতাস, হাসে সকল ধরা॥
আলোর স্রোতে পাল তুলেছে হাজার প্রজাপতি।
আলোর টেউয়ে উঠল নেচে মল্লিকা মালতী।
মেঘে মেঘে সোনা, ও ভাই, যায় না মানিক গোনা—
পাতায় পাতায় হাসি, ও ভাই, প্লক রাশি রাশি—
স্রুরনদীর ক্ল ভূবেছে স্থা-নিঝর-ঝরা॥

89

ওরে ওরে ওরে, আমার মন মেতেছে,
তারে আজ থামার কে রে।
সে বে আকাশ-পানে হাত পেতেছে,
তারে আজ নামার কে রে॥
ওরে, আমার মন মেতেছে, আমারে থামার কে রে।
ওরে ভাই, নাচ্রেও ভাই, নাচ্রে-আজ ছাড়া পেয়ে বাঁচ্রে-লাজ ভর ঘ্রিচরে দৈ রে।
তারে আজ থামায় কে রে॥

84

হারে রে রে রে রে, আমায় ছেড়ে দে রে, দৈ রে—
যেমন ছাড়া বনের পাথি মনের আনন্দে রে॥
ঘনশ্রাবগধারা যেমন বাঁধনহারা,
বাদল-বাতাস যেমন ডাকাত আকাশ লাটে ফেরে॥
হারে রে রে রে রে, আমায় রাখবে ধরে কে রে—
দাবানলের নাচন যেমন সকল কানন খেরে,

বজু যেমন বেগে গজে ঝড়ের মেঘে, অটুহাস্যে সকল বিঘা-বাধার বক্ষ চেরে॥

82

আনন্দেরই সাগর হতে এসেছে আজ বান।
দাঁড় ধরে আজ বোস্রে সবাই, টান্রে সবাই টান্যা
বোঝা যত বোঝাই করি করব রে পার দ্থের তরী,
ঢেউরের 'পরে ধরব পাড়ি— যায় র্যাদ যাক প্রাণয়া
কে ডাকে রে পিছন হতে, কে করে রে মানা,
ভয়ের কথা কে বলে আজ— ভয় আছে সব জানা।
কোন্শাপে কোন্ গ্রহের দোষে স্থের ডাঙায় থাকব বসে।
পালের রশি ধরব কষি, চলব গেয়ে গান্য

40

খরবায়্বয় বেগে, চারি দিক ছায় মেছে.
ওগো নেয়ে, নাওখানি বাইয়ে।
তুমি কষে ধরো হাল, আমি তুলে বাঁধি পাল হাঁই মারো, মারো টান হাঁইয়ো॥
শৃঙখলে বারবার ঝন্ঝন্ ঝঙ্কার নয় এ তো তরণীর ক্রন্দন শঙ্কার:
বন্ধন দ্বর্বার সহ্য না হয় আর, টলোমলো করে আজ তাই ও।
হাঁই মারো, মারো টান হাঁইয়ো॥
গাঁণ গাঁণ দিন খন চণ্ডল করি মন
বোলো না খাই কি নাই ষাই রে'।
সংশয়পারাবার অস্তরে হবে পার,
উদ্বেগে তাকায়ো না বাইরে।
বাঁদ মাতে মহাকাল, উন্দাম জটাজাল ঝড়ে হয়ে ল্বিণ্ঠত, ঢেউ উঠে উত্তাল,
হোয়ো নাকো কুণ্ঠত, তালে তার দিয়ো তাল — জয়-জয় জয়গান গাইয়ো।
হাঁই মারো, মারো টান হাঁইয়ো॥

45

যুদ্ধ যথন বাধিল অচলে চণ্ডলে
বাংকারধর্নি রণিল কঠিন শৃত্থলে,
বন্ধমোচন ছন্দে তথন নেমে এলে নিঝ্রিণী—
তোমারে চিনি, তোমারে চিনি॥
সিন্ধমিলনসঙ্গীতে
মাতিয়া উঠেছ পাষাণশাসন লাজ্বতে,
অধীর ছন্দে ওগো মহাবিদ্রোহিণী—
তোমারে চিনি, তোমারে চিনি॥

হে নিঃশণ্কতা,
আত্ম-হারানো র্দ্রতালের ন্প্রঝণ্কতা,
মৃত্যুতোরণতরণ-চরণ-চারণী
চিরদিন অভিসারিণী,
তোমারে চিনি॥

## 42

গগনে গগনে ধার হাঁকি
বিদ্যাৎবাণী বন্ধ্রবাহিনী বৈশাখী,
স্পর্যাবেগের ছন্দ জাগার বনস্পতির শাখাতে॥
শ্নামদের নেশার মাতাল ধার পাখি,
অলখ পথের ছন্দ উড়ার মৃক্তবেগের পাখাতে॥
অস্তরতল মন্থন করে ছন্দে
সাদা কালোর ঘন্দে,
কভু ভালো কভু মন্দে,
কভু সোজা কভু বাঁকাতে।
ছন্দ নাচিল হোমবহির তরঙ্গে,
মৃক্তিরণের যোদ্ধ্বীরের ভ্ভকে,
ছন্দ ছুটিল প্রলরপথের রুদ্রথের চাকাতে॥

#### d C

ভাঙাে বাঁধ ভেঙে দাও, বাঁধ ভেঙে দাও।

বন্দী প্রাণ মন হোক উধাও॥

শন্কনাে গাঙে আস্ক

ভাঙনের বন্যার উন্দাম কাতৃক

ভাঙনের জয়গান গাও।

জীর্ণ প্রাতন যাক ভেসে যাক,

যাক ভেসে যাক, যাক ভেসে যাক।

আমরা শ্নেছি ওই মাভৈঃ মাভৈঃ মাভৈঃ

কোন্ ন্তনেরই ডাক।

ভয় করি না অজানারে,

রুদ্ধ তাহারি দ্বারে দুর্দাড় বেগে ধাও॥

#### 48

ওই সাগরের চেউরে চেউরে বাজল ভেরী, বাজল ভেরী।
কখন্ আমার খুলবে দুরার— নাইকো দেরি, নাইকো দেরি॥
তোমার তো নয় ঘরের মেলা, কোণের খেলা গো—
তোমার সঙ্গে বিষম রঙ্গে জগং জুড়ে ফেরাফেরি॥

মরণ তোমার পারের তরী, কাদন তোমার পালের হাওয়া— তোমার বীণা বাজার প্রাণে বেরিয়ে যাওয়া, হারিয়ে যাওয়া। ভাঙল যাহা পড়ল ধলায় থাক্-না চুলায় গো— ভরল যা তাই দেখ্-না, রে ভাই, বাতাস ঘেরি, আকাশ ঘেরি॥

### ¢ ¢

দ্রার মোর পথপাশে, সদাই তারে খুলে রাখি।
কখন্ তার রথ আসে ব্যাকুল হয়ে জাগে আঁথি॥
গ্রাবণে শানি দ্রে মেঘে লাগায় গারু গরো-গরো,
ফাগানে শানি বায়্বেগে জাগায় মাদ্ মরো-মরো—
আমার বাকে উঠে জেগে চমক তার থাকি থাকি॥
সবাই দেখি যায় চলে পিছন-পানে নাহি চেয়ে
উতল রোলে কল্লোলে পথের গান গেয়ে গেয়ে।
শরং-মেঘ যায় ভেসে উধাও হয়ে কত দ্রে
যেথায় সব পথ মেশে গোপন কোন্ স্রপারে।
স্বপনে ওড়ে কোন্ দেশে উদাস মোর মনোপাথি॥

#### d b

নাহর তোমার যা হয়েছে তাই হল।
আরো কিছু নাই হল, নাই হল, নাই হল।।
কেউ যা কভু দের না ফাঁকি সেইট্কু তোর থাক্-না বাকি,
পথেই নাহর ঠাঁই হল।।
চল্ রে সোজা বীণার তারে ঘা দিয়ে।
ভাইনে বাঁয়ে দৃষ্টি তোমার না দিয়ে।
হারিয়ে চলিস পিছনেরে, সাম্নে যা পাস কুড়িয়ে নে রে থেদ কী রে তোর যাই হল।।

### 69

সে কোন্ বনের হরিণ ছিল আমার মনে।
কে তারে বাঁধল অকারণে॥
গতিরাগের সে ছিল গান, আলোছায়ার সে ছিল প্রাণ,
আকাশকে সে চমকে দিত বনে॥
মেঘলা দিনের আকুলতা বাজিয়ে যেত পায়ে
তমাল-ছায়ে-ছায়ে।
ফাল্গানে সে পিয়ালতলায় কে জানিত কোথায় পলায়
দিখন-হাওয়ার চপ্টলতার সনে॥

#### & W

তোমার হল শ্র্ন্, আমার হল সারা—
তোমায় আমায় মিলে এমনি বহে ধারা॥
তোমার জনলে বাতি, তোমার ঘরে সাথিআমার তরে রাতি, আমার তরে তারা॥
তোমার আছে ডাঙা, আমার আছে জল—
তোমার বসে থাকা, আমার চলাচল।
তোমার হাতে রয়, আমার হাতে কয়—
তোমার মনে ভয়, আমার ভয় হারা॥

### 43

এমনি করেই যায় যদি দিন যাক-না।
মন উড়েছে উড়্ক-না রে মেলে দিয়ে গানের পাখ্না॥
আজকৈ আমার প্রাণ-ফোয়ারার স্বর ছুটেছে.
দেহের বাঁধ ট্টেছে—
মাথার 'পরে খুলে গেছে আকাশের ওই স্নীল ঢাক্না॥
ধরণী আজ মেলেছে তার হদরখানি,
সে যেন রে কেবল বাণী।
কঠিন মাটি মনকে আজি দেয় না বাধা,
সে কোন্ স্বরে সাধা—
বিশ্ব বলে মনের কথা, কাজ পড়ে আজ থাকে থাক্-না॥

#### 90

আ <b>মারে</b>	বাঁধবি তোরা সেই বাঁধন কি তোদের আছে।
আমি <b>যে</b>	বন্দী হতে সন্ধি করি সবার কাছে॥
	সন্ধাা-আকাশ বিনা ডোরে বাঁধল মোরে গো:
	নিশিদিন বন্ধহারা নদীর ধারা আমায় যাচে।
থে কুস্ম	আপনি ফোটে, আপনি ঝরে, রয় না খরে গো-
ভারা <b>যে</b>	সঙ্গী আমার, বন্ধু আমার, চায় না পাছে।!
আমারে	ধর্রবি বলে মিথ্যে সাধা।
আ <b>মি যে</b>	নিজের কাছে নিজের গানের স্বরে বাধা।
	আপনি যাহার <b>প্রাণ দ্বিলল, মূন ভূলিল গো</b> -
সে মানুষ	আগ্ন-ভরা, পড়লে ধরা সে কি বাঁচে।
সে যে ভাই.	হাওয়ার সখা, ঢেউরের সাখি, দিবারাতি গো
কেবলই	এড়িয়ে চলার ছন্দে তাহার রক্ত নাচে॥

ফিরে ফিরে আমার মিছে ডাক স্বামী,—
সমর হল বিদার নেব আমি॥
অপমানে যার সাজায় চিতা
সে যে বাহির হয়ে এল অগ্নিজিতা,
রাজাসনের কঠিন অসম্মানে
ধরা দিবে না সে যে মুক্তিকামী॥
আমার মাটি নেবে আঁচল পেতে
বিশ্বজনের চোথের আড়ালেতে,
তুমি থাকো সোনার সীতার অনুগামী॥

## 6 5

ফ্ররোলো ফ্রোলো এবার পরীক্ষার এই পালা— পার হর্মেছ আমি অগ্নিদহন-জ্বালা॥ মা গো মা, মা গো মা, এবার তুমি জাগো মা— তোমার কোলে উজাড় করে দেব অপমানের ডালা॥ তোমার শ্যামল আঁচলখানি আমার অঙ্গে দাও, মা, আনি— আমার ব্রকের থেকে লও খাসিয়ে নিঠ্র কাঁটার মালা॥

#### 60

ওরে শিকল, তোমায় কোলে করে দিয়েছি ঝঞ্চার।
তুমি আনন্দে, ভাই, রেখেছিলে ভেঙে অহঙ্কার॥
তোমায় নিয়ে করে খেলা স্থে দ্বংখে কাটল বেলা—
অঙ্গ বেড়ি দিলে বেড়ী বিনা দামের অলঙ্কার॥
তোমার 'পরে করি নে রোষ, দোষ থাকে তো আমারি দোষ—
ভয় যদি রয় আপন মনে তোমায় দেখি ভয়ংকর।
অস্ত্রকারে সারা রাতি ছিলে আমার সাথের সাথি,
সেই দয়াটি স্মার তোমায় করি নমস্কার॥

## ₩8

আমাকে যে বাঁধবে ধরে, এই হবে যার সাধন, সে কি অর্মান হবে। আপনাকে সে বাঁধা দিয়ে আমায় দেবে বাঁধন, সে কি অর্মান হবে॥ আমাকে যে দঃখ দিয়ে আনবে আপন বশে, সে কি অর্মান হবে। তার আগে তার পাষাণ-হিয়া গলবে কর্ব রসে, সে কি অমনি হবে। আমাকে যে কাঁদাবে তার ভাগ্যে আছে কাঁদন, সে কি অমনি হবে॥

..

আমি চণ্ডল হে,
আমি স্দ্রের পিরাসি।

দিন চলে যায়, আমি আনমনে তারি আশা চেরে থাকি বাতায়নে—
ওগো, প্রাণে মনে আমি যে তাহার পরশ পাবার প্রয়সী॥
ওগো স্দ্র, বিপ্লে স্দ্র, ভূমি যে বাজাও ব্যাকৃল বাঁশরি—
মোর ডানা নাই আছি এক ঠাই সে কথা যে যাই পাশরি॥

আমি উন্মনা হে,
হে স্দ্র, আমি উদাসী।
রোদ্র-মাখানো অলস বেলায় তর্মমর্বে ছায়ার খেলায়
কী মুরতি তব নীল আকাশে নয়নে উঠে গো আভাসি।
হে স্দ্র, আমি উদাসী।
ওগো স্দ্র, বিপ্লে স্দ্র, তৃমি ষে বাজাও ব্যাকুল বাঁশার—
কক্ষে আমার রুদ্ধ দুয়ার সে কথা ষে যাই পাশরি॥

ti ti

ওরে সাবধানী পথিক, বারেক পথ ভূলে মরে। ফিরে।
খোলা আখি-দুটো অন্ধ করে দে আকুল আখির নীরে॥
সে ভোলা পথের প্রান্তে রয়েছে হারানো হিয়ার কুঞ্জ,
ঝরে পড়ে আছে কাঁটা-তর্তলে রক্তকুস্মপ্ঞ—
সেথা দুই বেলা ভাঙা-গড়া-খেলা অক্লাসন্থীরে॥
অনেক দিনের সপ্তর্ম তোর আগ্রাল আছিস বসে,
ঝড়ের রাতের ফুলের মতন ঝর্ক পড়্ক খসে।
আয় রে এবার সব-হারাবার জয়মালা পরো শিরে॥

69

তরী আমার হঠাৎ ভূবে ষায়
কোন্থানে রে কোন্ পাষাণের ঘায়॥
নবীন তরী নতুন চলে, দিই নি পাড়ি অগাধ জলে—
বাহি ভারে খেলার ছলে কিনার-কিনারায়॥
ভেসেছিল স্রোতের ভরে, একা ছিলেম কর্ণ ধরে—
লেগেছিল পালের 'পরে মধ্র ম্দ্র বায়।

স্থে ছিলেম আপন-মনে, মেঘ ছিল না গগনকোণে— লাগবে তরী কুস্মবনে ছিলেম সেই আশায়॥

#### 98

আমি কেবলই স্বপন করেছি বপন বাতাসে—
তাই আকাশকুসমুম করিন, চয়ন হতাশে॥
ছায়ার মতন মিলায় ধরণী, ক্ল নাহি পায় আশার তরণী.
মানসপ্রতিমা ভাসিয়া বেড়ায় আকাশে॥
কিছু বাঁধা পড়িল না শ্ধু এ বাসনা-বাঁধনে।
কেহ নাহি দিল ধরা শ্ধু এ স্দ্র-সাধনে।
আপনার মনে বাসয়া একেলা অনলশিখায় কী করিন, খেলা.
দিনশেষে দেখি ছাই হল সব হুতাশে॥

#### 42

শাধ্য যাওয়া আসা, শাধ্য সোতে ভাসা,
শাধ্য আলো-আঁধারে কাঁদা-হাসা॥
শাধ্য দেখা পাওয়া, শাধ্য ছারে যাওয়া,
শাধ্য দরে যেতে যেতে কোঁদে চাওয়া,
শাধ্য দরে যেতে যেতে কোঁদে চাওয়া,
শাধ্য নব দরাশায় আগে চলে যায় —
পিছে ফেলে যায় মিছে আশা॥
অশেষ বাসনা লয়ে ভাঙা ফল,
ভাঙা তরী ধরে ভাসে পারাবারে,
ভাব কোঁদে মরে— ভাঙা ভাষা।
ফদয়ে ফদয়ে আধা পরিচয়,
আধখানি কথা সাঙ্গ নাহি হয়,
লাজে ভয়ে তাসে আধো-বিশ্বাসে
শাধ্য আধখানি ভালোবাসা॥

90

ওগো, তোরা কে যাবি পারে।
আমি তরী নিয়ে বসে আছি নদীকিনারে॥
ও পারেতে উপবনে
কত খেলা কত জনে.
এ পারেতে ধ্ ধ্ মর্ বারি বিনা রে॥
এই বেলা বেলা আছে, আয় কে যাবি।
মিছে কেন কাটে কাল কত কী ভাবি।

সূর্য পাটে বাবে নেমে, সূবাতাস বাবে থেমে, থেয়া বন্ধ হয়ে বাবে সন্ধ্যা-আঁধারে॥

95

তোমাদের দান যশের ডালায় সব-শেষ সপ্তয় আমার—
নিতে মনে লাগে ভয়॥

এই র্পলোকে কবে এসেছিন্ব রাতে,
গেথেছিন্ব মালা ঝরে-পড়া পারিজ্ঞাতে,
আধারে অন্ধ— এ যে গাঁথা তারি হাতে—
কী দিল এ পরিচয়॥

এরে পরাবে কি কলালক্ষ্মীর গলে
সাতনরী হারে যেথায় মানিক জনলে।
একদা কখন অমরার উৎসবে
স্লান ফ্লদল খাসয়া পাড়বে কবে,
এ আদর যদি লক্ষার পরাভবে
সে দিন মালন হয়॥

## . 92

দ্র রজনীর স্বপন লাগে আজ ন্তনের হাসিতে,
দ্র ফাগ্নের বেদন জাগে আজ ফাগ্নের বাঁশিতে॥
হায় রে সে কাল হায় রে কশ্বন চলে যায় রে
আজ এ কালের মরীচিকায় নতুন মায়ায় ভাসিতে॥
বে মহাকাল দিন ফ্রালে আমার কুস্ম শ্বরালো
সেই তোমারি তর্ণ ভালে ফ্লের মালা পরালো।
শ্নিয়ে শেষের কথা সে কাঁদিয়ে ছিল হতাশে,
তোমার মাঝে নতুন সাজে শ্না আবার ভরালো।
আমরা খেলা খেলেছিলেম, আমরাও গান গেয়েছি।
আমরাও পাল মেলেছিলেম, আমরা তরী বেয়েছি।
হারায় নি তা হারায় নি, বৈতরণী পারায় নি—
নবীন চোখের চপল আলোয় সে কাল ফিরে পেয়েছি॥

## 90

ওরে মাঝি, ওরে আমার মানবজন্মতরীর মাঝি.
শ্নতে কি পাস দ্বের খেকে পারের বাঁশি উঠছে বাজি॥
তরী কি তোর দিনের শেষে ঠেকবে একর ঘাটে এসে।
সেথায় সন্ধ্যা-অন্ধকারে দেয় কি দেখা প্রদীপরাজি॥

যেন আমার লাগে মনে মন্দ-মধ্র এই পবনে সিন্ধ্বপারের হাসিটি কার আঁধার বেয়ে আসছে আজি। আসার বেলায় কুস্মগর্বল কিছু এনেছিলেম তুলি, যেগ্রাল তার নবীন আছে এই বেলা নে সাজিয়ে সাজি॥

## 98

চোখ যে ওদের ছুটে চলে গো—
ধনের বাটে, মানের বাটে, রুপের হাটে, দলে দলে গো।
দেখবে বলে করেছে পণ, দেখবে কারে জানে না মন—
প্রেমের দেখা দেখে যখন চোখ ভেসে যায় চোখের জলে গো॥
আমায় তোরা জাকিস না রে—
আমি যাব খেরার ঘাটে অরুপ-রসের পারাবারে।
উদাস হাওয়া লাগে পালে, পারের পানে যাবার কালে
চোখদুটোরে জুবিয়ে যাব অক্ল সুধা-সাগ্র-তলে গো॥

#### 94

কৃষ্ণকলি আমি তারেই বলি, কালো তারে বলে গাঁরের লোক।
মেঘলা দিনে দেখেছিলেম মাঠে কালো মেরের কালো হরিণ-চোখ।
ঘোমটা মাথায় ছিল না তার মোটে, মৃক্তবেণী পিঠের 'পরে লোটে।
কালো? তা সে যতই কালো হোক, দেখেছি তার কালো হরিণ-চোখ।

ঘন মেঘে আঁধার হল দেখে ডাকতেছিল শ্যামল দ্বিট গাই, শ্যামা মেয়ে ব্যস্ত ব্যাকুল পদে কুটির হতে গ্রস্ত এল তাই। আকাশ-পানে হানি ধ্বগল ভূর্ন শ্নেলে বারেক মেঘের গ্রের্গ্রে। কালো? তা সে ষতই কালো হোক, দেখেছি তার কালো হরিণ-চোখ।

প্রে বাতাস এল হঠাৎ ধেরে, ধানের ক্ষেতে খেলিয়ে গেল ঢেউ। আলের ধারে দাঁড়িয়েছিলেম একা, মাঠের মাঝে আর ছিল না কেউ। আমার পানে দেখলে কি না চেয়ে আমি জানি আর জানে সেই মেয়ে। কালো? তা সে যতই কালো হোক, দেখেছি তার কালো হরিণ-চোখ।

এমনি করে কালো কাজল মেঘ জ্যান্ত মাসে আসে ঈশান কোণে।
এমনি করে কালো কোমল ছায়া আষাঢ় মাসে নামে তমাল-বনে।
এমনি করে শ্রাবণ-রজনীতে হঠাৎ খুশি ঘনিয়ে আসে চিতে।
কালো? তা সে যতই কালো হোক, দেখেছি তার কালো হরিণ-চোখ।

কৃষ্ণকলি আমি তারেই বলি, আর যা বলে বলকে অন্য লোক। দেখেছিলেম ময়নাপাড়ার মাঠে কালো মেয়ের কালো হরিণ-চোখ। মাথার 'পরে দেয় নি তুলে বাস, লভ্জা পাবার পায় নি অবকাশ। কালো? তা সে যতই কালো হোক, দেখেছি তার কালো হরিণ-চোধ॥

### 96

#### 99

তারায় তারায় দীপ্ত শিখার অগ্নি জনলে আজ নিদাবিহীন গগনতলে॥ ওই আলোক-মাতাল স্বর্গসভার মহাঙ্গন হোথায় ছিল কোন্ যুগে মোর নিমল্বণ— नागन ना यन नागन ना, আমার তাই কালের সাগর পাড়ি দিয়ে এলেম চলে নিদ্যাবিহ**ীন গগনতলে**॥ মন্দমধ্যর কানাকানি জলে স্থলে হেথা শ্যামল মাটির ধরাতলে। ঘাসে ঘাসে রঙিন ফ্রানের আলিম্পন হেথা বনের পথে আধার-আলোয় জালিকন-लागल दा भन लागल दा, আমার তাই এইখানেতেই দিন কাটে এই খেলার ছলে শামল মাটির ধরাতলে॥

ওরে প্রজাপতি, মায়া দিয়ে কৈ যে পরশ করল তােরে
অন্তর্রাবর ত্লিখানি চুরি করে॥
হাওয়ার বৃকে যে চণ্ডলের গােপন বাসা
বনে বনে বয়ে বেড়াস তারি ভাষা,
অস্সরীদের দােলের খেলার ফ্লের রেণ্
পাঠায় কে তাের পাখায় ভরে॥
যে গ্লী তার কীতিনাশার বিপ্ল নেশায়
চিকন রেখার লিখন মেলে শ্নো মেশায়,
স্বর বাঁধে আর স্বর যে হারায় পলে পলে—
গান গেয়ে যে চলে তারা দলে দলে—
তার হারা স্বর নাচের নেশায়
ভানাতে তাের পড়ল ঝরে॥

### 93

यन्त्र, नत्मा-- यन्त्र, नत्मा-- यन्त्र, नत्मा-- यन्त्र! নযো চক্রমাখরমন্দ্রিত, তুমি বজ্রবহিবন্দিত, তুমি বন্তবিশ্ববক্ষোদংশ ধরংসবিকট দন্ত॥ তব দীপ্ত-আগ্ন-শত-শতঘ্যী-বিঘ্যবিজয় পন্থ। তব লোহগলন শৈলদলন অচলচলন মন্ত।। তব কাষ্ঠলোষ্ট্র-ইষ্টক-দৃঢ় ঘর্নাপনদ্ধ কায়া, কভ ভতল-জল-অন্তরীক্ষ-লন্দন লঘু মায়া। কভ খনি-খনিত্ত-নখ-বিদীণ ক্ষিতি বিকীণ-অন্ত। তব পঞ্চতবন্ধনকর ইন্দ্রজালতন্ত্র॥ তব

### AO

ওগো নদী, আপন বেগে পাগল-পারা,
আমি ন্তর চাঁপার তর্ গন্ধভরে তন্দ্রাহারা॥
আমি সদা অচল থাকি, গভীর চলা গোপন রাখি,
আমার চলা নবীন পাতার, আমার চলা ফ্লের ধারা॥
ওগো নদী, চলার বেগে পাগল-পারা,
পথে পথে বাহির হয়ে আপন-হারা—
আমার চলা বায় না বলা— আলোর পানে প্রাণের চলা—
আকাশ বোঝে আনন্দ তার, বোঝে নিশার নীরব তারা॥

প্রাঙ্গণে মোর শিরীষশাথার ফাগন্ন মাসে
কী উচ্চনাসে
ক্যান্তিবিহনি ফ্ল ফোটানোর খেলা।
ক্যান্তক্জন শান্তবিজন সন্ধ্যাবেলা
প্রত্যহ সেই ফ্লে শিরীষ প্রশন শ্ধার আমার দেখি,
'এসেছে কি।'

আর বছরেই এমনি দিনেই ফাগ্ন মাসে
কী উচ্ছনাসে
নাচের মাতন লাগল শিরীষ-ডালে
স্বর্গপ্রের কোন্ ন্প্রের তালে।
প্রতাহ সেই চণ্ডল প্রাণ শ্বিয়েছিল, 'শ্নাও দেখি
আসে নি কি।'

আবার কখন এমনি দিনেই ফাগ্ন মাসে
কী আশ্বাসে
ডালগ্নলি তার রইবে শ্রবণ পেতে
অলখ জনের চরণ-শব্দে মেতে।
প্রতাহ তার মর্মারম্বর বলবে আমার কী বিশ্বাসে,
'সে কি আসে।'

প্রশন জানাই প্রশোবভোর ফাগ্নন মাসে
কী আশ্বাসে,
'হায় গো, আমার ভাগা-রাতের তারা,
নিমেষ-গণন হয় নি কি মোর সারা।'
প্রতাহ বয় প্রাশ্বণময় বনের বাতাস
এলোমেলো—
'সে কি এলো।'

43

হে আকাশবিহারী নীরদবাহন জল,
আছিল শৈলশিখরে শিখরে তোমার লীলাশুল।।
তুমি বরনে বরনে কিরণে কিরণে প্রাতে সন্ধ্যায় অর্ণে হিরণে
দিয়েছ ভাসায়ে পবনে পবনে স্বপনতরণীদল।।
শোবে শ্যামল মাটির প্রেমে তুমি ভুলে এসেছিলে নেমে,
কবে বাধা পড়ে গেলে বেখানে ধরার গভীর তিমিরতল।
আজ পাবাণদ্বার দিয়েছি ট্রিটিয়া, কত ব্ল পরে এসেছ ছ্রিটয়া
নীল গগনের হারানো শ্মরণ গানেতে সম্ভেল।।

যে কেবল পালিয়ে বেড়ায়, দৃণি এড়ায়, ডাক দিয়ে বায় ইঙ্গিতে.
সৈ কি আজ দিল ধরা গন্ধে-ভন্না বসন্তের এই সঙ্গীতে॥
ও কি তার উত্তরীয় অশোকশাখায় উঠল দৃলি।
আজি কি পলাশবনে ওই সে বৃলায় রঙের ত্লি।
ও কি তার চরণ পড়ে তালে তালে মিল্লিকার ওই ভঙ্গীতে॥
না গোনা, দেয় নি ধরা, হাসির ভরা দীর্ঘাসে যায় ভেসে।
মিছে এই হেলা-দোলায় মনকে ভোলায়, ঢেউ দিয়ে যায় স্বপ্নে সে।
সে বৃষি লৃকিয়ে আসে বিচ্ছেদেরই রিক্ত রাতে.
নয়নের আড়ালে তার নিতা-জাগার আসন পাতে—
ধেয়ানের বর্ণছিটায় ব্যথার রঙে মনকে সে রয় রঙ্গিতে॥

## **F8**

ও কি এল, ও কি এল না, বোঝা গেল না—
ও কি মায়া কি স্বপনছায়া, ও কি ছলনা॥
ধরা কি পড়েও রুপেরই ডোরে,
গানেরই তানে কি বাঁধিবে ওরে—
ও যে চিরবিরহেরই সাধনা॥
ওর বাঁশিতে কর্ণ কী স্র লাগে
বিরহমিলনমিলিত রাগে।
স্থে কি দুখেও পাওয়া না-পাওয়া,
হদয়বনে ও উদাসী হাওয়া,
বুঝি শুখুও পরমকামনা॥

#### AG

দ্রদেশী সেই রাখাল ছেলে
আমার বাটে বটের ছায়ায় সারা বেলা গেল খেলে॥
গাইল কী গান সেই তা জানে, স্বর বাজে তার আমার প্রাণেবলা দেখি তোমরা কি তার কথার কিছ্ব আভাস পেলে॥
আমি তারে শ্বাই যবে 'কী তোমারে দিব আনি'—
সে শ্বাই কয়, 'আর কিছ্ব নয়, তোমার গলার মালাখানি।'
দিই যদি তো কী দাম দেবে যায় বেলা সেই ভাব্না ভেবে—
ফিরে এসে দেখি ধ্লায় বাঁগিটি তার গেছে ফেলে॥

Vt

বাজে গ্র্গ্র্থ শব্দার ডব্দা, ঝঞ্চা ঘনায় দ্রে ভীষণ নীরবে। কত রব স্থুম্বপ্লের ঘোরে আপনা ভূলে— সহসা জাগিতে হবে॥

### 49

ও জোনাকি, কী স্থে ওই ডানা দ্বিট মেলেছ।
এই আঁধার সাঁঝে বনের মাঝে উল্লাসে প্রাণ ঢেলেছ।।
তুমি নও তো স্ধ্, নও তো চন্দ্র, তাই বলেই কি কম আনন্দ।
তুমি আপন জীবন প্র্ণ করে আপন আলো জেবলেছ।।
তোমার যা আছে তা তোমার আছে, তুমি নও গো ঋণী কারো কাছে,
তোমার অন্তরে যে শক্তি আছে তারি আদেশ পেলেছ।
তুমি আঁধার-বাঁধন ছাড়িরে ওঠ, তুমি ছোটো হরে নও গো ছোটো,
জগতে যেথার যত আলো সবায় আপন করে ফেলেছ।।

#### RR

হ্যাদে গো নন্দরানী, আমাদের শ্যামকে ছেড়ে দাও।
আমরা রাখাল-বালক দাঁড়িয়ে দ্বারে। আমাদের শ্যামকে দিয়ে যাও॥
হেরো গো প্রভাত হল, স্থাম্ম ওঠে, ফ্ল ফ্টেছে বনে।
আমরা শ্যামকে নিয়ে গোষ্ঠে যাব আজ করেছি মনে।
ওগো, পীত ধড়া পরিয়ে তারে কোলে নিয়ে আয়।
তার হাতে দিয়ো মোহন বেশ্ব, ন্প্র দিয়ো পায়॥
রোদের বেলায় গাছের তলায় নাচব মোরা সবাই মিলে।
বাজবে ন্প্র রশ্বুন্ন, বাজবে বাঁশি মধ্ব বোলে।
বনফ্লে গাঁথব মালা, পরিয়ে দিব শ্যামের গলে॥

#### 87

আঁধারের লীলা আকাশে আলোকলেখায়-লেখায়,

ছেন্দের লীলা অচলকঠিনমূদকে।

অর্পের লীলা অগোনা র্পের রেখায় রেখায়,

ন্তর অতল খেলার তরলতরকে।

আপনারে পাওয়া আপনা-ত্যাগের গভীর লীলায়,

ম্তির লীলা ম্তিবিহীন কঠোর শিলায়,

শান্ত শিবের লীলা যে প্রলয়ন্ত্রেম।
শৈলের লীলা নির্মারকলকলিত রোলে,

শান্তর লীলা কত-না রক্তে বিরক্ষে।

মাটির লীলা যে শস্যের বায়্বহেলিত দোলে. আকাশের লীলা উধাও ভাষার বিহঙ্গে। স্বর্গের থেলা মর্ত্যের ম্লান ধ্লায় হেলায়, দ্বংখেরে লয়ে আনন্দ খেলে দোলন-থেলায়, শোর্ষের খেলা ভীর্ন মাধ্বরীর আসঙ্গে॥

20

দেখা না-দেখায় মেশা হে বিদ্যুৎলতা,
কাঁপাও ঝড়ের ব্বে একি ব্যাকুলতা।
গগনে সে ঘ্রে ঘ্রে খোঁজে কাছে, খোঁজে দ্রে—
সহসা কী হাসি হাস, নাহি কহ কথা॥
আঁধার ঘনায় শ্নো, নাহি জানে নাম,
কী র্দ্র সন্ধানে সিন্ধ দ্যালছে দ্বর্দাম।
অরণ্য হতাশপ্রাণে আকাশে ললাট হানে,
দিকে দিকে কে'দে ফেরে কী দৃঃসহ ব্যথা॥

#### 66

তুমি উষার সোনার বিন্দৃ প্রাণের সিন্ধৃক্লে,
শরং-প্রাতের প্রথম শিশির প্রথম শিউলিফ্লে॥
আকাশপারের ইন্দুধন্ ধরার পারে নোওয়া,
নন্দনেরই নন্দিনী গো চন্দুলেখায় ছোঁওয়া
প্রতিপদে চাঁদের স্বপন শুদ্র মেঘে ছোঁওয়া—
স্বর্গলোকের গোপন কথা মর্ত্যে এলে ভূলে॥
তুমি কবির ধেয়ান-ছবি প্র্রজনম-স্মৃতি,
তুমি আমার কুড়িয়ে-পাওয়া হারিয়ে-যাওয়া গীতি।
য়ে কথাটি যায় না বলা কইলে চূপে চূপে,
তুমি আমার মৃত্তি হয়ে এলে বাঁধনর্পে—
অমল আলোর কমলবনে ডাকলে দৃয়ার খ্লো॥

## 25

আকাশ, তোমায় কোন্ র্পে মন চিনতে পারে
তাই ভাবি যে বারে বারে॥
গহন রাতের চন্দ্র তোমার মোহন ফাঁদে
দ্বপন দিয়ে মনকে বাঁধে,
প্রভাতস্য শুদ্র জ্যোতির তরবারে
ছিন্ন করি ফেলে তারে॥
বসন্তবায় পরান ভূলায় চুপে চুপে,
বৈশাখী ঝড় গজি উঠে রুদ্ররূপে।

শ্রাবণমেঘের নিবিড় সঞ্চল কাজল ছারা দিগ্দিগন্তে ঘনার মারা— আশ্বিনে এই অমল আলোর কিরণধারে যার নিয়ে কোন্ মুক্তিপারে ॥

#### 50

আধেক ঘুমে নরন চুমে স্বপন দিয়ে বার ।
প্রান্ত ভালে ধ্থীর মালে পরশে মৃদু বার ॥
বনের ছারা মনের সাখি, বাসনা নাহি কিছ্—
পথের ধারে আসন পাতি, না চাহি ফিরে পিছ্—
বেণ্র পাতা মিশার গাথা নীরব ভাবনার ॥
মেঘের খেলা গগনতটে অলস লিপি-লিখা,
সুদ্রে কোন্ স্মরণপটে জাগিল মরীচিকা।
চৈর্চাদনে তপ্ত বেলা ভ্ল-আঁচল পেতে
শ্নাতলে গন্ধ-ভেলা ভাসার বাতাসেতে—
কপোত ডাকে মধ্কশাখে বিজন বেদনার॥

#### 28

পাখি বলে, 'চাঁপা, আমারে কও,
কেন তুমি হেন নীরবে রও।
প্রাণ ভরে আমি গাহি যে গান
সারা প্রভাতেরই স্বরের দান,
সে কি তুমি তব হদরে লও।
কেন তুমি তবে নীরবে রও।'
চাঁপা শ্বনে বলে, 'হার গো হার,
যে আমারই গাওরা শ্বনিতে পার
নহ নহ পাখি, সে তুমি নও।'

পাখি বলে, 'চাপা, আমারে কও,
কেন তুমি হেন গোপনে রও।
ফাগনের প্রাতে উতলা বায়
উড়ে যেতে সে যে ডাকিয়া যায়,
সে কি তুমি তব হৃদয়ে লও।
কেন তুমি তবে গোপনে রও।'
চাপা শ্নে বলে, 'হায় গো হায়.
যে আমারই ওড়া দেখিতে পায়
নহ নহ পাখি, সে তুমি নও।'

মাটির ব্বের মাঝে বন্দী যে জ্বল মিলিরে থাকে
মাটি পার না তাকে॥
কবে কাটিয়ে বাঁধন পালিয়ে যখন যায় সে দ্রে
আকাশপর্রে,
তখন কাজল মেঘের সজল ছায়া শ্নো আঁকে,
মাটি পায় না তাকে॥
শেষে বজ্র তারে বাজায় বাখা বহিজনালায়,
ঝঞ্জা তারে দিগ্বিদিকে কাঁদিয়ে চালায়।
তখন কাছের ধন যে দ্রের থেকে কাছে আসে
ব্বের পাশে,
তখন চোখের জলে নামে সে যে চোথের জলের ডাকে.

তখন চোখের জলে নামে সে বে চোখের জলের ডাকে. মাটি পায় রে তাকে॥

#### 26

্রামি সন্ধ্যাদীপের শিখা,
আন্ধকারের ললাট-মাঝে পরান্ব রাজটিকা॥
তার স্বপনে মোর আলোর পরশ জাগিয়ে দিল গোপন হরব,
অন্তরে তার রইল আমার প্রথম প্রেমের লিখা॥
আমার নিজনি উৎসবে
আন্বরতল হয় নি উতল পাখির কলরবে।
যখন তর্ণ রবির চরণ লেগে নিখিল ভূবন উঠবে জেগে
তথন আমি মিলিয়ে যাব ক্ষণিক মরীচিকা।

#### 39

মাটির প্রদীপখানি আছে মাটির ঘরের কোলে.
সন্ধ্যাতারা তাকায় তারি আলো দেখবে বলে॥
সেই আলোটি নিমেষহত প্রিরার ব্যাকুল চাওয়ার মতো.
সেই আলোটি মায়ের প্রাণের ভরের মতো দোলে॥
সেই আলোটি নেবে জনলে শ্যামল ধরার হৃদয়তলে,
সেই আলোটি চপল হাওয়ায় বাথায় কাঁপে পলে পলে।
নামল সন্ধ্যাতারার বাণী আকাশ হতে আশিস আনি,
তামর্মশিখা আকুল হল মত্যিশখায় উঠতে জনলে॥

#### 74

আমি তোমারি মাটির কন্যা, জননী বস্করা— তবে আমার মানবজন্ম কেন বঞ্চিত করা॥ পবিত্র জানি যে ভূমি পরিত্র জন্মভূমি,
মানবকন্যা আমি বে ধন্যা প্রাণের পর্বে ভরা॥
কোন্ স্বর্গের তরে ওরা তোমার ভূচ্ছ করে
রহি ভোমার বক্ষোপরে।
আমি বে তোমারি আছি নিতান্ত কাছাকাছি,
তোমার মোহনীশক্তি দাও আমারে হদরপ্রাণহরা॥

### 77

যাবই আমি যাবই ওগো, বাণিজ্যতে যাবই।
লক্ষ্মীরে হারাবই যদি, অলক্ষ্মীরে পাবই॥
সাজিরে নিয়ে জাহাজখানি বসিয়ে হাজার দাঁড়ি
কোন্ প্রনীতে যাব দিয়ে কোন্ সাগরে পাড়ি।
কোন্ তারকা লক্ষ্য করি ক্লাকনারা পরিহারি
কোন্ দিকে যে বাইব তরী বিরাট কালো নীরে—
মরব না আর বার্থ আশায় সোনার বাল্র তীরে॥

নীলের কোলে শ্যামল সে দ্বীপ প্রবাল দিয়ে ছেরা।
শৈলচ্ডায় নীড় বে'ধেছে সাগর-বিহঙ্গেরা।
নারিকেলের শাথে শাখে ঝোড়ো বাতাস কেবল ডাকে,
ঘন বনের ফাঁকে ফাঁকে বইছে নগনদী।
সাত-রাজার ধন মানিক পাব সেথায় নামি যদি॥

হেরো সাগর ওঠে তর্রাঙ্কয়া, বাতাস বহে বেগে।
স্ব ফেথায় অন্তে নামে ঝিলিক মারে মেঘে।
দক্ষিণে চাই, উত্তরে চাই— ফেনায় ফেনা, আর কিছু নাই–
যদি কোথাও ক্ল নাহি পাই তল পাব তো তব্—
ভিটার কোণে হতাশমনে রইব না আর কভু॥

অক্ল-মাঝে ভাসিয়ে তরী ধাচ্ছি অজ্ঞানায়
আমি শুধু একলা নেয়ে আমার শ্ন্য নায়।
নব নব পবন-ভরে ধাব দ্বীপে দ্বীপান্তরে,
নেব তরী পূর্ণ করে অপূর্ব ধন ষত।
ভিখারি মন ফিরবে বখন ফিরবে রাজার মতো॥

200

আমরা ন্তন যোকনেরই দ্ত। আমরা চঞল, আমরা অভুত। আমরা বেড়া ভাঙি,
আমরা অশোকবনের রাঙা নেশার রাঙি।
বান্ধার বন্ধন ছিল্ল করে দিই— আমরা বিদ্যুৎ॥
আমরা করি ভূল—
অগাধ জলে ঝাঁপ দিরে যুবিয়ে পাই ক্ল।
বেখানে ডাক পড়ে জীবন-মরণ-মড়ে আমরা প্রস্তুত।

## 202

তিমিরময় নিবিড় নিশা নাহি রে নাহি দিশা— একেলা ঘনঘোর পথে, পাল্থ, কোথা যাও॥ বিপদ দ্বখ নাহি জান, বাধা কিছু না মান, অন্ধকার হতেছ পার— কাহার সাড়া পাও॥ দীপ হৃদরে জ্বলে, নিবে না সে বায়্বলে— মহানশ্দে নিরন্তর এ কী গান গাও। সম্থে অভর তব, পশ্চাতে অভয়রব— অন্তরে বাহিরে কাহার মুখ চাও॥

## 205

হায় হায় রে, হায় পরবাসী,
হায় গৃহছাড়া উদাসী।
অন্ধ অদ্লেটর আহ্বানে
কোথা অজানা অক্লে চলেছিস ভাসি॥
শ্বনিতে কি পাস দ্র আকাশে কোন্ বাতাসে
সর্বনাশার বাঁশি—
ওরে, নির্মম ব্যাধ বে গাঁথে মরণের ফাঁসি।
রঙিন মেঘের তলে গোপন অশ্রভলে
বিধাতার দার্ণ বিদ্রশবন্ধে
সণিত নীরব অটুহাসি।

#### 200

স্কারের বন্ধন নিষ্ঠারের হাতে স্কাবে কে।
নিঃসহারের অশ্রবারি পীড়িতের চক্ষে ম্ছাবে কে॥
আতের ক্রুদনে হেরো ব্যথিত বস্কারা,
অন্যায়ের আক্রমণে বিষবাণে জর্জারা
প্রবলের উৎপীড়ানে
কে বাঁচাবে দ্বলারে।
অপমানিতেরে কার দয়া বক্ষে লাবে ভেকে॥

আকাশে তোর তেমনি আছে ছুটি,
অলস যেন না রয় ডানা দুটি॥
থরে পাখি, ঘন বনের তলে
বাসা তোরে ভূলিয়ে রাথে ছলে,
রাহি তোরে মিথো করে বলে—
শিথিল কভু হবে না তার মুঠি॥
জানিস নে কি কিসের আশা চেরে
ঘুমের ঘোরে উঠিস গেরে গেয়ে।
জানিস নে কি ভোরের জাধার-মাঝে
আলোর আশা গভীর সুরে বাজে,
আলোর আশা গোপন রহে না যে—
রুদ্ধ ক'ডির বাধন ফেলে টুটি॥

#### 206

কোথায় ফিরিস পরম শেষের অন্বেষণে।
অশেষ হয়ে সেই তো আছে এই ভূবনে॥
তারি বাণী দ্ হাত বাড়ায় শিশ্র বেশে,
আধো ভাষায় ভাকে ভোমার বৃকে এসে,
তারি ছেভিয়া লেগেছে ওই কুস্মবনে॥
কোথায় ফিরিস ঘরের লোকের অন্বেষণে—
পর হয়ে সে দেয় যে দেখা কণে কণে।
তার বাসা যে সকল খরের বাহির-দারে,
তার আলো যে সকল পথের ধারে ধারে,
তাহারি রূপ গোপন রূপে জনে জনে॥

#### 200

চাহিয়া দেখো রসের স্রোতে রঙের থেলাথানি।
চেয়ো না চেয়ো না তারে নিকটে নিতে টানি॥
রাখিতে চাহ, বাঁধিতে চাহ যারে,
আঁধারে তাহা মিলায় মিলায় বারে বারে—
বাজিল ষাহা প্রাশের বাঁশা-তারে
সে তো কেবলই গান কেবলই বাণাঁ॥
পরশ তার নাহি রে মেলে, নাহি রে পরিমাণ—
দেবসভায় যে স্থা করে পান।
নদীর স্লোতে, ফ্লের বনে বনে,
মাধ্রী-মাথা হাসিতে আঁথিকোলে,

# ब्रवीन्द्र-ब्रह्मावणी

সে সংখাট্যকু পিয়ো আপন-মনে— মহকুরপে নিয়ো তাহারে জানি॥

## 509

রয় যে কাঙাল শ্না হাতে, দিনের শেষে
দেয় সে দেখা নিশীথরাতে স্বপনবেশে॥
আলোয় যারে মালনমুখে মৌন দেখি
আঁধার হলে আঁখিতে তার দীপ্তি একি—
বরণমালা কে যে দোলায় তাহার কেশে॥
দিনের বীণায় যে ক্ষীণ তারে ছিল হেলা
ঝঙ্কারিয়া ওঠে যে তাই রাতের বেলা।
তন্দ্রাহারা অন্ধকারের বিপ্লে গানে
মন্দ্রি ওঠে সারা আকাশ কী আহ্বানে—
তারার আলোয় কে চেয়ের রয় নির্নিমেষে॥

#### POR

সে কোন্ পাগল যায় পথে তোর, যায় চলে ওই একলা রাতে—
তারে ডাকিস নে তোর আছিনাতে॥
সন্দ্র দেশের বাণী ও যে যায় বলে, হায়, কে তা বোঝেকী সনুর বাজায় একতারাতে॥
কাল সকালে রইবে না তো,
বৃথাই কেন আসন পাত।
বাঁধন-ছে'ড়ার মহোৎসবে
গান যে ওরে গাইতে হবে
নবীন আলোর বন্দনাতে॥

## 202

পরবাসী, চলে এসো ঘরে
অন্ক্ল সমীরণ-ভরে॥
ওই দেখো কতবার হল খেয়া-পারাপার,
সারিগান উঠিল অন্বরে॥
আকাশে আকাশে আয়োজন,
বাতাসে বাতাসে আমন্তন।
মন যে দিল না সাড়া, তাই তুমি গৃহছাড়া
নির্বাসিত বাহিরে অস্তরে॥

## >>0

ছিল যে পরানের অন্ধলারে ।
এল সে ভূবনের আলোক-পারে॥
স্বপনবাধা টুটি বাহিরে এল ছুটি,
অবাক্ আখি দুটি হেরিল তারে॥
মালাটি গে'থেছিন্ অশুধারে,
তারে যে বে'ধেছিন্ সে মায়াহারে।
নীরব বেদনায় প্জিন্ যারে হার
নিখিল তারি গায় বন্দনা রে॥

#### 222

যে কাদনে হিয়া কাদিছে
যে বাধনে মােরে বাধিছে
সেপথে পথে তারে খ্লিন্,
সেপ্জার মাঝে লাকায়ে
এসেছিল মন হরিতে মহাপারাবার পারারে।
ফরিল না আর তরীতে,
তারি আপনারি মাধ্রী
ধরিবে কি ধরা দিবে সেকাদনে সেও কাদিল।
তার কাদনে মেও কাদিল।
সেকাদনে তারে বাধিল।
সেকাদনে সেও কাদিল।
মনে মানে তারে বাধিল।
আমারেও সে যে সাধিল।
আমারের পারারে।
আপনারে করে চাতুরী,
বারিবে কি ধরা দিবে সেকাদনে সেও কাদিল।

## >>5

আমরা লক্ষ্মীছাড়ার দল ভবের পশ্মপত্রে জল
সদা করছি টলোমল।
মোদের আসা-যাওয়া শ্না হাওয়া, নাইকো ফলাফল॥
নাহি জানি করণ-কারণ, নাহি জানি ধরণ-ধারশ,
নাহি মানি শাসন-বারণ গো—
আমরা আপন রোখে মনের ঝোঁকে ছি ড়েছি শিকল॥
লক্ষ্মী, তোমার বাহনগালি খনে প্রে উঠান ফালি,
লাঠান তোমার পদধ্লি গো—
আমরা স্কন্ধে লয়ে কাঁখা ঝালি ফিরব ধরাতল।
তোমার বন্দরেতে বাঁধা ঘাটে বোঝাই-করা সোনার পাটে
অনেক রক্ত অনেক হাটে গো—
আমরা নোঙর-ছেড়া ভাঙা তারী ভেসেছি কেবল॥
আমরা এবার খালে দেখি অক্লেতে ক্ল মেলে কি,
ছীপ আছে কি ভ্রসাগরে।

যদি স্থ না জোটে দেখব ভূবে কোথার রসাতল। আমরা জুটে সারা বেলা করব হতভাগার মেলা, গাব গান খেলব খেলা গো— কস্ঠে যদি গান না আসে করব কোলাহল॥

## 220

ওগো, তোমরা সবাই ভালো—
যার অদ্ভেট যেমনি জনটেছে সেই আমাদের ভালো।
আমাদের এই আঁধার ঘরে সন্ধাপ্রদীপ জনলো॥
কেউ বা অতি জনলো-জনলো, কেউ বা লিম আলো।
ন্তন প্রেমে ন্তন বধ্ আগাগোড়া কেবল মধ্ন,
প্রাতনে অম্বান্ধন একট্কু ঝাঁঝালো।
বাক্য যখন বিদায় করে চক্ষ্ এসে পায়ে ধরে,
রাগের সঙ্গে অন্রাগে সমান ভাগে ঢালো॥
আমরা তৃষ্ণা, তোমরা স্থা— তোমরা তৃষ্ঠি, আমরা ক্ষ্মালার কথা বলতে কবির কথা ফ্রালো।
যে ম্তি নয়নে জাগে সবই আমার ভালো লাগে—কেউ বা দিব্য গোরবরন, কেউ বা দিব্য কালো।

## 228

ভালো মান্য নই রে মোরা ভালো মান্য নই—
গ্ণের মধ্যে ওই আমাদের, গ্রেপের মধ্যে ওই॥
দেশে দেশে নিন্দে রটে, পদে পদে বিপদ ঘটে—
প্রথির কথা কই নে মোরা, উল্টো কথা কই॥
জন্ম মোদের গ্রহস্পর্শে, সকল অনাস্থি।
ছুটি নিলেন বৃহস্পতি, রইল শনির দ্খি।
অবান্তাতে নোকো ভাসা, রাখি নে, ভাই, ফলের আশা—
আমাদের আর নাই বে গতি ভেসেই চলা বই॥

#### 356

আমাদের ভয় কাহারে।
ব্ড়ো ব্ড়ো চোর ডাকাতে কী আমাদের করতে পারে॥
আমাদের রাস্তা সোজা, নাইকো পাল— নাইকো ব্লি, নাইকো থাল—
ওরা আর যা কাড়ে কাড়্ক, মোদের পাগলামি কেউ কাড়বে না রে॥
আমরা চাই নে আরাম, চাই নে বিরাম,
চাই নে যে ফল, চাই নে রে নাম—

# মোরা ওঠার পড়ার সমান নাচি, সমান খেলি জিতে হারে॥

#### 226

আমাদের পাকবে না ছুল গো— মোদের পাকবে না ছুল।
আমাদের ঝরবে না ফুল গো— মোদের ঝরবে না ফুল॥
আমরা ঠেকব না তো কোনো শেষে, ফুরেয়ের না পথ কোনো দেশে রে,
আমাদের ঘুচবে না ভুল গো— মোদের ঘুচবে না ভুল॥
আমরা নয়ন মুদে করব না ধ্যান করব না ধ্যান।
নিজের মনের কোণে খুলব না জ্ঞান খুলব না জ্ঞান।
আমরা ভেসে চলি স্লোতে স্লোতে সাগর-পানে শিথর হতে রে,
আমাদের মিলবে না ক্ল গো— মোদের মিলবে না ক্ল॥

## >>9

পায়ে পড়ি শোনো ভাই গাইরে,
মোদের পাড়ার থোড়া দ্র দিয়ে যাইরে॥
হেথা সারে গা মা -গালি সদাই করে চুলোচুলি,
কড়ি কোমল কোথা গেছে তলাইরে॥
হেথা আছে তাল-কাটা ব্যক্তিয়ে বাধাবে সে কাজিয়ে।
চৌতালে ধামারে
কে কোথার ঘা মারে—
তেরে-কেটে মেরে-কেটে ধাঁ-ধাঁ-ধাঁইরে॥

#### 224

ও ভাই কানাই, কারে জানাই দৃঃসহ মোর দৃঃখ।
তিনটে-চারটে পাস করেছি, নই নিতান্ত মৃক্খ॥
তুচ্ছ সা-রে-গা-মায় আমায় গলদ্ঘম ঘাময়।
ব্দি আমার যেমনি হোক কান দৃটো নয় স্ক্যু—
এই বড়ো মোর দৃঃখ কানাই রে,
এই বড়ো মোর দৃঃখ॥
বাদ্ধবীকে গান শোনাতে ডাকতে হয় সতীশকে,
হদয়থানা ঘ্রে মরে গ্রামোকোনের ডিস্কে।
কঠখানার জাের আছে তাই লা্কিয়ে গাইতে ভরসা না পাই—
স্বয়ং প্রিয়া বলেন তামার গলা বড়োই র্ক'
এই বড়ো মাের দৃঃখ॥

আমরা

### 222

কাঁটাবনবিহারিণী স্ব-কানা দেবী
তাঁরি পদ সেবি, করি তাঁহারই ভজনা
বদ্ক-ঠলোকবাসী আমরা কজনা।
আমাদের বৈঠক বৈরাগীপুরে রাগ-রাগিণীর বহু দ্রে,
গত জনমের সাধনেই বিদ্যা এনেছি সাথে এই গো
নিঃস্ব-রসাতল-তলার মজনা॥
সতেরো পুরুষ গেছে, ভাঙা তম্বুরা
রয়েছে মর্চে ধরি বেস্ব-বিধ্রা।
বেতার সেতার দ্বটো, তবলাটা ফাটা-ফ্টো,
স্বদলনীর করি এ নিয়ে যজনা—

## \$ 20

না-গান-গাওয়ার দল রে, আমরা না-গলা-সাধার।
মোদের ভৈরোরাগে প্রভাতরবি রাগে মুখ-আঁধার॥
আমাদের এই অমিল-কণ্ঠ-সমবায়ের চোটে
পাড়ার কুকুর সমস্বরে, ও ভাই, ভয়ে ফ্ক্রে ওঠে—
আমরা কেবল ভয়ে মরি ধ্জটিদাদার॥
মেঘমল্লার ধরি বদি ঘটে অনাব্দিট,
ছাতিওয়ালার দোকান জুড়ে লাগে শনির দ্গিট।
আধখানা সূর ষেমনি লাগাই বসন্তবাহারে
মলয়বায়ৢর ধাত ফিরে বায়, তৎক্ষশাৎ আহা রে
সেই হাওয়াতে বিচ্ছেদতাপ পালায় শ্রীয়াধার॥
অমাবসায়ের রাত্রে যেমনি বেহাগ গাইতে বসা
কোকিলগ্লোর লাগে দশম দশা।
শ্রুকোজাগরী নিশায় জয়জয়ন্তী ধরি,
অমনি মরি মরি
রাহ্ুলাগার বেদন লাগে প্রিমা-চাঁদার॥

## 257

মোদের কিছু নাই রে নাই, আমরা ঘরে বাইরে গাই— তাইরে নাইরে নাইরে না। বতই দিবস যায় রে যায় গাই রে সুথে হায় রে হায়— তাইরে নাইরে নাইরে না॥ যারা সোনার চোরাবালির 'পরে পাকা ঘরের ভিত্তি গড়ে তাদের সামনে মোরা গান গেরে যাই— তাইরে নাইরে নাইরে না। যথন থেকে থেকে গাঁঠের পানে গাঁঠকাটারা দৃষ্টি হানে
তথন শ্ন্যঝর্লি দেখায়ে গাই— তাইরে নাইরে নাইরে না॥
যথন দ্বারে আসে মরণবর্ডি মুখে তাহার বাজাই তৃড়ি,
তথন তান দিরে গান জর্জি রে ডাই— তাইরে নাইরে নাইরে না॥
এ যে বসগুরাজ এসেছে আজ, বাইরে তাহার উচ্জব্র সাজ,
ওরে, অন্তরে তার বৈরাগী গায়— তাইরে নাইরে নাইরে না॥
সে যে উৎসর্বদিন চুকিয়ে দিয়ে, ঝ্রিয়ে দিয়ে, শ্রুকিয়ে দিয়ে,
দুই রিক্ত হাতে তাল দিয়ে গায়— তাইরে নাইরে নাইরে নাইরে না॥

#### > > > <

এবার যমের দুরোর খোলা পেয়ে ছুটেছে সব ছেলে মেয়ে।
হরিবোল হরিবোল ॥
রাজা জর্ড়ে মন্ত খেলা, মরণ-বাঁচন-অবহেলা—
ও ভাই, সবাই মিলে প্রাণটা দিলে সুখ আছে কি মরার চেয়ে।
হরিবোল হরিবোল ॥
বেজেছে ঢোল, বেজেছে ঢাক, ঘরে ঘরে পড়েছে ভাক,
এখন কাজকর্ম চুলোতে যাক— কেজো লোক সব আয় রে ধেয়ে।
হরিবোল হরিবোল॥
রাজা প্রজা হবে জড়ো থাকবে না আর ছোটো বড়ো—
একই প্রাতের মুখে ভাসবে সুখে বৈতরণীর নদী বেয়ে।
হরিবোল প্রবিবোল॥

#### 250

হায় হায় হায়। দিন চলি যায়। **ठा-म्श्राट ५%न ठाउकमन इन इन द**्या টগবগ-উচ্চল কার্থালতল-জল কলকল হে। চীনগগন হতে প্রপ্রনম্রোতে শ্যামলরস্ধরপ্রে ॥ এল প্রাবণবাসরে রস ঝরঝর ঝরে, ভূঞ্জ হে ভূঞ্জ ফলবল হে। প্রথিপরিচারক তদ্ধিতকারক তারক ত্মি কান্ডারী। এস গণিতধ্রন্ধর কাবাপ্রক্ষর ভূবিবরণভান্ডারী। এস বিশ্বভারনত শ্বন্ধর টিনপথ- মর্-পরিচারণক্লান্ত। এস এস হিসাবপত্তরতন্ত্র তহবিল-মিল-ভল-গ্রন্ত লোচনপ্রান্ত-ছলছল হে। গীতিবীথিচর তম্বুরকরধর তানতালতলমগ্ন। এস চিন্রী চটপট ফেলি তুলিকপট রেখাবর্ণবিলগ্ন। এস কন্স্তিট্রশন- নির্মবিভূষণ তকে অপরিশ্রান্ত। কমিটিপলাতক বিধানঘাতক এস দিগলান্ত টলমল হে॥ এস এস

#### 258

ওগাে ভাগদেবী পিতারহী, মিটল আমার আশ—

এখন তবে আজ্ঞা করাে, বিদায় হবে দাস॥

জীবনের এই বাসররাতি পােহার ব্বিঝ, নেবে বাতি—

বখ্র দেখা নাইকাে, শ্ব্ব প্রচুর পরিহাস॥

এখন থেমে গেল বাঁশি, শ্বিকয়ে এল প্রপরাশি,
উঠল তােমার অটুহাসি কাঁপায়ে আকাশ।

ছিলেন যাঁরা আমায় ঘিরে গেছেন যে যার ঘরে ফিরে.
আছ বন্ধা ঠাকরানী মুখে টানি বাস॥

#### 256

ওর ভাব দেখে যে পার হাসি, হার হার রে।
মরণ-আয়োজনের মাঝে বসে আছেন কিসের কাজে
প্রবীণ প্রাচীন প্রবাসী। হার হার রে॥
এবার দেশে যাবার দিনে আপনাকে ও নিক-না চিনে,
সবাই মিলে সাজাও ওকে নবীন রুপের সম্যাসী। হার হার রে।
এবার ওকে মজিয়ে দে রে হিসাব-ভূলের বিষম ফেরে।
কেড়ে নে ওর থলি থালি, আয় রে নিয়ে ফ্লের ভালি,
গোপন প্রাণের পাগ্লাকে ওর বাইরে দে আজ প্রকাশি। হার হার রে॥

#### 526

আমরা খুজি খেলার সাথি—
ভোর না হতে জাগাই তাদের ঘুমার যারা সারা রাতি॥
আমরা ডাকি পাখির গলায়, আমরা নাচি বকুলতলায়,
মন ভোলাবার মল্ফ জানি, হাওয়াতে ফাঁদ আমরা পাতি।
মরণকে তো মানি নে রে,
কালের ফাঁসি ফাঁসিয়ে দিয়ে লৢঠ-করা ধন নিই বে কেড়ে।
আমরা তোমার মনোচোরা, ছাড়ব না গো তোমার মোরা—
চলেছ কোন্ আঁধার-পানে সেথাও জবলে মোদের বাতি॥

#### >29

মোদের বেমন খেলা তেমনি যে কাজ জানিস নে কি ভাই।
তাই কাজকে কড়ু আমরা না ডরাই॥
থেলা মোদের লড়াই করা, খেলা মোদের বাঁচা মরা,
থেলা ছাড়া কিছ্ই কোথাও নাই॥
খেলতে খেলতে ফ্টেছে ফ্ল, খেলতে খেলতে ফল যে ফলে,
খেলারই ঢেউ জলে স্থলে।

#### ভয়ের ভীষণ রম্ভরাগে থেলার আগন্ন যখন লাগে ভাঙাচোরা জাবলে যে হয় ছাই॥

#### 758

সব কাজে হাত লাগাই মোরা সব কাজেই।
বাধা বাধন নেই গো নেই॥
দেখি খ্লি ব্বি, কেবল ভাঙি গাঁড় খ্ঝি,
মোরা সব দেশেতেই বেড়াই খ্রে সব সাজেই॥
পারি নাইবা পারি, নাহর জিতি কিম্বা হারি—
বিদ অর্মানতে হাল ছাড়ি মার সেই লাজেই।
আপন হাতের জারে আমরা তুলি স্কুন করে,
আমরা প্রাণ দিয়ে ঘর বাধি, থাকি তার মাঝেই॥

#### 252

কঠিন লোহা কঠিন ঘুমে ছিল অচেতন, ও তার ঘুম ভাঙাইন রে।
লক্ষ যুগের অন্ধকারে ছিল সঙ্গোপন, ওগো, তায় জাগাইন রে॥
পোষ মেনেছে হাতের তলে, যা বলাই সে তেমনি বলে—
দীর্ঘ দিনের মৌন তাহার আজ্ব ভাগাইন রে॥
অচল ছিল, সচল হয়ে ছুটেছে ওই জগং-জ্বারে—
নির্ভায়ে আজ্ব দুই হাতে তার রাশ বাগাইন রে॥

#### 200

আমরা চাষ করি আনন্দে।
মাঠে মাঠে বেলা কাটে সকাল হতে সন্ধে॥
রৌদ ওঠে, বৃণ্টি পড়ে, বাঁশের বনে পাতা নড়ে,
বাতাস ওঠে ভরে ভরে চষা মাটির গন্ধে॥
সব্জ প্রাণের গানের লেখা রেখায় রেখায় দেয় রে দেখা,
মাতে রে কোন্ ভর্ণ কবি ন্তাদোদ্ল ছন্দে।
ধানের শিষে প্লক ছোটে— সকল ধরা হেসে ওঠে
অঘ্রানেরই সোনার রোদে, প্রিমারই চন্দ্রে॥

#### 202

তোমরা হাসিরা বহিরা চলিয়া যাও কুল্কুল্কেল নদীর স্লোতের মতো।
আমরা তীরেতে দাঁড়ায়ে চাহিয়া থাকি, মরমে গ্রমার মরিছে কামনা কত।
আপনা-আপনি কানাকানি কর স্থে, কোতৃকছটা উছলিছে চোখে মুখে,
কমলচরণ পড়িছে ধরণী-মাঝে, কনকন্পুর রিনিকি বিনিকি বাজে॥

অঙ্গে অঙ্গ বাঁধিছ রক্ষাপাশে, বাহনতে বাহনতে জড়িত ললিত লতা। ইঙ্গিতরসে ধর্নিয়া উঠিছে হাসি, নয়নে নয়নে বহিছে গোপন কথা। আঁখি নত করি একেলা গাঁথিছ ফ্ল, মন্কুর লইয়া যতনে বাঁধিছ চূল। গোপন হদয়ে আপনি করিছ খেলা— কী কথা ভাবিছ, কেমনে কাটিছে বেলা॥

আমরা বৃহৎ অবোধ ঝড়ের মতো আপন আবেগে ছুটিয়া চলিয়া আসি, বিপ্ল আঁধারে অসীম আকাশ ছেয়ে টুটিবারে চাহি আপন হৃদয়রাশি। তোমরা বিজবুলি হাসিতে হাসিতে চাও, আঁধার ছেদিয়া মরম বিংধিয়া দাও-গগনের গায়ে আগুনের রেখা আঁকি চকিত চরণে চলে যাও দিয়ে ফাঁকি॥

অযতনে বিধি গড়েছে মোদের দেহ. নরন অধর দেয় নি ভাষায় ভরে মোহনমধ্র মন্দ্র জানি নে মোরা, আপনা প্রকাশ করিব কেমন করে। তোমরা কোথায় আমরা কোথায় আছি, কোনো স্বলগনে হব না কি কাছাকাছি— তোমরা হাসিয়া বহিয়া চলিয়া যাবে, আমরা দাঁড়ায়ে রহিব এমনি ভাবে॥

#### 205

ওগো প্রবাসী.
আমি দারে দাঁড়ায়ে আছি উপবাসী॥
হৈরিতেছি স্থমেলা, দরে দরে কত থেলা.
শ্রনিতেছি সারা বেলা স্মধ্র বাঁশি॥
চাহি না অনেক ধন, রব না অধিক ক্ষণ.
যেথা হতে আসিয়াছি সেথা যাব ভাসি।
তোমরা আনন্দে রবে নব নব উৎসবে,
কিছু ল্লান নাহি হবে গৃহভরা হাসি॥

#### 200

আমার ষাবার সময় হল আমায় কেন রাখিস ধরে।
চোখের জলের বাঁধন দিয়ে বাঁধিস নে আর মায়াডোরে॥
ফর্রিয়েছে জীবনের ছর্টি, ফিরিয়ে নে তোর নয়ন দর্টি—
নাম ধরে আর ডাকিস নে ভাই, ষেতে হবে হরা করে॥

208

ষেতে হবে, আর দেরি নাই। পিছিয়ে পড়ে রবি কত, সঙ্গীরা যে গেল সবাই॥ আয় রে ভবের খেলা সেরে, আঁধার করে এফেছে রে, পিছন ফিরে বারে বারে কাহার পানে চাহিস রে ভাই॥ খেলতে এল ভবের নাটে নতুন লোকে নতুন খেলা।
হেথা হতে আয় রে সরে, নইলে তোরে মারবে ঢেলা।
নামিয়ে দে রে প্রাণের বোঝা, আরেক দেশে চল রে সোজা—
নতুন করে বাঁধবি বাসা,
নতুন খেলা খেলবি সে ঠাঁই॥

#### 204

আমিই শৃধ্ রইন্ বাকি।

যা ছিল তা গেল চলে, রইল যা তা কেবল ফাঁকি॥

আমার বলে ছিল বারা আর তো তারা দের না সাড়া—
কোথায় তারা, কোথার তারা, কে'দে কে'দে কারে ডাকি॥

বলা দেখি মা, শৃধাই তোরে— আমার কিছ্ব রাখাল নে রে,

আমি কেবল আমার নিয়ে কোন্ প্রাণেতে বে'চে থাকি॥

#### 206

সারা বরষ দেখি নে, মা, মা তুই আমার কেমন ধারা।
নয়নতারা হারিয়ে আমার অন্ধ হল নয়নতারা॥
এলি কি পাষাণী ওরে। দেখব তোরে আঁখি ভরে—
কিছ,তেই থামে না যে, মা, পোড়া এ নয়নের ধারা॥

#### 209

ষাহা পাও তাই লও, হাসিমুখে ফিরে বাও, কারে চাও, কেন চাও— আশা কে প্রোতে পারে। সবে চায়, কেবা পায়। সংসার চলে বায়— যে বা হাসে, যে বা কাঁদে, যে বা পড়ে থাকে খারে॥

#### SOF

মেঘেরা চলে চলে যায়, চাঁদেরে ডাকে 'আয় আয়'।
ঘ্নঘোরে বলে চাঁদ 'কোথায় কোথার'॥
না জানি কোথা চালিয়াছে, কী জানি কী যে সেথা আছে,
আকাশের মাঝে চাঁদ চারি দিকে চায়॥
স্দ্রে, অতি অতিদ্রে, ব্ঝি রে কোন্ স্রপ্রে
তারাগ্রিলি ঘিরে বসে বাঁশার বাজায়।
মেঘেরা তাই হেসে হেসে আকাশে চলে ভেসে ভেসে,
লা্কিয়ে চাঁদের হাসি চুরি করে যায়॥

श्रीभाखितम्ब त्यात्वव प्रमोखरू sois vacintament snaits King (no no sain mas que mes — grand ( nois — grand and sain mes sain mangan ( nois — grand and sain mes sain m Ser einan éciés) ench seus mouvent ment l'étant le in mining many entires - consideration dismonder ( syste whe invient ins in inc/gor) (inoz willo men enin is in such - reversed - inversely Junou Julieur neutre surs wimming whe event set latin sori mo mis - gene wick whe mysen some with twiners perk

sme been some rome,
some some,
some con
some con Course on the Company of the state of the contract of the cont আমি আবৰ আকাশে ঐ দিয়েছি পাতি' leune sien zie leune zenrzeneun Gun kun eien zunzenen অনিমেকে আছে জেগে। যে গিয়েছে দেখার বাহিরে আছে তারি উদ্দেশে চাহি রে. স্বপ্নে উডিছে তারি কেশরাশি পুরব পবন বেগে # শ্বামল তমালবনে य भाष म इल शिए हिन বিদায় গোধুলিখনে, त्यमन। कड़ारत जारक डाति चारम ; কার্নির বারে বারে ফিরে ফিরে চাওয়া
ভারান

#### ब्बान्ध-ब्राम्बनायना

#### 202

শ্রাবণ-আকাশে ওই দিয়েছি পাতি ( আমি ) জল-ছলোছলো আঁখি মেঘে মেঘে।। মম বেদনা ব্যাপিয়া যায় গো বেণ্বনমর্মরে মর্মরে॥) ( আমার বিরহদিগন্ত পারায়ে সারা রাতি অনিমেষে আছে জেগে মেঘে মেঘে॥ (বিরহের পরপারে খ্রিজছে আকুল আঁখি মিলনপ্রতিমাখানি—খ**্রিজছে**।) গিয়েছে দেখার বাহিরে যে তারি উদ্দেশে চাহি রে। আছে চোখে মোর জল রেখে গেছে চোখের সীমানা পারায়ে।) ∢সে হে ন্বপ্লে উড়িছে তারি কেশরাশি প্রেব-প্রন-বেগে মেঘে মেঘে ॥ (কেশের পরশ তার পাই রে পরেব-পবন-বেগে মেঘে মেঘে।) শ্যামল তমালবনে যে পথে সে চলে গিয়েছিল বিদায়গোধালিখনে বেদনা জড়ায়ে আছে তারি ঘাসে— না-বলা কথার বেদনা বাজে গো--( তার চলার পথে পথে বাজে গো।) কাঁপে নিশ্বাসে---বারে বারে ফিরে ফিরে চাওয়া সেই ছায়ায় রয়েছে লেগে মেছে মেছে।

#### 280

সন্ন্যাসী যে জাগিল ওই, জাগিল ওই, জাগিল।
হাস্য-ভরা দখিন-বারে অঙ্গ হতে দিল উড়ায়ে
শমশানচিতাভসমরাশি—ভাগিল কোথা ভাগিল।
মানসলোকে শ্ব্র আলো চ্র্ণ হয়ে রঙ জাগালো.
মাদর রাগ লাগিল তারে—হদয়ে তার লাগিল॥
আয় রে তোরা, আয় রে তোরা, আয় রে—
রঙের ধারা ওই-যে বহে যায় রে॥

রঙের ঝড় উচ্ছবিসল গগনে, রঙের ঢেউ রসের স্রোতে মাতিয়া ওঠে সঘনে— ডাকিল বান আজি সে কোন্ কোটালে। নাকাড়া বাজে, কানাড়া বাজে বাঁশিতে— কাশ্রাধারা মিলিয়া গেছে হাসিতে— প্রাণের মাঝে ফোয়ারা তার ছোটালে। এসেছে হাওয়া বাণীতে-দোল-দোলানো, এসেছে পথ-ভোলানো— এসেছে ডাক খরের-দার-খোলানো। আয় রে তোরা, আয় রে তোরা, আয় রে— রঙের ধারা ওই-যে বহে যায় রে॥

উদয়রবি যে রাঙা রঙ রাঙায়ে প্রাচলের দিয়েছে ঘ্রম ভাঙায়ে অন্তর্রাব সে রাঙা রসে রসিল—

চিরপ্রাণের বিজয়বাণী ঘোষিল।

অর্ণবীণা যে স্রু দিল রণিয়া সন্ধ্যাকাশে সে স্রু উঠে ঘনিয়া নীরব নিশীধিনীর ব্কে নিখিল ধর্নি ধর্নিয়া।

আয় রে তোরা, আয় রে তোরা, আয় রে—

বাধন-হারা রঙের ধারা ওই-যে বহে যায় রে॥

## সংযোজন

## আনুষ্ঠানিক

۷

দুইটি হদরে একটি আসন পাতিরা বসো হে হদরনাথ।
কল্যাণকরে মঙ্গলডোরে বাঁধিরা রাখো হে দোঁহার হাত॥
প্রাণেশ, তোমার প্রেম অনস্ত জাগাক হদরে চিরবস্ত,
যুগল প্রাণের মধুর মিলনে করো হে কর্বনরনপাত॥
সংসারপথ দীর্ঘ দার্ব, বাহিরিবে দুটি পান্থ তর্ব,
আজিকে তোমার প্রসাদ-অর্ণ কর্ক প্রকাশ নব প্রভাত॥
তব মঙ্গল, তব মহত্ব, তোমারি মাধুরী, তোমারি সত্য—
দোঁহার চিত্তে রহ্ক নিত্য নব নব রূপে দিবস-রাত॥

ŧ

সন্ধাসাগরতীরে হে, এসেছে নরনারী সন্ধারসপিয়াসে।
শন্ত বিভাবরী, শোভাময়ী ধরণী,
নিখিল গাহে আজি আকুল আশ্বাসে॥
গগনে বিকাশে তব প্রেমপ্রিণমা,
মধ্র বহে তব কুপাসমীরণ।
আনন্দতরঙ্গ উঠে দশ দিকে,
মগ্র মন প্রাণ আম্ত-উচ্ছনাসে॥

ð

উল্জবল করো হে আজি এ আনন্দরাতি
বিকাশিরা তোমার আনন্দম্খভাতি।
সভা-মাঝে তুমি আজ বিরাজো হে রাজরাজ,
আনন্দে রেখেছি তব সিংহাসন পাতি॥
স্কুদর করো, হে প্রভু, জীবন যৌবন
তোমারি মাধ্রীস্থা করি বরিবন।
লহো তুমি লহো তুলে তোমারি চরণম্লে
নবীন মিলনমালা প্রেমস্ত্রে গাঁখি॥
মঙ্গল করো হে, আজি মঙ্গলবন্ধন
তব শৃভ আশীর্বাদ করি বিতরণ।
বরিষ হে প্রবিতারা, কল্যাণ্কিরণধারা—
দ্দিনে স্দিনে তুমি থাকো চিরসাথি॥

8

দ্বিট প্রাণ এক ঠাই তুমি তো এনেছ ডাকি,
শ্ভকাবে জাগিতেছে তোমার প্রসন্ন আঁখি॥
এ জগতচরাচরে বেংধছ যে প্রেমডোরে
সে প্রেমে বাঁধিয়া দোহৈ শ্বেহছারে রাখো ঢাকি॥
তোমারি আদেশ লয়ে সংসারে পশিবে দোহে,
তোমারি আশিস-বলে এড়াইবে মায়ামোহে।
সাধিতে তোমার কাজ দ্জনে চলিবে আজ,
হৃদয়ে মিলাবে হাদ তোমারে হৃদয়ে রাখি॥

Œ

স্থে থাকো আর স্থী করো সবে.
তোমাদের প্রেম ধন্য হোক ভবে॥
মঙ্গলের পথে থেকো নিরন্তর,
মহন্তের 'পরে রাখিয়ো নির্ভর—
ধ্বসতা তারে ধ্বতারা কোরো সংশয়নিশীথে সংসার-অর্ণবে।
চিরস্থামর প্রেমের মিলন মধ্র করিয়া রাখ্ক জীবন,
দ্বজনার বলে সবল দ্বজন জীবনের কাজ সাধিয়ো নীরবে॥
কত দ্বঃশ আছে, কত অগ্র্জল—
প্রেমবলে তব্ থাকিয়ো অটল।
তাঁহারি ইচ্ছা হউক সফল বিপদে সম্পদে শোকে উৎসবে॥

৬

দুই হৃদয়ের নদী একত্র মিলিল বদি
বলাে, দেব, কার পানে আগ্রহে ছুটিয়া বায়॥
সম্মুখে রয়েছ তার তুমি প্রেমপারাবার,
তোমারি অনস্তহদে দুটিতে মিলিতে চায়॥
সেই এক আশা করি দুইজনে মিলিয়াছে।
পথে বাধা শত শত, পাধাণ পর্বত কত,
দুই বলে এক হয়ে ভাঙিয়া ফেলিবে ভায়॥
অবশেষে জীবনের মহাষাত্রা ফ্রাইলে
তোমারি য়েহের কোলে যেন গাে আশ্রয় মিলে,
দুটি হৃদয়ের সুখ
দুটি হৃদয়ের আশা৷ মিলার ভায়ার পায়॥

q

দ্বজনে বেথায় মিলিছে সেথায় ভূমি থাকো, প্রভূ, ভূমি থাকো।
দ্বজনে বাহারা চলেছে তাদের ভূমি রাখো, প্রভূ, সাথে রাখো॥
বেথা দ্বজনের মিলিছে দ্ভিউ সেথা হোক তব স্থার বৃষ্টি—
দোহৈ বারা ডাকে দোহারে তাদের ভূমি ডাকো, প্রভূ, ভূমি ডাকো॥
দ্বজনে মিলিয়া গ্রের প্রদীপে জ্বালাইছে বে আলোক
তাহাতে, হে দেব, হে বিশ্বদেব, তোমারি আরতি হোক॥
মধ্র মিলনে মিলি দ্বিট হিয়া প্রেমের ব্বেড উঠে বিকশিয়া,
সকল অশ্ভ হইতে তাহারে ভূমি ঢাকো, প্রভূ, ভূমি ঢাকো॥

V

যে তরপীখানি ভাসালে দ্বেনে আব্দি, হে নবীন সংসারী,
কান্ডারী কোরো তাঁহারে তাহার যিনি এ ভবের কান্ডারী॥
কালপারাবার যিনি চিরদিন করিছেন পার বিরামবিহীন
শহুত্যাগ্রায় আজি তিনি দিন প্রসাদপবন সঞ্চারি॥
নিয়ো নিয়ো চিরজীবনপাথেয়, ভার নিয়ো তরী কল্যাণে।
স্থে দ্থে শোকে আঁধারে আলোকে যেয়ো অম্তের সন্ধানে।
বাঁধা নাহি থেকো আলসে আবেশে, ঝড়ে ঝঞ্লায় চলে যেয়ো হেসে,
তোমাদের প্রেম দিয়ো দেশে দেশে বিশ্বের মাঝে বিস্তারি॥

۵

শ্ভদিনে এসেছে দেহৈ চরণে তোমার,
শিখাও প্রেমের শিক্ষা, কোথা বাবে আর॥
বৈ প্রেম স্থেতে কভু মলিন না হর, প্রভু,
বে প্রেম দ্বংখেতে ধরে উচ্ছারল আকার॥
যে প্রেম সমান ভাবে রবে চিরদিন,
নিমেষে নিমেষে বাহা হইবে নবীন।
যে প্রেমের শ্ভ হাসি প্রভাতিকরণরাগি,
যে প্রেমের অগ্রন্ধল শিশির উষার॥
যে প্রেমের পথ গেছে অম্তসদনে
সে প্রেম দেখারে দাও পথিক-দ্রন্ধনে।
বিদ কভু প্রান্ত হয় কোলে নিরো দয়ামর—
যদি কভু পথ ভোলে দেখারো আবার॥

20

সবারে করি আহ্বান— এসো উৎস্কচিত্ত, এসো আনন্দিত প্রাণ॥ হদর দেহে। পাতি, হেথাকার দিবা রাতি
কর্ক নবজীবনদান॥
আকাশে আকাশে বনে বনে তোমাদের মনে মনে
বিছারে বিছারে দিবে গান।
স্নদরের পাদপীঠতলে যেখানে কল্যাগদীপ জনলে
সেথা পাবে স্থান।

#### 22

আর আমাদের অঙ্গনে অতিথি বালক তর্দল—
মানবের রেহসঙ্গনে, চল্ আমাদের ঘরে চল্॥
শ্যাম বিশ্কম ভঙ্গিতে চণ্ডল কলসঙ্গীতে
ঘারে নিয়ে আয় শাখায় শাখায় প্রাণ-আনন্দ-কোলাহল॥
তোদের নবীন পল্লবে নাচুক আলোক সবিতার,
দে পবনে বনবল্লভে মর্মরগীত-উপহার।
আজি শ্রাবণের বর্ষণে আশবিদির স্পর্শ নে,
পড়ক মাধায় পাতায় পাতায় অমরাবতীর ধারাজল॥

#### 52

মর্বিজয়ের কেতন উড়াও শ্নো হে প্রবল প্রাণ।
ধ্লিরে ধন্য করো কর্ণার প্রণো হে কোমল প্রাণ॥
মোনী মাটির মর্মের গান কবে উঠিবে ধর্নিরা মর্মার তব রবে,
মাধ্রী ভরিবে ফ্লে ফলে পল্লবে হে মোহন প্রাণ॥
পথিকবন্ধ, ছায়ার আসন পাতি এসো শামস্কর।
এসো বাতাসের অধীর খেলার সাখি, মাতাও নীলাম্বর।
উষায় জাগাও শাখায় গানের আশা, সন্ধায় আনো বিরামগভীর ভাষা,
রচি দাও রাতে স্পু গীতের বাসা হে উদার প্রাণ॥

#### 30

ওহে নবান অতিথি, তুমি ন্তন কি তুমি চিরন্তন।
যুগে যুগে কোথা তুমি ছিলে সঙ্গোপন॥
যতনে কত-কা আনি বে'ধেছিন্ গৃহখানি,
হেথা কে তোমারে বলো করেছিল নিমন্তন॥
কত আশা ভালোবাসা গভার হদয়তলে
ঢেকে রেখেছিন্ বুকে কত হাসি-অল্লুজলে।
একটি না কহি বালী তুমি এলে মহারানী,
কেমনে গোপনে মনে করিলে হে পদাপ্র॥

28

এসো হে গৃহদেবতা এ ভবন প্রোপ্রভাবে করে। পবিত। বিরাজো জননী, স্বার জীবন ভরি-দেখাও আদর্শ মহান চরিত॥ শিখাও করিতে ক্ষমা, করো হে ক্ষমা, কাগায়ে রাখো মনে তব উপমা. দেহো ধৈর্য হৃদরে---সংখে দংখে সঞ্চটে অটল চিত্ত॥ দেখাও রন্ধনী-দিবা বিমল বিভা. বিতরো পরেজনে শুদ্র প্রতিভা-নব শোভাকিরণে করো গৃহ স্বন্দর রম্য বিচিত্ত। সবে করো প্রেমদান পর্বিয়া প্রাণ--ভুলায়ে রাখো, সখা, আত্মাভিমান। সব বৈর হবে দ্র ভোমারে বরণ করি জীবনমিল।।

#### 54

ফিরে চল্ মাটির টানে—
যে মাটি আঁচল পেতে চেরে আছে মুখের পানে।
যার বুক ফেটে এই প্রাণ উঠেছে, হাসিতে বার ফুল ফুটেছে রে,
ডাক দিল যে গানে গানে॥
দিক্ হতে ওই দিগন্তরে কোল রয়েছে পাতা,
জন্মমরণ তারি হাতের অলখ সুতোর গাঁখা।
ওর হদয়-গলা জলের ধারা সাগর-পানে আত্মহারা রে
প্রাণের বাণী বয়ে আনে॥

#### 36

আয় রে মোরা ফসল কাটি।
মাঠ আমাদের মিতা ওরে, আজ তারি সওগাতে
মোদের ধরের আগুল সারা বছর ভরবে দিনে রাতে॥
মোরা নেব তারি দান, তাই-বে কাটি ধান,
তাই-বে গাহি গান, তাই-বে স্থে খাটি॥
বাদল এসে রচেছিল ছায়ার মায়াঘর,
রোদ এসেছে সোনার জাদ্বের।
শ্যামে সোনায় মিলন হল মোদের মাঠের মাঝে,
মোদের ভালোবাসার মাটি-যে তাই সাজল এমন সাজে।

মোরা নেব তারি দান, তাই-যে কাটি ধান, তাই-যে গাহি গান, তাই-যে স্থে খাটি ॥

#### 39

অগ্নিশিখা, এসো এসো, আনো আনো আলো।
দ্বংখে স্থে ঘরে ঘরে গ্রদীপ জরালো॥
আনো শক্তি, আনো দীপ্তি, আনো শান্তি, আনো ত্পি,
আনো শ্লিম ভালোবাসা, আনো নিতা ভালো॥
এসো প্রাপথ বেয়ে এসো হে কল্যাণী—
শভ্ত স্বিপ্তি, শভ্ত জাগরণ দেহো আনি।
দ্বঃখরাতে মাত্বেশে জেগে থাকো নিনিমেষে,
আনন্দ-উংসবে তব শ্তু হাসি ঢালো॥

#### 28

এসো এসো প্রাণের উৎসবে,
দক্ষিণবার্র বেণ্রবে।
পাথির প্রভাতী গানে এসো এসো প্রান্থানে
আলোকের অম্তানর্ধরে॥
এসো এসো তুমি উদাসীন।
এসো এসো তুমি দিশাহীন।
প্রিয়েরে বরিতে হবে, বরমাল্য আনো তবে—
দক্ষিণা দক্ষিণ তব করে॥
দর্গ্য আছে অপেক্ষিয়া দ্বারে—
বীর, তুমি বক্ষে লহো তারে।
পথের ফণ্টক দলি এসো চলি, এসো চলি
কটিকার মেঘমনদ্রস্বরে॥

#### 22

বিশ্বরাজালয়ে বিশ্ববীণা বাজিছে।
স্থলে জলে নভতলে বনে উপবনে
নদীনদে গিরি-গ্হা-পারাবারে
নিত্য জাগে সরস সঙ্গীতমধ্রিমা, নিত্য ন্তারসভঙ্গিমা।
নবসস্তে নব আনন্দ— উৎসব নব —
অতি মঞ্জ্ল, অতি মঞ্জ্ল, শ্নি মঞ্জ্ল গ্রেন কুঞ্জে;
শ্নি রে শ্নি মর্মর পক্সবপ্রেজ;
পিকক্জন প্রপ্রনে বিজনে।
তব শ্লিষস্পোভন লোচনলোভন শ্যামসভাতলমাঝে
কলগীত স্লোলত বাজে।

তোমার নিশ্বাসস্থপরশে উচ্ছনাসহরষে পল্লবিত, মঞ্জরিত, গুঞ্জরিত, উল্লেসিত সান্দর ধরা। দিকে দিকে তব বাণী— নব নব তব গাথা— অবিরল রসধারা।।

₹0

দিনের বিচার করো— দিনশেষে তব সমূখে দাঁড়ানা ওহে জীবনেশ্বর। দিনের কর্ম লইয়া স্মরণে সন্ধ্যাবেলায় স'পিন্ত চরণে— কিছ্ম ঢাকা নাই তোমার নয়নে, এখন বিচার করে।॥ মিথ্যা আচারে যদি থাকি মজি আমার বিচার করো। মিথ্যা দেবতা যদি থাকি ভব্তি, আমার বিচার করো। লোভে যদি কারে দিয়ে থাকি দুখ, ভয়ে হয়ে থাকি ধর্মবিমুখ, পরনিন্দায় পেয়ে থাকি সূখ, আমার বিচার করে।।। অশ্বভকামনা করি যদি কার, আমার বিচার করো। রোথে যদি কারো করি অবিচার, আমার বিচার করো। তুমি যে জীবন দিয়েছ আমারে কলম্ক যদি দিয়ে থাকি তারে. আপনি বিনাশ করি আপনারে, আমার বিচার করো ॥

22 তোমার আনন্দ ওই গো আনন্দ ওই এল দ্বারে, এল এল এল গো, ওগো পরেবাসী। তোমার আঁচলথানি সূথের আঁচলথানি-বুকের আঁচলখানি ধুলায় পেতে আঙিনাতে মেলো গো॥ দ\_থের পথে পথে সেচন কোরো— সেচন কোরো— তার ফেলবে যেথায় সেচন কোরো গন্ধবারি. शा মলিন না হয় চরণ তারি— স্কুর ওই গো---তোমার স্কর ওই এল দ্বারে, এল এল এল গো। তোমার হৃদয়খানি— আকুল হদরখানি সম্মুখে তার ছড়িয়ে ফেলো— त्तरथा ना रंगा थरत, इिष्ट्स स्कटना स्करना रंगा॥ রেখো না. সকল ধন যে ধনা হল হল গো। তোমার বিশ্বজনের কল্যাণে আজ ঘরের দুয়ার— ঘরের দুরার খোলো গো। রাঙা হল – রঙে রঙে রাঙা হল – কার হাসির রঙে রাঙা হল সকল গগন, চিত্ত হল প্লেক-মগ্ন-হেরো নিতা আলো এল দ্বারে, এল এল এল গো। তোমার পরান-প্রদীপ-- তোমার পরান-প্রদীপ তুলে ধোরো ওই আলোতে--त्राच्या ना, त्राच्या ना त्या मृत्त---

ওই আলোতে জেবলো গো॥

# गीिंजनाणे उ न्जनाणे

## কালমূগয়া

#### क्षय मृत्या

#### তপোবন

#### ক্ষিকুমারের প্রবেশ

বেলা যে চলে ষায়, ডুবিল রবি। ছায়ায় ঢেকেছে ঘন অটবী। কোথা সে লীলা গেল কোথায়। লীলা, লীলা, খেলাবি আয়॥

#### লীলার প্রবেশ

লীলা। ও ভাই, দেখে যা, কত ফ্লে তুলেছি।
খবিকুমার। তুই আয় রে কাছে আয়,
আমি তোরে সান্ধিয়ে দি—
তোর হাতে ম্লাল-বালা,
তোর কানে চাঁপার দ্ল,
তোর মাথায় বেলের সি'থি,
তোর খোঁপার বকুল ফ্লা॥

লীলা। ও দেখবি রে ভাই, আয় রে ছুটে,
মাদের বকুল গাছে
রাশি রাশি হাসির মতো
ফুল কত ফুটেছে।
কত গাছের তলায় ছড়াছড়ি
গড়াগড়ি ধায়—
ও ভাই, সাবধানেতে আয় রে হেথা,
দিস নে দলে পায়॥

লীলা। কাল সকালে উঠব মোরা, যাব নদীর ক্লে। শিব গড়িয়ে করব প্জো, আনব কুসুম ভূলে।

#### त्रवीन्य-त्रध्नायमी

শ্বিকুমার। মোরা ভোরের বেলা গাঁথব মালা, দ্লব সে দোলার। বাজিয়ে বাঁশি গান গাহিব

বকু**লের** তলায়।

नीना। ना **ভा**ই, कान সकारन भारत्रत्र कार्ष्ट

নিয়ে ষাব ধরে— মা বলেছে খাষির সাজে সাজিয়ে দেবে তোরে।

শ্বিকুমার। সন্ধ্যা হয়ে এল যে ভাই. এখন যাই ফিরে-

এবন বাহ ।করে:-একলা আছেন অন্ধ পিতা আঁধার কুটিরে॥

#### ষিতীয় দৃশ্য

বন

#### बन्दलबी जन

প্রথম। সমুখেতে বহিছে তটিনী,
দুর্টি তারা আকাশে ফুর্টিয়া।

দ্বিতীয়। বার বহে পরিমল ল্টিয়া। তৃতীয়। সাঁঝের অধর হতে

হত।র। সাধের অবর ২৩ে ম্লান হাসি পড়িছে টুটিয়া।

চতুর্থ। দিবস বিদার চাহে, সরয়্ বিলাপ গাহে, সায়াহেরই রাঙা পারে

কে'দে কে'দে পড়িছে ল্রাট্যা। এসো সবে এসো, সখী,

সকলে। এসো সবে এসো, সখী, মোরা হেথা বসে থাকি

প্রথম। আকাশের পানে চেয়ে জলদের খেলা দেখি। কলে। আঁখি-'পরে ভারাগ্রালি

সকলে। আঁখি-'পরে তারাগর্নল একে একে উঠিবে ফর্টিয়া॥

সকলে। ফুলে ফ্লে ঢলে ঢলে বহে কিবা মৃদ্ বায়,
তাটনী হি**জ্ঞোল ভূলে** ক্প্লোকে চলিয়া যায়।
পিক কিবা কুজে কুজে কুহ, কুহ, কুহ, গায়,
কী জানি কিসেবই লাগি প্ৰাণ করে হায়-হায়।

#### कार्यम् अस्

প্রথম। নেহারো লো সহচরী, কানন আঁধার করি ওই দেখো বিভাবরী আসিছে।

ওহ দেখো বিভাবরা আসিছে। দিগন্ত দ্বাইয়া

শ্যাম মেঘরাশি থরে থরে ভাসিছে।

তৃতীয়। আয়, সখী, এই বেলা মাধবী মালতী বেলা রাশি রাশি ফুটাইয়ে কানন করি আলা।

চতুর্থ। ওই দেখো নালনী উৎলিত সরসে অফ্ট মুকুলমুখী মৃদু মৃদু হাসিছে।

সকলে। আসিবে খিষিকুমার কুস্মচরনে,
ফ্টারে রাখিরা দিব তারি তরে সমতনে।
নিচু নিচু শাখাতে ফোটে মেন ফ্লগর্নি,
কচি হাত বাডাইরে পার মেন কাছে॥

### তৃতীয় দ্শ্য

কুটীর

#### অন্ধাৰি ও ধৰিকুমার

#### বেদপাঠ

অন্তরিকোদরঃ কোশো ভূমিব্ধেয়া ন জীয়তি দিশোহস্য প্রক্তরো দ্যোরস্যোত্তরং বিলং স এয় কোশোবস্থানপ্রসিমন্ বিশ্বমিদং প্রিতম্॥

তস্য প্রাচী দিগ্ জুহ্নাম সহমানা নাম দক্ষিণা রাজ্ঞী নাম প্রতীচী স্কৃত্য নামোদীচী তাসাং বার্ব্বপ্সঃ স ব এতমেবং বার্ং দিশাং বংসং বেদ ন প্র রোদং রোদিতি সোহহমেতমেবং বার্ং দিশাং বংসং বেদ মা প্রেরোদং রুদম্॥

> অন্ধ ক্ষমি। জল এনে দে রে বাছা, তৃষিত কাতরে। শ্কোয়েছে কণ্ঠ তাল্ম, কথা নাহি সরে॥

#### মেঘগল ন

না, না, কাজ নাই, ষেয়ো না বাছা— গভীরা রজনী ঘোর, ঘন গরজে— তুই যে এ অন্ধের নয়নতারা। আর কে আমার আছে! কেহ নাই—কেহ নাই— তুই শ্ব্যু রয়েছিস হদর জ্ড়ারে। তোরেও কি হারার বাছা রে— সে তো প্রাণে সবে না॥

ঋষিকুমার।

আমা-তরে অকারণে, ওগো পিতা, ভেবো না।
আদ্রে সরষ্ বহে, দ্রে বাব না।
পথ যে সরল অতি,
চপলা দিতেছে জ্যোতি—
তবে কেন, পিতা, মিছে ভাবনা।
আদ্রে সরষ্ বহে, দ্রে বাব না॥

প্রস্থান

#### **इज्र्थ** स्था

বন

#### বদদেবতা

স্থন ঘন ছাইল গগন ঘনাইয়া,
স্থিমিত দশ দিশি,
স্থান্তিত কানন,
সব চরাচর আকুল—
কী হবে কে জানে।
ঘোরা রজনী,
দিকললনা ভর্মবিভলা।
চমকে চমকে সহসা দিক উজলি
চকিতে চকিতে মাতি ছুটিল বিজলী
থরহর চরাচর পলকে ঝলকিয়ে।
ঘোর তিমির ছার গগন মেদিনী।
গ্রু গ্রু নীরদগরজনে
স্তব্ধ আঁধার ঘুমাইছে।
সহসা উঠিল জেগে প্রচন্ড সমীরণ্
কড কড বাজ॥

প্রস্থান

#### বনদেবীগণের প্রবেশ

সকলে। ঝম্ঝম্ঘন ঘন রে বরষে। ঘিতীয়। গগনে ঘনঘটা, শিহরে তর্লতা— তৃতীয়। ময়ুর ময়ুরী নাচিছে হরষে। সকলে। দিশি দিশি সচকিত, দামিনী চমকিত—প্রথম। চমকি উঠিছে হরিণী তরাসে॥

সকলে। আর লো সঞ্চনী, সবে মিলে—
ঝর ঝর বারিধারা,
মৃদ্ মৃদ্ গ্রুত্ব, গর্জ্বন—
এ বরষা-দিনে
হয়তে হাতে ধরি ধরি
গাব মোরা লতিকা-দোলার দ্লো।
পথমঃ ফটাব যজনে কেজকী কদত্ব অগণ

প্রথম। ফুটাব যতনে কেতকী কদন্ব অগণন—
দ্বিতীয়। মাখাব বরন ফুলে ফুলে।

তৃতীয়। পিয়াব নবীন সনিল, পিয়াসিত তর্বতা— চতৃথ'। লতিকা বাঁধিব গাছে তুলে।

প্রথম। বনেরে সাজারে দিব, গাঁথিব মুকুতাকণা, প্রধানশ্যামদূক্তে।

দ্বিতীয়। নাচিব, স্থী, সবে নবঘন-উংস্বে বিক্**চ বক্ত**গুরু-মূলে॥

#### খবিকুমারের প্রবেশ

ঋষিকুমার।

কী ঘোর নিশীধ, নীরব ধরা,
পথ বে কোথার দেখা নাহি ধার,
জড়ায়ে যার চরশে লতাপাতা।
যাই, ত্বা করে ষেতে হবে
সর্য্তাটনীতীরে—
কোথার সে পথ।
ওই কল কল রব—
আহা, তৃষিত জনক মম,
যাই তবে বাই ত্বা।

বনদেবীগণ।

এই ঘোর আঁধার, কোথা রে যাস্! ফিরিয়ে যা, তরাসে প্রাণ কাঁপে। দ্নেহের পর্তৃলি তুই, কোথা যাবি একা এ নিশীখে— কী জানি কী হবে,

का क्यान का श्रंत, यस श्रंत প्रथशांता।

শ্যিকুমার।

না, কোরো না মানা, বাব ছরা। পিতা আমার কাতর তৃষায়, বেতেছি তাই সরষ্,নদীতীরে॥

বনদেবীগণ। মানা না মানিলি, তব্ও চলিলি— কী জানি কী ঘটে। অমঙ্গল হেন প্রাণে জাগে কেন—
থেকে থেকে বেন প্রাণ কে'দে ওঠে।
রাখ্ রে কথা রাখ্, বারি আনা থাক্—
যা, ঘরে যা ছুটে।
আয়ি দিগঙ্গনে, রেখাে গাে যতনে
অভয় ক্ষেহছাস্তায়।
আয়ি বিভাবরী, রাখাে বুকে ধার
ভয় অপহার রাখাে এ জনায়।
এ যে শিশ্মতি, বন ঘার অতি—
এ যে একেলা অসহায়॥

#### भक्षम मृन्ता

শিকারীগণের প্রবেশ

বনে বনে সবে মিলে চলো হো!
চলো হো!
ছুটে আয়, শিকারে কৈ রে যাবি আয়।
এমন রজনী বহে যায় রে।
ধন্বাণ বল্লম লয়ে হাতে
আয় আয় আয়, আয় রে।
বাজা শিঙা ঘন ঘন—
শব্দে কাঁপিবে বন,
আকাশ ফেটে যাবে,
চমকিবে পশ্ব পাখি সবে,
ছুটে যাবে কাননে কাননে,
চারি দিক ঘিরে যাব পিছে পিছে।
হোঃ হোঃ হোঃ ছোঃ॥

#### দশরুথের প্রবেশ

শিকারীগণ। স্কয়তি জয় জয় রাজন্, বন্দি তোমারে— কে আছে তোমা-সমান। চিতুবন কাঁপে তোমার প্রতাপে, তোমারে করি প্রণাম॥

শিকারীদের প্রতি

দশরথ। গহনে গহনে বা রে তোরা— নিশি বহে বার বে। তন্ন তন্ন করি অরণ্য
করী বরাহ খেচিল্গে!
এই বৈলা বা রো।
নিশাচর পশ্ব সবে
এখনি বাহির হবে—
ধন্বাণ নে রে হাতে, চল্ দ্রা চল্।
জনলারে মশাল-আলো
এই বেলা আর রে॥

#### প্রস্থান

প্রথম শিকারী। ठम् ठम् ভाই, ত্বরা করে মোরা আগে বাই। দ্বিতীয়। প্রাণপণ খেকি এ বন, সে বন। ততীয়। চল্মোরা ক'জন ও দিকে যাই। ना ना ভाই, काक नाই--প্রথম। হোথা কিছু নাই— কিছু নাই— ওই ঝোপে বদি কিছু পাই। ততীয়। ववा! वदा! আরে, দাঁড়া দাঁড়া, প্রথম। অত ব্যস্ত হলে ফস্কাবে শিকার। চুপি চুপি আয়, চুপি চুপি আয় অশ্বতলায়। এবার ঠিক্ঠাক হয়ে সবে থাক — সাবধান, ধরো বাণ---সাবধান, ছাড়ো বাণ। দুই-তিন জন। গেল গেল, ওই ওই পালায় পালায়। ठल ठल-ছোট রে পিছে, আয় রে ত্রা বাই ॥

প্রস্থান

विम्बद्धत अख्दा श्रावण

বিদ্যক। প্রাণ নিয়ে তো সটকেছি রে,
থরে বরা, করবি এখন কী!
বাবা রে!
আমি চুপ করে এই
আমড়াতলায় লুকিয়ে থাকি।
এই মরদের মুরোদখানা,
দেখেও কি রে ভড়কালি না!

#### त्रवीन्ध-त्रक्रमायणी

বাহাবা, শাবাশ তোরে—
শাবাশ রে তোর ভরসা দেখি।
গরিব রাহ্মণের ছেলে
রাহ্মণারে ঘরে ফেলে
কোথা এলেম এ ঘোর বনে—
মনে আশা ছিল মন্ত চলবে ভালো দক্ষিণ হন্ত, হা রে রে পোড়া কপাল,
ভাও যে দেখি কেবল ফাঁকি॥

#### শিকারীগণের প্রবেশ

শিকারীগণ।

ঠাকুরমশর, দেরি না সয়.
তোমার আশায় সবাই বসে।
শিকারেতে হবে বেতে
মিহি কোমর বাঁধো কষে।
বন বাদাড় সব ঘে'টেছটে
আমরা মরি খেটেখটে
ত্যি কেবল লটেপটে
পেট পোরাবে ঠেসেঠটেস!
কাজ কি খেরে, তোফা আছি—আমায় কেউ না খেলেই বাঁচি!
শিকার করতে যায় কে মরতে,
ঢালিরে দেবে বরা মোষে।
ঢালিকের না—

বিদ্যক।

হাসিতে হাসিতে শিকারীগণের প্রস্থান

সাধের পেটটি যাবে ফে'সে॥

বিদ্যক।

আঃ বে'চেছি এখন।
শর্মা ও দিকে আর নন।
গোলেমালে ফাঁকতালে সটকেছি কেমন।
দেখে বরা'র দাঁতের পাটি
লেগেছিল দাঁত-কপাটি,
পড়ল খসে হাতের লাঠি কে জানে কখন—
আহা কে জানে কখন।
চূলগ্লা সব খাড়ে খাড়া,
চক্ষ্ম দ্টো মশাল-পারা,
গোঁ-ভরো হে'ট-মুখে ভাড়া কল্লে সে যখন

রাস্তা দেখতে পাই নে চোখে, পেটের মধ্যে হাত পা ঢোকে, চুপ্সে গেল ফাপা ভূড়ি শৎকাতে ডখন— আহা শণ্কাতে তখন ৷৷

প্রস্থান

লিকার স্কন্ধে লিকারীগণের প্রবেল

এনেছি মোরা এনেছি মোরা রাশি রাশি শিকার। করেছি ছারখার, সব করেছি ছারখার। বন-বাদাড় তোলপাড়, করেছি রে উজাড়॥

গাইতে গাইতে প্রস্থান

#### वनरमयीरमञ् श्रारवन

কে এল আজি এ ঘোর নিশীথে সাধের কাননে শাস্তি নাশিতে। মত্ত কর্মিত পদম্মবন দলে বিমল সরোবর মন্থিয়া। ঘ্রমন্ত বিহুগে কেন বধে রে সহনে খর শর সন্ধিয়া। তরাসে চমকিয়ে হরিণ হরিণী স্থালত চরণে ছুটিছে। স্থালত চরণে ছাটিছে কাননে. কর্ণ নয়নে চাহিছে। আকুল সরসী, সারস সারসী শরবনে পাশ কাদিছে। তিমির দিগ ভার ঘোর যামিনী বিপদ-ঘনছায়। ছাইয়া। কী জানি কী হবে আজি এ নিশীপে, তরাসে প্রাণ ওঠে কাঁপিয়া।

#### দশরথের প্রবেশ

না জানি কোথা এল্ম, এ ষে খাের বন।
কােথা সে করী শিশু, কােখা ল্কালাে!
একে তাে জটিল বন, তাহে আঁধার ঘন,
যাক্-না যাবে সে কত দ্র, কত দ্র—
যাব পিছে পিছে—
না না না, ও কী শ্নি!
ওই-যে সরয্তীরে করিছে সলিল পান—
শবদ শ্নি ষে ওই, এই তবে ছাড়ি বাণ॥

#### নেপজে বনদেবীগণ

হায় কী হল! হায় কী হল!

বাণাহত শ্ববিকুমারের নিকট দশরথের গমন

কী করিন্ হায়!
এ তো নয় রে করীশিশ্ং! ক্ষমির তনয়!
নিঠ্র প্রথর বাণে রুধিরে আপ্রত কায়,
কার রে প্রাণের বাছা ধ্লাতে লুটায়!
কী কুলগ্নে না জানি রে ধরিলাম বাণ,
কী মহাপাতকে কার বিধলাম প্রাণ!
দেবতা, অম্তনীরে হারা প্রাণ দাও ফিরে,
নিয়ে যাও মায়ের কোলো মারের বাছায়॥

#### মূৰে জলস্থিন

ঋষিকুমার।

কী দোষ করেছি তোমার,
কেন গো হানিলে বাণ!
একই বাণে ববিলে যে
দ্টি অভাগার প্রাণ।
দিশন্ বনচারী আমি,
কিছাই নাহিক জানি,
ফল মূল তুলে আনি —
করি সামবেদ গান।
জন্মান্ধ জনক মম
ত্বায় কাতর হয়ে
রয়েছেন পথ চেয়ে—
কখন যাব বারি লয়ে।

মরণাত্তে নিরে ফেরো, এ দেহ তার কোলে দিয়ো— দেখো, দেখো, ভূলো নাকো, কোরো তারে বারি দান। মার্জনা করিবেন পিতা— তার যে দরার প্রাণ॥

মৃত্যু

मण्डे गुमा

কুটীর

আছে থাবি

আমার প্রাণ যে ব্যাকুল হরেছে, হা তাত, একবার আর রে। ঘোরা রক্তনী, একাকী, কোথা রহিলে এ সমরে! প্রাণ বে চমকে মেঘগরন্ধনে, কী হবে কে জানে॥

লীলার প্রবেশ

লীলা। বলো বলো পিতা, কোথা সে গিয়েছে।
কোথা সে ভাইটি মম কোন্ কাননে,
কেন তাহারে নাহি হেরি!
থোলবে সকালে আজ বলেছিল সে,
তব্ কেন এখনো না এল।
বনে বনে ফিরি 'ভাই ভাই' করিয়ে,
কেন গো সাড়া পাই নে॥

অন্ধ। কে জানে কোথা সে!
প্রহর গণিয়া গণিয়া বিরক্তা
তারি লাগি বসে আছি
একা হেথা কুটীরদ্যারে—
বাছা রে, এলি নে।
স্বরা আর, স্বরা আয়, আর রে,
জল আনিরে কাঞ্চ নাই—

তুই যে আমার পিপাসার জল।
কেন রে জাগিছে মনে ভয়।
কেন আজি তোরে হারাই-হারাই
মনে হয় কে জানে॥

লীলার প্রস্থান

भ्रां जिल्ला क्षेत्रा क्षेत्र स्था स्थान स्थान

অন্ধ। এতক্ষণে বৃঝি এলি রে!
হিদিমাঝে আর রে, বাছা রে!
কোথা ছিলি বনে এ ঘোর রাতে
এ দুর্যোগে, অন্ধ পিতারে ভূলি।
আছি সারানিশি হায় রে
পথ চাহিয়ে, আছি তৃষায় কাতর—
দৈ মুখে বারি! কাছে আয় রে॥

দশরথ। অজ্ঞানে করো হে ক্ষমা তাত, ধরি চরণে। কেমনে কহিব, শিহরি আতত্তক। আঁধারে সন্ধানি শর খরতর করীদ্রমে বধি তব প্রহবর গ্রহদোষে পড়েছি পাপপত্তক॥

> দশরথ-কত্কি ঋষির নিকটে ঋষিকুমারের মৃতদেহ স্থাপন

অন্ধ। কী বলিলে, কী শ্নিলাম, এ কি কড় হয়!
এই-বে জল আনিবারে গেল সে সরয্তীরে—
কার সাধা বধে, সে যে খবির তনর।
সন্কুমার শিশ্ব সে বে, লেহের বাছা রে—
আছে কি নিপ্তার কেহ বিধিবে যে ভারে!
না না না, কোখা সে আছে, এনে দে আমার কাছেসারা নিশি জেগে আছি, বিলম্ব না সয়।
এখনো যে নির্ভর, নাহি প্রাণে ভয়!
রে দুরাখা, কী করিলি—

#### অভিশাপ

পত্রব্যসনজং দৃঃখং যদেতখ্যম সাংপ্রতম্ এবং ডং পত্রশোকেন রাজন্ কালং করিষ্যাস॥ দশরথ। ক্ষমা করো মোরে, তাত— আমি বে পাতকী ঘোর না জেনে হয়েছি দোষী, মার্জনা নাহি কি মোর! সহে না বাতনা আর— শান্তি পাইব কোথার! তুমি কৃপা না করিলে নাহি যে কোনো উপার। আমি দীন হীন অতি— ক্ষম ক্ষম কাতরে, প্রভূ হে, করহ তাণ এ পাপের পাথারে॥

আদ্ধ। আহা, কেমনে বধিল তোরে!

তুই বৈ দ্বেহের প্তেলি, স্কুমার শিশ্ব ওরে।

বড়ো কি বেজেছে ব্বেক! বাছা রে,

কোলে আয়, কোলে আর একবার—

ধ্লাতে কেন ল্টারে! রাখিব ব্বকে করে॥

কিরংকণ শুদ্ধভাবে অবস্থান ও অবশেষে উঠিয়া দক্ষিটেয়া দক্ষরথের প্রতি

শোক তাপ গেল দ্রে.
মার্জনা করিন্য তোরে॥

#### প্রের প্রতি

যাও রে অনন্ত ধামে মোহ মায়া পাসরি—
দ্বঃথ আঁধার যেথা কিছুই নাহি।
জরা নাহি, মরণ নাহি, শোক নাহি যে লোকেকেবলই আনন্দস্রোত চলিছে প্রবাহি।
যাও রে অনন্ত ধামে, অমৃতানকেতনে—
অমরগণ লইবে তোমা উদার-প্রাণে।
দেব-খাষ রাজ-খাষ রক্ষা-খাষ যে লোকে
ধাানভরে গান করে একতানে—
যাও রে অনন্ত ধামে জ্যোতির্মায় আলয়ে
শ্রু সেই চিরবিমল প্রণ্য কিরণে—
যায় যেথা দানব্রত সতাব্রত প্রণাবান
যাও বংস, যাও সেই দেবসদনে।

#### প্নর খান

খবিকুমারের মৃতদেহ ঘেরিয়া বনদেবীদের গান

সকলি ফ্রালো স্বপনপ্রার!
কোথা সে ল্কালো, কোথা সে হার।
কুস্মকানন হয়েছে স্লান,
পাথিরা কেন রে গাহে না গান—
ও সব হেরি শ্নাময়— কোথা সে হার!
কাহার তরে আর ফ্টিবে ফ্ল,
মাধবী মালতী কে'দে আকুল।
সেই যে আসিত তুলিতে জল,
সেই যে আসিত পাড়িতে ফল,
বে আর আসিতে গাড়িতে ফল,
ও সে আর আসিতে না— কোথা সে হার॥

#### বর্বানকাপতন



ৰাক্ষীকিপ্ৰতিভা অভিনয়ে ৰাক্ষীকির ভূমিকায় রবীশুনাথ

## বাল্মীকিপ্রতিভা

#### श्रथम मृन्य

অরণ্য

#### বনদেবীগণ

সহে না, সহে না, কাঁদে পরান।
সাথের অরণ্য হল শ্বশান।
দস্যদলে আসি শান্তি করে নাশ,
গ্রাসে সকল দিশ কম্পমান।
আকুল কানন, কাঁদে সমীরণ,
চিকিত মৃগ, পাখি গাহে না গান।
শ্যামল তৃণদল শোণিতে ভাসিল,
কাতর রোদনরবে ফাটে পাষাণ।
দেবী দ্র্গে, চাহো, গ্রাহি এ বনে—
রাখো অধীনী জনে, করো শান্তিদান॥

#### প্রস্থান

#### প্রথম দস্কার প্রবেশ

আঃ বে'চেছি এখন। শর্মা ও দিকে আর নন।
গোলেমালে ফাঁকভালে পালিরেছি কেমন।
লাঠালাঠি কাটাকাটি ভাবতে লাগে দাঁতকপাটি,
তাই মানটা রেখে প্রাণটা নিম্নে সটকেছি কেমন
আহা সটকেছি কেমন।
আস্ক তারা আস্ক আগে, দ্নোদ্নি নেব ভাগে,
স্যান্তামিতে আমার কাছে দেখব কে কেমন।
শ্ব্ব ম্থের জােরে, গলার চােটে ল্ট-করা ধন নেব ল্টে,
শ্ব্ব দ্লিরে ভূড়ি বাজিয়ে তুড়ি করব সরগরম—
আহা করব সরগরম।৷

ল্বঠের দ্রব্য লইয়া দস্যগণের প্রবেশ

এনেছি মোরা এনেছি মোরা রাশি রাশি লাটের ভার।
করেছি ছারখার— সব করেছি ছারখার—
কত গ্রাম পল্লী লাটে-পাটে করেছি একাকার।

প্রথম দস্য। আজকে তবে মিলে সবে করব লাটের ভাগ—

এ-সব আনতে কত লাভভভ করনা যক্ত যাগ।

ষিতীয় দস্যু। কাজের বেলায় উনি কোথা যে ভাগেন,

ভাগের বেলায় আসেন আগে আরে দাদা!

প্রথম দস্য। এত বড়ো আম্পর্যা তোদের, মোরে নিয়ে এ কি হাসি-তামাশা।

এখনি মুক্ত করিব খণ্ড, খবদার রে খবদার!

দ্বিতীয় দসা। হাঃ হাঃ, ভায়া খাম্পা বড়ো, এ কী ব্যাপার! আজি বৃঝি বা বিশ্ব করবে নস্য, এম্নি যে আকার।

তৃতীর দস্য। এম্নি যোদ্ধা উনি, পিঠেতেই দাগ— তলোরারে মরিচা, মুখেতেই রাগ।

প্রথম দস্য;। আর যে এ-সব সহে না প্রাণে—
নাহি কি তোদের প্রাণের মারা!
দার্ণ রাগে কাঁপিছে অক্স—
কোথা রে লাঠি কোথা রে ঢাল!

সকলে। হাঃ হাঃ, ভায়া খাপ্পা বড়ো, এ কী ব্যাপার! আজি বুঝি বা বিশ্ব করবে নস্যা, এম্নি যে আকার॥

#### বাল্মীকির প্রবেশ

সকলে। এক ডোরে বাঁধা আছি মোরা সকলে।
না মানি বারণ, না মানি শাসন, না মানি কাহারে।
কে বা রাজা, কার রাজা, মোরা কী জানি!
প্রতি জনেই রাজা মোরা, বনই রাজধানী!
রাজা-প্রজা উ'চু-নিচু কিছু না গণি!
কিভুবনমাঝে আমরা সকলে কাহারে না করি ভয়—
মাথার উপরে রয়েছেন কালী, সমূথে রয়েছে জয়॥

#### বাল্মীকির প্রতি

প্রথম দস্যে। এখন করব কী বল্।

भक्ता अथन कत्र की वन्।

প্রথম দস্যা। হো রাজা, হাজির রয়েছে দল!

भकरला वल् ताला, कत्रव की वल् এथन कत्रव की वल्।

প্রথম দস্য: পেলে মুখেরই কথা, আনি যমেরই মাথা।

করে দিই রসাতল!

সকলে। করে দিই রসাতল!

সকলে। द्या ताका, शक्तित त्रुद्धारक पना। -,

वन् ब्राष्ट्रा, कराव की वन् अथन कराव की वन्।।

বাল্মীকি। শোন্তোরা তবে শোন্। অমানিশা আজিকে, প্জা দেব কালীকে। স্বরা করি যা তবে, সবে মিলি যা তোরা—

বলি নিয়ে আয়॥

#### বাচ্মীকির প্রস্থান

তবে আয় সবে আয়, তবে আয় সবে আয়—
তবে ঢাল্ স্বা, ঢাল্ স্বা, ঢাল্ ঢাল্ ঢাল্!
দয়া মারা কোন্ ছার, ছারখার হোক।
কে বা কাঁদে কার তরে, হাঃ হাঃ হাঃ!
তবে আন্ তলোয়ার, আন্ আন্ তলোয়ার,
তবে আন্ বরশা, আন্ আন্ দেখি ঢাল।
আগে পেটে কিছ্ ঢাল্, পরে পিঠে নিবি ঢাল।
হাঃ হাঃ হাঃ হাঃ হাঃ হাঃ!

প্রথম দস্মে। আগে পেটে কিছ্ ঢাল্, পরে পিঠে নিবি হাঃ হাঃ, হাঃ হাঃ হাঃ হাঃ! হাঃ হাঃ হাঃ হাঃ হাঃ হাঃ যাঃ ॥

#### উঠিয়া

कानी कानी वरना दा आङ-সকলে। वला हा, हा हा, वला हा, हा हा, वला हा! নামের জোরে সাধিব কান্ধ— वला द्या द्या दला द्या, वला द्या! ওই ঘোর মন্ত করে নতা রঙ্গমাঝারে. লক লক যক রক্ষ হোর শ্যামারে ওই প্রতী লটপটকেশ অট অট হাসে রে---হাহাহা হাহাহা হাহাহা! আরে বল রে শ্যামা মায়ের জয়, জয় জয়! জায় জায়, জায় জায়, জায় জায়, জায় জায় ! আরে বল রে শ্যামা মারের জয়, জয় জয়! वन् दा भागा भारतत क्रा। আরে

#### <u> शघटनामध्य</u>

একটি বালিকার প্রবেশ

বালিকা। ওই মেঘ করে বৃথি গগনে।
তাঁধার ছাইল, রজনী আইল,
ঘরে ফিরে যাব কেমনে।
চরণ অবশ হার, গ্রান্ত ক্লান্ত কার সারা দিবস বনশ্রমণে।
ঘরে ফিরে যাব কেমনে॥

এ কী এ ঘোর বন! এন কোথার!
পথ যে জানি না, মোরে দেখারে দে-না।
কী করি এ আঁধার রাতে।
কী হবে মোর হার।
ঘন ঘোর মেঘ ছেয়েছে গগনে,
চকিত চপলা চমকে সঘনে,
একেলা বালিকা—
তরাসে কাঁপে কায়॥

### বালিকার প্রতি

প্রথম দস্যা। পথ ভূলেছিস সত্যি বটে? সিধে রাস্তা দেখতে চাস? এমন জায়গায় পাঠিয়ে দেব সুখে থাকবি বারো মাস। সকলে। হাঃ হাঃ হাঃ হাঃ হাঃ হাঃ।

### প্রথমের প্রতি

সকলের প্রস্থান

### বনদেবীগণের প্রবেশ

মরি ও কাহার বাছা, ওকে কোথার নিয়ে ধার। আহা, ঐ কর্ণ চোখে ও কাহার পানে চায়।

# ৰান্দ্ৰীকিপ্ৰতিভা

বাঁধা কঠিন পাশে, অঙ্গ কাঁপে গ্রাসে, আঁথি জলে ভাসে— এ কী দশা হার। এ বনে কে আছে, যাব কার কাছে— কে ওরে বাঁচায়॥

# ছিতীয় দ্শ্য

### অরণ্যে কালীপ্রতিমা

### বালমীকি স্তবে আসীন

বালমীকি। রাঙাপদপদময্গে প্রণমি গো ভবদারা!
আজি এ ঘোর নিশীথে প্রভিব তোমারে তারা।
স্বনর থরহর— রক্ষা তিরপ্রব করো,
রণরকে মাতো মা গো, ঘোরা উন্মাদিনী-পারা।
ঝলসিয়ে দিশি দিশি ঘ্রাও তড়িত-অসি,
ছ্টাও শোণিতস্তোত, ভাসাও বিপ্রল ধরা।
উরো কালী কপালিনী, মহাকালসীমন্তিনী,
লহো জবাপু পাঞ্জলি মহাদেবী পরাংপরা॥

# বালিকাকে লইয়া দস্যগণের প্রবেশ

দস্যাগণ। দেখো হো ঠাকুর, বলি এনেছি মোরা।
বড়ো সরেস পেরেছি বলি সরেস—
এমন সরেস মছলি, রাজা, জালে না পড়ে ধরা।
দেরি কেন ঠাকুর, সেরে ফেলো ত্বরা॥
বালমীকি। নিয়ে আয় কুপাণ। রয়েছে ত্ষিতা শ্যামা মা,
শ্যোণত পিরাও— যা ত্বরায়।

লোনত পিরাও-- বা ধ্রার। লোন জিহ্বা লক্লকে, তড়িত খেলে চোখে, করিয়ে খণ্ড দিক দিগন্ত ঘোর দ্ভ ভার॥

বালিকা। কী দোষে বাঁধিলে আমায়, আনিলে কোথায়। পথহারা একাকিনী বনে অসহায়— রাখো রাখো রাখো, বাঁচাও আমায়। দয়া করো অনাথারে— কে আমার আছে— বন্ধনে কাতরতন্মরি যে বাধায়।

নেপথ্যে বনদেবী। দয়া করো অনাথারে, দয়া করো গো— বন্ধনে কাতর তন্ত জ্জুর ব্যথার॥ বাল্মীকি। এুকেমন হল মূন আমার!

কী ভাব এ যে কিছুই ব্ৰিডে যে পারি নে।

পাষাণহদর গলিল কেন রে!
কেন আজি আঁখিজল দেখা দিল নয়নে!
কী মায়া এ জানে গো,
পাষাণের বাঁধ এ যে ট্রটিল,
সব ভেসে গেল গো, সব ভেসে গেল গো—
মর্ভূমি ডুবে গেল কর্ণার প্লাবনে॥
আরে, কী এত ভাবনা কিছু তো ব্রিঝ না।

প্রথম দস্যা আরে, কী এত ভা দ্বিতীয় দস্যা সময় বহে যায় যে।

তৃতীয় দস্য। কথন্ এনেছি মোরা, এখনো তো হল না।

চতুর্থ দৃস্তা। এ কেমন রীতি তব, বাহ্রে।

বাল্মীকি। না না হবে না, এ বলি হবে না--অন্য বলির তরে যা রে যা।

প্রথম দস্য। অন্য বলি এ রাতে কোথা মোরা পাব!

দ্বিতীর দস্ত। এ কেমন কথা কও, বাহ্রে॥ বালমীকি। শোন্তোরা শোন্ এ আদেশ,

কুপাণ খপর ফেলে দে দে। বাধন কর ছিল্ল,

মুক্ত কর এথনি রে॥

যথাদিশ্ট কৃত

# তৃতীয় দুশ্য

অরণা

বাল্মীকি।

ব্যাকৃল হয়ে বনে বনে ভ্রমি একেলা শ্ন্যমনে। কে প্রবাবে মোর কাতর প্রাণ, জ্বড়াবে হিয়া স্থাবরিষণে॥

#### टाकान

দস্মগণ বালিকাকে প্রনর্বার ধরিয়া আনিয়া

ছাড়ব না ভাই, ছাড়ব না ভাই, এমন শিকার ছাড়ব না। হাতের কাছে অম্নি এল, অম্নি যাবে! অম্নি বেতে দেবে কে রে! রাজাটা খেপেছে রে, তার কথা আর মানব না। আজ রাতে ধ্রম হবে ভারী— নিম্নে আর কারণবারি, জেবলে দে মশালগ্রলো, মনের মতন প্রজো দেব নেচে নেচে ঘ্ররে ঘ্রে— রাজাটা খেপেছে রে,

তার কথা আর মানব না॥

প্রথম দস্য। রাজা মহারাজা কে জানে, আমিই রাজাধিরাজ।

তুমি উজির, কোতোরাল তুমি, ওই ছোঁড়াগুলো বর্ক লাজ। বত সব কু'ড়ে আছে ঠাই জুড়ে, কাজের বেলায় বুদ্ধি যায় উড়ে। পা ধোবার জল নিয়ে আর বট্ট, কর তোরা সব যে যার কাজ।

ষিতীয় দস্যা। আছে তোমার বিদ্যো-সাধ্যি জানা। রাজত্ব করা, এ কি তামাশা পেয়েছ।

প্রথম দস্য। জানিস না কেটা আমি!

দিতীর দস্তা। তের <mark>তের জানি— তের তের জানি—</mark>

প্রথম দস্ম। হাসিস নে হাসিস নে মিছে, বা বা— সব আপন কাজে বা যা

ষা আপন কাক্তে।

দ্বিতীয় দস্য। থ্ব তোমার লম্বাচওড়া কথা।
নিতান্ত দেখি তোমায় কৃতান্ত ডেকেছে॥

তৃতীয় দস্য। আঃ কাজ কী গোলমালে, নাহয় রাজাই সাজালে।
মরবার বেলায় মরবে ওটাই, আমরা সব থাকব ফাঁকতালে।

প্রথম দস্যা । রাম রাম! হরি হরি! ওরা থাকতে আমি মরি! তেমন তেমন দেখলে, বাবা, ঢুকব আড়ালে।

সকলে। ওরে চল তবে শিগ্গিরি, আনি পুজোর সামিগ্গিরি। কথায় কথায় বাতে পোহালো এমনি কাজের ছিরি॥

প্রস্থান

বালিকা। হা, কী দশা হল আমার!
কোথা গো মা কর্ণাময়ী, অরণো প্রাণ বায় গো।
মুহ্তের তরে মা গো, দেখা দাও আমারে—
জনমের মতো বিদায়॥

প্রার উপকরণ লইরা দস্যাগের প্রবেদ ও কালীপ্রতিমা বিরিয়া ন্তা

এত রক্ষ শিখেছ কোথা মৃত্যালিনী!
তোমার নৃত্য দেখে চিত্ত কাঁপে, চুমকে ধরণী।

# व्रवीन्छ-व्रष्ठभावनी

ক্ষাস্ত দে মা, শাস্ত হ মা, সন্তানের মিনতি। রাঙা নয়ন দেখে নয়ন মুদি, ও মা ত্রিনয়নী॥

### বাদ্মীকির প্রবেদ

বাল্মীক।

অহো! আম্পর্যা একি তোদের নরাধম!
তোদের কারেও চাহি নে আর, আর, আর না রে—
দ্র দ্র দ্র, আমারে আর ছইস নে।
এ-সব কাজ আর না, এ পাপ আর না,
আর না, আর না, হাহি—সব ছাড়িন্।

প্রথম দস্য।

দীন হীন এ অধম আমি, কিছুই জানি নে রাজা। এরাই তো ষত বাধালে জঞ্জাল, এত করে বোঝাই বোঝে না।

কী করি, দেখো বিচারি।

ন্বিতীয় দস্য।

বাঃ—এও তো বড়ো মজা, বাহবা! যত কুয়ের গোড়া ওই তো, আরে বলু না রে।

প্রথম দস্য। বাল্মীকি। দ্রে দ্রে দ্রে, নির্লেজ্জ, আর বকিস নে।
তফাতে সব সরে যা। এ পাপ আর না,
আর না, আর না, হাহি—সব ছাড়িন ॥

### দস্যুগণের প্রস্থান

বাদ্মীকি।

আর মা, আমার সাথে, কোনো ভর নাহি আর।
কত দ্বঃখ পোল বনে, আহা, মা আমার!
নরনে ঝরিছে বারি, এ কি মা সহিতে পারি—
কোমল কাতর তন্ম কাঁপিতেছে বার বার॥

প্রস্থান

# **हर्ज्य मृन्य**

# বনদেবীগণের প্রবেশ

রিম্ ঝিম্ ঘন ঘন রে বরষে।
গগনে ঘনঘটা, শিহরে তর্লতা,
মর্র মর্রী নাচিছে হরষে।
দিশি দিশি সচকিত, দামিনী চমকিত,
চমকি উঠিছে হরিশী তরাসে॥

### বালমীকির প্রবেশ

কোথায় জন্ডাতে আছে ঠাই—
কেন প্রাণ কেন কাঁদে রে।

যাই দেখি শিকারেতে, রহিব আমোদে মেতে,
ভূলি সব জনালা বনে বনে ছন্টিয়ে—
কেন প্রাণ কেন কাঁদে রে।
আপনা ভূলিতে চাই, ভূলিব কেমনে—
কেমনে যাবে বেদনা।
ধরি ধন্ আনি বাণ গাহিব ব্যাধের গান,
দলবল লয়ে মাতিব—
কেন প্রাণ কেন কাঁদে বে॥

শ্রধননিপ্রবি দস্যাগণকে আহ্বান

### দস্যাগণের প্রবেশ

দস্য। কেন রাজা, ডাকিস কেন, এসেছি সবে।
বৃঝি আবার শ্যামা মারের প্জো হবে?
বাল্মীকি। শিকারে হবে যেতে, আয় রে সাথে।
প্রথম দস্য। ওরে, রাজা কী বলছে শোন্।
সকলে। শিকারে চল্ তবে।
সবারে আন্ডেকে যত দলবল সবে॥

# বাল্মীকির প্রস্থান

এই বেলা সবে মিলে চলো হো, চলো হো!
ছুটে আয়া, শিকারে কে রে যাবি আয়,
এমন রজনী বহে যায় ষে।
ধনুর্বাণ বল্লম লয়ে হাতে আয় আয় আয় আয় রে।
বাজা শিঙা ঘন ঘন, শব্দে কাঁপিবে বন,
আকাশ ফেটে যাবে, চমকিবে পশ্ব পাখি সবে,
ছুটে যাবে কাননে কাননে—
চারি দিকে ঘিরে যাব পিছে পিছে
হো হো হো হো।

### বাদ্মীকির প্রবেশ

বাল্মীকি। গহনে গহনে যা রে তোরা, নিশি বহে যায় যে। তন্ন তন্ন করি অরণা, করী বরাহ খোঁজ্গে— এই বেলা যা রে। নিশাচর পশ্ব সবে এখনি বাহির হবে, ধন্বাণ নে রে হাতে, চল্ দ্বরা চল্। জনলায়ে মশাল-আলো এই বেলা আয় রে॥

### প্রস্থান

প্রথম দস্য। দ্বিতীয় দস্য। চল্চল্ভাই, দ্বা করে মোরা আগে যাই। প্রাণপণ খোঁজ্ এ বন, সে বন— চলু মোরা ক'জন ও দিকে যাই।

প্রথম দস্য ৷

না না ভাই, কাজ নাই। হোথা কিছু নাই, কিছু নাই ওই ঝোপে যদি কিছু পাই।

দ্বিতীয় দস্য। প্রথম দস্য। বরা বরা!

আরে দাঁড়া দাঁড়া, অত ব্যস্ত হলে ফস্কাবে শিকার চুপি চুপি আয়, চুপি চুপি আয় অশথতলায়।

এবার ঠিকঠাক হয়ে সব থাক্— সাবধান ধরো বাণ, সাবধান ছাড়ো বাণ, গেল গেল ঐ, পালায় পালায়, চল্চল্। ছোট্রে পিছে, আয় রে ম্বরা যাই॥

# বনদেবীগণের প্রবেশ

কে এল আজি এ ঘোর নিশীথে সাধের কাননে শাস্তি নাশিতে। মত্ত করী যত পশ্মবন দলে বিমল সরোবর মন্থিয়া ঘুমন্ত বিহুগে কেন বধে রে স্থনে থর শর সন্ধিয়া। তরাসে চমকিয়ে হরিণহরিণী স্থালত চরণে ছ্রাটছে---স্থালত চরণে ছাটছে কাননে. কর্ণ নয়নে চাহিছে। আকুল সরসী, সারসসারসী শরবনে পশি কাদিছে। তিমির দিগ ভরি ঘোর যামিনী বিপদ ঘন ছায়া ছাইয়া---কী জানি কী হবে আজি এ নিশীপে. তবাসে প্রাণ উঠে কাঁপিয়া।।

# প্রথম দস্যার প্রবেশ

প্রথম দস্য । প্রাণ নিয়ে তো সট্কেছি রে, করবি এখন কী।
ওরে বরা, করবি এখন কী।
বাবা রে, আমি চুপ করে এই কচুবনে লাকিয়ে থাকি।
এই মরদের মুরোদখানা দেখেও কি রে ভড়কালি না।
বাহবা! শাবাশ তোরে, শাবাশ রে তোর ভরসা দেখি।

# শেড়িটেতে খেড়িটেতে আর-একজন দস্যার প্রবেশ

অন্য দস্য । বলব কী আর বলব খ্ডো— উ উ —
আমার যা হয়েছে বলি কার কাছে—
একটা বুনো ছাগল তেড়ে এসে মেরেছে ঢ্র্ল্ল প্রথম দস্য । তথন যে ভারী ছিল জারিজ্যরি,
এখন কেন করছ, বাপ্র, উ উ উ —
কোন্খানে লেগেছে বাবা, দিই একট্র ফ্র্ন্ম

# দস্যাগণের প্রবেশ

সদার মশায় দেরি না সয় দস্যগণ। তোমার আশায় সবাই বসে। শিকারেতে হবে যেতে, মিহি কোমর বাঁধো কষে। বনবাদাভ সব ঘে'টেছ'টে আমরা মরি খেটেখনে তুমি কেবল লুটেপুটে পেট পোরাবে ঠেসেঠ সে! কাজ কি থেয়ে, তোফা আছি--প্রথম দস্য। আমায় কেউ না খেলেই বাঁচি। শিকার করতে যায় কে মরতে---ঢ্বিসয়ে দেবে বরা-মোষে। টা থেয়ে তো পেট ভরে না---সাধের পেটটি যাবে ফে'সে॥

> হাসিতে হাসিতে প্রস্থান ও শিকারের পদচাৎ পদচাৎ প্রনাপ্রবেশ

# বাল্মীকির দুতে প্রবেশ

বালমীকি। রাখ্রাখ্, ফেল্ ধন্, ছাড়িস নে বাণ।
হরিণশাবক দুটি প্রাণভরে ধার ছুটি,
চাহিতেছে ফিরে ফিরে কর্ণনয়ান।
কোনো দোষ করে নি তো, স্কুমার কলেবর—
কেমনে কোমল দেহে বি\*ধিব কঠিন শর!
থাক্ থাক্ ওরে থাক্, এ দার্ণ খেলা রাখ্,
আজ হতে বিসজিন্, এ ছার ধন্ক বাণ॥

প্রস্থান

### দস্যাগণের প্রবেশ

দস্বাগণ। আর না, আর না, এখানে আর না— আয় রে সকলে চলিয়া যাই। ধন্ক বাণ ফেলেছে রাজা, এখানে কেমনে থাকিব ভাই! চল্চল্চণ্ এখনি যাই॥

# বাল্মীকির প্রবেশ

দস্মগণ। তোর দশা, রাজা, ভালো তো নয় — রক্তপাতে পাস রে ভয় — লাজে মোরা মরে যাই। পাখিটি মারিলে কাঁদিয়া খ্ন. না জানি কে তোরে করিল গ্ণ— হেন কভু দেখি নাই॥

দস্যুগণের প্রস্থান

# भक्षम मृत्या

বালমীকি। জীবনের কিছ্র হল না হায়—
হল না গো হল না, হায় হায়।
গহনে গহনে কত আর ভ্রমিব নিরাশার এ আঁধারে।
শ্না হৃদয় আর বহিতে যে পারি না,
পারি না গো, পারি না আর।
কী লয়ে এখন ধরিব জীবন, দিবসরজনী চলিয়া যায়—
দিবসরজনী চলিয়া যায়—

কত কী করিব বাল কত উঠে বাসনা,
কী করিব জানি না গো।
সহচর ছিল যারা ত্যোজিয়া গোল তারা। ধন্বাণ তেয়জেছি,
কোনো আর নাহি কাজ—
'কী করি কী করি' বাল হাহা করি শ্রমি গো—
কী করিব জানি না যে॥

#### ব্যাবগণের প্রবেশ

প্রথম ব্যাধ। দেখা দেখা, দাটো পাখি বসেছে গাছে। দ্বিতীয় ব্যাধ। আর দেখি চুপিচুপি আর রে কাছে। প্রথম ব্যাধ। আরে, ঝট্ করে এইবারে ছেড়ে দেরে বাণ।

দ্বিতীয় ব্যাধ। রোস্, রোস্, আগে আমি করি রে সন্ধান। বালমীকি। থামা থামা, কী করিবি বধি পাখিটির প্রাণ।

দ্রটিতে রয়েছে সুথে, মনের উল্লাসে গাহিতেছে গান।

প্রথম ব্যাধ। রাখো মিছে ও-সব কথা,

কাছে মোদের এস নাকো হেথা,

চাই নে ও-সব শাস্তর কথা-- সময় বহে যায় যে।

বাল্মীকি। শোনো শোনো, মিছে রোষ কোরো না। ব্যাধ। থামো থামো ঠাকর— এই ছাডি বাণ।

### একটি ক্রোন্সকে বধ

বাল্মীকি। মা নিষাদ প্রতিষ্ঠাং সমগ্য শাশ্বতীঃ সমাঃ। বং ক্রৌণ্ডমিথুনাদেক্মবধীঃ কামমোহিতম্॥

কী বলিন্ আমি! এ কী স্ললিত বাণী রে!
কিছু না জানি কেমনে যে আমি প্রকাশন্ দেবভাষা,
এমন কথা কেমনে শিখিন্ রে!
প্লকে প্রিল মনপ্রাণ, মধ্ বর্ষিল শ্রবণে,
এ কী! হদয়ে এ কী এ দেখি!—
ঘোর অন্ধরারমাঝে, এ কী জ্যোতি ভায়—
অবাক্! করুণা এ কার॥

# সরস্বভীর আবিভাব

বাল্মীকি। এ কী এ, এ কী এ, স্থির চপলা!

কিরণে কিরণে হল সব দিক উজ্জা।

কী প্রতিমা দেখি এ— জোছনা মাখিরে কে রেখেছে আঁকিয়ে আ মরি কমলপ**্**তলা।

ব্যাধগণের প্রস্থান

### বনদেবীগদের প্রবেশ

বনদেবী। নমি নমি, ভারতী, তব কমলচরণে।
পুণ্য হল বনভূমি, ধন্য হল প্রাণ।
বালমীকি। পূর্ণ হল বাসনা, দেবী কমলাসনা—
ধন্য হল দস্মুপতি, গালল পাষাণ।
বনদেবী। কঠিন ধরাভূমি এ. কমলালয়া ভূমি যে—
হদয়কমলে চরণকমল করো দান।
বালমীকি। তব কমলপরিমলে রাখো হদি ভরিয়ে—
চিরদিবস করিব তব চরণস্থাপান॥

দেবীগণের অন্তর্ধান

### কালী-প্রতিমার প্রতি

শ্যামা, এবার ছেড়ে চলেছি মা!
পাষাণের মেয়ে পাষাণী, না ব্বে মা বলেছি মা!
এত দিন কী ছল করে তুই পাষাণ করে রেখেছিলি
আজ আপন মায়ের দেখা পেয়ে নয়ন-জলে গলেছি মা!
কালো দেখে ভূলি নে আর, আলো দেখে ভূলেছে মন —
আমায় ভূমি ছলেছিলে, এবার আমি তোমায় ছলেছি মা!
মায়ার মায়া কাটিয়ে এবার মায়ের কোলে চলেছি মা!!

# बर्फ मृना

বাল্মীকি। কোথা ল্বকাইলে! সব আশা নিবিল, দশ দিশি অন্ধকার। সবে গেছে চলে ত্যোজিয়ে আমারে, তুমিও কি তেয়াগিলে॥

# লক্ষ্মীর আবিভাব

লক্ষ্মী। কেন গো আপনমনে ভ্রমিছ বনে বনে, সলিল দ্ব নয়নে কিসের দ্বেশ। বাল্মীকি।

কমলা দিতেছে আসি রতন রাশি রাশি. ফটেক তবে হাসি মলিন মথে। क्यमा बादत हात वदमा दम की ना भात. দ্বের এ ধরায় থাকে সে স্থে। তোজিয়া কমলাসনে এসেছি এ ঘোর বনে, আমারে শৃভক্ষণে হেরো গো চোখে॥ কোথায় সে উষাময়ী প্রতিমা---তমি তো নহ সে দেবী, কমলাসনা। কোবো না আমাবে ছলনা। কী এনেছ ধন মান! তাহা যে চাহে না প্রাণ। **एकी ला. जांट ना. जांट ना. यांक्यस ध्रांल**तांक जांट ना-তাহা লয়ে সুখী যারা হয় হোক. হয় হোক-আমি, দেবী, সৈ সূখে চাহি না। যাও লক্ষ্মী অলকার, যাও লক্ষ্মী অমরায়, এ বনে এসো না. এসো না— এসো ना এ দীনজনকৃতিরে। যে বীণা শানেছি কাণে মন প্রাণ আছে ভোর---আর কিছু চাহি না, চাহি না।।

লক্ষ্মীর অন্তর্ধান

বালমীকির প্রস্থান

# বনদেবীগদের প্রবেশ

বাণী বীণাপাণি, কর্ণাময়ী.
অন্ধন্তনে নয়ন দিয়ে অন্ধনারে ফেলিলে,
দরশ দিয়ে লুকালে কোথা দেবী আয়ি!
স্বপনসম মিলাবে যদি কেন গো দিলে চেতনাচকিতে শুখ্ব দেখা দিয়ে চির মরমবেদনা!
তোমারে চাহি ফিরিছে হেরো কাননে কাননে ওই॥

বনদেবীগণের প্রস্থান

বাল্মীকির প্রবেশ

সরুবতীর আবিভাব

বাল্মীকি। এই-যে হেরি গো দেবী আমারি!
সব কবিতাময় জগত-চরাচর, সব শোভাময় নেহারি।

ছন্দে উঠিছে চন্দ্রমা, ছন্দে কনকর্রব উদিছে, ছন্দে জগমণ্ডল চলিছে, জনলম্ভ কবিতা তারকা সবে। এ কবিতার মাঝারে তমি কে গো দেবী. আলোকে আলো আঁথারি। আজি মলয় আকল বনে বনে একি গীত গাহিছে: ফুল কহিছে প্রাণের কাহিনী, নব রাগরাগিণী উছাসিছে এ আনন্দে আজ গতি গাহে মোর হৃদয় সব অবারি। তমিই কি দেবী ভারতী! কুপাগ্রণে অন্ধ আঁখি ফুটালে উষা আনিলে প্রাণের আঁধারে. প্রকৃতির রাগিণী শিখাইলে। তমি ধন্য গো! রব চিরকাল চরণ ধরি তোমারি॥ দীনহীন বালিকার সাজে এসেছিন, এ ঘোর বনমাঝে গলাতে পাষাণ তোর মন— क्न. वश्त्र, त्मान् ठाटा त्मान्। আমি বীণাপাণি তোরে এসেছি শিখাতে গান --তোর গানে গলে যাবে সহস্র পাষাণপ্রাণ। যে রাগিণী শানে তোর গলেছে কঠোর মন সে রাগিণী তোরি কপ্ঠে বাজিবে রে অনুক্ষণ। অধীর হইয়া সিদ্ধ কাঁদিবে চরণতলে. চারি দিকে দিক্বধ্ আকুল নয়নজলে। মাথার উপরে তোর কাঁদিবে সহস্র তারা. অশনি গলিয়া গিয়া হইবে অশ্রের ধারা। যে করুণ রসে আজি ডুবিল রে ও হৃদয় শত স্লোতে তই তাহা ঢালিবি জগৎময়। যেথায় হিমাদি আছে সেথা তোর নাম রবে. যেথায় জাহুবী বহে তোর কাব্যস্তোত ববে। সে জাহুবী বহিবেক অযুত হৃদয় দিয়া শ্মশান পবিত্র করি, মরুভূমি উবরিয়া। মোর পশ্মাসনতলে রহিবে আসন তোর. নিতা নব নব গীতে সতত রহিবি ভোর। বাস তোর পদতলে কবি-বালকেরা যত শ**্রনি** তোর কণ্ঠস্বর শিথিবে সংগীত কত। এই নে আমার বীণা, দিন, তোরে উপহার---

যে গান গাহিতে সাধ ধর্নীবে ইহার ভার।

সরহ্বতী।

# মায়ার খেলা

### श्रथम मृत्या

### কানন

# মারাকুমারীগণ

সকলে। মোরা জলে স্থলে কত ছলে মায়াজাল গাঁথি। মোরা স্বপন রচনা করি অলস নয়ন ভরি। প্রথমা। গোপনে হদরে পশি কৃহক-আসন পাতি। দ্বিতীয়া। ততীয়া। মোরা মদিরতরঙ্গ তুলি বসভসমীরে। দ্রাশা জাগায় প্রাণে প্রাণে প্রথমা । আধো-তানে ভাঙা-গানে <u> ভ্রমরগ্রেম্বরাকল বকুলের পাঁতি।</u> মোরা মারাজাল গাঁথি। সকলে। নরনারী-হিয়া মোরা বাঁধি মারাপাশে দিতীয়া। ভূতীয়া। কত ভূল করে তারা, কত কাঁদে হাসে। মারা করে ছায়া ফেলি মিলনের মাঝে প্রথমা । আনি মান-অভিমান। দিতীয়া। বিরহী স্বপনে পায় মিলনের স্বাধি। সকলে। মোরা মায়াজাল গাঁথি। हत्वा त्रथी, हत्वा। প্রথমা ৷ কৃহকদ্বপনখেলা খেলাবে চলো। দি হীয়া ও তৃতীয়া। নবীন হদয়ে রচি নব প্রেমছল প্রমোদে কাটাব নব বসস্তের রাতি। মোরা মারাজাল গাঁথি॥ সকলে।

# বিতীয় দুশ্য

গৃহ

গমনোশ্ম খ অমর। শাস্তার প্রবেশ

শাস্তা। পথহারা তুমি পথিক যেন গো স্থের কাননে, ওগো, যাও কোথা যাও। স্থে ঢলঢল বিবশ বিভল পাগল নয়নে তুমি চাও কারে চাও। কোথা গেছে তব উদাস হৃদয়, কোথা পড়ে আছে ধরণী!
মায়ার তরণী বাহিয়া যেন গো মায়াপ্রনী-পানে ধাও।
কোন্ মায়াপ্রনী-পানে ধাও।
অমর। জীবনে আজ কি প্রথম এল বসন্ত!
নবীন বাসনাভরে হৃদয় কেমন করে,
নবীন জীবনে হল জীবন্ত।
স্থভরা এ ধরায় মন বাহিরিতে চায়,
কাহারে বসাতে চায় হৃদয়ে।
তাহারে খণ্ডিব দিক-দিগস্ত।

মায়াকুমারীগণের প্রবেশ

সকলে। কাছে আছে দেখিতে না পাও, তুমি কাহার সন্ধানে দূরে যাও।

শাস্তার প্রতি

অমর। যেমন দখিনে বায় ছুটেছে,
কে জানে কোথায় ফুল ফুটেছে,
তেমনি আমিও, সখী, যাব—
না জানি কোথায় দেখা পাব।
কার সুধাস্বরমাঝে জগতের গাঁত বাজে,
প্রভাত জাগিছে কার নয়নে।
কাহার প্রাণের প্রেম অনস্ত।
তাহারে খাজিব দিক-দিগস্ত॥

প্রস্থান

মায়াকুমারীগণ। মনের মতো কারে খ'জে মর—
সে কি আছে ভূবনে,
সে তো রয়েছে মনে।
ওগো, মনের মতো সেই তো হবে
ভূমি শভেক্ষণে বাহার পানে চাও।

নেপথ্যে চাহিয়া

শাস্তা। আমার পরান যাহা চায়,
তুমি তাই তুমি তাই গো।
তোমা ছাড়া আর এ জগতে
মোর কেহ নাই, কিছু নাই গো।

তুমি সুখ বদি নাহি পাও,
যাও, সুখের সন্ধানে যাও,
আমি তোমারে পেরাছি হদরমাঝে—
আর কিছু নাহি চাই গো।
আমি তোমার বিরহে রহিব বিলীন,
তোমাতে করিব বাস—
দীর্ঘ দিবস, দীর্ঘ রজনী, দীর্ঘ বরষ মাস।
যদি আর-কারে ভালোবাস,
যদি আর ফিরে নাহি আস,
তবে তুমি যাহা চাও তাই যেন পাও—
আমি যত দুখ পাই গো॥

### নেপথো চাহিয়া

মায়াকুমার গণ। কাছে আছে দেখিতে না পাও. তুমি কাহার সন্ধানে দূরে যাও। মনের মতো কারে খাঁজে মর— প্রথমা। দ্বিতীয়া। সে কি আছে ভূবনে, সে যে রয়েছে মনে। তৃতীয়া। ওগো. মনের মতো সেই তো হবে তুমি শুভক্ষণে যাহার পানে চাও। তোমার আপনার যে জন দেখিলে না তারে। প্রথমা । দ্বিতীয়া। তুমি যাবে কার শ্বারে। তৃতীয়া। যারে চাবে তারে পাবে না. যে মন তোমার আছে যাবে তাও॥

# ভূতীয় দৃশ্য

#### কানন

### প্রমদার স্থীগণ

প্রথমা। স্থা, সে গেল কোথার,
তারে ডেকে নিয়ে আয়।
সকলে। দাঁড়াব ঘিরে তারে তর্তলায়।
প্রথমা। আজি এ মধ্র সাঁঝে কাননে ফ্লের মাঝে
হেসে হেসে বেড়াবে সে. দেখিব তায়।
ছিতীয়া। আকাশের তারা ফ্টেছে, দখিনে বাতাস ছ্টেছে,
পাখিটি ছ্মঘোরে গেয়ে উঠেছে।
প্রথমা। আয় লো আনন্দময়ী, মধ্র বসন্ত লয়ে—
সকলে। লাবণ্য ফুটাবি লো তর্লতায়॥

#### প্রমদার প্রবেশ

প্রমদা। দে লো, সখী, দে পরাইরে গলে
সাধের বকুলফ্লহার।
আধফ্ট জুইগ্লি বতনে আনিয়া তুলি
গাঁথি গাঁথি সাজায়ে দে মোরে
কবরী ভরিয়ে ফ্লভার।
তুলে দে লো চণ্ডল কুন্তল,
কপোলে পড়িছে বারেবার।

প্রথমা। আজি এত শোভা কেন,

আনন্দে বিবশা যেন-

দ্বিতীয়া। বিশ্বাধরে হাসি নাহি ধরে, লাবণ্য করিয়া পড়ে ধরাতলে!

প্রথমা। স্থী, তোরা দেখে বা, দেখে বা—
তর্গ তন্ত্ব এত রূপরাশি বহিতে পারে না ব্রিঝ আর ॥

তৃতীয়া। সখী, বুহে গেল বৈলা, শুধু হাসিখেলা

এ কি আর ভালো লাগে!
আকুল তিরাষ প্রেমের পিরাস
প্রাণে কেন নাহি জাগে।
কবে আর হবে থাকিতে জীবন
আর্থিতে অপিতে মদির মিলন—
মধ্র হ্তাশে মধ্র দহন
নিত-নব অন্রাগে।
তরল কোমল নয়নের জল
নয়নে উঠিবে ভাসি।
সে বিষাদনীরে নিবে যাবে ধীরে
প্রথর চপল হাসি।
উদাস নিশ্বাস আকুলি উঠিবে,
আশা-নিরাশায় পরান টুটিবে,

শরম-অর্ণ-রাগে॥ প্রমদা। ওলো, রেখে দে, সখী, রেখে দে— মিছে কথা ভালোবাসা। সূথের বেদনা, সোহাগবাতনা—

মরমের আলো কপোলে ফুটিবে

ব্রিতে পারি না ভাষা। ফুলের বাঁধন, সাধের কাঁদন, পরান সাঁপিতে প্রাণের সাধন, 'লহো লহো' বলে পরে আরাধন—

পরের চরণে আশা। তিলেক দরশ পরশ মাগিরা বরষ বরষ কাতরে জাগিরা পরের ম্থের হাসির লাগিয়া
অপ্রান্সাগরে ভাসা—
জীবনের স্থ থ জিবারে গিয়া
জীবনের স্থ নাশা॥
প্রেমের ফাঁদ পাতা ভূবনে—
কে কোথা ধরা পড়ে কে জানে।
গরব সব হার কথন টুটে বার,
সলিল বহে বার নয়নে।

মায়াকুমারীগণ।

ক্মারের প্রবেশ

প্রমদার প্রতি

रयसा ना, रयसा ना किस्त-কুমার। দাঁড়াও বারেক দাঁড়াও হৃদর-আসনে। চণ্ডলসমীরসম ফিরিছ কেন কুসুমে কুসুমে কাননে কাননে। তোমায় ধরিতে চাহি, ধরিতে পারি নে-তমি গঠিত যেন স্বপনে। এসো হে. তোমারে বারেক দেখি ভরিয়ে আঁখি. র্ধারয়ে রাখি ষতনে। প্রাণের মাঝে তোমারে ঢাকিব. ফ,লের পাশে বাঁধিয়ে রাখিব, ত্যি দিবস্নিশি রহিবে মিশি কোমল প্রেমশরনে॥ কে ডাকে! আমি কভ ফিরে নাহি চাই। প্রমদা। कुछ कृत कृत्धे छेठे. कुछ कृत वास है, हो. আমি শুধু বহে চলে বাই॥ পরশ প্রশকরস-ভরা রেখে যাই, নাহি দিই ধরা। উড়ে আসে ফুলবাস, লতাপাতা ফেলে শ্বাস. বনে বনে উঠে হা-হ,তাশ-চকিতে শ্রনিতে শৃধ্ব পাই – চলে ষাই। আমি কভ ফিরে নাহি চাই॥

#### অশোকের প্রবেশ

অশোক। এসেছি গো এসেছি, মন দিতে এসেছি—
যারে ভালো বেসেছি।
ফ্লদলে ঢাকি মন যাব রাখি চরণে
পাছে কঠিন ধরণী পায়ে বাজে—
রেখো রেখো চরণ হৃদিমাঝে—

নাহয় দলে যাবে, প্রাণ ব্যথা পাবে— আমি তো ভেসেছি, অক্লে ভেসেছি॥

প্রমদা। ওকে বলো, সখী, বলো, কৈন মিছে করে ছল—
মিছে হাসি কেন সখী, মিছে আখিজল!
জানি নে প্রেমের ধারা, ভয়ে তাই হই সারা—
কে জানে কোথার সুধা কোথা হলাহল।

কে জানে কোথায় সুধা কোথা হলাহল।
সথীগণ। কাঁদিতে জানে না এরা, কাঁদাইতে জানে কল—
মুখের বচন শুনে মিছে কী হইবে ফল।
প্রেম নিয়ে শুখু খেলা, প্রাণ নিয়ে হেলাফেলাফিরে যাই এই বেলা চলো সখী, চলো॥

#### প্রস্থান

মায়াকুমারীগণ। প্রেমের ফাঁদ পাতা ভুবনে—
কে কোথা ধরা পড়ে কে জানে।
গরব সব হায় কখন টুটে যায়,
সালল বহে ধায় নয়নে।
এ সুখধরণীতে কেবলি চাহ নিতে,
জান না হবে দিতে আপনা—
সুখের ছায়া ফোল কখন যাবে চলি,
বারবে সাধ কার বেদনা।
কখন বাজে বাঁশি, গরব যায় ভাসি—

# ठकुर्थ मृत्रा

পরান পড়ে আসি বাঁধনে॥

#### কানন

### অমর কুমার ও অশোক

অমর। আমি মিছে ঘ্রির এ জগতে কিসের পাকে,
মনের বাসনা যত মনেই থাকে।
ব্রিঝয়াছি এ নিখিলে চাহিলে কিছু না মিলে,
এরা চাহিলে আপন মন গোপনে রাখে।
এত লোক আছে, কেহ কাছে না ডাকে।
অশোক। তারে দেখাতে পারি নে কেন প্রাণ খুলে গো।
কেন ব্রুগতে পারি নে হদয়বেদনা।
কেমনে সে হেসে চলে যায়,
কোন্ প্রাণে ফিরেও না চায়,
এত সাধ এত প্রেম করে অপমান!

এত বাথাভরা ভালোবাসা কেহ দেখে না—

প্রাণে গোপনে রহিল।
এ প্রেম কুস্মে যদি হত
প্রাণ হতে ছি'ড়ে লইতাম,
তার চরণে করিতাম দান।
ব্বি সে তুলে নিত না, শ্বাত অনাদরে—
তব্ব তার সংশয় হত অবসান॥

কুমার। সখা, আপন মন নিয়ে কাঁদিয়ে মরি পরের মন নিয়ে কাঁ হবে। আপন মন বাদ বহাঝতে নারি পরের মন ব্বের কে কবে।

অমর ।

অশোক। অমর ও কুমার।

অশোক।

অবোধ মন লয়ে ফিরি ভবে,
বাসনা কাঁদে প্রাণে হা-হা রবে,
এ মন দিতে চাও দিরে ফেলো,
কেন গো নিতে চাও মন তবে।
স্বপনসম সব জানিয়ো মনে,
তোমার কেহ নাই এ বিভূবনে—
যে জন ফিরিতেছে আপন আশে
তূমি ফিরিছ কেন তাহার পাশে।
নয়ন মেলি শ্বা শান্ত পাও।

কুমার। তোমারে মূখ তুলে চাহে না ষে থাকু সে আপনার গরবে॥

অশোক। আমি জেনে শ্নে বিষ করেছি পান।
প্রাণের আশা ছেড়ে স'পেছি প্রাণ।
যতই দেখি তারে ততই দহি,
আপন মনোজনালা নীরবে সহি,
তব্ পারি নে দরে ষেতে, মরিতে আসি—
লই গো বৃক পেতে অনলবাণ।
যতই হাসি দিয়ে দহন করে
ততই বাড়ে ত্যা প্রেমের তরে,
প্রেম-অম্তধারা ততই যাচি
যতই করে প্রাণে অশনি দান॥

অমর। ভালোবেসে যদি সংখ নাহি তবে কেন

তবে কেন মিছে ভালোবাসা।
মন দিয়ে মন পেতে চাহি।
ওগো, কেন
ওগো, কেন মিছে এ দ্বাশা।

क्रांत, रेक्न निर्देश से नृज्ञाना । क्रम्रस क्यांनास्त वात्रनात निश्चा, नज्ञत त्रांकास्त प्राज्ञायतीरिका, मृथ् चूस्त प्रति प्रतृष्ट्रस ।

# वर्गणा-बद्धनावली

অমর ও কুমার।

ওগো. কেন

ওগো, বে

ওগো, কেন মিছে এ পিপাসা।

অমর।

আপনি যে আছে আপনার কাছে নিখিল জগতে কী অভাব আছে। আছে মন্দ সমীরন, প্রত্পবিভ্রন,

কোকিলক্জিত কুঞ্চ।

অশোক।

বিশ্বচরাচর লখে হয়ে যায়,

একি ঘোর প্রেম অন্ধ রাহ**ুপ্রা**র জীবন যোবন গ্রাসে।

অমর ও কুমার।

তবে কেন

তবে কেন মিছে এ কুয়াশা।।

মারাকুমারীগণ।

দেখো চেয়ে দেখো ঐ কে আসিছে! চাঁদের আলোতে কার হাসি হাসিছে।

रुमसम्दात ध्रीनारत माछ. প্রাণের মাঝারে তুলিয়ে লও,

ফ্লগন্ধ-সাথে তার স্বাস ভাসিছে।

### প্রমদা ও স্থীগণের প্রবেশ

প্রমদা।

স্থে আছি স্থে আছি, স্বা, আপন-মনে।

প্রমদা ও সখীগণ।

कि**च्य एठर**शा ना, मृद्द रयरहा ना,

শ্ব প্রমদা। স্থ

শ্বর্ চেরে দেখো, শ্বর্ ঘিরে থাকে। কাছাকাছি।

স্থা, নয়নে শ্ব্যু জানাবে প্রেম, নীরবে দিবে প্রাণ, রচিয়া ললিত মধ্র বাণী আড়ালে গাবে গান। গোপনে তুলিয়া কুসুম গাঁথিয়া রেখে যাবে মালাগাছি।

প্রমদা ও সখীগণ।

মন চেয়ো না, শুধু চেয়ে থাকো, শুধু যিরে থাকো কাছাকাছি।

প্রমদা।

🕕 प्रश्रंत <del>कौदन, भर्द्र तकन</del>ी, भर्द्र भलव्याय।

এই মাধ্রীধারা বহিছে আপুনি, কেহ কিছ্ নাহি চার।

আমি আপনার মাঝে আপনি হারা.

আপন সৌরভে সারা,

যেন আপনার মন আপনার প্রাণ আপনারে সর্পিরাছি॥

অশোক। প্রমদা ও সখীগণ। ভালোবেসে দৃখ সেও সৃখ, সৃখ নাহি আপনাতে। না না না, সধা, ভুলি নে ছলনাতে।

ণ ও প্রাণ্য। কুমার। না না না, স্বা, তুলে লৈ ছলনাতে। মন দাও দাও, দাও স্বা, দাও প্রের হাতে।

প্রমদা ও স্থীগণ।

ना ना ना, स्याता कृति तन क्लनारक।

অশোক।

সংখ্যের শিশির নিমেষে শ্কায়, সংখ চেয়ে দৃংখ ভালো, আনো সজল বিমল প্রেম ছলছল নলিননয়নপাতে।

প্রমদাও সংগীগণ। নানা

ना ना ना, स्थाता र्जीन त्न इननाएं।

রবির কিরণে ফুটিয়া নলিনী আপনি টুটিরা বার, কমার। সূত্র পায় তায় সে।

চির কলিকাজনম কে করে বহন চিরশিশিররাতে।

না না না মোরা ভাল নে ছলনাতে॥ প্রমদা ও সধীগণ। ওই কে গো হেসে চায়, চায় প্রাণের পানে। অমর।

গোপন হৃদয়তলে কী জানি কিসের ছলে

আলোক হানে।

এ প্রাণ নতন করে কে যেন দেখালে মোরে. বাজিল মরমবীণা নতেন তানে। এ পুলক কোথা ছিল, প্রাণ ভরি বিকশিল— ত্যাভরা ত্যাহরা এ অমৃত কোথা ছিল। कान होंग दरम हाटर. कान भाषि गान गाटर.

কোন্ সমীরণ বহে লতাবিতানে॥

मृद्रत मौजादत्र आएए. श्रममा । কেন আসে না কাছে।

> ওলো যা, তোরা যা সখী, যা শুধা গে ওই আকুল অধর আঁখি কী ধন যাচে।

ही, खला ही, इन की, खला नथी। স্থীগণ।

লাজবাধ কে ভাঙিল এত দিনে শরম ট্রটিল! প্রথমা।

কেমনে যাব, কী শুধাব। ততীয়া।

প্রথমা। লাজে মরি, কী মনে করে পাছে।

যা, তোরা যা সখী, যা শুধা গে প্রমদা। ওই আকুল অধর আঁখি কী ধন যাচে॥

মায়াকমারীগণ। প্রেমপাশে ধরা পড়েছে দুজনে দেখো দেখো, সখী, চাহিয়া।

দুটি ফুল খনে ভেসে গেল ওই প্রণয়ের স্রোভ বাহিয়া।

# অমরের প্রতি

ওগো, দেখি, আঁখি তুলে চাও---স্থীগণ। তোমার চোখে কেন ঘ্মঘোর।

আমি কী ষেন করেছি পান--অমর । কোন্ মদিরারসভোর। আমার চোখে তাই ঘুমঘোর।

ছিছিছী। স্থীগণ।

সখী. ক্ষতি কী। অমর।

> এ ভবে কেহ জ্ঞানী অতি, কেহ ভোলামন— কেহ সচেতন, কেহ অচেতন---কাহারো নয়নে হাসির কিরণ, কাহারো নয়নে লোর---

আমার চোখে শুধু ঘুমঘোর।

স্থীগণ। স্থা, কেন গো অচলপ্রায়

হেথা দাঁড়ারে তরুছার।

অমর। অবশ হৃদয়ভারে চরণ

ূ চলিতে নাহি চায়.

তাই দাঁড়ায়ে তর্ছায়।

স্থীগণ। ছিছিছী।

অমর। সথী, ক্ষতি কী।

এ ভবে কেহ পড়ে থাকে, কেহ চলে যায়.

কেহ বা আলসে চলিতে না চায়, কেহ বা আপনি স্বাধীন, কাহারো

চরণে পড়েছে ডোর।

কাহারো নয়নে লেগেছে ঘোর॥

সখীগণ। ওকে বোঝা গেল না— চলে আয়, চলে আয়।

ও কী কথা ষে বলে সখী, কী চোখে যে চায়। চলে আয়, চলে আয়।

লাজ টুটে শৈষে মরি লাজে মিছে কাজে। ধরা দিবে না ষে বলো কে পারে তায়। আপনি সে জানে তার মন কোথায়!

চলে আয়. চলে আয়॥

### প্রস্থান

মায়াকুমারীগণ।

প্রেমপাশে ধরা পড়েছে দ্জনে
দেখাে দেখাে, সখী, চাহিরা।
দ্বিট ফ্ল খসে ভেসে গেল ওই
প্রণয়ের স্রোত বাহিয়া।
চাদিনী ষামিনী, মধ্যু সমারণ,
আধাে ঘুমঘাের, আধাে জাগরণ,
চোখােচােখি হতে ঘটালে প্রমাদ।
কুহ্মবরে পিক গাহিয়া।
দেখাে দেখাে, সখী, চাহিয়া।

# शक्षत्र मृन्य

#### কানন

অমর । দিবসরজনী আমি যেন কার আশায় আশায় থাকি। তাই চমকিত মন, চকিত শ্রবণ, ভূষিত আকুল আথি। চন্দল হয়ে ঘ্রিরে বেড়াই,
সদা মনে হয় য়িদ দেখা পাই.
'কে আসিছে' বলে চমকিয়ে চাই
কাননে ডাকিলে পাখি।
জাগরণে তারে না দেখিতে পাই.
থাকি স্বপনের আশে—
ঘ্রের আড়ালে য়িদ ধরা দেয়
বাধিব স্বপনপাশে।
এত ভালোবাসি এত য়ারে চাই
মনে হয় না তো সে বে কাছে নাই.
বেন এ বাসনা ব্যাকুল আবেগে
তাহারে আনিবে ডাকি।

# প্রমদা স্থীগণ অশোক ও কুমারের প্রবেশ

সখী. সাধ করে ষাহা দেবে তাই লইব। কুমার। আহা মার মার, সাধের ভিখারি, সখীগণ। তুমি মনে মনে চাহ প্রাণমন। দাও যদি ফুল, শিরে তুলে রাখিব। কুমার। সখী। দেয় যদি কাঁটা? কুমার। তাও সহিব। সখীগণ। আহা মরি মরি, সাধের ভিখারি, ত্যি মনে মনে চাহ প্রাণমন। যদি একবার চাও, সখী, মধ্যুর নয়ানে কমার। ওই আখি-সুধাপানে চির্কাবন মাতি রহিব। সখীগণ। যদি কঠিন কটাক্ষ মিলে? কুমার। তাও *হৃদ্*য়ে বি'ধায়ে চির্জীবন বহিব। স্থীপ্র। আহা মরি মরি, সাধের ভিখারি, ত্মি মনে মনে চাহ প্রাণমন ॥ আমি হদরের কথা বলিতে ব্যাকুল. প্রমদা। मायादेन ना रकर। সে তো এল না, যারে স'পিলাম এই প্রাণ মন দেহ। সে কি মোর তরে পথ চাহে. সে কি বিরহগতি গাহে— বাঁশরিধরনি শ্রনিয়ে যার আমি তাজিলাম গেহ ৷৷ নিমেষের তরে শরমে বাধিল. भाराकुमात्रीश्व। মুরুমের কথা হল না।

> জনমের তরে তাহারি লাগিয়ে রহিল মরমবেদনা।

# প্রমদার প্রতি

ওগো সখী, দেখি দেখি মন কোথা আছে। অশোক। সখীগণ। কত কাতর হৃদয় খারে ঘারে হেরো কারে যাচে। কী মধ্যু, কী সূখা, কী সোরভ. অশোক। কী রূপ রেখেছ লুকায়ে! সখীগণ। কোন্প্রভাতে কোন্রবির আলোকে দিবে খুলিয়ে কাহার কাছে! रम र्याप ना आरम এ क्षीवतन, এ कानतन পथ ना भारा। অশোক। সখীগণ। যারা এসেছে তারা বসন্ত ফুরালে নিরাশ প্রাণে ফেরে পাছে।। এ তো খেলা নয়, খেলা নয়। প্রমদা। এ যে হৃদয়দহনজনলা সখী। এ যে প্রাণভরা ব্যাকুলতা, গোপন মর্মের বাথা, এ যে কাহার চরণোদ্দেশে জীবন মরণ ঢালা। কে যেন সতত মোরে ডাকিয়ে আকুল করে. যাই-যাই করে প্রাণ— যেতে পারি নে। যে কথা বলিতে চাহি তা বুঝি বলিতে নাহি ---কোথায় নামায়ে রাখি, সখী, এ প্রেমের ডালা। যতনে গাঁথিয়ে শেষে পরতে পারি নে মালা।। সে জন কে. সখী, বোঝা গেছে প্রথমা স্থী। আমাদের সখী যারে মনপ্রাণ স'পেছে। দ্বিতীয়াও তৃতীয়া। ও সে কে, কে, কে! ওই-যে তর**ুতলে বিনোদমালা গলে** প্রথমা । না জানি কোন ছলে বসে রয়েছে। সখী, কী হবে---দ্বিতীয়া। ও কি কাছে আসিবে কড়! কথা কবে! ও কি প্রেম জানে! ও কি বাঁধন মানে! তৃতীয়া। की भाराग्राल भन जाराहा। বিভল আৰি তলে আৰি পানে চায়, দ্বিতীয়া। যেন কোন পথ ভূলে এল কোথায় ওগো! ষেন কোন্ গানের স্বরে প্রবণ আছে ভরে. ততীয়া। ষেন কোন চাঁদের আলোয় মগ্ন হয়েছে।। ওই মধ্র মূখ জাগে মনে। অমর। कुनिय ना এ क्षीयत्न की म्यभान की काशतरा। তুমি জান বা না জান. মনে সদা যেন মধ্যুর বাঁশার বাজে

> হৃদরে সদা আছ বলে। আমি প্রকাশিতে পারি নে, শুধ্য চাহি কাতর নয়নে॥

তারে কেমনে ধরিবে, সখী, যদি ধরা দিলে। সখীগণ ৷ কেমনে কাদাবে যদি আপনি কাদিলে। প্রথমা । তারে দ্বিতীয়া। যদি মন পেতে চাও মন রাখো গোপনে। কে তারে বাঁধিবে তুমি আপনায় বাঁধিলে। ততীয়া। আসিলে তো কেহ কাছে রহে না। সকলে। কথা কহিলে তো কেহ কথা কহে না। হাতে পেলে ভূমিতলে ফেলে চলে যায়। প্রথমা । দ্বিতীয়া। হাসিয়ে ফিরায় মূখ কাদিয়ে সাধিলে॥

# নিকটে আসিয়া প্রমদার প্রতি

সকল হৃদর দিয়ে ভালোবেসেছি যারে অমব । সে কি ফিরাতে পারে সখী! সংসারবাহিরে থাকি জানি নে কী ঘটে সংসারে। क कात्न दृथाय शानभाग शान यादा हाय তারে পার কি না পায়, জানি নে, ভয়ে ভয়ে তাই এসেছি গো অজানা-হদয়-শ্বারে। তোমার সকলি ভালোবাসি— ওই রূপরাশি, ওই খেলা, ওই গান, ওই মধ্রাস। ওই দিয়ে আছ ছেয়ে জীবন আমারি— কোথায় তোমার সীমা ভ্রনমাঝারে॥ ভূমি কে গো. সখীরে কেন জানাও বাসনা।

সখীগণ।

দ্বিতীরা। কে জানিতে চায় তমি ভালোবাস কি ভালোবাস না।

প্রথমা । शास्त्र हन्द्र, शास्त्र त्रक्षा, यद्भ वक्षकानन, शास्त्र क्रमग्रवमुख विकृष्ट स्थावन। তুমি কেন ফেল খাস, তুমি কেন হাস না।

এসেছ কি ভেঙে দিতে খেলা---সকলে। স্থীতে স্থীতে এই হৃদয়ের মেলা---

ৰিতীয়া। আপন দুঃখ আপন ছায়া লয়ে যাও।

জীবনের আনন্দপথ ছেডে দাঁডাও। প্রথমা।

তৃতীয়া। দ্র হতে করো প্রভা হদরকমল-আসনা।।

অমর। **সূথে धारका**, সূথে धारका— आगि यारे— यारे।

স্থী, ওরে ডাকো, মিছে খেলায় কাজ নাই। প্রমদা।

স্থীগণ: অধীরা হোরো না, স্থী,

আশ মেটালে ফেরে না কেহ, আশ রাখিলে ফেরে।

ছিলাম একেলা সেই আপন ভূবনে, অমর ৷ এসেছি এ কোথার।

তেথাকার পথ জানি নে--ফিরে বাই। যদি সেই বিরামভবন ফিরে পাই।

প্রমদা। সখী, ওরে ডাকো ফিরে। মিছে খেলা মিছে হেলা কাজ নাই। সখীগণ। অধীর হোয়ো না, সখী, আশ মেটালে ফেরে না কেহ, আশ রাখিলে ফেরে॥

#### প্রস্থান

মারাকুমারীগণ। নিমেষের তরে শরমে বাধিল, মরমের কথা হল না।
জনমের তরে তাহারি লাগিয়ে রহিল মরমবেদনা।
চোখে চোখে সদা রাখিবারে সাধ—
পলক পড়িল, ঘটিল বিষাদ—
মেলিতে নরন মিলালো স্বপন, এমনি প্রেমের ছলনা॥

# बर्ख मृन्य

#### গৃহ

#### শাস্তা। অমরের প্রবেশ

অমর। সেই শান্তিভবন ভূবন কোথা গেল—
সেই রবি শশী তারা, সেই শোকশান্ত সন্ধ্যাসমীরণ,
সেই শোভা, সেই ছায়া, সেই স্বপন।
সেই আপন হৃদয়ে আপন বিরাম কোথা গেল,
গৃহহারা হৃদয় লবে কাহার শরণ।

### শান্তার প্রতি

এসেছি ফিরিয়ে, জেনেছি তোমারে,

এনেছি হদয় তব পায়—

শীতল স্নেহস্থা করো দান,

দাও প্রেম. দাও শাস্তি, দাও ন্তন জীবন॥

মায়াকুমারীগণ। কাছে ছিলে দ্রে গেলে, দ্র হতে এস কাছে।

ভূবন ভ্রমিলে তুমি, সে এখনো বসে আছে।

ছিল না প্রেমের আলো, চিনিতে পার নি ভালো,

এখন বিরহানলে প্রেমানল জর্নিয়াছে॥

শাস্তা। দেখো, সখা, ভূল করে ভালোবেসো না।

ত্রমি যাহে স্খী হও তাই করো সখা,

আমি স্খী হব বলে ধেন হেসো না।

আপন বিরহ লয়ে আছি আমি ভালো— কী হবে চির আঁধারে নিমেষের আলো! আশা ছেড়ে ভেসে বাই, যা হবার হবে তাই— আমার অদৃষ্টপ্রোতে তুমি ভেসো না॥

অমর।

ভূল করেছিন, ভূল ভেঙেছে।

এবার জেগেছি, জেনেছি—

এবার আর ভূল নয়, ভূল নয়।

ফিরেছি মায়ার পিছে পিছে।

জেনেছি স্বপন সব মিছে।

বি'ধেছে বাসনা-কাঁটা প্রাণে—

এ তো ফ্ল নয়, ফ্ল নয়!

পাই যদি ভালোবাসা হেলা করিব না,

খেলা করিব না লয়ে মন।

ওই প্রেমমর প্রাণে লইব আশ্রয় সখী,

অতল সাগর এ সংসার—

এ তো কল নয়, কল নয়॥

# প্রমদার সখীগণের প্রবেশ দরে হইডে

স্থীগণ। অলি বার বার ফিরে যায়, অলি বার বার ফিরে আসে— তবে তাে ফ্লে বিকাশে।

প্রথমা। কলি ফুর্টিতে চাহে ফোটে না, মরে লাজে, মরে ত্রাসে। ভূলি মান অপমান দাও মন প্রাণ, নিশি দিন রহো পাশে।

দ্বিতীয়া। ওগো আশা ছেড়ে তব্ আশা রেখে দাও হৃদয়রতন-আশে।

সকলে। ফিরে এসো ফিরে এসো, বন মোদিত ফ্লবাসে। আজি বিরহরজনী, ফ্লুল কুস্ম শিশিরসলিলে ভাসে॥

অমর। ওই কে আমার ফিরে ডাকে। ফিরে যে এসেছে তারে কে মনে রাখে।

মায়াকুমারীগণ। বিদায় করেছ যারে নয়নজলে

এখন ফিরাবে তারে কিসের ছলে গো।

আজি মধ্ সমীরণে নিশীথে কুস্মবনে

তারে কি পড়েছে মনে বকুলতলে?

এখন ফিরাবে তারে কিসের ছলে গো।

আমর। আমি চলে এন্বলে কার বাজে বাথা।
কাহার মনের কথা মনেই থাকে।
আমি শ্ব্ববিধ, সখী, সরল ভাষা—
সরল হৃদয় আর সরল ভালোবাসা।

মায়াকুমারীগণ।

তোমাদের কত আছে, কত মন প্রাণ,
আমার হৃদয় নিয়ে ফেলো না বিপাকে॥
সোদনো তো মধ্নিশি প্রাণে গিয়েছিল মিশি,
মুক্লিত দশ দিশি কুস্মুমদলে।
দ্বিট সোহাগের বাণী বদি হত কানাকানি,
বদি ঐ মালাখানি প্রাতে গলে!
এখন ফিরাবে তারে কিসের ছলে গো।

### অমরের প্রতি

শাস্তা। না বুঝে কারে তুমি ভাসালে আঁথিজলে!
ওগো, কে আছে চাহিয়া শ্ন্য পথপানে,
কাহার জীবনে নাহি সুখ, কাহার পরান জবলে!
পড় নি কাহার নয়নের ভাষা,
বোঝ নি কাহার মরমের আশা,
দেখ নি ফিরে—

কার ব্যাকুল প্রাণের সাধ এসেছ দলৈ।।

অমর। আমি কারেও বুঝি নে, শুধু বুঝেছি তোমারে।

তোমাতে পেরেছি আলো সংশয়-আধারে।

ফিরিয়াছি এ ভূবন, পাই নি তো কারো মন,

গিয়েছি তোমারি শুধু মনের মাঝারে।

এ সংসারে কে ফিরাবে— কে লইবে ডাকি

আজিও বুঝিতে নারি, ভয়ে ভয়ে থাকি।

কেবল তোমারে জানি, বুঝেছি তোমার বাণী.

তোমাতে পেরেছি কলে তাকলে পাথারে॥

### প্রস্থান

স্থীগণ। প্রভাত হইল নিশি কানন ঘ্রে, বিরহবিধ্রে হিয়া মরিল ঝ্রে। দ্লান শশী অস্তে গেল, দ্লান হাসি মিলাইল— কাদিয়া উঠিল প্রাণ কাতর স্বরে।

#### শ্রমদার প্রবেশ

প্রমদা। চল স্থা, চল তবে ঘরেতে ফরে— বাক ভেসে শ্লান আখি নয়ননীরে। বাক ফেটে শ্না প্রাণ, হোক আশা অবসান— হদয় বাহারে ডাকে থাক্সে দ্রে॥ মায়াকুমারীগণ।

মধ্নিশি প্রিমার ফিরে আসে বার বার, সে জন ফেরে না আর বে গেছে চলে। ছিল তিথি অন্ক্ল, শৃধ্ব নিমেষের ভূল— চিরদিন ত্যাকুল পরান জনলে। এখন ফিরাবে তারে কিসের ছলে গো॥

# मध्य मृभा

#### कानन

অমর শাস্তা অন্যান্য প্রেনারী ও পৌরজন

স্বীগণ।

এস এস, বসস্ত, ধরাতলে।
আন কুহ্বতান, প্রেমগান,
আন গন্ধমদভরে অলস সমীরণ।
আন নবযৌবনহিল্লোল, নব প্রাণ,
প্রফর্ল্ল নবীন বাসনা ধরাতলে।

পার,ষগণ।

এস থরথরকাম্পত মর্মরম্থরিত নবপল্লবপ্রাক্ত ফ্ল-আকুল-মালতিবল্ল-বিতানে— স্থছায়ে মধ্বায়ে এস এস। এস অর্ণচরণ কমলবরণ তর্ণ উষার কোলে। এস জ্যোংশ্লাবিবশ নিশীপে, কলকল্লোল-তটিনী-তীরে—

সুখসুপ্ত সরসীনীরে এস এস॥

স্থীগণ।

এস যৌবনকাতর হৃদরে, এস মিলনস্থালস নরনে, এস মধ্র শরমমাঝারে, দাও বাহতে বাহ্ বাঁধি, নবীন কুস্মপাশে রচি দাও নবীন মিলনবাঁধন॥

# শান্তার প্রতি

অমর। মধ্র বসস্ত এসেছে মধ্র মিলন ঘটাতে।
মধ্র মলরসমীরে মধ্র মিলন রটাতে।
কুহকলেখনী ছুটায়ে কুস্ম ছুলিছে ফ্টায়ে.
লিখিছে প্রণয়কাহিনী বিবিধ ব্রনছটাতে।
হেরো প্রোনো প্রাচীন ধ্রণী হয়েছে শামলবরনী,
যেন ধোবনপ্রবাহ ছুটেছে কালের শাসন টুটাতে।

প্রোনো বিরহ হানিছে, নবীন মিলন আনিছে, নবীন বসস্ত আইল নবীন জীবন ফ্টাতে॥

দ্বীগণ। আজি আঁথি জ্বড়াল হেরিয়ে মনোমোহন মিলনমাধ্রী, যুগল মুরতি।

প্র্যুখগণ। ফুলগন্ধে আকুল করে, বাজে বাশরি উদাস স্বরে,

নিকুঞ্জ প্লাবিত চন্দ্রকরে—

স্বীগণ। তারি মাঝে মনোমোহন মিলনমাধ্রী, যুগল মুরতি। আনো আনো ফুলমালা, দাও দোহে বাধিয়ে।

প্র্যুষণাণ। হৃদয়ে পশিবে ফ্লপাশ, অক্ষয় হবে প্রেমবন্ধন।

স্ত্রীগণ। চিরদিন হেরিব হে

মনোমোহন মিলনমাধুরী, যুগল মুরতি॥

### প্রমদা ও সখীগণের প্রবেশ

অমর। এ কি স্বপ্ন! এ কি মারা! এ কি প্রমদা! এ কি প্রমদার ছারা!

# প্রমদার প্রতি

শাস্তা। আহা, কে গো তুমি মলিনবয়নে আধোনিমীলিত নলিননয়নে যেন আপনারি হদয়শয়নে আপনি বয়েছ লীন।

প্রেষ্ণণ। তোমা তরে সবে রয়েছে চাহিয়া, তোমা লাগি পিক উঠিছে গাহিয়া, ভিখারি সমীর কানন বাহিয়া

ফিরিতেছে সারা দিন।

অমর। এ কি স্বপ্ন! এ কি মারা! এ কি প্রমদা! এ কি প্রমদার ছারা!

শাস্তা। ধেন শরতের মেঘখানি ভেসে
চাঁদের সভাতে দাঁড়ায়েছ এসে,
এখনি মিলাবে স্লান হাসি হেসে—
কাঁদিয়া পড়িবে ঝরি।

পার্ব্যগণ। জাগিছে পার্ণিমা পার্ণ নীলাম্বরে, কাননে চামোলি ফান্টে থরে থরে, হাসিটি কখন ফাটিবৈ অধরে রয়েছি তিয়াষ ধরি।

অমর। এ কি স্বপ্ন! এ কি মায়া! এ কি প্রমদা! এ কি প্রমদার ছায়া॥

সখীগণ। আহা, আজি এ বসন্তে এত ফ্ল ফ্টে, এত বাঁশি বাজে, এত পাখি গায়, সথীর হাদয় কুস্মকোমল—
কার অনাদরে আজি ঝরে যায়!
কেন কাছে আস, কেন মিছে হাস,
কাছে যে আসিত সে তো আসিতে না চায়।
স্থে আছে যারা স্থে থাক্ তারা,
স্থের বসস্ত স্থে হোক সারা—
দ্বিনী নারীর নয়নের নীর
স্থীজনে যেন দেখিতে না পায়।
তারা দেখেও দেখে না,
তারা ব্যেও বোঝে না,
তারা ফিরেও না চায়॥

শাস্তা। আমি তো ব্ৰেছি সব, যে বোঝে না-বোঝে,
গোপনে হৃদর দুটি কে কাহারে খোঁছে।
আপনি বিরহ গড়ি আপনি ররেছে পড়ি,
বাসনা কাঁদিছে বসি হৃদয়সরোজে।
আমি কেন মাঝে থেকে দুজনারে রাখি ঢেকে,
এমন শ্রমের তলে কেন থাকি মজে।

### প্রমন্ত্রর প্রতি

অশোক। এতদিন বৃক্তি নাই, বৃক্তেছি ধীরে
ভালো বাবে বাস তারে আনিব ফিরে।
হদয়ে হদয় বাধা, দেখিতে না পায় আঁধা—
নয়ন রয়েছে ঢাকা নয়ননীরে॥

শাস্তা ও **স্বাগণ। চাদ হাসো**, হাসো—

হারা হৃদর দুটি ফিরে এসেছে।

পর্র্যগণ। কভ দ্থে কত দ্রে আঁধার সাগর ঘ্রে সোনার তরণী দুটি তীরে এসেছে। মিলন দুখিবে বলে ফ্রিরে ুবার্ কৃত্হলে,

চারি ধারে ফ্**লগ**্রিল ঘিরে এসেছে। চাঁদ হাসো, হাসো—

সকলে। চাঁদ হাসো, হাসো— হারা হৃদর দুটি ফিরে এসেছে॥

প্রমদা। আর কেন, আর কেন
দলিত কুস্মে বহে বসস্তসমীরণ।
ফুরারে গিয়াছে বেলা— এখন এ মিছে খেলা—
নিশান্তে মলিন দীপ কেন জবলে অকারণ।

স্থীগণ। অস্ত্র যবে ফ্রায়েছে তখন ম্ছাতে এলে অস্ত্রভরা হাসিভরা নবীন নয়ন ফেলে।

প্রমদা। এই লও, এই ধরো—এ মালা তোমরা পরো— এ খেলা তোমরা খেলো, সুখে থাকো অনুকণা। অমর। এ ভাঙা স্থের মাঝে নর্মকলে

এ মলিন মালা কে লইবে।

শ্লান আলো শ্লান আশা হদরতলে,

এ চির বিষাদ কে বহিবে।

স্থানিশি অবসান— গৈছে হাসি, গেছে গান—

এখন এ ভাঙা প্রাণ লইরা গলে

নীরব নিরাশা কে সহিবে॥

শাস্তা। যদি কেহ নাহি চার আমি লইব,

তোমার সকল দুখ আমি সহিব।

আমার হদর্মন সব দিব বিসর্জন,

তোমার হদর্ভার আমি বহিব।

ভল-ভাঙা দিবালোকে চাহিব তোমার চোখে—

# অমর ও শাস্তার প্রস্থান

প্রশান্ত সংখের কথা আমি কহিব॥

মারাকুমারীগণ। দুখের মিলন টুটিবার নয়। নাহি আর ভয়, নাহি সংশয়। नशनजीलाल य शांज कराउँ ला. রয় তাহা রয় চিরদিন রয়॥ क्न जीन ता. जालावार्मिन. जालावामा त्रीन ता। প্রমদা। কেন সংসারেতে উর্ণিক মেরে চলে গোল নে। সখীগণ। সংসার কঠিন বড়ো —কারেও সে ডাকে না, কারেও সে ধরে রাখে না। যে থাকে সে থাকে আর যে যায় সে বায়---কারো তরে ফিরেও না চায়। হায় হায়, এ সংসারে যদি না প্রিল প্রমদা। আজ্নের প্রাণের বাসনা চলে या ७ म्लानम् (४, भीत्र भीत्र फिर्त या ७--থেকে যেতে কেহ বলিবে না। তোমার বাথা তোমার অল্ল ভূমি নিয়ে যাবে--আর তো কেহ অশ্র ফেলিবে না॥

#### গ্রন্থান

# মারাকুমারীগণ

সকলে। এরা স্থের লাগি চাহে প্রেম, প্রেম মেলে না। প্রথমা। শৃধ্ব সৃথ চলে যায়। ছিতীয়া। এমনি মায়ার ছলনা। তৃতীয়া। এরা ভূলে যায়, কারে ছেড়ে কারে চায়। সকলে। তাই কে'দে কাটে নিশি, তাই দহে প্রাণ, তাই মান অভিমান।

প্রথমা। তাই এত হায়-হায়।

দিতীয়া। প্রেমে সূত্র দূত্র ভূলে তবে সূত্র পায়।


সকলে। সথী, চলো, গেল নিশি, স্বপন ফ্রালো, মিছে আর কেন বলো।

প্রথমা। শশী ঘুমের কৃহক নিয়ে গেল অস্তাচল।

नकरन। नथी, हरना।

প্রথমা। প্রেমের কাহিনী গান হয়ে গেল অবসান। দ্বিতীয়া। এখন কেহ হাসে, কেহ বসে ফেলে অশ্রহুলনা।





# চিত্রাঙ্গদা

# ভূমিকা

প্রভাতের আদিম আভাস অর্ণবর্ণ আভার আবরণে। অর্থসম্প্র চক্ষ্র 'পরে লাগে তারই প্রথম প্রেরণা। অবশেষে রস্তিম আবরণ ভেদ করে সে আপন নিরঞ্জন শ্ব্রতার সমুক্তবল হয় জাগ্রত জগতে।

তেমনি সত্যের প্রথম উপক্রম সাজ্ঞসক্তার বহিরক্তে,
বর্ণবৈচিত্রো—
তারই আকর্ষণ অসংস্কৃত চিত্তকে করে অভিভূত।
একদা উন্মন্তে হয় সেই বহিরাচ্ছাদন,
তখনই প্রবৃদ্ধ মনের কাছে তার পূর্ণ বিকাশ।

এই তত্ত্বি চিত্রাঙ্গদা নাট্যের মর্মকথা।
এই নাট্যকাহিনীতে আছে—
প্রথমে প্রেমের বন্ধন মোহাবেশে,
পরে তার মর্নিস্ত সেই কুহক হতে
সহজ সত্যের নিরলংকৃত মহিমায়॥

মণিপ্ররাজের ভক্তিতে তুশ্ট হয়ে শিব বর দিয়েছিলেন যে তাঁর বংশে কেবল প্রই জন্মাবে। তংসত্ত্বেও যথন রাজকুলে চিত্রাঙ্গদার জন্ম হল তথন রাজা তাঁকে প্রর্পে পালন করলেন। রাজকন্যা অভ্যাস করলেন ধন্বিদ্যা; শিক্ষা করলেন যুক্ষবিদ্যা, রাজদশ্দনীতি। অর্জন দাদশবর্ষব্যাপী রক্ষচর্যবিত গ্রহণ করে শ্রমণ করতে করতে এসেছেন মণিপুরে। তথন এই নাটকের আখ্যান আরম্ভ।

মোহিনী মায়া এল, এল যৌবনকুঞ্জবনে। এল হদর্মশকারে, এল গোপন পদসঞ্চারে, এল স্বণ্যিরণবিজ্ঞাড়ত অন্ধকারে।

পাতিল ইন্দ্রজালের ফাঁসি, হাওয়ায় হাওয়ায় ছায়ায় বাজায় বাঁশি। করে বীরের বীর্ষপিরীক্ষা, হানে সাধ্র সাধনদীক্ষা, সর্বনাশের বেড়াজাল বেডিল চারি ধারে।

> এসো স্বাদর নিরলংকার, এসো সত্য নিরহংকার— স্বপ্পের দ্বর্গ হানো, আনো, আনো ম্বক্তি আনো— ছলনার বন্ধন ছেদি এসো পৌরুষ-উদ্ধারে॥

5

# প্রথম দ্শ্যে চিত্রাঙ্গদার শিকার-আয়োজন

গ্র্ গ্র্ গ্র্ গ্র্ গ্রে থন মেঘ গরজে পর্ব তিশিখরে,
অরণ্যে তমশ্ছায়া।
মুখর নিঝরিকলকস্প্রোলে
ব্যাধের চরণধর্নি শর্নিতে না পায় ভীর্
হ্রিণদম্পতি।
চিত্রব্যান্ত্র পদন্ধচিহ্নরেখাশ্রেণী
রেখে গেছে ঐ পথপশ্ক-'পরে,
দিয়ে গেছে পদ্দ পদ্দ গ্রুয়ে সন্ধান্য

# বনপথে অজ্ব নিদ্রিত

শিকারের বাধা মনে করে চিহাঙ্গদার স্থী তাঁকে তাড়না করলে

অর্জুন। অহাে, কী দ্বঃসহ স্পর্ধা !
অর্জুনে বে করে অগ্রন্ধা
সে কােনখানে পাবে তার আগ্রয় !
চিত্রাঙ্গদা। অর্জুন ! তুমি অর্জুন !

# বালকবেশীদের দেখে সকৌতুক অবজ্ঞার

অর্জুন। হাহাহাহা হাহাহাহা, বালকের দল, মা'র কোলে বাও চলে, নাই ভয়। অহো, কী অস্কৃত কোতৃক!

#### প্রস্থান

চিত্রাঙ্গদা। অর্জন্ তুমি অর্জন।
ফিরে এসো, ফিরে এসো,
ক্ষমা দিয়ে কোরো না অসম্মান,
যুদ্ধে করো আহনন।
বীর-হাতে মৃত্যুর গৌরব
করি যেন অনুভব—
অর্জুন! তুমি অর্জুন॥

হা হতভাগিনী, একি অভার্থনা মহতের, এল দেবতা তোর জগতের, গেল চলি, গেল তোরে গেল ছলি— অজুনি! তুমি অজুনি॥

সখীগণ। বেলা ষায় বহিয়া, দাও কহিয়া
কোন্ বনে যাব শিকারে।
কাজল মেঘে সজল বায়ে
হারণ ছুটে বেণ্বনচ্ছায়ে॥
চিত্রাঙ্গদা। থাক্ থাক্, মিছে কেন এই খেলা আর।
জীবনে হল বিতঞ্চা, আপনার 'পরে ধিকার।

#### আন্ধ-উন্দীপনার গান

ওরে ঝড় নেমে আর, আর আয় রে আমার

শ্কনো পাতার ডালে

এই বরষার নবশ্যামের আগমনের কালে।

যা উদাসীন, যা প্রাণহীন, যা আনন্দহারা,
চরম রাতের অশুধারার আজ হয়ে যাক সারা—

যাবার যাহা যাক সে চলে রুদ্র নাচের তালে।

আসন আমার পাততে হবে রিক্ত প্রাণের ঘরে,
নবীন বসন পরতে হবে সিক্ত ব্কের 'পরে।
নদীর জলে বান ডেকেছে, ক্ল গেল তার ভেসেয্থীবনের গন্ধবাণী ছুটল নিরুদ্দেশে—
পরান আমার জাগল বুঝি মরণ-অন্তরালে॥

সখী, কী দেখা দেখিলে তুমি! সখী। এক পলকের আঘাতেই র্খাসল কি আপন প্রোনো পরিচয়। রবিকরপাতে কোরকের আবরণ টুটি মাধবী কি প্রথম চিনিল আপনারে॥ ठिठाऋणा । ব'ধ্, কোন্ আলো লাগল চোখে! वृति मीश्रितृत्य ছिल স্व लाक ! ছিল মন ভোমারি প্রতীক্ষা করি যুগে যুগে দিন রাত্রি ধরি, ছিল মর্মবেদনাঘন অন্ধকারে---জন্ম-জনম গেল বিরহপোকে। অস্ফুটমঞ্জরী কুঞ্জবনে সঙ্গীতশ্ন্য বিষয় মনে সঙ্গীরক্ত চিরদ্বঃখরাতি পোহাব কি নিজনে শয়ন পাতি!

স্কর হে, স্কর হে, বরমাল্যখানি তব আনো বহে, তুমি আনো বহে। অবগ্যুঠনছারা ব্যুচায়ে দিয়ে হেরো লাজ্জত স্মিত মুখ শৃভ আলোকে॥

প্রস্থান

বন্য অন্চরদের সঙ্গে অর্জনের প্রবেশ ও নৃত্য

\$

সখীদের গান

যাও, যাও যদি যাও তবে— তোমায় ফিরিতে হবে— হবে হবে।

বার্থ চোখের জলে
আমি লন্টাব না ধ্লিতলে, লন্টাব না।
বাতি নিবায়ে বাব না, বাব না, বাব না
জীবনের উৎসবে।
মোর সাধনা ভীর্ম নহে,
শক্তি আমার হবে মন্ত বার বদি রুদ্ধ রহে।
বিমাখ মন্হাতেরে করি না ভয়—
হবে জয়, হবে জয়, হবে জয়,
দিনে দিনে হদয়ের গ্রান্থ তব
খ্লিব প্রেমের গ্রোরবে॥

স্থীসহ ল্লানে আগমন

চিত্রাঙ্গদা। ক্ষণে ক্ষণে মনে মনে শর্মন অতল জলের আহ্মন।
মন রয় না, রয় না ঘরে,
মন রয় না—
চণ্ডল প্রাণ।
ভাসায়ে দিব আপনারে ভরা জোক্কারে,
সকল-ভাবনা-ভূবানো ধারায় করিব লান।
ব্যর্থ বাসনার দাহ হবে নির্বাণ।
তেউ দিরেছে জলে।
তেউ দিল, তেউ দিল আমার মর্ম তলে। সখীগণ।

একি ব্যাকুলতা আন্ধি আকাশে, এই বাতাসে যেন উতলা অপ্সরীর উত্তরীয় করে রোমাণ্ড দান— দ্রে সিন্ধতীরে কার মঞ্জীরে গ্রেপ্তরতান॥

#### সখীদের প্রতি

দে তোরা আমার ন্তন করে দে ন্তন আভরণে।

হেমন্তের অভিসম্পাতে রিক্ত অকিঞ্চন কাননভূমি—

বসন্তে হোক দৈন্যবিমোচন নবলাবণ্যধনে।

শ্ন্য শাখা লজ্জা ভূলে যাক পল্লব-আবরণে।

বাজ্বক প্রেমের মারামন্তের

প্লকিত প্রাণের বীণায়ন্তের

চিরস্কুনরের অভিবন্দনা।

আনন্দেওণ নৃত্য অঙ্গে অঙ্গে বহে যাক

হিল্লোলে হিল্লোলে.

সকলের প্রস্থান

যোবন পাক সম্মান বাঞ্চিতসম্মিলনে॥

অর্জ নের প্রবেশ ও ধ্যানে উপবেশন তাঁকে প্রদক্ষিণ করে চিত্রকদার নৃত্য

চিত্রাঙ্গদা। আমি তোমারে করিব নিবেদন আমার হদর প্রাণ মন॥ অজ্নি। ক্ষমা করো আমায়— আমায়— বরণযোগ্য নহি বরাঙ্গনে— ব্রন্ধারী রতধারী॥

#### প্রস্থান

চিত্রাঙ্গদা। হায় হায়, নারীরে করেছি ব্যর্থ দীর্ঘকাল জীবনে আমার ধিক্ ধন্ঃশর! ধিক্ বাহন্বল! মৃহ্তেরি অশ্রুবন্যাবেগে ভাসায়ে দিল যে মোর পৌর্বসাধনা। অকৃতার্থ যৌবনের দীর্ঘশাসে বসস্তেরে করিল ব্যাকৃষা॥ রোদন-ভরা এ বসন্ত, স্থী, কখনো আসে নি বৃঝি আগে। মোর বিরহবেদনা রাঙালো কিংশ্বকরিক্তমরাগে।

স্থীগণ। তোমার বৈশাখে ছিল প্রথর রোদ্রের জ্বালা, কথন্ বাদল আনে আষাঢ়ের পালা।

হায় হায় হায়!

চিত্রাঙ্গদা। কুঞ্জখারে বনমন্ত্রিকা সেজেছে পরিক্সা নব পত্তালিকা, সারা দিন-রজনী অনিমিখা কার পথ চেয়ে জাগে।

স্থীগণ। কঠিন পাষাণে কেমনে গোপনে ছিল, সহসা ঝরনা নামিল অশ্রুঢ়ালা। হায় হায় হায়!

চিত্রাঙ্গদা। দক্ষিণসমীরে দ্র গগনে

একেলা বিরহী গাহে বুঝি গো।

কুঞ্জবনে মোর মুকুল যত

আবরণবন্ধন ছিণ্ডিতে চাহে।

স্থীগণ। মৃগ্য়া করিতে বাহির হল যে বনে মৃগী হয়ে শেষে এল কি অবলা বালা। হায় হায় হায়!

চিত্রাঙ্গদা। আমি এ প্রাণের রুদ্ধ দ্বারে ব্যাকুল কর হানি বারে বারে, দেওয়া হল না যে আপনারে

এই বাধা মনে লাগে॥

স্থীগণ। যে ছিল আপন শব্দির অভিমানে কার পারে আনে হার মানিবার ভালা।

হায় হায় হায় ৷৷

একজন সখী। ব্রহ্মচর্য !—পূর্বের স্পর্ধা এ বে!
নাবীর এ পরাভবে

লক্ষা পাবে বিশ্বের রমণী।
পঞ্চার, তোমারি এ পরাজয়।

জাগো হে অতন্. সখীরে বিজয়দ্তী করো তব, নিরস্ত নারীর অস্ত দাও তারে— দাও তারে অবলার বসা।

भगनतक विवासमात श्कानित्वमन

চিত্রাঙ্গদা। আমার এই রিক্ত ডালি দিব তোমারি পারে।

দিব কাঙালিনীর আঁচল তোমার পথে পথে. পথে বিছায়ে। যে প্ৰেপ গাঁথ প্ৰপ্ৰান্ তারি ফালে ফালে হে অতনা, তারি ফালে আমার প্জা-নিবেদনের দৈন্য **पिरता पिरता पिरता घुठारत।** তোমার রণজয়ের অভিযানে তুমি আমায় নিয়ো, ফুলবাণের টিকা আমার ভালে একৈ দিয়ো দিয়ো-রণজয়ের অভিযানে। আমার শ্নাতা দাও যদি সুধায় ভরি দিব তোমার জরধরনি ঘোষণ করি-- জয়ধর্নন--ফাল্গ্রনের আহ্বান জাগাও আমার কায়ে দক্ষিণবায়ে॥

#### মদনের প্রবেশ

মণিপ্রন্পদ্বহিতা মদন ৷ তোমারে চিনি তাপসিনী! মোর প্জার তব ছিল না মন, তবে কেন অকারণ তুমি মোর দারে এলে তর্ণী, কহো কহে। শানি তাপসিনী॥ পুরুষের বিদ্যা করেছিন, শিক্ষা, চিগ্রাঙ্গদা। লভি নাই মনোহরণের দীক্ষা--কুস্মধন্, অপমানে লাঞ্চিত তর্গ তন্। অজ্ন ব্লচারী মোর মুখে হেরিল না নারী, **कितारेम, राम किरत।** দরা করো অভাগীরে--শাুখা এক বরষের জান্যে প্ৰপলাবণ্যে মোর দেহ পাক্তব স্বর্গের মূল্য মত্যে অতুল্য।। তাই আমি দিন, বর, মদন।

কটাক্ষে রবে তব পঞ্চম শর.

মম পঞ্চম শর—

দিবে মন মোহি,
নারীবিদ্রোহী সম্ম্যাসীরে
পাবে অচিরে—

বন্দী করিবে ভূজপাশে

বিদ্রুপহাসে।

মণিপরেরাজকন্যা
কান্ডহদর্যবিজয়ে হবে ধন্যা॥

0

ন্তনর্পপ্রাপ্ত চিতাঙ্গা

हिठाक्रमा ।

এ কী দেখি!

এ কে এল মোর দেহে
প্র'-ইতিহাসহারা

আমি কোন্ গত জনমের স্বপ্প!

বিশ্বের অপরিচিত আমি!

আমি নহি রাজকন্যা চিত্রাঙ্গদা—

আমি শৃথু এক রাত্রে ফোটা

অরণ্যের পিত্মাত্হীন ফ্ল—

এক প্রভাতের শৃথু পর্মার্,

তার পরে ধর্ণীর চির-অবহেলা॥

## সরোবরতীরে

আমার অঙ্গে অঙ্গে কে বাজার, বাজার বাঁলি।
আনন্দে বিষাদে মন উদাসী।
প্রপবিকাশের সূরে দেহ মন উঠে প্রে,
কী মাধ্রীসূগন্ধ বাতাসে ধার তাসি।
সহসা মনে জাগে আশা,
মোর আহুতি পেরেছে অগ্নির ভাষা।
আজ মম রূপে বেশে লিপি লিখি কার উদ্দেশে,
এল মর্মের বন্দিনী বাণী বন্ধন নাশি॥

মীনকেত.

কোন্ মহারাক্ষসীরে দিয়েছ বাধিয়া অঙ্গসহচরী করি। এ মারালাবণ্য মোর কী অভিসম্পাত! ক্ষণিক বৌবনবন্যা রম্ভস্রোতে তর্মক্রয়া উদ্মাদ করেছে মোরে॥ ন্তন কান্তির উত্তেজনার নৃত্য

স্বপ্নমদির নেশায় মেশা এ উন্মন্ততা জাগায় দেহে মনে এ কী বিপ্লে বাথা। বহে মম শিরে শিরে এ কী দাহ, কী প্রবাহ– চকিতে সর্বদেহে ছুটে তড়িংলতা। ঝড়ের প্রনগজে হারাই আপনায় দুরস্ত যৌবনক্ষ্ম অশাস্ত বন্যায়। তরঙ্গ উঠে প্রাণে দিগন্তে কাহার পানে. ইঙ্গিতের ভাষায় কাঁদে—নাহি নাহি কথা॥

এরে ক্ষমা কোরো সথা—
এ যে এল তব আঁখি ভূলাতে,
শুধ্ব ক্ষণকালতরে মোহ-দোলায় দ্বলাতে,
আঁখি ভূলাতে।
মায়াপুরী হতে এল নাবি—

মায়াপ্রী হতে এল নাবি— নিয়ে এল স্বপ্লের চাবি, তব কঠিন হৃদয়দ্বার খ্লাতে, অাখি ভূলাতে॥

প্রস্থান

অর্জ্বনের প্রবেশ

অজ্ন। কাহারে হেরিলাম! আহা!

সে কি সত্য, সে কি মায়া!

সে কি কায়া,
সে কি স্বৃধ্ কিরণে-রঞ্জিত ছায়া!

চিত্রাঙ্গদার প্রবেশ

এসো এসো যে হও সে হও,
বলো বলো তুমি স্বপন নও, নও স্বপন নও।
অনিন্দ্যস্থার দেহলতা
বহে সকল আকাজ্ফার প্রতা॥
চিত্রাঙ্গদা। তুমি অতিথি, অতিথি আমার।
বলো কোন্ নামে করি সংকার॥
অজনে। পাশ্ডব আমি অজনে গাশ্ডীবধানা নৃপতিকন্যা!
লহো মোর খ্যাতি,

লহো মোর কীর্তি, লহো পৌরুষগর্ব। লহো আমার সর্ব॥ চিত্রাঙ্গদা। কোন্ছলনা এ যে নিয়েছে আকার, এর কাছে মানিবে কি হার। ধিকু ধিকু ধিকু য

বীর তুমি বিশ্বজয়ী,

নারী এ যে মায়াময়ী—

পিঞ্জর রচিবে কি এ মরীচিকার। ধিকু ধিকু ধিকু ।

नक्सा, नक्सा, शास अंक नक्सा,

মিথ্যা রূপ মোর, মিথ্যা সক্লা।

এ যে মিছে স্বপ্নের স্বর্গ,

এ যে শুধ্ ক্ষণিকের অর্ঘ্য,

**এই কি তোমার উপহা**র।

विक् विक् विक् ध

অজ্ন। হে স্ন্দরী, উন্মথিত যৌবন আমার সম্যাসীর রতবন্ধ দিল ছিল করি।

পোর,ষের সে অধৈর্য

তাহারে গোরৰ মানি আমি—

আমি তো আচারভীর, নারী নহি

ু শাস্ত্রবাক্যে-বাঁধা ।

এসো স্থী, দ্বঃসাহসী প্রেম

বহন কর্ক আমাদের

অজ্ঞানার পথে ॥

চিত্ৰাঙ্গদা। তবে তাই হোক।

কিন্তু মনে রেখো,

কিংশ্বকদলের প্রান্তে এই-যে দর্বলিছে

একট্ শিশির- তুমি বারে করিছ কামনা

সে এমনি শিশিরের কুণা

**নিমিবের সোহাগি**নী॥

কোন্দেবতা সে কী পরিহাসে ভাসালো মায়ার ভেলায়। স্বপ্রের সাথি, এসো মোরা মাতি স্বর্গের কোতুকখেলায়। স্বরের প্রবাহে হাসির তরঙ্গে

বাতাসে বাতাসে ভেসে যাব রঙ্গে নৃত্যবিভঙ্গে, মাধবীবনের মধ্যক্ষে মোদিত মোহিত মন্থর বেলার ৷

বে ফ্লমালা দ্লায়েছ আজি রোমাণিত বঞ্চলে, মধ্রজনীতে রেখো সর্রসিয়া মোহের মদির জলে।

নবোদিত স্থেরি করসম্পাতে বিকল হবে হায় লম্জা-আঘাতে,

দিন গৃত হলে ন্তন প্রভাতে

মিলাবে ধূলার তলে কার অবহেলায়॥

অন্ধ্ৰ।

আজ মোরে

সপ্তলোক স্বপ্ন মনে হয়।
শৃধ্ব একা প্রণ তুমি,

় সৰ্ব তুমি, ী

বিশ্ববিধাতার গর্ব তুমি,

অক্ষয় ঐশ্বর্য তুমি,

এক নারী- সকল দৈনোর তুমি মহা অবসান-

সব সাধনার তুমি শেষ পরিণাম॥

চিত্রাঙ্গদা। সে আমি ধে আমি নই, আমি নই— হায় পার্থ, হায়,

্থার পাথে, থার, ভাষে কোনে ফেকের চলনা

সে বে কোন্ দেবের ছলনা। যাও যাও ফিরে যাও, ফিরে যাও বীর।

শোর্য বীর্য মহত্ত তোমার

দিয়ো না মিথ্যার পারে— যাও যাও ফিরে বাও॥

প্রস্থান

অন্ধ্রন।

এ কী তৃষ্ণা, এ কী দাহ!

এ যে অগ্নিলতা পাকে পাকে ঘেরিয়াছে তৃষ্ণার্ত কম্পিত প্রাণ।

উত্তপ্ত হৃদয়

ছ্বিটয়া আসিতে চাহে সর্বাঙ্গ ট্রিটয়া॥

অশান্তি আজ হানল একি দহনজনালা!
বি'ধল হৃদয় নিদয় বাণে বেদন-ঢালা।
বক্ষে জনালায় অগ্নিশিখা,
চক্ষে কাঁপায় মরীচিকা,
মরণ-সন্তোয় গাঁথল কৈ মোর বরণমালা।
চেনা ভূবন হারিয়ে গেল স্বপন-ছায়াতে,
ফাগন্ন-দিনের পলাশ-রঙের রঙিন মায়াতে।
যাগ্রা আমার নির্দেশা,
পথ-হারানোর লাগল নেশা,
অচিন দেশে এবার আমার ধাবার পালা॥

8

#### भवन ७ हिहाक्रमा

চিত্রাঙ্গদা। ভদ্মে ঢাকে ক্লান্ত হৃত্যশন—

এ খেলা খেলাবে, হে ভগবন্, আর কতখন।
এ খেলা খেলাবে আর কতখন।
শেষ যাহা হবেই হবে, তারে
সহজে হতে দাও শেষ।
স্কর যাক রেখে স্বপ্লের রেশ।
জীর্ণ কোরো না, কোরো না যা ছিল ন্তন॥
মদন। না না না সখী, ভয় নেই সখী, ভয় নেইফ্ল যবে সাঙ্গ করে খেলা
ফল ধরে সেই।
হর্ষ-অচেতন বর্ষ
রেখে যাক মন্ত্রস্পর্শন॥

#### প্রস্থান

## অজান ও চিত্রাক্সদা

কেটেছে একেলা বিরহের বেলা আকাশকুস্মচয়নে।
সব পথ এসে মিলে গেল শেষে তোমার দ্খানি নয়নে—
নয়নে, নয়নে।
দেখিতে দেখিতে নতন আলোকে
কে দিল রচিয়া ধ্যানের প্লকে
ন্তন ভ্বন ন্তন দ্লোকে মোদের মিলিত নয়নে—
নয়নে, নয়নে।
বাহির-আকাশে মেঘ ঘিরে আসে, এল সব তারা ঢাকিতে।
হারানো সে আলো আসন বিছালো শ্ধ্ব দ্লেনের আখিতে—
অথিতে, আখিতে।
ভাষাহারা মম বিজন রোদনা
প্রকাশের লাগি করেছে সাধনা,
চিরজীবনের বাণীর বেদনা মিটিল দেখির নয়নে—
নয়নে, নয়নে।

#### প্রস্থান

## অর্জ্বনের প্রবেশ

অর্জুন। কেন রে ক্লান্তি আসে আবেশভার বহিয়া.
দেহ মন প্রাণ দিবার্নিশ জীর্ণ অবসাদে কেন রে।
ছিল্ল করো এর্থনি বীষ্বিলোপী এ কুর্হেলিকা।
এই কর্মহারা কারাগারে রয়েছ কোন্ প্রমাদে।
কেন রে॥

## গ্রামবাসিগণের প্রবেশ

গ্রামবাসিগণ। হো. এল এল এল রে দস্কার দল.

গজিরা নামে ষেন বন্যার জল - এল এল। চলু তোরা পঞ্চামী,

চল্তোরা কলিসধামী,

मल्लभा श्राह्म हन्।

'জয় চিত্রাঙ্গদা' বল্, বল্ বল্ ভাই রে -ভয় নাই ভয় নাই, ভয় নাই, নাই রে ।

অর্জন। জনপদবাসী, শোনো শোনো,

রক্ষক তোমাদের নাই কোনো?

গ্রামবাসিগণ। তীর্থে গেছেন কোথা তিনি গোপনব্রত্থারিণী

চিত্রাঙ্গদা তিনি রাজকুমারী।

অজ্ন। নারী! তিনি নারী!

গ্রামবাসিগণ। স্নেহবলে তিনি মাতা, বাহ্বলে তিনি রাজা।

তাঁর নামে ভেরী বাজা,

'জয় জয় জয়' বলো ভাই রে ভয় নাই, ভয় নাই, ভয় নাই, নাই রে॥

সন্তাসের বিহর্ণতা নিজেরে অপমান। সংকটের কল্পনাতে হোরো না দ্বিশ্বমাণ— আ! আহা! মুক্ত করো ভয়,

আপনা-মাঝে শক্তি ধরো, নিজেরে করো জয়— আ! আহা! দুর্বলেরে রক্ষা করো, দুর্জনেরে হানো,

নিজেরে দীন নিঃসহায় যেন কভূ না জানো।

মৃকু করে৷ ভয়,

নিজের 'পরে করিতে ভর না রেখো সংশয়— আ! আহা! ধর্ম ধরে শৃৎথরতে করিবে আহ্বান

নীরব হয়ে নম্ম হয়ে পণ করিয়ো প্রাণ।

মৃক্ত করো ভয়,

দ্রত্ কাজে নিজেরই দিয়ো কঠিন পরিচয়— আ! আহা।।

#### চিত্রাঙ্গদার প্রবেশ

চিত্রাঙ্গদা। কী ভাবিছ নাথ, কী ভাবিছ ॥

অজনে। চিত্রাঙ্গদা রাজক্মারী

কেমন না জানি আমি তাই ভাবি মনে মনে। भूति खट स्मनादी. मानि वीर्ष स्म भारत्य, শানি সিংহাসনা যেন সে সিংহবাহিনী।

জান যদি বলো প্রিয়ে, বলো তার কথা।।

ছি ছি. কুংসিত কুরুপ সে। হেন বাঞ্জম ভুরুষুগ নাহি তার,

হেন উৰ্জ্বলকৰ্জন আখিতারা।

সন্ধিতে পারে লক্ষ্য কিণাঞ্চিত তার বাহ বিধিতে পারে না বীরবক্ষ কুটিল কটাক্ষ শরে। নাহি লম্জা, নাহি শধ্কা, নাহি নিষ্ঠারসান্দর রঙ্গ, নাহি নীরব ভঙ্গার সঙ্গাতলীলা ইঙ্গিতছন্দোমধ্র ।

আগ্রহ মোর অধীর অতি--অজ্ঞৰ। কোথা সে রুমণী বীর্যবতী।

> কোষবিমাক্ত কুপাণলতা— माज्ञ स्म, ज्ञाम्ब स्म

উদ্যত বক্সের রুদরসে---

নহে সে ভোগীর লোচনলোভা.

ক্রিয়বাহরে ভীষণ শোভা॥

নারীর লালিত লোভন লালায় এখনি কেন এ ক্রান্তি। সখীগণ।

এখনি কি. সখা. খেলা হল অবসান। যে মধ্যর রসে ছিলে বিহত্তল

সে কি মধ্মাখা ভ্ৰান্তি,

সে কি স্বপ্রের দান

সে কি সভোৱ অপমান।

দ্র দুরাশায় হৃদয় ভরিছ

কঠিন প্রেমের প্রতিমা গড়িছ,

কী মনে ভাবিয়া নারীতে করিছ পৌর বসন্ধান।

এও কি মায়ার দান।

সহসা মন্ত্রবলে

নমনীয় এই কমনীয়তারে

যদি আমাদের সখী একেবারে

পরের বসন -সমান ছিম্ম করি ফেলে ধ্লিতলে.

সবে না সবে না সে নৈরাশ্য— ভাগ্যের সেই অট্যাস্য

জানি জানি, সখা, ক্ষান্ধ করিবে লান্ধ পার্যখ্পাণ, হানিবে নিঠার বাণ ॥

অন্ধ্রন। যদি মিলে দেখা তবে তারি সাথে ছুটে যাব আমি আর্তগ্রাণে। ভোগের আবেশ হতে

ঝাঁপ দিব যুদ্ধস্লোতে। আজি মোর চণ্ডল রক্তের মাঝে

ঝন নন ঝন নন ঝঞ্জনা বাজে -- বাজে বাজে। চিত্রাঙ্গদা রাজকুমারী

একাধারে মিলিত প্রেব নারী॥

চিত্রাঙ্গদা। ভাগ্যবতী সে ষে,

এত দিনে তার আহ্বান এল তব বীরের প্রাণে। আজ অমাবস্যার রাতি হোক অবসান। কাল শৃভ শৃভ্র প্রাতে দর্শন মিলিবে তার, মিথাায় আবৃত নারী ঘুচাবে মায়া-অবগৃংঠন॥

## অন্ধ্রানর প্রতি

সধী। রমণীর মন-ভোলাবার ছলাকলা
দ্র করে দিয়ে উঠিয়া দাঁড়াক নারী
সরল উন্নত বীর্ষবন্ত অন্তরের বলে
পর্বতের তেজস্বী তর্ণ তর্-সম
্
ব্যন সে সম্মান পায় প্রে্ষের।

রজনীর নম সহচরী

থেন হয় প্রেথের কর্ম সহচরী,

থেন বামহস্তসম দক্ষিণহন্তের থাকে সহকারী।
তাহে যেন প্রেথের তপ্তি হয় বীরোত্তম॥

ń

চিত্রাঙ্গদা ও মদন

চিত্রাঙ্গদা। লহো লহো ফিরে লহো
তোমার এই বর
হে অনঙ্গদেব!
মুক্তি দেহো মোরে, ঘুচায়ে দাও
এই মিখ্যার জাল
হে অনঙ্গদেব!
চুরির ধন আমার দিব ফিরায়ে
তোমার পারে
আমার অঞ্চশোভা

অধররক্ত-রাভিমা যাক মিলারে
অশোকবনে হে অনঙ্গদেব!

যাক যাক থাক এ ছলনা,

যাক এ স্বপন হে অনঙ্গদেব॥
তাই হোক তবে তাই হোক,
কেটে যাক রভিন কুয়াশা—

দেখা দিক শৃত্র আলোক।

মায়া ছেড়ে দিক পথ,
প্রেমের আস্ক জয়রথ,
র্পের অতীত র্প

দেখে যেন প্রেমিকের চোখ—

দৃষ্টি হতে খসে যাক, খসে যাক মোহনির্মোক

যাক খসে যাক, খসে যাক মোহনির্মোক।

যদন।

#### প্রস্থান

বিনা সাজে সাজি দেখা দিবে তুমি কবে—
আভরণে আজি আবরণ কেন রবে।
ভালোবাসা যদি মেশে মারামর মোহে
আলোতে আঁধারে দোঁহারে হারাব দোঁহে।
ধেরে আসে হিয়া তোমার সহজ রবে—
আভরণ দিয়া আবরণ কেন তবে।
ভাবের রসেতে বাহার নরন ডোবা
ভূষণে তাহারে দেখাও কিসের শোভা।
কাছে এসে তব্যু কেন রয়ে গেলে দ্রে—
বাহির-বাধনে বাধিবে কি বন্ধুরে।
নিজের ধনে কি নিজে চুরি করে লবে—
আভরণে আজি আবরণ কেন তবে॥

è

চিত্রাঙ্গদার সহচর-সহচরীগণ অর্জানের প্রতি

এসো এসো প্রাযোত্তম, এসো এসো বীর মম!
তোমার পথ চেয়ে আছে প্রদীপ জনালা
আজি পরিবে বীরাঙ্গনার হাতে দৃগু ললাটে, সখা,
বীরের বরণমালা।
ছিল্ল করে দিবে সে তার শক্তির অভিমান,
তোমার চরণে করিবে দান আত্মনিবেদনের ভালা
চরণে করিবে দান।

আজ পরাবে বীরাঙ্গনা তোমার দৃশ্ত ললাটে সখা, বীরের বরণমালা ॥

সখী।

হে কোন্ডেয়,

ভালো লৈগেছিল বলে
তব করযুগে সখী দির্মেছিল ভরি সোন্দর্যের ডালি
নন্দনকানন হতে প্রুম্প তুলে এনে বহু সাধনায়।
যদি সাঙ্গ হল প্রজা
তবে আজ্ঞা করো, প্রভূ,
নির্মাল্যের সাজি থাক্ পড়ে মন্দিরবাহিরে।
এইবার প্রসন্ম নম্মনে চাও সেবিকার পানে॥

#### চিত্রাক্সদার প্রবেশ

চিত্রাক্সদা। আমি চিত্রাক্সদা, আমি রাজেন্দ্রনন্দিনী।
নহি দেবী, নহি সামান্যা নারী।
প্জা করি মোরে রাখিবে উথের্ব সে নহি নহি,
হেলা করি মোরে রাখিবে পিছে সে নহি নহি।
যদি পার্শ্বে রাখ মোরে সম্কটে সম্পদে,
সম্মতি দাও যদি কঠিন রতে সহায় হতে
পাবে তবে তুমি চিনিতে মোরে।
আজ শৃধ্ব করি নিবেদন—
আমি চিত্রাক্সদা রাজেন্দ্রনন্দিনী॥
অজনে। ধন্য ধন্য ধন্য আমি॥

#### সমবেও নৃত্য

তৃষ্ণার শান্তি স্থানরকান্তি
তুমি এসো বিরহের সন্তাপভঞ্জন।
দোলা দাও বক্ষে, একে দাও চক্ষে
স্বপনের তুলি দিয়ে মাধ্রীর অঞ্জন।
এনে দাও চিত্তে রক্তের নৃত্যে
বকুলনিকুঞ্জের মধ্করগ্ল্পন—
উদ্বেল উতরোল
যম্নার কল্লোল,
কম্পিত বেল্বনে মলয়ের চুম্বন।
আনো নব প্লাবে নর্তান উল্লোল,
অশোকের শাখা ঘোর বল্লরবিদ্ধন।

এস এস বসন্ত ধরাতলে—

আন মুহু মুহু নব তান, আন নব প্রাণ,

নব গান.

আন গন্ধমদভারে অলস সমীরণ আন বিশ্বের অন্তরে অন্তরে নিবিড চেত্না। আন নব উল্লাসহিল্লোল.

আন আন আনন্দছন্দের হিন্দোলা

ধরাতলে।

এস এস।

ভাঙ ভাঙ বন্ধনশৃংখল,

আন আন উদ্দীপ্ত প্রাণের বেদনা

ধরাতলে। এস এস।

থবথবকম্পিত এস

মম্রমুখরিত

মধ্যসোরভপ্রলাকত

ফুল-আকুল মালতিবল্লিবিতানে

স খছায়ে মধ্বায়ে।

এস এস!

বিকশিত উন্মুখ, এস

এস চির-উৎস্কু

নন্দনপথচির্যাত্রী।

বাঁশরিমশ্রিত মিলনের রাতি. আন

পরিপূর্ণ সুধাপাত্র নিয়ে এস।

অরুণচরণ ক্মলবর্ন এস

তর্ণ উষার কোলে।

रक्जारकाविवन निमीरथ. এস

এস নীরব কুঞ্জাকুটীরে,

माध्यमाश्च महमीनीरह।

এস এস।

তডিংশিখাসম ঝঞ্চাবিভঙ্কে. এস

সিন্ধতরঙ্গদোলে।

এস জাগরমুখর প্রভাতে

এস নগরে প্রান্তরে বনে.

কমে বচনে মনে।

এস এস।

মঞ্জীরগাঞ্জর চরণে. এস

গীতম**ুখর কল**কপ্ঠে। এস

মঞ্জাল মল্লিকামাল্যে, এস

এস কোমল কি**শল**য়বসনে।

এস স্কুদর, যোবনবেগে।
এস দৃপ্ত বীর নব তেজে।
ওহে দুর্মাদ, কর জয়য়য়য়।
চল জরাপরাভব সমরেপবনে কেশররেণ্ ছড়ায়ে।
চপল কুস্তল উডায়ে।

এস এস॥

অর্জন। মা মিং কিল ছং বনাঃ শাখাং মধ্মতীমিম্। যথা স্থাপতঃ প্রপতন্ পক্ষো নিহস্তি ভূম্যাম্ এবা নিহন্মি তে মনঃ।

চিত্রাঙ্গদা। যথেমে দ্যাবা প্রথিবী সদঃ পর্যেতি স্থাঃ এবা পরেমি তে মনঃ।

উভয়ে। অক্ষো নো মধ্যসংকাশে অনীকং নো সমগুনম্। অন্তঃ কৃণ্ডুৰ মাং হুদি মন ইলো সহাসতি॥

# চণ্ডালিকা

## द्यथम म्रा

धकपन क्वल उग्नान हरनरह क्वन विकि क्वर ह

ফুলওয়ালির দল। নব বসস্তের দানের ডালি এনেছি তোদেরই দারে,
আয় আয় আয়
পরিবি গলার হারে।
লতার বাঁধন হারায়ে মাধবী মরিছে কে'দে
বেণীর বাঁধনে রাখিবি বে'ধে,
অলকদোলায় দ্লাবি তারে,
আয় আয় আয়।
বনমাধ্রী করিবি চুরি
আপন নবীন মাধ্রীতে—
সোহিনী রাগিণী জাগাবে সে তোদের
দেহের বীণার তারে তারে,

আয় আর আর॥

আমার মালার ফুলের দলে আছে লেখা বসন্তের মন্ত্রলিপ। এর মাধ্যম্বে আছে যৌবনের আমন্ত্রণ। সাহানা রাগিণী এর রাঙা রঙে রঞ্জিত. মধ্করের ক্ষ্যা অগ্রত ছব্দে গন্ধে তার গ্রপ্তরে। আন্গো ডালা, গাঁথ গো মালা, আন্মাধবী মালতী অশোকমঞ্জরী। আম তোরা আম, আম তোরা আম, আম তোরা আম : আন্করবী রঙ্গণ কাণ্ডন রজনীগন্ধা প্রফর্ল মলিকা। আয় তোরা আয়, আয় তোরা আয়, আয় তোরা আয়: মালা পর্গো মালা পর্সক্রী, ছরা কর্গো ছরা কর। আজি পূর্ণিমা রাতে জাগিছে চন্দ্রমা, বকুলকুঞ্জ দক্ষিণবাতাসে দুলিছে কাঁপিছে

দইওয়ালা।

থরথর মৃদ্ মমরি।
নৃত্যপরা বনাঙ্গনা বনাঙ্গনে সপ্তরে,
চপালত চরণ ঘেরি মঞ্জীর তার গ্রুজরে।
দিস নে মধ্রাতি ব্থা বহিয়ে উদাসিনী, হায় রে।
শ্রুলগন গেলে চলে ফিরে দেবে না ধরা—
স্বাপসরা
ধ্লায় দেবে শ্না করি, শ্রুকাবে বঞ্জলমঞ্জরী।
চন্দ্রকরে অভিষিক্ত নিশীথে ঝিল্লম্খর বনছায়ে
তন্দ্রাহারা পিকবিরহকাকলীক্জিত দক্ষিণবায়ে
মালপ্ত মোর ভরল ফ্লে ফ্লে ফ্লে ফ্লে গো,
কিংশ্কশাখা চণ্ডল হল দ্লে দ্লে দ্লে গো॥

প্রকৃতি ফুল চাইতেই তাকে ঘূলা করে চলে গেল

#### দইওরালার প্রবেশ

দই চাই গো, দই চাই, দই চাই গো?

শ্যামলী আমার গাই
তুলনা তাহার নাই।
কৎকণানদীর ধারে
ভোরবেলা নিয়ে যাই তারে—
দ্র্বাদলঘন মাঠে, নদীর ধারে ধারে ধারে, তারে
সারা বেলা চরাই, চরাই গো।
দেহখানি তার চিক্কণ কালো
যত দেখি তত লাগে ভালো!
কাছে বসে যাই বকে, উত্তর দেয় সে চোখে,
পিঠে মোর রাখে মাথা—
গারে তার হাত ব্লাই, হাত ব্লাই গো॥

চন্ডালকন্যা প্রকৃতি দই কিনতে চাইল একজন মেয়ে সাবধান করে দিল

মেয়ে। ওকে ছ'ঝো না, ছ'ঝো না, ছি, ও ষে চ'ডালিনীর বি— নণ্ট হবে যে দই সে কথা জানো না কি॥

দইওয়ালার প্রস্থান

চুড়িওয়ালার প্রবেশ

চুড়িওয়ালা। ওগো, তোমরা যত পাড়ার মেরে

এসো এসো, দেখো চেরে

এনেছি কাঁকনজোড়া সোনালি তারে মোড়া।

আমার কথা শোনো, হাতে লহো প'রে—

যারে রাখিতে চাহ ধরে কাঁকন তোমার বেড়ি হয়ে

বাঁধিবে মন তাহার— আমি দিলাম কয়ে॥

প্ৰকৃতি চুড়ি নিতে হাত ৰাড়াতেই

মেরেরা। ওকে ছারোনা, ছারোনা, ছি, ও বে চণ্ডালনীর ঝি।

চুড়িওরালা প্রভৃতির প্রস্থান

প্রকৃতি। যে আমারে পাঠালো এই অপমানের অন্ধলারে
প্রিব না, প্রিব না, প্রিব না দেই
দেবতারে, প্রিব না।
কেন দেব ফ্ল, কেন দেব ফ্ল,
কেন দেব ফ্ল আমি তারে—
যে আমারে চিরজীবন রেখে দিল এই ধিক্কারে।
জানি না হায় রে কী দ্রাশায় রে
প্রাদীপ জন্বাল মন্দিরভারে।
আলো তার নিল হরিয়া দেবতা ছলনা করিয়া.
অধ্বাবে রাখিল আমারে॥

পথ বেল্লে বৌদ্ধ ভিক্ষ্ণণ

ভিক্ষ্পণ : যো সন্নিসিলো বরবোধিম্লে মারস্স সেনং মহতিং বিজেঘা সম্বোধি মাগঞ্ছি অনন্তঞ্ঞাণো লোকুত্তমো তং পণমামি বৃক্ষং॥

প্রস্থান

প্রকৃতির মা মারার প্রবেশ

মা। কী যে ভাবিস তুই অন্যমনে—নিম্কারণে— বেলা বহে যায়, বেলা বহৈ যায় যে। তোর

প্রকৃতি।

মা।

রাজবাড়ীতে ঐ বাজে ঘণ্টা ঢং ঢং ঢং, ঢং ঢং ঢং।
বেলা বহে যায়।
রোদ্র হয়েছে অতি তিখনো,
আঙিনা হয় নি যে নিকোনো।
তোলা হল না জল, পাড়া হল না ফল।
কখন্ বা চুলো তুই ধরাবি।
কখন্ ছাগল তুই চরাবি।
ছরা কর্, ছরা কর্, ছরা কর্,
জল তুলে নিয়ে তুই চল্ ঘর।
রাজবাড়ীতে ঐ বাজে ঘণ্টা ঢং ঢং ঢং, ঢং ঢং ঢং।
ঐ যে বেলা বহে যায়॥

কাজ নেই, কাজ নেই মা,
কাজ নেই মোর ঘরকল্লার।
যাক ভেসে যাক, যাক ভেসে সব বন্যায়।
জন্ম কেন দিলি মোরে,
লাঞ্না জীবন ভরে—
মা হয়ে আনিলি এই অভিশাপ!
কার কাছে বল্ করেছি কোন্ পাপ,
বিনা অপরাধে এ কী ঘোর অন্যায়॥
থাক্ তবে থাক্ ভূই পড়ে,

প্রস্থান

মিথ্যা কালা কাঁদ তুই মিথ্যা দঃখ গড়ে॥

প্রকৃতির জল তোলা বৃদ্ধশিষ্য আনন্দের প্রবেশ

আনন্দ। জল দাও আমায় জল দাও,
বৌদ্র প্রথরতর, পথ স্ফার্ন হা,
আমায় জল দাও।
আমি তাপিত পিপাসিত,
আমায় জল দাও।
আমি শ্রান্ত, হা,
আমায় জল দাও।
প্রকৃতি। ক্ষমা করো প্রভু, ক্ষমা করো মোরে
আমি চণ্ডালের কন্যা,

মোর ক্পের বারি অশ্বচি।
আমি চন্ডালের কন্যা।
তোমারে দেব জল হেন প্রণ্যের আমি
নহি অধিকারিণী।
আমি চন্ডালের কন্যা।

আনন্দ। যে মানব আমি সেই মানব তুমি কন্যা।
সেই বারি তীর্থবারি যাহা তৃপ্ত করে তৃষিতেরে,
যাহা তাপিত শ্রান্ডেরে ল্লিফ্ক করে সেই তো পবিত্র বারি।
জল দাও আমায় জল দাও।

क्षणपान

কল্যাণ হোক তব কল্যাণী।

প্রস্থান

প্রকৃতি।

শুধু একটি গণ্ড্য জল,

আহা, নিলেন তাঁহার করপটের কমলকলিকার।

আমার ক্প যে হল অক্ল সম্দু—

এই-যে নাচে, এই-যে নাচে তরঙ্গ তাহার

আমার জীবন জুড়ে নাচে—

টলোমলো করে আমার প্রাণ,

আমার জীবন জুড়ে নাচে।

ওগো, কী আনন্দ, কী আনন্দ, কী পরমম্ভি!

একটি গণ্ড্য জল—

আমার জন্মজনান্তরের কালী ধুরে দিল গো

শুধু একটি গণ্ড্য জল॥

মেরে প্র্যের প্রবেশ ফসল কাটার আহত্তান-গান

মাটি তোদের ডাক দিয়েছে আয় রে চলে
আয় আয় আয়।

ডালা যে তার ভরেছে আজ পাকা ফসলে
মরি হায় হায় হায়।

হাওয়ার নেশায় উঠল মেতে,

দিগ্বধ্রা ফসল-ক্ষেতে,
রোদের সোনা ছড়িয়ে পড়ে ধরার আঁচলে
মরি হায় হায় হায়।

মাঠের বাঁশি শুনে শুনে আকাশ খুশি হল।

ঘরেতে আজ কৈ রবে গো, খোলো, খোলো দুয়ার খোলো।

খোলো, খোলো দুয়ার খোলো।
আলোর হাসি উঠল জেগে,
পাতায় পাতায় চমক লেগে
বনের খুশি ধরে না গো, ওই-যে উপলে—
মরি হায় হায় হায়॥

প্রকৃতি।

ওগো ডেকো না মোরে ডেকো না।
আমার কাজ-ভোলা মন, আছে দ্রে কোন্করে স্বপনের সাধনা।
ধরা দেবে না অধরা ছায়া,
রচি গেছে মনে মোহিনী মায়া—
জানি না এ কী দেবতারই দয়া,
জানি না এ কী ছলনা।
আধার অঙ্গনে প্রদাপ জনলি নি,
দম্ধ কাননের আমি যে মালিনী,
শ্ন্য হাতে আমি কাঙালিনী
করি নিশিদিনযাপনা।
যদি সে আসে তার চরণছায়ে
বেদনা আমার দিব বিছায়ে,
জানাব তাহারে অগ্রাসিক্ত
বিক্রক জীবনের কামনা॥

# ষিতীয় দৃশ্য

অর্ঘ্য নিয়ে বৌদ্ধনারীদের মন্দিরে গমন

বৌদ্ধনারীগণ। স্বর্ণবর্ণে সম্ভুজ্বল নব চম্পাদলে বন্দিব শ্রীম্নীন্দ্রের পাদপদ্মতলে। প্রাগম্বে প্রণ বায়্ত্র হল স্থান্ধিত, প্রুপমাল্যে করি তার চরণ বন্দিত॥

#### গ্রস্থান

প্রকৃতি। ফ্ল বলে, ধনা আমি, ধনা আমি মাটির 'পরে।
দেবতা ওগো, তোমার সেবা আমার ঘরে।
জন্ম নির্মেছ ধ্লিতে
দয়া করে দাও ভূলিতে, দাও ভূলিতে, দাও ভূলিতে
নাই ধ্লি মোর অন্তরে—
নাই, নাই ধ্লি মোর অন্তরে।
নয়ন তোমার নত করো,
দলগ্লি কাঁপে থরোথরো, থরোথরো।
চরণপরশ দিয়ো দিয়ো,
ধ্লির ধনকে করো স্বগীর— দিয়ো দিয়ো, দিয়োধরার প্রণাম আমি তোমার তরে।

মা। তুই অবাক করে দিলি আমায় মেয়ে। প্রাণে শ্নি না কি তপ করেছেন উমা রোদের জ্বলনে—

তোর কি হল তাই॥

প্রকৃতি। হাঁমা, আমি বসেছি তপের আসনে॥

মা। তোর সাধনা **কাহার জনো** ॥

প্রকৃতি। যে আমারে দিয়েছে ডাক, দিয়েছে ডাক,

বচনহারা আমাকে দিয়েছে বাক্।

যে আমারি জেনেছে নাম

ওগো্তারি নামখানি মোর হৃদয়ে থাক্।

আমি তারি বিচ্ছেদদহনে

তপ করি চিত্তের **গহনে**।

দ্বংখের পাবকে হয়ে যায় শক্ত

অন্তরে মলিন বাহা আছে রক্ষ—

অপমাননাগিনীর খুলে যায় পাক॥

কিসের ডাক তোর কিসের ডাক।

কোন্ পাতালবাসী অপদেবতার ইশারা তোকে ভূলিয়ে নিয়ে যাবে—

আমি ম**ন্ত পড়ে কাটাব তার মা**রা।।

প্রকৃতি। আমার মনের মধ্যে বাজিরে দিরে গেছে— জল দাও, জল দাও, জল দাও ॥

মা। পোড়া কপাল আমার!

মা ।

কে বলেছে তোকে 'জল দাও'!

সে কি তোর <mark>আপন জাতের কে</mark>উ।

প্রকৃতি। হাঁগোমা, সেই কথাই তো বলে গেলেন তিনি,

তিনি আমার আপন জাতের লোক।

আমি চণ্ডালী, সে যে মিথ্যা, সে যে মিথ্যা,

সে যে দার্ণ মিথ্যা।

শ্রাবণের কালো যে মেঘ

তারে যদি নাম দাও 'চশ্ডাল'

তা বলে কি জাত ঘ্রাচবে তার.

অশ্বচি হবে কি তার জল।

তিনি বলে গেলেন আমায়—

निक्क्तं निम्मा काद्रा ना.

মানবের বংশ তোমার,

মানবের রক্ত তোমার নাড়ীতে।

ছি ছি মা, মিখ্যা নিন্দা রটাস নে নিজের.

সে-যে পাপ।

রাজার বংশে দাস্বী জন্মার অুসংখ্য

আমি সে দাসী নই।

প্রকৃতি।

ধিজের বংশে চন্ডাল কত আছে, আমি নই চণ্ডালী ৷৷

কী কথা বলিস তুই, আমি যে তোর ভাষা ব্রিঝ নে। তোর মথে কে দিল এমন বাণী। স্বপ্নে কি কেউ ভর করেছে তোকে

তোর গতজ্ঞের সাথি।

আমি যে তোর ভাষা ব্রিঝ নে॥

এ নতুন জন্ম, নতুন জন্ম, নতুন জন্ম আমার। र्मिपन वाकल प्रभूतित घन्छा. या या करत त्त्राम् प्रत. রান করাতেছিলেম কুয়োতলার মা-মরা বাছ,রটিক। সামনে এসে দাঁডালেন বৌদ্ধ ভিক্ষ্য আমার वलातन, कल मांख, कल मांख, कल मांख। শিউরে উঠল দেহ আমার, চমকে উঠল প্রাণ

বল দেখি মা. সারা নগরে কি কোথাও নেই জল! কেন এলেন আমার কুয়োর ধারে. আমাকে দিলেন সহসা

মান্ধের তঙ্গা-মেটানো সম্মান॥

वल. माउ जल, माउ जल, माउ जल। দেব আমি কে দিয়েছে হেন সম্বল। বলে, দাও জল। কালো মেঘ-পানে চেয়ে

এল খেয়ে

চাতক বিহ্ৰল--वल, पाछ छन, पाछ छन।

ভমিতলে হারা উৎসের ধারা

অন্ধকারে

কারাগারে।

কার স্বগভীর বাণী দিল হানি কালো শিলাতল-

वर्ता. पाछ छन. पाछ छन।।

বাছা, মন্ত্র করেছে কে তোকে, মা !

তোর পথ-চাওয়া মন টান দিয়েছে কে।

মশ্য করেছে কে তোকে।।

প্রকৃতি। সে যে পথিক আমার

> হৃদয়পথের পথিক আমার। হায় রে, আর সে তো এল না, এল না, এ পথে এল না।

আর সে বে চাইল না জল।

আমার হৃদস্থ তাই হল মর্ভূমি,
শ্বিক্রে গেল তার রস—
সে বে চাইল না, চাইল না, চাইল না জল॥

চক্ষে আমার তৃষ্ণা ওগো,
তৃষ্ণা আমার বক্ষ জুড়ে।
চক্ষে আমার তৃষ্ণা।
আমি বৃষ্টিবিহীন বৈশাখী দিন,
সন্তাপে প্রাণ যায়, যায় যে পুড়ে।
ঝড় উঠেছে তপ্ত হাওয়ায় হাওয়ায়—
অবগ্রুঠন যায় যে উড়ে।
যে ফুল কানন করত আলো
কালো হয়ে সে শ্কালো—
কালো হয়ে সে শ্কালো হায়।
ঝনারে কে দিল বাধা—
নিত্র পাষাণে বাঁধা
দঃধের শিশ্বচ্ড়ে॥

মা। বাছা, সহজ্ঞ করে বল আমাকে
মন কাকে তোর চার।
বৈছে নিস মনের মতন বর—
রয়েছে তো অনেক আপন জন।
আকাশের চাঁদের পানে
হাত বাডাস নে॥

প্রকৃতি। আমি চাই তাঁরে
আমারে দিলেন যিনি সেবিকার সম্মান,
ঝরে-পড়া ধ্বংরো ফ্ল ধ্লো হতে তুলে নিলেন যিনি দক্ষিণ করে।
ওগো প্রভু, ওগো প্রভু,
সেই ফ্লে মালা গাঁথো,
পরো পরো আপন গলায়,
বার্থ হতে তারে দিয়ো না, দিয়ো না॥

## রাজবাড়ির অন্চরের প্রবেশ

অন্চর। সাত দেশেতে খ্রে খ্রে গো,
শেষকালে এই ঠাই
ভাগ্যে দেখা পেলেম রক্ষা তাই।
মা। কেন গো, কী চাই।
অন্চর। রানীমার পোষা পাখি কোথায় উড়ে গেছে—
সেই নিদার্ণ শোকে

ঘুম নেই তাঁর চোখে ও চারণের বউ।
ফিরিয়ে এনে দিতেই হবে তোকে ও চারণের বউ।
মা। উড়োপাখি আসবে ফিরে এমন কী গুণ জানি।
অন্চর। মিথ্যে ওজর শুনব না, শুনব না—
শুনবে না তোর রানী।
জাদ্ব করে মন্ত পড়ে ফিরে আনতেই হবে,
খালাস পাবি তবে ও চারণের বউ॥

প্রস্থান

প্রকৃতি। ওগো মা. ঐ কথাই তো ভালো। মন্ত জানিস তুই, মন্ত্র পড়ে দে তাঁকে তুই এনে ৷৷ ওরে সর্বনাশী, কী কথা তুই বলিস--য়া । আগ্নে নিয়ে খেলা! শ্নে বৃক কে'পে ওঠে. ভয়ে মরি॥ আমি ভয় করি নে মা. ভয় করি নে। প্রকৃতি। ভর করি মা, পাছে সাহস যায় নেমে. পাছে নিজের আমি মূলা ভলি। এত বড়ো স্পর্ধা আমার, একি আশ্চর্য! এই আশ্চর্য সেই ঘটিয়েছে-তারো বেশি ঘটবে না কি. আসবে না আমার পাশে. বসবে না আধো-আঁচলে॥ তাঁকে আনতে বদি পারি যা। মূল্য দিতে পারবি কি তুই তার। জীবনে কিছুই যে তোর থাকবে না বাকি !! প্রকৃতি। ना, किছ, इ थाकरव ना, किছ, इ थाकरव ना. किছाई ना किছाई ना। যদি আমার সব মিটে যায়, সব মিটে যায়, তবেই আমি বে'চে যাব যে চির্রাদনের তরে यथन किছ्र इं शाकरव ना। দেবার আমার আছে কিছা এই কথাটাই যে ভূলিয়ে রেখেছিল সবাই মিলে— আজ জেনেছি, আমি নই-যে অভাগিনী: দেবই আমি, দেবই আমি, দেবই, উজাড করে দেব আমারে। কোনো ভয় আর নেই আমার। পড় তোর মন্তর, পড় তোর মন্তর. ভিক্ষরে নিরে আর অমানিতার পাশে, সেই তারে দিবে সম্মান— এত মান আর কেউ দিতে কি পারে॥

মা। বাছা, তুই বৈ আমার বৃক-চেরা ধন।
তার কথাতেই চলেছি পাপের পথে পাপীয়সী!
হে পবিত্ত মহাপ্রবৃষ,
আমার অপরাধের শক্তি যত
ক্ষমার শক্তি তোমার আরো অনেক গ্লে বড়ো।
তোমারে করিব অসম্মান—

তব্ প্রণাম, তব্ প্রণাম, তব্ প্রণাম॥

দোষী করো আমায়, দোষী করো। ধ্লায়-পড়া ম্লান কুস্ম পায়ের তলার ধরো। অপরাধে ভরা ভালি

নিজ হাতে করো খালি, আহা,

তার পরে সেই শ্না ভালায় তোমার কর্ণা ভরো— আমার দোষী করো।

তুমি উচ্চ, আমি তুচ্ছ ধরব তোমার ফাঁদে আমার অপরাধে।

আমার দোষকে তোমার প্রা করবে তো কলজ্কশ্না গো—

ক্ষমায় গোঁপে সকল তুটি গলায় তোমার পরো ৷৷

মা। কী অসীম সাহস তোর মেয়ে॥

প্রকৃতি। আমার সাহস!

প্রকৃতি।

তাঁর সাহসের নাই তুলনা। কেউ যে কথা বলতে পারে নি তিনি বলে দিলেন কত সহজে— জল দাও, জল দাও, জল দাও।

ঐ একট্ বাণী তার দীপ্তি কত—

আলো করে দিল আমার সারা জন্ম— তার দীপ্তি কত!

ব্রকের উপর কালো পাথর চাপা ছিল যে. সেটাকে ঠেলে দিল—

উর্থাল উঠল রসের ধারা॥ ওরা কে ধায় পীতবসন-পরা সম্ন্যাসী॥

বৌদ্ধ ভিক্সর দল

ভিক্সাণ।

মা।

নমো নমো ব্রন্ধদিবাকরার। নমো নমো গোতমচন্দিমার। নমো নমোনশুগ্রেগরবার। নমো নমো সাকিয়নন্দনার॥

মা. ওই-যে তিনি চলেছেন সবার আগে আগে!--প্রকৃতি। ওই-যে তিনি চলেছেন। ফিরে তাকালেন না. ফিরে তাকালেন না— তার নিজের হাতের এই নৃতন স্থির আর দেখিলেন না চেয়ে। এই মাটি, এই মাটি, এই মাটি তোর আপন রে! হতভাগিনী, কে তোরে আনিল আলোতে শ্বে এক নিমেষের জন্যে! থাকতে হবে তোরে মাটিতে সবার পায়ের তলার॥ ওরে বাছা, দেখতে পারি নে তোর দঃখ— মা। আনবই আনবই, আনবই তারে মন্দ্র পড়ে॥ প্রকৃতি। পড় তুই সব চেয়ে নিষ্ঠার মল্য-পাকে পাকে দাগ দিয়ে জড়ায়ে ধর্ক ওর মনকে। যেখানেই যাক. কখনো এড়াতে আমাকে পারবে না. পারবে না ॥

> আকর্ষণমন্তে যোগ দেবার জন্যে মা তার শিষ্যাদলকে ডাক দিল

মা। আয় তোরা আর! আয় তোরা আয়! আয় তোরা আয়॥

তাদের প্রবেশ ও নৃত্য

ষায় যদি ষাক সাগরতীরে—
আবার আস্ক, আবার আস্ক, আস্ক ফিরে। হায়!
রেখে দেব আসন পেতে হৃদয়েতে।
পথের ধ্লো ভিজিয়ে দেব অগ্রনীরে। হায়!
যায় যদি যাক শৈলশিরে—
আস্ক ফিরে, আস্ক ফিরে।
ল্কিয়ে রব গিরিগ্হায়, ভাকব উহায়—
আমার স্বপন ওর জাগরণ রইবে ঘিরে। হায়॥

মারান,ত্য

ভাবনা করিস নে তুই—

এই দেখ্ মায়াদর্পণ আমার—

হাতে নিয়ে নাচবি যখন

দেখতে পাবি তাঁর কী হল দশা।

# **क्षाविका**ः

এইবার এসো এসো রুদ্রভৈরবের সন্তান, জাগাও তাশ্ডবন্তা। এইবার এসো এসো॥

# তৃতীয় দৃশ্য

#### মাধ্যের মায়ান,ত্য

প্রকৃতি। ঐ দেখ্ পশ্চিমে মেঘ ঘনালো,
মশ্চ খাটবে মা, খাটবে—
উড়ে বাবে শা্তুক সাধনা সন্ন্যাসীর
শা্তুক পাতার মতন।
নিববে বাতি, পথ হবে অন্ধকার,
ঝড়ে-বাসা-ভাঙা পাখি
সে-যে ঘ্রে ঘ্রে পড়বে এসে মোর দ্বারে।
দ্রুদ্রু করে মোর বক্ষ,
মনের মাঝে ঝিলিক দিতেছে বিজ্লি।
দ্রে যেন ফেনিয়ে উঠেছে সম্দ্র—
তল নেই, ক্ল নেই তার।
মশ্চ খাটবে মা, খাটবে॥
মা। এইবার আয়নার সামনে নাচ্ দেখি তুই,
দেখা দেখি কী ছায়া পড়ল॥

## প্রকৃতির নৃত্য

লজ্জা!ছিছিলজ্জা! প্রকৃতি। **আকাশে তুলে** দুই বাহাু অভিশাপ দিচ্ছেন কারে। নিজেরে মারছেন বহিন্ত বেত্র. শেল বি'ধছেন যেন আপনার মর্মে'॥ ওরে বাছা, এখনি অধীর হলি বদি, মা। শেষে তোর কী হবে দশা॥ প্রকৃতি। আমি দেখব না, আমি দেখব না, আমি দেখক না ভোর দপণ। বুক ফেটে ষায়, যায় গো, বুক ফেটে যায়। আমি দেখব না। কী ভয়ঞ্কর দৃঃথের ঘূর্ণিঝঞ্লা---মহান বনম্পতি ধূলায় কি লুটাবে, ভাঙ্কে কি অদ্রভেদী তার গোরব।

আমি দেখৰ না, আমি দেখৰ না, আমি দেখব না তোর দপণি— না না না॥ থাক, থাক তবে থাক এই মায়া। भा । প্রাণপণে ফিরিয়ে আনব মোর মন্ত-নাডী যদি ছি'ডে যায় যাক, ফুরায়ে যায় যদি যাক নিশ্বাস॥ প্রকৃতি। সেই ভালো মা সেই ভালো। থাক তোর মন্ত, থাক তোর— আর কাজ নাই, কাজ নাই, কাজ নাই... না না না-- পড়ু মন্দ্র তুই, পড়ু তোর মন্ত্র-পথ তো আর নেই ব্যকি। আসবে সে. আসবে সে. আসবে. আমার জীবনমূত্য-সীমানায় আসবে। নিবিড রাত্রে এসে পে'ছিবে পান্থ. ব্রকের জ্বালা দিয়ে আমি জ্বালিয়ে দিব দীপথানি-সে আ**সবে. ও সে** আসবে॥

দঃখ দিয়ে মেটাব দঃখ তোমার। ল্লান করাব অতল জলে বিপলে বেদনার। মোর সংসার দিব যে জনলি শোধন হবে এ মোহের কালী-মরণবাথা দিব তোমার চরণে উপহার॥ বাছা, মোর মন্য আর তো বাকি নেই. মা ৷ প্রাণ মোর এল কণ্ঠে॥ মা গো. এত দিনে মনে হচ্ছে যেন প্রকৃতি। টলেছে আসন তাঁহার। ওই আসছে, আসছে, আসছে। या वर, मृत्त, या नक त्यांकन मृत्त, যা চন্দ্রসূর্য পেরিয়ে, ওই আসছে আসছে আসছে— কাঁপছে আমার বক্ষ ভামকম্পে॥ বল দেখি বাছা, কী তই দেখছিস আয়নায়॥ মা ৷ প্ৰকৃতি। ঘন কালো মেঘ তাঁর পিছনে. চারি দিকে বিদ্যাৎ চমকে, অঙ্গ ঘিরে ঘিরে তার অঘির আবেন্টন— যেন শিবের ক্রোধানলদীপ্তি! তোর মন্তবাণী ধরি কালীনাগিনীমূতি গজিছে বিবনিশ্বাসে কল্মিত করে তাঁর প্রাণিখা।

#### আনক্ষের ছারা-অভিনর

## মাকে নাড়া দিয়ে

দুৰ্বল হোস নে, হোস নে। এইবার পড় তোর শেষনাগমল্য-নাগপাশবন্ধনমন্য 🛚 মা। জাগে নি এখনো জাগে নি রসাতলবাসিনী নাগিনী। জাগে নি। বাজ বাজ বাজ বাঁশি, বাজ রে মহাভীমপাতালী রাগিণী। জেগে ওঠ মায়াকালী নাগিনী জাগে নি। ওরে মোর মন্তে কান দে---টান দে, টান দে, টান দে, টান দে। বিষগৰ্জনৈ ওকে ডাক দে--পাক দে, পাক দে, পাক দে, পাক দে। গহ্বর হতে তুই বার হ. সপ্তসমুদ্র পার হ। বে'ধে তারে আনুরে— होन् दा, होन् दा, होन् दा, होन् दा। नाशिनी काशल, काशल, काशल-পাক দিতে ওই লাগল, লাগল, লাগল— भाशाहीन उरे होनल, होनल, होनल। र्वार्थ जानम र्वार्थ जानम, र्वार्थ जानम। এইবার নৃত্যে করো আহ্বান—
ধর্ তোরা গান।
আয় তোরা ষোগ দিবি আর যোগিনীর দল।
আয় তোরা আয়।
আয় তোরা আয়।

আয় তোরা আয়॥

সকলে। ঘ্রমের ঘন গহন হতে যেমন আসে স্বপ্ন তেমনি উঠে এসো এসো।

ত্যাৰ ভতে এলো এলো।
শ্মীশাখার বক্ষ হতে ষেমন জৰলে অগ্নি
তেমনি তুমি এসো।

ঈশানকোণে কালো মেঘের নিষেধ বিদারি ষেমন আসে সহসা বিদ্যুৎ

তেমনি তুমি চমক হানি এসো হৃদরতলে, এসো তুমি, এসো তুমি, এসো এসো।

আঁধার যবে পাঠায় ডাক মৌন ইশারায়

বেমন আসে কালপুরুষ সন্ধ্যাকাশে, তেমনি তুমি এসো, তুমি এসো এসো।

স্দ্রে হিমাগারর শিখরে মূল যবে প্রেরণ করে তাপস বৈশাখ.

মন্দ্র বাবে ত্রেরণ করে তাশন বেশান, প্রথর তাপে কঠিন ঘন ত্যার গলায়ে

वन्याधाता स्वयन तत्य आत्र-

তেমনি তুমি এসো, তুমি এসো এসো॥ আর দেরি করিস নে, দেখ্ দর্পণ—

আমার শক্তি হল যে ক্ষয়।।

প্রকৃতি। না, দেখব না, আমি দেখব না।

भा ।

আমি শ্নব---

মনের মধ্যে আমি শনেব.

ধ্যানের মধ্যে আমি শনেব

তাঁর চরণধর্নন।

ওই দেখ্, ওই এল ঝড়, এল ঝড়, তাঁর আগমনীর ওই ঝড়—

প্থিবী কাঁপছে থরোথরো থরোথরো.

গ্রুগ্রু করে মোর বক্ষ।।

মা। তোর অভিশাপ নিয়ে আসে হতভাগিনী॥

প্রকৃতি। অভিশাপ নয় নয়, অভিশাপ নয় নয়--আনছে আমার জন্মান্তর,

মরণের সিংহদার ওই খলছে।

ভাঙল দ্বার ভাঙল প্রাচীর ভাঙল এ জন্মের মিথা। ওগো আমার সর্বনাশ,

ওগো আমার সর্বস্ব,

তুমি এসেছ

আমার অপমানের চ্ছায়। মোর অন্ধকারের উধের্ব রাখো

তব চরণ জ্যোতিম্র॥

ও নিষ্ঠার মেয়ে.

আর সহে না, সহে না, সহে না॥ ও মা, ও মা, ও মা, ফিরিরে নে তোর মল্ল--প্রকৃতি। এখনি, এখনি, এখনি।

ও রাক্ষ্সী, কী কর্রাল তুই.

কী কর্রাল তুই--

মর্রাল নে কেন পাপীয়সী! কোথা আমার সেই দীপ্ত সমুজ্জ্বল

শুদ্র সূর্নিমল

সাদরে স্বর্গের আলো।

আহা, কী স্লান, কী ক্লান্ত---আত্মপরাভব কী গভীর!

যাক যাক যাক,

সব যাক, সব হাক---

অপমান করিস নে বীরের.

জয় হোক তাঁর---

**জয় হোক** তাঁর, জয় হোক॥

আনন্দের প্রবেশ

প্রভূ, এসেছ উদ্ধারিতে আমায়, দিলে তার এত মূলা. নিলে তার এত দঃখ।

ক্ষমা করো, ক্ষমা করো--

মাটিতে টেনেছি তোমারে. এনেছি নীচে.

ধূলি হতে তুলি নাও আমায়

তব প্রণালোকে। ক্ষমা করো।

জয় হোক তোমার, জয় হোক,

জয় হোক, জয় হোক। ক্ষমা করো॥

আনন্দ। কল্যাণ হোক তব কল্যাণী॥

# সকলে ব্ৰুকে প্ৰণাম

সকলে। বুদ্ধো স্মৃদ্ধো কর্ণামহারবো যোচন্ত স্ক্লব্রঞাণলোচনো লোকস্স পাপ্পকিলেসঘাতকো বন্দামি বৃদ্ধং অহমাদরেণ তং॥

# শ্যামা

# अथम मृन्य

वक्षरमन ७ छारात्र वक्

বন্ধ। তুমি ইন্দুমণির হার

এনেছ স্বৰ্ণদ্বীপ থেকে।

তোমার ইন্দ্রমণির হার—

রাজমহিষীর কানে যে তার খবর দিয়েছে কে।

দাও আমায়, রাজবাড়ীতে দেব বেচে

ইন্দ্রমাণর হার---

চিরদিনের মতো তুমি যাবে বে'চে॥

বন্ধ্ৰসেন।

नानानावकः,

আমি অনেক করেছি বেচাকেনা,

অনেক হয়েছে লেনাদেনা—

ना ना ना.

এ তো হাটে বিকোবার নয় হার—

नानानाः

কপ্তে দিব আমি তারি

যারে বিনা ম্লো দিতে পারি—

ওগো, আছে সে কোথায়,

আজো তারে হয় নাই চেনা।

नानाना वक्द्र॥

বন্ধু: ও জান নাকি

**পিছনে তোমার রয়েছে** রাজার চর ॥

বন্ধুসেন। জানি জানি, তাই তো আমি

চলেছি দেশাস্তর।

এ মানিক পেলেম আমি অনেক দেবতা প্ৰে

বাধার সঙ্গে যুঝে—

এ মানিক দেব যারে অমনি তারে পাব খ্জে, চলেছি দেশ-দেশান্তর॥

## কোটালের প্রবেশ

কোটাল। থামো, থামো—

কোথায় চলেছ পালায়ে

সে কোন্গোপন দায়ে।

আমি নগর-কোটালের চর॥

বজ্রসেন। আমি বণিক,

আমি চলেছি আপন ব্যবসায়ে.

চলেছি দেশান্তর॥

কোটাল। কী আছে তোমার পেটিকায়॥

বজ্রসেন। আছে মোর প্রাণ, আছে মোর শ্বাস।।

কোটাল। খোলো, খোলো, বৃথা কোরো না পরিহাস॥ বজুসেন। এই পেটিকা আমার বৃকের পাঁজর যে রে—

সাবধান! সাবধান! তুমি ছংয়ো না, ছংয়ো না এরে।

তোমার মরণ নাহর আমার মরণ যমের দিব্য কর যদি এরে হরণ— ছুরো না, ছুরো না, ছুরো না॥

> বজুসেনের পলায়ন সেই দিকে তাকিয়ে

কোটাল। ভালো ভালো, তুমি দেখব পালাও কোথা।
মশানে তোমার শলে হয়েছে পোঁতা—
এ কথা মনে রেখে
তোমার ইণ্টদেবতারে ক্মরিয়ো এখন থেকে।

প্রস্থান

# ম্বিতীয় দুশ্য

শ্যামার সভাগ্রে করেকটি সহচরী বসে আছে নানা কা**জে** নিয্ক

স্থীরা। হে বিরহী, হার, চশুল হিয়া তব—
নীরবে জাগ একাকী শ্ন্য মন্দিরে,
কোন্ সে নির্দেশ-লাগি আছ জাগিয়া।
স্বপনর্পিণী অলোকস্ন্দরী
অলক্ষ্য-অলকাপ্রী-নিবাসিনী,
তাহার ম্রতি রচিলে বেদনায় হৃদরমাঝারে॥

# উত্তীয়ের প্রবেশ

স্থীরা। ফিরে যাও, কেন ফিরে ফিরে যাও
বহিয়া— বহিয়া বিফল বাসনা।
চির্নাদন আছ দ্রে
অজ্ঞানার মতো নিভ্ত অচেনা প্রের।
কাছে আস তব্ব আস না,
বহিয়া বিফল বাসনা।
পারি না তোমায় ব্রিথতে—

ভিতরে কারে কি পেয়েছ, বাহিরে চাহ না খঞ্জিতে?

না-বলা তোমার বেদনা যত বিরহপ্রদীপে শিখারই মতো, নয়নে তোমার উঠেছে জন্লিয়া নীরব কী সম্ভাষণা বহিয়া বিফল বাসনা॥

উত্তীয়। মায়াবনবিহারিণী হরিণী গহনস্বপনস্কারিণী,

কেন তারে ধরিবারে করি পণ অকারণ।

থাক্ থাক্ নিজমনৈ দ্রেতে, আমি শুধ্ বাশরির স্রেতে পরশ করিব ওর প্রাণমন

অকারণ।

সখীরা। হতাশ হোয়ো না, হোয়ো না, হোয়ো না সখা।
নিজেরে ভুলায়ে লোয়ো না, লোয়ো না
আঁধার গহোর তলে॥

উত্তীয়। চমকিবে ফাগ্নের পবনে, পাশবে আকাশবাণী শ্রবণে, চিত্ত আকুল হবে অন্থন অকারণ।

> দ্রে হতে আমি তারে সাধিব, গোপনে বিরহডোরে বাঁধিব— বাঁধনবিহ**ীন সেই যে বাঁ**ধন

অকারণ ৷৷

সখীরা। হবে সখা, হবে তব হবে জয়—
নাহি ভয়, নাহি ভয়, নাহি ভয়।
হে প্রেমিক তাপস, নিঃশেষে আত্ম-আহ্নিত
ফলিবে চরম ফলে॥

# সখী-সহ শ্যামার প্রবেশ

अथी। **जीवत्न भत्रम मगन का**द्या ना दश्मा, काद्या ना दश्मा হে গর্রবনী। বৃথাই কাটিবে বেলা, সাঙ্গ হবে যে খেলা— সুখার হাটে ফুরাবে বিকিকিনি হে গর্রাবনী। মনের মানুষ লুকিয়ে আসে, দাঁড়ায় পাশে, হায়-হেসে চলে যায় জোয়ারজলে ভাসিয়ে ভেলা। দূর্লভ ধনে দুঃখের পণে লও গো জিনি হে গর্রবনী। ফাগনে যখন যাবে গো নিয়ে ফুলের ডালা. কী দিয়ে তখন গাঁথিবে তোমার বরণমালা হে বিরহিণী। বাজবে বাঁশি দারের হাওয়ায়, চোখের জলে শ্নো চাওয়ায় কাটবে প্রহর---বাজবে বুকে বিদায়পথের চরণ ফেলা দিনযামিনী, হে গর্রবনী॥ थता त्म त्य तम् नारे, तम्य नारे. ×ाराधा । যারে আমি আপনারে স'পিতে চাই---কোথা সে যে আছে সঙ্গোপনে প্রতিদিন শত **তচ্ছে**র আডালে আডালে আড়ালে। এসো মম সার্থক স্বপ্ন করো মম যৌবন সান্দর पिक्कगवायः **आत्ना भःभवत्न**। ঘ্টাও বিষাদের কহেলিকা. নব প্রাণমন্তের আনো বাণী। পিপাসিত জীবনের ক্র আশা আধারে আধারে খোঁকে ভাষা---শ্বন্যে পথহারা পবনের ছন্দে ঝরে-পড়া বকলের গন্ধে।

স্থীদের ন্তাচচা, শেষে শ্যামার সম্ভা-সাধন। এমন সময় বস্তুসেন ছুটে এল। পিছনে কোটাল

কোটাল। ধর্ ধর্, ওই চোর, ওই চোর। বজুসেন। নই আমি নই চোর, নই চোর, নই চোর অন্যায় অপবাদে আমারে ফেলো না ফাঁদে। কোটাল। ওই বটে, ওই চোর, ওই চোর, ওই চোর। বন্ধসেন <mark>যে দিকে গোল</mark> শ্যামা সে দিকে কি**ছ**ুক্ষণ তদমর হরে তাকিরে রইল

শ্যামা। আহা মরি মরি,
মহেন্দ্রনিন্দতকান্তি উন্নতদর্শন
কারে বন্দী করে আনে
চোরের মতন কঠিন শৃংখলে।
শীঘ্র যা লো, সহচরী, যা লো, যা লো—
বল্ গে নগরপালে মোর নাম করি,
শ্যামা ভাকিতেছে তারে।
বন্দী সাথে লয়ে একবার
আসে যেন আমার আলয়ে দ্বা করি।

শ্যামা ও স্থীদের প্রস্থান

সর্থা। স্কুদরের বন্ধন নিষ্ঠারের হাতে
ব্রচাবে কে। কে!
নিঃসহায়ের অপ্রবারি প্রীড়িতের চোথে
মাছাবে কে। কে!
আতেরি ক্রুদনে হেরো ব্যথিত বস্কুরা,
অন্যায়ের আক্রমণে বিষবাণে জ্রুরা—
প্রবলের উৎপীড়নে কে বাঁচাবে দার্বলেরে,
অপ্যানিতেরে কার দরা বক্ষে লবে ডেকে॥

# সহচরীর প্রস্থান

বন্ধ্রমেন ও কোটাল -সহ শ্যামার প্নঃপ্রবেশ

শ্যামা। তোমাদের একি জ্ঞান্তি—
কে ওই প্রেয় দেবকান্তি,
প্রহরী, মরি মরি।
এমন করে কি ওকে বাঁধে!
দেখে যে আমার প্রাণ কাঁদে।
বন্দী করেছ কোন্ দোবে?
কোটাল। ছির হয়ে গেছে রাজকোষে—
চোর চাই যে করেই হোক, চোর চাই।
হোক-না সে যে-কোনো লোক, চোর চাই।
নহিলে মোদের যাবে মান॥
শ্যামা। নির্দোষী বিদেশীর রাখো প্রাণ,
দুই দিন মাগিন্য সময়॥

কোটাল। রাখিব তোমার অন্কর্নয়—
দুই দিন কারাগারে রবে,
তার পর যা হয় তা হবে॥

বন্ধ্রমেন। এ কী খেলা হে স্বন্ধরী, কিসের এ কৌতক।

দাও অপমানদন্ত্র, কেন দাও অপমানদন্ত্র— মোরে নিয়ে কেন, কেন, কেন এ কোতুক॥

শ্যামা। নহে নহে, এ নহে কোতৃক।
মোর অঙ্গের স্বর্ণ-অলৎকার
সর্পপ দিয়া শৃংখল তোমার
নিতে পারি নিজ দেহে।
তব অপমানে মোর
অস্তরাত্মা আজি অপমান মানে॥

বজ্রসেনকে নিয়ে প্রহরীর প্রস্থান

সঙ্গে শ্যামা কিছা দূর গিয়ে ফিরে এসে

শ্যামা। রাজার প্রহরী ওরা অন্যায় অপবাদে
নিরীহের প্রাণ বধিবে বলে কারাগারে বাঁধে।
ওগো শোনো, ওগো শোনো, ওগো শোনো--আছ কি বীর কোনো,
দেবে কি ওরে জড়িয়ে মরিতে
অবিচারের ফাঁদে
অন্যায় অপবাদে॥

# উত্তীয়ের প্রবেশ

উত্তীয়। ন্যায় অন্যায় জানি নে, জানি নে, জানি নে—
শৃধ্ তোমারে জানি, তোমারে জানি
ওগো স্কুলরী।
চাও কি প্রেমের চরম ম্লা— দেব আনি,
দেব আনি ওগো স্কুলরী।
প্রিয় যে তোমার, বাঁচাবে যারে,
নেবে মোর প্রাণশ্রণ—
তাহারি সঙ্গে তোমারি বক্ষে
বাঁধা রব চিরদিন
মরণডোরে।
কেমনে ছাড়িবে মোরে, ছাড়িবে মোরে
ওগো স্কুলরী॥

এতদিন তুমি, সখা, চাহ নি কিছ্— नाग्रा । সথা, চাহ নি কিছু---নীরবে ছিলে করি নয়ন নিচ চাহ নি কিছ্য। রাজ-অঙ্কুরী মম করিলাম দান, তোমারে দিলাম মোর শেষ সম্মান। তব বীর-হাতে এই ভূষণের সাথে আমার প্রণাম যাক তব পিছু পিছু। তুমি চাহ নি কিছ্, স্থা, চাহ নি কিছ্॥ আমার জীবনপার উচ্চলিয়া মাধুরী করেছ দান-উক্রীয়। ত্মি জান নাই, ত্মি জান নাই, তুমি জান নাই তার মূল্যের পরিমাণ। রজনীগন্ধা অগোচরে যেমন রজনী স্বপনে ভরে সোরভে. তুমি জান নাই, তুমি জান নাই. তমি জান নাই, মরমে আমার ঢেলেছ তোমার গান।

প্রসন্ন মুখ তোলো,
মুখ তোলো, মুখ তোলো—
মধ্র মরণে পূর্ণ করিয়া স'পিয়া যাব প্রাণ চরণে।
যারে জান নাই, যারে জান নাই,
যারে জান নাই.

বিদায় নেবার সময় এবার হল—

তার গোপন ব্যথার নীরব রাত্তি হোক আজি অবসান ৷৷

শ্যামা হাত ধরে উত্তীরের মুখের দিকে চেরে রইল

অংশক্ষণ পরে হাত ছেড়ে ধারে ধারে চলে গেল

সখী। তোমার প্রেমের বীর্ষে তোমার প্রবল প্রাণ সখীরে করিলে দান। তব মরণের ডোরে বাঁধিলে বাঁধিলে ওরে অসীম পাপে অনন্ত শাপে। তোমার চরম অর্ঘা কিনিল সখীর লাগি নারকী প্রেমের স্বর্গ॥

উত্তীর। প্রহরী, ওগো প্রহরী, লহো লহো লহো মোরে বাঁধি। বিদেশী নহে সে তব শাসনপাত্র— আমি একা অপরাধী।

কোটাল। তুমিই করেছ তবে চুরি?
উত্তীয়। এই দেখো রাজ-অঙ্গুরী—
রাজ-আভরণ দেহে করেছি ধারণ আজি.
সেই পরিতাপে আমি কাঁদি॥

উত্তীরকে লইরা প্রহরীর প্রস্থান

সখী। বৃক বে ফেটে ষায় হায় হায় রে।
তার তর্ণ জীবন দিলি নিন্কারণে
মৃত্যুপিপাসিনীর পায় রে ওরে সখা।
মধ্র দ্বর্লভ ষোবনধন ব্যর্থ করিলি কেন অকালে
প্রপবিহীন গীতিহারা মরণমর্ব পারে ওরে সখা॥

### প্রস্থান

কারাগারে উত্তীয়। প্রহরীর প্রবেশ

প্রহরী। নাম লহো দেবতার। দেরি তব নাই আর, দেরি তব নাই আর। ওরে পাষশ্ড, লহো চরম দশ্ড। তোর অস্ত যে নাই আম্পর্ধার॥

# শ্যামার দ্রুত প্রবেশ

শ্যামা। থাম্রে, থাম্রে তোরা, ছেড়ে দে. ছেড়ে দেদোষী ও-যে নয় নয়, মিথাা, মিথ্যা সবই আমারি ছলনা ও যে—
বেংধে নিয়ে যা মোরে রাজার চরণে ॥
প্রহরী। চুপ করো, দ্রে যাও, দ্রে যাও নারী
বাধা দিয়ো না, বাধা দিয়ো না॥

দুই হাতে মুখ ঢেকে শ্যামার প্রস্থান প্রহরীর উত্তীয়কে হত্যা

সথী। কোন্ অপর্প স্বর্গের আলো দেখা দিল রে প্রলয়রাতি ভোদ দুর্দিনদ্র্যোগে, মরণমহিমা ভীষণের বাজালো বাশি। অকর্ণ নির্মম ভূবনে দেখিন্ এ কী সহসা— কোন্ আপনা-সমর্পণ, মুধে নির্ভায় হাসি॥

# তৃতীয় দৃশ্য

শ্যামা। বাজে গ্রু গ্রু শৃৎকার ডৎকা, ঝঞ্চা ঘনায় দ্রে ভীষণ নীরবে। কত রব স্থুস্বপ্লের ঘোরে আপনা ভূলে সহসা জাগিতে হবে॥

### ব্যুসেনের প্রবেশ

হে বিদেশী, এসো এসো। হে আমার প্রিয়, এই কথা সমরণে রাখিয়ো— এসো এসো— তোমা-সাথে এক স্লোতে ভাসিলাম আমি. হে হৃদয়স্বামী, জীবনে মরণে প্রভূ॥

वस्रुटमन ।

আহা, এ কী আনন্দ! रुपरा एएट चुहाएन भभ जकन वक्ष। দ্বংখ আমার আজি হল যে ধন্য মৃত্যুগহনে লাগে অমৃতস্থান। এলে কারাগারে রজনীর পারে উষাসম ম\_ক্তির পা অয়ি লক্ষ্মী দরাম্য়ী॥ বোলো না, বোলো না, বোলো না— আমি দয়ময়ী!

नगमा ।

মিথ্যা, মিথ্যা, মিথ্যা বোলো না। এ কারাপ্রাচীরে শিলা আছে যত নহে তা কঠিন আমার মতো। আমি দ্যাম্যী!

মিথ্যা, মিথ্যা বালো না॥ জেনো প্রেম চিরঋণী আপনারি হর্ষে

বঞ্জসেন।

জেনো প্রিয়ে। সব পাপ ক্ষমা করি ঋণশোধ করে সে জেনো প্রিয়ে। কলঙক যাহা আছে দার হয় তার কাছে. কালিমার 'পরে তার অমৃত সে বরুষে জেনো প্রিয়ে॥

প্রেমের জোয়ারে ভাসাবে দোহারে---বাঁধন খালে দাও, দাও, দাও দাও। ভলিব ভাবনা, পিছনে চাব না, পাল তলে দাও, দাও, দাও দাও। প্রবল পরনে তরঙ্গ তুলিল— रुपय पर्नालन, पर्नालन पर्नालन,

পাগল হে নাবিক.

ভুলাও দিগ্রিদিক, भाम एटन माछ, माछ, माछ माछ॥

হায়, হায় রে, হায় পরবাসী, হায় গৃহছাড়া উদাসী। স্থী। অন্ধ অদুন্দের আহ্বানে

> কোথা অজানা অক্লে চলেছিস ভাসি। শ্বনিতে কি পাস দূর আকাশে কোন বাতাসে সর্বনাশার বাঁশি। ওরে, নির্মম ব্যাধ যে গাঁথে মরণের ফাঁসি।

রঙিন মেঘের তলে গোপন অগ্র্জলে বিধাতার দার্ণ বিদ্পবস্থে সঞ্জিত নীরব অটুহাসি হা-হা॥

# ठकूष मृभा

কোটালের প্রবেশ

কোটাল। প্রী হতে পালিয়েছে যে প্রস্কুদরী
কোথা তারে ধরি— কোথা তারে ধরি।
রক্ষা রবে না, রক্ষা রবে না—
এমন ক্ষতি রাজার সবে না, রক্ষা রবে না।
বন হতে কেন গেল অশোকমঞ্জরী
ফাল্গ্নের অঙ্গন শ্ন্য করি।
ওরে কে তুই ভুলালি, তারে কে তুই ভুলালি—
ফিরিয়ে দে তারে, মোদের বনের দ্বালী
তারে কে তুই ভুলালি॥

প্রস্থান

মেরেদের প্রবেশ। শেষে প্রহরীর প্রবেশ

স্থীগণ। রাজভবনের সমাদর সম্মান ছেড়ে
এল আমাদের স্থী।
দেরি কোরো না, দেরি কোরো না, দেরি কোরো নাকেমনে যাবে অজ্ঞানা পথে
অন্ধকারে দিক নির্বাথ হায়।

অচেনা প্রেমের চমক লেগে প্রলয়রাতে সে উঠেছে জ্রেগে- অচেনা প্রেমে। প্রবৃতারাকে পিছনে রেখে

ধ্মকৈতৃকে চলেছে লখি হায়। কাল সকালে প্রোনো পথে

আর কখনো ফিরিবে ও কি হায়। দেরি কোরো না, দেরি কোরো না, দেরি কোরো না॥

প্রহরী। দাঁড়াও, কোথা চলো, তোমরা কে বলো বলো॥
স্থীগণ। আমরা আহিরিনী, সারা হল বিকিকিনি—
দ্র গাঁরে চলি ধেয়ে আমরা বিদেশী মেয়ে॥

প্রহরী। ঘাটে বসে হোথা ও কে॥ স্থাগণ। সাথি মোদের ও যে নেয়ে— যেতে হবে দরে পারে, এনেছি তাই ডেকে তারে। নিয়ে যাবে তরী বেয়ে সাথি মোদের ও যে নেয়ে— ওগো প্রহরী, বাধা দিয়ো না, বাধা দিয়ো না মিনতি করি ওগো প্রহরী॥

## প্রস্থান

স্থী। কোন্ বাধনের গ্রন্থি বাধিল দুই অজানারে এ কী সংশয়েরই অন্ধকারে। দিশাহারা হাওরায় তরক্দোলায় মিলনতর্ণীখানি ধায় রে কোন্ বিচ্ছেদের পারে॥

# বন্ধ্রসেন ও শ্যামার প্রবেশ

বছ্রসেন। হদয়বসন্তবনে যে মাধ্রী বিকাশিল
সেই প্রেম এই মালিকায় রূপ নিল, রূপ নিল, রূপ নিল।
এই ফুলহারে, প্রেয়সী, তোমারে বরণ করি—
অক্ষয়মধ্র সুধাময় হোক মিলনবিভাবরী।
প্রেয়সী, তোমায় প্রাণবেদিকায় প্রেমের প্জায় বরণ করি॥

কহো কহো মোরে প্রিরে,
আমারে করেছ মৃক্ত কী সম্পদ দিয়ে।
আরি বিদেশিনী,
তোমার কাছে আমি কত ঋণে ঋণী॥
শ্যামা। নহে নহে নহে - সে কথা এখনো নহে॥
সহচরী। নীরবে থাকিস সখী, ও তুই নীরবে থাকিস।
তোর প্রেমেতে আছে যে কাঁটা
তারে আপন বুকে বিধিয়ে রাখিস।
দরিতেরে দির্মেছিল সুধা,
আজিও তাহার মেটে নি ক্ষুধা—
এখনি তাহে মিশাবি কি বিষ।
যে জন্বনে তুই মরিব মরমে মরমে
কন তারে বাহিরে ভাকিস॥

বজ্রসেন। কী করিয়া সাধিলে অসাধ্য ব্রত কহে। বিবরিরা। জানি যদি, প্রিয়ে, শোধ দিব এ জীবন দিয়ে এই মোর পণ॥

শ্যামা। তোমা লাগি যা করেছি কঠিন সে কাজ,
আরো স্কঠিন আজ তোমারে সে কথা বলা।
বালক কিশোর উত্তীয় তার নাম,
বার্থ প্রেমে মোর মত্ত অধীর—
মোর অন্নয়ে তব চুরি-অপবাদ নিজ-'পরে লয়ে
স'পেছে আপন প্রাণ॥

বজ্রসেন। কাঁদিতে হবে রে, রে পাগিষ্ঠা, জীবনে পাবি না শাস্তি। ভাঙিবে— ভাঙিবে কল্মনীড় বজ্র-আঘাতে॥

শ্যামা। হে, ক্ষমা করো নাথ, ক্ষমা করো। এ পাপের যে অভিসম্পাত হোক বিধাতার হাতে নিদার ্ণতর। তুমি ক্ষমা করো, তুমি ক্ষমা করো।

বজ্রসেন। এ জন্মের লাগি

তোর পাপম্ল্যে কেনা মহাপাপভাগী
এ জীবন করিলি ধিক্কৃত!
কলঙ্কিনী, ধিক্ নিশ্বাস মোর তোর কাছে ঋণী
কলঙ্কিনী॥

শ্যামা। তোমার কাছে দোষ করি নাই, দোষ করি নাই।
দোষী আমি বিধাতার পায়ে,
তিনি করিবেন রোষ— সহিব নীরবে।
তুমি যদি না কর দয়া সবে না, সবে না, সবে না

বজ্রসেন। তবু ছাড়িবি নে মোরে?

শ্যামা। ছাড়িব না, ছাড়িব না, ছাড়িব না।
তোমা লাগি পাপ নাথ, তুমি করো মর্মাঘাত।
ছাড়িব না, ছাড়িব না, ছাড়িব না।

শ্যামাকে বস্ত্রসেনের আঘাত ও শ্যামার পতন বস্তুসেনের প্রস্থান

নেপথ্য। হায়, এ কী সমাপন!
অম্তপাত ভাঙিলি, করিলি মৃত্যুরে সমপ্ণ!
এ দ্র্লভ প্রেম ম্ল্য হারালো হারালো
কল্পেক্ অসম্মানে॥

বছুসেনের প্রবেশ

পল্লীরমণীরা। তোমায় দেখে মনে লাগে ব্যথা,
হার, বিদেশী পান্থ।
এই দার্ণ রোদ্রে. এই তপ্ত বাল্কায়
তুমি কি পথদ্রান্ত।
দূই চক্ষ্তে একি দাহ—
জানি নে, জানি নে, জানি নে কী যে চাহ।
চলো চলো আমাদের ঘরে,
চলো চলো ক্লোন্কের তরে—
পাবে ছায়া, পাবে জল।
সব তাপ হবে তব শান্ত।

ও কথা কেন নেয় না কানে— কোথা চলে যায় কে জানে। মরণের কোন্দৃত ওরে করে দিল বৃঝি উদ্দ্রান্ত হা॥

সকলের প্রস্থান

বন্তুসেনের প্রবেশ

বস্তুসেন। এসো এসো প্রস্তোর,
মরণলোক হতে ন্তন প্রাণ নিয়ে।
নিম্ফল মম জীবন, নীরস মম ভূবন,
শ্না হৃদর প্রণ করো মাধ্রীস্থা দিয়ে॥

সহসা ন্পার দেখিয়া কুড়াইয়া লইল

হায় রে, হায় রে ন্প্র,
তার কর্ণ চরণ ত্যাজিলি, হারালি কলগ্ঞ্জনস্র।
নীরব ক্রন্দনে বেদনাবন্ধনে
রাখিলি ধরিয়া বিরহ ভরিয়া স্মরণ স্মধ্র—
তার কোমলচরণস্মরণ স্মধ্র।
তোর ঝান্সারহীন ধিকারে কাঁদে প্রাণ মম নিষ্ঠার॥

#### প্রস্থান

নেপথে। সব-কিছু কেন নিল না, নিল না, নিল না,
নিল না ভালোবাসা—
ভালো আর মন্দেরে।
আপনাতে কেন মিটালো না যত কিছু স্বন্থেরে—
ভালো আর মন্দেরে।
নদী নিয়ে আসে পঞ্চিল জলধারা,
সাগরহৃদয়ে গহনে হয় হারা।
ক্ষমার দীপ্তি দেয় স্বর্গের আলো
প্রেমের আনন্দেরে—
ভালো আর মন্দেরে॥

বজুসেনের প্রবেশ

বজ্রসেন। এসো এসো, এসো প্রিয়ে, মরণলোক হতে নৃতন প্রাণ নিয়ে॥

# শ্যামার প্রবেশ

শ্যামা। এসেছি প্রিয়তম, ক্ষম মোরে ক্ষম,
গেল না, গেল না কেন কঠিন পরান মম তব নিঠুর কর্ণ করে! ক্ষম মোরে॥
বক্সসেন। কেন এলি, কেন এলি ফিরে।
যাও যাও যাও, যাও, চলে যাও॥

শ্যামা চলে বাচ্ছে। বন্ধ্রসেন চুপ করে দাঁড়িয়ে শ্যামা একবার ফিরে দাঁড়ালো। বন্ধ্রসেন একট্ এগিরে

ব্জ্রসেন। যাও যাও যাও, যাও, চলে যাও॥

ব্রুসেনকে প্রণাম করে শ্যামার প্রস্থান

বক্সসেন। ক্ষমিতে পারিলাম না যে

ক্ষম হে মম দীনতা পাপীজনশরণ প্রভূ!
মরিছে তাপে, মরিছে লাজে প্রেমের বলহীনতা

ক্ষম হে মম দীনতা পাপীজনশরণ প্রভূ!
প্রিয়ারে নিতে পারি নি বৃকে, প্রেমেরে আমি হের্নেছি।
পাপীরে দিতে শান্তি শৃংধ্ পাপেরে ডেকে এনেছি।
জানি গো তুমি ক্ষমিবে তারে
যে অভাগিনী পাপের ভারে চরণে তব বিনতা।
ক্ষমিবে না, ক্ষমিবে না
আমার ক্ষমাহীনতা পাপীজনশরণ প্রভূ॥

# ভান্নসিংহ ঠাকুরের পদাবলী

2

# বসস্ত আওল রে!

মধ্কর গ্ন গ্ন, অম্রামঞ্জরী কানন ছাওল রে।
শ্ন শ্ন সজনী, হদর প্রাণ মম হরখে আকুল ভেল,
জর জর রিঝসে দ্খদহন সব দ্র দ্র চলি গেল।
মরমে বহই বসস্তসমীরণ, মরমে ফ্টই ফ্ল,
মরমকুঞ্জ-'পর বোলই কুহ্কুহ্ অহরহ কোকিলকুল।
সথি রে, উচ্ছল প্রেমভরে অব তলতল বিহন্ন প্রাণ,
ম্ম নিখিলমন দক্ষিণপবনে গায় রভসরসগান।
বসস্তভ্যগভ্যিত গ্রিভ্বন কহিছে, দ্বিনী রাধা,
ক'হি রে সো প্রিয়, ক'হি সো প্রিয়তম, হাদবসস্ত সো মাধা!
ভান্ব কহে, অতি গহন রয়ন অব, বসস্তসমীরশ্বাসে
মোদিত বিহন্ন চিত্তকুঞ্জতল ফ্লেবাসনা-বাসে।

## 2

শ্ন লো শ্ন লো বালিকা. রাথ কুস্মমালিকা.

কুঞ্জ কুঞ্জ ফেরন্ সথি, শ্যামচন্দ্র নাহি রে।
দ্লই কুস্মম্ঞারি, ভমর ফিরই গ্রেপ্তার.
অলস যম্ন বহায় যায় ললিত গাঁত গাহি রে।
শাশসনাথ যামিনী, বিরহবিধ্র কামিনী,
কুস্মহার ভইল ভার হদয় তার দাহিছে।
অধর উঠই কাপিয়া সাথকরে কর আপিয়া—
কুঞ্জভবনে পাপিয়া কাহে গাঁত গাহিছে।
মদ্য সমীর সঞ্চলে হরায় শিথল অঞ্চলে.
বালিহদয় চঞ্চলে কাননপথ চাহি রে।
কুঞ্জ-পানে হেরিয়া অশ্রুবারি ডারিয়া
ভান্ গায়, শ্নাকুঞ্জ, শ্যামচন্দ্র নাহি রে॥

Ø

হদয়ক সাধ মিশাওল হদয়ে, কণ্ঠে শ্খাওল মালা। বিরহবিষে দহি বহি গল রয়নী, নহি নহি আওল কালা। ব্যান্ ব্যান্, সখি, বিফল বিফল সব, বিফল এ পীরিতি লেহা। বিফল রে এ মঝা জীবন যৌবন, বিফল রে এ মঝা দেহা! চল সখি, গৃহ চল, মৃঞ্জ নয়নজ্ঞল— চল সখি, চল গৃহকাজে।
মালতিমালা রাখহ বালা— ছিছি সখি, মর্ মর্ লাজে।
সখি লো, দার্ণ আধিভরাতুর এ তর্ণ যৌবন মোর।
সখি লো, দার্ণ প্রণয়হলাহল জীবন করল অঘোর।
তৃষিত প্রাণ মম দিবস্যামিনী শ্যামক দর্শন-আশে।
আকুল জীবন থেহ ন মানে, অহরহ জন্লত হৃতাশে।
সজনি, সত্য কহি তোয়,

খোরব কব হম শ্যামক প্রেম সদা ডর লাগর মোর।
হিয়ে হিয়ে অব রাখত মাধব, সো দিন আসব সখি রে.বাত ন বোলবে, বদন ন হেরবে! মরিব হলাহল ভখি রে।
ঐস ব্থা ভয় না কর বালা, ভান্ নিবেদয় চরণে -স্কুলক পীরিতি নোতুন নিতি নিতি, নহি ট্টে জীবনমরণে॥

8

শ্যাম রে, নিপট কঠিন মন তোর।
বিরহ সাথি করি দুঃখিনী রাধা রজনী করত হি ভোর।
একলি নিরল বিরল-'পর বৈঠত, নিরখত যম্না-পানেবরখত অশ্রু, বচন নহি নিকসত, পরান থেহ ন মানে।
গহনতিমির নিশি, ঝিল্লিম্খর দিশি, শ্না কদমতর্ম্লে
ভূমিশয়ন-'পর আকুলকুন্তল রোদই আপন ভূলে।
মৃগ্ধ মৃগীসম চর্মাক উঠই কভু পরিহরি সব গৃহকাজে
চাহি শ্না-'পর কহে কর্ণশ্বর, বাজে বাঁশরি বাজে।
নিঠ্র শ্যাম রে, কৈসন অব তুহ্ব রহই দ্র মথ্রায়
রয়ন নিদার্ণ কৈসন যাপসি, কৈস দিবস তব যায়!
কৈস মিটাওসি প্রেমপিপাসা, কহা বজাওসি বাঁশি!
পীতবাস তুহ্ব কথি রে ছোড়লি, কথি ফেকলি বনমালা!
হাদকমলাসন শ্না করলি রে, কনকাসন কর আলা!
এ দুখ চিরদিন রহল চিন্তমে, ভান্ব কহে, ছি ছি কালা!
বিচিতি আও তুহ্ব হমারি সাথে, বিরহব্যাকুলা বালা॥

di

সজনি সজনি রাধিকা লো দেখ অবহং চাহিয়া,
মৃদ্দলগমন শ্যাম আওয়ে মৃদ্দল গান গাহিয়া।
পিনহ ঝটিত কুস্মহার, পিনহ নীল আভিয়া।
স্কারি সিন্দ্র দেকে সীণিথ করহ রাভিয়া।
সহচরি সব নাচ নাচ মিলনগীত গাও রে,
চণ্ডল মঞ্জীররাব কুঞ্জগগন ছাও রে।

সজনি, অব উজার ম'দির কনকদীপ জন্পিয়া, স্বাভ করহ কুঞ্জভবন গন্ধসলিল ঢালিয়া।
মাল্লকা চমেলি বেলি কুস্ম তুলহ বালিকা,
গাঁথ যাথি, গাঁথ জাতি, গাঁথ বকুলমালিকা।
ত্যিতনয়ন ভানাসিংহ কুঞ্জপথম চাহিয়া—
মাদ্ৰলগমন শ্যাম আওয়ে মাদ্ৰলগান গাহিয়া॥

Ġ

ব'ধ্রা, হিয়া-'পর আও রে!
মিঠি মিঠি হাসরি, মৃদ্ মধ্ ভাষরি, হমার মৃখ-'পর চাও রে!

য্গ-য্গ-সম কত দিবস ভেল গত, শ্যাম, তু আওলি না—
চন্দ-উজর মধ্-মধ্র কুঞ্জ-'পর ম্রাল বজাওলি না!
লিয়ি গলি সাথ বয়ানক হাস রে, লিয়ি গলি নয়ন-আনন্দ!
শ্না কুঞ্জবন, শ্না হদয় মন, ক'হি তব ও ম্খচন্দ!
ইথি ছিল আকুল গোপ-নয়নজল, কথি ছিল ও তব হাসি!
ইথি ছিল নীরব বংশীবটতট, কথি ছিল ও তব বালি!
তুঝ মৃখ চাহয়ি শত্যুগভর দৃখ ক্লেণে ভেল অবসান।
লেশ হাসি তুঝ দ্র করল রে বিপ্ল খেদ-অভিমান।
ধন্য ধন্য রে, ভান্থ গাহিছে, প্রেমক নাহিক ওর।
হরখে প্লকিত জগত-চরাচর দৃহ'্ক প্রেমরস-ভোর॥

9

শুন, সৃষ্ধি, বাজই বাঁশি।
শশিকরবিহনল নিখিল শ্নাতল এক হরষরসরাশি।
দক্ষিণপবনবিচণ্ডল তর্গণ, চণ্ডল যম্নাবারি।
কুস্মস্বাস উদাস ভইল স্থি, উদাস হদয় হমারি।
বিগলিত মরম, চরণ থলিতগতি, শরম ভরম গয়ি দ্র।
নয়ন বারিভর, গরগর অস্তর, হদয় প্লকপরিপ্র।
কহ স্থি, কহ স্থি, মিনতি রাখ স্থি, সো কি হমারি শ্যাম॥
গগনে গগনে ধনিছে বাঁশরি সো কি হমারি নাম।
কত কত য্গ, স্থি, প্ণা করন্ হম, দেবত করন্ ধেয়ান—
তব্ ত মিলল, স্থি, শ্যামরতন মম— শ্যাম পরানক প্রাণ।
শ্নত শ্নত তব্ মোহন বাঁশি জপত জপত তব্ নামে
সাধ ভইল ময় প্রাণ মিলায়ব চাঁদ-উজল যম্নামে!
চলহ ত্রিতগতি, শ্যাম চকিত অতি— ধরহ স্থীজন-হাত।
নীদ্মগন মহী, ভয় ভর কছ্ নহি, ভান্ চলে তব সাথ॥

W

গহন কুস্মকুঞ্জ-মাঝে মৃদ্বল মধ্র বংশি বাজে, বিসরি গ্রাস লোকলাজে সজনি, আও আও লো। পিনহ চার্ নীল বাস, হরিণনেরে বিমল হাস. কুঞ্জবনমে আও লো। ঢালে কুস্ম স্রভভার, ঢালে বিহণ স্রবসার, ঢালে ইন্দ্র অমৃতধার বিমল রজতভাতি রে। মন্দ মন্দ ভূস গ্রেজ, অযুত কুস্ম কুজে কুজে ফুটল সজনি, প্রঞ্জে পুজে বকুল য্থি জাতি রে। দেখ, লো সথি, শ্যামরায় নরনে প্রেম উথল যায়--- মধ্র বদন অমৃতসদন চন্দ্রমায় নিন্দিছে। আও আও সজনিবৃন্দ, হেরব সথি শ্রীগোবিন্দ ভান্তিগংহ বিন্দছে॥

>

সতিমির রজনী, সচকিত সজনী শ্না নিকুঞ্জ-অরণ্য। কলিয়ত মলয়ে, স্বিজন নিলয়ে বালা বিরহবিষয়। নীল অকাশে তারক ভাসে, যম্না গাওত গান। পাদপ-মরমর, নিঝর-ঝরঝর, কুস্মিত বিল্লবিতান। ত্ষিত নয়ানে বনপথপানে নিরখে ব্যাকুল বালা— দেখ ন পাওয়ে, আঁখ ফিরাওয়ে, গাঁথে বনফ্লমালা! সহসা রাধা চাহল সচকিত, দ্রে খেপল মালা— কহল, সজনি, শ্ন বাঁশরি বাজে, কুজে আওল কালা। চমিক গহন নিশি দ্র দ্র দিশি বাজত বাঁশি স্তানে—কণ্ঠ মিলাওল ঢলচল যম্না কলকল কল্লোলগানে। ভনে ভান্ম, অব শ্ন গো কান্ম, পিয়াসত গোপিনপ্রাণ তোঁহার পীরিত বিমল অম্তরস হরষে করবে পান॥

20

বজাও রে মোহন বাঁশ।
সারা দিবসক বিরহদহনদ্
মরমক তিরাষ নাশি।
রিঝ-মন-ভেদন বাঁশরিবাদন
ক'হা শিখলি রে কান!—
হানে থিরথির মরম-অবশকর
লহু লহু মধ্ময় বাগ।
ধসধস করতহ উরহ বিয়াকুল্ব,
ঢুল্ব ডুল্ব অবশ নয়ান।

বাত সোঁয়ারয় কত শত বরষক অধীর করয় পরান। কত শত আশা পরেল না ব'ধ্ব, কত সুখ করল পয়ান। পহ্ গো, কত শত পীরিত্যাতন হিয়ে বি'ধাওল বাণ। হৃদয় উদাসয় নয়ন উছাসয় मात्र्य भध्यत्र भान। সাধ যায় ইহ যমনুনা-বারিম ভারব দগধ পরান। রাখি চরণ তব সাধ বায়, ব'ধ্যু, হৃদয়মাঝ হৃদয়েশ-হৃদয়-জ্বড়াওন বদনচন্দ্র তব হেরব জীবনশেষ। সাধ যায় ইহ চাদম-কিরণে কুসন্মিত কুঞ্জবিতানে য় প্রাণ মিশায়ব বসন্তবায়ে বাশিক সম্মধ্র তানে। প্রাণ ভৈবে মঝ্ বেণ্;গীতময়, রাধাময় তব বেণ্য। জয় জয় রাধা ক্তম জ্বম মাধব, চরণে প্রণমে ভান্।।

22

আজ্ব, সখি, মুহ্ব মুহ্ব গাহে পিক কুহ্ব কুহ্ব, कुक्षवत्न मृद्द् मृद्द् प्रौदात भारन हास। যুবনমদ্বিলাসিত পুলকে হিয়া উলাসিত, অবশ তন্ব অলসিত ম্রছি জন্ যায়। আজু মধু চাদনী প্রাণ-উন্মাদনী, শিথিল সব বাঁধনী, শিথিল ভই লাজ। বচন মৃদ্ব মরমর, কাঁপে রিঝ থরথর, শিহরে তন্ জরজর কুস্মবনমাঝ। মলয় মৃদ্ব কলায়ছে, চরণ নহি চলায়ছে, বচন মৃহু থলায়ছে, অঞ্চল লাটায়। আধফ্ট শতদল বায়্ভরে টলমল আঁখি জন্ব চলচল চাহিতে নাহি চায়। অলকে ফুল কাপিয়ি কপোলে পড়ে ঝাপিয়ি, মধ্য অনলে তাপরি থসরি পড়্ব পার। यत्रे भित्र यन्नमन, यम्ना वर्ट कनकन, হাসে শশি চলচল—ভানু মরি বার॥

শ্যাম, মুখে তব মধ্র অধরমে হাস বিকাশত কায়.
কোন স্বপন অব দেখত মাধব, কহবে কোন হমায়!
নীদ-মেঘ-'পর স্বপন-বিজলি-সম রাধা বিলসত হাসি।
শ্যাম, শ্যাম মম, কৈসে শোধব তুহ্ক প্রেমখণরাশি।
বিহঙ্গ, কাহ তু বোলন লাগলি, শ্যাম ঘুমায় হমারা।
রহ রহ চন্দ্রম, ঢাল ঢাল তব শীতল জোছনধারা।
তারকমালিনী স্বন্দর্যামিনী অবহু ন যাও রে ভাগি--নিরদ্য় রবি অব কাহ তু আওলি, জ্বাললি বিরহক আগি।
ভান্ কহত অব, রবি অতি নিষ্ঠ্র, নলিনমিলন-অভিলামে
কত নরনারীক মিলন টুটাওত, ভারত বিরহহত্তাশে॥

## 20

বাদরবরখন, নীরদগরজন, বিজ্বলীচমকন ঘোর,
উপেথই কৈছে আও তু কুঞা নিতিনিতি মাধব মোর।
ঘন ঘন চপলা চমকয় যব পহ্ন, বজরপাত যব হোয়,
তু'হ্বক বাত তব সমরায় প্রিয়তম, ডর অতি লাগত মোয়।
অঙ্গবসন তব ভাখিত মাধব, ঘন ঘন বরখত মেহ,
ক্ষুদ্র বালি হম, হমকো লাগয় কাহ উপেখবি দেহ।
বইস বইস, পহ্ন, কুসনুমশয়ন-'পর পদযুগ দেহ পসারি।
সিক্ত চরণ তব মোছব যতনে কুজলভার উঘারি।
গ্রান্ত অঙ্গ তব হে ব্রজস্কার, রাখ বক্ষ-'পর মোর।
তন্ব তব ঘেরব প্লিকিত পরশে বাহ্ম্ণালক ডোর।
ভান্ব কহে, ব্কভান্নিক্নী, প্রেমসিক্ষ্ব মম কালা
তোঁহার লাগয় প্রেমক লাগয় সব কছ্ব সহবে জ্বালা॥

#### 78

সখি রে, পিরীত ব্ঝবে কে।
আধার হদরক দ্ঃখকাহিনী বোলব, শ্নবে কে।
রাধিকার অতি অন্তরবেদন কে ব্ঝবে আয়ি সজনী।
কে ব্ঝবে, সখি, রোয়ত রাধা কোন দ্খে দিনরজনী।
কলঙ্ক রটায়ব জনি, সখি, রটাও— কলঙ্ক নাহিক মানি,
সকল তয়াগব লভিতে শ্যামক একঠো আদরবাণী।
মিনতি করি লো সখি, শত শত বার, তু শ্যামক না দিহ গারিশীল মান কুল অপনি, সজনি, হম চরণে দেয়ন্ ডারি।
ব্লাবনকো দ্রভ্জন মান্খ পিরীত নাহিক জানে,
ব্থাই নিন্দা কাহ রটায়ত হমার শ্যামক নামে।

সখি লো,

কলা কনী হম রাধা, সখি লো, ঘৃণা করহ জনি মনমে ন আসিও তব্ কবহু, সজনি লো, হমার অধা ভবনমে। কহে ভান্ অব, ব্রুবে না, সখি, কোহি মরমকো বাত— বিরলে শ্যামক কহিও বেদন বক্ষে রাখরি মাথ॥

36

হম, সঞ্জি, দারিদ নারী। জনম অবধি হম পীরিতি করন্ব, মোচন্ব লোচনবারি। র্প নাহি মম, কছ্ই নাহি গ্ণ, দুখিনী আহির জাতি – নাহি জানি কছু বিলাস-ভঙ্গিম যৌবনগরবে মাতি-অবলা রমণী, ক্রন্ত হৃদয় ভার পীরিত করনে জান। এক নিমিথ পল নির্বাথ শ্যাম জনি, সোই বহুত করি মানি। কুঞ্জপথে যব নির্রাখ সজান হম শ্যামক চরণক চীনা শত শত বেরি ধূলি চুম্বি সখি, রতন পাই জনু দীনা। নিঠুর বিধাতা, এ দুখজনমে মাঙ্ব কি ত্য়া-পাশ। জনম-অভাগী উপেথিতা হম বহুত নাহি করি আশ--দ্র থাকি হম রূপ হেরইব, দুরে শুনইব বাঁশি. দূর দূর রহি সুথে নিরীথিব শ্যামক মোহন হাসি। শ্যামপ্রেয়সি রাধা! সখি লো! থাক সংখে চির্নদন-ত্য়া সুখে হম রোয়ব না স্থি অভাগিনী গুণহীন। আপন দুখে, সখি, হম রোয়ব লো, নিভতে মুছইব বারি। কোহি ন জানব, কোন বিষাদে তন-মন দহে হুমারি। ভান্সিংহ ভনয়ে, শুন কালা, দূৰিনী অবলা বালা--

দ্বিখনী অবলা বালা— উপেখার অতি তিখিনী বাণে না দিহ না দিহ জনলা॥

40

মাধব, না কহ আদরবাণী, না কর প্রেমক নাম।
জানরি মুঝকো অবলা সরলা ছলনা না কর শ্যাম।
কপট, কাহ তুব্ ঝুট বোলসি, পীরিত করিস তু মোর।
ভালে ভালে হম অলপে চিহন, না পতিয়াব রে তোর।
ছিদল-তরী-সম কপট প্রেম-'পর ভারন্ ধব মনপ্রাণ
ডুবন্ ডুবন্ রে ঘোর সায়রে, অব কুত নাহিক তাণ।
মাধব, কঠোর বাত হমারা মনে লাগল কি তোর।
মাধব, কাহ তু মালন করাল মুখ, ক্ষমহ গো কুবচন মোর!
নিদয় বাত অব কবহান বোলব, তুবা মম প্রাণক প্রাণ।
অতিশয় নির্মাম, ব্যথিন্ হিয়া তব ছোড়ায় কুবচনবাণ।
মিটল মান অব— ভান্ হাসতহি হেরই পীরিতলীলা।
কভু অভিমানিনী আদরিণী কভু পীরিতিসাগর বালা॥

সখি লো. সখি লো, নিকর্ণ মাধব মথ্রাপ্র যব যায় कतल विषय अर्ग मानिनी ताथा द्वास्तव ना त्या. ना मित्व वाथा. কঠিন-হিয়া সই হাসয়ি হাসয়ি শ্যামক করব বিদায়। মৃদু মৃদু গমনে আওল মাধা, বয়ন-পান তছু চাহল রাধা, চাহায় রহল স চাহায় রহল— দ৽ড দ৽ড, সাখ, চাহায় রহল— मन्म मन्म, সখि- नरात वर्ल विन्म, विन्म, जलधात। মৃদ্য মৃদ্য হাসে বৈঠল পাশে, কহল শ্যাম কত মৃদ্য মধ্য ভাবে। ট্টায় গ্রহল পণ, ট্টাইল মান, গদগদ আকুল ব্যাকুল প্রাণ, ফুকর্য়ি উছস্য়ি কাঁদিল রাধা— গদগদ ভাষ নিকাশল আধা— শ্যামক চরণে বাহ্ব পসারি কহল, শ্যাম রে, শ্যাম হমারি, রহ তৃত্যু, রহ তৃত্যু, বাধ্যু গো রহ তৃত্যু, অনুখন সাথ সাথ রে রহ পাহ্-তৃত্যু বিনে মাধব, বল্লভ, বান্ধব, আছয় কোন হমার! পড়ল ভূমি-'পর শ্যামচরণ ধরি, রাখল মুখ তছু শ্যামচরণ-'পরি, উছসি উছসি কত কাঁদয়ি কাঁদয়ি রজনী করল প্রভাত। भाषत रियमन, भूम, भय, शामन, কত অশোয়াস-বচন মিঠ ভাষল, ধরইল বালিক হাত। স্থিলো, স্থিলো, বোল ত স্থিলো, যত দুখ পাওল রাধা, নিঠুর শ্যাম কিয়ে আপন মনমে পাওল তছু কছু আধা। হাসয়ি হাসয়ি নিকটে আসয়ি বহুত স প্রবোধ দেল, হাসীয় হাসীয় পলটীয় চাহীয় দ্র দ্র চলি গেল।

78

অব সো মথ্রাপ্রক পন্থমে ই'হ যব রোয়ত রাধা।
মরমে কি লাগল তিলভর বেদন, চরণে কি তিলভর বাধা।
বর্রাথ আঁথিজল ভান্মকহে, অতি দুখের জীবন ভাই।
হাসিবার তর সঙ্গ মিলে বহু কাদিবার কো নাই॥

বার বার, সখি, বারণ করন্ ন যাও মথুরাধাম
বিসরি প্রেমদ্থ রাজভোগ ষথি করত হমারই শ্যাম।
ধিক্ তু'হ্ব দান্তিক, ধিক্ রসনা ধিক্, লইলি কাহারই নাম।
বোল ত সজনি, মথুরা-অধিপতি সো কি হমারই শ্যাম।
ধনকো শ্যাম সো, মথুরাপ্রকো, রাজামানকো হোয়।
নহ পীরিতিকো, রজকামিনীকো, নিচয় কহন্ ময় তোয়।
যব তু'হ্ব ঠারবি সো নব নরপতি জনি রে করে অবমান—
ছিল্লকুস্মসম ঝরব ধরা-'পর, পলকে খোয়ব প্রাণ।
বিসরল বিসরল সো সব বিসরল ব্লাবনস্থসঙ্গ—
নব নগরে, সখি, নবীন নাগর— উপজল নব নব রঙ্গ।
ভান্ কহত, অয়ি বিরহকাতরা, মনমে বাঁধহ থেহ—
মুগুধা বালা, বুঝই বুঝাল না হুমার শ্যামক লেহা।

रम यव ना व्रव, मछनी, নিভত বসন্তানকঞ্জবিতানে আসবে নির্মাল রজনী— মিলনপিপাসিত আসবে যব, সখি, শ্যাম হুমারি আশে, ফুকারবে যব 'রাধা রাধা' মূরলি উরধ শ্বাসে. যব সব গোপিনী আসবে ছুটই যব হম আওব না, যব সব গোপিনী জাগবে চমকই যব হম জাগব না. তব কি কুঞ্জপথ হুমারি আশে হেরবে আকুল শ্যাম। বন বন ফেরই সো কি ফাকারবে 'রাধা রাধা' নাম। না যম্না, সো এক শ্যাম মম, শ্যামক শত শত নারী— হম যব যাও**ব শ**ত শত রাধা **চরণে রহবে** তারি। তবু সখি যম্নে, ষাই নিকুঞ্জে, কাহ তয়াগব দে। इमाति लागि व वृम्नावनस्य कर, र्राथ, त्रायव कि। ভান, কহে চুপি, মানভরে রহ, আও বনে ব্রঞ্জনারী-মিলবৈ শ্যামক থরথর আদর, ব্যর্থর লোচনবারি II

20

কো তুহু বোলবি মোয়!

হদয়-মাহ মঝ্ জাগাস অন্খন. আখ-উপর তুর্হ্ব রচলহি আসন, অরুণ নয়ন তব মরম-সঙে মম

নিমিখ ন অন্তর হোয়।

কো তৃহ্য বোলবি মোয়!

সি।মর্থ ল অন্তর হোর। দে। তুর্ নোলান নোর: হৃদয়কমল তব চরণে টলমল, নয়নযুগল মুম উ**ছলে ছলছল**,

প্রেমপ্রণ তন্ম প্রলকে চলচল

চাহে মিলাইতে তোয়। কৈ তুক্ত বোলবি মোর! বাঁশরিধর্নিন তুহ অমিয় গরল রে, হুদয় বিদারীয় হুদয় হু**রল রে**,

আকুল কার্কাল ভূবন ভরল রে,

উতল প্রাণ উতরোয়। কা তুহ্ বোলবি মোয়! হোর হাসি তব মধ্ঋতু ধাওল, শ্নায় বাশি তব পিককুল গাওল,

বিকল ভ্রমরসম চিভ্রন আওল

চরণকমলযুগ ছোঁয়। কো তৃত্ব বোলবি মোর! গোপবধ্জন বিকশিতযোবন, প্রলকিত ধম্বা, মুকুলিত উপবন,

नील नीत-'श्रत थीत समीत्रण.

পলকে প্রাণমন খোর। কো তু'হ্ব বোলবি মোর! ত্যিত আখি তব মৃখ-'পর বিহরই, মধ্র পরশ তব, রাধা শিহরই,

প্রেমরতন ভরি হৃদয় প্রাণ লাই

পদতলে অপনা থোয়। কো তু'হ্ম বোলবি মোয়! 'কো তু'হ্' 'কো তু'হ্' সবজন প্ৰছিয়ি, অন্দিন সঘন নয়নজল মৃছিয়ি, যাচে ভান্ সব সংশয় ঘ্চয়ি-

জনম চরণ-'পর গোয়। কো তৃ'হ্র বোলবি মোয়॥

# নাট্যগীতি

5

জৰল্জৰল্চিতা, দিগণে দিগণে— পরান স'পিবে বিধবা বালা। জ্বলুক জ্বলুক চিতার আগুন. জ্বভাবে এখনি প্রাণের জ্বালা ॥ শোন্রে যবন, শোন্রে তোরা, যে জৰালা হৃদয়ে জৰালালি সবে সাক্ষী রলেন দেবতা তার— এর প্রতিফল ভূগিতে হবে॥ দেখ্রে জগৎ, মেলিয়ে নয়ন, দেখ্রে চন্দ্রে গগন, ম্বৰ্গ হতে সব দেখো দেবগণ— জ্বলদ্-অক্ষরে রাখো গো লিখে। ম্পার্ধত যবন, তোরাও দেখ্রে, সতীত্ব-রতন করিতে রক্ষণ রাজপুত-সতী আজিকে কেমন স'পিছে পরান অনলাশিখে॥

#### ₹

হৃদয়ে রাখো গো দেবী, চরণ তোমার। এসো মা করুণারানী, ও বিধাবদনখানি হেরি হেরি আঁখি ভরি হেরিব আবার। এসো আদরিনী বাণী, সমুখে আমার॥ মৃদু মৃদু হাসি হাসি বিলাও অমৃতরাশি, আলোয় করেছ আলো, জ্যোতিপ্রতিমা— তুমি গো লাবণ্যলতা, মূর্তি-মধ্রিমা। বসন্তের বনবালা অতুল রূপের ডালা. মারার মোহিনী মেয়ে ভাবের আধার— ঘুচাও মনের মোর সকল আঁধার॥ অদর্শন হলে তুমি তোজি লোকালয়ভূমি অভাগা বেড়াবে কে'দে গহনে গহনে। বিষাদে কবে না কথা, হেরে মোরে তর্গতা বিষয় কুস্মকুল বনফুলবনে।

'হা দেবী' 'হা দেবী' বলি গ্রন্ধার কাঁদিবে অলি, ঝারবে ফুলের চোখে শিশির-আসার— হেরিব জগত শুধ্ব আঁধার— আঁধার॥

0

নীরব রজনী দেখো মগ্ন জোছনায়। ধীরে ধীরে, অতি ধীরে, অতি ধীরে গাও গো॥ ঘ্রুঘোর্মর গান বিভাবরী গায়— রজনীর কণ্ঠ-সাথে স্কণ্ঠ মিলাও গো॥ নীরবতাসিষ্ক,তলে নিশার কহকবলে মগ্ম হয়ে ঘুমাইছে বিশ্বচরাচর---প্রশান্ত সাগরে হেন তরঙ্গ না তলে যেন অধীর উচ্ছত্রাসময় সঙ্গীতের স্বর। তটিনী কী শান্ত আছে— ঘুমাইয়া পড়িয়াছে বাতাসের মৃদৃহস্ত-পরশে এমনি ভলে যদি ঘুমে ঘুমে তটের চরণ চুমে त्म इन्देनधर्वान भारत हमत्क आशीन। তাই বলি, অতি ধীরে, অতি ধীরে গাও গো— রজনীর কণ্ঠ-সাথে সক্রণ্ঠ মিলাও গো।।

8

আঁধার শাখা উজল করি হরিত-পাতা-ঘোমটা পরি
বিজন বনে, মালতীবালা, আছিস কেন ফর্টিরা॥
শোনতে তোরে মনের ব্যথা শর্নতে তোর মনের কথা
পাগল হয়ে মধ্প কভু আসে না হেথা ছর্টিরা॥
মলয় তব প্রণয়-আশে ভ্রমে না হেথা আকুল শ্বাসে,
পায় না চাঁদ দেখিতে ভোর শরমে-মাখা মর্খানি।
শিয়রে তোর বাসয়া থাকি মধ্র ম্বরে বনের পাখি
লভিয়া তোর স্রভিশ্বাস যায় না তোরে বাখানি॥

Ć

কাছে তার যাই যদি কত যেন পায় নিধি,
তব্ হরষের হাসি ফ্টে-ফ্টে ফ্টে না।
কথনো বা মৃদ্ হেসে আদর করিতে এসে
সহসা শরমে বাধে, মন উঠে উঠে না।
রোষের ছলনা করি দ্রের যাই, চাই ফিরি—
চরণ-বারণ-তরে উঠে-উঠে উঠে না।

কাতর নিশ্বাস ফেলি আকুল নামন মেলি
চাহি থাকে, লাজবাঁধ তব্ ট্টে ট্টে না।
বখন ঘ্মায়ে থাকি ম্খপানে মেলি আঁখি
চাহি থাকে, দেখি দেখি সাধ যেন মিটে না।
সহসা উঠিলে জাগি তখন কিসের লাগি
শরমেতে মরে গিয়ে কথা বেন ফ্টে না।
লাজময়ী, তোর চেয়ে দেখি নি লাজ্বক মেয়ে,
প্রেমবরিষার স্রোতে লাজ তব্ ট্টে না॥

b

কে তুমি গো খ্লিয়াছ স্বর্গের দ্য়ার

ঢালিতেছ এত স্থ, ভেঙে গেল— গেল ব্ক—

যেন এত স্থ হলে ধরে না গো আর।

তোমার চরণে দিন্ প্রেম-উপহার—

না যদি চাও গো দিতে প্রতিদান তার

নাই বা দিলে তা মোরে, থাকো হদি আলো করে,

হদয়ে থাকুক জেগে সৌন্দর্য তোমার॥

٩

খেলা কর্, খেলা কর্ তোরা কামিনীকুস্মগ্রিল।
দেখ্ সমীরণ লতাকুজে গিরা কুস্মগ্রনির চিব্রুক ধরিয়া
ফিরায়ে এ ধার, ফিরায়ে ও ধার, দ্ইটি কপোল চুমে বারবার
ম্খানি উঠায়ে তুলি।
তোরা খেলা কর্, তোরা খেলা কর্ কামিনীকুস্মগ্রনি।
কভু পাতা-মাঝে ল্কায়ে ম্খ, কভু বায়্-কাছে খ্লে দে ব্রুক্
মাথা নাড়ি নাড়া কভু নাচ্ বায়্-কোলে দ্বিল দ্বিল।
দ্ব দশ্ড বাচিবি, খেলা তবে খেলা— প্রতি নিমিষেই ফ্রাইছে বেলা.
বসভের কোলে খেলাশ্রান্ড প্রাণ ত্যিভিবি ভাবনা ভূলি॥

У

কত দিন একসাথে ছিন্ ঘ্মঘোরে.
তব্ জানিতাম নাকো ভালোবাসি তোরে।
মনে আছে ছেলেবেলা কত যে খেলেছি খেলা.
কুস্ম তুলেছি কত দ্ইটি আঁচল ভরে।
ছিন্ সুখে যতদিন দ্জনে বিরহহীন
তথন কি জানিতাম ভালোবাসি তোরে!
অবশেষে এ কপাল ভাঙিল যখন,
ছেলেবেলাকার যত ফ্রালো স্বপন,

লইয়া দলিত মন হইন, প্রবাসী— তথন জানিন, সখী, কত ভালোবাসি॥

S

নাচ্ শ্যামা, তালে তালে॥
রুন্ রুন্ ঝুন্ বাজিছে ন্প্র, মৃদ্ মৃদ্ মধ্ উঠে গীতস্ব,
বলরে বলরে বাজে ঝিনি ঝিনি, তালে তালে উঠে করতালিধ্বনি—
নাচ্ শ্যামা, নাচ্ তবে॥
নিরালয় তোর বনের মাঝে সেথা কি এমন ন্প্র বাজে।
এমন মধ্র গান? এমন মধ্র তান?
কমলকরের করতালি হেন দেখিতে পেতিস কবে?—
নাচ্ শ্যামা, নাচ্ তবে॥

50

বিপাশার তীরে দ্রমিবারে যাই, প্রতিদিন প্রাতে দেখিবারে পাই লতা-পাতা-ছেরা জানালা-মাঝারে একটি মধ্র মুখ। চারি দিকে তার ফুটে আছে ফুল- কেহ বা হেলিয়া পরিশছে চুল, দুরেকটি শাখা কপাল ছইয়া, দুরেকটি আছে কপোলে নুইয়া, কেহ বা এলারে চেতনা হারায়ে চুমিয়া আছে চিব্লুক। বসস্তপ্রভাতে লতার মাঝারে মুখানি মধ্র অতি— অধর-দুটির শাসন টুটিয়া রাশি রাশি হাসি পড়িছে ফুটিয়া, দুটি আখি-পরে মেলিছে মিশিছে তরল চপল জ্যোতি॥

22

ব্রেছি ব্রেছি সখা, ভেঙেছে প্রণয়!
ও মিছা আদর তবে না করিলে নয়॥
ও শ্ধ্ বাড়ায় ব্যথা— সে-সব প্রানো কথা
মনে করে দেয় শ্ধ্, ভাঙে এ হদয়॥
প্রতি হাসি প্রতি কথা প্রতি ব্যবহার
আমি যত ব্রিথ তত কে ব্রিথবে আর!
প্রেম যদি ভূলে থাক সতা করে বলো-নাকো—
করিব না ম্হ্তের তরে তিরস্কার॥
আমি তো বলেই ছিন্, ক্ষ্দ্র আমি নারী
তোমার ও প্রণয়ের নহি অধিকারী।
আর-কারে ভালোবেসে স্খী যদি হও শেষে,
তাই ভালোবেসো নাথ, না করি বারণ।
মনে করে মোর কথা মিছে পেয়ো নাকো ব্যথা,
প্রানো প্রেমের কথা কোরো না ক্ষরণ॥

যে ভালোবাস্ক সে ভালোবাস্ক সজনি লো, আমরা কে! দীনহীন এই হৃদয় মোদের কাছেও কি কেহ ভাকে॥
তবে কেন বলো ভেবে মরি মোরা কে কাহারে ভালোবাসে!
আমাদের কিবা আসে যায় বলো কেবা কাঁদে কেবা হাসে!
আমাদের মন কেহই চাহে না, তবে মনথানি লুকানো থাক্—
প্রাণের ভিতরে ঢাকিয়া রাখ্॥

যদি, সখী, কেহ ভূলে মনখানি লয় তুলে, উলটি-পালটি ক্ষণেক ধরিয়া পরখ করিয়া দেখিতে চায়, তথনি ধ্লিতে ছুড়িয়া ফেলিবে নিদার্শ উপেখায়। কাজ কী লো, মন লুকানো থাক্, প্রাণের ভিতরে ঢাকিয়া রাখ্— হাসিয়া থেলিয়া ভাবনা ভূলিয়া হরষে প্রমোদে মাতিয়া থাক্॥

#### 20

সখী, ভাবনা কাহারে বলে। সখী, যাতনা কাহারে বলে।
তোমরা যে বলো দিবস-রন্ধনী 'ভালোবাসা' 'ভালোবাসা'—
সখী, ভালোবাসা কারে কয়! সে কি কেবলই যাতনাময়।
তাহে কেবলই চোথের জল? তাহে কেবলই দ্থের শ্বাস?
লোকে তবে করে কী স্থের তরে এমন দ্থের আশ।
আমার চোথে তো সকলই শোভন
সকলই নবীন, সকলই বিমল, স্নীল আকাশ, শ্যামল কানন,
বিশদ জোছনা, কুস্ম কোমল— সকলই আমারি মতো।
তারা কেবলই হাসে, কেবলই গায়, হাসিয়া খেলিয়া মরিতে চায়—
না জানে বেদন, না জানে রোদন, না জানে সাধের যাতনা যত।
ফ্লুল সে হাসিতে হাসিতে ঝরে, জোছনা হাসিয়া মিলায়ে যায়,
হাসিতে হাসিতে আলোকসাগরে আকাশের তারা তেয়াগে কায়।
আমার মতন স্খী কে আছে। আয় সখী, আয় আমার কাছে—
স্খী হদয়ের স্থেব গান শ্নিয়া তোদের জ্ভাবে প্রাণ।
প্রতিদিন যদি কাদিবি কেবল একদিন নয় হাসিবি তোরা—
একদিন নয় বিষাদ ভলিয়া সকলে মিলিয়া গাহিব মোরা॥

#### 28

বসন্তপ্রভাতে এক মালতীর ফ্ল প্রথম মেলিল আখি তার, চাহিয়া দেখিল চারি ধার॥ উষারানী দাড়াইয়া শিয়রে তাহার দেখিছে ফ্লের ঘ্ম-ভাঙা। হরষে কপোল তার রাঙা॥ মধ্কর গান গেয়ে বলে, 'মধ্কই। মধ্দাও দাও।' হরষে হৃদয় ফেটে গিয়ে ফুল বলে, 'এই লও লও।' বায় আসি কহে কানে কানে, 'ফ্লবালা, পরিমল দাও।' আনন্দে কাঁদিয়া কহে ফ্ল, 'যাহা আছে সব লয়ে যাও।' হরষ ধরে না তার চিতে, আপনারে চায় বিলাইতে, বালিকা আনন্দে কুটি-কুটি পাতায় পাতায় পড়ে ল্বটি॥

### 36

তর্তলে ছিল্লব্স্ত মালতীর ফ্ল ম্দিয়া অসিছে অখি তার, চাহিয়া দেখিল চারি ধার॥ শৃষ্ক তৃণরাশি-মাঝে একেলা পড়িয়া, চারি দিকে কেহ নাই আর— নিরদয় অসীম সংসার॥ কে আছে গো দিবে তার তৃষিত অধরে একবিন্দ্ শিশিরের কণা— কেহ না, কেহ না॥ মধ্কর কাছে এসে বলে, 'মধ্ কই। মধ্ চাই, চাই।' ধীরে ধীরে নিশ্বাস ফোলয়া ফ্ল বলে, 'কিছ্ নাই, নাই।' ফ্লবালা, পরিমল দাও' বায়ু আসি কহিতেছে কাছে। মলিন বদন ফিরাইয়া ফ্ল বলে, 'আর কী বা আছে।' মধ্যহিকরণ চারি দিকে খরদ্নেট চেয়ে অনিমিথে— ফ্লটির মৃদ্ প্রাণ হায়,

## 20

ষোগী হে, কে তুমি হাদ-আসনে! বিভৃতিভূষিত শৃত্ৰ দেহ, নাচিছ দিকবসনে॥ মহা-আনন্দে প্ৰক কায়, গঙ্গা উথলি উছলি যায়, ভালে শিশ্ৰশশী হাসিয়া চায়— জটাজ্ট ছায় গগনে॥

#### 29

ভিক্ষে দে গো, ভিক্ষে দে।
দারে দারে বেড়াই ঘুরে, মুখ তুলে কেউ চাইলি নে।
লক্ষ্মী তোদের সদয় হোন, ধনের উপর বাড়্ক ধন
একটি মুঠো অল চাই গো, তাও কেন পাই নে।
ওই রে সূর্য উঠল মাখায়, যে যার ঘরে চলেছে।
পিপাসাতে ফাটছে ছাতি, চলতে আর যে পারি নে।
ওরে ভোদের অনেক আছে, আরো অনেক হবে—
একটি মুঠো দিবি শুধ্ব আর কিছ্ব চাহি নে।

আমি

আয় রে আয় রে সাঁঝের বা, লতাটিরে দ্বলিয়ে যা—
ফ্লের গন্ধ দেব তোরে আঁচলটি তোর ভরে ভরে॥
আয় রে আয় রে মধ্কর, ভানা দিয়ে বাতাস কর্—
ভোরের বেলা গ্নৃগ্রনিয়ে ফ্লের মধ্ যাবি নিয়ে॥
আয় রে চাঁদের আলো আয়, হাত ব্লিয়ে দে রে গায়
পাতার কোলে মাথা থুয়ে ঘ্রমিয়ে পড়বি শুয়ে শুয়ে।
পাশি রে, তুই কোস্নে কথা— ওই-যে ঘ্রমিয়ে পল লতা॥

22

প্রিয়ে, তোমার ঢে° কি হলে বেতেম বে° চে রাঙা চরণতলে নেচে নেচে॥ ঢিপ্টিপিয়ে যেতেম মারা, মাথা খ'ড়ে হতেম সারা— কানের কাছে কচ্কচিয়ে মার্মাট তোমার নিতেম যেচে॥

20

কথা কোস্নে লো রাই, শ্যামের বড়াই বড়ো বেড়েছে।
কে জানে ও কেমন করে মন কেড়েছে॥
শৃধ্ব ধীবে বাজায় বাঁশি, শৃধ্ব হাসে মধ্র হাসি—
গোপিনীদের হদয় নিয়ে তবে ছেড়েছে॥

25

ওই জানালার কাছে বসে আছে করতলে রাখি মাথা—
তার কোলে ফ্লুল পড়ে রয়েছে, সে যে ভূলে গেছে মালা গাঁথা॥
শৃংধ্ব ঝুর্ ঝুর্ বায়্ বহে যায়, তার কানে কানে কী যে কহে যায়—
তাই আধাে শৃংয় আধাে বসিয়ে ভাবিতেছে কত কথা॥

চোথের উপরে মেঘ ভেসে যায়, উড়ে উড়ে যায় পাখি—
সারা দিন ধরে বকুলের ফ্লুল ঝরে পড়ে থাকি থাকি।
মধ্র আলস, মধ্র আবেশ, মধ্র ম্থের হাসিটি—
মধ্র স্বপনে প্রাণের মাঝারে বাজিছে মধ্র বাঁশিটি॥

२२

সাধ করে কেন, সথা, ঘটাবে গেরো।
এই বেলা মানে-মানে ফেরো ফেরো।
পলক যে নাই আখির পাতায়,
তোমার মনটা কি খরচের খাতায়—

হাসি ফাঁসি দিয়ে প্রাণে বে'থেছে গেরো। স্থা, ফেরো ফেরো॥

20

ধীরে ধীরে প্রাণে আমার এসো হে,
মধ্বর হাসিয়ে ভালোবেসো হে॥
হৃদয়কাননে ফ্ল ফ্টাও। আধো নয়নে সখী, চাও চাও—
পরান কাঁদিয়ে দিয়ে হাসিখানি হেসো হে॥

\$8

তুমি আছ কোন্পাড়া? তোমার পাই নে যে সাড়া।
পথের মধ্যে হাঁ করে যে রইলে হে খাড়া।।
রোদে প্রাণ যায় দ্বপ্র বেলা, ধরেছে উদরে জ্বালা—
এর কাছে কি হৃদয়জ্বালা।
তোমার সকল স্থিচছাড়া॥
রাঙা অধর, নয়ন কালো ভরা পেটেই লাগে ভালো—
এথন পেটের মধ্যে নাড়ীগ্রলো দিয়েছে তাড়া॥

26

দেখো ওই কে এসেছে।— চাও সখাঁ, চাও। আকুল পরান ওর আমিহিঙ্গোলে নাচাও।— সখাঁ, চাও॥ তৃষিত নয়ানে চাহে মুখ-পানে, হাসিসুধা-দানে বাঁচাও।— সখাঁ, চাও॥

26

ভালো যদি বাস, সখাঁ, কাঁ দিব গো আর—
কবির হৃদয় এই দিব উপহার ॥
এত ভালোবাসা, সখাঁ, কোন্ হদে বলো দেখি—
কোন্ হদে ফ্টে এত ভাবের কুস্মভার ॥
তা হলে এ হৃদিখামে তোমারি তোমারি নামে
বাজিবে মধ্র স্বরে মরণবাঁণার তার।
যা-কিছু গাহিব গান ধর্নিবে তোমারি নাম—
কাঁ আছে কবির বলো, কাঁ তোমারে দিব আর॥

ও কেন ভালোবাসা জানাতে আসে ওলো সজনী। হাসি খেলি রে মনের স্থে, ও কেন সাথে ফেরে আঁধার-মুখে দিনরজনী॥

## 5 R

ভালোবাসিলে যদি সে ভালো না বাসে কেন সে দেখা দিল। মধ্য অধরের মধ্র হাসি প্রাণে কেন বর্রাবল। দাঁড়িয়ে ছিলেম পথের ধারে, সহসা দেখিলেম তারে— নয়ন দুটি তুলে কেন মুখের পানে চেয়ে গেল॥

## 25

হা, কে বলে দেবে সে ভালোবাসে কি মোরে।
কভু বা সে হেসে চার, কভু মুখ ফিরারে লয়,
কভু বা সে লাজে সারা, কভু বা বিষাদময়ী—
যাব কি কাছে তার। শুধাব চরণ ধরে?

00

কেন রে চাস ফিরে ফিরে, চলে আয় রে চলে আয়।
এরা প্রাণের কথা বোঝে না যে, হৃদয়কুসমুম দলে যায়॥
হেসে হেসে গেয়ে গান দিতে এসেছিলি প্রাণ,
নয়নের জল সাথে নিয়ে চলে আয় রে চলে আয়॥

02

প্রমোদে ঢালিয়া দিন্ব মন, তব্ প্রাণ কেন কাঁদে রে।
চারি দিকে হাসিরাশি, তব্ প্রাণ কেন কাঁদে রে।
আন্ সখী, বীণা আন্, প্রাণ খ্লে কর্ গান,
নাচ্ সবে মিলে ঘিরি ঘিরি ঘিরিয়ে—
তব্ প্রাণ কেন কাঁদে রে॥
বীণা তবে রেখে দে, গান আর গাস নে—
কেমনে যাবে বেদনা।
কাননে কাটাই রাতি, তুলি ফ্ল মালা গাঁথি,
জোছনা কেমন ফ্টেছে—
তব্ন প্রাণ কেন কাঁদে রে॥

সখা, সাধিতে সাধাতে কত স্থ তাহা ব্ৰিলে না তুমি— মনে রয়ে গেল দৃখ॥ অভিমান-আখিজল, নয়ন ছলছল— মুছাতে লাগে ভালো কত তাহা ব্ৰিলে না তুমি— মনে রয়ে গেল দৃখ॥

90

এত ফুল কে ফোটালে কাননে! লতাপাতায় এত হাসি -তরঙ্গ মরি কে ওঠালে॥ সজনীর বিয়ে হবে ফুলেরা শ্নেছে সবে— সে কথা কে রটালে॥

98

আমাদের সখীরে কে নিয়ে বাবে রে—
তারে কেড়ে নেব, ছেড়ে দেব না— না— না।
কে জানে কোথা হতে কে এসেছে।
কেন সে মোদের সখী নিতে আসে— দেব না॥
সখীরা পথে গিয়ে দাঁড়াব, হাতে তার ফুলের বাঁধন জড়াব,
বে'ধে তায় রেখে দেব কুসুমবনে— সখীরে নিয়ে যেতে দেব না॥

0.0

কোথা ছিল সজনী লো.
মোরা যে তোরি তরে বসে আছি কাননে।
এসো সখী, এসো হেথা বিস বিজনে
আখি ভরিয়ে হেরি হাসিম্খানি॥
সাজাব সখীরে সাধ মিটারে,
ঢাকিব তন্খানি কুস্মেরই ভূষণে।
গগনে হাসিবে বিধ্, গাহিব মৃদ্ মৃদ্—
কাটাব প্রমোদে চাদিনী যামিনী॥

06

ও কী কথা বল সখী, ছি ছি, ও কথা মনে এনো না ৷ আজি এ স্থের দিনে জগত হাসিছে, হেরো লো দশ দিশি হরষে ভাসিছে— আজি ও দ্বান মুখ প্রাণে যে সহে না।
সূখের দিনে, সখী, কেন ও ভাবনা॥

99

মধ্র মিলন।
হাসিতে মিলেছে হাসি, নয়নে নয়ন॥
মরমের মৃদ্ বাণী মরমর মরমে,
কপোলে মিলার হাসি স্মধ্র শরমে— নয়নে স্বপন॥
তারাগালি চেরে আছে, কুস্ম গাছে গাছে—
বাতাস চুপিচুপি ফিরিছে কাছে কাছে।
মালাগালি গে'থে নিয়ে, আড়ালে লাকাইরে
সখীরা নেহারিছে দোহার আনন—
হেসে আকুল হল বকুলকানন, আমরি মরি॥

OF

মা, একবার দাঁড়া গো হেরি চন্দ্রানন। আঁধার করে কোপায় যাবি, শ্ন্য ভবন॥ মধ্র মুখ হাসি-হাসি অমিয়া রাশি-রাশি, মা— ও হাসি কোপায় নিয়ে যাস রে। আমরা কী নিয়ে জুড়াব জীবন॥

97

80

ওই আঁখি রে! ফিরে ফিরে চেয়ো না, চেয়ো না, ফিরে বাও— কী আর রেখেছ বাকি রে॥ মরমে কেটেছ সি'ধ, নয়নের কেড়েছ নিদ— কী সুখে পরান আর রাখি রে॥

আজ আসবে শ্যাম গোকুলে ফিরে।
আবার বাজবে বাশি যম্নাতীরে॥
আমরা কী করব। কী বেশ ধরব।
কী মালা পরব। বাঁচব কি মরব স্থে।
কী তারে বলব! কথা কি রবে ম্থে।
শ্ধ্ তার ম্থপানে চেয়ে চেয়ে
দাঁড়ায়ে ভাসব নয়ননীরে॥

88

80

ঝর ঝর রক্ত ঝরে কাটা মৃশ্ডু বেয়ে। ধরণী রাঙা হল রক্তে নেয়ে॥ ডাকিনী নৃত্য করে প্রসাদ -রক্ত-তরে---তৃষিত ভক্ত তোমার আছে চেয়ে॥

88

উলিকনী নাচে রণরক্ষে। আমরা ন্ত্য করি সঙ্গে॥
দশ দিক আঁধার করে মাতিল দিক্-বসনা,
জনলে বহিশিখা রাঙা রসনা—
দেখে মরিবারে ধাইছে পতক্ষে॥
কালো কেশ উড়িল আকাশে,
রবি সোম লাকালো তরাসে।
রাঙা রক্তধারা ঝরে কালো অকে—

ত্রিভূবন কাঁপে ভূর্ভেক।

84

থাকতে আর তো পারলি নে মা, পারলি কই। কোলের সম্ভানেরে ছাড়লি কই॥ দোষী আছি অনেক দোৰে, ছিলি বসে ক্ষণিক রোবে— মুখ তো ফিরালি শেষে। অভয় চরণ কাড়লি কই॥

#### 80

খাঁচার পাখি ছিল সোনার খাঁচাটিতে, বনের পাখি ছিল বনে।
একদা কী করিরা মিলন হল দোঁহে, কী ছিল বিধাতার মনে।
বনের পাখি বলে, 'খাঁচার পাখি ভাই, বনেতে যাই দোঁহে মিলে।'
খাঁচার পাখি বলে, 'বনের পাখি আয়, খাঁচায় থাকি নিরিবিলে।'
বনের পাখি বলে, 'না, আমি শিকলে ধরা নাহি দিব।'
খাঁচার পাখি বলে, 'হায়, আমি কেমনে বনে বাহিরিব।'

বনের পাখি গাহে বাহিরে বাস বাস বনের গান ছিল যত,
খাঁচার পাখি গাহে শিখানো বুলি তার— দোঁহার ভাষা দুইমত।
বনের পাখি বলে, 'খাঁচার পাখি ভাই, বনের গান গাও দেখি।'
খাঁচার পাখি বলে, 'বনের পাখি ভাই, খাঁচার গান লহাে শিখি।'
বনের পাখি বলে, 'না. আমি শিখানো গান নাহি চাই।'
খাঁচার পাখি বলে, 'হার, আমি কেমনে বনগান গাই।'

বনের পাখি বলে, আকাশ ঘন নীল কোথাও বাধা নাহি তার।
খাঁচার পাখি বলে, খাঁচাটি পরিপাটি কেমন ঢাকা চারি ধার।
বনের পাখি বলে, 'আপনা ছাড়ি দাও মেঘের মাঝে একেবারে।'
খাঁচার পাখি বলে, 'নিরালা কোণে বসে বাঁধিয়া রাখো আপনারে।'
বনের পাখি বলে, 'না, সেথা কোথায় উড়িবারে পাই!'
খাঁচার পাখি বলে, 'হায়, মেষে কোথায় বাঁসবার ঠাঁই।'

এমনি দুই পাখি দোঁহারে ভালোবাসে, তব্ও কাছে নাহি পার। খাঁচার ফাঁকে ফাঁকে পরশে মুখে মুখে, নীরবে চোখে চোখে চার। দুজনে কেহ কারে ব্রিক্তে নাহি পারে, ব্রুক্তে নারে আপনার। দুজনে একা একা ঝাপটি মরে পাখা, কাতরে কহে, 'কাছে আর!' বনের পাখি বলে, 'না, কবে খাঁচার রুমি দিবে দ্বার!' খাঁচার পাখি বলে, 'হার, মোর শক্তি নাহি উড়িবার।'

#### 89

একদা প্রাতে কুজাতলে অন্ধ বালিকা প্রস্পুটে আনিরা দিল প্রত্পুমালিকা॥ কন্ঠে পরি অগ্রন্থলে ভরিল নরনে, বক্ষে লরে চুমিন্ ভার রিন্ধ বরনে॥ কহিন্ ভারে, 'অন্ধকারে দাঁড়ারে রমণী, কী ধন তুমি করিছ দান না জানো আপনি। প্ৰেপসম অন্ধ তুমি অন্ধ বালিকা, দেখ নি নিজে মোহন কী যে তোমার মালিকা।'

B¥

কেন নিবে গেল বাতি। আমি অধিক ষতনে ঢেকেছিন, তারে জাগিয়া বাসররাতি, তাই নিবে গেল বাতি॥

কেন ঝরে গেল ফ্ল। আমি বক্ষে চাপিয়া ধরেছিন, তারে চিন্তিত ভয়াকুল, তাই ঝরে গেল ফ্ল॥

কেন মরে গেল নদী। আমি বাঁধ বাঁধি তারে চাহি ধরিবারে পাইবারে নিরবাধ, তাই মরে গেল নদী॥

কেন ছি'ড়ে গেল তার। আমি অধিক আবেগে প্রাণপণ বলে দিয়েছিন ঝঙকার, তাই ছি'ড়ে গেল তার॥

82

তুমি পড়িতেছ হেসে তরকের মতো এসে
হদয়ে আমার।
যৌবনসম্দুমাঝে কোন্ প্রিমায় আজি
এসেছে জোরার।
উচ্চল পাগল নীরে তালে তালে ফিরে ফিরে
এ মোর নিজন তারে কী খেলা তোমার!
মোর সর্ব বন্ধ জন্ডে কত নাত্যে কত সনুরে
এস কাছে যাও দরে শতলক্ষবার॥

কুস্মের মতো দ্বাসি পড়িতেছ খসি খসি
মোর বক্ষাপরে
গোপন শিশিরছলে বিন্দ্ বিন্দ্ অগ্রাক্তলে
প্রাণ সিক্ত করে।
নিঃশব্দ সৌরভরাশি পরানে পশিছে আসি
স্থাস্বপ্ন পরকাশি নিভৃত অন্তরে।
পরশপ্লকে ভোর চোখে আসে ব্যাধাের,
তোমার চুম্বন মোর স্বাক্তে সঞ্রের।

আজি উম্মাদ মধ্বিনশি ওগো চৈত্রনিশীথশশী।
তুমি এ বিপ্লে ধরণীর পানে কী দেখিছ একা বসি
চৈত্রনিশীথশশী॥

কত নদীতীরে কত মন্দিরে কত বাতায়নতলে কত কানাকানি, মন-জানাজানি, সাধাসাধি কত ছলে। শাখা-প্রশাধার বার-জানালার আড়ালে আড়ালে পশি কত স্থাদ্ধ কত কোতৃক দেখিতেছ একা বসি চৈচনিশীথশশী॥

মোরে দেখো চাহি—কেহ কোথা নাহি, শ্নাভবনছাদে নৈশ পবন কাঁদে। তোমারি মতন একাকী আপনি চাহিয়া রয়েছি বসি চৈচনিশীথশশী॥

65

সে আসি কহিল, 'প্রিয়ে, মূখ তুলে চাও।'
দুবিষয়া তাহারে রুবিষয়া কহিন্, 'বাও!'
সখী ওলো সখী, সত্য করিয়া বলি, তব্ সে গেল না চলি।

দাঁড়ালো সম্খে, কহিন্ ভাহারে, 'সরো!' ধরিল দ্ হাত, কহিন্, 'আহা, কী কর!' সখী ওলো সখী, মিছে না কহিব ভোৱে, তব্যু ছাড়িল না মোরে।

শ্রতিম্লে মুখ আনিল সে মিছিমিছি।
নয়ন বাঁকায়ে কহিন্ তাহারে, 'ছি ছি!'
সথী ওলো সখী, কহি লো শপথ করে, তবু সে গেল না সরে।

অধরে কপোল পরশ করিল তব্। কাঁপিয়া কহিন্, 'এমন দেখি নি কভূ।' স্থী ওলো স্থী, একি তার বিকেনা, তব্ মুখ ফিরালো না।

আপন মালাটি আমারে পরায়ে দিল।
কহিন্ তাহারে, মালায় কী কাজ ছিল!'
স্থী ওলো স্থা, নাহি তার লাজ ভয়, মিছে তারে অন্নর।

আমার মালাটি চলিল গলায় লয়ে।
চাহি তার পানে রহিন্ অবাক হয়ে।
সখী ওলো সখী, ভাসিতেছি আঁখিনীরে— কেন সে এল না ফিরে॥

### 65

এ কি সতা সকলই সতা, হে আমার চিরভক্ত॥
মোর নয়নের বিজন্নি-উজল আলাে
বেন ঈশান কােণের ঝিটকার মতাে কালাে এ কি সতা।
মোর মধ্র অধর বধ্র নবীন অনুরাগ-সম রক্ত হে আমার চিরভক্ত. এ কি সতা॥

অতুল মাধ্রী ফ্টেছে আমার মাঝে,
মোর চরণে চরণে স্থাসঙ্গীত বাজে এ কি সতা।
মোরে না হেরিয়া নিশির শিশির ঝরে,
প্রভাত-আলোকে প্লক আমারি তরে এ কি সতা।
মোর তপ্তকপোল-প্রশে-অধীর সমীর মদিরমত্ত
হে আমার চিরভক্ত, এ কি সতা॥

#### 40

এবার চলিন্ম তবে।
সময় হয়েছে নিকট, এখন বাঁধন ছি'ড়িতে হবে।
উচ্ছল জল করে ছলছল,
জ্যাগিয়া উঠেছে কলকোলাহল,
তরণীপতাকা চলচগুল কাঁপিছে অধীর রবে।
সময় হয়েছে নিকট, এখন বাঁধন ছি'ড়িতে হবে॥

আমি নিষ্ঠার কঠিন কঠোর, নির্মাম আমি আছি।
আর নাই দেরি, ভৈরবভেরী বাহিরে উঠেছে বাজি।
তুমি ঘুমাইছ নিমীলনরনে,
কাঁপিয়া উঠিছ বিরহস্বপনে,
প্রভাতে জাগিয়া শ্না শ্রনে কাঁদিয়া চাহিয়া রবে।
সময় হয়েছে নিকট, এখন বাঁধন ছি'ড়িতে হবে॥

অর্ণ তোমার তর্ণ অধর, কর্ণ তোমার আঁখি— অমিষরচন সোহাগবচন অনেক রয়েছে বাকি। পাখি উড়ে যাবে সাগরের পার, স্থমর নীড় পড়ে রবে তার, মহাকাশ হতে ওই বারে-বার আমারে ডাকিছে সবে। সময় হয়েছে নিকট, এখন বাঁধন ছিণ্ডিতে হবে॥ বিশ্বজগৎ আমারে মাগিলে কে মোর আত্মপর।
আমার বিধাতা আমাতে জাগিলে কোথার আমার ধর।
কিসেরই বা স্থ, ক' দিনের প্রাণ!
ওই উঠিয়াছে সংগ্রামগান,
অমর মরণ রক্তচরণ নাচিছে সগোরবে।
সময় হয়েছে নিকট, এখন বাধন ছিড়িতে হবে॥

#### 48

বন্ধ্ৰ,

কিসের তরে অশ্র ঝরে, কিসের লাগি দীর্ঘশ্বাস। হাসামুখে অদুভেটরে করব মোরা পরিহাস। রিক্ত যারা সর্বহারা সর্বজ্ঞরী বিশ্বে তারা, গর্বময়ী ভাগ্যদেবীর নয়কো তারা ক্রীতদাস। হাসামুখে অদুভেটরে করব মোরা পরিহাস॥

আমরা সুখের স্ফীত বুকের ছায়ার তলে নাহি চরি আমরা দুখের বকু মুখের চকু দেখে ভর না করি। ভগ্ন ঢাকে যথাসাধ্য ব্যক্তিয়ে যাব জরবাদ্য, ছিল্ল আশার ধ্বজা তুলে ভিল্ল করব নীলাকাশ। হাসামুখে অদুষ্টেরে করব মোরা পরিহাস॥

হে অলক্ষ্মী, রুক্ষকেশী, তুমি দেবী অচণ্ডলা।
তোমার রীতি সরল অতি, নাহি জানো ছলাকলা।
জনালাও পেটে অগ্নিকণা নাইকো তাহে প্রতারণা,
টানো যখন মরণ-ফাঁসি বল নাকো মিন্টভাষ।
হাসামুখে অদুন্টেরে করব মোরা পরিহাস॥

ধরার বারা সেরা সেরা মানুষ তারা তোমার ঘরে।
তাদের কঠিন শ্যাখানি তাই পেতেছ মোদের তরে।
আমরা বরপুত্র তব যাহাই দিবে তাহাই লব,
তোমায় দিব ধন্যধননি মাথায় বহি সর্বনাশ।
হাসামুখে অদুষ্টেরে করব মোরা পরিহাস॥

যৌবরাজ্যে বসিয়ে দে মা, লক্ষ্মীছাড়ার সিংহাসনে।
ভাঙা কুলোয় কর্ক পাখা তোমার যত ভ্তাগণে।
দক্ষ ভালে প্রলয়শিখা দিক্মা, একে তোমার টিকা,
পরাও সম্জা লম্জাহারা— জীর্ণকন্থা ছিল্লবাস।
হাস্যমুখে অদুষ্টেরে করব মোরা পরিহাস॥

লুকোক তোমার ডখ্কা শুনে কপট স্থার শ্ন্য হাসি। পালাক ছুটে পুদ্ধ তুলে মিধ্যে চাট্ মক্কা-কাশী। আত্মপরের-প্রভেদ-ভোলা জীর্ণ দ্যোর নিত্য খোলা, থাকবে তুমি থাকব আমি সমানভাবে বারো মাস। হাস্যম্থে অদ্ভেটরে করব মোরা পরিহাস॥

শংকা-তরাস লংজা-শরম চুকিয়ে দিলেম স্থৃতি-নিশে। ধ্বলা সে তোর পায়ের ধ্বলো তাই মেখেছি ভক্তব্দে। আশারে কই, 'ঠাকুরানী, তোমার খেলা অনেক জানি, যাহার ভাগ্যে সকল ফাঁকি তারেও ফাঁকি দিতে চাস।' হাস্যমুখে অদ্ভেটরে করব মোরা পরিহাস॥

মৃত্যু বেদিন বলবে 'জাগো, প্রভাত হল তোমার রাতি' নিবিয়ে ধাব আমার ঘরের চন্দ্র স্থা দ্টো বাতি। আমরা দোহে ঘোষাঘোষি চিরদিনের প্রতিবেশী, বন্ধভাবে কপ্টে সে মোর জড়িয়ে দেবে বাহ্পাশ—বিদায়কালে অদ্ভের করে যাব পরিহাস॥

đ đ

ভাঙা দেউলের দেবতা,
তব বন্দনা রচিতে, ছিল্লা বাণার তন্দ্রী বিরতা।
সন্ধ্যাণগনে ঘোষে না শৃঙ্খ তোমার আরতিবারতা।
তব মন্দির স্থিরগন্তীর, ভাঙা দেউলের দেবতা॥
তব জনহান ভবনে

থেকে থেকে আসে ব্যাকুল গন্ধ নববসন্তপবনে। যে ফুলে রচে নি প্জার অর্ব্য, রাখে নি ও রাঙা চরণে,

বে ক্লের রচে । ব স্ঞার অব ), রাবে । ন ও রাঙা চর্চে সে ফ্ল ফোটার আসে সমাচার জনহীন ভাঙা ভবনে॥ প্রাহীন তব প্রার

কোথা সারা দিন ফিরে উদাসীন কার প্রসাদের ভিথারি। গোধ্লিবেলার বনের ছায়ায় চির-উপবাস-ভূথারি ভাঙা মন্দিরে আসে ফিরে ফিরে প্জাহীন তব প্রারি॥ ভাঙা দেউলের দেবতা

কত উৎসব হইল নীরব, কত প্জানিশা বিগতা। কত বিষয়ায় নবীন প্রতিমা কত যায় কত কব তা— শুখ্য চিরদিন থাকে সেবাহীন ভাঙা দেউলের দেবতা॥

66

যদি জোটে রোজ এমনি বিনি পয়সায় ভোজ! ডিশের পরে ডিশ

শ্ধ্ মটন কারি ফিশ,
সঙ্গে তারি হুইস্কি-সোডা দ্-চার রয়াল ডোজ।
পরের তহবিল
চোকায় উইল্সনের বিল—
থাকি মনের সুথে হাসামুখে, কে কার রাখে খোজ॥

49

অভয় দাও তো বলি আমার
wish কী—
একটি ছটাক সোডার জলে
পাকী তিন পোয়া হ্ইম্কি॥

#### & W

কত কাল রবে বল ভারত রে,

শব্ধ ডাল ভাত জল পথা করে।

দেশে অল্লজলের হল ঘোর অনটন—

ধর হৃইদ্কি-সোভা আর ম্র্রার্গ-মটন।

যাও ঠাকুর, চৈতন-চূট্কি নিরা—

এস দাড়ি নাড়ি কলিমান্দি মিরা॥

43

কী জানি কী ভেবেছ মনে
খুলে বলো ললনে।
কী কথা হায় ভেসে যায়
ওই ছলোছলো নয়নে॥

90

পাছে চেরে বসে আমার মন, আমি তাই ভরে ভরে থাকি। পাছে চোখে চোখে পড়ে বাঁধা, আমি তাই তো তুলি নে আঁখি॥

65

বড়ো থাকি কাছাকাছি তাই ভরে ভরে আছি। নয়ন বচন কোথায় কখন বাজিলে বাঁচি না-বাঁচি॥

62

ষারে মরণ-দশায় ধরে
সে ষে শতবার করে মরে।
পাড়া পতঙ্গ যত পোড়ে
তত আগ্মনে ঝাঁপিয়ে পড়ে॥

80

দেখব কে তোর কাছে আসে—
তুই রবি একেশ্বরী,
একলা আমি রইব পাশে॥

68

তুমি আমায় করবে মন্ত লোক— দেবে লিখে রাজার টিকৈ প্রসন্ন ওই চোখ।

96

চির-পর্রানো চাঁদ, চিরদিবস এমনি থেকো আমার এই সাধ॥ প্রোনো হাসি প্রানো স্থা মিটার মম প্রোনো ক্ষ্যা– ন্তন কোনো চকোর যেন পায় না প্রসাদ॥

স্বর্গে তোমায় নিয়ে যাবে উড়িয়ে— পিছে পিছে আমি চলব খ্রিড়িয়ে, ইচ্ছা হবে টিকির ডগা ধরে বিষ্ফুদ্তের মাথাটা দিই গ্রিড়িয়ে॥

49

ভূলে ভূলে আজ ভূলময়। ভূলের লতায় বাতাসের ভূলে ফ্লে ফ্লে হোক ফ্লেময়। আনন্দ-ঢেউ ভুলের সাগরে উছলিয়া হোক ক্লময়॥

& W

সকলই ভূলেছে ভোলা মন। ভোলে নি, ভোলে নি শা্ধ্ ওই চন্দ্রানন॥

65

পোড়া মনে শাধা পোড়া মাখখানি জাগে রে। এত আছে লোক, তবা পোড়া চোখে আর কেহ নাহি লাগে রে॥

90

বিরহে মরিব বলে ছিল মনে পণ, কে তোরা বাহুতে বাঁধি করিলি বারণ॥ ভেবেছিন্ অগ্র্জলে ডুবিব অক্লতলে— কাহার সোনার তরী করিল তারণ॥

95

কার হাতে যে ধরা দেব, প্রাণ.
তাই ভাবতে বেলা অবসান॥
ভান দিকেতে তাকাই যখন বাঁরের লাগি কাঁদে রে মন—
বাঁরের লাগি ফিরলে তখন দক্ষিণেতে পড়ে টান॥

92

ওগো হৃদয়বনের শিকারী, মিছে তারে জালে ধরা যে তোমারি ভিথারি। সহস্রবার পায়ের কাছে আপনি যেজন মরে আছে নয়নবাণের খোঁচা খেতে সে যে অন্যিকারী॥

90

ওগো দরামরী চোর, এত দরা মনে তোর! বড়ো দরা করে কণ্ঠে আমার জড়াও মারার ডোর। বড়ো দরা করে চুরি করে লও শ্না হৃদর মোর॥

চলেছে ছুটিয়া পলাতকা হিয়া বেগে বহে শিরাধমনী। হায় হায় হায়, ধরিবারে তায় পিছে পিছে ধায় রমণী॥ বায়্বেগভরে উড়ে অঞ্চল, লটপট বেণী দুলে চঞ্চল— একি রে রঙ্গ! আকুল-অঙ্গ ছুটে কুরঙ্গগমনী॥

96

আমি কেবল ফ্বল জোগাব তোমার দ্বিট রাঙা হাতে। ব্দ্বি আমার খেলে নাকো পাহারা বা মন্ত্রণাতে॥

96

মনোমন্দিরস্করণ মান্ধরীর গ্রার প্রার প্রার প্রার্থনা চলচপ্রলা । আয় মঞ্জ্রা ম্রার্থরী!
রোষার্গরাগরিঞ্জতা! বিশ্বম-ভূর্-ভঞ্জিতা!
গোপন-হাস্য -কুটিল-আস্য কপটকলহগাঞ্জতা!
সম্প্রোচনত-অক্সিনী! ভয়ভঙ্গরভিগ্ননী!
চিকিত চপল নবকুরঙ্গ যৌবনবনরিঙ্গণী!
আয় খলছলগ্রিতা! মধ্করভরকৃতিতা
ল্ব্ধ-পবন -ক্ষ্ক-শেলভন মল্লিকা অবল্রিতা!
চুম্বনধনবিঞ্ননী দ্রর্হগর্বমঞ্চিনী!
র্ক্বকোরক -সঞ্চিত-মধ্য কঠিনকনককঞ্জিনী॥

#### 99

তোমার কটি-তটের ধটি কে দিল রাভিয়া—
কোমল গায়ে দিল পরায়ে রভিন আভিয়া।
বিহানবেলা আভিনাতলে এসেছ তুমি কী খেলাছলে—
চরণ দ্টি চলিতে ছ্টি পড়িছে ভাভিয়া।
তোমার কটি-তটের ধটি কে দিল রাভিয়া।

কিসের স্থে সহাস ম্থে নাচিছ বাছনি—
দ্যার-পাশে জননী হাসে হেরিয়া নাচনি।
তাথেই-থেই তালির সাথে কাঁকন বাজে মায়ের হাতে—
রাথাল-বেশে ধরেছ হেসে বেণ্র পাঁচনি।
কিসের স্থে সহাস মুখে নাচিছ বাছনি।

নিখিল শোনে আকুল-মনে ন্প্র-বাজনা,
তপন শশী হেরিছে বিস তোমার সাজনা।
ঘ্মাও যবে মায়ের ব্বে আকাশ চেরে রহে ও ম্থে,
জাগিলে পরে প্রভাত করে নয়ন-মাজনা।
নিখিল শোনে আকুল-মনে ন্প্র-বাজনা॥

# 94

রাজরাজেন্দ্র জয় জয়তু জয় হে।
ব্যাপ্ত পরতাপ তব বিশ্বময় হে॥
দ্বুষ্টদলদলন তব দশ্ড ভয়কারী, শত্রজনদর্পহর দীপ্ত ভরবারিসংকটশরণা তুমি দৈনাদ্ব্ধহারী
মৃক্ত-অবরোধ তব অভাদয় হে॥

# 95

আমরা বসব তোমার সনে—
তোমার শরিক হব রাজার রাজা,
তোমার আধেক সিংহাসনে॥
তোমার শ্বারী মোদের করেছে শির নত—
তারা জানে না যে মোদের গরব কত।
তাই বাহির হতে তোমায় ডাকি,
তুমি ডেকে লও গো আপন জনে॥

#### A.O

ব'ধ্রা, অসময়ে কেন হে প্রকাশ। সকলই ষে স্বপ্ন বলে হতেছে বিশ্বাস। তুমি গগনেরই তারা মর্ত্যে এলে পথহারা-এলে ভূলে অশ্রহ্রজনে আনন্দেরই হাস॥

# 42

কবরীতে ফ্রল শ্বকালো
কাননের ফ্রল ফ্টল বনে॥
দিনের আলো প্রকাশিল,
মনের সাধ রহিল মনে॥

মলিন মুখে ফুটুক হাসি, জুড়াক দু নয়ন। মলিন বসন ছাড়ো সখী, পারো আভরণ। অশ্র-ধোওয়া কাজল-রেখা আবার চোখে দিক-না দেখা, শিথিল বেণী তুলুক বেংধে কুসুমবন্ধন॥

# RO.

মনুখের হাসি চাপলে কি হয়, প্রাণের হাসি চোখে খেলে। হৃদয়ের ভাব লনুকিয়ে কি রয়, প্রেমের তুফান ঢেউয়ে চলে॥ লাজের শাসন মানে কি মন শরম ভূষণ নারীর বলে— ব্যথার ব্যথী হয় লো যে জন তারে কি ভূলাবি ছলে॥

## R8

ওর মানের এ বাঁধ ট্রটবে না কি ট্রটবে না।
ওর মনের বেদন থাকবে মনে, প্রাণের কথা ফ্রটবে না।
কঠিন পাষাণ ব্বেক লয়ে নাই রহিল অটল হয়ে?
প্রেমেতে ওই পাথর ক্ষয়ে চোখের জল কি ছ্রটবে না।

#### 44

আজ আমার আনন্দ দেখে কে!
কে জানে বিদেশ হতে কে এসেছে —
ঘরে আমার কে এসেছে! আকাশে উঠেছে চাঁদা,
সাগর কি থাকে বাঁধা— বসস্তবারের প্রাণে তেউ উঠেছে ॥

#### 8.9

আর কি আমি ছাড়ব তোরে।
মন দিয়ে মন নাই বা পেলেম.
চোর করে রাখিব ধরে।
শান্য করে হদয়পূরী মন যদি করিলে চুরি
তুমিই তবে থাকো সেথায় শা্না হদয় প্রণ করে॥

#### Rd

যেখানে রূপের প্রভা নয়ন-লোভা সেখানে তোমার মতন ভোলা কে ঠাকুরদাদা যেখানে রসিকসভা পরম-শোভা
সেখানে এমন রসের ঝোলা কে ঠাকুরদাদা।
যেখানে গলাগলি কোলাকুলি,
তোমারি বেচা-কেনা সেই হাটে,
পড়ে না পদথ্লি পথ ভূলি
যেখানে কগড়া করে কগ্ডাটে—
যেখানে ভোলাভূলি খোলাখুলি
সেখানে তোমার মতন খোলা কে ঠাকুরদাদা॥

#### 88

এই একলা মোদের হাজার মান্য দাদাঠাকুর,
এই আমাদের মজার মান্য দাদাঠাকুর॥
এই তো নানা কাজে, এই তো নানা সাজে,
এই আমাদের খেলার মান্য দাদাঠাকুর।
সব মিলনে মেলার মান্য দাদাঠাকুর॥
এই তো হাসির দলে, এই তো চোখের জলে,
এই তো সকল ক্ষণের মান্য দাদাঠাকুর।
এই তো ঘরে ঘরে, এই তো বাহির করে
এই আমাদের কোণের মান্য দাদাঠাকুর।
এই আমাদের মান্য দাদাঠাকুর।

#### 47

মোরা চলব না।

মুকুল ঝরে ঝরুক, মোরা ফলব না॥
স্যতারা আগন্ন ভূগে জনলে মর্ক যুগে যুগে—
আমরা যতই পাই-না জনলা জনলব না॥
বনের শাখা কথা বলে, কথা জাগে সাগরজলে—
এই ভূবনে আমরা কিছুই বলব না।
কোথা হতে লাগে রে টান, জীবন-জলে ডাকে রে বান—
আমরা তো এই প্রাণের টলায় টলব না॥

#### 20

পথে ষেতে তোমার সাথে মিলন হল দিনের শেষে।
দেখতে গিয়ে, সাঁঝের আলো মিলিয়ে গেল এক নিমেষে।
দেখা তোমায় হোক বা না-হোক
তাহার লাগি করব না শোক—
ক্ষেণেক ভূমি দাঁড়াও, তোমার চরণ ঢাকি এলো কেশে॥

নিকড়িয়া-রসের রসিক কানন ঘুরে ঘুরে নিকডিরা বাঁশের বাঁশি বাজায় মোহন স**ুরে**। ঘর বলে, 'তুই কোথায় যাবি, বাইরে গিয়ে সব খোয়াবি!' আমার প্রাণ বলে, 'তোর যা আছে সব যাক্-না উড়ে প্রড়ে।' আয়াব যায় যদি তো ষাক্-না চুকে, সব হারাব হাসিম্থে-ওগো আমি এই চলেছি মরণস্ধা নিতে পরান প্রে। আপন যারা কাছে টানে এ রস তারা কেই বা জানে--ওগো. বাঁকা পথের বাঁকা সে বে ডাক দিয়েছে দরে। আমার বাঁকার টানে সোজার বোঝা পড়ক ভেঙে-চরে॥ এবার

# 25

যখন দেখা দাও নি, রাধা, তখন বেজেছিল বাঁশি! এখন চোখে চোখে চেয়ে স্র যে আমার গেল ভাসি! তখন নানা তানের ছলে ডাক ফিরেছে জলে ছলে, এখন আমার সকল কাঁদা রাধার রূপে উঠল হাসি॥

#### 20

ব'ধ্র লাগি কেশে আমি পরব এমন ফুল
দবর্গে মর্ত্যে তিন ভূবনে নাইকো বাহার মূল।
বাঁশির ধর্নি হাওয়ার ভাসে, সবার কানে বাজবে না সে—
দেখ্ লো চেয়ে বম্না ওই ছাপিয়ে গেল ক্লে॥

#### >8

মধ্বতু নিতা হয়ে রইল তোমার মধ্ব দেশে—
যাওয়া-আসার কামাহাসি হাওয়ায় সেথা বেড়ায় ভেসে।
যায় যে জনা সেই শৃথ্ যায়, ফ্ল ফোটা তো ফ্রোয় না হায়ঝরবে যে ফ্ল সেই কেবলই ঝরে পড়ে বেলাশেষে॥
যথন আমি ছিলেম কাছে তখন কত দিয়েছি গান—
এখন আমার দ্রে যাওয়া, এরও কি গো নাই কোনো দান।
প্পেবনের ছায়ায় ঢেকে এই আশা তাই গেলেম রেখে—
আগ্ন-ভরা ফাগ্নকে তোর কাঁদায় যেন আষাঢ় এসে॥

ও তো আর ফিরবে না রে, ফিরবে না আর, ফিরবে না রে।

কড়ের মুখে ভাসল তরী—

ক্লে আর ভিড়বে না রে॥

কোন্ পাগলে নিল ডেকে,

কাদন গেল পিছে রেখে—

ওকে তোর বাহুর বাধন ঘিরবে না রে॥

#### 26

বাজে রে বাজে ভমর বাজে হদরমাঝে, হদরমাঝে।
নাচে রে নাচে চরণ নাচে প্রাণের কাছে, প্রাণের কাছে।
প্রহর জাগে, প্রহরী জাগে— তারায় তারায় কাঁপন লাগে।
মরমে মরমে বেদনা ফুটে— বাঁধন টুটে, বাঁধন টুটে॥

# 29

আমার মনের বাধন ঘুচে যাবে যদি ও ভাই রে.
থাক্ বাইরে বাধন তবে নিরবধি।
যদি সাগর যাবার হুকুম থাকে
থাক্ তটের বাধন বাকে বাকে.
তবে বাধে বাধে গান গাবে নদী ভাই রে॥

#### 24

এতদিন পরে মোরে আপন হাতে বে'ধে দিলে মুক্তিডোরে। সাবধানীদের পিছে পিছে দিন কেটেছে কেবল মিছে, ওদের বাঁধা পথের বাঁধন হতে টেনে নিলে আপন করে॥

## 22

ন্তন পথের পথিক হরে আসে প্রাতন সাথি, মিলন-উষার ছোমটা খসার চিরবিরহের রাতি। যারে বারে বারে হারিয়ে মেলে আন্ধ প্রাতে তার দেখা পেলে ন্তন করে পারের তলে দেব হদর পাতি॥

কাজ ভোলাবার কে গো তোরা!
রিঙন সাজে কে বে পাঠার
কোন্ সে ভ্বন-মনো-চোরা!
কঠিন পাথর সারে সারে
দের পাহারা গৃহার দারে,
হাসির ধারায় ডুবিয়ে তারে
ঝরাও রসের স্থা-ঝোরা!
স্বপন-তরীর তোরা নেয়ে,
লাগল পালে নেশার হাওয়া,
পাগ্লা পরান চলে গেয়ে।
কোন্ উদাসীর উপবনে
বাজল বাশি ক্ষণে ক্ষণে,
ভূলিয়ে দিল ঈশান কোণে
ব্যঞ্জা ঘনায় ঘনঘোরা॥

# 205

শেষ ফলনের ফসল এবার
কেটে লও, বাঁধো আঁটি।
বাকি যা নয় গো নেবার
মাটিতে হোক তা মাটি॥

# 505

বাঁধন কেন ভূষণ-বেশে তোরে ভোলার, হার অভাগী। ঘরণ কেন মোহন হেনে তোরে দোলার, হার অভাগী॥

#### 200

দয়া করো, দয়া করো প্রভু, ফিরে ফিরে
শত শত অপরাধে অপরাধিনীরে॥
অন্তরে রয়েছ জাগি, তোমার প্রসাদ-লাগি
দ্বলি পরান বাধা ঘটায় বাহিরে॥
শঙ্কা আসে, লঙ্জা আসে, মরি অবসাদে।
দৈনারাশি ফেলে গ্রাস, ঘেরে পরমাদে।
ক্রান্ত দেহে তন্দ্রা লাগে, ধ্লায় শরন মাগে—
অপথে জাগিয়া উঠি ভাসি অথিনীরে॥

জয় জয় জয় হে জয় জোতিময়—
মোহকল্যখন কর কর কর দান,
অদ্মিপরশ তব কর কর দান,
কর নির্মাল মম তন্মন প্রাণ—
বন্ধনশ্হল নাহি সয়, নাহি সয়॥
গড়ে বিখা যত কর উৎপাটিত,
অম্তখার তব কর উদ্ঘাটিত।
যাচি যাহিদল, হে কর্ণধার,
স্থিসাগর কর কর পার—
শ্বপ্রের সঞ্জ হোক লয়, হোক লয়॥

#### 30¢

বাজো রে বাঁশরি, বাজো।
স্বুন্দরী, চন্দ্রমাল্যে মঙ্গলসন্ধ্যায় সাজো॥
বর্ঝি মধ্ফাল্য্র্নমাসে চণ্ডল পান্থ সে আসে—
মধ্করপদভরকাম্পত চম্পক অঙ্গনে ফোটে নি কি আজো॥
রক্তিম অংশ্ক মাথে, কিংশ্ককন্দণ হাতে,
মঞ্জরীঝাক্ত পারে সোরভমন্থর বায়ে
বন্দ্রসঙ্গীতগ্লানমুখ্রিত নন্দ্রক্তা বিরাজো॥

#### 304

তোমার সাজাব বতনে কুস্মে রতনে
কের্রে কণ্কণে কুজ্মে চন্দনে॥
কুস্তলে বেণ্ডিব স্বর্ণজালিকা, কণ্ঠে দোলাইব মুক্তামালিকা,
সীমন্তে সিন্দ্র অর্ণ বিন্দ্র— চরণ রঞ্জিব অলক্ত-অণ্কনে॥
স্থীরে সাজাব স্থার প্রেমে অলক্ষ্য প্রাণের অম্ল্য হেমে।
সাজাব স্কর্ণ বিরহ্বেদনায়, সাজাব অক্ষয় মিলনসাধনায়—
মধ্র লক্ষা রচিব সক্ষা ব্যাল প্রাণের বাণীর বন্ধনে॥

#### 209

নমো নমো শচীচিতরঞ্জন, সন্তাপভঞ্জননবজলধরকান্তি, ঘননীল-অঞ্জন— নমো হে, নমো নমো॥
নন্দনবীথির ছায়ে তব পদপাতে নব পারিজাতে
উড়ে পরিমল মধ্রাতে— নমো হে, নমো নমো।
তোমার কটাক্ষের ছন্দে মেনকার মঞ্জীরবন্ধে
জেগে ওঠে গ্রেল মধ্করগঞ্জন— নমো হে, নমো নমো॥

### SOV

নহ মাতা, নহ কন্যা, নহ বধ্, স্কুদরী র্পসী হে নন্দনবাসিনী উর্বশী।
গোন্ঠে যবে নামে সন্ধ্যা প্রান্ত দেহে স্বর্ণাণ্ডল টানি
তুমি কোনো গৃহপ্রান্তে নাহি জনালো সন্ধ্যাদীপথানি।
দ্বিধায় জড়িত পদে কম্প্রবক্ষে নমনেরপাতে
স্মিতহাস্যে নাহি চল লচ্জিত বাসরশ্বাতে অর্ধরাতে।
উষার উদয়-সম অনবগর্ণিঠতা তুমি অকুণিঠতা॥
স্বুরসভাতলে যবে নৃত্য করো প্রলকে উল্লাস
হে বিলোল হিল্লোল উর্বশী,
ছল্দে নাচি উঠে সিন্ধুমাঝে তরঙ্গের দল,
শস্যশীর্ষে শিহরিয়া কাঁপি উঠে ধরার অঞ্চল,
তোমার মদির গন্ধ অন্ধ বারু বহে চারি ভিতে,
মধ্মত্ত ভৃঙ্গ-সম মৃদ্ধ কবি ফিরে লাক্ক চিতে উদ্দাম গীতে।
ন্পুর গৃঞ্জার চলো আকুল-অঞ্চলা বিদ্যুত্তগুলা॥

#### 202

প্রহরশেষের আলোয় রাঙা সে দিন চৈত্র মাস—
তোমার চোখে দেখেছিলাম আমার সর্বনাশ ॥
এ সংসারের নিতা খেলায় প্রতিদিনের প্রাণের মেলায়
বাটে ঘাটে হাজার লোকের হাস্য-পরিহাস—
মাঝখানে তার তোমার চোখে আমার সর্বনাশ ॥
আমের বনে দোলা লাগে, ম্কুল পড়ে ঝরে—
চিরকালের চেনা গন্ধ হাওয়ায় ওঠে ভরে।
মঞ্জরিত শাখায় শাখায়, মউমাছিদের পাখায় পাখায়,
ক্ষণে ক্ষণে বসন্তদিন ফেলেছে নিশ্বাস—
মাঝখানে তার তোমার চোখে আমার সর্বনাশ॥

#### >>0

বলেছিল 'ধরা দেব না', শুনেছিল সেই বড়াই। বীরপুরুষের সয় নি গুমোর, বাধিয়ে দিয়েছে লড়াই। তার পরে শেষে কী যে হল কার, কোন্দশা হল জয়পতাকার।— কেউ বলে জিং, কেউ বলে হার, আমরা গুরুব ছড়াই॥

#### 222

গ্রস্পদে মন করে। অপশি, ঢালো ধন তাঁর ঝ্লিতে। লঘ্ হবে ভার, রবে নাকো আর ভবের দোলায় দুলিতে। হিসাবের খাতা নাড়ো বসে বসে, মহাজনে নের স্দৃ কষে কষে— খাঁটি যেই জন সেই মহাজনে কেন থাক হায় ভূলিতে। দিন চলে যায় টাাঁকে টাকা হায় কেবলই খ্লিতে ভূলিতে॥

# 566

শোন্রে শোন্ অবোধ মন, —
শোন্ সাধার উক্তি, কিসে মাজি সেই সামাজি করা গ্রহণ।
ভবের শাজি ভেঙে মাজিমাজা করা গ্রেষণ,
ভবের ও ভোলা মন॥

#### 220

জয় জয় তাসবংশ-অবতংস!
ক্রীড়াসরসীনীরে রাজহংস॥
তামক্ট্যনধ্মবিলাসী! তন্দ্রতীরনিবাসী!
সব-অবকাশ-ধ্বংস! যমরাজেরই অংশ॥

# 338

তোলন-নামন পিছন-সামন। বাঁয়ে ডাইনে চাই নে, চাই নে। বোসন-ওঠন ছড়ান-গুটন। উল্টো-পাল্টা ঘুর্ণি চাল্টা— বাস্! বাস্! বাস্!

#### 224

আমরা চিত্র অতি বিচিত্র,
আতি বিশ্বদ্ধ, অতি পবিত্র।
আমাদের যুদ্ধ নহে কেহ কুদ্ধ।
এই দেখো গোলাম অতিশয় মোলাম।
নাহি কোনো অস্ত্র খাকি-রাঙা কস্তু।
নাহি লোভ, নাহি ক্ষোভ।
নাহি লাফ, নাহি ঝাঁপ।
যথারীতি জানি, সেই মতে মানি।
কে তোমার শত্ব্ব, কে তোমার মিত্র।
কৈ তোমার ট্রানা, কে তোমার ম্বন্ধা॥

চি'ড়েতন হর্তন ইস্কাবন
আত সনাতন ছন্দে কর্তেছে নর্তন।
কেউ বা ওঠে কেউ পড়ে,
কেউ বা একট্ব নাহি নড়ে,
কেউ শ্যে শ্যে ভূ'য়ে করে কালকর্তন॥
নাহি কহে কথা কিছ্ব—
একট্ব না হাসে, সামনে যে আসে
চলে তারি পিছ্ব পিছ্ব।
বাঁধা তার প্রাতন চালটা,
নাই কোনো উল্টা-পাল্টা-- নাই পরিবর্তন॥

# 559

চলো নিয়ম-মতে।
দুৱে তাকিয়ো নাকো, খাড় বাকিয়ো নাকো!
চলো সমান পথে।
'হেরো অরণ্য ওই, হোথা শৃংখলা কই।
পাগল ঝুর্নাগ্রলো দক্ষিণপর্বতে।'
ও দিক চেয়ো না, চেয়ো না— যেয়ো না, যেয়ো না।
চলো সমান পথে:

# 22 R

হা-আ-আ-আই। হাতে কাজ নাই। দিন যায়, দিন যায়। আয় আয়, আয় আয়: হাতে কাজ নাই॥

#### 222

হাঁচ্ছোঃ!— ভর কী দেখাছ।
ধরি টিপে ট্র্টি, মুখে মারি মুঠি বলো দেখি কী আরাম পাচ্ছ।
হাঁচ্ছো! হাঁচ্ছো॥

# > 30

ইচ্ছে!— ইচ্ছে!
সেই তো ভাঙছে, সেই তো গড়ছে,
সেই তো দিচ্ছে নিচ্ছে॥
সেই তো আঘাত করছে তালায়, সেই তো বাঁধন ছি'ড়ে পালায়—
বাঁধন পরতে সেই তো আবার ফিরছে॥

## 252

আমরা দ্র আকাশের নেশার মাতাল ঘরভোলা সব ষত—
বকুলবনের গন্ধে আকুল মউমাছিদের মতো॥
সূর্য ওঠার আগে মন আমাদের জাগে—
বাতাস থেকে ভোর-বেলাকার সূর ধরি সব কত॥
কে দের রে হাতছানি
নীল পাহাড়ের মেঘে মেঘে, আভাস ব্ঝি জানি।
পথ যে চলে বেকে বেকে অলখ-পানে ডেকে ডেকে
ধরা যারে যায় না তারি ব্যাকৃল খোঁজেই রত॥

# 522

বাহির হলেম আমি আপন ভিতর হতে,
নীল আকাশে পাড়ি দেব খ্যাপা হাওয়ার স্লোতে।
আমের মন্কুল ফুটে ফুটে যখন পড়ে করে করে
মাটির আঁচল ভরে ভরে—
করাই আমার মনের কথা ভরা ফাগনে-চোতে।।
কোথা তুই প্রাণের দোসর বেড়াস ঘ্রি ঘ্রি—
বনবীধির আলোছায়ায় করিস লুকোচুরি।
আমার একলা বাশি পাগলামি ভার পাঠার দিগস্তরে
তোমার গানের তরে—
কবে বসস্তেরে জাগিয়ে দেব আমাতে আর ভোতে।।

#### 250

শ্বিন ওই র্ন্বশ্বন্ পায়ে পায়ে ন্প্রধর্নন
চকিত পথে বনে বনে॥
নিকরে করো করো করিছে দ্বে,
জলতলে বাজে শিলা ঠ্ন্-ঠ্ন্ব ঠ্ন্-ঠ্ন্থ।
কিল্লিঝঙ্কৃত বেণ্বনছায়া পল্লবমর্ম রে কাঁপে,
পাপিয়া ডাকে, প্লাকিত শিরীষশাথে
দোল দিয়ে যায় দক্ষিণবায় প্ন প্ন ॥

এই তো ভরা হল ফ্লে ফ্লে ফ্লের ডালা।
ভরা হল— কে নিবি কে নিবি গো, গাঁথিবি বরণমালা।
চম্পা চার্মোল সে'উতি বেলি
দেখে বা সাজি আজি রেখেছি মোল—
নবমালতীগন্ধ-ঢালা॥
বনের মাধ্রী হরণ করো তর্ণ আপন দেহে।
নববধ্, মিলনশ্ভলগন-রাত্রে লও গো বাসরগেহে—
উপবনের সৌরভভাষা,
রস্ত্যিত মধ্পের আশা।
রাত্রিজাগর রজনীগন্ধা—
করবী র্পসীর অলকানন্দা—
গোলাপে গোলাপে মিলিয়া মিলিয়া রচিবে মিলনের পালা॥

# 386

স্বের জালে কে জড়ালে আমার মন.
আমি ছাড়াতে পারি নে সে বন্ধন॥
আমায় অজানা গহনে টানিয়া নিয়ে যে যায়.
বরন-বরন স্বপনছায়ায় করিল মগন॥
জানি না কোথায় চরণ ফেলি, মরীচিকায় নম্বন মেলি —
কী ভূলে ভূলালো দ্রের বাঁশি! মন উদাসী
আপনারে হারালো, ধ্বনিতে আবৃত চেতন॥

# 326

কোথাও আমার হারিয়ে যাওয়ার নেই মানা মনে মনে।
মেলে দিলেম গানের স্বরের এই ডানা মনে মনে॥
তপাস্তরের পাথার পেরোই র্প-কথার,
পথ ভূলে যাই দ্র পারে সেই চূপ-কথার—
পার্লবনের চম্পারে মোর হয় জানা মনে মনে॥
সূর্য থখন অস্তে পড়ে চুলি মেঘে মেঘে আকাশ-কুস্ম তুলি।
সাত সাগরের ফেনায় ফেনায় মিশে
আমি যাই ভেসে দ্র দিশে—
পরীর দেশের বন্ধ দ্য়ার দিই হানা মনে মনে॥

# জাতীয় সংগীত

۶

ভারত রে, তোর কলা ক্তি পরমাণ্রাশি যত দিন সিন্ধনা ফেলিবে গ্রাস তত দিন তুই কাঁদ্ রে। এই হিমাগার স্পাশিয়া আকাশ প্রাচীন হিন্দ্র কীর্তি-ইতিহাস যত দিন তোর শিয়রে দাঁড়ায়ে অগ্র্রুকলে তোর বক্ষ ভাসাইবে তত দিন তুই কাঁদ্ রে॥

যে দিন তোমার গিয়াছে চলিয়া সে দিন তো আর আসিবে না।
যে রবি পশ্চিমে পড়েছে ঢলিয়া সে আর প্রবে উঠিবে না।
এমনি সকল নীচ হীনপ্রাণ জনমেছে তোর কলজ্কী সন্তান
একটি বিন্দ্ব অশ্রুও কেহ তোমার তরে দের না ঢালি।
যে দিন তোমার তরে শোণিত ঢালিত সে দিন বখন গিয়াছে চলি
তখন, ভারত, কাদ্রেয়া

তবে কেন বিধি এত অলপ্কারে রেখেছ সাজারে ভারতকার।
ভারতের বনে পাখি গায় গান, স্বর্ণমেঘ-মাখা ভারতবিমান—
হেথাকার লতা ফ্লে ফ্লে ভ্রা, স্বর্ণশস্মারী হেথাকার ধরা—
প্রফল্ল তটিনী বহিয়ে যায়।
কেন লম্জাহীনা অলপ্কার পরি রোগশ্যুক্মার্থে হাসিরাশি ভরি
র্পের গরব করিস হায়।
যে দিন গিয়াছে সে তো ফিরিবে না,
তবে, রে ভারত, কাঁদ্ রে॥

ভারত, তোর এ কলৎক দেখিয়া শরমে মলিন মুখ লুকাইয়া আমরা যে কবি বিজনে কাদিব, বিজনে বিষাদে বীণা ঝৎকারিব, তাতেও যখন স্বাধীনতা নাই তখন, ভারত, কাদ্রো॥

₹

আরি বিষাদিনী বীণা, আর সখী, গা লো সেই-সব প্রানো গান—বহুদিনকার লুকানো দ্বপনে ভরিয়া দে-না লো আঁধার প্রাণ॥ হা রে হতবিধি, মনে পড়ে তোর সেই একদিন ছিল আমি আর্যলক্ষ্মী এই হিমালরে এই বিনোদিনী বীণা করে লয়ে যে গান গেয়েছি সে গান শানিয়া জগত চমকি উঠিয়াছিল॥

আমি অর্জনেরে— আমি যুখিন্ঠিরে করিয়াছি শুনদান।
এই কোলে বিস বাল্মীকি করেছে পুণ্য রামায়ণ গান।
আজ অভাগিনী— আজ অনাথিনী
ভয়ে ভয়ে ভয়ে লুকায়ে লুকায়ে নীরবে নীরবে কাঁদি,
পাছে জননীর রোদন শুনিয়া একটি সন্তান উঠে রে জাগিয়া!
কাঁদিতেও কেহ দেয় না বিধি॥
হায় রে বিধাতা, জানে না তাহারা, সে দিন গিয়াছে চলি
যে দিন মুছিতে বিন্দু-অশ্র্ধার কত-না করিত সন্তান আমার
কত-না শোণিত দিত রে ঢালি॥

Ō

শোনো শোনো আমাদের ব্যথা দেবদেব, প্রভু, দয়াময়

আমাদের ঝরিছে নয়ন, আমাদের ফাটিছে হৃদয়॥

চিরদিন আধার না রয়— রিব উঠে, নিশি দ্র হয়—

এ দেশের মাধার উপরে এ নিশীধ হবে না কি কয়।

চিরদিন ঝরিবে নয়ন? চিরদিন ফাটিবে হৃদয়॥

মরমে ল্কানো কত দ্ঝ, ঢাকিয়া রয়েছি শোন মৄঝ—
কাদিবার নাই অবসর— কথা নাই, শৄ৸য়ৄয়টে বৄক।

সঙ্কোচে য়য়মাণ প্রাণ, দশ দিশি বিভাষিকাময়হেন হীন দীনহীন দেশে ব্রিঝ তব হবে না আলয়।

চিরদিন ঝরিবে নয়ন, চিরদিন ফাটিবে হৃদয়॥

কোনো কালে তুলিব কি মাধা। জাগিবে কি অচেতন প্রাণ।
ভারতের প্রভাতগগনে উঠিবে কি তব জয়গান।

আশ্বাসবচন কোনো ঠাই কোনোদিন শ্নিতে না পাই—
শ্নিতে তোমার বাণী তাই মোরা সবে রয়েছি চাহিয়া।
বলো, প্রভু, মুলিবে এ আখি চিরদিন ফাটিবে না হিয়া॥

8

একি অন্ধকার এ ভারতভূমি!

ব্রিঝ, পিতা, তারে ছেড়ে গ্রেছ তুমি।
প্রতি পলে পলে তুবে রসাতলে – কে তারে উদ্ধার করিবে।
চারি দিকে চাই, নাহি হেরি গতি। নাহি যে আশ্রয়, অসহায় অতি।
আজি এ আঁধারে বিপদপাথারে কাহার চরণ ধরিবে।
তুমি চাও পিতা, ঘ্টাও এ দুখ। অভাগা দেশেরে হোয়ো না বিম্থ—
নহিলে আঁধারে বিপদপাধারে কাহার চরণ ধরিবে।

দেখো চেয়ে তব সহস্র সম্ভান লাজে নতশির, ভারে কম্পন্নান, কাদিছে সহিছে শত অপমান--- লাজ মান আর থাকে না। হীনতা লয়েছে মাথায় তুলিয়া, তোমারেও তাই গিয়াছে ভুলিয়া,
দয়াময় বলে আকুলহদয়ে তোমারেও তারা ডাকে না।
তুমি চাও পিতা, তুমি চাও চাও। এ হীনতা-পাপ এ দ্বঃখ ঘ্চাও।
ললাটের কল•ক মুছাও মুছাও— নহিলে এ দেশ থাকে না।

তুমি যবে ছিলে এ প্রাভবনে কী সোরভস্থা বহিত প্রনে, কী আনন্দগান উঠিত গগনে, কী প্রতিভালোতি থালিত। ভারত-অরণ্যে খ্যাধ্যের গান অনস্তসদনে করিত প্ররাণ--তোমারে চাহিয়া প্রাপ্ত দিয়া সকলে মিলিয়া চলিত। আজি কী হয়েছে! চাও পিতা, চাও। এ তাপ এ পাপ এ দ্বুখ ঘ্চাও। মোরা তো রয়েছি তোমারি সন্তান র্যাদিও হয়েছি পতিত॥

Æ

ঢাকো রে মুখ, চন্দ্রমা, জলদে।
বিহপেরা থামো থামো। আঁধারে কাঁদো গো তুমি ধরা॥
গাবে যদি গাও রে সবে, গাও রে শত অর্শান-মহানিনাদে—
ভীষণ প্রলয়সঙ্গীতে জাগাও, জাগাও, জাগাও রে এ ভারতে॥
বর্নবিহন্ত, তুমি ও সুখগাঁতি গেরো না। প্রমোদর্মাদরা ঢালি প্রাণে প্রাণে
সানন্দরাগিণী আজি কেন ব্যক্তিছে এত হর্ষে—
ছিত্ত ফেল্ বাণা আজি বিষাদের দিনে॥

٥

লেশে দেশে ভ্রমি তব দুখগান গাহিষে—
নগরে প্রান্তরে বনে বনে। অশ্রু ঝরে দু নয়নে,
পাষাণ হদয় কাঁদে সে কাহিনী শুনিয়ে।
হবিলয়া উঠে অথ্ত প্রাণ, এক সাথে মিলি এক গান গায়—
নয়নে অনল ভায়— শুনা কাঁপে অভ্রভেদী বন্ধুনির্ঘোষে।
ভয়ে সবে নীরবে চাহিয়ে॥

ভাই বন্ধ, তোমা বিনা আর মোর কেহ নাই।
তুমি পিতা, তুমি মাতা, তুমি মোর সকলই।
তোমারি দ্বংথে কাঁদিব মাতা, তোমারি দ্বংথে কাঁদাব।
তোমারি তরে রেখেছি প্রাণ, তোমারি তরে তাজিব।
সকল দ্বংখ সহিব স্থে

এক স্তে বাঁধিয়াছি সহস্রটি মন,
এক কার্যে সাঁপিয়াছি সহস্র জাবন—
বন্দে মাতরম্॥
আস্ক সহস্র বাধা, বাধ্ক প্রলয়,
আমরা সহস্র প্রাণ রহিব নির্ভর—
বন্দে মাতরম্॥
আমরা ভরাইব না ঝটিকা-ঝঞ্চায়,
অবত্ত তরঙ্গ বক্ষে সহিব হেলায়।
টুটে তো টুটুক এই নশ্বর জাবন,
তব্ না ছিণ্ডবে কভু এ দৃঢ় বন্ধন
বন্দে মাতরম্॥

Ы

তোমারি তরে, মা, সাপিন্ এ দেহ। তোমারি তরে, মা, সাপিন্ প্রাণ।
তোমারি শোকে এ আঁখি বর্রাষ্ট্রে, এ বীণা তোমারি গাহিবে গান।!
যদিও এ বাহ্ অক্ষম দূর্বল তোমারি কার্য সাধিবে।
যদিও এ অসি কলঙেক মলিন তোমারি পাশ নাশিবে।!
যদিও, হে দেবী, শোণিতে আমার কিছুই তোমার হবে না
তব্ব, ওগো মাতা, পারি তা ঢালিতে একতিল তব কলঙক ক্ষালিতে
নিভাতে তোমার যাতনা।
যদিও, জননী, র্যাণ্ড আমার এ বীণায় কিছু নাহিক বল
কী জানি র্যাণ, মা, একটি সন্তান জাগি উঠে শ্রনি এ বীণাতান।!

9

তব্ পারি নে সাপিতে প্রাণ।
পলে পলে মরি সেও ভালো, সহি পদে পদে অপমান।
কথার বাঁধনি কাঁদর্নির পালা, চোখে নাহি কারো নার।
আবেদন আর নিবেদনের থালা বহে বহে নত শির।
কাঁদিয়ে সোহাগ, ছি ছি একি লাজ! জগতের মাঝে ভিখারির সাজ আপনি করি নে আপনার কাজ, পরের 'পরে অভিমান।।
আপনি নামাও কলঙ্কপসরা, যেয়ো না পরের দ্বার—
পরের পারে ধরে মান ভিক্ষা করা সকল ভিক্ষার ছার।
'দাও দাও' বলে পরের পিছ্ পিছ্ কাঁদিয়া বেড়ালে মেলে না তো কিছ্—
মান পেতে চাও, প্রাণ পেতে চাও, প্রাণ আগে করো দান।।

কেন চেয়ে আছ, গো মা, ম্খপানে।
এরা চাহে না তোমারে চাহে না যে, আপন মায়েরে নাহি জানে।
এরা তোমার কিছু দেবে না, দেবে না— মিথ্যা কহে শুখু কত কী ভানে।
তুমি তো দিতেছ, মা, যা আছে তোমারি—স্বর্ণশস্য তব, জাহুবীবারি,
জ্ঞান ধর্ম কত প্রাকাহিনী।

এরা কী দেবে তোরে। কিছু না, কিছু না। মিখ্যা কবে শুখু হীনপরানে॥ গনের বেদনা রাখো, মা, মনে। নয়নবারি নিবারো নয়নে। মুখ লাকাও, মা, ধ্লিশয়নে— ভূলে থাকো যত হীন সন্তানে। শ্না-পানে চেয়ে প্রহর গণি গণি দেখো কাটে কিনা দীর্ঘ রজনী। দাঃখ জানায়ে কী হবে, জননী, নির্মায় চেতনাহীন পাযাণে॥

22

একবার তোরা মা বিলয়া ডাক্, জগতজনের শ্রবণ জন্তাক, হিমাদ্রিপাষাণ কে'দে গলে বাক—মুখ তুলে আজি চাহো রে॥ দাঁড়া দেখি তোরা আত্মপর ভুলি, হদয়ে হদয়ে ছন্ট্ক বিজন্তি—প্রভাতগগনে কোটি শির তুলি নির্ভয়ে আজি গাহো রে॥ বিশ কোটি কপ্তে মা বলে ডাকিলে রোমাণ্ট উঠিবে অনস্ত নিখিলে, বিশ কোটি ছেলে মায়েরে ঘেরিলে দশ দিক স্থে হাসিবে। সেদিন প্রভাতে ন্তন তপন ন্তন জীবন করিবে বপন এ নহে কাহিনী, এ নহে স্বপন— আসিবে সে দিন আসিবে॥ আপনার মায়ে মা বলে ডাকিলে, আপনার ভায়ে হদয়ে রাখিলে, সব পাপ তাপ দ্রে বায় চলে প্রণ্য প্রেমের বাতাসে। সেথায় বিরাজে দেব-আশীর্বাদ— না থাকে কলহ, না থাকে বিষাদ, ঘ্রেচ অপমান, জেগে ওঠে প্রাণ— বিমল প্রতিভা বিকাশে॥

52

কে এসে যায় ফিরে ফিরে আকুল নয়ননীরে। কে বুথা আশাভরে চাহিছে মুখ'পরে। সে যে আমার জননী রে॥

কাহার সংধামরী বাণী মিলার অনাদর মানি। কাহার ভাষা হায় ভূলিতে সবে চার। সে যে আমার জননী রে॥

ক্ষণেক ক্ষেহ-কোল ছাড়ি চিনিতে আর নাহি পারি। আপন সস্তান করিছে অপমান— সে যে আমার জননী রে॥ পুণ্য কুটিরে বিষয় কে বসি সাজাইয়া অশ্ল। সে শ্লেহ-উপহার রুচে না মুখে আর।— সে যে আমার জননী রে॥

#### 20

হে ভারত, আজি তোমারি সভায় শুন এ কবির গান।
তোমার চরণে নবীন হরষে এনেছি প্রভার দান।
এনেছি মোদের দেহের শকতি, এনেছি মোদের মনের ভকতি,
এনেছি মোদের ধর্মের মতি, এনেছি মোদের প্রাণ।
এনেছি মোদের শ্রেষ্ঠ অর্ঘ তোমারে করিতে দান॥

কাপ্তনথালি নাহি আমাদের, অন্ন নাহিকো জবটে। যা আছে মোদের এনোছি সাজায়ে নবীন পর্ণপ্রটে। সমারোহে আজ নাই প্রয়োজন— দীনের এ পজা, দীন আয়োজন-চিরদারিদ্র করিব মোচন চরণের ধ্বা লুটে। স্বদ্রদ্বভি তোমার প্রসাদ লইব পর্ণপ্রটে॥

রাজা তুমি নহ, হে মহাতাপস, তুমিই প্রাণের প্রিয়।
ভিক্ষাভূষণ ফেলিয়া পরিব তোমারি উত্তরীয়।
দৈন্যের মাঝে আছে তব ধন, মৌনের মাঝে রয়েছে গোপন
তোমার মল্য অগ্নিবচন— তাই আমাদের দিয়ো।
পরের সম্জা ফেলিয়া পরিব তোমারি উত্তরীয়।

দাও আমাদের অভয়মশ্র, অশোকমশ্র তব।
দাও আমাদের অমৃতমশ্র, দাও গো জীবন নব।
যে জীবন ছিল তব তপোবনে, যে জীবন ছিল তব রাজাসনে,
মৃক্ত দীপ্ত সে মহাজীবনে চিত্ত ভরিয়া লব।
মৃত্যুত্বণ শংকাহরণ দাও সে মশ্র তব॥

#### 78

নব বংসরে করিলাম পণ লব স্বদেশের দীক্ষা— তব আশ্রমে তোমার চরণে, হে ভারত, লব শিক্ষা। পরের ভূষণ, পরের বসন, তেয়াগিব আজ পরের অশন— যদি হই দীন না হইব হীন, ছাড়িব পরের ভিক্ষা। নব বংসরে করিলাম পণ লব স্বদেশের দীক্ষা॥

না থাকে প্রাসাদ আছে তো কুটির কল্যাণে স্কুপবিত্র। না থাকে নগর আছে তব বন ফলে ফুলে স্কুবিচিত্র। তোমা হতে যত দ্বে গেছি সরে তোমারে দেখেছি তত ছোটো করে। কাছে দেখি আজ, হে হৃদয়রাজ, তুমি প্রাতন মিত্র। হে তাপস, তব পর্ণকৃটির কল্যাণে স্পবিত্র॥

পরের বাক্যে তব পর হয়ে দিয়েছি পেরেছি লম্জা।
তোমারে ভূলিতে ফিরায়েছি মৃথ, পরেছি পরের সম্জা।
কিছু নাহি গণি কিছু নাহি কহি জাপছ মন্য অন্তরে রহি—
তব সনাতন ধ্যানের আসন মোদের অস্থিমক্জা।
পরের বৃলিতে তোমারে ভূলিতে দিয়েছি পেরেছি লক্ষা॥

সে-সকল লাজ তেয়াগিব আজ, লাইব তোমার দীক্ষা।
তব পদতলে বসিয়া বিরলে দিখিব তোমার শিক্ষা।
তোমার ধর্ম, তোমার কর্ম, তব মন্দোর গভীর মর্ম
লাইব তুলিয়া সকল ভুলিয়া ছাড়িয়া পরের ভিক্ষা।
তব গৌরবে গরব মানিব, লাইব তোমার দীক্ষা।

36

ওরে ভাই, মিথ্যা ভেবো না।
হবার নয় যা, কোনোমতেই হবেই না সে, হতে দেব না।।
পড়ব না রে ধ্লায় ল,টে, যাবে না রে বাঁধন ট্টে – ষেতে দেব না।।
মাথা যাতে নত হবে এমন বোঝা মাথায় নেব না॥
দৃঃখ আছে, দৃঃখ পেতেই হবেযত দ্রে যাবার আছে সে তো যেতেই হবে।
উপর-পানে চেয়ে ওরে বাথা নে রে বক্ষে ধরে — নে রে সকলে।
নিঃসহায়ের সহায় যিনি বাজবে তাঁরে তোদের বেদনা॥

34

আজ সবাই জন্টে আসন্ক ছন্টে যে বেখানে থাকে এবার যার খানি সে বাঁধন কাটনক, আমরা বাঁধব মাকে।
আমরা পরান দিয়ে আপন করে বাঁধব তাঁরে সত্যভোরে,
সন্তানেরই বাহনুপাশে বাঁধব লক্ষ পাকে।
আজ ধনী গরিব সবাই সমান। আয় রে হিন্দ্, আয় মনুসলমান আজকে সকল কাজ পড়ে থাক্, আয় রে লাখে লাখে।
আজ দাও গো সবার দ্যার খালে, যাও গো সকল ভাবনা ভূলে—
সকল ডাকের উপরে আজ মা আমাদের ডাকে॥

# পূজা ও প্রার্থনা

۵

গগনের থালে রবি চন্দ্র দীপক জনলে,
তারকামণ্ডল চমকে মোতি রে॥
ধ্প মলয়ানিল, পবন চামর করে,
সকল বনরাজি ফ্লস্ত জ্যোতি রে॥
কেমন আরতি, হে তবখণ্ডন, তব আরতি—
অনাহত শব্দ বাজস্ত ভেরী রে॥

2

এ হরিস্কর, এ হরিস্কর, সেবকজনের সেবায় সেবায়, দুঃখীজনের বেদনে বেদনে.

কাননে কাননে শ্যামল শ্যামল, নদীতে নদীতে চণ্ডল চণ্ডল,

**हन्तु मार्य खनाल निर्माल मीश**—

মন্তক নমি তব চরণ-'পরে॥
প্রোমকজনের প্রেমমহিমায়,
স্থার আনন্দে স্নদর হে,
মন্তক নমি তব চরণ-'পরে॥
পর্বতে পর্বতে উন্নত উন্নত,
সাগরে সাগরে গন্তার হে,
মন্তক নমি তব চরণ-'পরে।
তব জগমান্দর উজল করে,
মন্তক নমি তব চরণ-'পরে॥
মন্তক নমি তব চরণ-'পরে॥

C

আমরা যে শিশ্ব অতি, অতিক্ষ্ট মন— পদে পদে হয়, পিতা, চরণস্থলন॥ র্দুম্থ কেন তবে দেখাও মোদের সবে। কেন হেরি মাঝে মাঝে দ্রুকুটি ভীষণ॥

ক্ষ্ম আমাদের 'পরে করিরো না রোষ— স্নেহবাক্যে বলো পিতা, কী করেছি দোষ। শতবার লও তুলে শতবার পড়ি ভূলে— কী আর করিতে পারে দুর্বল যে জন॥

> পৃথনীর ধ্লিতে, দেব, মোদের ভবন— পৃথনীর ধ্লিতে অন্ধ মোদের নরন।

জন্মিয়াছি শিশ্ব হয়ে, খেলা করি ধ্লি লয়ে— মোদের অভয় দাও দুর্বলশরণ॥

একবার শ্রম হলে আর কি লবে না কোলে, অর্মান কি দ্রে তুমি করিবে গমন। তা হলে যে আর কভু উঠিতে নারিব প্রভু. ভূমিতলে চিরদিন রব অচেতন।

8

মহাসিংহাসনে বসি শ্নিছ হে বিশ্বপিত,
তোমারি রচিত ছলেদ মহান্ বিশ্বের গতি॥
মত্যের মৃত্তিকা হয়ে ক্লুদ্র এই কণ্ঠ লয়ে
আমিও দ্রারে তব হয়েছি হে উপনীত॥
কিছ্ম নাহি চাহি দেব. কেবল দর্শন মাগি।
তোমারে শ্নাব গীত, এসেছি তাহারি লাগি।
গাহে ষেথা রবি শশী সেই সভামাঝে বসি
একান্ডে গাহিতে চাহে এই ভকতের চিত॥

G

দিবানিশি করিয়া যতন
হদয়েতে রচেছি আসন —
জগতপতি হে, কুপা করি হেথা কি করিবে আগমন !!
অতিশয় বিজন এ ঠাঁই, কোলাহল কিছু হেথা নাই হদয়ের নিভ্ত নিলয় করেছি যতনে প্রক্ষালন !
বাহিরের দীপ রবি তারা ঢালে না সেথায় করধারা
তুমিই করিবে শৃধ্, দেব, সেথায় কিরণবরিষন !
দ্রে বাসনা চপল, দ্রে প্রমোদ-কোলাহল—
বিষয়ের মান-অভিমান করেছে স্ফুরে পলায়ন ।
কেবল আনন্দ বসি সেথা, মুখে নাই একটিও কথা
তোমারি সে পুরোহিত, প্রভু, করিবে তোমারি আরাধন
নীরবে বসিয়া অবিরল চরণে দিবে সে অগ্রভল,
দুয়ারে জাগিয়া রবে একা মুদিয়া সজল দু নয়ন॥

Ġ

কোথা আছ, প্রভূ, এর্সেছি দীনহীন, আলয় নাহি মোর অসীম সংসারে। অতি দ্বে দ্বে প্রমিছি আমি হে 'প্রভূ প্রভূ' বলে ডাকি কাতরে॥ সাড়া কি দিবে না। দীনে কি চাবে না। রাখিবে ফেলিয়া অক্ল আঁধারে? পথ যে জানি নে, রজনী আসিছে, একেলা আমি বে এ বনমাঝারে॥ জগতজননী, লহো লহো কোলে, বিরাম মাগিছে শ্রাস্ত শিশু এ। পিয়াও অমৃত, তৃষিত সে অতি, জ্ড়াও তাহারে শ্লেহ বর্ষারয়ে॥ তাজি সে তোমারে গোছল চলিয়ে, কাদিছে আজিকে পথ হারাইয়ে — আর সে যাবে না, রহিবে সাথ-সাথ, ধরিয়ে তব হাত শ্রমিবে নির্ভয়ে॥ এসো তবে, প্রভু, শ্লেহনয়নে এ মৃখ-পানে চাও— ব্রচিবে বাতনা, পাইব নব বল, মৃছিব অশ্রুজল, চরণ ধরিয়ে প্রিবে কামনা॥

9

কী করিল মোহের ছলনে।
গৃহ তেরাগিয়া প্রবাসে শ্রমিল. পথ হারাইলি গহনে॥
এই সময় চলে গেল, আঁধার হয়ে এল, মেঘ ছাইল গগনে।
শ্রান্ত দেহ আর চলিতে চাহে না, বিশিষ্টে কণ্টক চরণে॥
গৃহে ফিরে যেতে প্রাণ কাদিছে, এখন ফিরিব কেমনে।
'পথ বলে দাও' 'পথ বলে দাও' কে জানে কারে ডাকি সঘনে॥
বন্ধ, যাহারা ছিল সকলে চলে গেল, কে আর রহিল এ বনে।
ওরে, জগতসথা আছে যা রে তাঁর কাছে, বেলা যে যায় মিছে রোদনে॥
দাঁড়ায়ে গৃহদ্বারে জননী ডাকিছে, আর রে ধরি তাঁর চরণে।
পথের ধ্লি লেগে অন্ধ আঁখি মোর, মায়েরে দেখেও দেখিলি নে।
কোথা গো কোথা তুমি জননী, কোথা তুমি,
ভাকিছ কোথা হতে এ জনে।
হাতে ধরিয়ে সাথে লয়ে চলো তোমার অম্ভেভবনে॥

и

দেখ্ চেয়ে দেখ্ তোরা জগতের উৎসব।
শোন্ রে অনস্তকাল উঠে জয়-জয় রব॥
জগতের যত কবি গ্রহ তারা শশী রবি
অনস্ত আকাশে ফিরি গান গাহে নব নব।
কী সৌন্দর্য অন্পম না জানি দেখেছে তারা,
না জানি করেছে পান কী মহা অমৃতধারা।
না জানি কাহার কাছে ছুটে তারা চলিয়াছে—
আনন্দে ব্যাকুল ষেন হয়েছে নিখিল ভব।
দেখ্ রে আকাশে চেরে, কিরণে কিরণময়।
দেখ্ রে জগতে চেয়ে, সৌন্দর্যপ্রবাহ বয়।
আখি মোর কার দিকে চেয়ে আছে অনিমিখে—
কী কথা জাগিছে প্রাণে কেমনে প্রকাশি কব॥

আজি শৃতদিনে পিডার ভবনে অমৃতসদনে চলো যাই,
চলো চলো, চলো ভাই॥
না জানি সেথা কত সুখ মিলিবে, আনন্দের নিকেতনে—
চলো চলো, চলো ভাই॥
মহোংসবে গ্রিভুবন মাতিল, কী আনন্দ উর্থালল—
চলো চলো, চলো ভাই॥
দেবলোকে উঠিয়াছে জয়গান, গাহো সবে একতান—
বলো সবে জয়-জয়॥

50

বড়ো আশা করে এসেছি গো. কাছে ডেকে লও.
ফিরায়ো না জননী।।
দীনহীনে কেহ চাহে না. তুমি তারে রাখিবে জানি গো।
আর আমি-যে কিছু চাহি নে. চরণতলে বসে থাকিব।
আর আমি-যে কিছু চাহি নে. জননী বলে শ্ধু ডাকিব।
তুমি না রাখিলে, গৃহ আর পাইব কোথা, কে'দে কে'দে কোথা বেড়াবওই-যে হোর তমসখনখোরা গহন রজনী।।

22

বর্ষ ওই গেল চলে।
কত দোষ করেছি যে, ক্ষমা করো—লহো কোলে।।
শ্ব্ধ আপনারে লয়ে সময় গিয়েছে বয়ে—
চাহি নি তোমার পানে, ডাকি নাই পিতা বলে॥
অসীম তোমার দয়া, তূমি সদা আছ কাছে—
অনিমেষ আখি তব মুখপানে চেয়ে আছে।
প্যারিয়ে তোমার ক্ষেহ প্লেকে প্রিছে দেহ—
প্রভু গো, তোমারে কভু আর না রহিব ভুলে॥

25

তুমি কি গো পিতা আমাদের।

এই-যে নেহারি মুখ অতুল স্নেহের॥

এই-যে নয়নে তব অরুণকিরণ নব,

বিমল চরণতলৈ ফ্ল ফ্টে প্রভাতের॥

এই কি স্নেহের রবে ডাকিছ মোদের সবে।

তোমার আসন ঘেরি দাঁড়াব কি কাছে গিয়া।

হৃদরের ফ্লগর্লি যতনে ফ্টারে তুলি দিবে কি বিমল করি প্রসাদসলিল দিয়া॥

20

প্রভূ, এলেম কোথায়!
কথন বরষ গেল, জীবন বহে গেল—
কথন কী-ষে হল জানি নে হায়।
আসিলাম কোথা হতে, ষেতেছি কোন্ পথে
ভাসিয়ে কালপ্রোতে ত্লের প্রায়।
মরণসাগর-পানে চলেছি প্রতিক্ষণ,
তব্ও দিবানিশি মোহেতে অচেতন।
এ জীবন অবহেলে আঁধারে দিন্ ফেলে—
কত-কী গেল চলে, কত-কী ষায়।
শোকে তাপে জরজর অসহ যাতনায়
শ্কায়ে গেছে প্রেম, হদয় মর্প্রায়।
কাদিয়ে হলেম সারা, হর্ষেছি দিশাহারা—
কোথা গো ধ্বতারা কোথা গো হায়॥

38

সংসারেতে চারি ধার করিয়াছে অন্ধকার,
নয়নে তোমার জ্যোতি অধিক ফ্টেছে তাই॥
চৌদিকে বিষাদঘোরে ঘেরিয়া ফেলেছে মোরে,
তোমার আনন্দম্থ হৃদয়ে দেখিতে পাই॥
ফেলিয়া শোকের ছায়া মৃত্যু ফিরে পায় পায়,
যতনের ধন যত কেড়ে কেড়ে নিয়ে য়য়।
তব্ সে মৃত্যুর মাঝে অমৃতম্রতি রাজে,
মৃত্যুশোক পরিহরি ওই মুখপানে চাই॥
তোমার আশ্বাসবাণী শ্নিতে পেয়েছি প্রভু,
মিছে ভয় মিছে শোক আর করিব না কভু।
হদয়ের বাথা কব, অমৃত যাচিয়া লব,
তোমার অভয়-কোলে পেয়েছি পেয়েছি ঠিই॥

34

কী দিব ভোমার। নরনেতে অশ্র্যার, শোকে হিয়া জরজর হে॥ দিয়ে ধাব হে, ভোমারি পদতলে আকুল এ হদয়ের ভার॥

তোমারেই প্রাণের আশা কহিব।
সন্থে-দন্থে-শোকে আঁধারে-আলোকে চরণে চাহিয়া রহিব॥
কেন এ সংসারে পাঠালে আমারে তুমিই জান তা প্রভূ গো।
তোমারি আদেশে রহিব এ দেশে, সন্থ দন্থ বাহা দিবে সহিব॥
বিদ বনে কভু পথ হারাই প্রভূ, তোমারি নাম লয়ে ডাকিব।
বড়োই প্রাণ যবে আকুল হইবে চরণ হদরে লইব॥
তোমারি জগতে প্রেম বিলাইব, তোমারি কার্য যা সাধিব—
শেষ হয়ে গেলে ডেকে নিয়ো কোলে। বিরাম আর কোথা পাইব॥

#### 29

হাতে লয়ে দীপ অগণন চরাচর কার সিংহাসন নীরবে করিছে প্রদক্ষিণ॥ চারি দিকে কোটি কোটি লোক লয়ে নিজ সূথ দুঃখ শোক চরণে চাহিয়া চিরদিন II সূর্য তাঁরে কহে অনিবার, 'মুখপানে চাহো একবার, ধরণীরে আলো দিব আমি।' চন্দ্র কহিতেছে গান গেয়ে. 'হাসো, প্রভূ, মোর পানে চেয়ে-জ্যোৎল্লাস্থা বিতরিব স্বামী। মেঘ গাহে চরণে তাঁহার 'দেহো, প্রভু, কর্বা তোমার--ছায়া দিব, দিব বৃণিউজল।' বসন্ত গাহিছে অনুক্ষণ, 'কহে৷ তুমি আশ্বাসবচন, भाष्क भार्थ पित काल कल।' করজোড়ে কহে নরনারী. 'হদয়ে দেহাে গাে প্রেমবারি. জগতে বিলাব ভালোবাসা। 'প্রাও **প**্রাও মনস্কাম' কাহারে ডাকিছে অবিশ্রাম জগতের ভাষাহীন ভাষা॥

#### 2 W

সকাতরে ওই কাঁদিছে সকলে, শোনো শোনো পিতা।
কহো কানে কানে, শুনাও প্রাণে প্রাণে মঙ্গলবারতা॥
ক্ষুদ্র আশা নিয়ে রয়েছে বাঁচিয়ে, সদাই ভাবনা।
যা-কিছ্ম পায় হারায়ে যায়, না মানে সান্থনা॥
সম্খ-আশে দিশে দিশে বেড়ায় কাতরে—
মরীচিকা ধরিতে চায় এ মর্প্রান্তরে॥
ফ্রায় বেলা, ফ্রায় খেলা, সন্ধ্যা হয়ে আসে—
কাঁদে তথন আকুল-মন, কাঁপে তরাসে॥

কী হবে গতি, বিশ্বপতি, শাস্তি কোথা আছে— তোমারে দাও, আশা প্রোও, তুমি এসো কাছে॥

#### 22

রজনী পোহাইল— চলেছে যাত্রীদল. আকাশ পর্বিল কলরবে। সবাই যেতেছে মহোৎসবে॥ কুসাম ফাটেছে বনে, গাহিছে পাখিগণে— এমন প্রভাত কি আর হবে। নিদ্রা আর নাই চোখে, বিমল অরুণালোকে জাগিয়া উঠেছে আজি সবে॥ চলো গো পিতার ঘরে, সারা ব প্রসাদ-অমৃত ভিক্ষা লবে ৷৷ সারা বংসরের তরে ঐ হেরো তাঁর দ্বার জগতের পরিবার হোথায় মিলেছে আজি সবে— ভাই বদ্ধ সবে মিলি করিতেছে কোলাকুলি, মাতিয়াছে প্রেমের উৎসবে॥ যত চায় তত পায়— হদর প্রিয়া যায়. গহে ফিরে জয়-জয়-রবে। সবার মিটেছে সাধ— লভিয়াছে আশীৰ্বাদ, সম্বংসর আনন্দে কাটিবে॥

# \$0

আদ্বি এনেছে তাঁহারি আশীর্বাদ প্রভাতকিরণে, পবিত্র করপরশ পেরে ধরণী ল্বিটছে তাঁহারি চরণে॥ আনন্দে তর্বতা নোয়াইছে মাথা, কুস্ম ফ্র্টাইছে শত বরনে॥ আশা উল্লাসে চরাচর হাসে— কী ভয়, কী ভয় দৃঃখ-তাপ-মরণে॥

# 23

চলিয়াছি গৃহপানে, খেলাখ্লা অবসান।
ডেকে লও, ডেকে লও, বড়ো গ্রান্ত মন প্রাণ॥
খ্লায় মালন বাস, আঁখারে পেরেছি গ্রাস—
মিটাতে প্রাণের ত্যা বিষাদ করেছি পান॥
খেলিতে সংসারের খেলা কাতরে কে'দেছি হায়,
হারায়ে আশার ধন অগ্রুবারি বহে বায়।
খ্লাঘর গড়ি বত ভেঙে ভেঙে পড়ে তত—
চলেছি নিরাশ-মনে, সান্তুনা করো গো দান॥

দিন তো চলি গেল, প্রভু, বৃথা— কাতরে কাঁদে হিয়া।
জীবন অহরহ হতেছে ক্ষীণ— কী হল এ শ্ন্য জীবনে।
দেখাব কেমনে এই ম্লান ম্থ, কাছে ধাব কী লইয়া।
প্রভু হে, ষাইবে ভয়, পাব ভরসা
তুমি যদি ডাকো এ অধ্যে।

# 20

ভবকোলাহল ছাড়িয়ে
বিরলে এসেছি হে॥
জ্বড়াব হিয়া তোমায় দেখি,
সুধারসে মগন হব হে॥

# ₹8

তাঁহার প্রেমে কে ডুবে আছে।
চাহে না সে তুচ্ছ সংখ ধন মান-বিরহ নাহি তার, নাহি রে দংখতাপ,
সে প্রেমের নাহি অবসান॥

### 26

তবে কি ফিরিব স্লানমূথে স্থা, জরজর প্রাণ কি জ্বড়াবে না॥ আঁধার সংসারে আবার ফিরে যাব? হৃদয়ের আশা প্রাবে না॥

## 26

দেখা যদি দিলে ছেড়ো না আর, আমি অতি দীনহীন॥ নাহি কি হেথা পাপ মোহ বিপদরাশি। তোমা বিনা একেলা নাহি ভরসা॥

## 29

দর্খ দরে করিলে, দরশন দিয়ে মোহিলে প্রাণ ৷৷ সপ্ত লোক ভূলে শোক তোমারে চাহিয়ে— কোথায় আছি আমি দীন অতি দীন ৷৷

দাও হে হৃদয় ভরে দাও।
তরক্ষ উঠে উথলিয়া স্ব্ধাসাগরে,
স্ব্ধারসে মাতোয়ারা করে দাও॥
যেই স্বধারসপানে গ্রিভুবন মাতে তাহা মোরে দাও॥

## 23

দ্য়ারে বসে আছি, প্রভু, সারা বেলা— নয়নে বহে অগ্রহারি।
সংসারে কী আছে হে, হৃদয় না প্রে—
প্রাণের বাসনা প্রাণে লয়ে ফিরেছি হেথা দ্বারে দ্বারে।
সকল ফেলি আমি এসেছি এখানে, বিম্ব হোয়ো না দীনহীনে—
যা করো হে রব পড়ে॥

### 00

ভেকেছেন প্রিয়তম, কে রহিবে ঘরে।
ভাকিতে এসেছি তাই, চলো দ্বরা করে॥
তাপিতহৃদর বারা মুহিবি নরনধারা,
বুহিবে বিরহতাপ কত দিন পরে॥
আজি এ আকাশমাঝে কী অম্তবীণা বাজে,
প্রকে জগত আজি কী মধ্যু শোভার সাজে!
আজি এ মধ্র ভবে মধ্র মিলন হবে—
তাঁহার সে প্রেম্খ জেগেছে অন্তরে॥

### 05

চলেছে তরণী প্রসাদপবনে, কে বাবে এসো হে শান্তিভবনে।
এ ভবসংসারে ঘিরিছে আঁধারে, কেন রে বসে হেথা ফ্লানমুখ।
প্রাণের বাসনা হেথার প্রে না, হেথার কোথা প্রেম কোথা সুখ।
এ ভবকোলাহল, এ পাপহলাহল, এ দৃখশোকানল দ্রে বাক।
সমুখে চাহিরে প্লকে গাহিরে চলো রে শ্নেন চলি তাঁর ডাক।
বিষয়ভাবনা লইয়া যাব না, তুচ্ছ সুখদুখ পড়ে থাক্।
ভবের নিশীথিনী ঘিরিবে ঘনঘোরে, তখন কার মুখ চাহিবে।
সাধের ধনজন দিয়ে বিসন্ধান কিসের আশে প্রাণ রাখিবে॥

### 90

পিতার দ্য়ারে দাঁড়াইয়া সবে ভূলে যাও জভিমান। এসো ভাই এসো, প্রাণে প্রাণে আজি রেখো না রে ব্যবধান॥ সংসারের থ্লা থ্রে ফেলে এসো, মুথে লয়ে এসো হাসি।
হদয়ের থালে লয়ে এসো ভাই প্রেমফ্ল রাশি-রাশি॥
নীরস হদয়ে আপনা লইয়ে রহিলে তাঁহায়ে ভূলে—
অনাথ জনের মুখপানে আহা, চাহিলে না মুখ ভূলে!
কঠোর আঘাতে বাথা পেলে কত বাথিলে পরের প্রাণ—
তুচ্ছ কথা নিয়ে বিবাদে মাতিয়ে দিবা হল অবসান॥
তাঁর কাছে এসে তব্ও কি আজি আপনারে ভূলিবে না।
হদয়মাঝারে ডেকে নিতে তাঁরে হদয় কি খুলিবে না।
লইব বাঁটিয়া সকলে মিলিয়া প্রেমের অম্ত তাঁরি—
পিতার অসীম ধনরতনের সকলেই অধিকারী॥

00

তোমায় যতনে রাখিব হে, রাখিব কাছে—
প্রেমকুসন্মের মধ্মেরারভে, নাথ, তোমারে ভূলাব হে॥
তোমার প্রেমে, সখা, সাজিব সন্দর—
হদয়হারী, তোমারি পথ রহিব চেয়ে॥
আপনি আসিবে, কেমনে ছাড়িবে আর মধ্র হাসি বিকাশি রবে হদয়াকাশে॥

OR.

আইল আজি প্রাণস্থা, দেখো রে নিথিলজন। আসন বিছাইল নিশীথিনী গগনতলে. গ্রহ তারা সভা ঘেরিয়ে দাঁড়াইল। নীরবে বনিগার আকাশে রহিল চাহিয়া, থামাইল ধরা দিবসকোলাহল॥

96

দ্থের কথা তোমার বলিব না, দ্খ ভুলেছি ও করপরশে।
যা-কিছ্ দিয়েছ তাই পেরে, নাথ, স্থে আছি, আছি হরষে॥
আনন্দ-আলয় এ মধ্র ভব. হেথা আমি আছি এ কা স্নেহ তব—
তোমার চন্দ্রমা তোমার তপন মধ্র কিরণ বরষে॥
কত নব হাসি ফুটে ফুলবনে প্রতিদিন নবপ্রভাতে।
প্রতিনিশি কত গ্রহ কত তারা ভোমার নীরব সভাতে।
জননীর স্লেহ স্কুদের প্রীতি শত ধারে স্থা ঢালে নিতি নিতি,
জগতের প্রেমমধ্রমাধ্রী ভুবায় অম্তসরসে॥
ক্ষ্ মোরা, তব্ না জানি মরণ, দিয়েছ তোমার অভয় শরণ,
শোক তাপ সব হয় হে হরণ তোমার চরণদরশে।

প্রতিদিন যেন বাড়ে ভালোবাসা, প্রতিদিন মিটে প্রাণের পিপাসা— পাই নব প্রাণ— জাগে নব আশা নব নব নব-বরষে॥

04

তাঁহার আনন্দধারা জগতে যেতেছে বরে,
এসো সবে নরনারী আপন হৃদয় লয়ে॥
সে আনন্দে উপবন বিকশিত অনুক্ষণ,
সে আনন্দে ধায় নদী আনন্দবারতা কয়ে॥
সে প্ণানিঝরিস্রোতে বিশ্ব করিতেছে য়ান,
রাখো সে অম্তধারা প্রিয়া হৃদয় প্রাণ।
তোমরা এসেছ তীরে— শ্না কি যাইবে ফিরে,
শোষে কি নয়ননীরে ভূবিবে ত্যিত হয়ে॥
চির্রাদন এ আকাশ নবীন নীলিমাময়,
চির্রাদন এ ধরণী যৌবনে ফ্টিয়া রয়।
সে আনন্দরসপানে চিরপ্রেম জাগে প্রাণে,
দহে না সংসারতাপ সংসার-মাঝারে রয়ে॥

99

হরি, তোমায় ডাকি, সংসারে একাকী আধার অরণ্যে ধাই হে। গহন তিমিরে নয়নের নীরে পথ খাজে নাহি পাই হে॥ সদা মনে হয় 'কী করি' 'কী করি'. কখন আসিবে কালবিভাবরী---তাই ভয়ে মরি, জাকি হরি! হরি! হরি বিনে কেহ নাই হে ॥ নয়নের জল হবে না বিফল. তোমায় সবে বলে ভকতবংসল--সেই আশা মনে করেছি সম্বল, বে'চে আছি শ্ধ্ ডাই হে। আঁধারেতে জাগে তব আঁখিতারা, তোমার ভক্ত কড় হর না পথহারা--প্রাণ তোমায় চাহে, তুমি ধ্বতারা— আর কার পানে চাই হে॥

OF

আমায় ছ জনায় মিলে পথ দেখায় বলে পদে পদে পথ ভূলি হে। নানা কথার ছলে নানান মুনি বলে, সংশয়ে তাই দুলি হে॥ তোমার কাছে যাব এই ছিল সাধ, তোমার বাণী শূনে ঘুচাব প্রমাদ. কানের কাছে সবাই করিছে বিবাদ শত লোকের শত বর্তি হে॥ কাতর প্রাণে আমি তোমায় যখন যাচি আডাল করে সবাই দাঁডায় কাছাকাছি. ধরণীর ধুলো তাই নিয়ে আছি-পাই নে চরণধর্তি হে॥ শত ভাগ মোর শত দিকে ধার, আপনা-আপনি বিবাদ বাধায়-কারে সামালিব একি হল দায়— একা যে অনেকগুলি হে। আমায় এক করো তোমার প্রেমে বে'ধে. এক পথ আমায় দেখাও অবিচ্ছেদে— ধাঁদার মাঝে পড়ে কত মরি কে'দে---চরণেতে লহে। তলি হে॥

### 62

যোরা রজনী, এ মোহঘনঘটা— কোথা গৃহ হায়। পথে বসে॥ সারাদিন করি খেলা, খেলা যে ফুরাইল— গৃহ চাহিয়া প্রাণ কাঁদে॥

80

সন্মধ্রে শানি আজি, প্রভু, তোমার নাম। প্রেমস্থাপানে প্রাণ বিহন্দপ্রায়, রসনা অলস অবশ অন্রাণে॥

## 85

মিটিল সব ক্ষ্মা, তাঁহার প্রেমস্থা চলো রে ঘরে লয়ে যাই।
সেথা যে কত লোক পেরেছে কত শোক, তৃষিত আছে কত ভাই॥
ডাকো রে তাঁর নামে সবারে নিজধামে, সকলে তাঁর গুল গাই।
দুখি কাতর জনে রেখো রে রেখো মনে, হুদয়ে সবে দেহো ঠাই॥
সতত চাহি তাঁরে ভোলো রে আপনারে, সবারে করো রে আপন।
শাস্তি-আহরণে শাস্তি-বিতরণে জীবন করো রে যাপন।
এত যে সুখ আছে কে তাহা শুনিয়াছে! চলো রে সবারে শুনাই।
বলো রে ডেকে বলো পিতার ঘরে চলো, হেথায় শোকতাপ নাই।

তারো তারো, হরি, দীনজনে।
ডাকো তোমার পথে, কর্ণামর, প্জনসাধনহীন জনে॥
অক্ল সাগরে না হেরি ত্রাণ, পাপে তাপে জীর্ণ এ প্রাণ—
মরণমাঝারে শরণ দাও হে, রাখো এ দ্বর্ল ক্ষণিজনে॥
ঘেরিল যামিনী, নিভিল আলো, ব্থা কাজে মম দিন ফ্রালো—
পথ নাহি, প্রভু, পাথের নাহি— ডাকি তোমারে প্রাণপণে।
দিকহারা সদা মরি যে ঘ্রে, যাই তোমা হতে দ্র স্দ্রের,
পথ হারাই রসাতলপ্রে— অন্ধ এ লোচন মোহঘনে॥

80

88

আমারেও করো মার্জনা।
আমারেও দেহো, নাপ, অম্তের কণা॥
গৃহ ছেড়ে পথে এসে বসে আছি লানবেশে,
আমারো হদয়ে করো আসন রচনা॥
জানি আমি, আমি তব মলিন সন্তান
আমারেও দিতে হবে পদতলে স্থান।
আপনি ডুবেছি পাপে, কাদিতেছি মনন্তাপে
শ্বন গো আমারো এই মরমবেদনা॥

84

ফিরো না ফিরো না আজি— এসেছ দ্রারে।
শ্ন্য প্রাণে কোথা যাও শ্ন্য সংসারে॥
আজ তাঁরে যাও দেখে, হদয়ে আনো গো ডেকেঅমৃত ভরিয়া লও মরমমাঝারে॥
শ্ব্দ প্রাণ শ্ব্দ রেখে কার পানে চাও।
শ্বা দ্টো কথা শ্বেন কোথা চলে যাও।

তোমার কথা তাঁরে কয়ে তাঁর কথা যাও লয়ে— চলে যাও তাঁর কাছে রেখে আপনারে॥

80

সবে মিলি গাও রে, মিলি মঙ্গলাচরো। ডাকি লহো হৃদরে প্রিয়তমে॥ মঙ্গল গাও আনন্দমনে। মঙ্গল প্রচারো বিশ্বমাঝে॥

89

স্বর্প তাঁর কে জানে, তিনি অনন্ত মঙ্গল—
অয্ত জগত মগন সেই মহাসম্দুরে॥
তিনি নিজ অন্পম মহিমামাঝে নিলান—
সন্ধান তাঁর কে করে, নিষ্ফল বেদ বেদান্ত।
পরবন্ধা, পরিপ্রেণ, অতি মহান—
তিনি আদিকারণ, তিনি বর্ণন-অতীত॥

84

তোমারে জানি নে হে. তব্ মন তোমাতে ধায়।
তোমারে না জেনে বিশ্ব তব্ তোমাতে বিরাম পায়॥
অসীম সৌন্দর্য তব কে করেছে অন্ভব হে.
সে মাধ্রী চিরনব—
আমি না জেনে প্রাণ স'পেছি তোমায়॥
তুমি জ্যোতির জ্যোতি, আমি অন্ধ আধারে।
তুমি মৃক্ত মহীয়ান, আমি মগ্ন পাথারে।
তুমি অন্তহীন, আমি ক্ষুদ্র দীন-- কী অপ্ব মিলন তোমায় আমায়॥

83

এবার ব্রেছি সখা, এ খেলা কেবলই খেলা—
মানবজীবন লয়ে এ কেবলই অবহেলা॥
তোমারে নহিলে আর ঘ্রাচেবে না হাহাকার—
কী দিয়ে ভূলায়ে রাখো, কী দিয়ে কাটাও বেলা॥
বৃথা হাসে রবিশশী, বৃথা আসে দিবানিশি—
সহসা পরান কাঁদে শ্না হেরি দিশি দিশি।
তোমারে খ্লিতে এসে কী লয়ে রয়েছি শেষে—
ফিরি গো কিসের লাগি এ অসীম মহামেলা॥

άO

চাহি না সংখে থাকিতে হে, হেরো কত দীনজন কাঁদিছে॥
কত শাকের ক্রন্দন গগনে উঠিছে, জীবনবন্ধন নিমেষে ট্রিটছে,
কত ধ্লিশায়ী জন মালন জীবন শরমে চাহে ঢাকিতে হে॥
শোকে হাহাকারে বধির শ্রবণ, শ্রিনতে না পাই তোমার বচন,
হৃদয়বেদন করিতে মোচন কারে ডাকি কারে ডাকিতে হে॥
আশার অমৃত ঢালি দাও প্রাণে, আশীর্বাদ করো আতুর সন্তানে—
পথহারা জনে ডাকি গৃহপানে চরণে হবে রাখিতে হে॥
প্রেম দাও শোকে করিতে সান্তুনা, ব্যথিত জনের ঘ্রচাতে যক্রণা,
তোমার কিরণ করহ প্রেরণ অগ্রু-আকুল আঁখিতে হে॥

43

আজ ব্ৰি আইল প্ৰিয়তম, চরণে সকলে আকুল ধাইল ৷৷
কত দিন পরে মন মাতিল গানে,
পূর্ণ আনন্দ জাগিল প্রাণে,
ভাই বলে ডাকি সবারে— ভুবন স্মধ্র প্রেমে ছাইল ৷৷

42

হে মন, তাঁরে দেখো আঁখি খ্লিক্তে বিনি আছেন সদা অন্তরে॥ সবারে ছাড়ি প্রভূ করো তাঁরে, দেহ মন ধন যৌবন রাখো তাঁর অধানৈ॥

Ć O

জয় রাজরাজেশ্বর! জয় অর্পস্কর! জয় প্রেমসাগর! জয় ক্ষেম-আকর! তিমিরতিরস্কর হুদয়গগনভাস্কর॥

œ8

আজি রাজ-আসনে তোমারে বসাইব হৃদয়মাঝারে॥
সকল কামনা স'পিব চরণে অভিষেক-উপহারে॥
তোমারে বিশ্বরাজ, অন্তরে রাখিব, তোমার ভকতেরই এ অভিমান।
ফিরিবে বাহিরে সর্ব চরাচর— তুমি চিত্ত-আগারে॥

Œ Œ

হে অনাদি অসীম স্নীল অক্ল সিন্ধ্ব,
আমি ক্ষ্দ্ৰ অগ্ৰহিন্দ্ব ॥
তোমার শীতল অতলে ফেলো গো গ্ৰাসি,
তার পরে সব নীরব শান্তিরাশি—
তার পরে শ্ব্ব বিস্ফৃতি আর ক্ষমা— শ্বধাব না আর কথন্ আসিবে অমা,
কথন্ গগনে উদিবে পূর্ণ ইন্দ্ব ॥

œ ৬

মহাবিশ্বে মহাকাশে মহাকালমাঝে আমি মানব কী লাগি একাকী দ্রমি বিস্ময়ে। তুমি আছ বিশ্বেশ্বর স্বরপতি অসীম রহস্যে নীরবে একাকী তব আলয়ে। আমি চাহি তোমা-পানে— তুমি মোরে নিয়ত হেরিছ, নিমেষবিহীন নত নয়নে॥

49

আইল শাস্ত সন্ধ্যা, গেল অস্তাচলে শ্রান্ত তপন॥ নমো ব্লেহময়ী মাতা, নমো স্ক্রিদাতা. নমো অতন্দ্র জাগ্রত মহাশাস্তি॥

d W

উঠি চলো, স্কৃদিন আইল— আনন্দসোগন্ধ উচ্ছ্বসিল॥ আজি বসস্ত আগত স্বরগ হতে ভক্তহদয়প্কপনিকুঞ্জে— স্কৃদিন আইল॥

45

আমারে করো জীবনদান,
প্রেরণ করো অন্তরে তব আহ্বান॥
আসিছে কত যায় কত, পাই শত হারাই শত—
তোমারি পায়ে রাখো অচল মোর প্রাণ॥
দাও মোরে মঙ্গলরত, স্বার্থ করো দ্রে প্রহত—
থামায়ে বিফল সন্ধান জাগাও চিত্তে সত্য জ্ঞান।
লাভে-ক্ষতিতে স্থে-শোকে অন্ধকারে দিবা-আলোকে
নির্ভয়ে বহি নিশ্চল মনে তব বিধান॥

# রক্ষা করো হে।

আমার কর্ম হইতে আমার রক্ষা করো হে।
আপন ছারা আতৎক মোরে করিছে কম্পিত হে,
আপন চিন্তা গ্রাসিছে আমার—রক্ষা করো হে।
প্রতিদিন আমি আপনি রচিয়া জড়াই মিথ্যাজালে—
ছলনাডোর হইতে মোরে রক্ষা করো হে।
অহৎকার হদয়দ্বার রয়েছে রোধয়া হে—
আপনা হতে আপনার, মোরে রক্ষা করো হে॥

## 63

মহানন্দে হেরো গো সবে গীতরবে চলে প্রান্তিহারা জগতপথে পশ্পাণী রবি শশী তারা॥ তাঁহা হতে নামে জড়জীবনমনপ্রবাহ। তাঁহারে খুজিয়া চলেছে ছুটিয়া অসীম স্জনধারা॥

## 65

প্রভু, খেলেছি অনেক খেলা—এবে তোমার ক্রোড় চাহি। গ্রাস্ত হদয়ে, হে, তোমারি প্রসাদ চাহি॥ আজি চিন্তাতপ্ত প্রাণে তব শান্তিবারি চাহি। আজি স্ববিত্ত ছাডি তোমায় নিত্য-নিত্য চাহি॥

### 60

আমি জেনে শ্নেন তব্ ভূলে আছি, দিবস কাটে বৃথায় হে।
আমি যেতে চাই তব পথপানে, কত বাধা পায় পায় হে।
(তোমার অমৃতপথে, যে পথে তোমার আলো জনলে সেই অভয়পথে।)
চারি দিকে হেরো ঘিরেছে কারা, শত বাধনে জড়ায় হে।
আমি ছাড়াতে চাহি, ছাড়ে না কেন গো—ভূবায়ে রাখে মায়ায় হে।
(তারা বাঁধিয়া রাখে, তোমার বাহ্র বাঁধন হতে তারা বাঁধিয়া রাখে।)
দাও ভেঙে দাও এ ভবের সৃখ, কাজ নেই এ খেলায় হে।
আমি ভূলে থাকি যত অবোধের মতো বেলা বহে তত যায় হে।
(ভূলে যে থাকি, দিন যে মিলায়, খেলা যে ফ্রায়, ভূলে যে থাকি।)
হানো তব বাজ হৃদয়গহনে, দুখানল জনলো তায় হে।
নিয়নজলে— তোমার-হাতের-বেদনা-দেওয়া নয়নজলে—
প্রাণের-সকল-কলাক্-ধোওয়া নয়নজলে।)

শ্না করে দাও হদর আমার, আসন পাতো সেথার হৈ।
তুমি এসো এসো, নাথ হয়ে বোসো, ভুলো না আমার হে।
(আমার শ্না প্রাণে—চির-আনন্দে ভরে থাকো আমার শ্না প্রাণে।)

## 48

আমি সংসারে মন দির্রোছন, তুমি আপনি সে মন নিয়েছ।
আমি সুখ বলে দুখ চের্রোছন, তুমি দুখ বলে সুখ দিয়েছ।
(দয়া করে দুখ দিলে আমায়, দয়া করে।)
হদয় যাহার শতখানে ছিল শত স্বার্থের সাধনে
তাহারে কেমনে কুড়ায়ে আনিলে, বাঁধিলে ভাক্তবাঁধনে।
(কুড়ায়ে এনে, শতখান হতে কুড়ায়ে এনে,
ধুলা হতে তারে কুড়ায়ে এনে।)
সুখ সুখ করে দ্বারে দ্বারে মোরে কত দিকে কত খোঁজালে.
তুমি যে আমার কত আপনার এবার সে কথা বোঝালে।
(ব্ঝায়ে দিলে, হদয়ে আসি ব্ঝায়ে দিলে,
তুমি কে হও আমার ব্ঝায়ে দিলে।)
কর্ণা তোমার কোন্ পথ দিয়ে কোথা নিয়ে য়য় কাহারে.
সহসা দেখিন্ন নয়ন মেলিয়ে— এনেছ তোমারি দ্য়ায়ে।
(আমি না জানিতে, কোথা দিয়ে আমায় এনেছ
আমি না জানিতে, কোথা দিয়ে আমায় এনেছ

### 96

কে জানিত তুমি ডাকিবে আমারে, ছিলাম নিদামগন।
সংসার মোরে মহামোহঘোরে ছিল সদা ঘিরে সঘন।
(ঘিরে ছিল, ঘিরেছিল হে আমার—
মোহঘোরে— মহামোহে।)
আপনার হাতে দিবে যে বেদনা, ভাসাবে নয়নজলে,
কে জানিত হবে আমার এমন শৃতদিন শৃতলগন।
(জানি নে, জানি নে হে, আমি স্বপনে—
আমার এমন ভাগ্য হবে আমি জানি নে, জানি নে হে।)
জানি না কখন্ কর্ণা-অর্ণ উঠিল উদয়াচলে,
দেখিতে দেখিতে কিরণে প্রিল আমার হদয়গগন।
(আমার হদয়গগন প্রিল তোমার চরণকিরণে—
তোমার কর্ণা-অর্শে।)
তোমার অমৃতসাগর হইতে বন্যা আসিল কবে—
হদয়ে বাহিরে যত বাঁধ ছিল কখন হইল ভগন।
(যত বাঁধ ছিল যেখানে, ভেঙে গেল, ভেসে গেল হে।)

স্বাতাস তুমি আপনি দিয়েছ, পরানে দিয়েছ আশা— আমার জীবনতরণী হইবে তোমার চরণে মগন। (তোমার চরণে গিয়ে লাগিবে আমার জীবনতরণী— অভয়চরণে গিয়ে লাগিবে।)

44

তুমি কাছে নাই বলে হেরো, স্থা, তাই 'আমি বড়ো' 'আমি বড়ো' বলিছে সবাই। (সবাই বড়ো হল হে। সবার বড়ো কাছে নেই বলে সবাই বড়ো হল হে। তোমায় দেখি নে বলে, তোমায় পাই নে বলে, भवारे वरफा रुन रर।) নাথ, তুমি একবার এসো হাসিম,থে, এরা স্পান হয়ে যাক তোমার সম্মুখে। ( नाष्ट्र म्नान द्याक दर। আমারে যারা ভুলায়েছিল লাজে স্লান হোক হে। তোমারে যারা ঢেকেছিল লাজে ম্লান হোক হে।) কোথা তব প্রেমমুখ, বিশ্ব-ঘেরা হাসি--আমারে তোমার মাঝে করে। গো উদাসী। (উদাস করো হে. তোমার প্রেমে-তোমার মধ্রে রূপে উদাস করে। হে।) ক্ষুদ্র আমি করিতেছে বড়ো অহংকার— ভাঙো ভাঙো ভাঙো, নাথ, অভিমান তার। (অভিযান চ্র্ণ করো হে। তোমার পদতলে মান চূর্ণ করো হে— भगानज करत मान हार्ग करता रह।)

49

নয়ন তোমারে পায় না দেখিতে, রয়েছ নয়নে নয়নে। (নয়নের নয়ন!)
হ৸য় তোমারে পায় না জানিতে, হ৸য়ে রয়েছ গোপনে। (হ৸য়বিহারী!)
বাসনার বশে মন অবিরত ধায় দশ দিশে পাগলের মতো,
স্থির-অথি তুমি মরমে সতত জাগিছ শয়নে স্বপনে।
(তোমার বিরাম নাই, তুমি অবিরাম জাগিছ শয়নে স্বপনে।
তোমার নিমেষ নাই, তুমি অনিমেষ জাগিছ শয়নে স্বপনে।
সবাই ছেড়েছে, নাই বায় কেহ, তুমি আছ তার, আছে তব য়য়হ—
নিরাশ্রয় জন পথ য়ায় গেহ সেও আছে তব ভবনে।
(য়ে পথের ভিথারি সেও আছে তব ভবনে।
য়ায় কেহ কোথাও নেই সেও আছে তব ভবনে।)

তুমি ছাড়া কেহ সাথি নাই আর, সমুখে অনস্ত জীবনবিস্তার—
কালপারাবার করিতেছ পার কেহ নাহি জানে কেমনে।
(তরী বহে নিয়ে যাও কেহ নাহি জানে কেমনে।
জাবনতরী বহে নিয়ে যাও কেহ নাহি জানে কেমনে।)
জানি শুখু তুমি আছ তাই আছি, তুমি প্রাণময় তাই আমি বাঁচি,
যত পাই তোমায় আরো তত যাচি— যত জানি তত জানি নে।
(জেনে শেষ মেলে না— মন হার মানে হে।)
জানি আমি তোমায় পাব নিরম্ভর লোক-লোকান্ডরে যুগ-যুগান্ডর—
তুমি আর আমি মাঝে কেহ নাই, কোনো বাধা নাই ভুবনে।
(তোমার আমার মাঝে কোনো বাধা নাই ভুবনে।)

## 68

মাঝে মাঝে তব দেখা পাই, চির্রাদন কেন পাই না। কেন মেঘ আসে হৃদয়-আকাশে, তোমারে দেখিতে দেয় না। (মোহমেঘে তোমারে দেখিতে দেয় না। অন্ধ করে রাখে, তোমারে দেখিতে দেয় না।) ক্ষণিক আলোকে আঁখির পলকে তোমায় যবে পাই দেখিতে ওবে 'হারাই হারাই' সদা হয় ভয়, হারাইয়া ফেলি চকিতে। ( আশ না মিটিতে হারাইয়া- পলক না পডিতে হারাইয়া-হদয় না জ,ভাতে হারাইয়া ফেলি চকিতে।) কী করিলে বলো পাইব তোমারে রাখিব আখিতে আখিতে— ওহে এত প্রেম আমি কোথা পাব, নাথ, তোমারে হৃদয়ে রাখিতে। ( আমার সাধ্য কিবা তোমারে---দয়া না করিলে কে পারে--তুমি আপনি না এলে কে পারে হৃদয়ে রাখিতে।) আর-কারো পানে চাহিব না আর, করিব হে আমি প্রাণপণ--ওহে তুমি যদি বলো এখনি করিব বিষয়বাসনা বিসর্জন। (দিব শ্রীচরণে বিষয়— দিব অকাতরে বিষয় দিব তোমার লাগি বিষয়বাসনা বিস্কুন।)

### 63

ওহে জীবনবল্পভ, ওহে সাধনদ্পভি,
আমি মর্মের কথা অন্তরব্যথা কিছুই নাহি কব-শ্ধ্র জীবন মন চরণে দিন্ব ব্রিঝয়া লহো সব।
(দিন্ব চরণতলে—কথা যা ছিল দিন্ব চরণতলে—
প্রাণের বোঝা ব্বে লও, দিন্ব চরণতলে।)
আমি কী আর কব॥

এই সংসারপথসকট অতি কণ্টকময় হে,
আমি নীরবে যাব হদরে লয়ে প্রেমমুরতি তব।
(নীরবে যাব— পথের কাঁটা মানব না, নীরবে যাব।
হদরবাথায় কাঁদব না, নীরবে যাব।)
আমি কী আর কব॥

আমি স্থদ্থ সব তুচ্ছ করিন প্রিয়-অপ্রিয় হে—
তুমি নিজ হাতে যাহা স'পিবে তাহা মাথায় তুলিয়া লব।
(আমি মাথায় লব—যাহা দিবে তাই মাথায় লব—
সন্থ দৃখ তব পদধ্লি বলৈ মাথায় লব।)
আমি কী আর কব॥

অপরাধ যদি করে থাকি পদে, না করে। বদি ক্রমা,
তবে পরানপ্রিয় দিয়ো হে দিয়ো বেদনা নব নব।
দিয়ো বেদনা— যদি ভালো বোঝ দিয়ো বেদনা—
বিচারে যদি দোষী হই দিয়ো বেদনা।)
আমি কী আর কব॥

তব্ ফেলো না দ্বের, দিবসশেষে ডেকে নিয়ো চরণে—
 তুমি ছাড়া আর কী আছে আমার! মৃত্যু-আঁধার ভব।
 নিয়ো চরণে — ভবের খেলা সারা হলে নিয়ো চরণে—
 দিন ফুরাইলে, দীননাথ, নিয়ো চরণে।)
 আমি কী আর কব॥

#### 90

ওগো দেবতা আমার, পাষাণদেবতা, হাদমন্দিরবাসী,
তোমারি চরণে উজাড় করেছি সকল কুস্মরাশি।
প্রভাত আমার সন্ধ্যা হইল, আন হইল আঁখি।
এ প্রজা কি তবে সবই বৃথা হবে। কে'দে কি ফিরিবে দাসী।
এবার প্রাণের সকল বাসনা সাজায়ে এনেছি থালি।
আঁধার দেখিয়া আরতির তরে প্রদীপ এনেছি জনাল।
এ দীপ যখন নিবিবে তখন কী রবে প্রজার তরে।
দ্রার ধরিয়া দাঁড়ায়ে রহিব নয়নের জলে ভাসি॥

### 93

গভীর রাতে ভক্তিভরে কে জাগে আজ. কে জাগে। সপ্ত ভূবন আলো করে লক্ষ্মী আসেন, কে জাগে। যোলো কলায় পূর্ণ শশী, নিশার আঁধার গেছে খসি— একলা ঘরের দুয়ার-'পরে কে জাগে আজ, কে জাগে। ভরেছ কি ফ্লের সাজি। পেতেছ কি আসন আজি। সাজিয়ে অর্ঘ্য প্জার তরে কে জাগে আজ, কে জাগে। আজ যদি রোস ঘ্মে মগন চলে যাবে শ্ভলগন, লক্ষ্মী এসে যাবেন সরে—কে জাগে আজ, কে জাগে॥

# 92

যাত্রী আমি ওরে,
পারবে না কেউ রাখতে আমায় ধরে।
দ্বঃখস্থের বাঁধন সবই মিছে, বাঁধা এ ঘর রইবে কোথায় পিছে,
বিষয়বোঝা টানে আমায় নিচে— ছিল্ল হয়ে ছড়িয়ে যাবে পড়ে॥
যাত্রী আমি ওরে,

চলতে পথে গান গাহি প্রাণ ভরে। দেহদুর্গে খুলবে সকল দ্বার, ছিল্ল হবে শিকল বাসনার, ভালো মন্দ কাটিয়ে হব পার— চলতে রব লোকে লোকান্ডরে॥ ধারী আমি ওরে,

ষা-কিছ্মভার ষাবে সকল সরে।
আকাশ আমায় ডাকে দ্রের পানে ভাষাবিহীন অজ্ঞানিতের গানে.
সকাল-সাঁঝে আমার পরান টানে কাহার বাঁশি এমন গভীর স্বরে।
যাত্রী আমি ওরে,

বাহির হলেম না জানি কোন্ ভোরে।
তথন কোথাও গায় নি কোনো পাখি, কী জানি রাত কতই ছিল বাকি.
নিমেষহারা শৃধ্যু একটি আঁখি জেগে ছিল অন্ধকারের 'পরে॥
যাতী আমি ওরে.

কোন্ দিনান্তে পেণছব কোন্ ঘরে। কোন্ তারকা দীপ জনালে সেইখানে, বাতাস কাঁদে কোন্ কুসনুমের ঘাণে. কে গো সেথায় শ্বিষানে অনাদিকাল চাহে আমার তরে॥

90

দ্বংখ এ নয়, সব্খ নহে গো— গভীর শাস্তি এ যে
আমার সকল ছাড়িয়ে গিয়ে উঠল কোথায় বেজে॥
ছাড়িয়ে গৃহ, ছাড়িয়ে আরাম, ছাড়িয়ে আপনারে
সাথে করে নিল আমায় জন্মমরণপারে—
এল পথিক সেজে॥
চরণে তার নিখিল ভূবন নীরব গগনেতে—
আলো-আঁধার আঁচলখানি আসন দিল পেতে।
এত কালের ভয় ভাবনা কোথায় য়ে য়য় সরে,
ভালোমন্দ ভাঙাচোরা আলোয় ওঠে ভরে—
কালিমা যায় মেজে॥

স্থের মাঝে তোমায় দেখেছি,

দাঃখে তোমায় পেয়েছি প্রাণ ভরে।
হারিয়ে তোমায় গোপন রেখেছি,

পেয়ে আবার হারাই মিলনঘোরে॥
চিরজীবন আমার বীণা-তারে
তোমার আঘাত লাগল বারে বারে,
তাইতে আমার নানা স্রের তানে

প্রাণে তোমার পরশ নিলেম ধরে॥
আজ তো আমি ভয় করি নে আর

লীলা যদি ফ্রায় হেথাকার।
ন্তন আলোয় ন্তন অন্ধকারে
লও যদি বা ন্তন সিন্ধণারে
তব্ তুমি সেই তো আমার তুমি—

আবার তোমায় চিনব ন্তন করে॥

### 96

বলো বলো, বন্ধু, বলো তিনি তোমার কানে কানে
নাম ধরে ডাক দিয়ে গেছেন ঝড়-বাদলের মধ্যখানে॥
স্তন্ধ দিনের শান্তিমাঝে জীবন ষেথায় বর্মে সাজে
বলো সেথায় পরান তিনি বিজয়মালা তোমার প্রাণে।
বলো তিনি সাথে সাথে ফেরেন তোমার দুখের টানে॥
বলো বলো, বন্ধু, বলো নাম বলো তাঁর যাকে তাকে—
শ্নুক তারা ক্ষণেক থেমে ফেরে যারা পথের পাকে।
বলো বলো তাঁরে চিনি ভাঙন দিয়ে গড়েন যিনি—
বেদন দিয়ে বাঁধো বীণা আপন-মনে সহজ গানে।
দুখীর আঁখি দেখুক চেয়ে সহজ সুখে তাঁহার পানে॥

### 94

মনের মধ্যে নিরবধি শিকল গড়ার কারখানা।
একটা বাঁধন কাটে যদি বেড়ে ওঠে চারখানা॥
কেমন করে নামবে বোঝা, তোমার আপদ নয় যে সোজা–
অন্তরেতে আছে যখন ভয়ের ভাষণ ভারখানা।

রাতের আঁধার ঘোচে বটে বাতির আলো বেই জ্বালো. মূর্ছাতে যে আঁধার ঘটে রাতের চেরে ঘোর কালো। ঝড়-তৃফানে ঢেউরের মারে তব্ তরী বাঁচতে পারে, সবার বড়ো মার যে তোমার ছিদ্রটার ওই মারখানা॥ পর তো আছে লাখে লাখে, কে তাড়াবে নিঃশেষে। ঘরের মধ্যে পর যে থাকে পর করে দেয় বিশ্বে সে। কারাগারের দ্বারী গোলে তথনি কি মৃত্তি মেলে। আপনি তুমি ভিতর থেকে চেপে আছ দ্বারথানা॥

শ্ন্য ঝ্লির নিরে দাবি রাগ করে রোস্কার 'পরে। দিতে জানিস তবেই পাবি, পাবি নে তো ধার করে। লোভে ক্ষোভে উঠিস মাতি, ফল পেতে চাস রাতারাতি-আপন ম্ঠো করলে ফ্টো আপন খাঁড়ার ধারখানা॥

99

খেলার সাথি, বিদায়দ্বার খোলো—
এবার বিদায় দাও।
গেল যে খেলার বেলা॥
ডাকিল পথিকে দিকে বিদিকে,
ভাঙিল রে স্থমেলা॥

98

যাওয়া-আসারই এই কি খেলা খেলিলে, হৈ হুদিরাজা, সারা বেলা॥ ডুবে যায় হাসি আঁখিজলে— বহু যতনে যারে সাজালে তারে হেলা॥

# 93

কোন্ ভারকে ভয় দেখাবি, আঁধার তোমার সবই মিছে।
ভরসা কি মোর সামনে শৃধ্। নাহয় আমায় রাথবি পিছে॥
আমায় দ্রে ষেই তাড়াবি সেই তো রে তোর কাজ বাড়াবি—
তোমার নিচে নামতে হবে আমায় যদি ফেলিস নিচে॥
যাচাই করে নিবি মোরে এই খেলা কি খেলবি ওরে।
যে তোর হাত জানে না, মারকে জানে,
ভয় লোগে রয় তাহার প্রাণে—
যে তোর মার ছেড়ে তোর হাতটি দেখে
আসল জানা সেই জানিছে॥

A0

হদয়-আবরণ খুলে গেল তোমার পদপরশে হরষে ওহে দরামর। অন্তরে বাহিরে হেরিন্ব তোমারে লোকে লোকে, দিকে দিকে, আঁধারে আলোকে, স্থে দুখে— হেরিন্ব হে ঘরে পরে, জগতমর, চিত্তমর॥

42

মন প্রাণ কাড়িয়া লও হে হৃদর্যবামী,
সংসারের স্থুখ দৃখ সকলই ভূলিব আমি।
সকল স্থুখ দাও তোমার প্রেমস্থেদ
তুমি জাগি থাকো জীবনে দিনবামী॥

45

শ্ত্র প্রভাতে
প্রবিগানে উদিল
কল্যাণী শ্কতারা॥
তর্ণ অর্ণরণ্মি
ভাঙে অন্ধতামসী
রঞ্জনীর কারা॥

# আনুষ্ঠানিক সংগীত

5

আজি কাঁদে কারা ওই শ্না ষায়, অনাথেরা কোথা করে হার-হার,
দিন মাস ষায়, বরষ ফ্রায়—ফ্রাবে না হাহাকার॥
ওই কারা চেয়ে শ্না নরানে স্ম-আশা-হীন নববর্ষ-পানে,
কারা শ্য়ে শ্রুক ভূমিশায়ানে— মর্ময় চারি ধার॥
আশাসবচন সকলেরে কয়ে এসেছিল বর্ষ কত আশা লয়ে,
কত আশা দলে আজ ষায় চলে— শ্না কত পরিবার।
কত অভাগার জীবনসম্বল মুছে লয়ে গেল, রেখে অশ্রুজল—
নব বরষের উদয়ের পথে রেখে গেল অন্ধকার॥
হায়, গ্রে যার নাই অম্লকণা মানুষের প্রেম তাও কি পাবে না—
আজি নাই কি রে কাতরের তরে কর্ণার অশ্রুধার।
কে'দে বলো, 'নাথ, দ্বেখ দ্রে যাক, তাপিত ধরার হৃদয় জ্বুড়াক—
বর্ষ যদি যায় সাথে লয়ে যাক বরষের শোকভার।'

₹

জয় তব হোক জয়।

স্বদেশের গলে দাও তুমি তুলে যশোমালা অক্ষয়।
বহুদিন হতে ভারতের বাণী আছিল নীরবে অপমান মানি,
তুমি তারে আজি জাগায়ে তুলিয়া রটালে বিশ্বময়।
জ্ঞানমন্দিরে জনালায়েছ তুমি বে নব আলোকশিখা
তোমার সকল প্রাতার ললাটে দিল উল্জন্ন টিকা।
অবারিতগতি তব জয়য়থ ফিরে বেন আজি সকল জগং,
দুঃখ দীনতা যা আছে মোদের তোমারে বাঁধি না রয়॥

e

বিশ্ববিদ্যাতীর্থ প্রাক্ষণ কর মহোচ্জনেল আজ হে।
বরপত্তসংঘ বিরাজ হে।
ঘন তিমিররাত্তির চিরপ্রতিক্ষা পূর্ণ কর, লহ জ্যোতিদীক্ষা।
যাত্তিদল সব সাজ হে। দিবাবীণা বাজ হে।
এস কমী, এস জ্ঞানী, এস জনকল্যাণখ্যানী,
এস তাপসরাজ হে!
এস হে ধীশক্তিসম্পদ মৃক্তবন্ধ সমাজ হে॥

জগতের প্রোহিত তুমি— তোমার এ জগৎ-মাঝারে এক চায় একেরে পাইতে, দুই চায় এক হইবারে। ফুলে ফুলে করে কোলাকুলি, গলাগালি অর্ণে উষায়। মেঘ দেখে মেঘ ছুটে আসে, তারাটি তারার পানে চায়। প্র্হিল তোমার নিয়ম, প্রভু হে, তোমারি হল জয়—তোমার কপায় এক হল আজি এই যুগলহদয়। যে হাতে দিয়েছ তুমি বে'ধে শশধরে ধরার প্রণয়ের সেই হাতে বাঁধয়াছ তুমি এই দুটি হদয়ে হদয়ে। জগত গাহিছে জয়-জয়, উঠেছে হরষকোলাহল, প্রেমের বাতাস বহিতেছে— ছুটিতেছে প্রেমপরিমল। পাখিরা গাও গো গান, কহো বায় চরাচরময়—মহেশের প্রেমের জগতে প্রেমের হইল আজি জয়॥

Æ

তুমি হে প্রেমের রবি আলো করি চরাচর

যত করো বিতরণ অক্ষর তোমার কর।

দ্বজনের আঁখি-'পরে তুমি থাকো আলো করে—

তা হলে আঁখারে আর বলো হে কিসের ডর।

তোমারে হারায় যদি দ্বজনে হারাবে দোঁহে

দ্বজনে কাঁদিবে বসি অন্ধ হয়ে ঘন মোহে,

এমনি আঁধার হবে পাশাপাশি বসে রবে

তব্বও দোঁহার মূখ চিনিবে না পরঙ্গনর।

দেখো প্রভূ, চিরদিন আঁখি-'পরে থেকো জেগে—

তোমারে ঢাকে না যেন সংসারের ঘন মেঘে।

তোমারি আলোকে বসি উজল-আনন-শশী

উভয়ে উভয়ে হেরে প্রলকিতকলেবর॥

b

শ্ভদিনে শৃভক্ষণে প্থিবী আনন্দমনে
দুটি হদয়ের ফুল উপহার দিল আজ—
ওই চরণের কাছে দেখো গো পড়িয়া আছে,
তোমার দক্ষিণহন্তে তুলে লও রাজরাজ।
এক সূত্র দিয়ে, দেব, গেখে রাখো এক সাথে—
টুটে না ছিড়ে না যেন, থাকে যেন ওই হাতে।
তোমার শিশির দিয়ে রাখো তারে বাঁচাইয়ে—
কী জানি শ্কার পাছে সংসাররোদ্রের মাঝ॥

দ্বজনে এক হয়ে যাও, মাথা রাথো একের পারে—
দ্বজনের হাদয় আজি মিল্ক তাঁরি মিলন-ছায়ে।
তাঁহারি প্রেমের বেগে দ্বিট প্রাণ উঠ্ক জেগে—
যা-কিছ্ শীর্ণ মিলন ট্ট্ক তাঁরি চরণ-ঘায়ে।
সম্থে সংসারপথ, বিঘাবাধা কোরো না ভর—
দ্বজনে যাও চলে যাও— গান করে যাও তাঁহারি জয়।
ভকতি লও পাথেয়, শকতি হোক অজের—
অভয়ের আশিসবাদী আস্ক তাঁরি প্রসাদ-বায়ে॥

¥

তাঁহার অসীম মঙ্গললোক হতে তোমাদের এই হৃদয়বনচ্ছায়ে অনন্ডেরই পরশরসের স্রোতে দিয়েছে আজ বসন্ত জাগায়ে। তাই সুধামর মিলনকুসুমখানি উঠল ফুটে কখন নাহি জানি-এই কুসুমের প্জার অর্ঘ্যান-প্রণাম করো দুইজনে তাঁর পায়ে। সকল বাধা যাক তোমাদের ঘ.চে. নাম ক তাঁহার আশীবাদের ধারা। মলিন ধ্লার চিহ্ন সে দিক মুছে. শান্তিপবন বহুক বন্ধহারা। নিত্যনবীন প্রেমের মাধ্রীতে কল্যাণফল ফল্বক দোহার চিতে, সুখ তোমাদের নিতা রহুক দিতে নিখিলজনের আনন্দ বাডায়ে।।

۵

নবজীবনের যাত্রাপথে দাও দাও এই বর
হে হৃদয়েশ্বর—
প্রেমের বিত্ত পূর্ণ করিয়া দিক চিত্ত:
বেন এ সংসারমাঝে তব দক্ষিণমুখ রাজে:
সন্থর্পে পাই তব ভিক্ষা, দন্থর্পে পাই তব দক্ষিণ:
মন হোক ক্ষ্মতাম্কু, নিখিলের সাথে হোক যুক্ত.
শন্তকমে বেন নাহি মানে ক্লান্ডি।
শান্তি শান্তি শান্তি॥

প্রেমের মিলনদিনে সত্য সাক্ষী যিনি অন্তর্যামী
নমি তাঁরে আমি— নমি নমি।
বিপদে সম্পদে সূথে দূথে সাথি যিনি দিনরাতি অন্তর্যামী
নমি তাঁরে আমি— নমি নমি।
তিমিররাতে যাঁর দূচি তারায় তারায়,
যাঁর দূচি জীপ্ত স্ব্য-আলোকে জার্মিশখায়, জীব-আত্মায় অন্তর্যামী
নমি তাঁরে আমি— নমি নমি।
জীবনের সব কর্ম সংসারধর্ম করে। নিবেদন তাঁর চরণে।
যিনি নিখিলের সাক্ষী, অন্তর্যামী
নমি তাঁবে আমি— নমি নমি।

### 22

স্মঙ্গলী বধ্, সণ্ঠত রেখো প্রাণে শ্লেহমধ্। আহা!
সত্য রহো তুমি প্রেমে, প্রব রহো ক্ষেমে—
দ্বংখে স্থে শাস্ত রহো হাসাম্থে।
আঘাতে হও জয়ী অবিচল ধৈর্ষে কল্যাণময়ী। আহা॥
চলো শ্ভব্দির বাণী শ্নে.
সকর্ণ নমতাগ্ণে চারি দিকে শাস্তি হোক বিস্তার—
ক্ষমান্ত্রিক্ষ করো তব সংসার।
যেন উপকরণের গর্ব আত্মারে না করে থর্ব।
মন যেন জানে, উপহাস করে কাল ধনমানে—
তব চক্ষে যেন ধ্লির সে ফাকি নিত্যেরে না দেয় ঢাকি। আহা॥

## 58

ইহাদের করো আশীর্বাদ।
ধরায় উঠিছে ফাটি ক্ষান্ত প্রাণগানি, নন্দনের এনেছে সংবাদ।
এই হাসিমাখগানি হাসি পাছে যায় ভূলি,
পাছে ঘেরে আঁষার প্রমাদ,
ইহাদের কাছে ডেকে বাকে রেখে, কোলে রেখে,
তোমরা করো গো আশীর্বাদ।
বলো, সাখে যাও চলে ভবের তরক্ষ দলে,
শ্বর্গ হতে আসাক বাতাস—
সাখ দাঃখ কোরো হেলা, সে কেবল ঢেউখেলা
নাচিবে তেনের চারিপাদ।

সমূথে শান্তিপারাবার—
ভাসাও তরণী হে কর্ণধার।
তুমি হবে চিরসাথি, লও লও হে চ্রোড় পাতি—
অসীমের পথে জর্মালবে জ্যোতি প্রবৃতারকার॥
মর্ন্ডিদাতা, তোমার ক্ষমা তোমার দরা
হবে চিরপাথেয় চিরবারার।
হয় যেন মর্ত্যের বন্ধনক্ষর, বিরাট বিশ্ব বাহ্ মেলি লয়—
পায় অন্তরে নির্ভার পরিচর মহা-অজানার॥

0. 52. 5505

>8

একদিন যারা মেরেছিল তাঁরে গিরে রাজার দোহাই দিয়ে এ বংগে তারাই জন্ম নিয়েছে আজি, মন্দিরে তারা এসেছে ভক্ত সাজি— ঘাতক সৈন্যে ডাকি 'মারো মারো' ওঠে হাঁকি। গর্জনে মিশে প্রামন্তের ন্বর— মানবপত্ত তাঁর ব্যখায় কহেন, হে ঈশ্বর! এ পানপাত্ত নিদার্গ বিষে ভরা দারে ফেলে দাও, দারে ফেলে দাও স্বরা॥

20. 32. 3303

36

আলোকের পথে, প্রভু, দাও দ্বার খ্লে—
আলোক-পিরাসী বারা আছে আঁখি তুলে,
প্রদোবের ছায়াতলে হারারেছে দিশা,
সমাথে আসিছে ঘিরে নিরাশার নিশা।
নিখিল ভূবনে তব বারা আত্মহারা
আঁধারের আবরণে খোঁলে ধ্বতারা,
তাহাদের দ্'ন্টি আনো রূপের জগতে—
আলোকের পথে॥

ওই মহামানব আসে।

দিকে দিকে রোমাণ্ড লাগে

মর্তাধ্লির ঘাসে ঘাসে॥
স্রলোকে বেজে ওঠে শৃষ্থ,
নরলোকে বাজে জয়ডক্ত —

এল মহাজন্মের লগ্ন।
আজি অমারাত্রির দুর্গতোরণ বত

ধ্লিতলে হয়ে গেল ভগ্ন।
উদর্মশিখরে জাগে 'মাভৈঃ মাভৈঃ'
নবজীবনের আশ্বাসে।
'জয় জয় জয় রে মানব-অভ্যুদয়'
মন্দ্র উঠিল মহাকাশে॥

১ বৈশাৰ ১৩৪৮

59

হে ন্তন,
দেখা দিক আর-বার জন্মের প্রথম শ্ভক্ষণ॥
তোমার প্রকাশ হোক কুহেলিকা করি উদ্ঘাটন
স্মের মতন।
রিক্ততার বক্ষ ভেদি আপনারে করো উন্মোচন।
ব্যক্ত হোক জীবনের জয়,
ব্যক্ত হোক তোমামাঝে অসীমের চিরবিস্ময়।
উদয়দিগক্তে শঙ্খ বাজে, মোর চিত্তমাঝে
চিরন্তনেরে দিল ডাক
পাচিশো বৈশাখ॥

২০ বৈশাৰ ১৩৪৮

# প্রেম ও প্রকৃতি

۵

গিয়াছে সে দিন যে দিন হৃদয় র পেরই মোহনে আছিল মাতি, প্রাণের স্বপন আছিল যখন— 'প্রেম' 'প্রেম' শৃধ্ দিবস-রাতি। শান্তিময়ী আশা ফ্টেছে এখন হৃদয়-আকাশপটে, জীবন আমার কোমল বিভায় বিষল হয়েছে বটে, বালককালের প্রেমের স্বপন মধ্র বেমন উজল যেমন তেমন কিছুই আসিবে না—

তেমন কিছুই আসিবে না॥
সে দেবীপ্রতিমা নারিব ভূলিতে প্রথম প্রণয় আঁকিল যাহা,
স্মৃতিমর মোর শ্যামল করিয়া এখনো হৃদরে বিরাজে তাহা।
সে প্রতিমা সেই পরিমলসম পলকে যা লয় পায়,
প্রভাতকালের স্বপন যেমন পলকে মিশারে যায়।
অলসপ্রবাহ জীবনে আমার সে কিরণ কভু ভাসিবে না আর—
সে কিরণ কভ ভাসিবে না—

₹

সে কির্ন কভ ভাসিবে না॥

মন হতে প্রেম বেতেছে শ্বকারে, জীবন হতেছে শেষ।
শিথিল কপোল, মালন নয়ন, তৃষারধবল কেশ।
পাশেতে আমার নীরবে পড়িয়া অযতনে বীণাখানি—
বাজাবার বল নাহিক এ হাতে, জড়িমাজড়িত বালী।
গাঁতিময়া মোর সহচরা বীণা, হইল বিদায় নিতে।
আর কি পারিবি ঢালিবারে তুই অমৃত আমার চিতে।
তব্ একবার, আর-একবার, তাজিবার আগে প্রাণ
মারতে মারতে গাইয়া লইব সাধের সে-সব গান।
দ্লিবে আমার সমাধি-উপরে তর্গণ শাখা তুলি—
বনদেবতারা গাহিবে তখন মরণের গানগ্লি॥

Ç

কী করিব বলো, সখা, তোমার লাগিরা।
কী করিলে জন্ডাইতে পারিব ও হিরা॥
এই পেতে দিন ব্ক, রাখো, সখা, রাখো মন্ধ—
ঘ্নাও তুমি গো, আমি রহিন্ জাগিরা।

খুলে বলো, বলো সখা, কী দুঃখ তোমার—
অশ্র্জলে মিলাইব অশ্র্জলধার।
একদিন বলেছিলে মাের ভালোবাসা
পাইলে প্ররিবে তব হুদয়ের আশা।
কই সখা, প্রাণ মন করেছি তো সমপ্ণ—
দিয়েছি তো যাহা-কিছ্ব আছিল আমার।
তব্ব কেন শ্বুকালো না অশ্রবারিধার॥

8

কেন গো সে মোরে যেন করে না বিশ্বাস।
কেন গো বিষন্ন আঁখি আমি যবে কাছে থাকি,
কেন উঠে মাঝে মাঝে আকুল নিশ্বাস।
আদর করিতে মোরে চায় কতবার,
সহসা কী ভেবে যেন ফেরে সে আবার।
নত করি দ্ব নয়নে কী যেন ব্ঝায় মনে,
মন সে কিছ্তে যেন পায় না আশ্বাস।
আমি যবে বাগ্র হয়ে ধরির তার পাণি
সে কেন চমকি উঠি লয় তাহা টানি।
আমি কাছে গেলে হায় সে কেন গো সরে যায়—
মলিন হইয়া আসে অধর সহাস।

Æ

তোরা বসে গাঁথিস মালা, তারা গলায় পরে।
কখন যে শ্কারে যায়, ফেলে দেয় রে অনাদরে॥
তোরা শ্ব্ব করিস দান, তারা শ্ব্ব করে পান,
স্বায় অর্চি হলে ফিরেও তো নাহি চায়—
হদয়ের পাচখানি ভেঙে দিয়ে চলে যায়॥
তোরা কেবল হাসি দিবি, তারা কেবল বসে আছে—
চোখের জল দেখিলে তারা আর তো রবে না কাছে।
প্রাণের ব্যথা প্রাণে রেখে প্রাণের আগন্ন প্রাণে চেকে
পরান ভেঙে মধ্ব দিবি অশ্বছাঁকা হাসি হেসে—
ব্ক ফেটে, কথা না বলে, শ্বকায়ে পডিবি শেষে॥

6

বলি, ও আমার গোলাপ-বালা, বলি, ও আমার গোলাপ-বালা— তোলো ম্থানি, তোলো ম্থানি— কুস্মকুঞ্জ করো আলা। কিসের শরম এত! সখা, কিসের শরম এত! সখা, পাতার মাঝারে ল্কায়ে ম্খানি কিসের শরম এত! বালা, ঘুমারে পড়েছে ধরা। সখী, ঘুমার চন্দ্রতারা।
প্রিয়ে, ঘুমার দিক্বালারা সবে— ঘুমার জগং বত।
বলিতে মনের কথা, সখী, এমন সময় কোথা।
প্রিয়ে, তোলো মুখানি, আছে গো আমার প্রাণের কথা কত।
আমি এমন সমুধীর স্বরে, সখী, কহিব ভোমার কানে—
প্রিয়ে, স্বপনের মতো সে কথা আসিয়ে পশিবে ভোমার প্রাণে।
তবে মুখানি তুলিয়ে চাও, সুখীরে মুখানি তুলিয়ে চাও।
সখী, একটি চুন্বন দাও— গোপনে একটি চুন্বন দাও॥

q

গোলাপ ফ্ল ফ্টিরে আছে. মধ্প, হোথা যাস নে—
ফ্লের মধ্ ল্টিতে গিরে কাঁটার ঘা খাস নে॥
হেথায় বেলা, হোথায় চাঁপা শেফালি হোথা ফ্টিরে—
ওদের কাছে মনের ব্যথা বল্রে ম্থ ফ্টিরে॥
ভ্রমর কহে, 'হোথায় বেলা হোথায় আছে নলিনী
ওদের কাছে বলিব নাকো আজিও যাহা বলি নি।
মরমে যাহা গোপন আছে গোলাপে তাহা বলিব—
বলিতে যদি জনলিতে হয় কাঁটারই ঘায়ে জনলিব।

v

পার্গালনী, তোর লাগি কী আমি করিব বল্।
কোথায় রাখিব তোরে খ'লে না পাই ভূমণ্ডল।
আদরের ধন তুমি, আদরে রাখিব আমি—
আদরিনী, তোর লাগি পেতেছি এ বক্ষস্থল।
আয় তোরে ব্বে রাখি— তুমি দেখো, আমি দেখি—
শ্বাসে শ্বাস মিশাইব, আঁখিজলে আঁখিজল।

۵

ওই কথা বলো সখী, বলো আর বার—
ভালোবাস মোরে তাহা বলো বার বার।
কতবার শ্নিরাছি, তব্ও আবার যাচি—
ভালোবাস মোরে তাহা বলো গো আবার॥

50

শ্ব নলিনী, খোলো গো আখি— খুম এখনো ভাঙিল নাকি!

দেখো তোমারি দুয়ার- 'পরে স্থী. এসেছে তোমারি রবি॥ স্থী, এসেছে তোমারি রবি শ্রনি প্রভাতের গাথা মোর ভেঙেছে ঘ্যমের ঘোর. दमस्था জগৎ উঠেছে নয়ন মেলিয়া নতেন জীবন লভি। তুমি কি সজনী জাগিবে নাকো. তবে আমি যে তোমারি কবি॥ প্রতিদিন আসি, প্রতিদিন হাসি, প্রতিদিন গান গাহি--প্রতিদিন প্রাতে শানিয়া সে গান भीत भीत छे जार। আজিও এসেছি চেয়ে দেখো দেখি আর তো রজনী নাহি। আজিও এমেছি, উঠ উঠ সখী, আর তো রজনী নাহি। স্থী, শিশিরে মুখানি মাজি সখী, লোহিত বসনে সাজি ্বিমল সরসী-আর্মার 'পরে অপর্প র্পর্মাশ। দেখো থেকে থেকে ধীরে হেলিয়া পড়িয়া নিজ মুখছায়া আধেক হেরিয়া ললিত অধরে উঠিবে ফুটিয়া শরমের মুদ্র হাসি॥

### 22

ও কথা বোলো না তারে, কভু সে কপট না রে--আমার কপাল-দোষে চপল সেজন। অধীরহৃদয় বৃঝি শান্তি নাহি পায় খুজি. সদাই মনের মতো করে অন্বেষণ। ভালো সে বাসিত যবে করে নি ছলনা। মনে মনে জানিত সে সতা বুঝি ভালোবাসে— ব্যবিতে পারে নি তাহা যৌবনকল্পনা। হরবে হাসিত যবে হেরিয়া আমায়, সে হাসি কি সত্য নয়। সে যদি কপট হয় তবে সত্য বলে কিছু নাহি এ ধরায়। ও কথা বোলো না তারে— কভ সে কপট না রে. আমার কপাল-দোষে চপল সেজন। প্রেমমরীচিকা হেরি ধায় সত্য মনে করি. চিনিতে পারে নি সে যে আপনার মন।।

সোনার পিঞ্জর ভাঙিয়ে আমার প্রাণের পাখিটি উড়িয়ে যাক।
সে যে হেথা গান গাহে না! সে যে মোরে আর চাহে না!
সর্দ্র কানন হইতে সে যে শ্নেছে কাহার ডাক
পাখিটি উড়িয়ে যাক॥
মর্দিত নয়ন খ্লিয়ে আমার সাধের স্বপন যায় রে যায়।
হাসিতে অপ্রতে গাঁথিয়া গাঁথিয়া দিয়েছিন্ তার বাহ্তে বাঁধয়া—
আপনার মনে কাঁদিয়া কাঁদিয়া ছিড়িয়া ফেলেছে হায় রে হায়,
সাধের স্বপন যায় রে যায়॥
যে যায় সে যায়, ফিরিয়ে না চায়, যে থাকে সে শ্র্ম্ করে হায়-হায়—
নয়নের জল নয়নে শ্কায়— মরমে ল্কায় আশা।
বাঁধিতে পারে না আদরে সোহাগে— রজনী পোহায়, ঘ্ম হতে জাগে,
হাসিয়া কাঁদিয়া বিদায় সে মাগে— আকাশে তাহার বাসা।
যায় যিদ তবে যাক। একবার তব্ ডাক্।
কী জানি যাদ রে প্রাণ কাঁদে তার তবে থাক। তবে থাক।

#### 20

হদর মোর কোমল অতি, সহিতে নারি রবির জ্যোতি, লাগিলে আলো শরমে ভরে মারিয়া ষাই মরমে॥ ভমর মোর বসিলে পাশে তরাসে আঁখি মুদিরা আসে, ভূতলে ঝরে পড়িতে চাহি আকুল হয়ে শরমে॥ কোমল দেহে লাগিলে বায় পাপড়ি মোর খসিয়া ষায়, পাতার মাঝে ঢাকিয়া দেহ রয়েছি তাই লুকায়ে। আঁধার বনে রূপের হাসি ঢালিব সদা স্রভিরাশি, আঁধার এই বনের কোলে মরিব শেষে শৃকায়ে॥

### 28

হৃদয়ের মণি আদরিনী মোর, আয় লো কাছে আয়।
মিশাবি জোছনাহাসি রাশি রাশি মৃদ্ মধ্ জোছনায়।
মলয় কপোল চুমে ঢালিয়া পড়িছে ঘুমে,
কপোলে নয়নে জোছনা মরিয়া যায়।
যম্নালহরীগুলি চরণে কাদিতে চায়॥

## 24

খ্লে দে তরণী, খ্লে দে তোরা, স্রোত বহে যায় যে।
মন্দ মন্দ অঙ্গভঙ্গে নাচিছে তরঙ্গ রঙ্গে— এই বেলা খ্লে দে॥

ভাঙিয়ে ফের্লেছি হাল, বাতাসে প্রুরেছে পাল, স্রোতোম্থে প্রাণ মন যাক ভেসে যাক— যে যাবি আমার সাথে এই বেলা আয় রে॥

### 26

এ কী হরষ হেরি কাননে!
পরান আকুল, স্বপন বিকশিত মোহমদিরাময় নয়নে॥
ফবুলে ফবুলে করিছে কোলাকুলি, বনে বনে বহিছে সমীরণ
নবপল্লবে হিল্লোল তুলিয়ে— বসন্তপরশে বন শিহরে।
কী জানি কোথা পরান মন ধাইছে বসন্তসমীরণে॥
ফবুলেতে শবুয়ে জোছনা হাসিতে হাসি মিলাইছে।
মেঘ ঘুমায়ে ঘুমায়ে ভেসে যায়। ঘুমভারে অলসা বসকুরা—
দ্রে পাপিয়া পিউ-পিউ রবে ডাকিছে স্বনে॥

## 59

আমি স্বপনে রয়েছি ভোর, স্থী, আমারে জাগায়ো না।
আমার সাধের পাথি যারে নয়নে নয়নে রাখি
তারি স্বপনে রয়েছি ভোর, আমার স্বপন ভাঙায়ো না।
কাল ফাটিবে রবির হাসি, কাল ছাটিবে তিমিররালি-কাল আসিবে আমার পাথি, ধীরে বসিবে আমার পাশ।
ধীরে গাহিবে স্থের গান, ধীরে ডাকিবে আমার নাম।
ধীরে বয়ান তুলিয়া নয়ান খালিয়া হাসিব স্থের হাস।
আমার কপোল ভরে শিশির পাড়বে করে—
নয়নেতে জল, অধরেতে হাসি, মরমে রহিব মরে।
তাহারি স্বপনে আজি মাদিয়া রয়েছি আখি—
কথন আসিবে প্রাতে আমার সাধের পাখি,
কথন জাগাবে মারে আমার নামটি ডাকি॥

### 24

গেল গেল নিয়ে গেল এ প্রণয়স্রোতে।
'যাব না' 'যাব না' করি ভাসায়ে দিলাম তরী—
উপায় না দেখি আর এ তরঙ্গ হতে॥
দাঁড়াতে পাই নে স্থান, ফিরিতে না পারে প্রাণ—
বার্বেগে চলিয়াছি সাগরের পথে॥
জানিন্ না, শ্নিন্ না. কিছ্ না ভাবিন্—
অন্ধ হয়ে একেবারে তাহে ঝাঁপ দিন্।

এত দ্র ভেসে এসে শ্রম যে ব্রেছি শেষে— এখন ফিরিতে কেন হয় গো বাসনা। আগেভাগে, অভাগিনী, কেন ভাবিলি না। এখন যে দিকে চাই ক্লের উদ্দেশ নাই— সম্মুখে আসিছে রাচি, আধার করিছে ঘোর। স্যোতপ্রতিক্লে যেতে বল যে নাই এ চিতে, শ্রান্ত ক্লন্ত অবসম হয়েছে হদয় মোর॥

### 22

হাসি কেন নাই ও নয়নে! ভ্রমিতেছ মলিন-আননে।
দেখা, সথী, আঁখি তুলি ফ্লেগ্রাল ফ্টেছে কাননে।
তোমারে মলিন দেখি ফ্লেরা কাদিছে সখী,
শ্বাইছে বনলতা কত কথা আকুল বচনে।
এসো সখী, এসো হেখা, একটি কহো গো কথা—
বলো, সথী, কার লাগি পাইয়াছ মনোবাধা।
বলো, সখী, মন তোর আছে ভোর কাহার স্বপনে॥

# 20

একবার বলো, সখী, ভালোবাস মোরে—রেখা না ফেলিয়া আর সন্দেহের ঘোরে।
সখী, ছেলেবেলা হতে সংসারের পথে পথে
মিখ্যা মরীচিকা লয়ে ফেপেছি সময়।
পারি নে, পারি নে আর— এসেছি তোমারি ছার—
একবার বলো, সখী, দিবে কি আগ্রর।
সহেছি ছলনা এত, ভয় হয় তাই
সত্যকার সুখ ব্ঝি এ কপালো নাই।
বহুদিন ঘুমঘোরে ভুবারে রাখিয়া মোরে
অবশেষে জাগায়ো না নিদার্ণ ঘায়।
ভালোবেসে থাকো যদি লও লও এই হৃদি—ভগ্র চূর্ণ দক্ষ এই হৃদয় আমার
এ হৃদয় চাও যদি লও উপহার॥

# 25

কতবার ভেবেছিন, আপনা ভূলিরা তোমার চরণে দিব হৃদয় খ্লিরা। চরণে ধরিয়া তব কহিব প্রকাশি গোপনে তোমারে, সখা, কত ভালোবাসি। ভেবেছিন্ কোথা তুমি স্বর্গের দেবতা, কেমনে তোমারে কব প্রণয়ের কথা। ভেবেছিন্ মনে মনে দ্রে দ্রে থাকি চিরজক্ম সঙ্গোপনে প্রিলব একাকী— কেহ জানিবে না মোর গভীর প্রণয়, কেহ দেখিবে না মোর অশ্র্বারিচয়। আপনি আজিকে যবে শ্রধাইছ আসি, কেমনে প্রকাশ কব কত ভালোবাসি॥

# २२

কেমনে শুরিধব বলো তোমার এ ঋণ। এ দয়া তোমার, মনে রবে চিরদিন। যবে এ হৃদয়মাঝে ছিল না জীবন. মনে হত ধরা যেন মরুর মতন. সে হৃদে ঢালিয়ে তব প্রেমবারিধার নতন জীবন যেন করিলে সঞ্চার। একদিন এ হৃদয়ে ব্যক্তিত প্রেমের গান. কবিতায় কবিতায় পূর্ণ যেন ছিল প্রাণ-দিনে দিনে সূখগান থেমে গেল এ হৃদরে, নিশীথশ্যশানসম আছিল নীর্ব হয়ে— সহসা উঠেছে বাজি তব করপরশনে. প্রোনো সকল ভাব জাগিয়া উঠেছে মনে. বিরাজিছে এ হৃদয়ে যেন নব-উষাকাল, শানা হৃদয়ের যত ঘাচেছে আঁধারজাল। কেমনে শূমিব বলো তোমার এ ধণ। এ দয়া তোমার, মনে রবে চিরদিন॥

## 20

এ ভালোবাসার যদি দিতে প্রতিদান—
একবার মুখ তুলে চাহিয়া দেখিতে যদি
যখন দুখের জল বর্ষিত নয়ান—
শ্রাস্ত কাস্ত হয়ে যবে ছুটে আসিতাম, সখী,
ওই মধ্ময় কোলে দিতে যদি স্থান—
তা হলে তা হলে, সখী, চিরজীবনের তরে
দার্ণযাতনাময় হত না পরান।
একটি কথায় তব একট্ স্লেহের স্বরে
যদি ষায় জুড়াইয়া হদয়ের জনালা
তবে সেইট্কু, সখী, কোরো অভাগার তরে—
নহিলে হদয় যাবে ভেঙেচুরে বালা!

একবার মৃথ তুলে চেরো এ মৃথের পানে—
মুছারে দিয়ো গো, সখী, নরনের জল—
তোমার রেহের ছারে আগ্রন্ন দিরো গো মোরে,
আমার হদর মন বড়োই দুর্বল।
সংসারের স্রোতে ভেসে কত দুর বাব চলে—
আমি কোথা রব আর তুমি কোথা রবে।
কত বর্ব হবে গত, কত সূর্ব হবে অন্ত,
আছিল ন্তন বাহা প্রাতন হবে।
তখন সহসা বদি দেখা হয় দুইজনে—
আসি বদি কহিবারে মরমের ব্যথা—
তখন সংকাচভরে দুরে কি বাইবে সরে।
তখন কি ভালো করে কবে নাকো কথা।

## ₹8

ওিক সখা, কেন মোরে কর তিরুক্সার!

একট্ বিস বিরলে কাঁদিব বৈ মন খুলে

তাতেও কী আমি বলো করিন্ তোমার।

ম্ছাতে এ অগ্রনারি বাল নি তোমার,

একট্ আদরের তরে ধরি নি তো পার—

তবে আর কেন, সখা, এমন বিরাগ-মাখা

ছর্কটি এ ভগ্নবৃকে হানো বার বার।

জানি জানি এ কপাল ভেঙেছে বখন

অগ্রনারি পারিবে না গলাতে ও মন—

পথের পথিকও যদি মোরে হেরি যার কাঁদি

তব্ও অটল রবে হদর তোমার॥

### 26

প্রতি সখা, মৃছ আখি। আমার তরেও কাঁদিবে কি! কে আমি বা! আমি অভাগিনী— আমি মরি তাহে দুখ কিবা॥ পড়ে ছিন্ব চরণতলে—দলে গেছ, দেখ নি চেরে। গেছ গেছ, ভালো ভালো— তাহে দুখ কিবা॥

### 26

ক্ষমা করো মোরে সখী, শুখায়ে। না আর— মরমে লুকানো থাক্ মরমের ভার॥ যে গোপন কথা, সখী.

ইষ্টদেবমন্দ্রসম প্রিজ অনিবার
ভাহা মান্ধের কানে

ভাহা মান্ধের কানে

ভালোত বে লাগে প্রাণে,

ল্কানো থাক্ তা, সখী, হদরে আমার॥
ভালোবাসি, শুখারো না কারে ভালোবাসি।

সে নাম কেমনে, সখী, কহিব প্রকাশি।
আমি তুচ্ছ হতে তুচ্ছ—

সে নাম যে নহে যোগ্য এই রসনার॥

ক্ষুদ্র এই বনফ্ল প্থিবীকাননে
আকাশের তারকারে প্রেজ মনে মনে—

দিন-দিন প্রাজ করি

আক্রন্ম নীরবে রহি যায় প্রাণ তার॥

# २9

হা সখী, ও আদরে আরো বাড়ে মনোব্যথা।
ভালো যদি নাহি বাসে কেন তবে কহে প্রণয়ের কথা।
মিছে প্রণরের হাসি বোলো তারে ভালো নাহি বাসি।
চাই নে মিছে আদর তাহার, ভালোবাসা চাই নে।
বোলো বোলো, সজনী লো, তারে—
আর যেন সে লো আসে নাকো হেথা।

# SA

ওকে কেন কাঁদালি!

ওর হাসিম্থ ষে আর দেখা যাবে না॥
শ্নাপ্রাণে চলে গেল,

এ জনমে আর ফিরে চাবে না॥
দ্ব দিনের এ বিদেশে

কেন এল ভালোবেসে,

কেন নিয়ে গেল প্রাণে বেদনা।
হাসি খেলা ফ্রালো রে,

হাসিতে তার কাল্লাম্থ পড়ে যে মনে।
ভাক্ তারে একবার—

আর ব্বি তার সাড়া পাবে না॥

## 32

এতদিন পরে, সথী, সত্য সে কি হেথা ফিরে এল। দীনবেশে স্লানমুখে কেমনে অভাগিনী যাবে তার কাছে সথী রে। শরীর হয়েছে ক্ষীণ, নয়ন জ্যোতিহীন—
সবই গেছে কিছু নাই— রুপ নাই, হাসি নাই—
স্ব নাই, আশা নাই— সে আমি আর আমি নাই—
না যদি চেনে সে মোরে তা হলে কী হবে॥

90

কিছুই তো হল না।
সেই সব—সেই সব—সেই হাহাকাররব,
সেই অশ্রুবারিধারা, হদরবেদনা॥
কিছুতে মনের মাঝে শান্তি নাহি পাই,
কিছুই না পাইলাম যাহা কিছু চাই।
ভালো তো গো বাসিলাম, ভালোবাসা পাইলাম,
এখনো তো ভালোবাসি—তব্ও কী নাই॥

03

চরাচর সকলই মিছে মারা, ছলনা।
কিছুতেই ভূলি নে আর— আর না রে—
মিছে ধ্লিরাশি লয়ে কী হবে।
সকলই আমি জেনেছি, সবই শ্না—শ্না—শ্না ছারা—
সবই ছলনা॥
দিনরাত যার লাগি সুখ দুখ না করিন্ জ্ঞান,
পরান মন সকলই দিয়েছি, তা হতে রে কিবা পেন্।
কিছু না—সবই ছলনা॥

0 2

তারে দেহো গো আনি।

ওই রে ফ্রায় ব্ঝি অস্তিম বামিনী॥

একটি শ্নিব কথা, একটি শ্নাব ব্যথা—

শেষবার দেখে নেব সেই মধ্মুখানি॥

ওই কোলে জীবনের শেষ স্বাগ্ন ছ্রটিবে।

জনমে প্রে নি যাহা আজ কি প্রিবে তাহা।

জীবনের সব সাধ ফ্রাবে এখনি॥

00

তুই রে বসন্তসমীরণ। তোর নহে সংখের জীবন॥ কিবা দিবা কিবা রাতি পরিমলমদে মাতি কাননে করিস বিচরণ। নদীরে জাগারে দিস লভারে রাগারে দিস চুপিচুপি করিয়া চুম্বন। তোর নহে স্বুখের জীবন॥

শোন্ বলি বসন্তের বায়.
হদয়ের লতাকুঞ্জে আয়।
নিভ্তনিকুঞ্জছায় হেলিয়া ফ্লের গায়
শ্নিয়া পাখির ম্দ্গান
লতার হদয়ে হারা স্থে অচেতন-পারা
ঘ্মায়ে কাটায়ে দিবি প্রাণ।
তাই বলি বসন্তের বায়,
হদয়ের লতাকুঞ্জে আয়॥

08

সাধের কাননে মোর রোপণ করিয়াছিন একটি লতিকা, সখী, অতিশয় যতনে। প্রতিদিন দেখিতাম কেমন স্কুদর ফুল ফুটিয়াছে শত শত হাসি-হাসি আননে। প্রতিদিন স্যত্নে ঢালিয়া দিতাম জল. প্রতিদিন ফ্রল তুলে গাঁথিতাম মালিকা। সোনার লতাটি আহা বন করেছিল আলে সে লতা ছি'ড়িতে আছে নিরদয় বালিকা? বন করেছিল আলো--আছিল মনের সংখে কেমন বনের মাঝে গাঁঠে গাঁঠে শিরে শিরে জড়াইয়া পাদপে। প্রেমের সে আলিঙ্গনে হিন্ধ বেখেছিল তারে কোমল পল্লবদলে নিবারিয়া আতপে। এতদিন ফুলে ফুলে ছিল ঢলোঢলো মুখ শ্কায়ে গিয়াছে আজি সেই মোর লতিকা। ছিন্ন অবশেষটাকু এখনো জড়ানো বুকে— এ লতা ছি'ডিতে আছে নির্দয় বালিকা।

04

সেই যদি সেই যদি ভাঙিল এ পোড়া হদি,
সেই যদি ছাড়াছাড়ি হল দ্বজনার,
একবার এসো কাছে— কী তাহাতে দোষ আছে।
জন্মশোধ দেখে নিয়ে লইব বিদায়।

সেই গান একবার গাও সখী, শ্বনি—
বেই গান একসনে গাইতাম দ্ইজনে,
গাইতে গাইতে শেষে পোহাত যামিনী।
চলিন্ চলিন্ তবে— এ জন্মে কি দেখা হবে।
এ জন্মের স্থ তবে হল অবসান?
তবে সখী, এসো কাছে। কী তাহাতে দোষ আছে।
আরবার গাও, সখী, প্রানো সে গান॥

### 04

দর্জনে দেখা হল— মধ্যামিনী রে—
কেন কথা কহিল না, চালয়া গেল ধারে॥
নিকুঞ্জে দাখনাবায় করিছে হায়-হায়,
লতাপাতা দ্লে দ্লে ভাকিছে ফিরে ফিরে॥
দর্জনের আখিবারি গোপনে গেল বয়ে,
দর্জনের প্রাণের কথা প্রাণেতে গেল রয়ে।
আর তো হল না দেখা, জগতে দোঁহে একা—
চির্নাদন ছাড়াছাড়ি যুমনাতীরে॥

# 99

দেখারে দে কোথা আছে একট্ব বিরল।
এই ম্বিরমাণ মূথে তোমাদের এত সূথে
বলো দেখি কোন্ প্রাণে ঢালিব গরল।
কিনা করিয়াছি তব বাড়াতে আমোদ—
কত কন্দেট করেছিন্ব অশ্রুবারি রোধ।
কিন্তু পারি নে ষে সখা— যাতনা থাকে না ঢাকা.
মর্ম হতে উচ্ছবিসয়া উঠে অশ্রুকল।
ব্যথায় পাইয়া বাথা যদি সো শ্রাতে কথা
অনেক নিভিত তব্ এ হদি-অনল।
কেবল উপেক্ষা সহি বলো গো কেমনে রহি।
কেমনে বাহিরে মূথে হাসিব কেবল॥

### OF

প্রানো সেই দিনের কথা ভূলবি কি রে হার।
ও সেই চোখের দেখা, প্রাণের কথা, সে কি ভোলা বার।
আর আর-একটিবার আর রে সখা, প্রাণের মাঝে আর।
মোরা স্থের দ্থের কথা কব, প্রাণ জ্বড়াবে তার।
মোরা ভোরের বেলা ফ্ল তুর্লেছি, দ্বলেছি দোলার—
ব্যক্তিয়ে বাঁশি গান গেয়েছি বকুলের তলায়।

মাঝে হল ছাড়াছাড়ি, গেলেম কে কোথায়— আবার দেখা যদি হল, সখা, প্রাণের মাঝে আয় !৷

02

গা সখী, গাইলি যদি, আবার সে গান।
কর্তাদন শর্নি নাই ও প্রানো তান॥
কথনো কথনো যবে নীরব নিশীথে
একেলা রর্মেছি বিস চিস্তামম চিতে—
চমকি উঠিত প্রাণ— কে যেন গায় সে গান,
দ্বই-একটি কথা তার পেতেছি শ্নিতে।
হা হা সখী, সে দিনের সব কথাগ্রিল
প্রাণের ভিতরে যেন উঠিছে আকুলি।
যোদন মরিব, সখী, গাস্ ওই গান—
শ্নিতে শ্নিতে যেন যায় এই প্রাণ॥

80

ও গান গাস্নে, গাস্নে। যে দিন গিয়েছে সে আর ফিরিবে না – তবে ও গান গাস্নে॥ হদয়ে যে কথা লুকানো রয়েছে সে আর জাগাস নে॥

85

সকলই ফ্রাইল। ধামিনী পোহাইল।
যে বেখানে সবে চলে গেল॥
রজনীতে হাসিখ্নি, হরষপ্রমোদরাশি—
নিশিশেষে আকুলমনে চোখের জলে
সকলে বিদায় হল॥

85

ফুলটি ঝরে গেছে রে।
বুঝি সে উষার আলো উষার দেশে চলে গেছে॥
শুধু সে পাখিটি মুদিয়া আঁখিটি
সারাদিন একলা বসে গান গাহিতেছে॥
প্রতিদিন দেখত যারে আর তো তারে দেখতে না পায়—
তব্ সে নিত্যি আসে গাছের শাখে, সেইখেনেতেই বসে থাকে,
সারা দিন সেই গানটি গায়, সদ্ধে হলে কোথায় চলে যায়॥

80

সথা হে, কী দিয়ে আমি তুষিব তোমায়। জরজর হদর আমার মর্ম বৈদনার, দিবানিশি অশ্রু ঝরিছে সেথার॥ তোমার মুখে সুখের হাসি আমি ভালোবাসি— অভাগিনীর কাছে পাছে সে হাসি লুকার॥

88

বলি গো সজনী, বেয়ো না, বেয়ো না—
তার কাছে আর বেয়ো না, বেয়ো না।
স্থে সে রয়েছে, স্থে সে থাকুক—
মোর কথা তারে বোলো না, বোলো না॥
আমার বখন ভালো সে না বাসে
পারে ধরিলেও বাসিবে না সে।
কাজ কী, কাজ কী, কাজ কী সজনী—
মোর তরে তারে দিয়ো না বেদনা॥

84

89

যাই বাই, ছেড়ে দাও— স্রোতের মুখে ভেসে যাই। যা হবার হবে আমার, ভেসেছি তো ভেসে বাই॥ ছিল যত সহিবার সহেছি তো অনিবার— এখন কিসের আশা আর। ভেসেছি তো ভেসে বাই॥

# 89

অসীম সংসারে যার কেহ নাহি কাঁদিবার সে কেন গো কাঁদিছে! অশ্রুজল ম্ছিবার নাহি রে অণ্ডল যার সেও কেন কাঁদিছে! কেহ যার দ্বঃখগান শ্রনিভে পাতে না কান, বিম্বুখ সে হয় যারে শ্বনাইতে চায়, সে আর কিসের আশে রয়েছে সংসারপাশে— জবলস্ত পরান বহে কিসের আশায়॥

# 84

অনন্তসাগরমাঝে দাও তরী ভাসাইয়া।

গৈছে সুখ, গৈছে দুখ, গৈছে আশা ফুরাইয়া॥
সম্মুখে অনন্ত রাত্রি, আমরা দুজনে যাত্রী,
সম্মুখে শয়ান সিন্ধু দিগ্বিদিক হারাইয়া॥
জলিধ রয়েছে স্থির, ধ্-ধ্ করে সিন্ধুতীর,
প্রশান্ত সুনীল নীর নীল শ্ন্যে মিশাইয়া।
নাহি সাড়া, নাহি শব্দ, মণ্ডে যেন সব স্তন্ধ,
রজনী আসিছে ধীরে দুই বাহ্ন প্রসারিয়া॥

# 82

ফিরারো না ম্থখানি,
ফিরারো না ম্থখানি রানী ওগো রানী॥
হ্ভঙ্গতরঙ্গ কেন আজি স্নায়নী!
হাসিরাশি গেছে ভাসি, কোন্ দ্থে স্থাম্থে নাহি বাণী॥
আমারে মগন করো ভোমার মধ্র করপরশে
স্থাসরসে।
প্রাণ মন প্রিয়া দাও নিবিড় হর্ষে।
হেরো শশীস্শোভন, সজনী,
স্নার রজনী।
তৃষিত মধ্পসম কাতর হৃদয় মম—
কোন্ প্রাণে আজি ফিরাবে তারে পাষাণী॥

40

হিয়া কাঁপিছে স্থে কি দুখে সখী. কেন নয়নে আসে বারি।

# প্ৰেম ও প্ৰকৃতি

আজি প্রিয়তম আসিবে মোর ঘরে—
বলো কী করিব আমি সখী।
দেখা হলে সখী, সেই প্রাণব\*ধ্রে কী বলিব নাহি জানি।
সে কি না জানিবে, সখী, রয়েছে যা হৃদরে—
না বুঝে কি ফিরে যাবে সখী॥

# 45

দাঁড়াও, মাথা খাও, যেয়ো না সথা।
শ্ব্দু সখা, ফিরে চাও, অধিক কিছু নয়—
কতদিন পরে আজি পেয়েছি দেখা॥
আর তো চাহি নে কিছু, কিছু না, কিছু না—
শ্ব্, ওই মুখখানি জন্মশোধ দেখিব।
তাও কি হবে না গো, সখা গো!
শ্ব্দু একবার ফিরে চাও— সখা গো, ফিরে চাও॥

# 62

কে ষেতেছিস, আয় রে হেথা— হৃদয়খানি যা-না দিয়ে
বিশ্বাধরের হাসি দেব, সূখ দেব, মধুমাখা দঃখ দেব,
হারণ-আখির অহা দেব অভিমানে মাখাইরে॥
অচেতন করব হিয়ে বিষে-মাখা সুধা দিয়ে,
নয়নের কালো আলো মরমে বর্রষিয়ে॥
হাসির ঘায়ে কাঁদাইব, অহা দিয়ে হাসাইব,
মৃণালবাহ দিয়ে সাধের বাঁধন বে'ধে দেব।
চোখে চোখে রেখে দেব—
দেব না হৃদয় শুধা আর-সকলই যা-না নিয়ে॥

### 40

আবার মোরে পাগল করে দিবে কে।
হৃদর যেন পাষাণ-হেন বিরাগ-ভরা বিবেকে॥
আবার প্রাণে ন্তন টানে প্রেমের নদী
পাষাণ হতে উছল স্লোতে বহার যদি—
আবার দুটি নয়নে লুটি হৃদর হরে নিবে কে।
আবার মোরে পাগল করে দিবে কে॥

আবার কবে ধরণী হবে তর্ণা। কাহার প্রেমে আসিবে নেমে স্বরগ হতে কর্ণা। নিশীথনভে শর্নিব কবে গভীর গান, যে দিকে চাব দেখিতে পাব নবীন প্রাণ, ন্তন প্রীতি আনিবে নিতি কুমারী উষা অর্ণা। আবার কবে ধরণী হবে তর্ণা।

দিবে সে খ্লি এ ঘোর খ্লি- আবরণ।
ভাহার হাতে আঁখির পাতে জগত-জাগা জাগরণ।
সে হাসিখানি আনিবে টানি সবার হাসি।
গড়িবে গেহ, জাগাবে শ্লেহ— জীবনরাশি।
প্রকৃতিবধ্ চাহিবে মধ্, পরিবে নব আভরণ—
সে দিবে খ্লি এ ঘোর ধ্লি- আবরণ।

হৃদয়ে এসে মধ্র হেসে প্রাণের গান গাহিয়া।
পাগল করে দিবে সে মোরে চাহিয়া।
আপনা থাকি ভাসিবে আঁখি আকুল নীরে,
ঝরনা-সম জগত মম ঝরিবে শিরে—
তাহার বাণী দিবে গো আনি সকল বাণী বাহিয়া।
পাগল করে দিবে সে মোরে চাহিয়া॥

# 48

জীবনে এ কি প্রথম বসস্ত এল, এল! এল রে! নবীন বাসনায় চণ্ডল যৌবন নবীন জীবন পেল। এল. এল।

বাহির হতে চার মন, চার, চার রে—
করে কাহার অন্বেষণ।
ফাগন-হাওয়ার দোল দিয়ে বার হিজ্ঞোল—
চিতসাগর উদ্বেল। এল, এল।
দিখনবার ছ্টিয়াছে, ব্ঝি খোঁজে কোন্ ফ্ল ফ্টিয়াছে-খোঁজে বনে বনে— খোঁজে আমার মনে।
নির্শাদন আছে মন জাগি কার পদপর্শন-লাগি—
তারি তরে মর্মের কাছে শতদলদল মেলিয়াছে
আমার মন।

# ¢¢.

কাছে ছিলে. দ্রে গেলে— দ্র হতে এসো কাছে। ভুবন শ্রমিলে তুমি— সে এখনো বসে আছে॥ ছিল না প্রেমের আলো, চিনিতে পারো নি ভালো-এখন বিরহানলে প্রেমানল জনুলিয়াছে॥ জটিল হয়েছে জাল, প্রতিক্ল হল কাল— উম্মাদ তানে তানে গানে কেটে গেছে তাল। কে জানে তোমার বীণা স্বরে ফিরে যাবে কিনা— নিঠ্র বিধির টানে তার ছিড়ে যায় পাছে॥

### 46

যদি ভরিয়া লইবে কুন্ত এসো ওগো এসো মোর
হাদরনীরে।
তলতল ছলছল কাদিবে গভীর জল
ওই দুটি সুকোমল চরণ ঘিরে।
আজি বর্ষা গাঢ়তম, নিবিড়কুন্তলসম
মেঘ নামিয়াছে মম দুইটি তীরে।
ওই-যে শবদ চিনি, ন্পুর রিনিকিকিনি—
কে গো তুমি একাকিনী আসিছ ধীরে।
যদি ভরিয়া লইবে কুন্ত এসো ওগো, এসো মোর
হৃদয়নীরে॥

যদি মরণ লভিতে চাও এসো তবে ঝাঁপ দাও
সলিলমাঝে।

রিষ্ক শান্ত স্কৃতি নাহি তল, নাহি তাঁর,
মৃত্যুসম নীল নীর স্থির বিরাজে।
নাহি রাহিদিনমান— আদি অন্ত পরিমাণ,
সে অতলে গীতগান কিছু না বাজে।
যাও সব ষাও ভূলে, নিখলবন্ধন খুলে
ফেলে দিয়ে এসো ক্লে সকল কাজে।

যদি ভরিয়া লইবে কুন্ত এসো ওগো, এসো মোর
হৃদয়নীরে॥

# 49

বড়ো বিসময় লাগে হেরি তোমারে।
কোথা হতে এলে তুমি হাদিমাঝারে॥
ওই মুখ ওই হাসি কেন এত ভালোবাসি,
কেন গো নীরবে ভাসি অশ্রুখারে॥
তোমারে হেরিয়া যেন জাগে সমরণে
তুমি চিরপুরাতন চিরজীবনে।
তুমি না দাঁড়ালে আসি হৃদয়ে বাজে না বাঁশি—
যত আলো যত হাসি ভূবে আঁধারে॥

& W

আজি মোর দ্বারে কাহার মুখ হেরেছি॥
জাগি উঠে প্রাণে গান কত যে।
গাহিবারে সুর ভুলে গেছি রে॥

**&** 3

বৃথা গেয়েছি বহু গান।
কোথা স'পেছি মন প্রাণ!
তৃমি তো ঘুমে নিমগন, আমি জাগিয়া অনুখন।
আলসে তৃমি অচেতন, আমারে দহে অপমান।—
বৃথা গেয়েছি বহু গান।
যাত্রী সবে তরী খুলে গেল স্বুদ্র উপক্লে,
মহাসাগরতটম্লে ধ্ ধ্ করিছে এ শমশান।—
কাহার পানে চাহ কবি, একাকী বিস ম্লানছবি।
অস্তাচলে গেল রবি, হইল দিবা-অবসান।—
বৃথা গেয়েছি বহু গান॥

80

তুমি সন্ধ্যার মেঘমালা, তুমি আমার নিভৃত সাধনা,
মম বিজনগগনবিহারী।
আমি আমার মনের মাধ্রী মিশায়ে তোমারে করেছি রচনা—
তুমি আমারি, তুমি আমারি, মম বিজনজীবনবিহারী॥
মম হদয়রক্তরাগে তব চরণ দিয়েছি রাঙিয়া,
মম সন্ধাগগনবিহারী।
তব অধর এংকেছি স্থাবিষে মিশে মম স্থদ্থ ভাঙিয়া—
তুমি আমারি, তুমি আমারি, মম বিজনস্বপ্নবিহারী॥
মম মোহের স্বপনলেখা তব নয়নে দিয়েছি পরায়ে
মম ম্মানয়নবিহারী।
মম সঙ্গীত তব অঙ্গে অঙ্গে দিয়েছি জড়ায়ে জড়ায়ে—
তুমি আমারি, তুমি আমারি, মম মোহনমরণবিহারী॥

43

বিধি ভাগর আখি বদি দিয়েছিল
সৈ কি আমারি পানে ভূলে পড়িবে না॥
দুটি অতুল পদতল রাতুল শতদল
জানি না কী লাগিয়া পরশে ধরাতল,
মাটির পরে তার কর্ণা মাটি হল—সে পদ মোর পথে চলিবে না॥

তব কণ্ঠ-'পরে হয়ে দিশাহারা বিধি অনেক ঢেলেছিল মধ্বারা। যদি ও মূখ মনোরম শ্রবণে রাখি মম নীরবে অতিধীরে শ্রমরগীতিসম

দ্ব কথা বল শ্বধ্ব 'প্রিয়' বা 'প্রিয়তম' তাহে তো কণা মধ্ব ফ্রোবে না। হাসিতে স্থানদী উছলে নির্বাধ, নয়নে ভরি উঠে অমৃতমহোদধি—

এত সুধা কেন স্ভিল বিধি, যদি আমারি ত্যাট্কু প্রাবে না॥

# 62

ব'ধ্, মিছে রাগ কোরো না, কোরো না।
মম মন ব্রে দেখো মনে মনে— মনে রেখো. কোরো কর্ণা॥
পাছে আপনারে রাখিতে না পারি
তাই কাছে কাছে থাকি আপনারি—
ম্থে হেসে ষাই, মনে কে'দে চাই— সে আমার নহে ছলনা॥
দিনেকের দেখা, তিলেকের স্থ,
ক্ষণেকের তরে শ্ব্ হাসিম্খ—
পলকের পরে থাকে ব্রু ভরে চিরজনমের বেদনা।
তারি মাঝে কেন এত সাধাসাধি,
অব্ঝ আধারে কেন মরি কাদি—
দ্র হতে এসে ফিরে ষাই শেষে বহিয়া বিফল বাসনা॥

### 60

কার হাতে বে ধরা দেব হার
তাই ভাবতে আমার বেলা বার।
ভান দিকেতে তাকাই যখন বাঁরের লাগি কাঁদে রে মন—
বাঁয়ের দিকে ফিরলে তখন দখিন ভাকে 'আয় রে আর'॥

### 68

আমাকে যে বাঁধবে ধরে, এই হবে ধার সাধন—
সে কি অমান হবে।
আমার কাছে পড়কো বাঁধা সেই হবে মোর বাঁধন—
সে কি অমান হবে॥
কৈ আমারে ভরসা করে আনতে আপন বশে—
সে কি অমান হবে।
আপনাকে সে কর্ক-না বশ, মজ্বুক প্রেমের রসে—
সে কি অমান হবে।

আমাকে যে কাঁদাবে তার ভাগ্যে আছে কাঁদন— সে কি অমনি হবে॥

44

বৃষ্ধি এল, বৃষি এল ওরে প্রাণ। এবার ধর্, এবার ধর্ দেখি তোর গান॥ ঘাসে ঘাসে থবর ছোটে, ধরা বৃষি শিউরে ওঠৈ— দিগন্তে ওই শুক্ক আকাশ পেতে আছে কান॥

èb

আজ বুকের বসন ছি'ড়ে ফেলে দাঁড়িয়েছে এই প্রভাতথানি।
আকাশেতে সোনার আলোয় ছড়িয়ে গেল তাহার বাণী।
ওরে মন. খুলে দে মন. যা আছে তোর খুলে দেঅন্তরে যা ডুবে আছে আলোক-পানে ডুলে দে।
আনন্দে সব বাধা টুটে সবার সাথে ওঠ্রে ফুটেন্
চোথের 'পরে আলস-ভরে রাখিস নে আর আঁচল টানি॥

99

তর্ণ প্রাতের অর্ণ আকাশ শিশির-ছলোছলো।
নদীর ধারের ঝাউগ্রিল ওই রোদ্রে ঝলোমলো।
এমনি নিবিড় করে এরা দাঁড়ার হদর ভরেতাই তো আমি জানি, বিপ্রল বিশ্বভূবনখানি
অক্ল-মানস-সাগর-জলে কমল টলোমলো।
তাই তো আমি জানি— আমি বাণীর সাথে বাণী,
আমি গানের সাথে গান, আমি প্রাণের সাথে প্রাণ.
আমি অক্রারের হৃদয়-ফাটা আলোক ক্রনোজরলো।

9 M

জলে-ভোবা চিকন শ্যামল কচি ধানের পাশে পাশে
ভরা নদীর ধারে ধারে হাঁসগৃলি আজু সারে সারে
দ্লে দ্লে ওই-যে ভাসে।
অমনি করেই বনের শিরে মুদ্ হাওয়ায় ধারে ধারে
দিক্রেখাটির তীরে তীরে মেঘ ভেসে ধার নীল আকাশে।
অমনি করেই অলস মনে একলা আমার তরার কোণে
মনের কথা সারা সকাল বায় ভেসে আজু অকারণে।
অমনি করেই কেন জানি
ভাসে কাহার ছায়াখানি আমার ব্রকের দীর্ঘাসে॥

62

ম্বপনলোকের বিদেশিনী কে ষেন এলে কে
কোন্ ভূলে-যাওয়া বসস্ত থেকে॥
যা-কিছ্ সব গেছ ফেলে খা্লতে এলে হদয়ে,
পথ চিনেছ চেনা ফালের চিহ্ন দেখে॥
ব্বিশ্ব মনে তোমার আছে আশা
কার হদয়বাথার মিলবে বাসা।
দেশতে এলে কর্ণ বীণা বাজে কিনা হদয়ে,
তারগালি তার কাঁপে কিনা— যায় কি সে ভেকে॥

90

হদর আমার, ওই বৃধি তোর ফাল্গানী ঢেউ আসে— বেড়া ভাঙার মাতন নামে উল্পাম উল্লাসে॥ তোমার মোহন এল সোহন বেশে, কুরাশাভার গেল ভেসে— এল তোমার সাধনধন উদার আশ্বাসে॥ অরণ্যে তোর স্বর ছিল না, বাতাস হিমে ভরা— জীর্ণ পাতার কীর্ণ কানন, প্র্পবিহন্ন ধরা। এবার জাগ্রে হতাশ, আর রে ছুটে অবসাদের বাধন টুটে— বৃথি এল তোমার পথের সাথি উতল উচ্ছাসে॥

95

उत्त वकुल भात्र्ल, अद्र भार्लाभन्नात्वत वन, কোন খানে আজ পাই আমার মনের মতন ঠাই আমার ফাগনে ভরে দেব দিয়ে আমার মন. দিয়ে আমার সকল মন॥ সারা গগনতলৈ তুম্ব রঙের কোলাহলে তোদের মাতামাতির নেই যে বিরাম কোথাও অন্কণ. নেই একটি বিরল ক্ষণ আমার ফাগনে ভরে দেব দিয়ে আমার মন যেথায় দিয়ে আমার সকল মন্য ওরে বকুল পারুল, ওরে শার্লাপিয়ালের বন, আকাশ নিবিড় করে তোরা দাঁড়াস নে ভিড় করে চাই নে, চাই নে, চাই নে এমন গন্ধ রঙের বিপলে আয়োজন। আমি চাই নে। অক্ল অবকাশে বেথায় স্বপ্নকমল ভাসে এমন দে আমারে একটি আমার গগন-জোড়া কোণ. আমার একটি অসীম কোণ

যেথায় আমার ফাগ্ন ভরে দেব দিয়ে আমার মন— দিয়ে আমার সকল মন॥

92

হিয়ামাঝে গোপনে হেরিয়ে তোমারে ক্ষণে ক্ষণে প্লক যে কাঁপে কিশলয়ে. কুসুমে কুসুমে ব্যথা লাগে॥

90

যেন কোন্ ভুলের ঘোরে চাঁদ চলে যায় সরে সরে।
পাড়ি দেয় কালো নদী, আয় রজনী, দেখবি যাদ-কেমনে তুই রাখবি ধরে, দ্রের বাঁশি ডাকল ওরে।
প্রহরগ্লি বিলিয়ে দিয়ে সর্বনাশের সাধন কী এ।
মগ্র হয়ে রইবে বসে মরণ-ফ্লের মধ্কোষে-নতুন হয়ে আবার তোরে মিলবে ব্লি স্থায় ভরে॥

98

অবেলায় বদি এসেছ আমার বনে দিনের বিদায়ক্ষণে গেয়ো না গেয়ো না চণ্ডল গান ক্লান্ত এ সমীরণে॥
ঘন বকুলের ম্লান বীথিকায়
শীর্ণ যে ফুল ঝরে ঝরে যায়
তাই দিয়ে হার কেন গাঁথ হার, লাজ বাসি তার মনে।
চেয়ো না, চেয়ো না মোর দীনতায় হেলায় নয়নকোণে॥
এসো এসো কাল রজনীর অবসানে প্রভাত-আলোর দারে।
যেয়ো না, যেয়ো না অকালে হানিয়া সকালের কলিকারে।
এসো এসো এসো বদি কভু স্কুসময়
নিয়ে আসে তার ভরা সপ্তর,
চিরনবীনের যদি ঘটে জয়— সাজি ভরা হয় ধনে।
নিয়ো না, নিয়ো না মোর পরিচয় এ ছায়ার আবরণে॥

96

তুমি তো সেই যাবেই চলে, কিছু তো না রবে বাকি — আমার বাথা দিরে গেলে জেগে রবে সেই কথা কি ॥ তুমি পথিক আপন-মনে এলে আমার কুস্মবনে, চরণপাতে যা দাও দলে সে-সব আমি দেব ঢাকি॥ বেলা যাবে, আঁধার হবে, একা বসে হৃদয় ভরে
আমার বৈদনখানি আমি রেখে দেব মধ্বর করে।
বিদায়-বাঁশির কর্ণ রবে
সাঁঝের গগন মগন হবে,
চোখের জলে দুখের শোভা নবীন করে দেব রাখি॥

### 9 8

আপনহারা মাতোরারা আছি তোমার আশা ধরে— ওগো সাকী, দেবে না কি পেরালা মোর ভরে ভরে॥ রসের ধারা স্থায় ছাঁকা, ম্গনাভির আভাস মাখা,

বাতাস বৈয়ে স্বাস তারি দ্রের থেকে মাতার মোরে॥
মুখ তুলে চাও ওগো প্রিয়ে— তোমার হাতের প্রসাদ দিয়ে
এক রজনীর মতো এবার দাও-না আমার অমর করে।
নন্দননিকৃত্বশাখে অনেক কুস্ম ফুটে থাকে—
এমন মোহন রূপ দেখি নাই, গন্ধ এমন কোথার ওরে॥

# 99

কালো মেঘের ঘটা ঘনার রে আঁধার গগনে,
ঝরে ধারা ঝরোঝরো গহন বনে।
এত দিনে বাঁধন ট্রটে কু"ড়ি তোমার উঠল ফ্টে
বাদল-বেলার বারষনে।
ওগো, এবার তুমি জাগো জাগো—
যেন এই বেলাটি হারার না গো।
অগ্রভরা কোন্ বাতাসে গঙ্গে যে তার ব্যথা আসেআর কি গো সে রয় গোপনে॥

# 94

ওগো জলের রানী.

তেউ দিয়ো না, দিয়ো না চেউ দিয়ো না গো—

আমি যে ভয় মানি।

কথন্ তুমি শান্তগভীর, কথন্ টলোমলো—

কথন্ আখি অধীর হাস্যমদির, কথন্ ছলোছলো
কিছুই নাহি জানি।

যাও কোথা যাও, কোথা যাও যে চণ্ডলি।

লও গো ব্যাকুল বকুলবনের ম্কুল-অঞ্চলি।

দথিন-হাওয়ায় বনে বনে জাগল ময়োমরো—

ব্কের 'পরে প্লক-ভরে কাপ্ক থরোথরো

স্নীল আঁচলখানি।

হাওয়ার দ্বালী,
নাচের তালে তালে শ্যামল ক্লের মন তুলালি!
অর্ণ-আলোর মানিক-মালা দোলাব ওই স্রোতে.
দেব হাতে গোপন রাতে আঁধার গগন হতে
তারার ছায়া আনি॥

# 93

চরণরেথা তব যে পথে দিলে লেখি
চিহ্ন আজি তারি আপান ঘ্চালে কি॥
ছিল তো শেফালিকা তোমারি লিপি-লিখা,
তারে যে তূণতলে আজিকে লীন দেখি॥
কাশের শিখা যত কাঁপিছে থরথার,
মালন মালতী যে পড়িছে ঝার ঝার।
তোমার যে আলোকে অমৃত দিত চোখে
স্মরণ তারো কি গো মরণে যাবে ঠেকি॥

# RO

এবার বৃঝি ভোলার বেলা হল—
ক্ষতি কী তাহে যদি বা তৃমি ভোলো॥
যাবার রাতি ভরিল গানে
সেই কথাটি রহিল প্রাণে,
ক্ষণেক-তরে আমার পানে
করুণ আঁখি তোলো॥
সন্ধ্যাতারা এমনি ভরা সাঁঝে
উঠিবে দ্রে বিরহাকাশমাঝে।
এই-যে স্ব বাজে বীণাতে
যেখানে যাব রহিবে সাথে,
আজিকে তবে আপন হাতে
বিদায়দার খোলো॥

# 83

কী ধর্নি বাজে
গহনচেতনামাঝে!
কী আনন্দে উচ্ছর্সিল
মম তন্বীণা গহনচেতনামাঝে।
মনপ্রাণহরা স্থা-ঝরা
পরশে ভাবনা উদাসীনা॥

88

# ওরা অকারণে চণ্ডল

ভালে ভালে দোলে বার্য্যহিক্সোলে নবপঙ্গবদল।।
বাতাদে বাতাদে প্রাণভরা বাণী শ্নিনতে পেরেছে কখন কী জানি,
মর্মারতানে দিকে দিকে আনে কৈশোরকোলাহল।।
ভরা কান পেতে শোনে গগনে গগনে মেঘে মেঘে কানাকানি,
বনে বনে জানাজানি।
ভরা প্রাণঝরনার উচ্চলধার ঝিরয়া ঝিরয়া বহে অনিবার,
চিরতাপসিনী ধরণীর ওরা শামিশিখা হোমানল।।

Ve

আয় তোরা আয় আয় গো—
গাবার বেলা যায় পাছে তোর য়ায় গো।

শৈশিরকণা ঘাসে ঘাসে শ্বিকরে আসে,
নীড়ের পাখি নীল আকাশে চায় গো।
স্বর দিয়ে যে স্বর ধরা যায়, গান দিয়ে পাই গান,
প্রাণ দিয়ে পাই প্রাণ— তোর আপন বাশি আন্,
তবেই যে তুই শ্বতে পাবি কে বাশি বাজায় গো।
শ্কনো দিনের তাপ তোর বসস্তকে দেয় না যেন শাপ।
বার্থ কাজে মাম হয়ে লাম যদি যায় গো বয়ে,
গান-হারানো হাওয়া তখন করবে যে হায় হায় গো।

# V8

ও জলের রানী,

ঘাটে বাঁধা একশো ডিঙি— জোরার আসে থেমে, বাতাস ওঠে দখিন-মূখে। ও জলের রানী, ও তোর টেউরের নাচন নেচে দে— টেউগুলো সব লাচিরে পড়াক বাঁশির সুরে কালো-ফণী॥

# 44

ভয় নেই রে তোদের নেই রে ভয়,

যা চলে সব অভয়-মনে— আকাশে ওই উঠেছে শ্বকতারা।

দখিন-হাওয়ায় পাল তুলে দে, পাল তুলে দে—

সেই হাওয়াতে উড়ছে আমার মন।

ওই শ্বকতারাতে রেখে দিলেম দ্ভি আমার—
ভয় কিছু নেই, ভয় কিছু নেই।

### 76

ঝাঁকড়া চুলের মেরের কথা কাউকে বলি নি. কোন্ দেশে যে চলে গেছে সে চণ্টালনী। সঙ্গীছিল কুকুর কাল্য, বেশ ছিল তার আল্যুথাল্য, আপনা-'পরে অনাদরে ধ্বলায় মলিনী॥

হুটোপাটি ঝগড়াঝাঁটি ছিল নিষ্কারণেই। দিঘির জলে গাছের ডালে গতি ক্ষণে-ক্ষণেই। পাগলামি তার কানায় কানায় খেয়াল দিয়ে খেলা বানায়, উচ্চহাসে কলভাষে কলকলিনী॥

দেখা হলে যখন-তখন বিনা অপরাধে মুখভঙ্গী করত আমায় অপমানের ছাঁদে। শাসন করতে বেমন ছুটি হঠাৎ দেখি ধ্লায় লুটি কাজল আঁথি চোখের জলে ছলছলিনী॥

আমার সঙ্গে পণ্ডাশ বার জন্মশোধের আড়ি. কথায় কথায় নিত্যকালের মতন ছাড়াছাড়ি। ডাকলে তারে 'পট্লি' বলে সাড়া দিত মর্জি হলে. ঝগড়া-দিনের নাম ছিল তার স্বর্ণনিলনী॥

# 44

মনে হল পেরিয়ে এলেম অসীম পথ আসিতে তোমার দ্বারে
মর্তীর হতে স্থাশ্যামল পারে।
পথ হতে গেথৈ এনেছি সিক্তয্থীর মালা.
সকর্ণ নিবেদনের গন্ধ ঢালা—
লম্জা দিয়ো না তারে।
সক্তল মেঘের ছায়া ঘনায় বনে বনে.
পথহারার বেদন বাজে সমীরণে।
দ্রের থেকে দেখেছিলেম বাতায়নের তলে
তোমার প্রদীপ জ্বলে—
আমার অথি ব্যাকল পাখি বডের অন্ধকারে।

### AR

জানি জানি এসেছ এ পথে মনের ভুলে।
তাই হোক তবে তাই হোক—এসো তুমি, দিন্দ্বার খ্লো॥
এসেছ তুমি যে বিনা আভরণে, মুখর ন্পুর বাজে না চরণে—
তাই হোক ওগো, তাই হোক।

মোর আঙিনার সালতী ঝরিরা পড়ে বার—
তব শিথিল কবরীতে নিরো নিরো তুলে॥
কোনো আয়োজন নাই একেবারে, স্র বাঁধা হয় নি বে বাঁণার তারে—
তাই হোক ওগো, তাই হোক।
ঝরো ঝরো বারি ঝরে বনমাঝে আমারই মনের স্র ওই বাজে—
বেণ্নাখা-আন্দোলনে আমারই উতলা মন দ্লো॥

### 87

কী বেদনা মোর জানো সে কি তুমি জানো
ওগো মিতা মোর, অনেক দ্রের মিতা।
আজি এ নিবিড়তিমির যামিনী বিদ্যুতসচকিতা॥
বাদল-বাতাস ব্যেপে হদয় উঠিছে কেপে
ওগো সে কি তুমি জানো।
উংস্ক এই দ্খজাগরণ এ কি হবে হায় বৃথা॥
ওগো মিতা মোর অনেক দ্রের মিতা,
আমার ভবনম্বারে রোপণ করিলে যারে
সজল হাওয়ার কর্ণ পরশে সে মালতী বিকশিতা।
ওগো সে কি তুমি জানো।
তুমি যার স্র দিয়েছিলে বাঁধি
মোর কোলে আজ উঠিছে সে কাঁদি ওগো সে কি জানো—
সেই-যে তোমার বীণা সে কি বিক্ষ্তা॥

### 20

আমার কী বেদনা সে কি জানো
থগো মিতা, স্দ্রের মিতা।
বর্ষণনিবিড় তিমিরে ধামিনী বিজ্বলি-সচকিতা॥
বাদল-বাতাস বােপে আমার হদর উঠিছে কে'পে—
সে কি জানো তুমি জানো।
উংস্ক এই দ্খজাগরণ এ কি হবে বৃ্খা।
থগা মিতা, স্দ্রের মিতা,
আমার ভবনদারে রোপিলে ধারে
সেই মালতী আজি বিকশিতা— সে কি জানো।
ধারে তুমিই দিরেছ বাঁধি
আমার কোলে সে উঠিছে কাঁদি— সে কি জানো।
সেই তােমার বাঁণা বিস্মুক্তা॥

22

চলে যাবি এই বদি তোর মনে থাকে

ডাকব না, ফিরে ডাকব না--
ডাকি নে তো সকালবেলার শ্কতারাকে।

হঠাং ঘ্মের মাঝখানে কি

বাজবে মনে স্বপন দেখি

'হয়তো ফেলে এলেম কাকে'
আপনি চলে আসবি তখন আপন ডাকেঃ

56

আমরা ঝরে-পড়া ফ্লদল ছেড়ে এসেছি ছায়া-করা বনতলভূলায়ে নিয়ে এল মায়াবী সমীরণে।
মাধবীবল্লরী কর্ণ কল্লোলে
পিছন-পানে ডাকে কেন ক্ষণে ক্ষণে।
মেঘের ছায়া ভেসে চলে চির-উদাসী স্লোতের জলেদিশাহারা পথিক তারা মিলায় অক্ল বিক্ষরণে॥

20

বারে বারে ফিরে ফিরে তোমার পানে

দিবারাতি টেউরের মতো চিন্ত বাহ্ হানে,
মন্দুধনি জেগে ওঠে উল্লোল তৃফানে।
রাগরাগিণী উঠে আর্বার্তিয়া তরকে নির্তায়া
গহন হতে উচ্ছালত স্লোতে।
তৈরবী রামকোল প্রবী কেদারা উচ্ছনিস বায় খোল,
ফোনিয়ে ওঠে জয়জয়ন্তী বাগেশ্রী কানাড়া গানে গানে॥
তোমায় আমায় ভেসে
গানের বেগে বাব নির্দ্দেশে।
তালী-তমালী-বনরাজি-নীলা বেলাভূমিতলে ছন্দের লীলা—
যাত্রাপথে পালের হাওয়ায় হাওয়ায়

ভাদ ১৩৪৬

≥8

যবে রিমিকি কিমিকি করে ভাদরের ধারা, মন যে কেমন করে, হল দিশাহারা॥



# বেন কে গিয়েছে ডেকে, রন্ধনীতে সে কে খারে দিল নাড়া বাবে রিমিকি ঝিমিকি ঝরে ভাদরের ধারা॥ বাধ্য দয়া করো, আলোখানি ধরো হাদরে। আধো-জাগরিত তন্দার খোরে জলে আঁখি যায় যে ভরে। ম্বপনের তলে ছায়াখানি দেখে মনে মনে ভাবি, এসেছিল সে কে যবে রিমিকি ঝিমিকি ঝরে ভাদরের ধারা॥

ভাদ ১০৪৬

Þέ

আজি কোন্ স্রে বাঁধিব দিন-অবসান-বেলারে
দীর্ঘ ধ্সর অবকাশে সঙ্গীজনবিহীন শ্ন্য ভবনে।—
সে কি মৃক বিরহস্মৃতিগ্রশ্ধরণে তল্যাহারা ঝিজিরবে।
সে কি বিচ্ছেদরজনীর ষাত্রী বিহঙ্গের পক্ষধনিতে।
সে কি অবগ্রণিঠত প্রেমের কুনিঠত বেদনায় সমৃত্ত দীর্ঘ খাসে।
সে কি উদ্ধত অভিমানে উদ্যত উপেক্ষায় গবিত মঞ্জীরঞ্জ্বারে।

De 2043

24

প্রেম এসেছিল নিঃশব্দচরণে।

তাই স্বপ্ন মনে হল তারে—

দিই নি তাহারে আসন।

বিদার নিল যবে, শব্দ পেরে গেন্ ধেরে।

সে তথন স্বপ্ন কার্যাবিহীন

নিশীর্থতিমিরে বিলীন—

দ্রপথে দীপশিখা রন্তিম মরীচিকা॥

÷ 4. 22. 2084

29

নির্জন রাতে নিঃশব্দ চরণপাতে কেন এলে।
দ্বারে মম স্বশ্নের ধন-সম এ বে দেখি—
তব কপ্টের মালা এ কি গেছ ফেলে।
জাগালে না শিররে দীপ জেবলে—
এলে ধীরে ধীরে নিদ্রার তীরে তীরে,
চার্মেলির ইক্তি আন্তের বে বাতাসে লক্ষিত গন্ধ মেলে।

বিদায়ের যাত্রাকালে প্রশেশ-ঝরা বকুলের ডালে দক্ষিণপবনের প্রাণে রেখে গোলে বল নি যে কথা কানে কানে— বিরহবারতা অর্ণ-আভার আভাসে রাণ্ডায়ে গোলে॥

চৈৱ ১৩৪৬

24

এসো এসো ওগো শ্যামছায়াঘন দিন, এসো এসো।
আনো আনো তব মল্লারমন্দিত বীন॥
বীণা বাজনুক রমকি ঝমকি,
বিজনুলির অঙ্গুলি নাচুক চমকি চমকি চমকি।
নবনীপকুঞ্জনিভূতে কিশলয়মর্মরগীতে—
মঞ্জীর বাজনুক রিন্-রিন্ রিন্-রিন্ ॥
ন্ত্যতরঙ্গিত তটিনী বর্ষণ্নন্দিত নটিনী— আনন্দিত নটিনী,
চলো চলো কলে উচ্ছলিয়া কল-কল-কলেলালয়া।
তীরে তীরে বাজনুক অন্ধকারে ঝিল্লির ঝণ্কার ঝিন্-ঝিন্-বিন্-ইন্ ।
তীরে তীরে বাজনুক অন্ধকারে ঝিল্লির ঝণ্কার ঝিন্-বিন্-বিন্-ইন্ ।

56.6.5089

22

শ্রাবণের বারিধারা ঝরিছে বিরামহারা।
বিজন শ্না-পানে চেয়ে থাকি একাকী।
দ্রে দিবসের তটে মনের আঁধার পটে
অতীতের অলিখিত লিপিখানি লেখা কি।
বিদ্যাৎ মেঘে মেঘে গোপন বহিংবেগে
বহি আনে বিস্মৃত বেদনার রেখা কি।
বে ফিরে মালতীবনে স্বভিত সমীরণে
অন্তসাগরতীরে পাব তার দেখা কি॥

२0. 6. 5089

500

যারা বিহান-বেশার গান এনেছিল আমার মনে সাঁঝের বেলার ছারার তারা মিলার ধাঁরে। একা বসে আছি হেথার যাতারাতের পথের তাঁরে. আজকে তারা এল আমার স্বপ্নলোকের দ্বার ছিরে। স্বহারা সব বাথা যত একতারা তার খাঁজে ফিরে।

# প্রহর-পরে প্রহর যে যার, বসে বসে কেবল গণি নীরব জপের মালার ধর্ননি অন্ধকারের শিরে শিরে॥

0. 55. 5580

# 505

পাখি, তোর স্বর ভূলিস নে—
আমার প্রভাত হবে বৃথা জানিস কি তা।
অর্ণ-আলোর কর্ণ পরশ গাছে গাছে লাগে,
কাঁপনে তার তোরই যে স্বর জাগে—
তুই ভোরের আলোর মিতা জানিস কি তা।
আমার জাগরণের মাঝে
রাগিণী তোর মধ্ব বাজে জানিস কি তা।
আমার রাতের স্বপনতলে প্রভাতী তোর কী যে বলে
নবীন প্রাণের গীতা
জানিস কি তা॥

\$2.35901

# 205

আমার হারিয়ে-খাওয়া দিন
আর কি খ'জে পাব তারে
বাদল-দিনের আকাশ-পারে—
ছায়ায় হল লীন।
কোন্ কর্ণ মুখের ছবি
প্বেন হাওয়ায় মেলে দিল
সজল ভৈরবী।
এই গহন বনচ্ছায়
অনেক কালের স্তন্ধবাণী
কাহার অপেক্ষায়
আছে বচনহীন॥

1 0866.74

# নৃত্যনাট্য মায়ার খেলা

# প্রথম দৃশ্য

# কাৰৰ

# মায়াকুমার**ীগণ**

মোরা জলে স্থলে কত ছলে মারাজাল গাঁথি। সকলে। মোরা স্বপন রচনা করি অলস নরন ভরি। প্রথমা। দ্বিতীয়া। গোপনে হৃদয়ে পশি কুহক-আসন পাতি। তৃতীয়া। মোরা মদির তরঙ্গ তুলি বসন্তসমীরে। প্রথমা। দ্রাশা জাগার প্রাণে প্রাণে আধো তানে ভাঙা গানে ভ্রমরগ**্ব**প্পরাকৃল বকুলের পাতি। মোরা মায়াজাল গাঁথি। সকলে। নরনারী-হিরা মোরা বাঁধি মারাপাশে। দ্বিতীরা। ততীয়া। কত ভুল করে তারা, কত কাঁদে হাসে। মায়া করে ছায়া ফেলি মিলনের মাঝে, প্রথমা। আনি মান অভিমান--বিরহী স্বপনে পায় মিলনের সাথি। দ্বিতীয়া। মোরা মায়াজাল গাঁপি ৷৷ সকলে।

# বিতীয় দ্শ্য

# ग्र

# গমনোশ্ম খ অমর। শান্তার প্রবেশ

শাস্তা। পথহারা তুমি পথিক বেন গো স্থের কাননে—
ওগো বাও, কোথা বাও।
স্থে চলোচলো বিবশ বিভল পাগল নয়নে
তুমি চাও, কারে চাও।
কোথা গৈছে তব উদাস হদয়, কোথা পড়ে আছে ধরণী,
মায়ার তরদী বাহিরা যেন গো মায়াপ্রী-পানে ধাও—
কোন মায়াপ্রী-পানে ধাও॥

অমর। জীবনে আজ কি প্রথম এল বসস্ত—
নবীন বাসনা-ভরে হৃদয় কেমন করে,
নবীন জীবনে হল জীবস্ত।
সূখ-ভরা এ ধরায় মন বাহিরিতে চায়,
কাহারে বসাতে চায় হৃদয়ে—
তাহারে খাজিব দিক-দিগস্ত॥

মায়াকুমারীগণের প্রবেশ

সকলে। কাছে আছে দেখিতে না পাও।

তুমি কাহার সন্ধানে দ্রে যাও।

মনের মতো কারে খ'রজ মরো—

সে কি আছে ভূবনে।

সে-যে রয়েছে মনে।

ওগো, মনের মতো সেই তো হবে

তুমি শভেক্ষণে যাহার পানে চাও।

তোমার আপনার যেজন, দেখিলে না তারে?

তুমি যাবে কার ছারে।

যারে চাবে তারে পাবে না, যে মন

(প্রস্থান)

শান্তার প্রতি

অমর। যেমন দখিনে বায় ছুটেছে,
কে জানে কোথায় ফুল ফুটেছে,
তেমনি আমিও, সখী, যাব—
না জানি কোথায় দেখা পাব।
কার সুধাস্বর-মাঝে জগতের গাঁত বাজে,
প্রভাত জাগিছে কার নয়নে,
কাহার প্রাণের প্রেম অনস্ত—
তাহারে খাঁজিব দিক-দিগস্ত॥

প্রস্থান

# নেপথ্যে চাহিয়া

শাস্তা। আমার পরান যাহা চায়, তুমি তাই, তুমি তাই গো। তোমা ছাড়া আর এ জগতে মোর কেহ নাই, কিছু নাই গো। ভূমি সুখ ষদি নাহি পাও

যাও সুথের সন্ধানে যাও—

আমি তোমারে পেরেছি হদরমাঝে,

আর কিছু নাহি চাই গো।

আমি তোমার বিরহে রহিব বিলান

তোমাতে করিব বাস

দীর্ঘ দিবস, দীর্ঘ রজনী, দীর্ঘ বরষ মাস।

যদি আর-কারে ভালোবাস,

যদি আর ফিরে নাহি আস,

ভবে ভূমি যাহা চাও ভাই যেন পাও—

আমি যত দুখ পাই গো॥

# ততীয় দুশ্য

### জানন

# প্রমদার স্থাগণ

প্রথমা। স্থী, সে গেল কোথায়। তারে ডেকে নিয়ে আয়।
সকলে। দাঁড়াব ঘিরে তারে তর্তলার।
প্রথমা। আজি এ মধ্র সাঁঝে কাননে ফ্লের মাঝে
হেসে হেসে বেড়াবে সে, দেখিব তায়।
বিতীয়া। আকাশে তারা ফ্টেছে, দখিনে বাতাস ছ্টেছে,
পাখিটি ঘ্মঘোরে গেয়ে উঠেছে।
প্রথমা। আয় লো আনন্দময়ী, মধ্র বসন্ত লয়ে।
সকলে। লাবণ্য ফুটাবি লো তর্লতায়।

### প্রমদার প্রবেশ

প্রমদা। দে লো সখী, দে পরাইরে গলে, সাধের বকুলফ্লহার—
আধোফ্ট জ্ইগ্রিল যতনে আনিয়া তুলি
গাঁথি গাঁথি সাজায়ে দে মোরে, কবরী ভরিয়ে ফ্লভার।
তুলে দে লো, চণ্ডল কুস্তল কপোলে পড়িছে বারে-বার॥
প্রথমা। আজি এত শোভা কেন। আনন্দে বিবশা যেন—
বিতীয়া। বিস্বাধরে হাসি নাহি ধরে, লাবণ্য ঝরিয়া পড়ে ধরাতলে।
প্রথমা। সখী, তোরা দেখে যা, দেখে যা—
তর্ণ তন্ এত র্পরাশি বহিতে পারে না ব্ঝি আর॥
বিতীয়া। জীবনে পরম লগন কোরো না হেলা,
কোরো না হেলা হে গরবিনী।

तृथारे कांग्रित राजा, भा<del>ग हता या एथला</del>--স্থার হাটে ফ্রাবে বিকিকিন। মনের মান্য লাকিয়ে আসে. দাঁড়ায় পাশে— হেসে চলে যায় জোয়ার-জলে ভাসিয়ে ভেলা। দ্র্লভিধনে দৃঃখের পণে লও গো জিন। ফাগ্ন যখন যাবে গো নিয়ে ফুলের ডালা কী দিয়ে তথন গাঁথিবে তোমার বরণমালা হে গর্রাবনী। বাজবে বাঁশি দুরের হাওয়ায়. চোথের জলে শ্নো চাওয়ায় কাটবে প্রহর— বাজবে বুকে বিদায়পথের চরণ ফেলা হে গর্রবিনী॥ मथी, वरह राज रवना, भूध राजि रथना ততীয়া। এ কি আর ভালো লাগে। আকুল তিয়াষ প্রেমের পিয়াস প্রাণে কেন নাহি জাগে। কবে আর হবে থাকিতে জীবন আঁখিতে আঁখিতে মদির মিলন— মধ্র হৃতাশে মধ্র দহন নিতিনৰ অনুরাগে। তরল কোমল নয়নের জল নয়নে উঠিবে ভাসি. সে বিষাদনীরে নিবে যাবে ধীরে প্রথর চপল হাসি। উদাস নিশ্বাস আকলি উঠিবে আশা-নিরাশায় পরান ট্রটিবে— মরমের আলো কপোলে ফ্রিটবে শরম-অর্ণ রাগে॥ **उत्ना.** त्त्रत्थ रम मथी. त्त्रत्थ रम— भिर्द्ध कथा ভार्त्नावामा। প্রমদা । স্থের বেদনা, সোহাগ্যাতনা— ব্রঝিতে পারি না ভাষা। ফ্রলের বাঁধন, সাধের কাঁদন, পরান সর্গপতে প্রাণের সাধন. 'লহো লহো' বলে পরে আরাধন— পরের চরণে আশা। তিলেক দরশ পরশ মাগিয়া বরষ বরষ কাতরে জাগিয়া

# অমরের প্রবেশ প্রমদার প্রতি

পরের মুখের হাসির লাগিয়া অশ্রুসাগরে ভাসা---জীবনের সূখ খ্রিজবারে গিয়া জীবনের সূখ নাশা॥

অমর। যেয়ে না, য়েয়ে না, য়েয়ে না ফিরে।
দাঁড়াও, চরণদ ি বাড়াও হাদয়-আসনে।
তুমি রঙিন মেঘমালা ষেন ফাগ্ নসমীরে।
প্রমদা। কে ডাকে। আমি কভু ফিরে নাহি চাই—
আমি কভু ফিরে নাহি চাই।
অমর। তোমায় ধরিতে চাহি, ধরিতে পারি নে—
তুমি গঠিত স্বপনে।

মোরে রেখো না, রেখো না
তব চণ্ডল লীলা হতে রেখো না বাহিরে।
প্রমদা। কে ভাকে। আমি কভু ফিরে নাহি চাই।
কত ফ্ল ফ্টে উঠে, কত ফ্লে যায় ট্টে—
আমি শ্র্ব বহে চলে যাই।
পরশ প্লকরস-ভরা রেখে যাই, নাহি দিই ধরা।
উড়ে আসে ফ্লবাস, লতাপাতা ফেলে শ্বাস,
বনে বনে উঠে হাহ্বতাশ—
চকিতে শ্নিতে শ্র্ব নাহি চাই॥

[ অমরের প্রস্থান ]

# অশোকের প্রবেশ

অশোক। এসেছি গো এসেছি, মন দিতে এসেছি— यादा ভाলোবের্সেছ। ফুলদলে ঢাকি মন যাব রাখি চরণে, পাছে কঠিন ধরণী পায়ে বাজে-রেখো রেখো চরণ হাদিমাঝে। नार्य म'ल यात्व, প्राण वाश्वा भारव---আমি তো ভেসেছি, অক্লে ভেসেছি॥ **७८क वर्त्वा त्रभी, वर्त्वा, रकन भिरह करत हल।** প্রমদা । মিছে হাসি কেন সখী, মিছে আখিজল। জানি নে প্রেমের ধারা, ভরে তাই হই সারা— কে জানে কোথায় সুধা কোথা হলাহল। স্থীগণ। कांपिट खात ना अता. कांपारेट खात कन-মুখের বচন শুনে মিছে কী হইবে ফল। প্রেম নিয়ে শব্ধবু খেলা, প্রাণ নিয়ে হেলাফেলা— कित्त यारे और तिना हतना मथी, हतना॥

প্রস্থান

# ह्यूर्व क्या

# कानन

# [অমর শাস্তা ও সখী]

শান্তা। তারে দেখাতে পারি নে কেন প্রাণ খালে গো— ব্রুঝাতে পারি নে হদরবেদনা। কেমনে সে হেসে চলে যায়, কোন্ প্রাণে ফিরেও না চায়— এত সাধ এত প্রেম করে অপমান।

সখী। স্থের লাগি চাহে প্রেম করে অসমান ।
শাস্তা। এত ব্যথা-ভরা ভালোবাসা কেহ দেখে না,
প্রাণে গোপনে রহিল।
এ প্রেম কুস্ম যদি হত প্রাণ হতে ছি'ড়ে লইতাম,
তার চরণে করিতাম দান—
ব্বি সে তুলে নিত না, শ্কাত অনাদরে—
তব্ব তার সংশয় হত অবসান॥

# [প্রস্থান]

অমর। আপন মন নিম্নে কাঁদিয়ে মার, পরের মন নিয়ে কী হবে। আপন মন যদি ব্যক্তি নারি পরের মন বুঝে কে কবে।

সখী। অবোধ মন লারে ফেরো ভবে, বাসনা কাঁদে প্রাণে হাহারবে। এ মন দিতে চাও দিয়ে ফেলো— কেন গো নিতে চাও মন তবে।

অমর। স্বপনসম সব জেনেছি মনে—
'তোমার কেহ নাই এ গ্রিভ্বনে,
ধেজন ফিরিতেছে আপন আশে
তুমি ফিরিছ কেন তাহার পাশে।'

সখী। নরন মেলি শা্ধা দেখে যাও, হৃদর দিরে শা্ধা শান্তি পাও। তোমারে মাখ তুলে চাহে না যে থাক্ সে আপনার গরবে।

অমর। ভালোবেসে যদি সুখ নাহি তবে কেন, তবে কেন মিছে ভালোবাসা।

স্থী। 'মন দিয়ে মন পেতে চাহি' ওগো কেন, ওগো কেন মিছে এ দুৱাশা।

অমর। হৃদয়ে জ্বালায়ে বাসনার শিখা, নয়নে সাজায়ে মায়া-মরীচিকা, শুধু ঘুরে মরি মরুভূমে।

সখী। ওগোঁ কেন, ওগোঁ কেন মিছে এ পিপাসা।
আপনি যে আছে আপনার কাছে
নিখিল জগতে কী অভাব আছে—
আছে মন্দ সমীরণ, পুরুপবিভূষণ, কোকিলক্জিত কুঞ্জ।

অমর। বিশ্বচরাচর লুপ্ত হয়ে যায়— একি ঘোর প্রেম অন্ধরাহাপ্রায় জীবন যৌবন গ্রাসে।

সখী। তবে কেন, তবে কেন মিছে এ কুয়াশা।।

# প্রমদা ও সখীগণের প্রবেশ

প্রমদা। সুখে আছি, সুখে আছি, সথা, আপন-মনে।

প্রমদা ও স্থীগণ। কিছ্ চেরো না, দ্রে যেয়ো না—

শ্ব্ধ্ব চেয়ে দেখো, শ্ব্ধ্ব ঘিরে থাকো কাছাকাছি।

প্রমদা। স্থা, নয়নে শুধু জানাবে প্রেম, নীরবে দিবে প্রাণ। রচিয়া ললিত মধুর বাণী আড়ালে গাবে গান।

গোপনে তুলিয়া কুসুম গাঁথিয়া রেখে যাবে মালাগাছি।

প্রমদা ও স্থীগণ। মন চেয়ো না, শ্ব্ব চেয়ে থাকো—

শ্ব্ধ্ব ঘিরে থাকো কাছাকাছি।

श्रमा। मध्र कीरन, मध्र तकनी, मध्र मणत्रवाश।

এই মাধ্রীধারা বহিছে আপনি,

কেহ কিছু নাহি চায়

আমি আপনার মাঝে আপনি হারা.

আপন সোরভে সারা।

যেন আপনার মন আপনার প্রাণ

আপনারে সাপিয়াছি॥

অমর। ভালোবেসে দুখ সেও সৃখ, সৃখ নাহি আপনাতে।

প্রমদা ও স্থীগণ। না না না, স্থা, ভূলি নে ছলনাতে।

অমর। মন দাও দাও, দাও সখী, দাও পরের হাতে।

প্রমদা ও স্থীগণ। না না না, মোরা ভূলি নে ছলনাতে।

অমর। সুথের শিশির নিমেষে শুকার, সুখ চেয়ে দুখ ভালো!

আনো সজল বিমল প্রেম ছলছল নলিননয়নপাতে।

প্রমদা ও স্থীগণ। না না না, মোরা ভূলি নে ছলনাতে।

অমর। রবির কিরণে ফ্রটিয়া নলিনী আপনি ট্রটিয়া যায়,

সুখ পায় তায় সে।

চির-কলিকাজনম কে করে বহন চির শিশিররাতে।

গমদা ও স্থীগণ। না না না, মোরা ভূলি নে ছলনাতে॥

### প্রস্থান

# [ প্নঃপ্রবেশ ]

প্রমদা। দুরে দাঁড়ায়ে আছে, কেন আসে না কাছে।

যা তোরা যা সখী, যা শুখা গে

ওই আকুল অধর অখি কী ধন যাচে।

স্থীগণ। ছি ওলোছি, হল কী, ওলো স্থী।

প্রথমা। লাজবাঁধ কে ভাঙিল। এত দিনে শরম ট্রিটল!

তৃতীয়া। কেমনে যাব। কী শ্বধাব।

প্রথমা। লাজে মরি, কী মনে করে পাছে।

প্রমদা। যাতোরা**যা সখী**, যাুশ্যাগে—

ওই আকৃল অধর আখি কী ধন যাচে।।

# অমরের প্রতি

স্থীগণ। ওগো, দেখি, আঁখি তুলে চাও— তোমার চোখে কেন খুমঘোর।

অমর। আমি কী যেন করেছি পান, কোন্ মদিরারস-ভোর।

আমার চোখে তাই ঘ্মঘোর।

স্থীগ্ৰ। ছিছিছি।

অমর। সখী, ক্ষতি কী।

এ ভবে কেহ জ্ঞানী অতি কেহ ভোলা-মন,

কেহ সচেতন কেহ অচেতন,

काशास्त्रा नग्नर्तन शामित कित्रण काशास्त्रा नग्नर्सन व्लात-

আমার চোথে শৃধ্ব ঘ্রুমঘোর।

স্থীগণ। স্থা, কেন গো অচলপ্রায় হেথা দাঁড়ায়ে তর্ছায়।

অমর। অবশ হৃদয়ভারে চরণ চলিতে নাহি চায়,

তাই দাঁডায়ে তরভায়।

স্থীগণ। ছিছিছি।

অমর। সখী, ক্ষতি কী।

এ ভবে কেহ পড়ে থাকে কেহ চলে যায়,

কেহ বা আলসে চলিতে না চায়.

কেহ বা আপনি স্বাধীন কাহারো চরণে পড়েছে ডোর -

কাহারো নয়নে লেগেছে ঘোর॥

সখীগণ। ওকে বোঝা গেল না— চলে আয়, চলে আয়।

s की कथा-रय वरल मथी, की कारथ रय हारू।

চলে আয়, চলে আয়।

লাজ টুটে শেষে মরি লাজে মিছে কাজে। ধরা দিবে না যে, বলো, কে পারে ভায়। আপনি সে জানে তার মন কোথায়!

চলে আয়, চলে আর ॥

প্রস্থান

# शक्य मृन्य

### कानन

প্রমদা স্থাগণ অশোক ও কুমারের প্রবেশ

কুমার। সখী, সাধ করে যাহা দেবে তাই লইব। সখীগণ। আহা মরি মরি সাধের ভিখারি, ভূমি মনে মনে চাহ প্রাণ মন।

দাও যদি ফুল, শিরে তলে রাখিব। কমার। সখীগণ। দেয় যদি কাটা? কমার। তাও সহিব। সখীগণ। আহা মরি মরি, সাধের ভিখারি, তমি মনে মনে চাহ প্রাণ মন। যদি একবার চাত, সখী, মধ্যুর নরানে কমার। ওই আখিস,ধাপানে চিরজীবন মাতি রহিব। र्याप कठिन कठाक गिर्टन? সখীগণ। তাও হৃদরে বি'ধায়ে চিরজীবন বহিব। কমার। স্থীগণ। আহা মরি মরি, সাধের ভিখারি, মনে মনে চাহ প্রাণ মন ৷৷ এ তো খেলানয় খেলানয়---প্রমদা। এ-যে হৃদর্দহন জ্বালা স্থী। এ-যে প্রাণ-ভরা ব্যাকৃলতা, গোপন মর্মের ব্যথা-এ-যে কাহার চরগোন্দেশে জীবন মরণ ঢালা। কে যেন সতত মোরে ভাকিয়ে আকুল করে— 'যাই ষাই' করে প্রাণ, ষেতে পারি নে। যে কথা বলিতে চাহিতা বুঝি বলিতে নাহি— কোথায় নামায়ে রাখি, সখী, এ প্রেমের ডালা! যতনে গাঁথিয়ে শেষে পরাতে পারি নে মালা॥ সেজন কে. সখী, বোঝা গেছে প্রথমা স্থীঃ আমাদের সখী যারে মন প্রাণ সংপছে। ও সে কে, কে, কে।

দ্বিতীয়া ও তৃতীয়া।

**७३-एय ७३,७८न. विस्नाम्याना भरत**, প্রথমা। না জানি কোন ছলে বসে রয়েছে।

দ্বিতীয়া। স্থী, কী হবে—

ও কি কাছে আসিবে কভ। কথা কবে?

ও কি প্রেম জানে। ও কি বাঁধন মানে। তৃতীয়া।

কী মারাগুণে মন লয়েছে।

বিভল আখি তলে আখি-পানে চায় ন্থিতীয়া।

যেন কী পথ ভলে এল কোথায় ওগো।

তৃতীয়া। যেন কী গানের স্বরে প্রবণ আছে ভরে. যেন কোন্ চাঁদের আলোয় মশ্ম হয়েছে॥

সথী, প্রতিদিন হার এসে ফিরে যায় কে। প্রমদা। তারে আমার মাথার একটি কুস্ম দে। যদি শ্বায় কে দিল কোন্ ফ্লকাননে-

মোর শপথ আমার নামটি বলিস নে॥ তারে কেমনে ধরিবে, সখী, যদি ধরা দিলে! সখীগণ।

তারে কেমনে কাঁদাবে যদি আপনি কাঁদিলে! প্রথমা ৷ দ্বিতীয়া। যদি মন পেতে চাও মন রাখো গোপনে।

কে তারে বাঁধিবে, তাম আপনায় বাঁধিলে॥ ততীয়া।

# ्ववीन्द्र-ब्रह्मनावजी

# নিকটে আসিয়া প্রমদার প্রতি

সকল হৃদয় দিয়ে ভালোবেসেছি যাবে অমব। সে কি ফিরাতে পারে সখী! সংসারবাহিরে থাকি, জানি নে কী ঘটে সংসারে। কে জানে হেথায় প্রাণপণে প্রাণ যারে চায় তারে পায় কি না-পায়— জানি নে। ভয়ে ভয়ে তাই এসেছি গো অজানা-হদয়ম্বারে। তোমার সকলই ভালোবাসি— ওই রূপরাশি. ওই খেলা, ওই গান, ওই মধ্যহাসি। ওই দিয়ে আছ ছেয়ে জীবন আমারই---কোথার তোমার সীমা ভবনমাঝারে॥ সখীগুণ। ত্মি কে গো. সখীরে কেন জানাও বাসনা। কে জানিতে চায় তুমি ভালোবাস কি ভালো বাস না। দ্বিতীয়া। হাসে চন্দ্র, হাসে সন্ধ্যা, ফ্লু কুঞ্জকানন--প্রথমা ৷ হাসে হৃদয়বসন্তে বিক্রচ বোবন। তুমি কেন ফেলো শ্বাস, তুমি কেন হাসো না। এসেছ কি ভেঙে দিতে খেলা— সকলে। সখীতে সখীতে এই হৃদরের মেলা।

দ্বিতীয়া। আপন দুখ আপন ছারা লয়ে যাও। প্রথমা। জীবনের আনন্দ-পথ ছেড়ে দাঁড়াও।

ত্রথমা। জাবনের আনন্দ-শথ ছেড়ে গড়াও। ততীয়া। দূর হতে করো পূজা হদয়কমল-আসনা॥

অমর। তবে সুথে থাকো, সুখে থাকো। আমি যাই – যাই।

প্রমদা। সখী, ওরে ডাকো, মিছে খেলায় কাজ নাই।

সখীগণ। অধীরা হোরো না সখী!

আশ মেটালে ফেরে না কেহ, আশ রাখিলে ফেরে।

অমর। ছিলাম একেলা আপন ভূবনে— এসেছি এ কোথায়। হেথাকার পথ জানি নে, ফিরে যাই। যদি সেই বিরামভবন ফিরে পাই।

### প্রস্থান

প্রমদা। স্থা, ওরে ডাকো ফিরে। মিছে খেলা মিছে হেলা কাক্ত নাই। স্থাগণ। অধারা হোয়ো না স্থা! আশ মেটালে ফেরে না কেহ, আশ রাখিলে ফেরে॥

প্রস্থান

# क्षं रागा

### অমর ও শাস্তা

অমর। আমার নিখিল ভূবন হারালেম আমি বে।
বিশ্ববীণার রাগিণী ধায় থামি বে।
গ্হহারা হদয় বায় আলোহারা পথে হায়—
গহন তিমিরগ্রহাতলে ধাই নামি বে।
তোমারই নয়নে সন্ধাতারার আলো,
আমার পথের অন্ধলারে জনালো জনালো।
মরীচিকার পিছে পিছে ভ্ষণতপ্ত প্রহর কেটেছে মিছে।
দিন-অবসানে তোমারই হদয়ে
গ্রান্ত পাল্থ অম্ততীর্থগামী বে॥
শাস্তা। ভূল কোরো না গো, ভূল কোরো না, ভূল

ভাগ কোরো না গো, ভূল কোরো না, ভূল কোরো না ভালোবাসায়। ভূলায়ো না, ভূলায়ো না, ভূলায়ো না নিম্ফল আশায়। বিচ্ছেদদ্বঃখ নিয়ে আমি থাকি, দেয় না সে ফাঁকি— পরিচিত আমি তার ভাষায়। দয়ার ছলে তুমি হোয়ো না নিদয়। হদয় দিতে চেয়ে ভেঙো না হদয়। রেখো না লক্ক করে— মরণের বাঁশিতে মৃক্ষ করে টেনে নিয়ে যেয়ো না স্বানাশায়॥

অমর। ভূল করেছিন, ভূল ভেঙেছে।
জেগেছি, জেনেছি— আর ভূল নয়, ভূল নয়।
মায়ার পিছে পিছে
ফিরেছি, জেনেছি স্বপন সবই মিছে—
বি'ধেছে কাঁটা প্রাণে— এ তো ফুল নয়, ফুল নয়।
ভালোবাসা হেলা করিব না,
খেলা করিব না লয়ে মন— হেলা করিব না।
তব হদয়ে, সখী, আশ্রম মাগি।
অতল সাগর সংসারে— এ তো ক্ল নয়, ক্ল নয়॥

# প্রমদার সখীগণের প্রবেশ দ্র হইতে

স্থীগণ। আলি বারবার ফিরে যায়, আলি বারবার ফিরে আসে—
তবে তো ফ্লে বিকাশে।
প্রথমা। কলি ফ্টিটতে চাহে, ফোটে না— মরে লাজে, মরে গ্রাসে।

প্রথমা। কাল ফ্রাটিতে চাহে, ফোটে না— মরে লাজে, মরে তাসে। ভূলি মান অপমান দাও মন গ্রাণ, নিশিদিন রহো পাশে। দ্বিতীয়া। ওগো, আশা ছেড়ে তবু আশা রেখে দাও

হৃদয়রতন-আশে॥

সকলে। ফিরে এসো ফিরে এসো— বন মোদিত ফ্লবাসে। আজি বিরহরজনী, ফ্লুল্ল কুসুম শিশিরসলিলে ভাসে॥

আমর। ডেকো না আমারে ডেকো না— ডেকো না।
চলে যে এসেছে মনে তারে রেখো না।
আমার বেদনা আমি নিয়ে এসেছি,
ম্ল্যু নাহি চাই যে ভালো বেসেছি।
কুপাকণা দিয়ে আখিকোণে ফিরে দেখো না।
আমার দ্বঃখ-জোয়ারের জলস্রোতে
নিয়ে যাবে মোরে সব লাশ্বনা হতে।
দ্রে যাব যবে সরে তখন চিনিবে মোরে—
অবহেলা তব ছলনা দিয়ে ঢেকো না॥

# অমরের প্রতি

শাস্তা। না ব্ঝে কারে তুমি ভাসালে আঁখিজলে।
থগো, কৈ আছে চাহিয়া শ্নাপথপানে—
কাহার জীবনে নাহি স্থ, কাহার পরান জনলে।
পড় নি কাহার নয়নের ভাষা,
বোঝ নি কাহার মরমের আশা, দেখ নি ফিরে—
কার ব্যাকুল প্রাণের সাধ এসেছ দলে॥

অমর। যে ছিল আমার স্বপনচারিণী
তারে ব্বিতে পারি নি—
দিন চলে গেছে খ্রিজতে খ্রিজতে।
শ্রভখনে কাছে ডাকিলে, লম্জা আমার ঢাকিলে গো—
তোমারে সহজে পেরেছি ব্বিতে।
কে মোরে ফিরাবে অনাদরে কে মোরে ডাকিবে কাছে,
কাহার প্রেমের বেদনায় আমার ম্লা আছে—
এ নিরন্তর সংশয়ে আর পারি নে খ্রিতে।
তোমারেই শুধু পেরেছি ব্রিতে।

# প্রস্থান

শোস্তা] হায় হতভাগিনী,
প্রোতে বৃথা গেল ভেসে, কৃলে তরী লাগে নি, লাগে নি।
কাটালি বেলা বীণাতে স্বর বে'ধে—
কঠিন টানে উঠল কে'দে,
ছিম্ন তারে থেমে গেল-ষে রাগিণী।
এই পথের ধারে এসে ডেকে গেছে তোরে সে।
ফিরায়ে দিলি তারে রুদ্ধারে।—
বুক জ্বলে গেল যে, ক্ষমা তবুও কেন মাগি নি॥

# সপ্তম দুশ্য

### কানন

অমর শাস্তা, অন্যান্য প্রনারী ও পৌরজন

স্থাগিগ। এস এস, বসন্ত, ধরাতলে।
আন কুহ্বতান, প্রেমগান।
আন গন্ধমদভরে অলস সমীরণ।
আন নবযোবনহিক্সোল, নব প্রাণ—
প্রফল্লনবান বাসনা ধরাতলে।

প্রেষ্ণণ। এস থরথর কৃষ্পিত মর্মরম্খরিত

নবপল্লবপ্লাকত
ফ্ল-আকুল মালতিবল্লিবিতানে—
স্খছায়ে মধ্বায়ে এস এস।
এস অর্ণচরণ কমলবরন তর্ণ উষার কোলে।
এস জ্যোংশ্লাবিবশ নিশীথে কলকল্লোলতটিনীতীরে।
সূখস্প্রসরসীনীরে এস এস।

স্থীগণ। এস যৌবনকাতর হৃদয়ে,
এস মিলনস্থালস নয়নে,
এস মধ্র শরমমাঝারে— দাও বাহ্তে বাহ্ বাঁধি।
নবীনকস্মপাশে রচি দাও নবীন মিলনবাঁধন॥

# প্রমদা ও সখীগণের প্রবেশ

অমর। এ কি স্বপ্প! এ কি মায়া! এ কি প্রমদা! এ কি প্রমদার ছায়া॥ রুষগদ। ও কি এল, ও কি এল না—

প্র্যুষগণ। ও কি এল, ও কি এল না— বোঝা গেল না, গেল না। ও কি মায়া কি স্বপনছায়া— ও কি ছলনা।

অমর। ধরা কি পড়ে ও রুপেরই ডোরে। গানেরই তানে কি বাঁধিবে ওরে। ও-যে চিরবিরহেরই সাধনা।

শাস্তা। ওর বাশিতে কর্ণ কী স্র লাগে বিরহ্মিলনমিলিত রাগে।
স্থে কি দ্থে ও পাওয়া না-পাওয়া, হদরবনে ও উদাসী হাওয়া—
বুঝি শুধু ও পরম কামনা॥

অমর। একি স্বশ্ন! একি মারা! একি প্রমদা! একি প্রমদার ছারা॥

স্থীগণ। কোন্সে ঝড়ের ভুল করিয়ে দিল ফুল, প্রথম যেমান তর্ণ মাধ্রী মেলেছিল এ মুকুল। নব প্রভাতের তারা সন্ধ্যাবেলায় হয়েছে পথহারা। অমরাবতীর সূরষ্বতীর এ ছিল কানের দূল। এ যে মুকুটশোভার ধন— হায় গো দরদী কেহ থাক যদি, শিরে দাও পরশন। এ কি স্লোতে বাবে ভেসে দুর দয়াহীন দেশে— জানি নে কে জানে দিন-অবসানে কোন খানে পাবে ক্ল ॥ ছিছি, মরি লাজে। শান্তা। কে সাজালো মোরে মিছে সাজে। বিধাতার নিষ্ঠার বিদ্রপে নিয়ে এল চুপে চুপে মোরে তোমাদের দুজনের মাঝে। আমি নাই, আমি নাই— আদরিনী, লহো তব ঠাঁই যেথা তব আসন বিরাজে॥ শ্ভমিলনলগনে বাজ্ক বাঁশি. শান্তা ও স্ত্রীগণ। মেঘমুক্ত গগনে জাগুক হাসি। কত দুখে কত দূরে দূরে আধারসাগর ঘুরে ঘুরে পারাষগণ। সোনার তরী তীরে এল ভাসি। ওগো পরবালা, আনো সাজিয়ে বরণডালা। যুগলমিলনমহোৎসবে শুভ শৃৎখরবে বসন্তের আনন্দ দাও উচ্ছত্রাসি u আর নহে, আর নহে। প্রমদা । বসন্তবাতাস কেন আর শৃষ্ক ফুলে বহে।

লগ্ন গেল বয়ে, সকল আশা লয়ে— এ কোন প্রদীপ জনলো! এ-যে বক্ষ আমার দহে। আমার কানন মর, হল--আজ এই সন্ধা-অন্ধকারে সেথায় কী ফ্**ল** তোলো। কাহার ভাগ্য হতে বরণমালা হরণ করো-ভাঙা ডালি **ভরো**। মিলনমালার কণ্টকভার কণ্ঠে কি আর সহে॥ ছিল্ল শিকল পায়ে নিয়ে ওরে পাখি অমর ।

যা উড়ে, যা উড়ে, যা রে একাকী। বাজবে তোর পায়ে সেই বন্ধ, পাখাতে পাবি আনন্দ দিশাহারা মে**দ যে গেল** ডাকি। নির্মাল দর্বথ যে সেই তো মুক্তি নির্মাল শ্রনোর প্রেমে। आर्थावरुम्यन मात्र्व नन्छा, निःश्नार याक रम थिए। দ্রাশার সরাবাঁচার এতদিন ছিলি তোর খাঁচার— ধ্লিতলৈ যাবি রাখি॥

যাক ছি'ড়ে, যাক ছি'ড়ে যাক মিথ্যার জাল। শাস্তা। দঃখের প্রসাদে এল আজি মুক্তির কাল।

এই ভালো ওগো, এই ভালো— বিচ্ছেদবহিশিখার আলো।
নিষ্ঠার সত্য করাক বরদান— ঘাচে যাক ছলনার অন্তরাল।
যাও প্রিয়, যাও তুমি যাও জয়য়৻থ। বাধা দিব না পথে।
বিদায় নেবার আগে মন তব স্বপ্ন হতে যেন জাগে—
নির্মাল হোক হোক সব জঞ্জাল॥

মায়াকুমারী।

দ্বংথের যজ্ঞ-অনল-জবলনে জন্মে যে প্রেম
দীপ্ত সে হেম—
নিত্য সে নিঃসংশয়, গোরব তার অক্ষয়।
দ্রাকাশ্কার পরপারে বিরহতীর্থে করে বাস
যেথা জবলে কব্ধ হোমার্মিশখায় চিরনৈরাশ,
তৃষ্ণদাহনম্ক অন্দিন অমলিন রয়।
গোরব তার অক্ষয়—
অগ্র-উৎস-জল-য়ানে তাপস মৃত্যুঞ্জয়॥

### প্রস্থান

সকলে।

আজ খেলা-ভাঙার খেলা খেলবি আর, সুখের বাসা ভেঙে ফেলবি আর। মিলন-মালার আজ বাধন তো টুটবে, ফাগ্রন-দিনের আজ স্বপন তো ছুটবে—উধাও মনের পাখা মেলবি আর। অন্তর্গারর ওই শিখর-চুড়ে ঝড়ের মেঘের আজ ধ্রজা উড়ে। কালবৈশাখীর হবে-ষে নাচন—সাথে নাচুক তোর মরণ-বাঁচন, হাসি কাঁদন পায়ে ঠেলবি আয়॥

# পরিশোধ

#### নাটাগীতি

'কথা ও কাহিনী'তে প্রকাশিত 'পরিশোধ' নামক পদ্য-কাহিনীটিকে ন্ত্যাভিনর-উপলক্ষা নাটাীকৃত করা হরেছে। প্রথম থেকে শেষ পর্যন্ত এর সমন্তই সূরে বসানো। বলা বাহ্লা, ছাপার অক্ষরে স্রের সক্ত দেওরা অসম্ভব বলে কথাগ্লির শ্রীহীন বৈধবা অপরিহার্য।

5

#### গৃহদ্বারে পথপার্শ্বে

শ্যামা। এখনো কেন সময় নাহি হল
নাম-না-জানা অতিথি—
আঘাত হানিলে না দ্বারে,
কহিলে না স্বার খোলোঁ।
হাজার লোকের মাঝে
রয়েছি একেলা যে,
এসো আমার হঠাং-আলো—
পরান চমকি তোলো।
আধার-বাধা আমার ঘরে,
জানি না কাদি কাহার তরে।
চরণসেবার সাধনা আনো,
সকল দেবার বেদনা আনো,
নবীন প্রাণের জাগরমন্ত্র
কানে কানে বোলো॥

#### রাজগথে

প্রহরীগণ। রাজার আদেশ ভাই— চোর ধরা চাই, চোর ধরা চাই। কোথা তারে পাই? যারে পাও তারে ধরো, কোনো ভয় নাই॥

## बर्बीन्द्र-ब्रह्मायली

#### বন্ধ্রসেনের প্রবেশ

প্রহরী। বজ্লসেন। ধর্ ধর্, ওই চোর, ওই চোর। নই আমি, নই নই নই চোর।

অন্যায় অপবাদে

আমারে ফেলো না ফাঁদে।

নই আমি নই চোর।

প্রহরী। বক্তসেন। पर जाम नर कातः। उरे रहे, उरे क्वांत, उरे क्वांत।

এ কথা মিথ্যা অতি ঘোর। আমি প্রদেশী—

হেথা নেই স্বজন বন্ধ কেহ মোর।

নই চোর, নই আমি নই চোর॥

भाग्या ।

আহা মরি মরি,
মহেন্দ্রনিন্দতকান্তি উল্লভদর্শন
কারে বন্দী করে আনে চোরের মতন
কঠিন শৃংখলে।— শীঘ্র যা লো সহচরী,
বল্ গে নগরপালে মোর নাম করি,
শ্যামা ডাকিভেছে ভারে। বন্দী সাথে লয়ে
একবার আসে যেন আমার আল্বে

দ্যা করি॥

সহচরী।

স্কুদরের বন্ধন নিষ্ঠারের হাতে ঘ্রচাবে কে।
নিঃসহায়ের অগ্রাবারি পীড়িতের চক্ষে মুছাবে কে।
আতের ক্রন্দনে হেরো ব্যথিত বস্কুরা,
অন্যায়ের আক্রমণে বিষবাণে জর্জারা।
প্রবলের উৎপীড়নে কে বাঁচাবে দূর্বলেরে —
অপমানিতেরে কার দয়া বক্ষে লবে ডেকে।

#### প্রহরীদের প্রতি

भागा।

তোমাদের একি প্রান্তি— কে ওই প্রেয় দেবকান্তি,

প্রহরী, মরি মরি— এমন করে কি ওকে বাঁধে। দেখে যে আমার প্রাণ কাঁদে। বন্দী করেছ কোন্ দোষে॥

প্রহরী।

চুরি হয়ে গেছে রাজকোষে— চোর চাই ষে করেই হোক।

হোক-না সে ষেই-কোনো লোক—

নহি**লে মোদের যা**বে মান॥

নির্দোষী বিদেশীর রাখো প্রাণ— দুই দিন মাগিন্য সময়।

भाभा ।

প্রহরী। রাশিব তোমার অন্নর।
দ্বই দিন কারাগারে রবে,
তার পর যা হয় তা হবে॥

বস্তুসেন। কী খেলা, হে স্ম্পরী, কিসের এ কৌতুক। কেন্দাও অপমানদ্খ—

মোরে নিয়ে কেন, কেন এ কৌতুক॥

শ্যামা। নহে নহে, নহে এ কৌতুক।
মোর অঙ্গের স্বর্গ-অলম্কার
সর্পি দিয়া, শৃত্থল তোমার
নিতে পারি নিজ দেহে। তব অপমানে
মোর অস্তরাত্মা আজি অপমান মানে॥

বক্সনে। কোন্ অবাচিত আশার আলো
দেখা দিল রে তিমিররাত্তি ভেদি দুর্দিনদুর্যোগে।
কাহার মাধুরী বাজাইল কর্ণ বাঁশি।
অচেনা নির্মম ভূবনে দেখিন, এ কী সহসা—
কোন্ অজানার সংক্ষর মুখে সাম্বনাহাসি॥

2

#### কারাঘর

#### শ্যামার প্রবেশ

বন্ধুসেন।

বন্ধুসেন।

এ কী আনন্দ!

হৃদরে দেহে ঘ্রালে মম সকল বন্ধ।
দ্বংখ আমার আজি হল যে ধনা,
মৃত্যুগহনে লাগে অমৃতস্বগন্ধ।
এলে কারাগারে রঞ্জনীর পারে উঘাসম,
মৃত্যির্পা অয়ি লক্ষ্মী দয়াময়ী॥

শ্যামা। বোলোুনা, বোলো না আমি দয়াময়ী।

মিথ্যা, মিথ্যা, মিথ্যা! এ কারাপ্রাচীরে শিলা আছে যত নহে তা কঠিন আমার মতো। আমিু দরামরী!

মিথ্যা, মিথ্যা, মিথ্যা।। জেনো প্রেম চিরঞ্গী আপনারই হরবে.

জেনো, প্রিয়ে—
সব পাপ ক্ষমা করি ঋণশোধ করে সে।
কলত্ক যাহা আছে
দ্র হর তার কাছে—
কালিমার 'পরে তার অমৃত সৈ বরবে॥

হে বিদেশী, এসো এসো। হে আমার প্রিয়, শ্যামা ৷ এই কথা স্মরণে রাখিয়ো তোমা-সাথে এক স্লোতে ভাসিলাম আমি হে হৃদয়স্বামী. জীবনে মরণে প্রভ॥ প্রেমের জোয়ারে ভাসাবে দোহারে--বজ্রসেন। বাঁধন খুলে দাও, দাও দাও। ভালব ভাবনা, পিছনে চাব না-পাল তলে দাও, দাও দাও। প্রবল পরনে তরক্ষ তুলিল-क्षमञ्जल मुनिल मुनिल। পांशल दर्गाविक. ভুলাও দিগুবিদিক-পাল তলে দাও, দাও দাও॥ চরণ ধরিতে দিয়ো গো আমারে--म्यामा । नित्या ना. नित्या ना मतात्य। জীবন মরণ সুখ দুখ দিয়ে বক্ষে ধরিব জড়ায়ে। দ্যলিত শিথিল কামনার ভার বহিয়া বহিয়া ফিরি কত আর--নিজ হাতে তমি গে'থে নিয়ো হার. ফেলো না আমারে ছড়ায়ে। বিকায়ে বিকায়ে দীন আপনারে

0

বরণের মালা পরায়ে॥

পারি না ফিরিতে দ্য়ারে দ্যারে — তোমার করিয়া নিয়ো গো আমারে

#### বন্ধুসেন ও শ্যামা তরণীতে

শ্যামা। এবার ভাসিরে দিতে হবে আমার এই তরী।
তীরে বসে যায় যে বেলা, মরি গো মরি।
ফ্ল ফোটানো সারা করে
বসস্ত যে গেল সরে—
নিয়ে ঝরা ফ্লের ডালা বলো কী করি।
জল উঠেছে ছল্ছলিয়ে, ডেউ উঠেছে দ্লে—
মমরিয়ে ঝরে পাতা বিজন তর্ম্লে।
শ্নামনে কোথার তাকাস—
সকল বাতাস সকল আকাশ
ওই পারের ওই বাঁশির স্বরে উঠে শিহরি।

বন্ধ্রমেন।

কহে। কহে। মোরে প্রিক্তের, আমারে করেছ মৃক্ত কী সম্পদ দিরে। আয় বিদেশিনী, তোমারই কাছে আমি কত খণে ঋণী।

भागाः नरः नरः नरः। स्न कथा এथन नरः॥

ওই রে তরী দিল খুলে।
তোর বোঝা কে নেবে তুলে।
সামনে যখন যাবি ওরে,
থাক্-না পিছন পিছে পড়ে—
পিঠে তারে বইতে গেলে
একলা পড়ে রইবি ক্লে।
ঘরের বোঝা টেনে টেনে
পারের ঘাটে রাখাল এনে—
তাই যে তোরে বারে বারে
ফিরতে হলু গোল ভুলে।

ডাক্রে আবার মাঝিরে ডাক্, বোঝা তোমার বাক ভেসে বাক— জীবনথানি উজাড় করে

স'পে দে তার চরণম্লে॥

বন্ধ্রসেন। কী করিয়া সাধিলে অসাধ্য রত কহো বিবরিয়া। জানি যদি প্রিয়ে, শোধ দিব এ জীবন দিয়ে— এই মোর পণ্য।

শ্যামা। নহে নহে নহে। সে কথা এখন নহে ॥

তোমা লাগি বা করেছি কঠিন সে কাজ, আরো স্কঠিন আজ তোমারে সে কথা বলা—

বালক কিশোর, উত্তীয় তার নাম—
ব্যর্থ প্রেমে মোর মত্ত অধীর।
মোর অন্নরে তব চুরি-অপবাদ
নিজ-'পরে লয়ে স'পেছে আপন প্রাণ।
এ জীবনে মম, ওগো সর্বোন্তম,
সর্বাধিক মোর এই পাপ
তোমার লাগিয়া॥

বস্তুসেন। কাঁদিতে হবে রে, রে পাপিণ্ঠা, জীবনে পাবি না শান্তি। ভাঙিবে ভাঙিবে কলুমনীড় বস্তু-আঘাতে। কোথা তৃই লুকাবি মুখ মৃত্যু-আঁধারে॥

শ্যামা। ক্ষমা করো নাথ, ক্ষমা করো।

এ পাপের যে অভিসম্পাত হোক বিধাতার হাতে নিদার ণতর। তুমি ক্ষমা করো॥

এ জন্মের লাগি বন্ধসেন। তোর পাপম্লো কেনা মহাপাপভাগী

এ জীবন করিলি ধিক্রত। কলা কনী, ধিক নিশাস মোর তোর কাছে ঋণী॥

তোমার কাছে দোষ করি নাই. भागा ।

দোষ করি নাই. দোষী আমি বিধাতার পায়ে; তিনি করিবেন রোষ---সহিব নীরবে।

তুমি যদি না কর দয়া

भरव ना, भरव ना, भरव ना॥

তবু ছাড়িব নে মোরে? বন্ধুসেন। ছাড়িব না, ছাড়িব না। भागा। তোমা লাগি পাপ নাথ, তুমি করো মর্মাঘাত। ছাডিব না॥

শ্যামাকে বজ্ঞসেনের হত্যার চেষ্টা

্হায়, এ কী সমাপন! অমৃতপাত্ত ভাঙিলৈ, নেপথো। করিলি মৃত্যুরে সমপ্র। এ দূর্লভ প্রেম মূল্য হারালো হারালো, কলাঙ্ক অসম্মানে।।

#### পথিকরমণী

भव-किছ् रकन निम्न ना, निम्न ना, निम ना ভामावामा। আপনাতে কেন মিটালো না যত-কিছু, দ্বন্দেরে--ভালো আর মন্দেরে। नगी नित्र आत्म शिक्क छन्धाता. সাগ্রহদয়ে গহনে হয় হারা। ক্ষমার দীপ্তি দের স্বর্গের আলো প্রেমের আনন্দে রে॥ বন্ধ্রসেন। ক্ষমিতে পারিলাম না বে ক্ষমো হে মম দীনতা

পাপীজনশরণ প্রভূ!

মরিছে তাপে মরিছে লাজে

প্রেমের বলহীনতা—

ক্ষমে হে মম দীনতা।

প্রিয়ারে নিতে পারি নি ব্বকে, প্রেমেরে আমি হেনেছি। পাপীরে দিতে শাস্তি শুধ্য পাপেরে ডেকে এনেছি।

জানি গো, তুমি ক্ষমিবে তারে

যে অভাগিনী পাপের ভারে

চরণে তব বিনতা—

ক্ষমিবে না, ক্ষমিবে না আমার ক্ষমাহীনতা।।

এসো এসো এসো প্রিরে, মরণলোক হতে ন্তন প্রাণ নিয়ে। নিজ্ফল মম জীবন, নীরস মম ভূবন— শ্না হৃদয় প্রেণ করো মাধ্রীসংখা দিয়ে॥

न्भाव कुषारेका मरेवा

হায় রে ন্প্র,

তার কর্ণ চরণ ত্যজিল, হারালি কলগ্ঞানস্ব।
নীরব ক্রন্দনে বেদনাবন্ধনে
রাখিলি ধরিয়া বিরহ ভরিয়া স্মরণ স্মধ্র।
তোর ঝণ্কারহীন ধিকারে কাঁদে প্রাণ মম নিষ্ঠার॥

শ্যামার প্রবেশ

শ্যামা। এসেছি প্রিয়তম।—

ক্ষমো মোরে ক্ষমো।

গেল না. গেল না কেন কঠিন পরান মম

তব নিঠুর কর্ণ করে॥

বন্তুসেন। কেন এলি, কেন এলি ফিরে-

যাও যাও, চলে যাও॥

শ্যামার প্রণাম ও প্রস্থান

বস্কুসেন। ধিক্ ধিক্ ওরে মৃদ্ধ, কেন চাস্ ফিরে ফিরে। এ যে দ্খিত নিষ্ঠার স্বপ্প, এ যে মোহবাষ্পাঘন কুষ্ণাটকা— দীর্ণ করিবি না কি রে। অশ্ চি প্রেমের উচ্ছিটে
নিদার্ণ বিষ—
লোভ না রাখিস
প্রেতবাস তোর ভন্ন মন্দিরে।
নির্মাম বিচ্ছেদসাধনার
পাপক্ষালন হোক—
না কোরো মিথ্যা শোক,
দঃখের তপস্বী রে—
স্মাতিশৃত্থল করো ছিল্ল—
আরু বাহিরে,

আয় বাহিরে॥

নেপথ্য। কঠিন বেদনার তাপস দোঁহে,
যাও চিরবিরহের সাধনায়।
ফিরো না, ফিরো না— ভূলো না মোহে।
গভীর বিষাদের শান্তি পাও হৃদরে,
জয়ী হও অন্তর্রবিদ্রোহে।
যাক পিয়াসা, খুচুক দুরাশা,
যাক মিলায়ে কামনাকুরাশা।

স্বপ্প-আবেশ-বিহীন পথে যাও বাঁধনহারা, তাপবিহীন মধ্যে স্মৃতি নীরবে বহে॥ এই গানগালি রবীন্দ্রনাথের নানা গ্রন্থে মাদ্রিত, অথচ প্রথম সংস্করণ গীত-বিতানে (পরিশিন্ট খ) যে গানগালি রবীন্দ্রনাথের নর বলিয়া নির্দিন্ট তাহারই একাংশ। রবীন্দ্রনাথের রচনা নয় যে, এ সম্পর্কে অন্য নির্ভরবোগ্য মাদ্রিত প্রমাণ এপর্যন্ত পাওয়া যার নাই।

۵

এমন আর কতদিন চলে যাবে রে! জীবনের ভার বহিব কত! হার হার! যে আশা মনে ছিল, সকলই ফুরাইল-কিছু হল না জীবনে। জীবন ফুরায়ে এল। হার হার॥

2

ওহে দয়াময়, নিখিল-আশ্রয় এ ধরা-পানে চাও— পতিত যে জন করিছে রোদন, পতিতপাবন, তাহারে উঠাও। মরণে যে জন করেছে বরণ তাহারে বাঁচাও॥

কত দৃখ শোক, কাঁদে কত লোক, নয়ন মৃছাও। ভাঙিয়া আলয় হেরে শ্নাময়। কোথায় আশ্রয়— তারে ঘরে ডেকে নাও। প্রেমের তৃষায় হদয় শ্কায়, দাও প্রেমস্থা দাও॥

হেরো কোথা যায়, কার পানে চায়। নয়নে আঁধার— নাহি হেরে দিক, আকুল পথিক চাহে চারি ধার। এ ঘোর গহনে অন্ধ্র সে নয়নে তোমার কিরণে আঁধার ঘ্চাও। সঙ্গহারা জনে রাখিয়া চরণে বাসনা প্রাও॥

কলঙ্কের রেখা প্রাণে দেয় দেখা, প্রতিদিন হার। হদর কঠিন হল দিন দিন, লজ্জা দ্রে যার। দেহো গো বেদনা, করাও চেতনা। রেখো না, রেখো না– এ পাশু তাড়াও।

সংসারের রণে পরাজিত জনে দাও নববল দাও॥

e

নিতা সতো চিন্তন করো রে বিমলহদয়ে.
নির্মাল অচল স্মাতি রাখো ধরি সতত ॥
সংশরন্শংস সংসারে প্রশান্ত রহো,
তাঁর শত্ত ইচ্ছা স্মারি বিনয়ে রহো বিনত ॥
বাসনা করো জয়, দ্র করো ক্ষ্রু ভয়।
প্রাণধন করিয়া পণ চলো কঠিন শ্রেয়পথে,
ভোলো প্রসয়মন্থে স্বার্থস্থ, আত্মদ্থ—
প্রেম-আনন্দরসে নিয়ত রহো নিরত॥

8

মা, আমি তোর কী করেছি।
শুধ্ব তোরে জন্ম ভরে মা বলে রে ডেকেছি॥
চিরজীবন পাষাণী রে. ভাসালি আঁথিনীরেচিরজীবন দুঃখানলে দহেছি॥
আঁধার দেখে তরাসেতে চাহিলাম তোর কোলে যেতে
সস্তানেরে কোলে তুলে নিলি নে।
মা-হারা সস্তানের মতো কে'দে বেড়াই অবিরত
এ চোখের জল মুছায়ে তো দিলি নে।
ছেলের প্রাণে ব্যথা দিয়ে বদি মা তোর জুড়ায় হিয়ে,
ভালো ভালো, তাই তবে হোক—
অনেক দুঃখ সয়েছি॥

đ

সকলেরে কাছে ডাকি আনন্দ-আলয়ে থাকি অমৃত করিছ বিতরণ। জগত গাহিছে গান পাইয়া অনন্ত প্রাণ গগনে করিয়া বিচরণ। সূর্য শ্নাপথে ধায় -- বিশ্রাম সে নাহি চায়. সঙ্গে ধায় গ্রহপরিজন। *ল*ভিয়া অসীম বল इ. छिट्ड नक्वपन. চারি দিকে চলেছে কিরণ। পাইয়া অম,তধারা নব নব গ্রহ তারা বিকশিয়া উঠে অনুক্ষণ--চিরজীবনের গান জাগে নব নব প্রাণ পর্রিতেছে অনস্ত গগন। পূর্ণ লোক লোকান্তর, 🕚 💎 প্রাণে মন্ম চরাচর — প্রাণের সাগরে সম্ভরণ।

জগতে যে দিকে চাই বিনাশ বিরাম নাই,
অহরহ চলে যাত্রিগণ।
মোরা সবে কীটবং, সম্মুখে অনস্ত পথ
কী করিয়া করিব প্রমণ।
অম্তের কণা তব পাথেয় দিয়েছ, প্রভা,
ক্ষুদ্র প্রাণে অনস্ত জীবন॥

b

স্থা, তুমি আছ কোথা—
সারা বরষের পরে জানাতে এসেছি বাথা॥
কত মোহ, কত পাপ, কত শোক, কত তাপ,
কত যে সয়েছি আমি তোমারে কব সে কথা॥
যে শা্ভ জীবন তুমি মোরে দিয়েছিলে স্থা,
দেখো আজি কত তাহে পড়েছে কলজ্করেখা।
এনেছি তোমারি কাছে, দাও তাহা দাও মুছে—
নয়নে ঝারছে বারি, দেখো সভরে এসেছি পিতা॥
দেখো দেব, চেয়ে দেখো হদরেতে নাহি বল—
সংসারের বায়ারেগে করিতেছে টলমল।
লহো সে হদর তুলে, রাথো তব পদম্লে—
সারাটি বরষ যেন নিভারে রহে গো সেখা॥

9

সখা, মোদের বে'ধে রাখো প্রেমডোরে।
আমাদের ডেকে নিয়ে চরণতলে রাখো ধরে —
বাঁধাে হে প্রেমডোরে।
কঠোর পরানে কুটিল বয়ানে
তোমার এ প্রেমের রাজ্য রেখেছি আঁধার করে।
আপনার অভিমানে দ্রার দিয়ে প্রাণে
গরবে আছি বসে চাহি আপনা-পানে।
ব্রি এমনি করে হারাব তোমারে—
ধ্লিতে ল্টাইব আপনার পাষাণভারে।
তখন কারে ডেকে কাঁদিব কাতর স্বরে॥

¥

ছি ছি স্থা, কী করিলে, কোন্ প্রাণে প্রশিলে—
কামিনীকুস্ম ছিল বন সালো করিরা।
মান্য-পরশ-ভরে শিহরিরা স্কাতরে
ভই-যে শতধা হরে পড়িল গো করিয়া।

জান তো কামিনী-সতী কোমল কুসুম আত— দ্র হতে দেখিবার, ছইবার নহে সে। দূর হতে মূদ্র বায় গন্ধ তার দিয়ে যায়, कार्ष्ट्र शास्त्र भाग नाहि भए स्म । পডিতেছে কে'পে কে'পে. মধ্যুপের পদক্ষেপে কাতর হতেছে কত প্রভাতের সমীরে। পরশিতে রবিকর শ্কাইছে কলেবর. শিশিরের ভরট্কু সহিছে না শরীরে। **क**ुल कि ना इंदल नय -হেন কোমলতাময় হায় রে কেমন বন ছিল আলো করিয়া। মান্ত্র-পরশ-ভরে শিহরিয়া সকাতরে ওই-বে শতধা হয়ে পাড়ল গো ঝারয়া॥

۵

না সথা, মনের ব্যথা কোরো না গোপন।

যবে অপ্রভল হার উচ্ছনুসি উঠিতে চার
রুধিয়া রেখো না তাহা আমারি কারণ।

চিনি, সখা, চিনি তব ও দার্ণ হাসি-ওর চেয়ে কত ভালো অপ্রভলরাশি।

মাথা খাও— অভাগীরে কোরো না বক্তনা,

ছম্মবেশে আর্বারয়া রেখো না যক্তণা।

মমতার অপ্রভলে নিভাইব সে অনলে,
ভালো যদি বাস তবে রাখো এ প্রার্থনা!

50

না সজনী, না, আমি জানি জানি, সে আসিবে না।
এমনি কদিয়ে পোহাইবে বামিনী, বাসনা তব্ব প্রিবে না।
জনমেও এ পোড়া ভালে কোনো আশা মিটিল না॥
যদি বা সে আসে, সখী, কী হবে আমার তায়।
সে তো মোরে, সজনী লো, ভালো কভু বাসে না— জানি লো।
ভালো করে কবে না কথা, চেয়েও না দেখিবে—
বড়ো আশা করে শেষে প্রিবে না কামনা॥

22

সখী, আর কত দিন স্থহীন শান্তিহীন হাহা করে বেড়াইব নিরাশ্রয় মন লয়ে। পারি নে, পারি নে আর— পাষাণ মনের ভার বহিরা পড়েছি, সখী, অতি শ্রান্ত ক্লান্ত হয়ে। সম্মুখে জীবন মম হেরি মর্ভূমিসম,
নিরাশা ব্কেতে বাস ফোলতেছে বিষশ্বাস।
উঠিতে শকতি নাই, যে দিকে ফিরিয়া চাই

• শ্ন্য-শ্ন্য-মহাশ্ন্য নয়নেতে পরকাশ।
কে আছে, কে আছে সখী, এ প্রান্ত মন্তক মম
ব্কেতে রাখিবে ঢাকি যতনে জননীসম।
মন, যত দিন যায়, মুদিয়া আসিছে হায়—
শ্কায়ে শ্কায়ে শেষে মাটিতে পড়িবে ঝরি॥

এই-সব গান কোনো রবীন্দ্র-নামাণ্কিত প্রন্থে বা রচনার নাই। নানা জনের নানা সংগতিসংকলনে বা রচনার ছড়ানো আছে।

2

ভাসিয়ে দে তরী তবে নীল সাগরোপরি।
বহিছে মৃদ্বল বায়, নাচিছে মৃদ্ব লহরী॥
ভূবেছে রবির কায়া, আথো আলো, আথো ছায়া—
আমরা দ্বজনে মিলি ষাই চলো ধারি ধারি॥
একটি তারার দীপ যেন কনকের টিপ
দ্র শৈলভূর্মাঝে রয়েছে উজল করি।
নাহি সাড়া, নাহি শব্দ, মদে যেন সব ভদ্ধ—
শান্তির ছবিটি যেন কী স্ক্রের আহা মরি॥

2

ছিলে কোথা বলো, কত কী ষে হল জান না কি তা? হার হার, আহা! মানদায়ে যায় যায় বাসবের প্রাণ। এখানে কী কর, তুমি ফুলশর তারে গিয়ে করো গ্রাণ॥

0

চলো চলো, চলো চলো, চলো চলো ফ্লখন্, চলো যাই কাজ সাখিতে।
দাও বিদায় রতি গো!
এমন এমন ফ্ল দিব আনি প্রখিবে মানিনীহৃদয়ে হানি,
মরমে মরমে রমণী অমনি থাকিবে গো দহিতে॥

8

এসো গো এসো বনদেবতা, তোমারে আমি ডাকি। জটার 'পরে বাঁধিয়া লতা বাকলে দেহ ঢাকি তাপস, তুমি দিবস-রাতি নীরবে আছ বসি— মাথার 'পরে উঠিছে তারা, উঠিছে রবি শশী।

বহিয়া জটা বরষা-ধারা পাড়ছে ঝরি ঝরি, শীতের বায়ু করিছে হাহা তোমারে ঘিরি ঘিরি। নামায়ে মাথা আঁধার আসি চরণে নামতেছে, তোমার কাছে শিখিয়া জপ নীরবে জপিতেছে।

একটি তারা মারিছে **উকি** আঁধারভূর্-'পর, জটার মাঝে হারায়ে যায় প্রভাতরবিকর।

পাড়িছে পাতা, ফ্রাটিছে ফ্রল, ফ্রাটিছে পাড়িতেছে । মাথায় মেঘ কত-না ভাব ভাঙিছে গড়িতেছে। মিলিয়া ছায়া মিলিয়া আলো খেলিছে ল্কাচুরি, আলয় খুজে বনের বায়ু ভ্রমিছে ঘুরি ঘুরি।

তোমার তপ ভাঙাতে চাহে ঝটিকা পার্গালনী--গরজি ঘন ছাটিয়া আসে প্রলয়রব জিনি, হাকুটি করি চপলা হানে ধরি অর্শানচাপ। জাগিয়া উঠি নাড়িয়া মাথা তাহারে দাও শাপ।

এসো হে এসো বনদেবতা, অতিথি আমি তব --আমার যত প্রাণের আশা তোমার কাছে কব। নমিব তব চরণে দেব, বসিব পদতলে--সাহস পেয়ে বনবালারা আসিবে দলে দলে॥

æ

কত ডেকে ডেকে জাগাইছ মোরে, তব্ তো চেতনা নাই গো।
মেলি মেলি আথি মেলিতে না পারি, ঘুম রয়েছে সদাই গো॥
মায়ানিদ্রাবশে আছি অচেতন, শুয়ে শুয়ে কত দেখি কুস্বপন-ধন রত্ন দাস বিলাসভবন-- অন্ত নাহি তার পাই গো॥
কল্পনার বলে উঠিয়া আকাশে দ্রমি অহরহ মনের উল্লাসে,
ভাবি না কী হবে নিদ্রার বিনাশে, কোথা আছি কোথা ঘাই গো।
জানি না গো এ-যে রাক্ষসের পুরী, জানি না যে হেথা দিনে হয় চুরি,
জানি না বিপদ আছে ভূরি ভূরি-- সুধা বলে বিষ খাই গো॥
ভাঙিতে আমার মনের সংশয় জাগায়ে দিতেছ নিজ পরিচয়,
তুমি-যে জনক জননী উভয় ব্রঝাইছ সদা তাই গো।
সে কথা আমার কানে নাহি যায়, ভূলিয়ে রয়েছি রাক্ষসীমায়ায় কী হবে জননী, বলো গো উপায়। শুখুর কুপাভিক্ষা চাই গো॥

٠

আঁধার সকলই দেখি তোমারে দেখি না ধবে। ছলনা চাতুরী আসে হুদয়ে বিধাদবাসে— তোমারে দেখি না ধবে, তোমারে দেখি না ধবে। এসো এসো, প্রেমময়, অমৃতহাসিটি লয়ে। এসো মোর কাছে ধীরে এই হৃদর্মানলয়ে। ছাড়িব না তোমায় কভু জনমে জনমে আর, তোমায় রাখিয়া হদে ধাইব ভবের পার।।

9

বাজে রে বাজে রে ওই রুদ্র তালে বছ্রভেরী— দলে দলে চলে প্রলয়রক্ষে বীরসাজে রে। দ্বিধা ত্রাস আলস নিদ্রা ভাঙো গো জোরে— উড়ে দীপ্ত বিজয়কেতু শ্নামাঝে রে। আছে কে পড়িয়া পিছে মিছে কাজে রে॥

# শৈশব সংগীত

# ভূমিকা

এই গ্রন্থে আমার তেরো হইতে আঠারো বংসর বয়সের কবিতাগালি প্রকাশ করিলাম, স্তরাং ইহাকে ঠিক শৈশব-সংগীত বলা যায় কিনা সন্দেহ। কিন্তু নামের জন্য বেশী কিছ্ আসে বায় না। কবিতাগালির স্থানে স্থানে অনেকটা পরিত্যাগ করিয়াছি, সাধারণের পাঠ্য হইবে না বিবেচনায় ছাপাই নাই। হয়ত বা এই গ্রন্থে এমন অনেক কবিতা ছাপা হইয়া থাকিবে যাহা ঠিক প্রকাশের যোগা নহে। কিন্তু লেখকের পক্ষে নিজের লেখা ঠিকটি ব্যাঝা উঠা অসম্ভব ব্যাপার— বিশেষতঃ বালাকালের লেখার উপর কেমন-একট্ব বিশেষ মায়া থাকে যাহাতে কতকটা অন্ধ করিয়া রাখে। এই পর্যন্ত বালতে পারি আমি যাহার বিশেষ কিছ্-না-কিছ্ব গ্র্ণ না দেখিতে পাইয়াছি তাহা ছাপাই নাই।

গ্রন্থকার ৷

### উপহার

এ কবিতাগর্নিও তোমাকে দিলাম। বহ্কাল হইল, তোমার কাছে বসিয়াই নিখিতাম, তোমাকেই শ্নাইতাম। সেই সমস্ত স্নেহের স্মৃতি ইহাদের মধ্যে বিরাভ করিতেছে। তাই, মনে হইতেছে তুমি যেখানেই থাক না কেন, এ লেখাগ্রিল তোমার চোখে পাড়িবেই।

# ফুলবালা

#### গাথা

তরল জলদে বিমল চাদিমা সাধার ঝরনা দিতেছে ঢালি। মলয় ঢালয়া কুস্মের কোলে নীরবে লইছে স্ব্রভি ভালি। যম্না বহিছে নাচিয়া নাচিয়া. গাহিয়া গাহিয়া অফুট গান: থাকিয়া থাকিয়া, বিজ্ঞনে পাপিয়া কানন ছাপিয়া তুলিছে তান। পাতার পাতার লুকায়ে কুস্ম. কুসুমে কুসুমে শিশির দ্বলে. শিশিরে শিশিরে জোছনা পড়েছে. মুকুতা গুলিন সাজায়ে ফুলে। তটের চরণে তটিনী ছুটিছে **ভ্রমর ল**ুটিছে ফুলের বাস. সেউতি ফুটিছে, বকুল ফুটিছে ছড়ায়ে ছড়ায়ে সূর্রাভ শ্বাস। কুহার উঠিছে কাননে কোকিল. শিহরি উঠিছে দিকের বালা, তরল লহরী গাঁথিছে আঁচলে ভাঙ্গা ভাঙ্গা যত চাঁদের মালা। ঝোপে ঝোপে ঝোপে ল্কায়ে আঁধার হেথা হোথা চাঁদ মারিছে উ'কি। স.ধীরে আঁধার ঘোমটা হইতে কুস**ুমের থোলো হাসে ম**ুচুকি। এস কল্পনে! এ মধ্র রেতে দ্-জনে বীশায় পর্বারব তান। সকল ভূলিয়া হৃদয় খুলিয়া আ**কাশে তুলিয়া করিব গান**। হাসি কহে বালা "ফুলের জগতে যাইবে আজিকে কবি? দেখিবে কত কি অভূত ঘটনা. কত কি অভত ছবি!

চারিদিকে যেথা ফ্লে ফ্লে আলা উড়িছে মধ্যপ-কুল। ফুল দলে দলে ভ্রমি ফুল-বালা ফঃ দিয়া ফ্টায় ফ্ল। দেখিবে কেমনে শিশির সলিলে মুখ মাজি ফুলবালা কুসুম রেণুর সি'দুর পরিয়া कृत्ल कृत्ल करत रथला। দেহখানি ঢাকি ফ্লের বসনে, প্রজাপতি 'পরে চড়ি ক্মল-কাননে কুস্ম-কামিনী ধীরে ধীরে যায় উড়ি। কমলে বসিয়া মুচুকি হাসিয়া पर्रामाण्ड महत्री जात. হাসি মুখখানি দেখিছে নীরবে সরসী আর্রাণ 'পরে। ফুল কোল হতে পাপড়ি খসায়ে र्भानत्न ভाসास्य पिया, চড়ি সে পাতায় ভেমে ভেমে যায় ভ্রমরে ডাকিয়া নিয়া। কোলে করে লয়ে ভ্রমরে তথন গাহিবারে কহে গান। গান গাওয়া হলে হরষে মোহিনী कृत वध् करत मान। দ্যই চারি বালা হাত ধরি ধরি কামিনী পাতায় বসি চুণি চুপি চুপি ফুলে দেয় দেলে পার্পাড় পড়য়ে খাস। দুই ফুলবালা মিলি বা কোথায় গলা ধরাধরি করি ঘাসে ঘাসে ঘাসে ছ্টিয়া বেড়ায় প্রজাপতি ধরি ধরি। কুসুমের 'পরে দেখিয়া ভ্রমরে আবর্বি পাতার দ্বার ফুল ফাঁদে ফেলি পাখায় মাখায় কুস<sub>ন্</sub>ম রেণ্<sub>র</sub> ভার। ফাঁফরে পাড়িয়া ভ্রমর উড়িয়া বাহির হইতে চায়, কুসমুম রমণী হাসিয়া অমনি ছুটিয়ে পালিয়ে যায়।

ডাকিয়া আনিয়া সবারে তথনি প্রমোদে হইয়া ভোর কহে হাসি হাসি করতালি দিয়া 'কেমন পরাগ চোর!'" এত বলি ধীরে কলপনা রানী বীণায় আভানি তান বাজাইল বীণা আকাশ ভরিয়া অবশ করিয়া প্রাণ! গভীর নিশীথে সুদূর আকাশে মিশিল বীণার রব. ঘুম ঘোরে আখি মুদিয়া রহিল দিকের বালিকা সব। ঘুমায়ে পড়িল আকাশ পাতাল ঘুমায়ে পড়িল স্বরগ বালা. দিগন্তের কোলে ঘ্রমায়ে পড়িল জোছনা মাখানো জলদ মালা। একি একি ওগো কলপনা সখি! কোথায় আনিলে মোরে! ফুলের প্রথিবী-- ফুলের জগং--দ্বপন কি ঘুম ঘোরে? হাসি কলপনা কহিল শোভনা "মোর সাথে এস কবি! দেখিবে কত কি অভত ঘটনা কত কি অভত ছবি! ওই দেখ ওই ফুলবালাগাুলি ফুলের সূর্রভি মাখিয়া গায় শাদা শাদা ছোট পাখাগ্যলি তুলি এ ফুলে ও ফুলে উড়িয়া যায়! এ ফুলে লুকায় ও ফুলে লুকায় এ ফালে ও ফালে মারিছে উর্ণক. গোলাপের কোলে উঠিয়া দাঁডায় ফুল টলমল পডিছে ঝাকি। ওই হোথা ওই ফুল-শিশ্য সাথে বিস ফুলবালা অশোক ফুলে দ্যু-জনে বিজনে প্রেমের আলাপ কহে চুপি চুপি হৃদয় খুলে।" কহিল হাসিয়া কলপনা বালা দেখায়ে কত কি ছবি: ফুলবালাদের প্রেমের কাহিনী শ্রনিবে এখন কবি?

এতেক শুনিয়া আমরা দু-জনে বসিন, চাপার তলে. সুমুখে মোদের কমল কানন নাচে সরসীর জলে। একি কলপনা, এ কি লো তর,ণী দ্ববন্ত কুসমুম-শিশমু, ফুলের মাঝারে লুকায়ে লুকায়ে হানিছে ফুলের ইষ্ট। চারিদিক হতে ছুটিয়া আসিয়া হেরিয়া নৃতন প্রাণী চারিধার ঘিরি রহিল দাঁডায়ে যতেক কুসুম-রানী! গোলাপ মালতী, শৈউলি সে'উতি পারিজাত নরগেশ. সব ফুলবাস মিলি এক ঠাঁই ভরিল কানন দেশ। চুপি চুপি আসি কোন ফুল-শিশু ঘা মারে বীণার 'পরে. ঝনু করি যেই বাজি উঠে তার চমকি পলায় ডরে। অমনি হাসিয়া কলপনা সখী বীণাটি লইয়া করে. ধীরি ধীরি ধীরি মৃদুল মৃদুল বাজায় মধ্র স্বরে। অবাক্ হইয়া ফ,লবালাগণ মোহিত হইয়া তানে নীরব হইয়া চাহিয়া রহিল শোভনার মুখপানে। ধীরি ধীরি সবে বসিয়া পডিল হাতখানি দিয়া গালে. ফুলে বসি বসি ফুল-শিশ্যগণ म**्रिलाउट जात्न** जात्न । হেন কালে এক আসিয়া ভ্রমর কহিল তাদের কানে--"এখনো রয়েছে বাকী কত কাজ বসে আছ এই খানে? রঙ্গ দিতে হবে কুস,মের দলে ফ্যটাতে হইবে কুৰ্ণড মধ্হীন কত গোলাপ কলিকা রয়েছে কানন জ,ডি!"

অমনি যেন রে চেতন পাইয়া যতেক কুস,ম-বালা, পাখাটি নাড়িয়া উড়িয়া উড়িয়া পশিল কুস্ম-শালা। মুখ ভারি করি ফুল-শিশ্বদল. তুলিকা লইয়া হাতে. মাথাইয়া দিল কত কি বরন কুসুমের পাতে পাতে। **जाित फिरक फिरक क**ुल-शिशामुक्ल ফ,লের বালিকা কত নীরব হইয়া রয়েছে বসিয়া সবাই কাজেতে রত। চারিদিক এবে হইল বিজন. কানন নীরব ছবি, ফুলবালাদের প্রেমের কাহিনী কহে কলপনা দেবী।

> আজি প্রণিমা নিশি. তারকা-কাননে বসি অলস-নয়নে শশী মুদ্যু-হাসি হাসিছে ! পাগল পরানে ওর লেগেছে ভাবের ঘোর. যামিনীর পানে চেয়ে কি যেন কি ভাষিছে! কাননে নিঝর ঝরে মৃদু কল কল স্বরে, অলি ছুটাছুটি করে গুন্ গুন্ গাহিয়া! সমীর অধীর-প্রাণ গাহিয়া উঠিছে গান. তটিনী ধরেছে তান. ভাকি উঠে পাপিয়া। স্থের স্বপন মত পশিছে সে গান যত-ঘুমঘোরে জ্ঞান-হত দিক্-বধ্ প্রবণে.---সমীর সভয়-হিয়া মৃদ্যু মৃদ্যু পা টিপিয়া উ'কি মারি দেখে গিয়া লতা-বধ্-ভবনে!

কুস,ম-উৎসবে আজি के लेवाला करल माजि, কত না মধ্পরাজি এক ঠাঁই কাননে! ফুলের বিছানা পাতি হরষে প্রমোদে মাতি কাটাইছে সুখ-রাতি ন,ত্য-গীত-বাদনে! ফুল-বাস পরিয়া হাতে হাতে ধরিয়া নাচি নাচি ঘ্রি আসে কুস্মের রমণী, ठूनगर्नन जीनस्य উড়িতেছে খেলিয়ে ফাল-রেণ্ ঝার ঝার পাড়তেছে ধরণী। क,न-वांभी धांतरश মূদ্র তান ভরিয়ে वाकारेर कृत-भिभः वीत्र कृत-आत्रतः। ধীরে ধীরে হাসিয়া নাচি নাচি আসিয়া তালে তালে করতালি দেয় কেহ সঘনে। কোন ফুল-রমণী চুপি চুপি অমনি ফুল-বালকের কানে কথা যায় বলিয়ে. কোথাও বা বিজনে বাস আছে দ্যু-জনে প্রথিবীর আর সব গৈছে যেন ভূলিয়ে! কোন ফুল-বালিকা গাঁথ ফ্ল-মালিকা **यः ल-वालरक**त कथा अक्रमरन भागितह. বিব্ৰত শ্রমে, হর্ষত মর্মে, আনত আননে বালা ফুল দল গু,ণিছে!

দেখেছ হোথায় অশোক বালক মালতীর পাশে গিয়া, কহিছে কত কি মরম-কাহিনী খুলিয়া দিয়াছে হিয়া। শুকুটি করিয়া নিদয়া মালতী যেতেছে স্ফুরে চলি, ম্দু-উপহাসে সরল প্রেমের কোমল-হাদয় দলি। অধীর অশোক যদি বা কথনো মালতীর কাছে আসে. ছুটিয়া অমনি পলায় মালতী বসে বকুলের পাশে। থাকিয়া থাকিয়া সরোষ দ্রুকৃটি অশোকের পানে হানে-দ্রুক্টি সেগ্রাল বাণের মতন বিশিল অশোক-প্রাণে। হাসিতে হাসিতে কহিল মালতী বকুলের সাথে কথা, মলিন অশোক রহিল বসিয়া হৃদয়ে বহিষ্কা ব্যথা। দেখ দেখি চেয়ে মালতী-হৃদয়ে কাহারে সে ভালবাসে! বল দেখি মোরে, হৃদয় তাহার রয়েছে কাহার পাশে? ওই দেখ তার হৃদরের পটে অশোকেরি নাম লিখা! অশোকেরি তরে জর্নলছে তাহার প্রণয়-অনল-শিখা! এই যে নিদয়-চাত্রী সতত দলিছে অশোক-প্রাণ--অশোকের চেয়ে মালতী-হৃদয়ে বিশিষ্টে তাহার বাণ। মনে মনে করে কত বার বালা. অশোকের কাছে গিয়া— কহিবে তাহারে মরম-কাহিনী হৃদয় খ্রালয়া দিয়া। ক্ষমা চাবে গিয়া পায়ে ধোরে তার, খাইয়া লাভের মাথা---পরান ভরিয়া লইবে কাঁদিয়া-কহিবে মনের বাথা। তব্ৰুও কি যেন আটকে চরণ শরমে সরে না বাণী. বলি বলি করি বলিতে পারে না মনো-कथा ফ\_ल-तानी। মন চাহে এক ভিতরে ভিতরে— প্রকাশ পায় যে আর. সামালিতে গিয়া নারে সামালিতে এমন জনলা সে তার!

মলিন অশোক মিয়মাণ মুখে একেলা রহিল সেথা. নয়নের বারি নয়নে নিবারি कपरत्र कपरा-वाथा। দেখে নি কিছুই, শোনে নি কিছুই কে গায় কিসের গান. রহিয়াছে বসি, বহি আপনার क्षमरत्र विश्वारना वाग। কিছুই নাহি রে প্রথিবীতে যেন. সব সে গিয়েছে ভূলি. নাহিরে আপনি—নাহি রে হুদয় রয়েছে ভাবনাগর্বাল। ফুল-বালা এক দেখিয়া অশোকে আদরে কহিল তারে. কেন গো অশোক-মালন হইয়া ভাবিছ বসিয়া কারে? এত বলি তার ধরি হাত খানি আনিল সভার 'পরে--"গাও-না অশোক— গাও" বলি তারে কত সাধাসাধি করে। नाहिए जाशिन कृत-वाना मन -ভ্রমর ধরিল তান--भागा भागा भागा विशासित स्वरत অশোক গাহিল গান।

#### গান

গোলাপ ফ্ল— ফ্টিয়ে আছে
মধ্প হোথা যাস্নে
ফ্লের মধ্ লাটিতে গিয়ে
কাঁটার ঘা খাস্নে!
হেথায় বেলা, হোথায় চাঁপা,
শেফালী হোথা ফ্টিয়ে
ওদের কাছে মনের ব্যথা
বল্রে মাখ ফ্টিয়ে!
সমর কহে "হোথায় বেলা
হোথায় আছে নলিনী—
ওদের কাতে বলিব নাকো
আজিও যাহা বলি নি!

মরমে যাহা গোপন আছে গোলাপে তাহা বলিব, বলিতে যদি জন্বলিতে হয় কাঁটারি ঘায়ে জন্বলিব!

বিষাদের গান কেন গো আজিকে? আজিকে প্রমোদ-রাতি! হরষের গান গাও গো অশোক হরবে প্রমোদে মাতি! সবাই কহিল "গাও গো অশোক গাও গো প্রমোদ-গান নাচিয়া উঠাক কুসাম-কানন নাচিয়া উঠ্ক প্রাণ!" কহিল অশোক "হরবের গান গাহিতে বলো না আর— কেমনে গাহিব? হৃদয়-বীণায় বাজিছে বিষাদ তার।" এতেক বলিয়া অশোক বালক বসিল ভূমির 'পরে— কে কোথায় সব, গেল সে ভূলিয়া আপন ভাবনা ভরে! কিছু দিন আগে— কি ছিল অশোক! তখন বারেক ধারা, নাচিয়া ছুটিয়া এখানে সেখানে বেড়াত অধীর পারা! নবীন যুবক, শোহন-গঠন, স্বাই বাসিত ভালো-যেথানে যাইত অশোক যাবক সেখান করিত আলো! কিছু দিন হতে এ কেমন ভাব--কোথাও না যায় আর। একলাটি থাকে বিরলে বসিয়া হৃদয়ে পাষাণ ভার! অরুণ-কিরণ হইতে এখন বরন বাহির করি রাঙার না আর ললিত বসন মোহিনী তুলিটি ধরি; প্রেণিমা-রেতে জোছনা হইতে অমিয় করিয়া চুরি মধ্য নির্মিয়া নাহি রাখে আর কস্ম পাতায় পরে!

ক্রমশ নিভিল চাঁদের জোছনা নিভিল জোনাক পাঁতি-পরেবের দ্বারে উষা উ'কি মারে. আলোকে মিশাল রাতি! প্রভাত-পাথিরা উঠিল গাহিয়া ফ্রটিল প্রভাত-কুস্ম্ম-কলি--প্রভাত শিশিরে নাহিবে বলিয়া চলে ফুল-বালা পথ উজলি। তার পর দিন রটিল প্রবাদ অশোক নাইক ঘরে কোথায় অবোধ কুস্ম-বালক গিয়েছে বিষাদ-ভরে! কুসুমে কুসুমে পাতায় পাতায় খ্ৰাজয়া বেড়ায় সকলে মিলি-কি হবে– কোথায় নাহিক অশোক কোথায় বালক গেল রে চলি !

কহে কলপনা "খ'ুজি চল গিয়া অশ্যেক গিয়াছে কোথা স্মাথে শোভিছে কুস্ম-কানন দেখ দেখি কবি হোথা! ঘাড় উ'চু করি হোথা গরবিনী ফুটেছে ম্যাগনোলিয়া কাননের যেন চোখের সামনে র্পরাশি খুলি দিয়া! সাধাসাধি করে কত শত ফাল চারি দিকে হেথা হোথা মুচকিয়া হাসে গরবের হাসি ফিরিয়া না কয় কথা! হয়দে দেখ কবি সরসী ভিতরে কমল কেমন ফ্রটেছে! এপাশে ওপাশে পড়িছে হেলিয়া-প্রভাত সমীর উঠেছে! ঘোমটা ভিতরে লোহিত অধরে বিমল কোমল হাসি সর্রাস-আলয় মধ্যুর করেছে সৌরভ রাশি রাশি! নিরমল জলে নিরমল রূপে পূথিবী করিছে আলো প্থিবীর প্রেমে তব্য নাহি মন, রবিরেই বাসে ভালো!

কানন বিপিনে কত ফুল ফুটে किছ्दे वाना ना जातन, হৃদয়ের কথা কহে স্বদনী সখীদের কানে কানে। হোথায় দেখেছ লজ্জাবতী লতা न्द्राउटश धत्रनी 'श्रदत्र, ঘাড় হে'ট করি কেমন রয়েছে মরম-শরম-ভরে। দূর হতে তার দেখিয়া আকার ভ্ৰমর যদিবা আসে শরমে সভয়ে মলিন হইয়া সরে যায় এক পাশে! গুনু গুনু করি যদিবা ভ্রমর শ্বায় প্রেমের কথা--কাঁপে থর থর, না দেয় উতর, হেট করি থাকে মাথা! ওই দেখ হোথা রজনীগন্ধা বিকাশে বিশদ বিভা. মধ্যপে ভাকিয়া দিতেছে হাঁকিয়া ঘাড নাডি নাডি কিবা!"

চমকিয়া কহে কল্পনা বালা— দেখিয়া কানন ছবি ভালিয়ে গেলাম যে কাজে আমরা এর্সোছ এখানে কবি! ওই ষে মালতী বিরলে বসিয়া সুবাস দিয়াছে এলি, মাথার উপরে আটকে তপন প্ৰজাপতি পাখা মেলি! এস দেখি কবি ওই খানটিতে. দাঁড়াই গাছের তলে. শর্নি চুপি চুপি, মালতী-বালারে ভ্রমর কি কথা বলে! কহিছে ভ্রমর "কুস্মুম-কুমারি— বকুল পাঠালে মোরে. তাই দ্বা করে এসেছি হেথায় বারতা শ্নাতে তোরে! অশোক বালক কি যে হয়ে গেছে সে কথা বলিব কারে! তোর মত হেন মোহিনী বালারে ভালতে কি কড পারে?

তব্য তারে আহা উপেখিয়া তুই রবি কি হেথায় বোন? পরান স<sup>4</sup>পিয়া অশোক তব**ু** কি পাবেনাকো তোর মন? মনের হৃতাশে আশারে প্রভায়ে উদাস হইয়া গেছে. কাননে কাননে খ্ৰাজয়া বেড়াই কে জানে কোথায় আছে!" চমকি উঠিল মালতী-বালিকা ঘ্ম হতে যেন জাগি. অবাক হইয়া রহিল বসিয়া কি জানি কিসের লাগি! **''চলিয়া গিয়াছে অশোক কমার** ?'' কহিল ক্ষণেক পর. **'চলি**য়া গিয়াছে অশোক আমার ছাডিয়া আপন ঘর? তবে আর আমি—বিষাদ কাননে থাকিব কিসের আশে? যাইব অশোক গিয়েছে যেখানে যাইব তাহার পাশে! বনে বনে ফিরি বেডাব খ্রিজয়া শ্বধাব লতার কাছে. খ্জিব কুস্মে খ্জিব পাতায় অশোক কোথায় আছে! থ'জিয়া খ'জিয়া অশোকে আমার যায় যদি যাবে প্রাণ---আমা হতে তব্ হবে না কখনো প্রণয়ের অপমান!"

ছাড়ি নিজ বন চলিল মালতী,
চলিল আপন মনে,
অশোক বালকে খুজিবার তরে
ফিরে কত বনে বনে।
"অশোক" "অশোক" ডাকিয়া ডাকিয়া
লতায় পাতায় ফিরে,
ভ্রমরে শুখায়, ফুলেরে শুখায়
"অশোক এখানে কি রে?"
হোথায় নাচিছে অমল সরসী
চল দেখি হোথা কবি—
নিরমল জলে নাচিছে কমল
মুখ দেখিতেছে রবি!

রাজহাঁস দেখ সাঁতারিছে জলে শাদা শাদা পাথা তলি. পিঠের উপরে পাখার উপরে र्वाम यून-वालाश्राल! এখানেও নাই. চন্স যাই তবে-ওই নিঝরের ধারে. মাধবী ফুটেছে, শুখাই উহারে বলিতে যদি সে পারে। বেগে উথলিয়া পডিছে নিঝর— ফেনগালি ধরি ধরি ফ্ল-শিশ্বাণ করিতেছে খেলা রাশ রাশ করি করি! আপনার ছায়া ধরিবারে গিয়া না পেয়ে হাসিয়া উঠে-হাসিয়া হাসিয়া হেথায় হোথায় নাচিয়া খেলিয়া ছাটে! ওগো ফ্লিশিশ়্! খেলিছ হোথার শ্বধাই তোমার কাছে, অশোক বালকে দেখেছ কোথাও. অশোক হেথা কি আছে? এখানেও নাই, এস তবে কবি কুসুমে খ্লিয়া দেখি--ওই যে ওখানে গোলাপ ফ\_চিয়া হোথায় রয়েছে.—এ কি? এ কে গো ঘুমায়—হেথায়—হেথায়— ম, দিয়া দুইটি আখি গোলাপের কোলে মাথাটি স'পিয়া পাতায় দেহটি রাখি! এই আমাদের অশোক বালক ঘুমায়ে রয়েছে হেথা! দুখিনী ব্যাক্লা মালতী-বালিকা र्थीक्या त्वजाय त्काथा? हम हम कीव हम मुद्दे खत्न মালতীরে ডেকে আনি হরষে এখনি উঠিবে নাচিয়া কাতরা কুস্ম-রানী! কোথাও তাহারে পেন্ না খ্রিজয়া এখন কি করি তবে?

অশোক বালক না যায় কোথাও ব্যুঝায়ে রাখিতে হবে! গোলাপ-শয়নে ঘুমায় অশোক দুখ তাপ সব ভুলি. চল দেখি সেথা কহিব আমরা সব কথা তারে খুলি! দেখ দেখ কবি--অশোক-শিয়রে उरे ना मानजी दशथा? গোলাপ হইতে লয়েছে তুলিয়া কোলে অশোকের মাথা। কত যে বেড়ানু খ\$জিয়া খ\$জিয়া কাননে কাননে পশি! কখন হেথায় এসেছে বালিকা? রয়েছে হোথায় বসি! ঘ্রায়ে রয়েছে অশোক বালক শ্রমেতে কাতর হয়ে. মুখের পানেতে চাহিয়া মালতী কোলেতে মাথাটি লয়ে! ঘুমায়ে ঘুমায়ে অশোক বালক স্বাধের স্বপন হেরে. গাছের পাতাটি লইয়া মালতী বীজন করিছে তারে। নত করি মুখ দেখিছে বালিকা দুখানি নয়ন ভরি. নয়ন হইতে শিশিরের মত সালল পাড়ছে ঝার! ঘুমায়ে ঘুমায়ে অশোকের ষেন অধর উঠিল কাপি! 'মালতী" 'মালতী'' বলিয়া বালার হাতটি ধরিল চাপি! হরষে ভাসিয়া কহিল মালতী হে'ট করি আহা মাথা---"অশোক—অশোক—মালতী তোমার এই যে রয়েছে হেথা।" ঘুমের ছোরেতে পশিল শ্রবণে "এই যে রয়েছে হেথা!" নয়নের জলে ভিজায়ে পলক অশোক তুলিল মাথা! এ কি রে স্বপন? এখনো এ কি রে স্বপন দেখিছে নাকি? আবার চাহিল অশোক বালক আবার মাজিল আঁখি!

অবাক হইয়া রহিল বসিয়া বচন নাহিক সরে---থাকিয়া থাকিয়া পাগলের মত কহিল অধীর স্বরে! 'মালতী—মালতী—আমার মালতী"— মালতী কহিল কাদি "তোমারি মালতী—তোমারি মালতী!" অশোকে হৃদয়ে বাঁথি! "ক্ষমা কর মোরে অশোক আমার— কত না দিয়েছি জ্বালা— ভালবাসি বলে ক্ষমা কর মোরে আমি যে অবোধ বালা! তোমার হদয় ছাডিয়া কখন আর না যাইব চলি.— দিবস রজনী রহিব হেথায় বিষাদ ভাবনা ভলি! ও হদয় ছাড়ি মালতীর আর কোথার আরাম আছে? তোমারে ছাড়িয়া দুখিনী মালতী যাবে আর কার কাছে?" অশোকের হাতে দিয়া দুটি হাত কত যে কদিল বালা! কাদিছে দ্-জনে বসিয়া বিজনে जुनिया मकन क्वाला! উড়িল দু-জনে পাশাপাশি হয়ে হাত ধরাধরি করি— সাজিল তখন প্রথিবী জগৎ হাসিতে আনন ভরি! গাহিয়া উঠিল হরবে ভ্রমর নিঝর বহিল হাসি-म्हीलशा म्हीलशा नाहिल कुम्य ঢালিয়া স্রভি-রাশি! ফিরিল আবার অশোকের ভাব প্রমোদে পর্রিক প্রাণ--এখানে সেখানে বেডার থেলিয়া হরষে গাহিয়া গান। অশোক মালতী মিলিয়া দ্-জনে জোনাকের আলো জরালি একই কুস্মে মাখায় ধরন, **भर्द एक्स जानि जानि!** 

বরষের পরে এল হরষের যামিনী
আবার মিলিল যত কুস্মের কামিনী!
জোছনা পড়িছে করি স্মুখ্রের সরসে
টলমল ফ্লেদলে,
ধরি ধরি গলে গলে,
নাচে ফ্লেবালা দলে,
মালা দ্লে উরসে—
তথন স্থের তানে মরমের হরষে
আশোক মনের সাধে গীতধারা বরষে।

## গান

দেখে যা--দেখে যা--দেখে যা লো তোরা সাধের কাননে মোর (আমার) সাধের কুস্ম উঠেছে ফ্রাট্য়া. মলর বহিছে স্রভি ল্যাট্রা রে--(द्रथा) क्लाइना कृत्वे তটিনী ছটে প্রমোদে কানন ভোর। আয় আয় সখি আয় লো হেথা দ্র-জনে কহিব মনের কথা. তুলিব কুস্মুম দ্ব-জনে মিলি রে (मृद्ध) शौधव माला, গণিব তারা, করিব রজনী ভোর! এ কাননে বসি গাহিব গান. সংখের স্বপনে কাটাব প্রাণ, र्थानव मृ-करन মনেরি থেলা রে-(প্রাণে) রহিবে মিশি দিবস নিশি আধো আধো ঘুম-ঘোর!

# অতীত ও ভবিগ্ৰুৎ

কেমন গো আমাদের ছোট সে কুটীরখানি. সমুখে নদীটি বায় চলি, মাথার উপরে তার বট অশথের ছায়া, সামনে বকুল গাছগুনলি। সারাদিন হুহু করি বহিছে নদীর বায়ু, ঝর ঝর দলে গাছপালা, ভাঙ্গাচোরা বেড়াগালি, উঠেছে পতিকা তার य्वा य्वारे क्रियार याना। র্ত্তাদকে পড়িয়া মাঠ; দরে দ্ব-চারিটি গাভী চিবায় নবীন তণদল. কেহবা গাছের ছায়ে, কেহবা থালের ধারে পান করে স্শীতল জল। জান ত কম্পনা বালা, কত সংখে ছেলেবেলা সেইখানে করেছি যাপন, সোদন পাড়লে মনে প্রাণ ষেন কে'দে ওঠে. হুহু করে ওঠে বেন মন। নিশীথে নদীর 'পরে ঘুমিয়েছে ছারা চাঁদ. সাডাশব্দ নাই চারি পাশে. একটি দরেন্ত ঢেউ জাগে নি নদীর কোলে, পাতাটিও নড়ে নি বাতাসে, তখন যেমন ধীরে দরে হতে দ্রে প্রান্তে নাবিকের বাশরীর গান. ধরি ধরি করি সার ধরিতে না পারে মন.

উদাসিয়া ওঠে যেন প্রাণ! কি যেন হারানো ধন কোথাও না পাই **খ**কে:

কি কথা গিয়েছি যেন ভূলে, বিষ্মৃতি, স্বপন বেশে পরানের কাছে এসে আধ স্মৃতি জাগাইয়া তুলে।

তেমনি হে কলপনা, তুমি ও বীৰার যবে বাজাও সেদিনকার গান,

আঁধার মরম মাঝে জেগে ওঠে প্রতিধননি. কে'দে ওঠে আকুল পরান!

হা দেবি, তেমনি যদি থাকিতাম চিরকাল! না ফ্রাত সেই ছেলেবেলা,

হৃদয় তেমনি ভাবে করিত গো **থল থল**. মরমেতে তরক্ষের খেলা!

ঘুম-ভাঙ্গা আখি মেলি যখন প্রফল্ল উষা ফেলে ধীরে সূর্রভি নিশ্বাস

ঢেউগালি জেগে ওঠে পালিনের কানে কানে কহে তার মরমের আশ।

তেমনি উঠিত হৃদে প্রশান্ত সংখের উমি অতি মৃদ্ৰ, অতি স্পীতল;

বহিত সুখের শ্বাস, নাহিয়া শিশির-জলে रफरन यथा कुम्र म मकन।

অথবা যেমন যবে প্রশান্ত সায়াক কালে ডবে সূর্য সমুদ্রের কোলে. বিষয় কিরণ তার প্রান্ত বালকের মত পড়ে থাকে স্থানীল সলিলে। নিস্তব্ধ সকল দিক, একটি ডাকে না পাখি. একট্যও বহে না বাতাস, তেমনি কেমন এক গন্তীর বিষয় সূখ হৃদয়ে তুলিত দীর্ঘাস। এইরূপ কত কি ষে হৃদয়ের ঢেউ খেলা দেখিতাম বসিয়া বসিয়া, মরমের ঘুমঘোরে কত দেখিতাম স্বপ্ন যেত দিন হাসিয়া খুসিয়া। বনের পাখির মত অনস্ত আকাশ তলে গাহিতাম অরণ্যের গান, আর কেহ শুনিত না, প্রতিধর্নি জাগিত না, শ নো মিলাইয়া যেত তান। প্রভাত এখনো আছে, এরি মধ্যে কেন তবে আমার এমন দ্বেদশা, অতীতে সুখের ম্মৃতি, বর্তমানে দুখজন্বলা, ভবিষাতে এ কি রে কুরাশা! যেন এই জীবনের আধার সমূদ্র মাঝে ভাসারে দিয়েছি জীর্ণ তরি এসেছি যেখান হতে অস্ফুট সে নীল তট এখনো রয়েছে দুন্টি ভরি! সেদিকে ফিরায়ে আঁখি এখনো দেখিতে পাই ছায়া ছায়া কাননের রেখা, নানা বরনের মেঘ মিশেছে বনের শিরে এখনো বৃথি রে ষায় দেখা! যেতেছি যেখানে ভাসি সেদিকে চাহিয়া দেখি কিছুই ত না পাই উদ্দেশ-আঁধার সনিল রাশি স্কুর দিগন্তে মিশে কোথাও না দেখি তার শেষ! ক্ষুদ্র জীর্ণ ভগ্ন তরি একাকী বাইবে ভাসি যত দিনে ডবিয়া না যায়. সমূধে আসল্ল ঝড়, সমূধে নিশুৰু নিশি

শিহরিছে বিদ্যাত-শিখার!

# **पिक्**राना

দরে আকাশের পথ উঠিছে জলদ রথ, নিম্পে চাহি দেখে কবি ধরণী নিদ্রিত। অস্ফ্রেট চিত্রের মত নদনদী পরবত,

পাথিবীর পটে যেন রয়েছে চিত্রিত! সমস্ত প্রথিবী ধরি একটি মঠায় অনন্ত স্নীল সিন্ধু স্থীরে ল্টার। হাত ধরাধরি করি দিক বালাগণ দাঁড়ারে সাগর-তীরে ছবির মতন। কেহ বা জলদময় মাখায়ে জোছানা নীল দিগন্তের কোলে পাতিছে বিছানা। মেখের শ্যায় কেহ ছড়ায়ে কুন্তল নীরবে ঘুমাইতেছে নিদার বিহরল। সাগর তরঙ্গ তার চরণে মিলায় লইয়া শিথিল কেশ প্রবন খেলায়। কোন কোন দিক্বালা বসি কৃত্হলে আকাশের চিত্র আঁকে সাগরের জলে। অাকিল জলদ-মালা চন্দ্রগ্রহ তারা, রঞ্জিল সাগর, দিয়া জোছনার ধারা। পাপিয়ার ধর্নি শর্নি কেহ হাসিম্থে প্রতিধর্নন রমণীরে জাগায় কৌতকে! শ্বকতারা প্রভাতের ললাটে ফ্রটিল প্রেবের দিক্দেবী জাগিয়া উঠিল। লোহিত কমল করে প্রবের দ্বার খুলিয়া--সিন্দুর দিল সীমন্তে উষার। মাজি দিয়া উদয়ের কনক সোপান, তপনের সার্রাথরে করিল আহ্বান। সাগর-উমিরি শিরে সোনার চরণ ছ'द्र इ'द्र तिक रान निक्-वानाशन। পরেব দিগন্ত কোলে জলদ গৃছায়ে ধরণীর মূখ হতে আঁধার মূছায়ে. বিমল শিশির জলে ধুইয়া চরণ. নিবিড কুন্তলে মাখি কনক কিরণ. সোনার মেঘের মত আকাশের তলে. কনক কমল সম মানসের জলে ভাসিতে লাগিল যত দিক-বালাগণে উলসিত তনুখানি প্রভাত প্রনে। ওই হিম-গিরি 'পরে কোন দিক্ বালা রঞ্জিছে কনক-করে নীহারিকা-মালা!

### त्रवीन्त-त्रध्यावनी

নিভতে সরসী-জলে করিতেছে স্নান, ভাসিছে কমলবনে কমল বয়ান। তীরে উঠি মালা গাঁথি শিশিরের জলে পরিছে তুষার-শৃত্র সাকুমার গলে। ওদিকে দেখেছ ওই সাহারা প্রান্তরে. মধ্যে দিক-দেবী শদ্রে বালকোর 'পরে। অঙ্গ হতে ছুটিতেছে জুবলন্ত কিরণ. চাহিতে মুখের পানে ঝলসে নয়ন। আঁকিছে বাল্কাপুঞ্জে শত শত রবি, আঁকিছে দিগন্ত-পটে মরীচিকা ছবি। অন্য দিকে কাশ্মীরের উপত্যকা-তলে. পরি শত বরনের ফুল মালা গলে শত বিহঙ্কের গান শানিতে শানিতে. সরসী লহরী মালা গ্রনিতে গ্রনিতে. এলায়ে কোমল তন, কমল কাননে, আলসে দিকের বালা মগন স্বপনে। ওই হোথা দিক -দেবী বসিয়া হরষে ঘুরায় ঋতুর চক্র মৃদুল পরশে। ফ্রায়ে গিয়েছে এবে শীত-সমীরণ, বসন্ত প্রথিবী তলে অপিবে চরণ। পাখিরে গাহিতে কহি অরণ্যের গান. মলয়ের সমীরণে করিয়া আহ্বান. বনদেবীদের কাছে কাননে কাননে কহিল ফুটাতে ফুল দিক-দেবীগণে। वीरल भलय-वाय, कानरन किविया, পাথিরা গাহিল গান কানন ভরিয়া। ফ্রল-বালা সাথে আসি বন-দেবীগণ, थीरत पिक-रमवीरमत विमाल हत्रा।

# প্ৰতিশোধ

ज्याच्या

গভীর রক্তনী, নীরব ধরণী, মুম্ব্র পিতার কাছে বিজন আলয়ে আঁধার হৃদরে, বালক দাঁড়ায়ে আছে। বীরের হৃদয়ে ছারিকা বি'ধানো. শোণিত বহিয়ে যায়. বীরের বিবর্ণ মূখের মাঝারে রোষের অনল ভায়! পড়েছে দীপের অফুট আলোক আঁধার মুখের 'পরে. সে মুখের পানে চাহিয়া বালক. দাঁড়ায়ে ভাবনা ভরে। দেখিছে পিতার অসাড অধরে যেন অভিশাপ লিখা. স্ফ্ররিছে আঁধার নয়ন হইতে রোষের অনল শিখা— ঘুম হতে যেন চমকি উঠিল সহসা নীরব ঘর. মুমুষ্ট্ৰ কহিলা বালকে চাহিয়া, সুধীর গভীর স্বর— "শোনো বংস শোনো, অধিক কি কব, আসিছে মরণ বেলা. এই শোণিতের প্রতিশোধ নিতে না করিবে অবহেলা।" এতেক বলিয়া টানি উপাডিলা ছারিকা হৃদয় হতে. যলকে খলকে উছসি অমনি শোণিত বহিল স্লোতে। र्काशन-"এই त्न. এই त्न इ, तिका:--তাহার উরস 'পরে যত দিন ইহা ঠাই নাহি পায়, থাকে ষেন তোর করে! হা হা ক্ষত্র-দেব, কি পাপ করেছি--এ তাপ সহিতে হল. ঘুমাতে ঘুমাতে, বিছানার পড়ি, জীবন ফুরায়ে এল।" নয়নে জর্বালল দ্বিগাল আগান. কথা হয়ে গেল রোধ. শোণিতে লিখিলা ভূমির উপরে— "প্রতিশোধ প্রতিশোধ!" পিতার চরণ পরশ করিয়া. ছ;ইয়া কুপাণথানি, আকাশের পানে চাহিয়া কুমার কহিল শপথ-বাণী!---

"ছাইন্ কুপাণ, শপথ করিন্;
শনে ক্ত-কুল-প্রভু,
এর প্রতিশোধ তুলিব তুলিব,
অন্যথা নহিবে কভু!
সেই বৃক ছাড়া এ ছারিকা আর
কোথা না বিরাম পাবে,
তার রক্ত ছাড়া এই ছারিকার
ত্যা কভু নাহি যাবে।"
রাখিলা শোণিত-মাখা সে ছারিকা
ব্কের বসনে ঢাকি।
ক্রমে মুম্র্র ফ্রাইল প্রাণ,
মাদিয়া পাডল আখি।

দ্রমিছে কুমার কত দেশে দেশে. ঘুচাতে শপথ ভার। দেশে দেশে ভ্রমি তবুও ত আজি পেলে না সন্ধান তার। এখনো সে বৃকে ছুরিকা লুকানো. প্ৰতিজ্ঞা জৰ্বলছে প্ৰাণে, এখনো পিতার শেষ কথাগুলি বাজিছে যেন সে কানে। "কোথা ষাত্ত ষ্বা! ষেত্ত না যেত না. গহন কানন ঘোর, সাঁঝের আঁধার ঢাকিছে ধরণী, এস গো কুটীরে মোর!" "ক্ষম গো আমায়, কুটীর-স্বামী! বিরাম আলয় চাহি না আমি. যে কান্ধের তরে ছেডেছি আলয়. সে কাজ পালিব আগে"-"শান গো পথিক, ষেওনাকো আর. অতিথির তরে মৃক্ত এ দুয়ার! দেখেছ চাহিয়া, ছেয়েছে জলদ পশ্চিম গগন ভাগে।" কত না ঝটিকা বহিয়া গিয়াছে মাথার উপর দিয়া. প্রতিজ্ঞা পালিতে চলেছে তব্ যুবক নিভীক হিয়া। চলেছে-গহন গিরি নদী মরু কোন বাধা নাহি মানি। বুকেতে রয়েছে ছুরিকা লুকানো ক্রদয়ে শপথ-বাণী।

"গভীর আঁধারে নাহি পাই পথ, শ্বন গো কুটীর-স্বামী---খলে দাও দার আজিকার মত এসেছি অতিথি আমি।" অতি ধীরে ধীরে খালিল দুয়ার. পথিক দেখিল চেয়ে---কর্ণার যেন প্রতিমার মত একটি রূপদী মেয়ে। এলোথেলো চুলে বনফুল মালা. দেহে এলোখেলো বাস-নয়নে মমতা, অধরে মাখানো কোমল সরল হাস। বালিকার পিতা রয়েছে বসিয়া কুশের আসন 'পরি— সম্ভ্ৰমে আসন দিলেন পাতিয়া পথিকে যতন করি। দিবসের পর ষেতেছে দিবস. যেতেছে বরষ মাস---আজিও কেন সে কানন-কটীরে পথিক করিছে বাস? কি কর যাবক, ছাড় এ কুটীর— সময় বেতেছে চলি ষে কাজের তরে ছেড়েছ আলয়, সে কাজ বেও না ভূলি! দিবসের পর যেতেছে দিবস বেতেছে বরব মাস. ব্বার হদরে পড়িছে জড়ারে ক্রমেই প্রণর-পাশ! শোণিতে লিখিত শপথ আখর মন হতে গেল মুছি। ছুরিকা হইতে রকতের দাগ रकन द्रा राज ना च्रांह!

মালতী বালার সাথে কুমারের আজিকে বিবাহ হবে— কানন আজিকে হতেছে ধ্বনিত স্থের হরষ রবে! মালতীর পিতা প্রতাপের দারে কাননবাসীরা ষত গাহিছে নাচিছে হরবে সকলে, যুবক রমণী শত। কেহ বা গাঁথিছে ফুলের মালিকা, গাহিছে বনের গান. মালতীরে কেহ ফ্রলের ভ্ষণ হরবে করিছে দান। ফুলে ফুলে কিবা সেজেছে মালতী এলায়ে চিকর পাশ---সংখের আভায় উজলে নয়ন অধরে সূথের হাস। আইল কুমার বিবাহ-সভার মালতীরে লয়ে সাথে. মালতীর হাত লইয়া প্রতাপ স'পিল যুবার হাতে। ও কি ও—ও কি ও—সহসা প্রতাপ বসনে নয়ন চাপি. মুরছি পড়িল ভূমির উপরে থর থর থর কাঁপি। মালতী বালিকা পড়িল সহসা মুরছি কাতর রবে! বিবাহ-সভার ছিল যারা যারা ভয়ে পলাইল সবে। সভয়ে কুমার চাহিয়া দেখিল জনকের উপছায়া-আগ্রনের মত জনলে দ্য-নয়ন শোণিতে মাখানো কায়া-কি কথা বলিতে চাহিল কুমার, ভয়ে হল कथा दार्थ. জলদ-গভীর-স্বরে কে কহিল · ''প্ৰতিশোধ—প্ৰতিশোধ— হা রে কুলান্সার, অক্ষর সন্তান, এই কিরে তোর কাজ? শপথ ভূলিয়া কাহার মেরেরে বিবাহ করিলি আক্ত! ক্ষতধর্ম যদি প্রতিজ্ঞা পালন--ওরে কুলাঙ্গার, তবে এ চরণ ছায়ে বে আজ্ঞা লইলি সে আজ্ঞা পালিবি কবে! নহিলে য-দিন বহিবি বাচিয়া দহিবে এ মোর ক্রেখ।" নীরব সে গৃহ ধর্নিল আবার প্রতিশোধ-প্রতিশোধ--

ব্যকের বসন হইতে কুমার ष्ट्रांत्रका महेम श्राम. ধীরে প্রতাপের ব্যক্তের উপরে সে ছারি ধরিক তুলি। অধীর হৃদয় পাগলের মত. থর থর কাঁপে পাণি-কত বার ছুরি ধরিল সে বুকে কত বার নিল টান। মাথার ভিতরে ঘরিতে লাগিল আধার হইল বোধ— নীরব সে গ্রেহ ধর্নিল আবার "প্রতিশোধ—প্রতিশোধ।" ক্রমশ চেতন পাইল প্রতাপ. মালতী উঠিল জাগি. চারিদিক চেয়ে ব্রিখতে নারিল এস্ব কিসের লাগি। কুমার তথন কহিলা সুধীরে চাহি প্রতাপের মুখে, প্রতি কথা তার অনলের মত লাগিল তাহার ব্রকে। 'একদা গভীর বরষা নিশীথে নাই জাগি জন প্রাণী, সহসা সভয়ে জাগিয়া উঠিন, শর্নিয়া ক্যতর বাণী। চাহি চারিদিকে—দৈখিন, বিস্ময়ে পিতার হদয় হতে---শ্যোণত বাহছে. শয়ন তাঁহার ভাসিছে শোণিত-স্লোতে। কহিলেন পিতা--অধিক কি কব আসিছে মরণ বেলা. এই শোণিতের প্রতিশোধ নিতে ना क्रिति व्यवस्था। হদয় হইতে টানিয়া ছ্যারকা দিলেন আমার হাতে সে অর্বাধ এই বিষম ছুরিকা রাখিয়াছি সাথে সাথে। করিন, শপথ ছ;ইয়া কৃপাণ শ্বন ক্ল-কুল-প্রভু---এর প্রতিশোধ ভূলিব—ভূলিব না হবে অন্যথা কড়।

নাম কি তাহার জানিতাম নাকো ভ্ৰমিন সকল গ্ৰাম--" অধীরে প্রতাপ উঠিল কহিয়া "প্রতাপ তাহার নাম! এখনি এখনি ওই ছারি তব বসাইয়া দেও বকে. ষে জনালা হেথায় জনলিছে—কেমনে কব তাহা এক মুখে? নিভাও সে জনলা—নিভাও সে জনলা দাও তার প্রতিফল— মৃত্যু ছাড়া এই হুদি-অনলের নাই আর কোন জল!" কাদিয়া উঠিল মালতী কহিল পিতার চরণ ধরে. "ও কথা বলো না—বলো না গো পিতা. বেও না ছাডিয়ে মোরে!--কুমার—কুমার—শুন মোর কথা এক ভিক্ষা শুধ্যু মাগি,— রাখ মোর কথা, ক্ষম গো পিতারে, দুখিনী আমার লাগি!--শোণিত নহিলে ও ছবির তব পিপাসা না মিটে যদি. তবে এই বৃকে দেহ গো বিশিয়া এই পেতে দিন, হদি!" আকাশের পানে চাহিয়া কুমার কহিল কাতর স্বরে, "ক্ষমা কর পিতা, পারিব না আমি, কহিতেছি সকাতরে! অতি নিদারুণ অনুতাপ শিখা मिट्ट रा क्रीम-जन. সে হৃদয় মাঝে ছ্রিকা বসারে বল গোকি হবে ফল? অন্তাপী জনে ক্ষমা কর পিতা! রাখ এই অন্রোধ!" নীরব সে গুহে ধরনিল আবার. প্রতিশোধ!— প্রতিশোধ!— হদয়ের প্রতি শিরা উপশিরা কাপিয়া উঠিল হেন-সবলে ছুরিকা ধরিল কুমার, পাগলের মত যেন।

প্রতাপের সেই অবারিত বুকে
ছারি বিশাইল বলে।
মালতী বালিকা মাছিরা পড়িল
কুমারের পদতলে।
উন্মন্ত হদরে, জনুলন্ত নরনে,
বন্ধ করি হন্ত মাঠি—
কুটীর হইতে পাগল কুমার
বাহিরেতে গেল ছাটি,
এখনো কুমার, সেই বন মাঝে,
পাগল হইয়া ক্রমে।
মালতী বালার চির মার্ছা আর
ছাচিল না এ জনমে।

## ছিন্ন লডিকা

রোপণ করিয়াছিন সাধের কাননে মোর একটি লতিকা সখি অতিশয় যতনে. প্রতিদিন দেখিতাম কেমন স্বন্দর ফুল ফুটিয়াছে শত শত হাসি হাসি আননে। প্রতিদিন স্যত্রে ঢালিয়া দিতাম জল প্রতিদিন ফ্ল তুলে গাঁথিতাম মালিকা, সোনার লতাটি আহা বন কর্রোছল আলো, সে লতা ছি'ড়িতে আছে, নিরদয় বালিকা? আছিল মনের স্থে কেমন বনের মাঝে গাঁঠে গাঁঠে শিরে শিরে জড়াইয়া পাদপে। রিদ্ধ রেখেছিল তার প্রেমের সে আ**লিঙ্গনে** কোমল পল্লবদলে নিবারিয়া আতপে। ছিল ঢল ঢল মুখ, এত দিন ফুলে ফুলে শ্কায়ে গিয়াছে আজি সেই মোর লতিকা। ছিন্ন-অবশেষট্যক এখনো জড়ানো ব্ৰকে এ লতা ছি'ডিতে আছে নিরদয় বালিকা?

# ভারতী-বন্দনা

আজিকে তোমার মানস সরসে
কি শোভা হরেছে,—মা!
অর্ণ বরন চরণ পরশে
কমল কানন, হরিষে কেমন
ফুটিরে রয়েছে,—মা!

নীরবে চরণে উথলে সরসী. নীরবে কমল করে টলমল. নীরবে বহিছে বায়। মিলি কত রাগ, মিলিয়ে রাগিণী, আকাশ হইতে করে গীত-ধর্নন. শ্রনিয়ে সে গাঁত আকাশ-পাতাল হয়েছে অবশ প্রায়। শ্রনিয়ে সে গীত, হয়েছে মোহিত শিলাময় হিমাগরি. পাখিরা গিয়েছে গাইতে ভূলিয়া, সরসীর বুক উঠিছে ফুলিয়া, ক্রমশ ফর্টিয়া ফরিটয়া উঠিছে তান-লয় ধারি ধারি: ত্মি গো জন্নি, রয়েছ দাঁড়ায়ে সে গাঁত-ধারার মাঝে, বিমল জোছনা-ধারার মাঝারে চাঁদটি যেমন সাজে। দশ দিশে দিশে ফাটিয়া পডেছে বিমল দেহের জ্যোতি. মালতী ফুলের পরিমল সম শীতল মৃদুল অতি। আলু,লিত চুলে কুসু,মের মালা. সাকুমার করে মাণালের বালা, লীলা-শতদল ধরি ফ\_ল-ছাঁচে ঢালা কোমল শরীরে ফালের ভূষণ পরি। मन मिन मिन छेटे गीउधर्जन. দশ দিশি **ফাটে দেহের জ্যো**তি। मन मिनि इ.ए क.ल-পরিমল মধ্র মৃদ্র শীতল অতি। নব দিবাকর স্লান স্বাকর চাহিয়া মুখের পানে. জলদ আসনে দেববালাগণ মোহিত বীণার তানে। আজিকে তোমার মানস-সরসে কি শোভা হয়েছে মা!--রূপের ছটায় আকাশ পাতাল পরিয়া ররেছে মা!---যেদিকে তোমার পড়েছে জননি म्राम क्यम-नयन प्राधे

উঠেছে উজ্জাল সেদিক অমনি, সেদিকে পাপিয়া, উঠিছে গাহিয়া, সেদিকে কুসুম উঠিছে ফুটি! এস মা আজিকে ভারতে তোমার. প্রক্রিব তোমার চরণ দুটি! বহু দিন পরে ভারত অধরে সুখমর হাসি উঠুক্ ফুটি! আজি কবিদের মানসে মানসে পড়ুক্ তোমার হাসি, रुपरत रुपरत छेठे क क्रिका ভকতি-কমল-রাশি ! ন্মিয়া ভারতী-জননী-চরণে সাপিয়া ভকতি-কুস্ম-মালা, দশ দিশি দিশি প্রতিধর্নি তুলি र्ज्यर्थान फिक फिरकर वाला! চরণ-কমলে অমল কমল আঁচল ভবিষা ঢালিয়া দিক! শত শত হদে তব বীণাধর্নন জাগায়ে তুল্ক শত প্রতিধর্নন. সে ধর্নি শর্নিয়ে কবির হৃদয়ে ফুটিয়া উঠিবে শতেক কুসুম গাহিয়া উঠিবে শতেক পিক!

#### (গাথা)

"সাধিন্—কাঁদিন্—কত না করিন্—
ধন মান যশ সকলি ধরিন্—
চরণের তলে তার—
এত করি তব্ পেলেম না মন
ক্ষুদ্র এক বালিকার!
না যদি পেলেম—নাইবা পাইন্—
চাই না চাই না তারে!
কি ছার সে বালা!—তার তরে যদি
সহে তিল দৃখ এ প্রেন্থ-হাদি,
তা হলে পাষাণো ফেলিবে শোণিত
ফ্লের কাঁটার ধারে!

এ কুমতি কেন হয়েছিল বিধি. তারে স'পিবারে গিয়েছিন, হুদি! এ নয়ন-জল ফেলিতে হইল তাহার চরণ-তলে? বিষাদের শ্বাস ফেলিন, মজিয়া তাহার কহক বলে? এত আখিজল হইল বিফল. বালিকা হৃদয়, করিব ষে জয় নাই হেন মোর গুণ? शीन तपशीरत ভाলবাসে वाला: তার গলে দিবে পরিণয় মালা! এ কি লাজ নিদার ণ! হেন অপমান নারিব সহিতে. ঈর্ষার অনল নারিব বহিতে. ঈর্ষা?—কারে ঈর্ষা? হীন রণধীরে: ঈর্ষার ভাজন সেও হল কি রে ঈর্ষা-যোগ্য সে কি মোর? তবে শুন আজি—শ্মশান-কালিকা শ্ন এ প্রতিজ্ঞা ঘোর! আজ হতে মোর রণধীর অরি-শত ন্-কপাল তার রক্তে ভরি করাবো তোমারে পান. এ বিবাহ কভ দিব না ঘটিতে এ দেহে রহিতে প্রাণ! তবে নাম তোমা - শমশান-কালিকা! শোণিত-লালিতা -কপাল-মালিকা! কর এই বর দান---তাহারি শোণিতে মিটার পিপাসা যেন মোর এ কুপাণ!" কহিতে কহিতে বিজন-নিশীথে শানিল বিজয় সাদার হইতে শত শত অট্রাসি-একেবারে যেন উঠিল ধর্ননিয়া **শ্মশান-শান্তিরে নাশি।** শত শত শিবা উঠিল কাদিয়া কি জানি কিসের লাগি! কম্বপ্ন দেখিয়া শ্মশান যেন রে চমকি উঠিল জাগি! শতেক আলেয়া উঠিল জৰ্বলয়া— আঁধার হাসিল দশন মেলিয়া আবার যাইল মিশি।

সহসা থামিল অটু হাসি ধরনি? শিবার রোদন থামিল অমনি. আবার ভীষণ স্বাভীরতর নীরব চইল নিশি! দেবীর সন্তোষ ব্রথিয়া বিজয় নমিল চরণে তার। মুখ নিদার্ণ—আঁখি রোষার্ণ-হৃদরে জর্বলিছে রোষের আগ্রন করে অসি খর ধার! গিরি অধিপতি রণধীর গ্রে লীলা আসিতেছে আজি গিরিবাসিগণ হর্ষে মেতেছে. বাজনা উঠেছে ব্যক্তি। অস্তে গেল রবি পশ্চিম শিখরে. আইল গোধালি কাল, ধীরে ধরণীরে ফেলিল আবরি সঘন আঁধার জাল। ওই আসিতেছে লীলার শিবিকা নুপতি-ভবন পানে-শত অনুচর চলিয়াছে সাথে মাতিয়া হরষ গানে। জর্বলছে আলোক—ব্যক্তিছে বাজনা ধরনিতেছে দশ দিশি। কুম্শ আঁধার হইল নিবিড. গভীর হইল নিশি। চলেছে শিবিকা গিরিপথ দিয়া সাবধানে অতিশয়, বনমাঝ দিয়া গিয়াছে সে পথ বড় সে স**ুগম** নয়। অনুচরগণ হরষে মাতিয়া গাইছে হরষ গীত— সে হরষধর্ত্তান জন কোলাহল ধরনিতেছে চারি ভিত। থামিল শিবিকা, পথের মাঝারে থামে অনুচর দল সহসা সভয়ে "দস্য দস্য" বলি উঠিল রে কোলাহল। শত বীর-ক্রদি উঠিল নাচিয়া বাহিরিল শত অসি. শত শত শর মিটাইল ত্যা বীরের হৃদয়ে পশি।

আঁধার ক্রমণ নিবিড় হইল বাধিল বিষম রণ, লীলার শিবিকা কাড়িয়া লইয়া পলাইল দস্যগণ।

কারাগার মাঝে বসিয়া রমণী বর্রায়ছে আহিজল। বাহির হইতে উঠিছে গগনে সমবের কোলাহল। "হে মা ভগবতী—শুন এ মিনতি বিপদে ভাকিব কারে! পতি বলে যাঁরে করেছি বরণ বাঁচাও বাঁচাও তাঁরে! মোর তরে কেন এ শোণিত-পাত! আমি মা—অবোধ বালা. জনমিয়া আমি মরিন, না কেন ঘুচিত সকল জনলা।" কহিতে কহিতে উঠিল আকাশে দ্বিগৰে সমর-ধর্নন--জয় জয় রব, আহতের স্বর কুপাণের ঝনঝনি! সাঁঝের জলদে ডবে গেল রবি. আকাশে উঠিল তারা: একেলা বসিয়া বালিকা সে লীলা কাদিয়া হতেছে সারা! সহসা খুলিল কারাগার দার---বালিকা সভয় অভি. --কঠোর কটাক্ষ হানিতে হানিতে বিজয় পশিল তথি। অসি হতে করে শোণিতের ফোটা. শোণিতে মাখানো বাস. শোণিতে মাখানো মুখের মাঝারে कृट्डे निमात्र्व शाम! অবাক্ বালিকা: -বিজয় তখন কহিল গভীর রবে---"সমর-বারতা শানেছ কুমারী? त्म कथा **ग**्रीनरव जरव?" "वृत्यांছ—वृत्यांह, *खा*र्नाह—खानीह! বলিতে হবে না আর্---ना-ना, वन वन-मानिव अर्कान যাহা আছে শ্রনিবার।

এই বাধিলাম পাষাণে হৃদর,
বঙ্গ কি বলিতে আছে!
বত ভ্রানক হোক্ না সে কথা
লক্ষায়ো না মোর কাছে!"
"শন্ন তবে বলি" কহিল বিজয়
তুলি অসি খর ধার—
"এই অসি দিয়ে বিধ রণধীরে
হরেছি ধরার ভার।"
"পামর, নিদয়-পাষাণ, পিশাচ!"
ম্রছি পড়িল লীলা,
অলীক বারতা কহিয়া বিজয়
কারা হতে বাহিরিলা।

সমরের ধর্নি থামিল কুমশ নিশা হল সুগভীর। বিজয়ের সেনা পলাইল রণে-জয়ী হল রণধীর। কারাগার মাঝে পশি রণধীর কহিল অধীর স্বরে---"লীলা!--রণধীর এসেছে তোমার এস এ বাকের 'পরে!" ভূমিতল হতে চাহি দেখে লীলা সহসা চমকি উঠি. হরষ-আলোকে জর্বাসতে লাগিল नौनात्र नहान मुर्गि। "এস নাথ এস অভাগীর পাশে বস একবার হেথা. জনমের মত দেখি ও মুখানি শানি ও মধার কথা! ডাক নাথ সেই আদরের নামে ডাক মোরে শ্লেহভরে. এ অবশ মাথা তুলে লও সখা তোমার বুকের 'পরে!" লীলার হৃদয়ে ছুরিকা বি'ধানো বহিছে শোণিত ধারা---রহে রণধীর পলক-বিহীন ষেন পাগলের পারা। রণধীর বৃকে মুখ লাকাইয়া গলে বাধি বাহঃপাশ. কাদিয়া কাদিয়া কহিল বালিকা, "প্রিল না কোন আশ!

মরিবার সাধ ছিল না আমার কত ছিল সূখ আশা! পারিন, না সখা করিবারে ভোগ তোমার ও ভালবাসা! হা রে হা পামর, কি করিলি তই? নিদার্ণ প্রতারণা! এত দিনকার সূখ সাধ মোর भूतिक मा भूतिक मा!" এত বলি ধীরে অবশ বালিকা কোলে তার মাথা রাখি--রণধীর মুখে রহিল চাহিয়া মেলি অনিমেষ আখি! রণধীর যবে শানিল সকল বিজয়ের প্রতারণা, বীরের নয়নে জর্মালয়া উঠিল রোষের অনল-কণা। 'প্থিবীর সূখ ফুরালো আমার, বাঁচিবার সাধ নাই। এর প্রতিশোধ তুলিতে হইবে, বাঁচিয়া রহিব তাই!" লীলার জীবন আইল ফুরায়ে भागित नवन पर्वि, শোকে রোষানলে জর্বলি রণধীর রণভূমে এল ছুটি। দেখে বিজয়ের মৃতদেহ সেই ররেছে পাড়িয়া সমর-ভূমে। রণধীর যবে মরিছে জনলিয়া বিজয় ঘুমায় মরণ ঘুমে!

## ফুলের খ্যান

মুদিয়া আঁখির পাতা
কিশলরে ঢাকি মাথা,
উবার ধেয়ানে রয়েছি মগন
রবির প্রতিমা স্মরি,
এমনি করিয়া ধেয়ান ধরিয়া
কাটাইব বিভাবরী!
দেখিতেছি শুধু উবার স্বপন,
তর্ণ রবির তর্ণ কিরণ,

তরুণ রবির অরুণ চরণ জাগিছে হৃদয় 'পরি. তাহাই স্মরিয়া ধেয়ান ধরিয়া কাটাইব বিভাবরী। আকাশে যথন শতেক তারা রবির কিরণে হইবে হারা. ধরায় ঝরিয়া শিশির-ধারা ফুটিবৈ তারার মত. ফুটিবৈ কুসুম শত, ফুটিবে দিবার আখি. ফ্রটিবে পাখির গান, তখন আমারে ছামবে তপন, তখন আমার ভাঙ্গিবে স্বপন তখন ভাঙ্গিবে ধ্যান। তখন সুধীরে খুলিব নয়ান. তখন সুধীরে তুলিব বয়ান, পরেব আকাশে চাহিয়া চাহিয়া কথা কব ভাঙ্গা ভাঙ্গা। উষা-র পসীর কপোলের চেয়ে কপোল হইবে রাঙ্গা। তখন আসিবে বায় ফিরিতে হবে না তার, क्रमय जानिया निय विनारेया. ষত পরিমল চায়। ভ্ৰমর আসিবে দ্বারে, কাদিতে হবে না তারে. পাশে বসাইয়া আশা প্রোইয়া মধ্য দিব ভারে ভারে। আজিকে ধেয়ানে রয়েছি মগন রবির প্রতিমা স্মরি---এমন করিয়া ধেয়ান ধরিয়া কাটাইব বিভাবরী।

### অপরা-প্রেম

(গাখা)

### নারিকার উব্ভি

রজনীর পরে আসিছে দিবস, দিবসের পর রাতি। প্রতিপদ ছিল হল প্রেণিমা, প্রতি নিশি নিশি বাড়িল চাদিমা, প্রতি নিশি নিশি ক্ষীণ হয়ে এল ফুরালো জোছনা-ভাতি।

ফ্রালো জোছনা-ভাতি। উদিছে তপন উদয় শিখরে, দ্রাময়া দ্রাময়া সারা দিন ধরে, ধীর পদ-ক্ষেপে অবসম্ন দেহে, যেতেছে চলিয়া বিশ্রামের গেহে

মলিন বিষয় আতি।
উদিছে তারকা আকাশের তলে,
আসিছে নিশীথ প্রতি পলে পলে
পল পল করি যায় বিভাবরী,
নিভিছে তারকা এক এক করি,

হাসিতেছে উষা সতী।

এস গো সখা এস গো

কত দিন ধরে বাতায়ন পাশে,

একেলা বসিয়া সখা তব আশে,

দেহে বল নাই, চোখে ঘ্ম নাই,
পথ পানে চেয়ে রয়েছি সদাই—

এস গো সধা এস গো! –
স্মানে তটিনী ষেতেছে বহিয়া,
নিশ্বসিছে বায়্ রহিয়া রহিয়া,
লহরীর পর উঠিছে লহরী,
গণিতেছি বসি এক এক করি

নাই রাতি নাই দিন। ওই তৃণগৃলি হরিত প্রান্তরে নোয়াইছে মাথা মৃদ্দ বায় ভরে, সারা দিন যায়-সারা রাত যায় শ্না অাথি মেলি চেয়ে আছি হায়-

নরন পলক-হীন। বরষে বাদল, গরজে অর্লান, পলকে পলকে চমকে দামিনী,

### শৈশৰ সংগীত

পাগলের মত হেথার হোথার আঁধার আকাশে বহিতেছে বার, অবিশ্রাম সারারাতি। বহিতেছে বারু পাদপের 'পরে, বহিছে আঁধার-প্রাসাদ-শিখরে, ভন্ম দেবালয়ে বহে হৃহু করি, জাগিয়া উঠিছে তটিনী-লহরী

তিনী উঠিছে মাতি।
কোথার গো সখা কোথা গো!
একাকী হেথার বাতারন পাশে
রয়েছি বসিয়া সখা তব আশে,
দেহে বল নাই চোখে ঘ্ম নাই.
পথ পানে চেয়ে রয়েছি সদাই.
কোথার গো সখা কোথা গো!
যাহারা যাহারা গিয়েছিল রণে.
সবাই ফিরিয়া এসেছে ভবনে,
প্রির আলিঙ্গনে প্রণারনীগণ
কাদিয়া হাসিয়া ম্বিছছে নয়ন

কোন জনালা নাহি জানে!
আমিই কেবল একা আছি পড়ে
পরিশ্রান্ত অতি—আশা করে করে—
নিরাশ পরান আর ত রহে না,
আর ত পারি না, আর ত সহে না.

আর ত সহে না প্রাণে।
এস গো সখা এস গো!
একাকী হেখায় বাতায়ন পাশে,
একেলা বসিয়া সখা তব আশে
দেহে বল নাই, চোখে ঘুম নাই,
পথ পানে চেয়ে রয়েছি সদাই

এস গো সথা এস গো!—
আসে সন্ধ্যা হয়ে আঁখার আলয়ে—
একেলা রয়েছি বসি,
যে যাহার ঘরে আসিতেছে ফিরে,
জর্বলিছে প্রদীপ কুটীরে কুটীরে,

শ্রান্ত মাথা রাখি বাতায়ন দ্বারে আঁধার প্রান্তরে চেরে আছি হা রে—

আকাশে উঠিছে শশী। কত দিন আর রহিব এমন, মরণ হইলে বাঁচি রে এখন! অবশ হদয়, দেহ দরবল,
শরুকারে গিয়াছে নরনের জল,
যেতেছে দিবস নিশি!
কোথার গো সখা কোথা গো!
কত দিন ধরে সথা তব আশে
একেলা বসিয়া বাতায়ন পাশে,
দেহে বল নাই, চোখে ঘ্ম নাই,
পথ পানে চেয়ে রয়েছি সদাই
কোথার গো সথা কোথা গো!-

### অপ্সরার উব্তি

অদিতি-ভবন হইতে যখন আসিতেছিলাম অলকা-পূরে,— মাথার উপরে সাঁঝের গগন---শারদ তটিনী বহিছে দুরে। সাঁঝের কনক-বরন সাগর অলসভাবে সে ঘুমায়ে আছে. द्मिश्रम् मात्र्ग वाधिशाटक द्रग গউরী-শিখর গিরির কাছে। দেখিন, সহসা বীর একজন সমর-সাগরে গিরির মতন, পদতলে আসি আঘাতে লহরী তব্ৰ অটল পারা। विभाग ननाएं क् जिपि नारे. শান্ত ভাব জাগে নয়নে সদাই--উরস বরমে বরষার মত বরিষে বাণের ধারা। অশ্নি-ধর্নিত ঝটিকার মেঘে দেখেছি তিদশপতি. চারি দিকে সব ছাটিছে ভাঙ্গিছে. তিনি সে মহান্ অতি: এমন উদার শাস্ত ভাব বৃত্তিঝ দেখি নি তাহারো কভ। প্ৰৱী নত হয় যাহার অসিতে. দ্বরগ যে জন পারেন শাসিতে দ্যুরবল এই নারী-হৃদরের তাহারে করিন প্রভ।

দিলাম বিছারে দিব্য পাখা-ছারা মাথার উপরে তাঁর মারা দিয়া তাঁরে রাখিন, আবরি নাশিতে বাণের ধার। প্রতি পদে পদে গেন, সাথে সাথে দেখিন সমর ছোর--শোণিত হেরিয়া শিহরি উঠিল আকল হৃদয় মোর। থামিল সমর, জয়ী বীর মোর উঠিলা তরণী 'পরে. বহিল মৃদ্ল প্ৰন, তর্ণী চলিল গরব ভরে। গেল কত দিন, প্রেব-গগনে উঠिन জলদ রেখা। ম.হ. ঝলকিয়া ক্ষীণ সৌদামিনী দ্রে হতে দিল দেখা। কুমুশ জলদ ছাইল আকাশ অশান সরোবে জর্লি. মাথার উপর দিয়া তরণীর অভিশাপ গেল বলি। সহসা ভ্রক্তি উঠিল সাগর প্ৰন উঠিল জাগি শতেক উর্বাম মাতিয়া উঠিল, সহসা কিসের লাগি। দার্ণ উল্লাসে সফেন সাগর অধীর হইল হেন---ভাক্সে-বিভোলা মহেশের মত নাচিতে লাগিল যেন। তরণীর 'পরে একেলা অটল দাঁড়ায়ে বীর আমার. শানি ঝটিকার প্রলয়ের গীত বাজিছে হৃদয় তার। দেখিতে দেখিতে ডবিল তরণী ডবিল নাবিক যত-যুকি যুকি বীর সাগরের সাথে হইল চেতন হত। আকাশ হইতে নামিয়া, ছাইনা অধীর জলধি জল. পদতলে আসি করিতে লাগিল উর্বামরা কোলাহল।

### त्रवीन्य-त्रध्यावणी

অধীর পবনে ছড়ায়ে পড়িল কেশপাশ চারিধার— সাগরের কানে ঢালিতে লাগিন্ সুধীরে গীতের ধার!

### গীত

	কেন গো সাগর এমন চপল,
	এমন অধীর প্রাণ,
	শ্বন গো আমার গান
তবে	শুন গো আমার গান!
	প্রণিমা-নিশি আসিবে যখন
	অাসিবে যখন ফিরে—
তার	মেঘের ঘোমটা সরায়ে দিব গো
	খুলিয়ে দিব গো ধীরে!
	যত হাসি তার পড়িবে তোমার
	বিশা <b>ল</b> হৃদয় 'পরে,
কত	আনন্দে উর্রাম জাগিবে তখন
	নাচিবে প <b>্ল</b> ক ভরে!
তবে	থাম গো সাগর থাম গো,
কেন	হয়েছ অধীর-প্রাণ?
আমি	লহরী-শিশ্বরে করিব তোমার
	তারার <b>খেলেনা</b> দান।
	দিক্-বালাদের বলিয়া দিব
	অাঁকিবে তাহারা বসি,
	প্রতি উরমির মাধার মাধার
	একটি একটি শশী।
	তটিনীরে আমি দিব গো শিখায়ে
	় না হবে তাহার আন.
তারা	গাহিবে প্রেমের গান,
তারা	কানন হুইতে আনিবে কুসন্ম
	ক্রিবে তোমারে দান
তারা	হৃদ <b>র হইতে শত প্রেম-</b> ধারা
	করাবে তোমারে পান!
তবে	<b>থাম গো সাগ্র</b> থাম গো.
কেন	হয়েছ অধীর-প্রাণ?
যদি	উরমি-শিশ্রা নীরব নিশীথে
	ৰ্মাতে নাহিক চার,
তবে	জানিও সাগর বলে দিব আমি
	আসিবে মৃদ্ল বায়—

কানন হইতে করিয়া তাহারা ফুলের স্কুর্যাভ পান, কানে কানে ধীরে গাহিয়া ষাইবে ঘুম পাড়াবার গান! অমনি তাহারা খুমায়ে পড়িবে তোমার বিশাল বুকে, ঘ্মায়ে ঘ্মায়ে দেখিবে তখন চাদের স্বপন সংখে! বদি কভ হয় খেলাবার সাধ, আমারে কহিও তবে-শতেক পবন আসিবে অমনি হরষ-আকুল রবে---সাগর-অচলে ঘেরিয়া হাসিয়া সফেন হাসি মাথার উপরে ঢালিও তাহার প্রবাল মুকুতারাশি! রাথ গো আমার কথা,

তবে রাখ গো আমার কথা, তবে শুন গো আমার গান, তবে থাম গো সাগর, থাম গো

কেন হয়েছ অধীর-প্রাণ?

দেখ

প্রবাল-আলয়ে সাগর-বালা গাঁথিতেছিল গো মাকুতা-মালা, গাহিতেছিল গো গান, আঁধার-অলক কপোলের শোভা করিতেছিল গো পান!

কেহবা হরষে নাচিতেছিল হরষে পাগল-পারা, কেশ-পাশ হতে ঝরিতেছিল

কেশ-পাশ হতে ঝারতোছল নিটোল মুকুতা-ধারা!

কেহ মণিমর গ্রহার বসিরা

মৃদ্ব অভিমান ভরে,
সাধাসাধি করে প্রণরী আসিয়া

সাবাসাধি করে প্রণয়া আ।সয়। একটি কথার তরে।

এমন সময়ে শতেক উরমি সহসা মাতিয়ে উঠেছে সূথে.

সহসা এমন লেগেছে আঘাত আহা সে বালার কোমল বুকে!

ওই দেখ দেখ— আঁচল হইতে করিয়া পড়িল মুকুতা রাশি— ওই দেখ দেখ—হাসিতে হাসিতে

চমক লাগিয়া ঘ্রচিল হাসি,

এই দেখ দেখ— নাচিতে নাচিতে থমকি দাঁড়ার মলিন মুখে ওই দেখ বালা অভিমান তাজি ঝাঁপায়ে পড়িল প্রণয়ী-বুকে! থাম গো সাগর, থাম গো—থাম গো হোয়ো না অমন পাগল-পারা---আহা, দেখ দেখি সাগর-ললনা ভয়ে একেবারে হয়েছে সারা! বিবরন হয়ে গিয়েছে কপোল মলিন হইয়ে গিয়েছে মুখ সভয়ে মুদিয়া আসিছে নয়ন থর থর করি কাঁপিছে বুক! আহা থাম তুমি থাম গো---হোয়ো না অধীর প্রাণ. রাখগো আমার কথা শোন গো আমার গান! ওগো যদি না রাখ আমার কথা, যদি না থামে প্রমোদ তব. জানিও সাগর জানিও তবে আমি সাগর-বাঙ্গারে কব। জোছনা-নিশীথে ত্যজিয়া আলর তারা সাজিয়া মুকুতা-বেশে হাসি হাসি আর গাহিবে না গান তোমার উপরে এসে ৷ ষে রূপ হেরিরা লহরীরা তব হইত পাগল মত. যে গানে মজিয়া কানন ত্যাজয়া আসিত বায়ুরা যত। আধর্মান তন্ত সলিলে লুকান, স্থানিবিড় কেল রাশি লহরীর সাথে নাচিয়া নাচিয়া সলিলে পডিত আসি. অধীর উর্বাম মুখ চুমিবারে যতন করিত কত. নিরাশ হইয়া পড়িত ঢলিয়া মরমে মিশারে বেত। সে বালারা আর আসিবে না. সে মধ্র হাসি হাসিবে না, জোছনার মিশি সে রূপের ছারা সলিলে তোমার ভাসিবে না

তবে থাম গো সাগর থাম গো কেন হরেছ অধীর প্রাণ, তুমি রাখ এ আমার কথা তুমি শোন এ আমার গান।

দেখিতে দেখিতে শতেক উর্নম সাগর উরসে ঘ্যায়ে এল. দেখিতে দেখিতে মেঘেরা মিলিয়া সাদার শিখরে খেলাতে গেল। যে মহা প্ৰন সাগর-হৃদন্ত্রে প্রলয় খেলায় আছিল রত. অতি ধীরে ধীরে কপোল আমার চুমিতে লাগিল প্রণয়ী মত। গীত-রব মোর দ্বীপের কাননে বহিয়া লইয়া গেল সে ধীরে ''কে গায়'' বলিয়া কানন-বালারা থামিতে কহিল পাপিয়াটিরে। বীরেরে তখন লইয়া এলাম অমর দ্বীপের কানন তীরে, কস্ম শয়নে অচেতন দেহ যতন করিয়া রাখিন, ধীরে। উঠিল জাগিয়া চেত্ৰ পাইয়া অবাক রহিল চাহি. প্থিবীর স্মৃতি ঢাকিয়া ফেলিন, মায়াময় গীত গাহি। ন্ত্ৰ জীবন পাইয়া তখন উঠিল সে বীর ধীরে. সহসা আমারে দেখিতে পাইল দাঁড়ায়ে সাগর-তীরে। নিমেষ হারায়ে চাহিয়া রহিল অবাক নয়ন তার, দেখিয়া দেখিয়া কিছুতেই যেন দেখা ফুরায় না আর! যেন আঁখি তার করিয়াছে পণ এইর্প এক ভাবে নিমেষ না ফেলি চাহিয়া চাহিয়া পাষাণ হইয়া যাবে। রূপে রূপে যেন ডুবিয়া গিয়াছে তাহার হৃদয়-ভল, অবশ আখির পলক ফেলিভে যেন রে নাইক বল!

কাছে গিয়া তার পরশিন্ বাহ্
চমকি উঠিল হেন—
তিখিনী তিখিনী অশনি সমান
বিধেছে যে দেহে শত শত বাণ,
নারীর কোমল পরশট্কুও
তার সহিল না ষেন!
কাছে গেলে যেন পারে না সহিতে,
অভিভূত যেন পড়ে সে মহীতে,
রংপের কিরণে মন যেন তার
মুদিয়া ফেলে গো আখি,
সাধ যেন তার দেখিতে কেবল
অতিশয় দারে থাকি!

### নায়কের উক্তি

কি হল গো. কি হল আমার! বনে বনে সিন্ধ-তীরে, বেড়াতেছি ফিরে ফিরে, কি যেন হারান ধন খঃজি অনিবার! সহসা ভলিয়ে যেন গিয়েছি কি কথা! এই মনে আসে-আসে, আর যেন আসে না সে. অধীর হৃদয়ে শেষে দ্রাম হেথা হোথা। এ কি হল, এ কি হল বাথা! সম্মুখে অপার সিন্ধু দিবস যামিনী অবিশ্রাম কলতানে কি কথা বলে কে জানে. লুকান আঁধার প্রাণে কি এক কাহিনী। সাধ যায় ডব দিই, ভেদি গভীরতা তল হতে তলে আনি সে রহস্য কথা। বায়ু এসে কি যে বলে পারিনে ব্রাঝতে. প্রাণ শুধু রহে গো ষ্ট্রিতে! পাপিয়া একাকী কুঞ্জে কাঁপায় আকাশ, শ্বনে কেন উঠে রে নিশ্বাস! ওগো. দেবি. ওগো বনদেবী. বল মোরে কি হয়েছে মোর! কি ধন হারায়ে গেছে, কি সে কথা ভূলে গেছি, হাদর ফেলেছে ছেরে কি সে **ঘ্**মঘোর। এ যে সব পতাপাতা হেরি চারি পাশে এরা সব জানে যেন তব্ত বলে না কেন! আধ্যানি বলে, আর দ্বলে দ্বলে হাসে! নিশীথে ঘুমাই খবে, কি যেন স্বপন হেরি প্রভাতে আসে না তাহা মনে

কে পারে গো ছি'ড়ে দিতে এ প্রাদের আবর্ধ—
কি কথা সে রেখেছে গোপনে।
কি কথা সে!
এ হদয় অগ্নিগার দহিতেছে ধারি ধারি
কোন্খানে কিসের হৃতাশে!

#### অস্বরার উব্ভি

হল নাগোহল না! প্রেম সাধ বর্ত্তির পর্রেল না। বল স্থা বল কি করিব বল, কি দিলে জ্যুডাবে হিয়া! বাছিয়া বাছিয়া তুলিয়াছি ফুল, ত্লেছি গোলাপ, তুলেছি বকুল, নিজ হাতে আমি রচেছি শয়ন কমল কস্ম দিয়া। কাটাগালি সব ফেলেছি বাছিয়া, त्त्रगृति धीत फिर्ख़ा भाष्ट्रिया. ফ্রলের উপরে গুছার্মেছি ফ্রল মনেব মতন কবি শীতল শিশির দিয়েছি ছিটায়ে অনেক যতন কবি। হল নাগোহল না প্রেম সাধ ব্যবিধ প্রিল না! শ্বন ও গো সখা, বনবালারে দিয়েছি যে আমি বলি. প্রতি শাখে শাখে গাইবে পাথি প্রতি ফুলে ফুলে অলি। দেখ চেয়ে দেখ বহিছে তটিনী. বিমল তটিনী গো। এত কথা তার রয়েছে প্রাণে. বলিবারে চায় তটের কানে. তব্যুও গভীর প্রাণের কথা ভাষায় ফুটে নি গো! দেখ হোথা ওই সাগর আসি চুমিছে রজ্ঞ বালুকা রাশি. দেখ হেথা চেয়ে চপল চরণে চলেছে নিঝর ধারা, তীরে তীরে তার রাশি রাশি ফুল. হাসি হাসি তারা হতেছে আকুল,

### द्ववीण्य-त्रहमायणी

লহরে লহরে ঢালয়া ঢালয়া খেলায়ে খেলায়ে হতেছে সারা। হল নাগোহল না প্রেম সাধ বৃঝি প্রিল না। শर्रानरव कि सथा शान? তবে খুলিয়া দিব কি প্রাণ? তবে চাঁদের হাসিতে নীরব নিশীথে তবে মিশাব ললিত তান? আমি গাব হৃদয়ের গান। আমি গাব প্রণয়ের গান। কড় হাসি কড় সজল নয়ন কভু বা বিরহ কভু বা মিলন, কভ সোহাগেতে ঢল ঢল তন্ত কভ মধ্য অভিমান। কভ বা হৃদয় যেতেছে ফেটে. শরমে তব্তু কথা না ফুটে. কভ বা পাষাণে বাধিয়া মরম ফাটিয়া যেতেছে প্রাণ! হল নাগোহল না

এস তবে এস মায়ার বাঁধন
খুলে দিই ধীরে ধীরে,
যেথা সাধ যাও আমি একাকিনী
বসে থাকি সিন্ধ-তীরে।

মনোসাধ আর পর্রিল না।

#### গান

সোনার পিঞ্চর ভাঙ্গিয়ে আমার
প্রাণের পাখিটি উড়িয়ে যাক্!
সে যে হেথা গান গাহে না,
সে যে মোরে আর চাহে না,
সাদরে কানন হইতে সে যে
শানেছে কাহার ডাক,
পাখিটি উড়িয়ে যাক্!
মাদিত নরন খালিয়ে আমার
সাধের স্বপন যায় রে যায়;
হাসিতে অশ্রতে গাঁথিয়া গাঁথিয়া
দিয়েছিন্ব তার বাহন্তে বাঁধিয়া,

আপনার মনে কাঁদিয়া কাঁদিয়া
ছি ড়িয়া ফেলেছে হায় রে হায়!
সাধের স্বপন যায় রে বায়!
যে যায় সে যায় ফিরিয়ে না চায়,
যে থাকে সে শুখু করে হায় হায়.
নয়নের জল নয়নে শুকায়
মরমে লুকায় আশা।
বাঁধিতে পারে না আদরে সোহাগে,
রজনী পোহায়, ঘুম হতে জাগে,
হাসিয়া কাঁদিয়া বিদায় সে মাগে,
আকাশে তাহার বাসা।
যায় যদি তবে যাক্,
একবার তব্ ডাক্!
কি জানি যদি রে প্রাণ কাঁদে তার
তবে থাকা তবে থাক!

# প্রভাতী

নলিনী খোল গো আখি. শ্ৰ এখনো ভাঙ্গিল না কি! ঘুম তোমারি দুরার 'পরে দেশ. সখি এসেছে তোমারি রবি। শ্রনি, প্রভাতের গাথা মোর দেখ ভেঙ্গেছে ঘুমের ঘোর, জগৎ উঠেছে নয়ন মেলিয়া দেখ নতন জীবন লভি। তুমি গো সজনি, জাগিবে না কি তবে আমি যে তোমারি কবি। আমার কবিতা তবে. শুন. আমি গাহিব নীরব রবে নব জীবনের গান। ভবে প্রভাত জলদ, প্রভাত সমীর, প্রভাত বিহগ, প্রভাত শিশির সমস্বরে তারা সকলে মিলিয়া মিশাবে মধ্র তান! প্রতিদিন আসি, প্রতিদিন হাসি, প্রতিদিন গান গাহি. প্রতিদিন প্রাতে শ্রনিয়া সে গান ধীরে ধীরে উঠ চাহি।

### त्वील्य-बह्नावकी

আজিও এসেছি চেয়ে দেখ দেখি,
আর ত রজনী নাহি!
সথি, শিশিরে মুখানি মাজি,
সথি, লোহিত বসনে সাজি,
দেখ বিমল সরসী আরশীর 'পরে
অপর্প রূপ রাশি।
তবে থেকে থেকে ধীরে নাইয়া পড়িয়া,
নিজ মুখছায়া আধেক হেরিয়া,
লালিত অধরে উঠিবে ফুটিয়া
শরমের মুদ্র হাসি।

## কামিনী ফুল

ছিছি স্থাকি করিলে, কোন্প্রাণে প্রশিলে, কামিনী কুসুম ছিল বন আলো করিয়া, মান্য পরশ ভরে শিহরিয়া সকাতরে ওই যে শতধা হয়ে পড়িল গো ঝরিয়া। জান ত কামিনী সতী, কোমল কুস,ম অতি. দরে হতে দেখিবারে, ছইবারে নহে সে, দূর হতে মৃদ্ বায় **গন্ধ** তার দিয়ে যায় কাছে গেলে মানুষের শ্বাস নাহি সহে সে। মধ্যপের পদক্ষেপে পডিতেছে কে'পে কে'পে. কাতর হতেছে কত প্রভাতের সমীরে! প্রশিতে রবিকর শ্কাইছে কলেবর শিশিরের ভরট্কু সহিছে না শরীরে। कृत कि ना-इंटन नश् হেন কোমলতামর হায় রে কেমন বন ছিল আলো করিয়া! মান্য পরশ ভরে শিহরিয়া সকাতরে. ওই যে শতধা হয়ে পডিল গো ঝরিয়া!

# लाजगशी

কাছে তার যাই যদি কত যেন পায় নিধি
তব্ হরষের হাসি ফ্টে ফ্টে ফ্টে না।
কখন বা মৃদ্ধ হৈসে আদর করিতে এসে
সহসা শরমে বাধে মন উঠে উঠে না।

অভিমানে যাই দ্বে কথা তার নাহি ফ্রের চরণ বারণ ভারে উঠে উঠে তা।
কাতর নিশ্বাস ফেলি, আকুল নয়ন মেলি
চেয়ে থাকে, লাজ বাঁধ তব্ টুটে টুটে না।
যথন ঘ্মায়ে থাকি মুখপানে মেলি আঁথি
চাহি দেখে দেখি দেখি সাধ যেন মিটে না।
সহসা উঠিলে জাগি, তখন কিসের লাগি
মরমেতে মরে গিয়ে কথা যেন ফুটে না!
লাজমায় তোর চেয়ে দেখি নি লাজ্ক মেয়ের
প্রেম বরিষার স্লোতে লাজ তব্ ছুটে না!

# প্রেম-মরীচিকা

### রাগিণী ঝি'ঝিট থাম্বাঞ্জ

ও কথা বোল না তারে, কভু সে কপট না রে, আমার কপাল-দোষে চপল সে জন! অধীর ক্রদয় ব্রথি শান্তি নাহি পায় খাজি. সদাই মনের মত করে **অন্বেষ**ণ। ভাল সে বাসিত যবে করে নি ছলনা। মনে মনে জানিত সে. সত্য বুঝি ভাল বাসে, ব্যাঝতে পারে নি তাহা যৌবন-কল্পনা। হরষে হাসিত যবে হেরিয়ে আমায় সে হাসি কি সভা নয়?— সে যদি কপট হয় তবে সতা বলে কিছ্নাহি এ ধরায়! দ্বচ্ছ দপ্রণের মত বিমল সে হাস হদয়ের প্রতি ছায়া করিত প্রকাশ। তাহা কপটতাময় ?— কখনো কখনো নয় কে আছে সে হাসি তার করে অবিশ্বাস। ও কথা বোল না তারে, कङ् स्म कशवे ना दा. আমার কপাল-দোবে চপল সে জন. প্রেম-মরীচিকা হেরি, ধায় সত্য মনে করি চিনিতে পারে নি সে ষে আপনার মন।

## গোলাপ-বালা

## (গোলাপের প্রতি ব্ল্ব্ল্)

### রাগিণী--বেহাগ

বলি, ও আমার গোলাপ বালা, বলি, ও আমার গোলাপ বালা, তোল মুখানি, তোল মুখানি,

কুস্ম কুঞ্জ কর আলা।

বলি, কিসের শরম এত? সখি, কিসের শরম এত?

সখি, পাতার মাঝারে ল্কায়ে ম্খানি

কিসের শরম এত?

বালা, ঘুমারে পড়েছে ধরা,
সথি, ঘুমায় চাদিমা তারা,
প্রিয়ে, ঘুমায় দিক্-বালারা,
প্রিয়ে, ঘুমায় জগং যত।
সথি, বালতে মনের কথা
বল এমন সময় কোথা?

প্রিয়ে তোল মুখানি আছে গো আমার

প্রাণের কথা কত!

আমি, এমন স্থার স্বরে সথি, কহিব তোমার কানে,

প্রিয়ে, স্বপনের মত সে কথা আসিয়ে

পশিবে তোমার প্রাণে।

আর কেহ শ্রনিবে না, কেহ জাগিবে না, প্রেম-কথা শ্রনি প্রতিধনি বালা

উপহাস সখি করিবে না, পরিহাস সখি করিবে না।

তবে মুখানি তুলিয়া চাও!
স্মানি তুলিয়া চাও!
সাখ একটি চুম্বন দাও!
গোপনে একটি চুম্বন চাও!
সাখ তোমারি বিহুগ আমি,
বালা, কাননের কবি আমি,

আমি সারারাত ধরে, প্রাণ, করিয়া তোমারি প্রণয় পান,

স্বে সারাদিন ধরে গাহিব সজনি,

তোমারি প্রণয় গান!

সখি এমন মধ্যে স্বরে আমি গাহিব সে সব গান. দ,রে মেঘের মাঝারে আবরি তন্ ঢালিব প্রেমের তান— তবে---মজিয়া সে প্রেম-গানে চাহিবে আকাশ পানে. সবে ভাবিবে গাইছে অপসর কবি তাবা প্রেরসীর গণেগান। মুখানি তুলিয়া চাও! তবে মুখানি তুলিয়া চাও! স\_ধীরে একটি চুম্বন দাও, নীববে একটি চন্বন চাও। গোপনে

## হরহ্নদে কালিকা

কে তই লো হর-হাদি আলো করি দাঁড়ায়ে. ভিখারির সর্বত্যাগী বুক্খানি মাড়ায়ে? নাই হোথা সূত্র আশা, বিষয়ের কামনা, নাই হোথা সংসারের—পূথিবীর ভাবনা! আছে শুধু ওই রূপে বুক্খানি ভরিয়ে-আছে শুধু ওই রূপে মনে মন মরিয়ে। ব্যক্তর জ্বলন্ত শিরে রক্তরাশি নাচায়ে পাষাণ প্রান্থানি এখনও বাঁচায়ে নাচিছে হৃদয় মাঝে জ্যোত্মায়ী কামিনী, শোণিত তরঙ্গে ছটে প্রক্ষরিত দামিনী। ঘুমায়েছে মনখানা ঘুমায়েছে প্রাণ গো. এক স্বপ্নে ভরা শুখু হদরের স্থান গো! জগতে থাকিয়া আমি থাকি তার বাহিরে. জগৎ বিদ্যুপ ছলে পাগল ভিখারি বলে, তাই আমি চাই হতে আর কিবা চাহি রে! ভিখারি করিব ভিক্ষা বাঘান্বর পরিয়ে বিমোহন র পথানি হৃদিমাঝে ধরিয়ে।

একদা প্রলয় শিক্ষা বাজিয়া রে উঠিবে! অমনি নিভিবে রবি, অমনি মিশাবে তারা অমনি এ জগতের রাশ-রক্জ, ট্রটিবে। আলোক-সর্বস্ব হারা, অন্ধ বত গ্রহ তারা দার্ণ উন্মাদ হয়ে মহা শ্রেনা ছ্রটিবে!

ঘুম হতে জাগি উঠি রক্ত আঁখি মেলিয়া প্রলয় জগৎ লয়ে বেডাইবে খেলিয়া। প্রলয়ের তালে তালে ওই বামা নাচিবে প্রলয়ের তালে তালে এই হ্রাদ ব্যক্তিবে! আঁধার কুন্তল তোর মহা শ্ন্য জুড়িয়া প্রলয়ের কাল ঝডে বেডাইবে উডিয়া! অন্ধকারে দিশাহারা কম্পমান গ্রহ তারা চরণের তলে আসি পডিবেক গ'ড়ায়ে. দিবি সেই বিশ্ব-চূর্ণ নিঃশ্বাসেতে উডায়ে! এমনি রহিব ভব্ধ ওই মথে চাহিয়া-দেখিব হৃদয় মাঝে, কেমনে ও বামা নাচে উন্মাদিনী প্রলয়ের ঘোর গীতি গাহিয়া! জগতের হাহাকার যবে শুরু হইবে. ঘোর শুরু, মহা শুরু, মহা শূন্য রহিবে, আঁধারের সিন্ধ, রবে অনস্তেরে গ্রাসিয়া সে মহান্ জলধির নাই ঊমি নাই তীর সেই শুরু সিন্ধু ব্যাপি রব আমি ভাসিয়া: তখনো র'বি কি তুই এই বৃকে দাঁড়ায়ে. ভাবনা বাসনা হীন এই বুক মাডায়ে?

# ভগ্নতরী

(গাথা)

### প্ৰথম সগ

ডুবিছে তপন, আসিছে আঁধার, দিবা হল অবসান, ঘ্নায় সাঁঝের সাগর, করিয়া কনক-কিরণ পান। অলস লহরী তটের চরণে ঘ্রেম পড়িতেছে ঢুর্নল, এ উহার গায়ে পড়েছে এলায়ে ভাঙ্গাচোরা মেঘগর্নল। কনক-সলিলে লহরী তুলিয়া তরণী ভাসিয়া যায়; উড়িয়াছে পাল, নাচিছে নিশান, বহে অনুকৃল বায়।

শত কণ্ঠ হতে সাঁঝের আকাশে উঠিছে সংখের গাঁত. তালে তালে তার, পড়িতেছে দাঁড় ধর্নতেছে চারি ভিত। বাজিতেছে বীণা, বাজিতেছে বাশি, ব্যাজতেছে ভেরি কত. কেহ দেয় তালি, কেহ ধরে তান. কেহ নাচে জ্ঞানহত। তারকা উঠিছে ফর্টিরা ফর্টিরা. আকাশে উঠিছে শশী, উছলি উছলি উঠিছে সাগর জোছনা পড়িছে খাস। অতি নিরিবিলি, নিরালায় দেখ না মিশিয়া কোলাহলে ললিতা হোথায়, পতি সাথে তার বিস আছে গলে গলে। অজিতের গলে বাঁধি বাহ্মপাশ বুকেতে মাথাটি রাখি. ঢল্ডল ত্নু গ্লগল কথা ত্ৰহ ত্ৰহ দুটি আঁথি। আধো আধো হাসি অধরে জড়িত, স্থের নাহি যে ওর প্রণয়-বিভল প্রাণের মাঝারে লেগেছে ঘুমের ঘোর। পরশিছে দেহ নিশীথের বায়, অতি ধীর মৃদ্ধ-শ্বাসে, লহরীরা আসি করে কলরব তরণীর আশে **পাশে**। মধ্র মধ্র সকলি মধ্র মধ্যুর আকাশ ধরা, মধ্য-রজনীর মধ্যর অধর মধ্য জোছনায় ভরা। যেতেছে দিবস, চলেছে তরণী অনুক্ল বায়, ভরে। ছোট ছোট ঢেউ মাথাগ্ৰলৈ তলি টল মল করি পড়ে। প্রণয়ীর কাল যেতেছে, তুলিয়া শত বরনের পাখা, মুদু বায়ু ভরে লঘু মেঘ যেন সাঁঝের কিরণ মাথা।

আদরে ভাসিয়া গাহিছে অঞ্জিত চাহি ললিতার পানে মরম গলানো সোহাগের গীত আবেশ-অবশ প্রাণে;—

#### গান

পার্গালনী তোর লাগি কি আমি করিব বল্? কোথায় রাখিব তোরে খ'জে না পাই ভূম'ডল! আদরের ধন তুমি আদরে রাখিব আমি আদরিনি, তোর লাগি পেতেছি এ বক্ষম্বল। আয় তোরে বৃকে রাখি, তুমি দেখ আমি দেখি, শ্বানে শ্বাস মিশাইব আঁথিজলে আঁথিজল।

> হরবে কভু বা গাইছে ললিতা অজিতের হাত ধরি, মুখপানে তার চাহিয়া চাহিয়া প্রেমে আখি দুটি ভরি।

#### গান

ওই কথা বল সখা, বল আর বার, ভাল বাসো মোরে তাহা বল বার-বার! কতবার শ্নিয়াছি তব্ভ আবার যাচি, ভাল বাসো মোরে তাহা বল গো আবার!

> সান্ধা দিক বধ্য শুৰু ভয় ভারে. একটি নিশ্বাস পড়ে না তার: ঈশান-গগনে করিছে মন্ত্রণা মিলিয়া অষুত জলদ-ভার। তডিং-ছারিতে বি'ধিয়া বি'ধিয়া ফেলিছে আঁধারে শতধা করি. দার ঝটিকার রথ চক্রব ঘোষিছে অশনি ত্রিলোক ভরি। সহসা উঠিল ঘোর গরজন প্রলয় ঝটিকা আসিছে ছুটে. ছিল্ল মেঘ-জাল দিশ্বিদিকে ধায় र्फिनम जन्म आकृष्टि छेटे। পাগলের মত তরীযাত্রী যত হেথা হোথা ছাটে তরণী 'পরে. ছি'ড়িতেছে কেশ, হানিতেছে ব্ৰুক্ করে হাহাকার কাতর স্বরে।

ছিম্ন-তার বীণা যায় গড়াগড়ি: অধীরে ভাঙ্গিয়া ফেলেছে বাঁশি, ঝটিকার স্বর দিতেছে ডবায়ে শতেক কণ্ঠের বিলাপ রাশি। তরণীর পাশে নীরব অঞ্চিত, ললিতা অবাক হিয়া, মাথাটি রাখিয়া অজিতের কাঁধে রহিয়াছে দাডাইয়া। কি ভয় মরণে, এক সাথে যবে মরিবে দ্র-জনে মিলি? মুকুতা শয়নে সাগরের তলে ঘুমাইবে নিরিবিলি! দুইটি প্রণয়ী বাঁধা গলে গলে কাছাকাছি পাশাপাশি, পশিবে না সেথা দ্বেষ কোলাহল কটিল কঠোর হাসি। **র্যাটকার মাখে হীনবল তরী** করিতেছে টলমল উঠিছে, নামিছে, আছাডি পডিছে ভিতরে পশিছে জল। বাধিল ললিতা অজিতের বাহ দ্ঢ়তর বাহ্ন ডোরে. আদরে অজিত লালত-অধর চমিল হৃদয় ভরে। ললিতা-কপোলে বাহিয়া পডিল नश्रामद खन मारि. নবীন সংখের স্বপন, হায় রে. মাঝখানে গেল টুটি। "আয় সখি আয়," কহিল অজিত হাত ধরাধরি করি---দ্র-জনে মিলিয়া ঝাঁপায়ে পড়িল. আকল সাগর 'পরি।

## বিতীয় সগাঁ

নব-রবি সূর্বিমল কিরণ ঢালিয়া নিশার আঁধার রাশি ফেলিল কালিয়া। ঝটিকার অবসানে প্রকৃতি সহাস, সংযত করিছে তার এলোথেলো বাস।

त्थलारत तथलारत हास्य मार्त्रारे याप्रिनी. মেঘ-কোলে ঘুমাইয়া পড়েছে দামিনী। থেকে থেকে স্বপনেতে চমকিয়া চায়. ক্ষীণ হাসিখানি হেসে আবার ঘুমায়। শান্ত লহরীরা এবে শ্রান্ত পদক্ষেপে তীর-উপ**লে**র 'পরে পড়ে কে'পে কে'পে। দ্বীপের শৈলের শির প্রাবিত করিয়া. অজস্র কনক ধারা পড়িছে ঝরিয়া। মেঘ, দ্বীপ, জল, শৈল, সব স্রেঞ্জিত, সমস্ত প্রকৃতি গায় স্বর্ণ-ঢালা গীত। বহু দিন হতে এক ভগ্নতরী জন করিছে বিজন খীপে জীবন যাপন। বিজনতা-ভারে তার অবসম ব.ক. কত দিন দেখে নাই মান্যের মুখ। এত দিন মৌন আছে না পেয়ে দোসর. শ্রনিলে চমাক উঠে আপনার স্বর। সুরেশ প্রভাতে আজি ছাড়িয়া কুটীর র্ভামতে ত্রামতে এল সাগরের তীর। বিমল প্রভাতে আজি শান্ত সমীরণ ধীরে ধীরে করে তার দেহ আলিঙ্গন। নীরবে ভ্রমিছে কত— একি রে— একি রে স্মুখে কি দেখিতেছি সাগরের তীরে? तृ भरी नन्मा এक त्रस्ट भराम, প্রভাত-কিরণ তার চুমিছে বয়ান: মুদিত নয়ন দুটি, শিথিলিত কায়: সিক্ত কেশ এলোথেলো শুদ্র বালুকায়। প্রতিক্ষণে লহরীরা ঢলিয়া বেলায়. এলানো কুন্তল লয়ে কত না খেলায়। বহু দিন পরে যথা কারামাক্ত জন হর্ষে অধীরিয়া উঠে হেরিয়া তপন, বহু দিন পরে হেরি মানুষের মুখ, উচ্ছবিস উঠিল সংখে সংরেশের বৃক। দেখিল এখনো বহে নিশ্বাস-সমীর. এখনো তৃষার-হিম হয় নি শরীর। যতনে লইল তারে বাহ,তে তুলিয়া. কেশপাশ চারি পাশে পড়িল খুলিয়া। সূক্মার মূখখানি রাখি স্কন্ধোপরে. দ্রত পদে প্রবেশিল কুটীর ভিতরে। কতক্ষণ পরে তবে লভিয়া চেতন. ললিতা সুধীরে অতি মেলিল নয়ন।

দেখিল যুবক এক রয়েছে আসীন. বিশাল নর্ম তার নিমেষ বিহীন; কৃণিত কম্ভল-রাশি গৌর গ্রীবা 'পরে---এলাইয়া পড়ি আছে অতি অনাদরে। চম্কি উঠিল বালা বিস্ময়ে বিহত্ত শর্মে সম্বরে তার শিথিল অঞ্চল। ভয়েতে অবশ দেহ, দুরু দুরু হিয়া— আকুল হইয়া কিছু না পায় ভাবিয়া। সহসা তাহার মনে পডিল সকলি— সহসা উঠিল বসি নব-বলে বলী। স্বেশের মূখ পানে চাহিয়া চাহিয়া. পাগলের মত বালা উঠিল কহিয়া: "কেন বাঁচাইলে মোরে কহ মোরে কহ— দুই প্রণয়ীর কেন ঘটালে বিরহ? অনন্ত মিলন যবে হইল অদ্র— দার হতে ফিরাইয়া আনিলে নিষ্ঠ্র! দয়া কর একট্রক দর্খিনীর প্রতি. দিও না তাপস-বর বাধা এক রতি— মরিব— নিভাব প্রাণ সাগরের জলে. মিলিব স্থার সাথে নীল সিক্ষতলে. উপরে উঠিবে ঝড়— উমি শৈলাকার. নিন্দে কিছু পশিবে না কোলাহল তার!"

## তৃতীয় সগ

মরমের ভার বহি-দার্ণ যাতনা সহি ললিতা সে কাটাইছে দিন। নয়নে নাই সে জ্যোতি—হৃদ্য় অবশ অতি শরীর হইয়া গেছে ক্ষীণ। আল্যথাল্য কেশপাশ, বাঁধিতে নাহিক আশ, উড়িয়া পড়িছে থাকি থাকি। কি করুণ মুখখানি-একটি নাইক বাণী কে'দে কে'দে গ্রান্ত দুটি আখি। যে দিকে চরণ ধায়, সে দিকে চলেছে হায়, কিছুতে ভ্ৰম্পে নাই মনে, গাছের কাঁটার ধার ছি'ডিছে আঁচল তার, লতা-পাশ বাধিছে চরণে। একাকী আপন মনে, দ্রমিতে দ্রমিতে বনে যাইত সে তটিনীর তীরে. লতায় পাতায় গাছে—আঁধার করিয়া আছে. সেই খানে শুইত সুধীরে।

জল কলরব রাশি, প্রাণের ভিতরে আসি ঢালিত কি বিষাদের ধারা। ফাটিয়া যাইত বকে, বাহতে ঢাকিয়া মুখ কাঁদিয়া কাঁদিয়া হত সারা। কানন-শৈলের পায়ে, মধ্যাহে গাছের ছায়ে মলিন অঞ্চলে রাখি মাথা. কত কি ভাবিত হায়—উচ্ছ্রাস উঠিত বায় ঝরিয়া পডিত শুষ্ক পাতা। গভীর নীরব রাতে—উঠিয়া শৈলের মাথে বসিয়া রহিত একাকিনী-তারা-পানে চেয়ে চেয়ে কত-কি ভাবিত মেয়ে. পডিত কি বিষাদ কাহিনী! কি করিলে ললিতার ঘুচিবে হৃদয় ভার, সুরেশ না পাইত ভাবিয়া— কাতর হইয়া কত, যুবা তারে শুধাইত, আগ্রহে অধীর তার হিয়া। "রাথ কথা, শুন সথি, একবার বল দেখি, কি করিব তোমার লাগিয়া? কি চাও, কি দিব বালা, বল গো কিসের জনালা? কি করিলে জ,ড়াবে ও হিয়া?" কর্ণ মমতা পেয়ে-- সুরেশের মুখ চেয়ে অশ্র, উচ্ছর্বসিত দর দরে। ললিতা কাতর রবে রক্ষকণেঠ কহে তবে "সথা গো ভেব না মোর তরে. আমারে দিও না দেখা—বিজনে রহিব একা বিজনেই নিপাতিব দেহ। এ দম জীবন মোর কাদিয়া করিব ভোর. জানিতেও পারিবে না কেহ!" স্রেশ ব্যথিত হিয়া, একেলা বিজনে গিয়া ভাবিত কাদিত আনমনে— প্রাণপণ করি তার, তব্বও ত ললিতার शांतिल ना अध्य विस्माहतन। স্রেশ প্রভাতে উঠি— সারাটি কানন লুটি তুলিয়া আনিত ফুল-ভার ফ্লগ্লি বাছি বাছি, গাঁথি লয়ে মালাগাছি ললিতারে দিত উপহার। নিবারে লইত জল-- তলিয়া আনিত ফল আহারের তরে বালিকার। যতন করিয়া কত-- পর্ণ-শ্য্যা বিছাইত গুছাইত ঘরখানি তার।

শীতের তীব্রতা সহি—তপন কিরণে দহি. করিয়া শতেক অত্যাচার মনের ভাবনা ভরে অবসন্ন কলেবরে পীড়া অতি হল লালিতার। অনলে দহিছে বৃক— শ্কায়ে যেতেছে মৃথ, শাৰু অতি রসনা তৃষায়, নিশ্বাস অনলময়, শয্যা অগ্নি মনে হয়, ছটফট করে যাতনার। ত্যজিয়া আহার পান সারা রাচি দিনমান স,রেশ করিছে তার সেবা. ত্যার্ভ অধরে তার ঢালিছে সলিল ধার. ব্যজন করিছে রাত্রি দিবা। নিশীথে সে রুগ্ন-ঘরে, একটি শিলার 'পরে দীপ-শিখা নিভ নিভ বারে. জ্যোতি অতি ক্ষীণতর, দু পা হয়ে অগ্রসর. অন্ধকারে যেতেছে হারায়ে। আকুল নয়ন মেলি, কাতর নিশাস ফেলি. একটিও কথা না কহিয়া, শিয়রের সন্মিধানে সুরেশ সে মুখ পানে এক দূজ্টে রহিত চাহিয়া। বিকারে ললিতা যত বকিত পাগল মত ছটফট করিত শয়নে— ততই সূরেশ-হিয়া উঠিত গো ব্যাকৃলিয়া, অশ্রহারা পরিত নয়নে। যথনি চেতনা পেয়ে ললিতা উঠিত চেয়ে. দেখিত সে শিয়রের কাছে দ্লান-মুখ করি নত— নিস্তন্ধ ছবির মত স্বেশ নীরবে বসি আছে। মনে তার হত তবে. এ বর্ত্তিদেবতা হবে. অসহায়া অবলা বালারে কর্ণা-কোমল প্রাণে, এ ছোর বিজন স্থানে রক্ষা করে নিশার আঁধারে। অশ্রহারা দরদরি কপোলে পড়িত করি স্রেশের ধরি হাতথানি কৃতজ্ঞতাপ্রণ প্রাণে, আঁখি তুলি ম্খপানে নীরবে কহিত কত বাণী! রোগের অনল-জনালা, সহিতে না পারি বালা করিত সে এ-পাশ ও-পাশ,

হেরিয়ে কর্ণাময় স্রেশের আঁখিদয়—
অনেক যাতনা হত হাস।

ফল মূল অন্বেষণে যুবা যবে যেত বনে একেলা ঠেকিত ললিতার। চাহিত উৎসকে-হিয়া প্রতি শব্দে চমকিয়া সমীরণে নড়িলে দুয়ার। বনে বনে বিহরিয়া- ফুল ফল আহরিয়া-সারেশ আসিত যবে ফিরে--আঁখি পাতা বিম, দিত—অতি মৃদু, উঠাইত হাসিটি উঠিত ফুটি ধীরে। দিন রাত্রি নাহি মানি বনৌষধি তুলি আনি সারেশ করিছে সেবা তার। রোগ চলি গেল ধীরে, বল ক্রমে পেলে ফিরে, সৃস্থ হল দেহ ললিতার। রোগ-শ্যা তেয়াগিয়া—মুক্ত সমীরণে গিয়া, মন-সংখে বনে বনে ফিরি. পাথির সঙ্গতি শূনি - সিন্ধুরে তরঙ্গ গুণি, জীবনে জীবন এল ফিবি।

## চতুর্থ সগ

বসন্ত-সমার আসি, কাননের কানে কানে প্রাণের উচ্চনাস ঢালে নব যৌবনের গানে। এক ঠাঁই পাশাপাশি, ফুটে ফুল রাশি রাশি -গলাগলি ফুলে ফুলে গায়ে গায়ে ঢলাঢলি। খোল প্রতি ফুল 'পরে, স্বরভি-রাশির ভরে শ্রান্ত সমীরণ পড়ে প্রতি পদে টাল টাল। কোথায় ডাকিছে পাখি, খ'জিয়া না পায় আখি বনে বনে চারিদিকে হাসিরাশি বাদাগান। দ্রেগম **শৈল যত, ঢাকা লতা গুলেম** শত তাদের হারত হদে তিলমাত্র নাই স্থান। ললিতার আঁখি হতে শ্কারেছে অগ্রাধার। বসন্ত-গীতের সাথে বাজিছে হদর তার। পরোনো পল্লব তাজি নব-কিশলয়ে যথা চারি দিকে বনে বনে সাজিয়াছে তর্লতা.— তেমনি গো ললিতার হৃদর লতাটি ঘিরে নবীন হরিত-প্রেম বিকশিছে ধীরে ধীরে ললিতা সে সুরেশের হাতে হাত জড়াইয়া বসস্ত হসিত বনে, শ্রমিত হরষ মনে, করুণ চরণক্ষেপে ফুলরাশি মাডাইয়া একটি দুর্গম শৈল সাগরে পড়েছে ঝাকি. অতি ক্লেশে সেথা উঠি, বসিয়া রহিত দুটি, সায়াজ-কির্ণ জলে কবিত গো বিকিমিক।

লহরীরা শৈল 'পরে শৈবালগালির তরে দিনরাতি খ্রদিতেছে নিকেতন শিলাসার। यान-छता गान्यगानि, जीनता भएए द वानि তরক্ষের সাথে সাথে ওঠে পডে শতবার। বিভলা মেদিনীবালা জোছনা-মদিরা পানে হাসিছে সরসীখানি কাননের মাঝখানে. সংরেশ ষতনে অতি বাঁধি তরুশাখাগলে নৌকা নির্মায়া এক সরসে দিয়াছে খুলি,— চডি সে নৌকার 'পরে, জ্যোৎয়া-সপ্র সরোবরে সংরেশ মনের সংখে শ্রমিত গো ফিরি ফিরি. লালতা থাকিত শুয়ে—কোলে তার মাথা থুরে কখন বা মধ্মোখা গান গেরে ধর্ীর ধর্ীর। কখন বা সায়াকের বিষয় কিরণ-জালে, অথবা জোছনা যবে কাঁপে বকলের ডালে. मान, मान, वमत्ख्य जिक्ष मभीवन मानि, সহসা नोनजा-क्रीम आकृति উঠिত यीम-সহসা দুরেক কথা স্মরণে উঠিত জাগি.--সহসা একটি শ্বাস বাহিরিত আনমনে. দুইটি অশ্রুর রেখা দেখা দিত দু-নয়নে:--অমনি সুরেশ আসি ধরি তার মুখখানি কহিত কর্ণ স্বরে কত আদরের বাণী। ম,ছাইত আখিধারা যতন করিয়া অতি শরং মেঘের মত হৃদয়-আঁধার বত মহেতে ছাটিত আর ফাটিত হাসির জ্যোতি। অর্মান সে সুরেশের কাথে মুখ লুকাইয়া আধো কাঁদি আধো হাসি, হদরের ভার-রাশি সোহাগের পারাবারে দিত সব বিসন্ধিরা।

## পশ্বম সূৰ্য

নারিকেল-তর্কুঞ্জে বসিয়া দেহার
একদা সেবিতেছিল প্রভাতের বার;
সহসা দেখিল চাহি প্রাণপণে দাঁড় বাহি
তরণী আসিছে এক সে দ্বীপের পানে,
দেখিয়া দোঁহার হিয়া উঠিল গো উর্থালয়া
বিস্ময় হরম আর নাহি ধরে প্রাণে!
হরমে ভাবিল দোঁহে দেশে যাবে ফিরে,
কুটীর বাঁধিবে এক বিপাশার তীরে।
দ্বম্ব শোক ভূলি গিয়া— একতে দ্বইটি হিয়া
স্থে জীবনের পথে করিবে শ্রমণ
একতে দেখিবে দোঁহে স্থের স্বপন।

উঠিল তরণী 'পরে, অন্ক্ল বায়্ ভরে স্বদেশে করিল আগমন,	
বাঁধিয়া পরণ-শালা ন	ा ज्यानदा (कान व्यवाया
করিতেছে জীব নিঝার কানন নদী	क वाजना
ानवा श कानन नम्।	দ্বীপের কুটীর যদি স্মরণে
তাহাদের সাড়ও	স্থরণে
দ্বিটিতে মগন হয়ে, ফ্রাতে নারিত	অতাতের কথা পরে
ক্রাতে নারত	সারাক্ষণে।
আধ ঘ্মঘোরে প্রাতে শানি বিপাশার	শল্পব-মম র সাথে
শ্বন বিসাশার	করান্ধর—
স্বপনে হইত মনে, শুন্নতেছে নিব	भ्रतास्य वारमन्न वर्ष
শ্বানতেছে বিব	বে-ঝঝর!
দ্বীপের কুটীরখান	কল্পনায় মনে আন
ভাবিত সে শ্ন	া আছে পাড়,
ভগ্ন ভিতে উঠে লতা.	গ্হসজ্জা হেথা হোথা
প্রাঙ্গণে যেতেছে	গড়াগাড়,
হয়ত গো কাঁটাগাছে	এতাদনে ছোরয়াছে
ললিতার সাধের	কান্ন
এত দিনে শাখা জন্ড়ি	ফ্টেছে মালতী কুণিড়
দেখিবার নাই ং	কোন জন।
সেই যে শৈলেতে উঠি নারিকেল কুঞ্জা	্ বসিয়া রহিত দুটি,
ুনারকেল কুঞ্জা	টর কাছে—-
চারিদিকে শিলারাশি. তাহারা তেমনি	ছড়াছড়ি পাশাপাশ
তাহারা তেমান	রাহয়াছে।
মজিয়া কল্পনা-মোহে.	কত কি ভাবিত দৌহে
মাঝে মাঝে উ	ঠত নিশ্বাস,
অতীত আসিত ফিরে	গায়ে যেন ধীরে ধীরে
্লাগিত সে দ্বী	
একদা চাঁদিনী রাতি,	দ্-জনে প্রমোদে মাতি
গেছে এক বিভ	
দ্রমিতে দ্রমিতে তথা,	কহিতে কহিতে কথা
কত দ্রে গেল	
সহসা সে বিভাবরী	আইল আঁধার করি—
গগনে উঠিল বে	মঘরাশি,
পথ নাহি দেখা যায়,	ক্ষণে ক্ষণে ঝলকার
বিদ্যুতের পরি	হাস-হাসি।
বিদ্যুতের পরি প্রতি ব <b>ন্তু গরজনে</b> ,	ললিতা শব্দিত মনে
স্রেশে জড়ায়	দ ঢতর।
অবসায় পদ তায়,	প্রতি পদে বাধা পাষ
তরাসেতে তন	থর থর।

ৰ্যালল বিদ্যাৎ-শিখা ভন্ম এক অট্রালিকা অদ্রেতে প্রকাশিল তথা-মুমুর্য আলোক ধার কক্ষ এক হতে তার. কহে কি রহস্যমর কথা! চলিল আলয় পানে দোহে আশ্বাসিত প্রাণে. সহসা জাগিল নীরবতা. উঠিল সঙ্গীত-স্বর. বালার হৃদয় 'পর श्रदिशिक मृ-এकिं कथा--"পাৰ্গালনী তোর লাগি কি আমি করিব বল কোথার রাখিব তোরে খুকে না পাই ভূম-ডল।" কাঁপিছে বালার বৃক, নীল হয়ে গেছে মুখ কপোলে বহিছে ঘর্মজল— ঘারিছে মন্ত্রক তার চরণ চলে না আর শরীরে নাইক বিন্দ্র-বল। তব্ৰুও অবশ মনে অলক্ষিত আকর্ষণে र्চामन स्म जीवन वानस्स খুলি এক জীণ দ্বার অঙ্গন হইয়া পার গ্রে পদাপিল ভয়ে ভয়ে। দীপ মিট্ মিট্ করে ভগ্ন ইন্টকের 'পরে. বিদ্যাৎ ঝলকে বাতায়নে, ভেদি গৃহ-ভিত্তি যত বটম্ল শত শত হেথা হোথা পড়িছে নয়নে। বিছানো শত্নকানো পাতা, শত্নের আছে রাখি মাথা, প্রুষ একটি শ্রান্ত-কার. অতি শীর্ণ দেহ তার এলোথেলো জ্ঞটাভার. মুখনী বিবর্ণ অতি ভার। জ্যোতিহীন নেত্র তাঁর: পাতাটিও তলিবার নাই ষেন আখির শক্তি: দ্বারে শুনি পদ্ধরনি হৃদয়ে বিস্ময় গণি তুলে মুখ ধীরে ধীরে অতি। সহসা নয়নে তার জ্বলিল অনল সহসা মুহুতে তরে দেহে এল বল। "ললিতা" "ললিতা" বলি করিয়া চীংকার---দ্র-পা হয়ে অগ্রসর-কম্পবান কলেবর শ্রান্ত হয়ে ভূমিতলে পড়িল আবার। কর্ণ নয়নে অতি লালতা মুখের প্রতি অজিত রহিল স্তব্ধ একদুর্ভে চাহি: দীপশিখা অতি স্থির— ভ্রম গৃহ স্থভীর, চারিদিকে একটাকু সাডাশব্দ নাহি।

দুই হাতে আঁখি চাপি, ধর ধর কাঁপি কাঁপি ম্ছিরা ললিতা বালা পড়িল অমনি; বাহিরে উঠিল ঝড়, গজিল অশনি; জীর্ণ গৃহ কাঁপাইয়া—ভন্ম বাতারন দিয়া প্রবেশিল বায়্চ্ছন্স গৃহের মাঝারে, নিভিল প্রদীপ,—গৃহ প্রিল আঁধারে।

## পথিক

(প্রভাতে)

উঠ জাগ তবে—উঠ জাগ সবে— হের ওই হের, প্রভাত এসেছে স্বরণ-বর্ন গো! নিশার ভীষণ প্রাচীর আঁধার শতধা শতধা করিয়া বিদার— তর্ণ বিজয়ী তপন এসেছে অরুণ চরণ গো! মাথায় বিজয় কিরীট জনলিছে. গলায় বিজয় কিরণ-মাল, বিজয়-বিভায় উজলি উঠেছে. বিজয়ী রবির তরুণ ভাল! উষা নব-বধ্ দাঁড়াইয়া পাশে, গরবে, শরমে, সোহাগে, উলাসে, মৃদ্য মৃদ্য হেসে সারা হল ব্রাঝ, ব্রবিধবা শরম রহে না তার: আঁখি দুটি নত, কপোলটি রাঙা, পদতলে শ্য়ে মেঘ ভাঙা ভাঙা, অধর ট্রটিয়া পড়িছে ফর্টিয়া হাসি সে বারণ সহে না আর! এস এস তবে—ছুটে যাই সবে. কর কর তবে ছরা, এমন বহিছে প্রভাত বাতাস. এমন হাসিছে ধরা! সারা দেহে যেন অধীর পরান কাপিছে সঘনে গো. অধীর চরণ উঠিতে চায়, অধীর চরণ ছুটিতে চার অধীর হাদর মম প্রভাত বিহুগ সম

নব নব গান গাহিতে গাহিতে অরুণের পানে চাহিতে চাহিতে উডিবে গগনে গো! ছুটে আয় তবে, ছুটে আয় সবে, অতি দরে— দরে যাব. করতালি দিয়া সকলে মিলিয়া কত শত গান গাব! কি গান গাইবে? কি গান গাইব! যাহা প্রাণ চায় তাহাই গাইব. গাইব আমরা প্রভাতের গান. হদয়ের গান,— জীবনের গান, ছুটে আয় তবে— ছুটে আয় সবে. অতি দ্রে— দ্রে যাব! কোথায় যাইবে? কোথায় যাইব! জানি না আমরা কোথায় যাইব. স্মুখের পথ বেথা লয়ে বায়, কুসমুম কাননে, অচল শিখরে, নিঝর যেথায় শত ধারে ঝরে. মণি-মুকুতার বিরল গুহার— স্মাথের পথ ষেথা লয়ে যায়! দেখ—চেয়ে দেখ— পথ ঢাকা আছে কুসমে রাশিতে রে. কুস্মুম দলিয়া— যাইব চলিয়া হাসিতে হাসিতে রে! यहल कोंगे आছে? करें! कोंगे करें! कांगे नारे- नारे- नारे. এমন মধ্য় কুসুমেতে কাঁটা কেমনে থাকিবে ভাই! কাটা থাকে ভূলে যদিও বা ফুলে তাহাতে কিসের ভর! ফ\_লেরি উপরে ফোলব চরণ কাটার উপরে নয়। ত্বা করে আয় ত্বরা করে আয়, **यारे ट्याता यारे छन**्। বহিয়া চলিছে নিঝর যেমন হরষেতে টলমল. নাচিছে, ছুটিছে, গাহিছে, থেলিছে, শত আঁখি তার প্লকে জনলিছে, দিনরাত নাই কেবলৈ চলিছে. হাসিতেছে খল খল!

তর্ণ মনের উছাসে অধীর ছুটেছে যেমন প্রভাত সমীর: ছটেছে কোথার?—কে জানে কোথায়! তেমনি তোরাও আর ছুটে আর. তেমনি হাসিয়া— তেমনি খেলিয়া প্লেক-উজল নয়ন মেলিয়া. হাতে হাতে বাঁধি করতালি দিয়া গান গেন্তে যাই চল। আমাদের কভ হবে না বিরহ, এক সাথে মোরা রব অহরহ, এক সাথে মোরা করিব গমন, সারা পথ মোরা করিব ভ্রমণ, বহিছে এমন প্রভাত প্রবন হাসিছে এমন ধরা! যে যাইবি আয়— যে থাকিবি থাক— যে আসিবি— কর ছরা ।

আমি যাব গো!---প্রভাতের গান আর জীবনের গান দেখি বদি পারি তবে আমি গাব গো. আমি যাব গো! যদিও শকতি নাই এ দীন চরণে আর. যদিও নাইক জ্যোতি এ পোডানয়নে আর. শরীর সাধিতে নারে মন মোর যাহা চায়-শতবার আশা করি শতবার ভেঙ্গে যায়: আমি ধাব গো! সারারাত বসে আছি আখি মোর অনিমেষ। প্রাণের ভিতর দিকে চেয়ে দেখি অনিমিখে. চারিদিকে যৌবনের ভগ্ন জীর্ণ অবশেষ। ভন্ন আশা— ভন্ন সূত্র— ধ্রিমাথা জীণ সমৃতি। সামান্য বায়ার দাপে ভিত্তি থর থর কাঁপে. একটি আর্ঘটি ইণ্ট খসিতেছে নিতি নিতি: আমি বাব গো! নবীন আশায় মাতি পথিকেরা বায় কত গান গায়!--এ ভদ্ম প্রমোদালয়ে পশে সরে ভয়ে ভরে প্রতিধরনি মুদ্রল জাগার, তারা ভগ্ন ঘরে ঘরে ঘরিয়া বেড়ায়।

তখন নয়ন মুদি কত স্বপ্ন দেখি!
কত স্বপ্ন হায়!

কত দীপালোক— কত ফাল— কত পাখি!
কত স্থামাখা কথা, কত হাসিমাখা অ্থি!
কত প্রাতন স্বর কে জানে কাহারে ডাকে!
কত কচি হাত এসে খেলে এ পলিত কেশে,
কত কচি রাঙ্গা মুখ কপোলে কপোল রাখে!

কত স্বপ্ন হায়! হদয় চমকি উঠি চারিদিকে চায়, দেখে গো কৎকালরাশি হেথায় হোথায়!

যে দীপ নিভিন্না গেছে—
সে ফ্ল শ্বায়ে গেছে—
সে পাথি মরিরা গেছে—
স্থামাথা কথাগুলি চিরতরে নীর্রাবত,
হাসিমাথা আথিগুলি চিরতরে নিমালিত।

আমি যাব গো! দেখি যদি পারি তবে প্রভাতের গান আমি গাব গো!

এ ভন্ন বীণার তন্ত্রী ছি'ড়েছে সকল আর—
দুটি বুঝি বাকি আছে তার!

এখনো প্রভাতে যদি হর্রাষত প্রাণ এ বীণা বাজাতে যাই— চর্মাক শর্মানতে পাই সহসা গাহিয়া উঠে ষোবর্মোর গান

সেই দুটি তার। টুটে গেছে ছি'ড়ে গেছে বাকি ষত আর। যুগ-যুগান্তের এই শুষ্ক জীর্ণ গাছে

দুটি শাখা আছে: এখনো যদি গো শানে বসস্ত পাথির গাঁত. এখনো পরশে যদি বসস্ত মলয় বায়.

> দ্ব-চারিটি কিশলয় এখনো বাহির হয়,

এখনো এ শাহুক শাখা হেসে উঠে মাকুলিত, একটি ফালের কুণিড় ফাটিয়া উঠিতে চায়, ফাটো-ফাটো হয় যবে ঝরিয়া যায়। এ ভগ্ন বীণার দাটি ছিল্লশেষ ভারে

পরশ করেছে আজি গো—
নব-যোবনের গান ললিত রাগিণী
সহসা উঠেছে বাজি গো—

এই ভগ্ন ঘরে ঘরে প্রতিধর্নন খেলা করে.

\*মশানেতে হাসিম্খ শিশ্বটির প্রার,
লইয়া মাধার ছালি আধ্বস্থাতা অস্থিয়ালি

লইয়া মাথার খালি, আধ-পোড়া অস্থিগালি, প্রমোদে ভদেমর 'পরে ছাটিয়া বেড়ায়। তোমরা তর্ণ পাখি উড়েছ প্রভাতে সকলে মিলিয়া এক সাথে এ পাখি এ শৃত্ত শাখে একেলা কেমনে থাকে! সাধ— তোমাদেরি সাথে যায়--সাধ— তোমাদেরি গান গায়: তর্ণ কপ্তের সাথে এ প্রানো কণ্ঠ মোর वािकरव ना भारत? ना इस नौतरव व्रव- ना इस कथा ना कव শ্রনিব তোদেরি গান এ প্রবণ পরে। এই ছিল্ল জীর্ণ পাখা বিছায়ে গগনে যাব প্রাণপণে: পথমাঝে শ্রান্ত যদি হই অতিশয় তবে— দিস রে আগ্রর। পথে যে কণ্টক আছে কি ভাবিলি তার? কত শাুষ্ক জলাশয়, কত মাঠ মর্ময়, পর্ব ত-শৈখর-শায়ী বিস্তৃত তৃষার। কত শত বক্রগতি নদী খরস্রোত অতি. ঘ্রারছে দার্ণ বেগে আবর্তের জল, হা দুৰ্বল তুই তার কি ভার্বিল বল? ভাবিয়া ত কাটার্মেছি সারাটি জীবন. ভাবিতে পারি না আর জীবন দর্বহ ভার; সহিব এ পোড়া ভালে যা আছে লিখন। যদি প্রতি পদে পদে অদ্ভেটর কাঁটা বি'ধে, প্রতি কটাৈ তলে তলে কত আর চলি! না হয় চরণে বি ধি মরিব গো জরল। আমি বাব গো!

### (মধ্যাহ্ন)

"আর কত দ্র ?" "বত দ্র হোক্
দ্বা চল সেই দেশ।
বিলম্ব হইলে আজিকার দিনে
এ যাত্রা হবে না শেষ।"
"এ শ্রান্ত চরণে বি'ধিয়াছে বড়
কণ্টক বিষম গো।"
"প্রথম তপন হানিছে কিরণ
অনলের সম গো।"
"ছি ছি ছি সামান্য শ্রমেতে কাতর
করিছ রোদন কেন!
ছি ছি ছি সামান্য বাথায় অধীর
শিশ্বর মতন হেন!"

'থাহা ভেবেছিন, সকাল বেলায় কিছুই তাহা যে নয়।" "তাহাই বলে কি আধ পথ হতে ফিরে যেতে সাধ হয়?" "তবে চল ঘাই— যত দ্র হোক্ ত্বরা চল সেই দেশ--বিলম্ব হইলে আজিকার দিনে এ যাতা হবে না শেষ।" "বল দেখি তবে এই মরুময় পথের কি শেষ আছে? পাব কি আবার শ্যামল কানন. খন ছায়াময় গাছে?" "হয়ত বা পাবে—হয়ত পাবে না, হয়ত বা আছে— হয়ত নাই!" "ওই যে স্দ্রে দ্র-দিগন্তরে শ্যামল কানন দেখিতে পাই।" 'শ্যামল কানন— শ্যামল কানন— ওই যে গো হেরি শামল কানন— চল, সবে চল, হসিত আনন, চল ত্বরা চল--- চল গো যাই!" "ও বে মরীচিকা";— "ও কি মরীচিকা?" "মরীচিকা?" "তাই হবে!" 'বল, বল মোরে, এ দীর্ঘ পথের শেষ কোন খানে তবে?"

অবশ চরণ হেন উঠিতে চাহে না ষেন—
পারি না বহিতে দেহ ভার।
এ পথের বাকি কত আর?
কেন চলিলাম?
সে দিনের যত কথা কেন ভূলিলাম?
ছেলেবেলা এক দিন আমরাও চলেছিন—
তর্গ আশার মাতি আমরাও বলেছিন—
"সারা পথ আমাদের হবে না বিরহ,
মোরা সবে এক সাথে রব অহরহ।"
অর্ধপথে না ষাইতে যত বালা-স্যা
কে কোথার চলে গেল না পাইন্ দেখা।
শ্রান্ত পদে দীর্ঘ-পথ শ্রমিলাম একা।
নিরাশা-প্রেতে গিরা সে বালা করেছি শেষ,
প্ন কেন বাহিরিন্ শ্রমিতে ন্তন দেশ?

ভগ্ন-আশা-ভিত্তি 'পরে নব-আশা কেন গড়িতে গেলাম হায়, উনমাদ হেন? আঁধার কবরে সেথা মৃত ঘটনার কৎকাল আছিল পড়ে, স্মৃতি নাম যার। এক দিন ছিল যাহা তাই সেথা আছে. এক দিন ফুটেছিল যে ফ্ল সকল তারি শুক্ত দল.

তারি শহুষ্ক দল, এক দিন যে পাদপ তুর্লোছল মাথা

তারি শহুক পাতা, এক দিন যে সংগীত জাগাত রজনী তারি প্রতিধর্নন,

যে মঙ্গল ঘট ছিল দ্বুয়ারের পাশ তারি ভগ্ন রাশ!

সে প্রেত-ভূমিতে আমি ছিন্ রাত্রি দিন প্রেত-সহচর!

কেহ বা সমুখে আসি দাঁড়ায়ে কাঁদিত শীর্ণ-কলেবর।

কেহ বা নীরবে আসি পাশেতে বাসিয়া.

দিন নাই রাত্তি নাই—নয়নে পলক নাই—
শুখু বসে ছিল এই মুখেতে চাহিয়া।
সন্ধ্যা হলে শুইতাম— দীপহীন শুনা ঘর:
কেহ কালে— কেহ হাসে—

কেহ পার— কেহ পাশে—
কেহ বা শিররে বসে শত প্রেভ সহচর!
কেহ শত সঙ্গী লয়ে, আকাশ মাঝারে রয়ে
ভাব-শ্না স্তব্ধ মুখে করিত গো নেগ্রপাত—
এমনি কাটিত দিন এমনি কাটিত রাত!
কেন হেন দেশ তাজি আইলাম হা—রে—
ফুরাত জীবন-দিন চিন্তাহীন, ভ্রহীন,
মরিয়া গো রহিভাম মৃত সে সংসারে,
মৃত আশা, মৃত সুখ, মুতের মাঝারে!
আবার ন্তন করি জীবনের খেলা
আরম্ভ করিতে কি গো সময় আমার?
ফুরায়ে গিয়েছে খবে জীবনের বেলা
প্রভাতের অভিনয় সাজে কি গো আর?

তবে কেন চলিলাম?
সে দিনের যত কথা কেন ভূলিলাম?
এখন ফিরিতে নারি, অতি দ্রে— দ্র পথ.
সমুখে চলিতে নারি শ্রান্ত দেহ জড়বং।
হে তর্ণ পান্থগণ, ষেওনাকো আর,
শ্রান্ত হইয়াছি বড বসি একবার।

ছায়া নাই, জল নাই, সীমা দেখিতে না পাই, অতি দ্র— দ্রে পথ— বসি একবার।

"আর কত দ্র?" "যত দ্র হোক্. ত্বরা চল সেই দেশ। বিলম্ব হইলে আজিকার দিনে এ যাতা হবে না শেষ।" "কোথা এর শেষ?" "ষেথা হোকানাক তবৃও যাইতে হবে. পথে কাঁটা আছে শ্বধ্ব ফ্লেনহে তাহাও জানিও সবে! হয়ত যাইব কুস,ম-কাননে, হয়ত যাইব না: হয়ত পাইব পূর্ণ জলাশয়. হয়ত পাইব না। এ দরে পথের অতিশেষ সীমা হয়ত দেখিতে পাব--হয়ত পাব না, ভূলি যদি পথ কে জানে কোথায় যাব! শ্রনিলে সকল, এখন তোমরা কে যাইবে মোর সাথ। যে থাকিবে থাক, বে যাইবে এস---ধর সবে মোর হাত। দিন যায় চলে, সন্ধ্যা হল বলে. অধিক সময় নাই. বহু, দুরে পথ রহিয়াছে বাকি. চল ত্বা করে যাই।" "ওপথে যাব না, মিছা সব আশা, হইব উত্তর গামী।" "দক্ষিণে যাইব" "পশ্চিমে যাইব" "প্রেবে যাইব আমি।" 'বে যাইবে যাও, ষে আসিবে এস. চল ত্বরা করে যাই। দিন যায় চলে, সন্ধ্যা হল বলে, অধিক সময় নাই।"

যেও না ফেলিয়া মোরে, যেওনাকো আর: মৃহ্তের তরে হেখা বিস একবার। ছায়া নাই, জল নাই, সীমা দেখিতে না পাই. যেও না, বড়ই শ্লান্ড এ দেহ আমার। "চলিলাম তবে, দিন যায় যায়, হইন্ন উত্তর গামী।" "দক্ষিণে চলিন্ন" "পশ্চিমে চলিন্ন" "প্রেবে চলিন্ন আমি।" "যে থাকিবে থাক, যে আসিবে এস, মোরা দ্বরা করে যাই। দিন যায় চলে, সন্ধ্যা হল বলে, অধিক সময় নাই।"

হাসিতে হাসিতে প্রাতে আইন, সবার সাথে, সায়াহে সকলে তেয়াগল। দক্ষিণে কেহ বা যায়, পশ্চিমে কেহ বা যায়. কেহ বা উত্তরে চলি গেল। চোদিকে অসীম মরু, নাই তুণ, নাই তরু, দার্ণ নিশুক চারিধার. পথ ঘোর জনহীন. মরিয়া যেতেছে দিন. চুপি চুপি আসিছে আধার। অনল-উত্তপ্ত ভূ'য়ে নিম্পন্দ রয়েছি শুরে. অনাব্ত মাথার উপর। সঘনে ঘারিছে মাথা, মাদে আসে আঁখি পাতা, অসাড দূর্বল কলেবর। কেন চলিলাম? সহসা কি মদে মাতি আপনারে ভলিলাম? দক্ষিণা-বাতাস বহা ফ্রায়েছে এ জীবনে. হৃদয়ে উত্তর বায় করিতেছে হায় হায়---আমি কেন আইলাম বসস্তের উপবনে? জানিসু কি হৃদয় রে. শীতের সমাধি 'পরে বসন্তের কুস্মে-শয়ন? নিশার চিতায় হয় অরুণ-কিরণময় প্রভাতের নয়ন মেলন? যৌবন-বীণার মাঝে আমি কেন থাকি আর. মলিন, কলঙ্ক-ধরা একটি বেসারা তার! কেন আর থাকি আমি বোবনের ছন্দ মাঝে. নিরর্থ অমিল এক কানেতে কঠোর বাজে! আমার আরেক ছন্দ, আমার আরেক বীন, সেই ছন্দে এক গান বাজিতেছে নিশি দিন। সন্ধ্যার আঁধার আর শীতের বাতাসে মিলি সে ছন্দ হয়েছে গাঁথা মরণ কবির হাতে: সেই ছন্দ ধর্নিতেছে হৃদয়ের নিরিবিল, সেই ছন্দ লিখা আছে হৃদরের পাতে পাতে।

তবে কেন চলিলাম? সহসা কি মদে মাতি আপনারে ভূলিলাম! তবে যত দিন বাঁচি রহিব হেথায় পডি: এক পদ উঠিব না মরি ত হেথায় মরি। প্রভাতে উঠিবে রবি, নিশাথে উঠিবে তারা, পড়িবে মাথার 'পরে রবিকর ব্রন্টিধারা। হেথা হতে উঠিব না, মৌনব্রত টুটিব না, চরণ অচল রবে, অচল পাষাণ পারা। দেখিস, প্রভাত কাল হইবে যখন, তরুণ পথিক দল করি হর্ষ-কোলাহল সমাথের পথ দিয়া করিবে গমন. আবার নাচিয়া যেন উঠে না রে মন! উল্লাসে অধীর-হিয়া দুখ প্রান্তি ভূলি গিয়া আর উঠিস্না কভু করিতে দ্রমণ। প্রভাতের মুখ দেখি উনমাদ হেন ভালস নে—ভালস নে—সায়াহেরে ষেন!

## সংযোজন

## অভিলায

## খাদশ বৰ্ষীয় বালকের রচিত

5

জন মনো মৃদ্ধ কর উচ্চ অভিলাব! তোমার বন্ধর পথ অনস্ত অপার। অতিক্রম করা যায় যত পাল্থশালা, তত যেন অগ্রসর হতে ইচ্ছা হয়।

3

ভোমার বাঁশরি স্বরে বিমোহিত মন— মানবেরা, ঐ স্বর লক্ষ্য করি হার, যত অগ্রসর হয় ততই যেমন কোথায় বাজিছে ভাহা বুঝিতে না পারে।

O

চালল মানব দেখ বিমোহিত হয়ে, পর্বতের অত্যুন্তত শিখর লাজ্যিয়া, তুচ্ছ করি সাগরের তরঙ্গ ভীষণ, মর্র পথের ক্লেশ সহি অনায়াসে।

8

হিম ক্ষেত্র, জন-শ্না কানন, প্রান্তর, চলিল সকল বাধা করি অতিক্রম। কোথায় যে লক্ষ্যন খ'জিয়া না পায় ব্যিতে না পারে কোথা বাজিছে বাঁশরি।

6

ঐ দেখ ছ্বিটয়াছে আর এক দল লোকারণ্য পথ মাঝে সুখ্যাতি কিনিতে; রণক্ষেত্রে মৃত্যুর বিকট মুর্তি মাঝে, শমনের দ্বার সম কামানের মুখে।

6

ঐ দেখ প্রেকের প্রাচীর মাঝারে দিন রাত্রি আর স্বাস্থ্য করিতেছে ব্যয়। পহঃছিতে তোমার ও দ্বারের সম্মুখে লেখনীরে করিয়াছে সোপান সমান।

9

কোথায় তোমার অস্ত রে দ্বেভিলাষ "স্বর্ণ অট্টালিকা মাঝে?" তা নয় তা নয়। "স্বর্ণ খনির মাঝে অস্ত কি তোমার?" তা নয় যমের দ্বারে অস্ত আছে তব।

۴

তোমার পথের মাঝে, দুষ্ট অভিলাষ, ছুটিয়াছে, মানবেরা সন্তোষ লভিতে। নাহি জানে তারা ইহা নাহি জানে তারা, তোমার পথের মাঝে সস্তোষ থাকে না।

3

নাহি জানে তারা হায় নাহি জানে তার দরিদ্র কুটীর মাঝে বিরাজে সস্তোষ। নিরজন তপোবনে বিরাজে সস্তোষ। পবিত্র ধর্মের দ্বারে সস্তোষ আসন।

20

নাহি জানে তারা ইহা নাহি জানে তারা তোমার কুটিল আর বন্ধর পথেতে সন্তোষ নাহিক পারে পাতিতে আসন। নাহি পশে স্থাকির আঁধার নরকে। >>

তোমার পথেতে ধার স্থের আশরে নির্বোধ মানবগণ স্থের আশরে; নাহি জানে তারা ইহা নাহি জানে তারা কটাক্ষও নাহি করে স্থ তোমা পানে।

25

সন্দেহ ভাবনা চিন্তা আশব্দা ও পাপ এরাই তোমার পথে ছড়ান কেবল এরা কি হইতে পারে স্থের আসন এসব জঞ্জালে স্থ তিষ্ঠিতে কি পারে।

50

নাহি জানে তারা ইহা নাহি জানে তারা নির্বোধ মানবগণ নাহি জানে ইহা পবিত ধর্মের ঘারে চিরস্থায়ী সূখ পাতিয়াছে আপনার পবিত্ত আসন।

>8

ঐ দেখ ছ্বিটিয়াছে মানবের দল তোমার পথের মাঝে দ্বন্ট অভিলাষ হত্যা অন্বতাপ শোক বহিয়া মাথায় ছুটেছে তোমার পথে সন্দিদ্ধ হদয়ে।

24

প্রতারণা প্রবঞ্চনা অত্যাচারচয় পথের সম্বল করি চলে দুত পদে তোমার মোহন জালে পড়িবার তরে। ব্যাধের বাঁশিতে যথা মূগ পড়ে ফাঁদে।

>6

দেখ দেখ বোধহীন মানবের দল তোমার ও মোহমরী বাঁশরির স্বরে এবং তোমার সঙ্গী আশা উত্তেজনে পাপের সাগরে ডুবে মুক্তার আশরে।

রোদ্রের প্রথর তাপে দরিদ্র কৃষক ঘর্ম-সিক্ত কলেবরে করিছে কর্ষণ দেখিতেছে চারিধারে আনন্দিত মনে সমস্ত বর্ষের তার শ্রমের ষে ফল।

7 k

দর্রাকাৎক্ষা হায় তব প্রলোভনে পঞ্চি কর্ষিতে কর্ষিতে সেই দরিদ্র কৃষক তোমার পথের শোভা মনোময় পটে চিগ্রিতে লাগিল হায় বিমুদ্ধ হদয়ে।

22

ঐ দেথ আঁকিয়াছে হৃদয়ে তাহার শোভাময় মনোহর অট্টালকারাজি হীরক মাণিকা পূর্ণ ধনের ভান্ডার নানা শিল্প পরিপূর্ণ শোভন আপণ।

20

মনোহর কুঞ্জবন সূথের আগার শিল্প পারিপাটা যুক্ত প্রমোদ ভবন গঙ্গা সমীরণ রিন্ধ পঞ্জীর কানন প্রজা পূর্ণ লোভনীয় বৃহৎ প্রদেশ।

52

ভাবিল মুহুর্ত তরে ভাবিল কৃষক সকলি এসেছে যেন তারি অধিকারে ভাবি ঐ বাড়ি ঘর তারি ও ভান্ডার তারি অধিকারে ঐ শোভন প্রদেশ।

25

মহুতে কি পরে তার মহুতে কি পরে লীন বল চিত্রচয় চিত্তপট হোতে ভাবিল চমকি উঠি ভাবিল তথন "আছে কি এমন সুখ আমার কপালে?"

"আমাদের হায় যত দ্বাকাঞ্চা চর
মানসে উদয় হয় মহেতেরি তরে
কার্যে তাহা পরিণত না হতে না হতে
হৃদয়ের ছবি হায় হৃদয়ে মিশায়।"

#### \$8

ঐ দেখ ছ্বিটিয়াছে তোমার ও পথে রক্ত মাখা হাতে এক মানবের দল সিংহাসন রাজ-দশ্ড ঐশ্বর্য মৃক্ট প্রভূষ রাজম্ব আর গৌরবের তরে।

### 36

ঐ দেখ গাঁপু হত্যা করিয়া বহন চালতেছে অঙ্গালির 'পরে ভর দিরা চুপি চুপি ধারে ধারে অলক্ষিত ভাবে তলবার হাতে করি চালিয়াছে দেখ।

### 26

হত্যা করিতেছে দেখ নিদ্রিত মানবে স্থের আশরে বৃথা স্থের আশরে ঐ দেখ ঐ দেখ রক্তমাখা হাতে ধরিয়াছে রাজদশ্ড সিংহাসনে বসি।

## 29

কিন্তু হার স্থা লেশ পাবে কি কখন? স্থা কি তাহারে করিবেক আলিজন? স্থা কি তাহার হদে পাতিবে আসন? স্থা কভূ তারে কিগো কটাক্ষ করিবে?

#### ₹4

নরহত্যা করিয়াছে যে স্থের তরে যে স্থের তরে পাপে ধর্ম ভাবিয়াছে ব্লি বন্ধ সহ্য করি যে স্থের তরে ছাটিয়াছে আপনার অভীক সাধনে?

কখনই নয় তাহা কখনই নয় পাপের কি ফল কভু সুখ হতে পারে পাপের কি শান্তি হয় আনন্দ ও সুখ কখনই নয় তাহা কখনই নয়।

90

প্রজন্তিত অন্তাপ হ্তাশন কাছে বিমল স্থের হায় ক্লিফ্ক সমীরণ হ্তাশন সম তপ্ত হয়ে উঠে যেন তথনও কি স্থ কভু ভাল লাগে আর।

05

নরহত্যা করিয়াছে যে স্থের তরে যে স্থের তরে পাপে ধর্ম ভাবিয়াছে ছটেছে না মানি বাধা অভীষ্ট সাধনে মনস্তাপে পরিণত হয়ে উঠে শেষে।

02

হৃদয়ের উচ্চাসনে বসি অভিলাষ মানবদিগকে লয়ে চ্রীড়া কর তুমি কাহারে বা তুলে দাও সিদ্ধির সোপানে কারে ফেল নৈরাশ্যের নিষ্ঠার কবলে।

90

কৈকেয়ী হৃদয়ে চাপি দৃষ্ট অভিলাষ! চতুর্দশ বর্ষ রামে দিলা বনবাস, কাড়িয়া লইলে দশরথের জীবন, কদিলে সীতায় হায় অশোক কাননে।

08

রাবণের স্থময় সংসারের মাঝে শান্তির কলেস এক ছিল স্বক্ষিত ভাঙ্গিল হঠাৎ তাহা ভাঙ্গিল হঠাৎ তুমিই তাহার হও প্রধান কারণ।

দ্বেশ্বাধন চিত্ত হায় অধিকার করি অবশেষে তাহারেই করিলে বিনাশ পান্ডু প্রতগণে তুমি দিলে বনবাস পান্ডবাদগের হুদে ক্রোধ জ্বালি দিলে।

05

নিহত করিলে তুমি ভীষ্ম আদি বীরে কুর্ক্ষের রক্তময় করে দিলে তুমি কাঁপাইলে ভারতের সমস্ত প্রদেশ পাশ্ডবে ফিরায়ে দিলে শ্ন্য সিংহাসন।

99

বাল না হে অভিলাষ তোমার ও পথ পাপেতেই পরিপ্র পাপেই নির্মিত তোমার কতকগর্বল আছয়ে সোপান কেহ কেহ উপকারী কেহ অপকারী।

OR

উচ্চ অভিলাষ! তুমি যদি নাহি কভু বিস্তারিতে নিজ পথ প্রথিবী মণ্ডলে তাহা হলে উন্নতি কি আপনার জ্যোতি বিস্তার করিত এই ধরাতল মাঝে?

03

সকলেই যদি নিজ নিজ অবস্থায়
সন্তুষ্ট থাকিত নিজ বিদ্যা ব্যক্ষিতেই
তাহা হলে উন্নতি কি আপনার জ্যোতি
বিশ্বার করিত এই ধরাতল মাঝে?

# হিন্দুমেলার উপহার

5

হিমাদ্রি শিখরে শিলাসন 'পরি গান ব্যাস-ঝিষ বাঁণা হাতে করি— কাঁপায়ে পর্বতি শিখর কানন, কাঁপায়ে নীহার-শীতল বায়।

₹

শুক শিখর শুক্ক তর্নতা. শুক্ক মহীর্হ নড়েনাক পাতা। বিহগ নিচয় নিশুক্ক অচল, নীরবে নিঝার বহিয়া যায়।

٥

প্রেণিমা রাত—চাঁদের কিরণ — রজতধারায় শিখর, কানন, সাগর উরমি, হরিত প্রান্তর, প্রাবিত করিয়া গড়ায়ে যায়।

8

ঝংকারিয়া বীণা কবিবর গায়, কেনরে ভারত কেন তুই, হায়, আবার হাসিস্! হাসিবার দিন আছে কি এখনো এ ঘোর দঃখে।

¢

দেখিতাম ধবে ধম্নার তীরে, প্রিমা নিশীথে নিদাঘ সমীরে, বিশ্রামের তরে রাজা ধ্রিধিন্ঠির, কাটাতেন সূথে নিদাঘ নিশি। ŧ

তখন ও হাসি লেগেছিল ভাল, তখন ও বেশ লেগেছিল ভাল, শ্মশান লাগিত স্বরগ সমান, মর্বু উরবরা ক্ষেতের মত।

9

তখন প্রিমা বিতরিত স্থ, মধ্র উষার হাস্য দিত স্থ, প্রকৃতির শোভা স্থ বিতরিত পাখীর ক্জন লাগিত ভাল।

b

এখন তা নর, এখন তা নর, এখন গেছে সে স্বেখর সমর। বিষাদ আঁধার খেরেছে এখন, হাসিখ্যি আর লাগে না ভাল।

s

অমার আঁধার আসনুক এখন, মর্হেরে বাক্ভারত কানন, চন্দু স্থাহোক্মেঘে নিমগন প্রকৃতি-শৃভথলা ছি'ড়িয়া বাক্।

50

যাক্ ভাগীরথী অগ্নিকুণ্ড হয়ে, প্রলয়ে উপাড়ি পাড়ি হিমালরে, ডুবাক্ ভারতে সাগরের জলে, ভাঙ্গিয়া চুরিয়া ভাঙ্গিয়া যাক্।

22

চাই না দেখিতে ভারতেরে আর চাই না দেখিতে ভারতেরে আর, স্ব্ধ-জন্মভূমি চির বাসস্থান, ভাঙ্গিরা চুরিয়া ভাসিরা বাক।

দেখেছি সেদিন যবে পৃথনীরাজ, সমরে সাধিয়া ক্ষান্তরের কাজ, সমরে সাধিয়া প্রব্রের কাজ, আশ্রয় নিলেন কৃতান্ত কোলে।

30

দেখেছি সেদিন দ্বর্গাবতী যবে, বীরপত্নী সম মরিল আহবে বীরবালাদের চিতার আগ্রন, দেখেছি বিসময়ে প্রলকে শোকে।

>8

তাদের স্মরিলে বিদরে হদর, স্তব্ধ করি দেয় অন্তরে বিস্ময়, যদিও তাদের চিতাভস্মরাশি মাটির সহিত মিশায়ে গেছে।

36

আবার সে দিন(ও) দেখিরাছি আমি স্বাধীন যখন এ ভারতভূমি কি সুখের দিন! কি সুখের দিন! আর কি সেদিন আসিবে ফিরে?

36

রাজা য্বিধিষ্ঠির (দেখেছি নয়নে,) শ্বাধীন নৃপতি আর্ফ সিংহাসনে, কবিতার শ্লোক বীণার তারেতে, সে সব কেবল রয়েছে গাঁথা!

29

শ্বনেছি আবার, শ্বনেছি আবার, রাম রঘ্পতি লয়ে রাজ্যভার, শাসিতেন হায় এ ভারতভূমি, আর কি সেদিন আসিবে ফিরে!

ভারত কণ্কাল আর কি এখন, পাইবে হাররে নৃতন জীবন, ভারতের ভক্ষে আগন জনালিয়া, আর কি কখন দিবেরে জ্যোতি।

22

তা যদি না হয় তবে আর কেন, হার্সিব ভারত! হার্সিবরে প্রঃ, সেদিনের কথা জাগি ক্যতি পটে ভাসে না নয়ন বিষাদ জলে?

20

অমার আঁধার আস্ক এখন, মর্ হয়ে যাক ভারত কানন, চন্দ্র স্য হোক্ মেবে নিমগন, প্রকৃতি শৃঃখলা ছিণ্ড্য়া যাক্।

25

যাক্ ভাগীরথী অগ্নিকুণ্ড হয়ে, প্রলয়ে উপাড়ি পাড়ি হিমালয়ে, ডুবাক ভারতে সাগরের জলে; ভাঙ্গিয়া চুরিয়া ভাঙ্গিয়া যাক্।

२२

মাছে ধাক মোর স্মৃতির অক্ষর, শানো হোক লয় এ শানা অস্তর, ডুবাক আমার অমর জীবন, অনস্ত গভীর কালের জলে।

হিন্দ্**মেলার পঠিত** ১৮৭৫

# প্রকৃতির খেদ

[প্রথম পাঠ]

5

বিস্তারিয়া ঊমিমালা,
বিধির মানস-বালা,
মানস-সরসী ওই নাচিছে হরষে।
প্রদীপ্ত তুষার রাশি,
শুল বিভা পরকাশি,
ঘুমাইছে স্তর্ধভাবে হিমাদ্রি উরসে।

2

অদ্বেতে দেখা যায়,
উজল রক্তত কায়,
গোম্থী হইতে গঙ্গা ওই বহে যায়।
ঢালিয়া পবিত্র ধারা,
ভূমি করি উরবরা,
চণ্ডল চরণে সতী সিক্স্পানে ধায়॥

đ

ফুটেছে কনক-পদ্ম অর্ণ কিরণে॥ অমল সরসী 'পরে, কমল, তরক ভরে, ঢুলে ঢুলে পড়ে জলে প্রভাত পবনে॥

8

হেলিয়া নালনী দলে,
প্রকৃতি কোতুকে দোলে,
সরসী-লহরী ধায় ধূইয়া চরণ।
ধীরে ধীরে বায় আসি,
দূলায়ে অলকা রাশি,
কবরী-কুসুম-গন্ধ করিছে হরণ॥

á

বিজনে খ্রালয়া প্রাণ,
নিথাদে চড়ায়ে তান,
শোভনা প্রকৃতিদেবী গান ধারে ধারে।
নালন নয়নম্বর,
প্রশান্ত বিষাদময়
ঘন ঘন দীর্ঘাস বহিলা গভারে॥

Ġ

"অভাগী ভারত! হার, জানিতাম যদি,
বিধবা হইবি শেষে,
তাহলে কি এত ক্লেশে,
তোর তরে অলম্কার করি নিরমাণ?
তা হলে কি প্তেধারা মন্দাকিনী নদী
তোর উপতাকা পিরে হতো বহমান?
তা হলে কি হিমালর,
গর্বে ভরা হিমালর
দাড়াইরা তোর পাশে
প্থিবীরে উপহাসে.
তুষার-মৃকুট শিরে করি পরিধান।

٩

তা হলে কি শতদলে, তোর সরোবর-জলে, হাসিত অমন শোভা করিয়া বিকাশ? কাননে কুসমে রাশি, বিকাশি মধ্যুর হাসি, প্রদান করিত কি লো অমন স্থাস?

¥

তাহলে ভারত! তোরে,
স্জিতাম মর্ করে,
তর্লতা-জন-শ্ন্য প্রান্তর ভীষণ;
প্রজ্বলন্ত দিবাকর,
বার্ষত জ্বলন্ত কর,
মরীচিকা পাম্পদের করিত ছলন!"
থামিল প্রকৃতি করি অগ্রন্থ বরিষ্কা॥

গলিল তুষার মালা,
তর্ণী সরসী বালা,
ফোনিল নীহার-নীর সরসীর জ্লো।
কাঁপিল পাদপ-দল;
উথলে গঙ্গার জল,
তর্-স্কন্ধ ছাড়ি লতা লুঠিল ভূতলে॥

20

ঈষৎ আঁধার রাশি, গোমুখী শিখর গ্রাসি, আটক করিয়া দিল অর্থের কর। মেঘরাশি উপজিয়া, আঁধারে প্রশ্রয় দিয়া, ঢাকিয়া ফেলিল ক্রমে পর্বত-শিখর॥

22

আবার ধরিয়া ধীরে স্মধ্র তান।
প্রকৃতি বিষাদে দ্বংশে আরম্ভিল গান॥
কাদ্! কাদ্! আরো কাদ্ অভাগী ভারত
হায়! দ্বংশ-নিশা তোর,
হলো না হলো না ভোর,
হাসিবার দিন তোর হলো না আগত?

52

লম্জাহীনা! কেন আর.
ফেলে দেনা অলম্কার,
প্রশান্ত গভীর ওই সাগরের তলে?
প্তধারা মন্দাকিনী,
ছাড়িয়া মরত ভূমি
আবদ্ধ হউক প্নঃ রক্ষ-কমন্ডলে॥

20

উচ্চশির হিমালয়, প্রলয়ে পাউক লয়, চিরকাল দেখেছে যে ভারতের গতি।

#### गरदशक्तम

কাঁদ তুই তার পরে, অসহ্য বিষাদ ভরে, অতীত কালের চিত্র দেখাউক প্মৃতি॥

28

দেখ্, আর্থ সিংহাসনে,
স্বাধীন নৃপতি গণে,
সম্তির আলেখ্য-পটে রহেছে চিগ্রিত।
দেখ্ দেখি তপোবনে,
ক্ষিরা স্বাধীন মনে,
কেমন ঈশ্বর ধ্যানে রহেছে ব্যাপ্ত॥

54

কেমন স্বাধীন মনে, গাহিছে বিহঙ্গণণে, স্বাধীন শোভায় শোভে প্রস্ন নিকর। স্ব' উঠি প্রাতঃকালে, তাড়ায় আঁধার জালে, কেমন স্বাধীনভাবে বিস্তারিয়া কর!

26

তথন কি মনে পড়ে—
ভারতী-মানস-সরে,
কেমন মধ্র স্বরে বাঁণা ঝঙ্কারিত!
শ্নিয়ে ভারত-পাখা
গাহিত শাখায় থাকি
আকাশ পাতাল প্থেনী করিয়া মোহিত?

29

সে সব স্মরণ করে, কাঁদলো আবার ॥

''আররে প্রলয় ঝড়

গিরিশৃক চূর্ণ কর

ধ্কটি! সংহার-শিকা বাজাও তোমার!
স্বর্গমর্ডা রসাতল হোকা একাকার॥

প্রভঙ্গন ভীম-বল!
খনে দাও, বায়্দল!
ছিল্ল ভিন্ন হয়ে যাক ভারতের বেশ।
ভারতসাগর রুমি
উগর বাল্কারাশি
মর্ভূমি হয়ে যাক সমস্ত প্রদেশ॥

22

বলিতে নারিল আর প্রকৃতি-স্করী। ধর্নিয়া আকাশভূমি, গরজিল প্রতিধ্বনি, কাঁপিয়া উঠিল বেগে ক্ষ্বুর্ক হিমাগিরি॥

₹0

জাহ্নবী উন্মন্ত পারা, নিঝার চঞ্চল ধারা, বহিল প্রচন্ড-বৈগে ভেদিয়া প্রস্তর॥ মানস সরস-'পরে, পান্ম কাঁপে থরে থরে দ্বালা প্রকৃতি সতী আসন উপর।

25

স্চণ্ডল সমীরণে, উড়াইল মেঘগণে, স্তীর রবির ছটা হলো বিকীরিত আবার প্রকৃতি সতী আর্য়ন্তিল গীত॥

२२

'দেখিয়াছি তোর আমি সেই এক বেশ, অজ্ঞাত আছিল যবে মানব নয়নে। নিবিড় অরণ্য ছিল এ বিস্তৃত দেশ, বিজন ছায়ায় নিদ্রা যেত পশ্রণে, কুমারী অবস্থা তোর সে কি পড়ে মনে?

#### मरमाजन

সম্পদ বিপদ সুখ,
হরষ বিষাদ দুখ,
কিছুই না জানিতিস্ সে কি পড়ে মনে?
সে এক সুখের দিন হয়ে গেছে শেষ,
যখন মানব গণ,
করে নাই নিরীক্ষণ,
তোর সেই সুদুর্গম অরণা প্রদেশ॥
না বিতরি গন্ধ হায়,
মানবের নাসিকায়
বিজনে অরণা-ফুল, যাইত শুকায়ো
তপন-কিরণ তপ্ত মধ্যান্তের বায়ে।
সে এক সুখের দিন হয়ো গেছে শেষ॥

#### 20

সেইর্প রহিল না কেন চিরকাল!
না দেখি মন্যা-মুখ
না জানিয়া দ্বঃখস্খ
না করিয়া অন্ভব মান অপমান।
অজ্ঞান শিশ্র মত,
আনন্দে দিবস বেত,
সংসারের গোলমালে থাকিয়া অজ্ঞান॥

তাহলে ত ঘটিত না এসব জঞ্চাল!
সেইর্প রহিলি না কেন চিরকাল?
সৌভাগ্যে হানিল বাজ,
তাহলে ত তোরে আজ
অনাথা ভিখারী বেশে কাঁদিতে হত না?
পদাঘাতে উপহাসে,
তাহলে ত কারাবাসে
সহিতে হত না শেষে এ ঘোর যাতনা ॥

#### \$8

অরণ্যেতে নির্রাবলি,
সে যে তুই ভাল ছিলি,
কি-কুক্ষণে করিলি রে স্থের কামনা।
দেখি মরীচিকা হার।
আনন্দে বিহরল প্রার!
না জানি নৈরাশ্য শেষে করিবে তাড়না॥

আইল হিন্দুরা শেষে,
তোর এ বিজ্ঞন দেশে,
নগরেতে পরিণত হল তোর বন।
হরিষে প্রফল্প মনুখে,
হার্সিল সরলা! সুখে,
আশার দপ্ণে মাখ দেখিলি আপন॥

२७

শ্বিশ্ব সমস্বরে
তাই সামগান করে
চমকি উঠিছে আহা! হিমালয় গিরি।
তাদকে ধন্র ধর্নি,
কাঁপায় অরণ্যভূমি
নিদাগত ম্গগণে চমকিত করি॥
সরস্বতী-নদী-ক্লে,
কবিরা হৃদয় খ্লো
গাইছে হরষে আহা স্মধ্র গতি।
বীণাপাণি কুত্হলে,
মানসের শতদলে
গাহেন সরসী বারি করি উথলিত॥

29

সেই এক অভিনব
মধ্র সোন্দর্য তব,
আজিও অঞ্চিত তাহা রয়েছে মানসে।
অধার সাগর তলে
একটী রতন জনলে
একটি নক্ষ্য শোভে মেঘান্ধ আকাশে।
স্ম্বিস্তুত অন্ধক্পে,
একটি প্রদীপ-র্পে
জনুলিতিস্ তুই আহা,
নাহি পড়ে মনে?
কৈ নিভালে সেই ভাতি ভারতে আধার রাতি
হাতড়ি বেড়ান্ন আজি সেই হিন্দ্বগণে।
সেই অমানিশা তোর,
আর কি হবে না ভোর
কাদিবি কি চিরকাল ধোর অন্ধক্পে।

অনস্ত কালের মত,
সূথ-সূর্য অন্তগত,
ভাগ্য কি অনস্ত কাল রবে এই র্পে।
তোর ভাগ্যচদেশেরে,
থামিল কি হেথা এস্যে,
বিধাতার নিরমের করি বাভিচার
আর রে প্রলয় ঝড়,
গিরি শৃঙ্গ চূর্ণ কর
ধ্কটি! সংহার-শিঙ্গা বাজাও তোমার॥
প্রভঞ্জন ভীমবল,
থ্লো দেও বার্-দল,
ছিল্ল করেয় দিক্ ভারতের বেশ।
ভারত সাগর রুষি,
উগর বালুকা-রাশি
মরুভূমি হয়্যে যাক্ সমস্ত প্রদেশ॥

প্রতিক্রিব াশাথ ১২৮২ (এপ্রিল-মে ১৮৭৫)

# প্রকৃতির খেদ

[বিতীয় পাঠ]

#### ৰালকের রচিত

বিস্তারিয়া উমিমালা, স্কুমারী শৈলবালা
অমল সলিলা গঙ্গা অই বহি যায় রে।
প্রদীপ্ত তুষার রাশি, শুদ্র বিভা পরকাশি
ঘুমাইছে স্তন্ধভাবে গোম্খীর শিখরে॥
ফ্টিয়াছে কর্মালনী অর্শের কিরণে।
নির্বরের এক ধারে, দুর্লিছে তরঙ্গ-ভরে
ঢুলে ঢুলে পড়ে জলে প্রভাত প্রনে॥
হেলিয়া নালনী-দলে প্রকৃতি কোতুকে দোলে
গঙ্গার প্রবাহ যায় ধুইয়া চরণ।
ধীরে ধীরে বায়্ আসি দ্লায়েয় অলকা-রাশি
ক্রেরী কুস্ম-গন্ধ করিছে হরণ।
শিক্তনে খ্লিয়া প্রাণ, সপ্তমে চড়ায়ো তান,
শোভনা প্রকৃতি-দেবী গা'ন ধীরে ধীরে।
নালনী-নয়ন-ছয়, প্রশান্ত বিষাদ-ময়
মাঝে মাঝে দীর্ঘশ্বাস বহিলা গভীরে॥—

'অভাগী ভারত হায় জানিতাম যদি— বিধবা হইবি শেষে, তাহলে কি এত কেশে তোর তরে অলঙ্কার করি নির্মাণ। তা হলে কি হিমালয়, গর্বে ভরা হিমালয়, দাঁড়াইয়া তোর পাশে, পৃথিবীরে উপহাসে, তৃষার মুকুট শিরে করি পরিধান॥ তা হলে কি শতদলে তোর সরোবর-জলে হাসিত অমন শোভা করিয়া বিকাশ. কাননে কস্ম-রাশি, বিকাশি মধ্র হাসি, প্রদান করিতো কিলো অমন স্বাস॥ তাহলে ভারত তোরে, স্বাঞ্চতাম মর, করো তর্-লতা-জন-শ্না প্রান্তর ভীষণ। পজ্বলন্ত দিবাকর বর্ষিত জ্বলন্ড কর মরীচিকা পান্ধগণে করিত ছলনা॥' থামিল প্রকৃতি করি অশ্র বরিষন গালল ত্যার মালা, তর্ণী সরসী-বালা क्विल नौरात-रिन्म, नियातिगी-अला। কাঁপিল পাদপ-দল, উথলে গঙ্গার জল তর্ক্তর ছাড়ি লতা লটোয় ভূতলে॥ ঈ্যুৎ আধার রাশি, গোম,খী শিথরগ্রাসি আটক করিল নব অরুণের কর। মেঘ-রাশি উপজিয়া, আঁধারে প্রশ্রয় দিয়া, ঢাকিয়া ফেলিল ক্রমে পর্ব তাশখর॥ আবার গাইল ধীরে প্রকৃতি-সুন্দরী।— 'কাদ কাদ আরো কাদ অভাগী ভারত। হায় দুর্খনিশা তোর, হল না হল না ভোর, হাসিবার দিন তোর হল না আগত লক্ষাহীনা! কেন আর! ফেলো দে না অলঞ্চার প্রশান্ত গভীর অই সাগরের তলে। প্তেধারা মন্দাকিনী ছাডিয়া মরত-ভূমি আবদ্ধ হউক পুন ব্ৰহ্ম-কমন্ডলে॥ উচ্চশির হিমালয়, প্রলয়ে পাউক লয়, চিরকাল দেখেছে যে ভারতের গতি। কাঁদ তই তার পরে, অসহ্য বিষাদ ভরে অতীত **কালের চিত্র দেখাউক স্ম**তি। দ্যাথ আর্ষ-সিংহাসনে, স্বাধীন নুপতিগণে স্মৃতির আলেখা পটে রয়েছে চিঠিত। দ্যাখ দেখি তপোবনে, ঋষিরা স্বাধীন মনে কেমন ঈশ্বর ধ্যানে রয়োছে ব্যাপ্ত।। কেমন স্বাধীন মনে, গাইছে বিহঙ্গণে,

স্বাধীন শোভায় শোভে কস্ম নিকর।

সূর্য উঠি প্রাতঃকালে, তাড়ায় আঁধার জালে কেমন স্বাধীন ভাবে বিস্তারিয়া কর॥ তখন কি মনে পড়ে, ভারতী মানস সরে কেমন মধ্রর স্বরে বীণা-ঝঞ্জারিত। শ্রনিয়া ভারত পাখী, গাইত শাখায় থাকি, আকাশ পাতাল পূথৱী করিয়া মোহিত॥ সে সব ক্ষরণ কর্যে কাদ্লো আবার! আয়ারে প্রলয় ঝড়, গিরি শঙ্গে চূর্ণ কর, ধ্জটি! সংহার শিঙা বাজাও তোমার॥ প্রভঞ্জন ভীমবল, খুলো দেও বায়, দল, ছিল্ল ভিল্ল হ**য়ে যাক ভারতের বেশ।** ভারত-সাগর রুষি, উগর বালুকা রাশি, মর,ভূমি হয়ে থাক সমস্ত প্রদেশ॥ বলিতে নারিল আর প্রকৃতি স্কুলরী, ধর্নিয়া আকাশ ভূমি, গরজিল প্রতিধর্নি, কাঁপিয়া উঠিল বেগে ক্লব্ধ হিমগিরি॥ জাহবী উন্মত্তপারা, নিঝার চণ্ডল ধারা, বহিল প্রচণ্ড বেগে ভেদিয়া প্রস্তর। প্রবল তরঙ্গভরে, পশ্ম কাঁপে থরে থরে, **টালল প্রকৃতি সতী আসন উপ**র। স\_চণ্ডল সমীরণে, উড়াইল মেঘ গণে, স,ভীর রবির ছটা হল বিকারিত। আবার প্রকৃতি সতী আর্রান্তল গীত॥--'দেখিয়াছি তোর আমি সেই এক বেশ। অজ্ঞাত আছিলি **যবে মানব ন**য়নে। নিবিড অরণ্য ছিল এ বিস্তৃত দেশ। বিজন ছায়ায় নিদ্রা ষেত পশ্রগণে॥ কুমারী অবস্থা তোর সে কি পড়ে মনে? সম্পদ বিপদ সাখ, হরষ বিষাদ দাখ কিছুই না জানিতিস সে কি পড়ে মনে? সে এক সূথের দিন হয়ো গেছে শেষ.--যখন মানবগণ করে নাই নিরীক্ষণ তোর সেই সাদার্গম অরণ্য প্রদেশ ॥ না বিতরি গন্ধ হায়, মানবের নাসিকায বিজনে অরণাফ্রল যাইত শ্রকায়ো-তপন কিরণতপ্ত মধ্যান্তের বায়ে। সে এক সুখের দিন হয়ো গেছে শেষ॥ সেইর প রহিলি না কেন চিরকাল। ना एर्नाथ भन्यामाय, ना क्यानिया प्राथ माथ. না করিয়া অনুভব মান অপমান।

অজ্ঞান শিশুর মত, আনন্দে দিবস যেত সংসারের গোলমালে থাকিয়া অজ্ঞান॥ তা হলে তো ঘটিত না এসব জঞ্জাল। সেইর প রহিলি না কেন চিরকাল॥ সোভাগ্যে হানিয়া বাজ, তা হলে তো তোরে আজ অনাথা ভিখারী বেশে কাঁদিতে হত না। পদাঘাতে উপহাসে. তা হলে ত কারাবাসে সহিতে হত না শেষে এ ঘোর যাতনা॥ অরণোতে নিরিবিলি সে যে তই ভাল ছিলি. কি কৃষ্ণণে করিলি রে স্থের কামনা। দেখি মরীচিকা হায় আনন্দে বিহ্বল প্রায় না জানি নৈরাশা শেষে করিবে তাডনা॥ আর্যরা আইল শেষে, তোর এ বিজন দেশে, নগরেতে পরিণত হল তোর বন। হর্ষে প্রফাল্ল মাথে হাসিলি সরলা সাথে. আশার দপ্রে মুখ দেখিলি আপন॥ খ্যবিগণ সমস্বরে অই সাম গান করে চম্কি উঠিছে আহা হিমালয় গিরি। ওদিকে ধনরে ধর্নি, কাঁপায় অরণ্য ভূমি নিদ্রাগত মাগগণে চমকিত করি॥ সরস্বতী নদীক,লে. কবিরা হৃদয় থ,লো গাইছে হরষে আহা স্মধ্র গীত। বীণাপাণি কৃত্হলে, মানসের শতদলে, গাহেন সরসী বারি করি উপলিত॥ সেই এক অভিনব, মধুর সোন্দর্য তব, আজিও অঞ্চিত তাহা রয়েছে মানসে। আঁধার সাগরতলে একটি রতন জনলে একটি নক্ষর শোভে মেঘান্ধ আকাশে। স্বিস্তৃত অন্ধক্পে, একটি প্রদীপ রূপে জর্নিতিস তুই আহা, নাহি পড়ে মনে? কে নিভালে সেই ভাতি ভারতে আধার রাতি হাতড়ি বেড়ায় আজি সেই হিন্দুগণে। এই অমানিশা তোর, আর কি হবে না ভোর কীদিবি কি চিরকাল ঘোর অন্ধক,পে। অনন্তকালের মত, সুখস্র্য অন্তগত ভাগ্য কি অনস্তকাল রবে এই রূপে॥ তোর ভাগাচক-শেষে থামিল কি হেথা এসো বিধাতার নিয়মের করি ব্যক্তিচার। আয়রে প্রলয় ঝড়, গিরিশ্র চূর্ণ কর, ধ্জটি! সংহার শিঙা বাজাও তোমাব॥ প্রভঙ্গন ভীমবল, খ্লো দেও বায়্ব-দল, ছিল্লভিল্ল কর্য়ে দিক ভারতের বেশ। ভারতসাগর রুষি, উগর বাল্বকারাশি মর্ভুমি হয়ে বাক সমস্ত প্রদেশ॥'

ত্ত্বোধিনী পঠিকা শকাৰু ১৭৯৭ আবাঢ় (১৮৭৫ জন্ন-জনুলাই)

# প্रनाभ ऽ

5

গিরির উরসে নবীন নিঝর, ছুটে ছুটে অই হতেছে সারা। তলে তলে তলে নেচে নেচে চলে, পাগল তটিনী পাগল পারা।

2

হদি প্রাণ খালে ফালে ফালে ফালে, মলয় কত কি করিছে গান। হেতা হোতা ছাটি ফাল-বাস লাটি, হেসে হেসে হেসে আকুল প্রাণ।

0

কামিনী পাপড়ি ছি'ড়ি ছি'ড়ি ছি'ড়ি, উড়িয়ে উড়িয়ে ছি'ড়িয়ে ফেলে। চুপি চুপি গিয়ে ঠেলে ঠেলে দিয়ে, জাগায়ে তলিছে তটিনী জলে।

8

ফিরে ফিরে ফিরে ধীরে ধীরে ধীরে, হরষে মাতিয়া, খুলিয়া বুক। নালনীর কোলে পড়ে ঢোলে ঢোলে, নালনী সলিলে লুকার মুখ।

Æ

হাসিয়া হাসিয়া কুস্মে আসিয়া, ঠোলয়া উড়ায় মধ্প দলে। গুন্ গুন্ গুন্ রাগিয়া আগ্ন, অভিশাপ দিয়া কত কি বলে।

de

তপন কিরণ— সোনার ছটায়, লুটায় থেলায় নদীর কোলে। ভাসি, ভাসি, ভাসি স্বর্ণ ফুল রাশি হাসি, হাসি হাসি সলিলে দোলে।

9

প্রজাপতিগৃহলি পাখা দুটী তুলি উড়িয়া উড়িয়া বেড়ায় দলে। প্রসারিয়া ভানা করিতেছে মানা কিরণে পশিতে কুস্ম দলে।

ы

মাতিয়াছে গানে সূর্লালত তানে পাপিয়া ছড়ায় সুখার ধার। দিকে দিকে ছনুটে বন জ্ঞাগি উঠে কোকিল উতর দিতেছে তার।

2

তুই কে লো বালা! বন করি আলা, পাপেরার সাথে মিশারে তান! হদরে হদরে লহরী তুলিরা; অমৃত ললিত করিস্থান!

50

স্বর্গ ছায় গানে বিমানে বিমানে ছুটিয়া বেড়ায় মধ্ব জান। মধ্ব নিশায় ছাইয়া পরান, হুদয় ছাপিয়া উঠেছে গান।

নীরব প্রকৃতি নীরব ধরা। নীরবে তটিনী বহিয়া বায়। তর্ণী ছড়ায় অমৃত ধারা. ভূধর, কানন, জগত ছায়।

25

মাতাল করিরা হৃদর প্রাণ, মাতাল করিরা পাতাল ধরা। হৃদরের তল অমূতে ডুবারে, ছড়ায় তর্গী অমূত ধারা।

20

কে লো তুই বালা! বন করি আলা, ঘুমাইছে বীণা কোলের 'পরে। জ্যোতিম'রী ছায়া স্বরগীয় মারা, ঢল ঢল ঢল প্রমোদ ভরে!

78

বিভার নরনে বিভোর পরানে—
চারি দিক্ পানে চাহিস্ হেসে!
হাসি উঠে দিক্! ডাকি উঠে পিক্!
নদী চলে পড়ে পুনিন দেশে!!

24

চারি দিক্ চেরে কে লো তুই মেরে. হাসি রাশি রাশি ছড়িরে দিস্? আধার ছাটিয়া জোছানা ফাটিয়া কিরণে উজলি উঠিছে দিশ্!

20

কমলে কমলে এ ফ্লে ও ফ্লে, ছুটিয়া খেলিয়া বেড়াস্ বালা! ছুটে ছুটে ছুটে খেলায় বেমন মেঘে মেঘে মেঘে দামিনী মালা।

নরনে কর্ণা অধরে হাসি, উছলি উছলি পড়িছে ছাপি। মাথায় গলায় কুস্ম রাশি বাম করতলে কুপোল ছাপি।

2 R

এতকাল তোরে দেখিন সেবিন—
হদর-আসনে দেবতা বলি।
নয়নে নয়নে, পরানে পরানে,
হদয়ে হদয়ে রাখিন তুলি।

53

তব্ও তব্ও প্রিল না আশ. তব্ও হৃদয় রহেছে খালি। তোরে প্রাণ মন করিয়া অপণ ভিখারি হইয়া যাইব চলি।

20

আয় কল্পনা মিলিয়া দ্বজনা, ভূধরে কাননে বেড়াব ছাটি। সরসী হইতে তুলিয়া কমল লতিকা হইতে কুসাম লাটি।

25

দেখিব উষার প্রেব গগনে. মেঘের কোলেতে সোনার ছটা। তুষার-দর্পণে দেখিছে আনন সাঁজের লোহিত জলদ-ঘটা।

२२

কনক-সোপানে উঠিছে তপন ধীরে ধীরে ধীরে উদয়াচলে। ছড়িয়ে ছড়িয়ে সোনার বরন, তুষারে শিশিরে নদীর জলে।

শিলার আসনে দেখিব বসিরে, প্রদোষে যখন দেবের বালা পাহাড়ে লুকায়ে সোনার গোলা আঁখি মেলি মেলি করিবে খেলা।

#### ₹8

ঝর ঝর ঝর নদী যায় চলে, ঝুরু ঝুরু ঝুরু বহিছে বায়। চপল নিঝর ঠেলিয়া পাথর ছুটিয়া— নাচিয়া— বহিয়া যায়।

#### ₹ €

বাসব দ্বজনে— গাইব দ্বজনে, হৃদয় খ্বলিয়া, হৃদয় ব্যথা: তটিনী শ্বনিবে, ভূধর শ্বনিবে জগত শ্বনিবে সে সব কথা।

#### 26

যেথার যাইবি তুই কলপনা, আমিও সেথার যাইব চলি। \*মশানে, \*মশানে— মর্ বাল্কার, মরীচিকা যথা বেড়ার ছলি।

#### 29

আয় কলপনা আয়লো দ্বজনা. আকাশে আকাশে বেড়াই ছ্বিট। বাতাসে, বাতাসে, আকাশে, আকাশে নবীন স্নীল নীরদে উঠি।

#### 28

বাজাইব বীণা আকাশ ভরিয়া, প্রমোদের গান হরষে গাহি, যাইব দক্তনে উড়িয়া উড়িয়া, অবাক্ জগত রহিবে চাহি!

জলধর রাশি উঠিবে কাঁপিয়া, নব নালিমায় আকাশ ছেয়ে। যাইব দ্বজনে উড়িয়া উড়িয়া, দেবতারা সব রহিবে চেয়ে।

90

স্বর স্বধ্নী আলোকময়ী, উজ্জালি কনক বাল্বকা রাশি। আলোকে আলোকে লহরী তুলিয়া, বহিয়া বহিয়া যাইছে হাসি।

#### 05

প্রদোষ তারায় বসিয়া বসিয়া, দেখিব তাহার লহরী লীলা। সোনার বালকো করি রাশ রাশ, সূর বালিকারা করিবে খেলা।

#### 02

আকাশ হইতে দেখিব প্থিবী. অসীম গগনে কোথায় পড়ে। কোথায় একটি বাল্কার রেণ্ল বাতাসে আকাশে আকাশে ঘোরে।

#### 66

কোথার ভূধর কোথার শিখর অসীম সাগর কোথার পড়ে। কোথায় একটি বাল্কার রেণ্, বাতাসে আকাশে আকাশে ঘোরে।

#### OΝ

আর কল্পনা আরলো দ্ব্জনা এক সাথে সাথে বেডাব মাতি।

#### गरमाजन

প্রিবী ফিরিয়া জগত ফিরিয়া, হরষে প্রলকে দিবস রাতি।

স্থানা•কুর ও প্রতিকিব অগ্রহায়ণ ১২৮২

# প্রলাপ ২

जालाः । जालाः । जालाः । जालाः । जालाः । जालाः । স্নীল আকাশে রজত ধারা! হৃদয় আজিকে উঠেছে মাতিয়া পরান হয়েছে পাগলপারা! গাইব রে আজ হৃদয় খুলিয়া জাগিয়া উঠিবে নারব রাতি! দেখাব জগতে হৃদয় খুলিয়া পরান আজিকে উঠেছে মাতি! হাস্ক প্থিবী, হাস্ক জগং, হাস্ক্ হাস্ক্ চাঁদিমা তারা! হৃদয় খালিয়া করিব রে গান হৃদয় হয়েছে পাগলপারা! আধ ফুটো ফুটো গোলাপ কলিকা ঘাড়থানি আহা করিয়া হেণ্ট মলয় পবনে লাজ্ব বালিকা সউরভ রাশি দিতেছে ভেট! আয়লো প্রমদা! আয়লো হেথায় মানস আকাশে চাঁদের ধারা! গোলাপ তুলিয়া পরলো মাথায় সাঁঝের গগনে ফুটিবৈ তারা। द्दान प्रमा प्रमा भूग मञ्जल ছড়িয়ে ছড়িয়ে সূরভি রাশি নয়নে নয়নে, অধরে অধরে জোছনা উছলি পড়িছে হাসি! हुन २ए७ कृत यानिता यानिता ঝারয়ে ঝারয়ে পাড়ছে ভূমে ! ৰসিয়া ৰসিয়া পড়িছে আঁচল কোলের উপর কমল থাে্যে! আয়লো তর্ণী! আয়লো হেখায়! সেতার ওই যে ল্টায় ভূমে বাজালো ললনে! বাজা একবার হৃদয় ভরিয়ে মধ্র ঘুমে!

নাচিয়া নাচিয়া ছুটিবে আঙুল! নাচিয়া নাচিয়া ছুটিবে তান! অবাক হইয়া মুখপানে তোর চাহিয়া রহিব বিভল প্রাণ! গলার উপরে স'পি হাতখানি বুকের উপরে রাখিয়া মুখ আদরে অস্ফুটে কত কি যে কথা কহিবি পরানে ঢালিয়া সুখ! ওইরে আমার স্কুমার ফ্ল বাতাসে বাতাসে পড়িছে দুলে হদয়েতে তোরে রাখিব লুকায়ে নয়নে নয়নে রাখিব তলে। আকাশ হইতে খ্লিবে তপন তারকা খঃজিবে আকাশ ছেয়ে! খ্ৰীজয়া বেড়াবে দিক বধ্গণ কোথায় লুকাল মোহিনী মেয়ে? আয়লো ললনে! আয়লো আবার সেতারে জাগায়ে দেনালো বালা! দ্রলায়ে দ্রলায়ে ঘাড়টি নামায়ে কপোলেতে চল করিবে খেলা। কি যে ও মূরতি শিশ্র মতন! আধ ফুটো ফুটো ফুলের কলি! নীরব নয়নে কি যে কথা কয় এ জনমে আর যাবনা ভূলি! কি যে ঘুমঘোরে ছায় প্রাণমন লাজে ভরা ঐ মধ্যর হাসি! পাগলিনী বালা গলাটি কেমন ধরিস্ জড়িয়ে ছুটিয়ে আসি! ভূলেছি পৃথিবী ভূলেছি জগৎ ভূলেছি, সকল বিষয় মানে! হেসেছে প্ৰিবী— হেসেছে জগৎ কটাক্ষ করিলি কাহারো পানে! আর! আয় বালা! তোরে সাথে লয়ে প্ৰিবী ছাড়িয়া যাইলো চলে! চাঁদের কিরণে আকাশে আকাশে খেলায়ে বেডাব মেঘের কোলে! চল যাই মোরা আরেক জগতে দুজনে কেবল বেড়াব মাতি कानत्न कानत्न, त्थलाव प्रक्रत्न বনদেবী কোলে ব্যাপিব রাতি!

#### गरमाजन

বৈখানে কাননে শ্বকায় না ফ্ল!
স্বাভি প্রিত কুস্ম কলি!
মধ্র প্রেমেরে দোবে না বেথায়
সেথায় দ্বজনে যাইব চলি!

জ্ঞানা•কুর ও প্রতিবিশ্ব ফাশেনে ১২৮২

# প্রলাপ ৩

आज्ञ ला अभना! निठ्य ननत्न বার বার বল কি আর বলি! মরমের তলে লেগেছে আঘাত क्रमग्र भवान উঠেছে জर्जन! আর বলিব না এই শেষবার এই শেষবার বলিয়া লই মরমের তলে জ্বলেছে আগ্ন হদয় ভাঙ্গিয়া গিয়াছে সই ! পাষাণে গঠিত স্কুমার ফ্ল! হ্তাশনময়ী দামিনী বালা! অবারিত করি মরমের তল কহিব তোরে লো মরম জনলা! কতবার তোরে কহেছি ললনে! দেখার্মেছ খুলে হৃদর প্রাণ! মরমের বাথা, হৃদয়ের কথা, সে সব কথায় দিস নি কান। কতবার সখি বিজনে বিজনে শ্যনার্মেছ তোরে প্রেমের গান. প্রেমের আলাপ- প্রেমের প্রলাপ সে সব প্রলাপে দিস্নি কান! কতবার সখি! নয়নের জল করেছি বর্ষণ চরণতলে! প্রতিশোধ তৃই দিস্নিকো তার শুখু এক ফোটা নয়ন জলে! শ্বধা ওলো বালা! নিশার আঁধারে শ্বধা ওলো সখি! আমার রেতে অথি জল কত করেছে গোপন মত্য পূথিবীর নয়ন হতে!

শুখা ওলো বালা নিশার বাতাসে ল\_চিতে আসিয়া ফ্রলের বাস হদয়ে বহন করেছে কিনা সে--নিরাশ প্রেমীর মরম খাস! সাক্ষী আছ ওগো তারকা চন্দ্রমা! কে'দেছি যখন মরম শোকে-হেসেছে প্ৰিবী, হেসেছে জগং কটাক্ষ করিয়া হেসেছে লোকে! সহেছি সে সব তোর তরে সথি! মরমে মরমে জবলন্ত জবালা! তৃচ্ছ করিবারে পৃথিবী জগতে তোমারি তরে লো শির্থেছি বালা! মানুষের হাসি তীর বিষ্মাখা হৃদয় শোণিত করেছে ক্ষয়! তোমারি তরে লো সহেছি সে সব ঘূণা উপহাস করেছি জর! কিনিতে হৃদয় দিয়েছি হৃদয় নিরাশ হইয়া এসেছি ফিরে: অশ্রু মাগিবারে দিয়া অশ্রুজল উপেক্ষিত হয়ে এয়েছি ফিরে। কিছুই চাহিনি প্থিবীর কাছে---প্রেম চেয়েছিন, ব্যাকৃল মনে। সে वामना यत रहाना भृत्रं চলিয়া যাইব বিজন বনে! তোর কাছে বালা এই শেষবার र्यानन जीनन जाकन दिशा: ভিখারি হইয়া যাইব লো চলে প্রেমের আশায় বিদায় দিয়া! সেদিন যখন ধন, যশ, মান, অবিব চরণে দিলাম ঢালি সেই দিন আমি ভেবেছিন, মনে উদাস হইয়া ষাইব চলি। তখনো হায়রে একটি বাঁধনে আবদ্ধ আছিল পরান, দেহ। সে দঢ় বাঁধন ভেবেছিন মনে পারিবে না আহা ছি'ডিতে কেহ! আজ ছি'ডিয়াছে, আজ ভাঙ্গিয়াছে, আজ সে স্বপন গিয়াছে চলি। প্রেম রত আজ করি উদযাপন ভিশারি হইয়া যাইব চলি!

পাষাণের পটে ও মুরতিখানি আঁকিয়া হৃদয়ে রেখেছি তলি গরবিনি! তোর ওই মুখখানি এ জনমে আর যাব না ভাল! ম্বছিতে নারিব এ জনমে আর নয়ন হইতে নয়ন বারি যতকাল ওই ছবিখানি তোর হৃদয়ে রহিবে হৃদয় ভরি। কি করিব বালা মরণের জলে ঐ ছবিখানি মাছিতে হবে! পৃথিবীর লীলা ফুরাইবে আজ. আজিকে ছাডিয়া যাইব ভবে! এ ভাঙ্গা হৃদয় কত সবে আর! জীৰ্ণ প্ৰাণ কত সহিবে জ্বালা! মরণের জল ঢালিয়া অনলে হদয় পরান জুড়াল বালা! তোরে সখি এত বাসিতাম ভাল খালিয়া দেছিন, হদয়-তল সে সব ভাবিয়া ফেলিবি না বালা শ্বাধ্য এক ফোটা নম্বন জল? আকাশ হইতে দেখি যদি বালা নিঠুর ললনে! আমার তরে এক ফোঁটা আহা নয়নের জল ফেলিস্কখনো বিষাদ ভরে! সেই নেত্ৰ জলে—এক বিন্দু জলে নিভায়ে ফেলিব হদর জনলা! প্রদোষে বাসিয়া প্রদোষ তারায় প্রেম গান সংখে করিব বালা!

জানা**•কুর ও প্রতিবিদ্ব** বৈশাখ ১২৮৩

# দিল্লি-দর্বার

দেখিছ না অরি ভারত-সাগর, আরি গো হিমাদ্রি দেখিছ চেরে, প্রলয়-কালের নিবিড় আঁধার, ভারতের ভাল ফেলেছে ছেরে। অনস্ত সমন্দ্র তোমারই বৃকে, সমন্দ্র হিমাদ্রি তোমারি সম্মুখে, নিবিড় আঁধারে, এ ঘোর দ্বিদিনে, ভারত কাঁপিছে হরষ-রবে! শ্বিতেছে নাকি শতকোটি দাস, মৃছি অশ্রুজল, নিবারিয়া শ্বাস, সোনার শৃত্থল পরিতে গলায় হরষে মাতিয়া উঠেছে সবে? শ্বাই তোমারে হিমালয়-ির্গার, ভারতে আজি কি স্থের দিন? তুমি শ্নিয়াছ হে গিরি-অমর, অজ্নের ঘার কোদন্ডের স্বর, তুমি দেখিয়াছ স্বরণ আসনে, য্বিষ্ঠির রাজা ভারত শাসনে, তুমি শ্নিয়াছ সর্বর্গ আসনে, য্বিষ্ঠির রাজা ভারত শাসনে, তুমি শ্নিয়াছ সর্ব্রাত-ক্লে, আর্য কবি গায় মন প্রাণ খ্লে, তোমারে শ্বাই হিমালয়-ির্গার—ভারতে আজি কি স্থের দিন? তুমি শ্নিতেছ ওগো হিমালয়, ভারত গাইছে রিটিশের জয়, বিষয় নয়নে দেখিতেছ তুমি—কোথাকার এক শ্না মর্ভূমি—সেথা হতে আসি ভারত-আসন, লয়েছে কাড়িয়া, করিছে শাসন, তোমারে শ্বাই হিমালয়-ির্গার, ভারতে আজি কি স্থের দিন? তবে এই সব দাসের দাসেরা, কিসের হরষে গাইছে গান? প্রিবী কাপায়ে অযুত উচ্ছনাসে কিসের তরে গো উঠায় তান? কিসের তরে গো ভারতের আজি, সহস্র হৃদয় উঠেছে বাজি? যত দিন বিষ করিয়াছে পান, কিছতে জার্গেন এ মহা-শ্মশান,

বন্ধন শৃত্থলে করিতে সম্মান ভারত জাগিয়া উঠিছে আজি? কুমারিকা হতে হিমালয় গিরি এক তারে কভু ছিল না গাঁথা,

আজিকে একটি চরণ আঘাতে, সমস্ত ভারত তুলেছে মাথা! এসেছিল যবে মহম্মদ ঘোরি, স্বর্গ রসাতল জয়নাদে ভার রোপিতে ভারতে বিজয়-ধনজা

তথনো একত্রে ভারত জার্গোন, তথনো একত্রে ভারত মের্লোন, আজ জাগিয়াছে, আজ মিলিয়াছে বন্ধন শৃঙ্থলে করিতে প্জা! বিটিশ-রাভের মহিমা গাহিয়া ভূপগণ এই আসিছে ধাইয়া

রতনে রতনে মুকুট ছাইয়া, মোগল-চরণে লোটাতে শির — অই আসিতেছে জয়পুর রাজ, ওই যোধপুর আসিতেছে আজ ছাড়ি এতিমান তেয়াগিয়া লাজ, আসিছে ছুটিয়া অযুত বীর!

হারে হতভাগ্য ভারত ভূমি,
কপ্ঠে এই ঘোর কলঙ্কের হার
পরিবারে আজি করি অলঙ্কার
গোরবে মাতিয়া উঠেছে সবে?
তাই কাঁপিতেছে তোর বক্ষ আজি
রিটিশ রাজের বিজয় রবে?

রিটিশ বিজয় করিয়া ঘোষণা, যে গায় গাক্ আমরা গাব না আমরা গাব না হরষ গান,

এস গো আমরা যে ক-জন আছি: আমরা ধরিব আরেক তান।

হিন্দ্মেলার পঠিত ১৮৭৭

# অবসাদ

দয়ামায় বাণি, বীণাপাণি জাগাও-- জাগাও, দেবি, উঠাও আমারে দীন হীন! ঢাল এ হৃদয় মাঝে জ্বলস্ত অনলময় বল! দিনে দিনে অবসাদে হইতেছি অবশ মলিন: নিজীবি এ হৃদয়ের দাঁডাইবার নাই যেন বল! নিদাঘ-তপন-শুম্ক মির্মাণ লতার মতন ক্রমে অবসন্ন হোয়ে পডিতেছি ভূমিতে লটোয়ে. চারিদকে চেয়ে দেখি শাস্ত আঁখি কবি উন্মালন-বন্ধ,হীন প্রাণহীন জনহীন মর, মর, মর, আঁধার--- আঁধার সব -- নাই জল নাই তুণ তর\_--নিজীব হৃদয় মোর ভূমিতলে পড়িছে লুটায়ে: এস দেবি, এস মোরে রাখ এ মূছার ঘোরে: বলহীন হৃদয়েরে দাও দেবি, দাও গো উঠায়ে! দাও দেবি সে ক্ষমতা, ওগো দেবি, শিখাও সে মায়া— যাহাতে জন্বলন্ত, দন্ধ, নিরানন্দ মরুমাঝে থাকি হৃদয় উপরে পড়ে স্বরগের নন্দনের ছায়া.— শান সাহদের স্বর থাকিলেও বিজনে একাকী! দাও দেবি সে ক্ষমতা যাহে এই নীরব শ্মশানে হৃদয়-প্রমোদ-বনে বাজে সদা আনন্দের গাতি! মুম্ধ্ মনের ভার— পারি না বহিতে আর--হইতেছি অবসম --বলহীন --চেতনা-রহিত--অজ্ঞাত পথিবী-তলে-অকর্মণা-অনাথ-অজ্ঞান-উঠাও উঠাও মোরে করহ নতন প্রাণ দনে! প্থিবীর কর্মক্ষেত্রে যুঝিব -যুঝিব দিবারাত--কালের প্রস্তর-পটে লিখিব অক্ষয় নিজ মান। অবশ নিদায় পড়ি করিব না এ শরীর পাত, মান্য জন্মেছি যবে করিব কর্মের অনুষ্ঠান! দুর্গম উন্নতি পথে প্রথিত্ব তরে গঠিব সোপান, তাই বলি দেবি--সংসারের ভগ্নোদাম অবসন্ন দূর্বল পথিকে করগো জীবন দান তোমার ও অম ত-নিষেকে!

# বিদেশী ফ্লের গ্রুচ্ছ

# সূর্য ও ফুল

# Victor Hugo

পরিপ্রণ মহিমার আগ্নেয় কুস্ম
স্থা ধায় লভিবারে বিশ্রামের ঘ্ম।
ভাঙা এক ভিত্তি-পরে ফ্ল শ্রুবাস
চারি দিকে শ্রু দল করিয়া বিকাশ '
মাথা তুলে চেয়ে দেখে স্নীল বিমানে
অমর আলোকময় তপনের পানে।
ছোটো মাথা দ্লাইয়া কহে ফ্ল গাছে,
'লাবণাকিরণছটা আমারো তো আছে।'

—প্রভাতসংগাঁত : **শিশ**্ব

# বিস্কৰ

## Victor Hugo

যে তোরে বাসে রে ভালো, তারে ভালোবেসে বাছা,
চিরকাল সুথে তুই রোস।
বিদায়! মোদের ঘরে রতন আছিলি তুই,
এখন তাহারি তুই হোস।
আমাদের আশীর্বাদে নিয়ে তুই বা রে
এক পরিবার হতে অন্য পরিবারে।
সুখশান্তি নিয়ে যাস তোর পাছে পাছে,
দুঃখজালা রেখে যাস আমাদের কাছে॥

হেথা রাখিতেছি ধরে, সেধা চাহিতেছে তোরে—
দেরি হল, যা তাদের কাছে।
প্রাণের বাছাটি মোর, লক্ষ্মীর প্রতিমা তুই,
দুইটি কর্তব্য তোর আছে—
একট্ বিলাপ যাস আমাদের দিয়ে
তাহাদের তরে আশা যাস সাথে নিয়ে:
এক বিশ্দ্ অপ্র্রু দিস আমাদের তরে,
হাসিটি লইয়া যাস্ তাহাদের ঘরে॥

—প্রভাতসংগীত : **শিশ্** 

# কবি

# Victor Hugo

ওই যেতেছেন কবি কাননের পথ দিয়া,
কভু বা অবাক্, কভু ভকতি-বিহ্নল হিয়া,
নিজের প্রাণের মাঝে
একটি ষে বীণা বাজে,
সে বীণা শ্নিতেছেন হৃদয় মাঝারে গিয়া।
বনে যতগর্লি ফ্ল আলো করি ছিল শাখা,
কারো কচি তন্থানি নীল বসনেতে ঢাকা,
কারো বা সোনার মৃথ,
কেহ রাঙ্গা ট্ক্ট্ক্,
কারো বা শতেক রঙ্ব যেন ময়্রের পাখা,
কবিরে আসিতে দেখি হরষেতে হেলি দ্লি
হাব ভাব করে কত র্পসী সে মেয়েগ্লি,
বলাবলি করে, আর ফিরিয়া ফিরিয়া চায়.

"প্রণয়ী মোদের ওই দেখ লো চলিয়া যায়।"

সে অরণ্যে বনস্পতি মহান্, বিশাল-কায়া, হেথায় জাগিছে আলো, হোথায় ঘ্মায় ছায়া।
কোথাও বা বৃদ্ধ বট—
মাথায় নিবিড় জট:
বিবলী অন্ধিত দেহ প্রকান্ড তমাল শাল:
কোথা বা ঝাষর মত
অশথের গাছ যত
দাঁড়ায়ে রয়েছে মৌন ছড়ায়ে আঁধার ডাল।
মহার্য গ্রুরে হেরি অর্মান ভকতি ভরে
সসম্প্রমে শিষাগণ যেমন প্রণাম করে,
তেমান কবিরে দেখি গাছেরা দাঁড়াল ন্য়ে,
লতা-শমশ্রময় মাথা ঝালিয়া পাড়ল ভূ'য়ে।
এক দ্টে চেয়ে দেখি প্রশাস্ত সে ম্বছ্ছিবি,
চুপি চুপি কহে তারা "ওই সেই! ওই কবি।"

# তারা ও আঁখি

## Victor Hugo

কাল সন্ধাকালে ধীরে সন্ধার বাতাস বহিয়া আনিতেছিল ফলের সুবাস। রাচি হল, আধারের ঘনীভত ছারে পাখীগালি একে একে পড়িল ঘুমায়ে। প্রফল্ল বসভ ছিল ঘেরি চারিধার আছিল প্রফল্লতর যৌবন তোমার. তারকা হাসিতেছিল আকাশের মেরে. ও আঁথি হাসিতেছিল তাহাদের চেয়ে। দুজনে কহিতেছিন, কথা কানে কানে, হৃদয় গাহিতেছিল মিষ্টতম তানে। রজনী দেখিন, অতি পবিত বিমল, ও মুখ দেখিনা অতি সান্দর উল্জাল সোনার তারকাদের ডেকে ধারে ধারে. কহিন, "সমস্ত স্বর্গ ঢাল এর শিরে!" বলিন, আখিরে তব "ওগো আখি-তারা, ঢালগো আমাব 'পরে প্রণয়ের ধারা।"

—প্রভাতসংগাও

# সন্মিলন

# Shelley

সেথায় কপোত-বধ্ লতার আড়ালে
দিবানিশি গাহে শুধু প্রেমের বিলাপ।
নবীন চাঁদের করে একটি হরিণী
আমাদের গৃহদ্বারে আরামে ঘুমায়।
তার শাস্ত নিদ্রাকালে নিশ্বাস পতনে
প্রহর গণিতে পারি শুদ্ধ রজনীর।
স্থের আবাসে সেই কাটাব জীবন,
দ্যুজনে উঠিব মোরা, দ্যুজনে বিসিব,
নীল আকাশের নিচে শ্রমিব দ্যুজনে
বেড়াইব মাঠে মাঠে উঠিব পর্বতে
স্নীল আকাশ ষেথা পড়েছে নামিয়া।

অথবা দাঁড়াব মোরা সমন্দ্রের তটে. উপল-মণ্ডিত সেই লিম উপক্ল তরঙ্গের চুম্বনেতে উচ্ছনাসে মাতিয়া থর থর কাঁপে আর জবল জবল জবলে! যত সুখে আছে সেথা আমাদের হবে. আমরা দুজনে সেথা হব দুজনের অবশেষে বিজন সে দ্বীপের মাঝারে ভালোবাসা, বে'চে থাকা, এক হয়ে যাবে! মধ্যাকে যাইব মোরা পর্বত গুহায়. সে প্রাচীন শৈল-গ্রেহা স্লেহের আদরে অবসান রজনীর মৃদ্ধ জোছনারে রেখেছে পাষাণ কোলে ঘ্রম পাডাইয়া। প্রচ্ছন্ন আঁধারে সেথা ঘ্রম আসি ধীরে হয়ত হরিবে তোর নয়নের আভা। সে ঘ্রম অলস প্রেমে শিশিরের মত. সে ঘুম নিভায়ে রাখে চুম্বন-অনল আবার নতেন করি জন্মলাবার তরে। অথবা বিরলে সেথা কথা কব মোরা. কহিতে কহিতে কথা, হদয়ের ভাব এমন মধ্রে স্বরে গাহিয়া উঠিবে আর আমাদের মূথে কথা ফুটিবৈ না। মনের সে ভাবগালি কথায় মরিয়া আমাদের চোখে চোখে বাঁচিয়া উঠিবে! চোথের সে কথাগুলি বাকাহীন মনে ঢালিবে অজস্র স্রোতে নীরব সংগীত মিলিবেক চৌদিকের নীরবতা সনে। মিশিবেক আমাদের নিশ্বাসে। আমাদের দুই হ্লি নাচিতে থাকিবে, শোণিত বহিবে বেগে দোঁহার শিরায়। মোদের অধর দুটি কথা ভাল গিয়া কবে শুধু উচ্ছবসিত চুম্বনের ভাষা! मृ জনে मृ জন আর রব না আমরা, এক হোয়ে যাব মোরা দুইটি শরীরে। দুইটি শরীর? আহা তাও কেন হল? যেমন দুইটি উল্কা জ্বলস্ত শরীর, ক্রমশ দেহের শিখা করিয়া বিস্তার দ্পর্শ করে, মিশে যায়, এক দেহ ধরে, চিরকাল জনলে তব, ভঙ্গা নাহি হয়. দাজনেরে গ্রাস করি দৌহে বে'চে থাকে: মোদের যমক-হাদে একই বাসনা.

দশ্ডে দশ্ডে পলে পলে বাড়িয়া বাড়িয়া, তেমনি মিলিয়া যাবে অনস্ত মিলনে। এক আশা রবে শ্ব্ধু দ্ইটি ইচ্ছার এক ইচ্ছা রবে শ্ব্ধু দ্ইটি হৃদ্যে, একই জীবন আর একই মরণ, একই শ্বরগ আর একই নরক, এক অমরতা কিশ্বা একই নির্বাণ! হায় হায় একি হল একি হল মোর! আমার হৃদয় চায় উধাও উড়িয়া প্রেমের স্ক্র চায় উধাও উড়িয়া প্রেমের স্ক্র তার এই মরতের ভাষা চরণে বেধেছে তার লোহার শৃংখল। নামি ব্রিঝ, পড়ি ব্রিঝ, মরি ব্রিঝ মরি।

—প্রভাতসংগীত

# Shelley

মধ্র স্থের আলো, আকাশ বিমল,
সঘনে উঠিছে নাচি তরঙ্গ উল্জাল।
মধ্যাহের স্বচ্ছ করে
সাজিয়াছে থরে থরে
ক্ষাদ্র নীল দ্বীপগালি, শুদ্র শৈলশির।
কাননে কুড়িরে ঘিরি
পাড়তেছে ধীরি ধীরি
প্থিবীর অতি মৃদ্র নিশ্বাসসমীর।
একই আনন্দে যেন গায় শত প্রাণ—
বাতাসের গান আর পাখিদের গান।
সাগরের জলরব
পাখিদের কলরব

আমি দেখিতেছি চেয়ে সম্দের জলে শৈবাল বিচিত্রবর্ণ ভাসে দলে দলে। আমি দেখিতেছি চেয়ে, উপক্ল-পানে খেয়ে মুঠি মুঠি তারাবৃদ্টি করে ঢেউগবৃলি। বিরলে বাল্কাতীরে

একা বসে রয়েছি রে,
চারি দিকে চমকিছে জলের বিজন্লি।
তালে তালে টেউগন্লি করিছে উত্থান—
তাই হতে উঠিতেছে কী একটি তান।

মধ্র ভাবের ভরে
হদর কেমন করে,
আমার সে ভাব আজি ব্বিধরে কি আর কোন প্রাণ।

ð

হার মোর নাই আশা, নাইকো আরাম— ভিতরে নাইকো শান্তি, বাহিরে বিরাম। নাই সে সন্তোষধন জ্ঞানী ঋষি যোগিগণ ধ্যান সাধনায় যাহা পায় করতলে— আনন্দ-মগন-মন করে তারা বিচরণ, বিমল মহিমালোক অস্তরেতে জবলে।

নাই যশ. নাই প্রেম. নাই অবসর—
পূর্ণ করে আছে এরা সকলোর ঘর।
সূথে তারা হাসে খেলে,
সূথের জীবন বলে—
আমার কপালে বিধি লিখিয়াছে আরেক অক্ষর।

8

কিন্তু নিরাশাও শান্ত হয়েছে এমন
যেমন বাতাস এই, সালল যেমন।
মনে হয় মাথা থুয়ে
এইখানে থাকি শায়ে
তাতশয় প্রান্তকায় শিশায়ির মতো।
কাদিয়া দ্বংখের প্রাণ
করে দিই অবসান—
যে দ্বংখ বহিতে হবে, বহিয়াছি কত।
আসিবে খায়ের মতো মরণের কোল,
ধীরে ধীরে হিম হয়ে আসিবে কপোল।

ম্ম্র্র্ শ্রবণতলে
মিশাইবে পলে পলে
সাগরের অবিরাম একতান অন্তিম কঙ্গোল।

**—কড়ি ও কোমল** 

# Mrs. Browning

সারাদিন গিয়েছিন্ বনে, ফ্লগ্রিল তুলেছি হতনে। প্রাতে মধ্পানে রত মৃদ্ধ মধ্পের মতো গান গাহিয়াছি আন্মনে।

এখন চাহিয়া দেখি, হায়,
ফ্লগ্নলি শ্কায় শ্কায়।
যত চাপিলাম ম্ঠি
পাপড়িগ্নলি গেল ট্রটি–
কাল্লা ওঠে, গান থেমে যায়।

কী বলিছ সথা হে আমার—
ফুল নিতে ধাব কি আবার।
থাক্ ব'ধ্, থাক্ থাক্,
আর কেহ যায় ধাক,
আমি তো ধাব না কভু আর।

প্রান্ত এ হৃদয় অতি দীন,
পরান হয়েছে বলহীন।
ফুলগ্মলি মুঠা ভরি
মুঠায় রহিবে মরি
আমি না মরিব যত দিন।

– কড়ি ও কোমল

# Ernest Myers

আমায় রেখো না ধরে আর. আর হেথা ফ্ল নাহি ফ্টে। হেমন্তের পড়িছে নীহার,
আমায় রেখো না ধরে আর।
বাই হেথা হতে যাই উঠে,
আমার দ্বপন গেছে টুটে।
কঠিন পাষাণপথে
যেতে হবে কোনোমতে
পা দির্মোছ যবে।
একটি বসন্তরাতে
ছিলে তুমি মোর সাথে-পোহালো তো, চলে যাও তবে।

--কড়িও কোমল

# Aubrey De Vere

প্রভাতে একটি দীর্ঘশ্বাস
একটি বিরল অশ্রুবারি
ধীরে ওঠে, ধীরে ঝরে যায়,
শ্রনিলে তোমার নাম আজ
কেবল একট্বখানি লাজ—
এই শ্বুধ্ব বাকি আছে হার।
আর সব পেয়েছে বিনাশ।
এক কালে ছিল যে আমারি
গেছে আজ করি পরিহাস।

—কভি ও কোমল

# Augusta Webster

গোলাপ হাসিয়া বলে, 'আগে বৃষ্টি যাক চলে, দিক দেখা তর্ণ তপন— তখন ফ্টাব এ যৌবন।' গেল মেঘ, এল উষা, আকাশের আঁখি হতে মুছে দিল বৃষ্টিবারিকণা— সে তো রহিল না।

কোকিল ভাবিছে মনে, 'শীত যাবে কতক্ষণে, গাছপালা ছাইবে মনুকুলে— তথন গাহিব মন খুলে।' কুয়াশা কাটিয়া যায়, বসন্ত হাসিয়া চায়, কানন কুসন্মে ভরে গেল— সে যে মরে গেল!

--কডিও কোমল

# Augusta Webster

এত শীঘ্র ফ্রিটিল কেন রে!
ফর্টিলে পজিতে হয় ঝরে—
মর্কুলের দিন আছে তব্ব,
ফোটা ফ্ল ফোটে না তো আর।
বড়ো শীঘ্র গোল মধ্মাস,
দর্গিনেই ফ্রোলো নিশ্বাস।
বসন্ত আবার আসে বটে,
গেল যে সে ফেরে না আবার।

–কড়িও কোমল

## P. B. Marston

হাসির সময় বডো নেই. দ, দশ্ভের তরে গান গাওয়া। নিমেষের মাঝে চুমো খেয়ে মুহ্তে ফুরাবে চুমো খাওয়া। বেলা নাই শেষ করিবারে অসম্পূর্ণ প্রেমের মন্ত্রণা— সূখ্যবন্ধ পলকে ফুরায় তার পরে জাগ্রত যন্ত্রণা। কিছুক্ষণ কথা কয়ে লও. তাড়াতাড়ি দেখে লও মুখ. দ্ব দশ্ভের খোঁজ দেখাশ্বনা---ফুরাইবে খুজিবার সুখ। বেলা নাই কথা কহিবারে যে কথা কহিতে ফাটে প্রাণ। দেবতারে দুটো কথা বলে প্জার সময় অবসান। কাদিতে রয়েছে দীর্ঘ দিন— জীবন করিতে মর ময়.

ভাবিতে রয়েছে চিরকাল— ঘুমাইতে অনন্ত সময়।

--কড়ি ও কোম**ল** 

# Victor Hugo

বে'চেছিল, হেসে হেসে
থেলা করে বেড়াত সে—
হৈ প্রকৃতি, তারে নিয়ে কী হল তোমার!
শত রঙ-করা পাখি,
তোর কাছে ছিল না কি—
কত তারা, বন, সিশ্ব, আকশে অপার!
জননীর কোল হতে কেন তবে কেড়ে নিলি!
লুকায়ে ধরার কোলে ফুল দিয়ে ঢেকে দিলি!

শত-তারা-প্রশ্নেরা।
মহতী প্রকৃতি অরি,
না হয় একটি শিশ্ব নিলি চুরি করে—
অসীম ঐশ্বর্য তব
তাহে কি বাড়িল নব?
ন্তন আনন্দকণা মিলিল কি ওরে?
অথচ তোমারি মতো বিশাল মায়ের হিয়া
সব শ্না হয়ে গেল একটি সে শিশ্ব গিয়া।

—কড়ি ও কোমল এবং শিশ্ব (শিশ্ব মৃত্যু)

#### Moore

নিদাঘের শেষ গোলাপকুস্ম একা বন আলো করিয়া, র্পসী তাহার সহচরীগণ শ্কারে পড়েছে ঝরিয়া। একাকিনী আহা, চারি দিকে তার কোনো ফ্ল নাহি বিকাশে হাসিতে তাহার মিশাইতে হাসি নিশাস তাহার নিশাসে। বোঁটার উপরে শ্কাইতে তোরে
রাখিব না একা ফেলিয়া—
সবাই ঘ্মায়, তুইও ঘ্মাগে
তাহাদের সাথে মিলিয়া।
ছড়ায়ে দিলাম দলগ্নিল তোর
কুস্মসমাধিশয়নে
যেথা তোর বনসখীরা সবাই
ঘ্মায় মুদিত নয়নে।

তেমনি আমার স্থারা ষ্থন
থেতেছেন মোরে ফেলিরা,
প্রেমহার হতে একটি একটি
রতন পড়িছে খুলিরা,
প্রণয়ীহৃদয় গেল গো শুকায়ে
প্রিরজন গেল চলিয়া—
তবে এ আঁধার আঁধার জগতে
রহিব বলো কী বলিয়া।

--কডি ও কোমল

# Mrs. Browning

ওই আদরের নামে ডেকো সথা মোরে!
ছেলেবেলা ওই নামে আমায় ডাকিত—
তাড়াতাড়ি খেলাখ্লা সব ত্যাগ করে
অমনি খেতেম ছুটে,
কোলে পড়িতাম লুটে,
রাশি-করা ফুলগালি পড়িয়া থাকিত।
নীরব হইয়া গেছে সে ল্লেহের স্বর—
কেবল স্তর্জতা বাজে
আজি এ শ্মশান-মাঝে,
কেবল ডাকি গো আমি 'ঈশ্বর ঈশ্বর'!

মৃত কপ্ঠে আর যাহা শ্রনিতে না পাই সে নাম তোমারি মুখে শ্রনিবারে চাই। হাঁ সথা, ডাকিয়ো তুমি সেই নাম ধরে— ডাকিলেই সাড়া পাবে, কিছু না বিলম্ব হবে, তথনি কাছেতে যাব সব ত্যাগ করে।

-কড়ি ও কোমল

## Christina Rossetti

কেমনে কী হল পারি নে বলিতে
এইটাকু শাধ্য জানি—
নবীন কিরণে ভাসিছে সে দিন
প্রভাতের তন্ত্বখানি।
বসস্ত তখনো কিশোর কুমার.
কুণিড় উঠে নাই ফ্রটি.
শাখায় শাখায় বিহণ বিহণী
বসে আছে দুটি দুটি।

কী যে হয়ে গেল পারি নে বলিতে,
 এইট্কু শৃংখু জানি—
বসন্তও গেল, তাও চলে গেল
 একটি না কয়ে বাণী।
যা-কিছু মধ্র সব ফ্রাইল.
 সেও হল অবসান—
আমারেই শৃংখু ফেলে রেখে গেল
স্বুখহীন ঘ্রিয়াণ।

–কডি ও কোমশ

## Swinburne

রবির কিরণ হতে আড়াল করিয়া রেখে
মনটি আমার আমি গোলাপে রাখিন্ ঢেকে -সে বিছানা স্কোমল, বিমল নীহার চেয়ে,
তারি মাঝে মনখানি রাখিলাম ল্কাইয়ে।
একটি ফ্ল না নড়ে, একটি পাতা না পড়ে—
তব্-কেন ঘ্মায় না, চমকি চমকি চায়?
ঘ্ম কেন পাখা নেড়ে উড়িয়ে পালিয়ে যায়?
আর কিছ্ নয়, শ্ধ্ গোপনে একটি পাথি
কোথা হতে মাঝে মাঝে উঠিতেছে ডাকি ডাকি।

ঘুমা তুই, ওই দেখ্, বাতাস মুদেছে পাখা, রবির কিরণ হতে পাতার আছিস ঢাকা— ঘুমা তুই, ওই দেখ্ তো চেয়ে দুরন্ত বায় ঘুমেতে সাগর-'পরে ঢুলে পড়ে পায় পায়। দুখের কাঁটায় কি রে বিশিধতেছে কলেবর? বিষাদের বিষদাতে করিছে কি জর জর? কেন তবে ঘুম তোর ছাড়িয়া গিয়াছে আঁখি? কে জানে, গোপনে কোথা ডাকিছে একটি পাখি।

শ্যামল কানন এই মোহমন্ত্রজালে ঢাকা,
অমৃত মধুর ফল ভরিরে রয়েছে শাখা,
স্বপনের পাখিগুলি চণ্ডল ডানাটি তুলি
উড়িয়া চলিয়া যায় আঁধার প্রান্তর-'পরে—
গাছের শিখর হতে ঘুমের সঙ্গীত ঝরে।
নিভ্ত কানন-'পর শুনি না ব্যাধের স্বর,
তবে কেন এ হরিণী চমকায় থাকি থাকি।
কে জানে, গোপনে কোথা ডাকিছে একটি পাখি।

**কড়ি ও কোমল** 

## Christina Rossetti

দেখিন যে এক আশার স্বপন
শুধ্ তা স্বপন, স্বপনময়—
স্বপন বই সে কিছুই নয়।
অবশ হৃদয় অবসাদময়
হারাইয়া সুখ গ্রান্ত অতিশয়—
আজিকে উঠিন জাগি
কেবল একটি স্বপন লাগি!

বীণাটি আমার নীরব হইয়া
গৈছে গীতগান ভুলি,
ছি'ড়িয়া টুটিয়া ফেলেছি তাহার
একে একে তারগর্মলি।
নীরব হইয়া রয়েছে পড়িয়া
স্দ্র শমশান-'পরে,
কেবল একটি স্বপন-তরে!

থাম্ থাম্ ওরে হৃদয় আমার,
থাম্ থাম্ একেবারে,
নিতান্তই যদি টুটিয়া পড়িবি
একেবারে ভেঙে যা রে—
এই তোর কাছে মাগি।
আমার জগং, আমার হৃদয়—
আগে যাহা ছিল এখন তা নয়
কেবল একটি স্বপন লাগি।

**—কড়ি ও কোমল** 

## Hood

নহে নহে, এ নহে মরণ।
সহসা এ প্রাণপূর্ণ নিশ্বাস বাতাস
নীরবে করে যে পলায়ন,
আলোতে ফুটায় আলো এই আঁখিতারা
নিবে যায় একদা নিশীথে,
বহে না রুধির নদী, সুকোমল তন্
ধ্লায় মিলায় ধরণীতে,
ভাবনা মিলায় শ্নো, মৃত্তিকার তলে
রুদ্ধ হয় অমর হৃদয়—
এই মৃত্য়? এ তো মৃত্যু নয়।

কিন্তু রে পবিত্র শোক যায় না যে দিন পিরিতির সিমরিতিমন্দিরে, উপেক্ষিত অতীতের সমাধির 'পরে তুণরাজি দোলে ধারে ধারে, মরণ-অতীত চির-ন্তন পরান সমরণে করে না বিচরণ— সেই বটে সেই তো মরণ!

-ক্ষিও ও কোমল

# কোনো জাপানি কবিতার ইংরাজি অন্বাদ হইতে

বাতাসে অশথপাতা পড়িছে খসিয়া।
বাতাসেতে দেবদার উঠিছে শ্বসিয়া।
দিবসের পরে র্বাস রাত্রি মুদে আখি,
নীড়েতে বাসয়া যেন পাহাড়ের পাখি।
শ্রান্ত পদে প্রমি আমি নগরে নগরে,
বিজন অরণ্য দিয়া পর্বতে সাগরে।
উড়িয়া গিয়াছে সেই পাখিটি আমার,
খ্রিজয়া বেড়াই তারে সকল সংসার।
দিন রাত্রি চালয়াছি, শুধু চালয়াছি —
ভূলে যেতে ভূলিয়া গিয়াছি।

আমি যত চলিতেছি রৌদ্র বৃণ্টি বায়ে হৃদয় আমার তত পড়িছে পিছায়ে। হৃদয় রে. ছাড়াছাড়ি হল তোর সাথে — এক ভাব রহিল না তোমাতে আমাতে। নীড় বে'ধেছিন্ যেথা যা রে সেইখানে, একবার ডাক্ গিয়ে আকৃল পরানে। কে জানে, হতেও পারে, সে নীড়ের কাছে হয়তো পাথিটি মোর ল্কাইয়ে আছে। কে'দে কে'দে ব্ভিজলে আমি ভ্রমিতছি— ভূলে যেতে ভূলিয়ে গিয়েছি।

দেশের সবাই জানে কাহিনী আমার।
বলে তারা, 'এত প্রেম আছে-বা কাহার!'
পাথি সে পলারে গেছে কথাটি না বলে,
এমন তো সব পাখি উড়ে যায় চলে।
চির্নাদন তারা কভু থাকে না সমান
এমন তো কতশত রয়েছে প্রমাণ।
ডাকে আর গায় আর উড়ে যায় পরে,
এ ছাড়া বলো তো তারা আর কিবা করে?
পাখি গেল যার, তার এক দৃঃখ আছে—
ভুলে যেতে ভুলে সে গিয়াছে!

সারা দিন দেখি আমি উড়িতেছে কাক, সারা রাত শহুনি আমি পেচকের ডাক। চন্দ্র উঠে অস্তু যায় পশ্চিমসাগরে.

পর্রবে তপন উঠে জলদের শুরে।
পাতা থরে, শুদ্র রেণ্ উড়ে চারি ধার—
বসন্তম্কুল এ কি? অথবা তুষার?
হদয়, বিদায় লই এবে তোর কাছে—
বিলম্ব হইয়া গেল, সময় কি আছে?
শান্ত হ'রে, একদিন স্থী হবি তব্—
মরণ সে ভুলে যেতে ভোলে না তো কভু!

—ৰ্কাড় ও কোমল

## Marlow

"হ'বি কি আমার প্রিয়া, র'বি মোর সাথে? অরণা, প্রান্তর, নদী পর্বত গ্রহাতে যত কিছু, প্রিয়তমে সূখ পাওয়া যায়, দ্বজনে মিলিয়া তাহা ভোগ করি আয়!

শ্রনিব শিখরে বসি পাখী গার গান, নদীর শবদ সাথে মিশাইরা ডান; দেখিব চাহিয়া সেই তটিনীর তীরে রাখাল গর,র পাল চরাইয়া ফিরে।

রচি দিব গোলাপের শ্য্যা মনোমত: স্বভি ফ্লের তোড়া দিব কত শত; গড়িব ফ্লের ট্লিপ পরিবি মাথায়. আঙিয়া রচিয়া দিব গাছের পাতায়।

লয়ে মের্যাশাশ্বদের কোমল পশম বসন বর্বানয়া দিব আতি অনুপম: স্বৃন্দর পাদ্বকা এক করিয়া রচিত, খাটি সোনা দিয়ে তাহা করিব থচিত।

কটিবন্ধ গড়ি দিব গাঁথি তৃণজাল মাঝেতে বসায়ে দিব একটি প্রবাল। এই সব সূখ যদি তোর মনে ধরে হ' আমার প্রিয়তমা, আয় মোর ঘরে।

হন্তি-দন্তে গড়া এক আসনের 'পরে, আহার আনিয়া দিবে দ্কনের তরে, দেবতার উপভোগা, মহার্ঘ্য এমন, রজতের পাতে দোঁহে করিব ভোকন।

রাখাল-বালক যত মিলি একন্তরে নাচিবে গাইবে তোর আমোদের তরে। এই সব সূখ যদি মনে ধরে তব, হ' আমার প্রিয়তমা, এক সাথে রব।"

> --ভারতী ১২৮৭
> 'নীরব কবি ও আশিক্ষত কবি' নামক প্রবন্ধের অন্তর্গতি

# জীবন মরণ

# Victor Hugo

ওরা যায়, এরা করে বাস; অন্ধকার উত্তর বাতাস বহিয়া কত না হা-হ:তাশ ধূলি আর মানুষের প্রাণ উডাইয়া করিছে প্রয়াণ। আঁধারেতে রয়েছি বসিয়া: একই বায়ু যেতেছে শ্বসিয়া মানুষের মাথার উপরে। অরণেরে পল্লবের দ্রবে। যে থাকে সে গেলদের কয়. "অভাগা কোথায় পোল লয়। আর না শার্নিব তই কথা, আর না হেরিবি তর্লতা, চলেছিস মাটিতে মিশিতে. ঘুমাইতে আঁধার নিশাথে।" যে যায় সে এই বলে যায়. "তোদের কিছুই নাই হায়, অশ্ৰক্তল সাক্ষী আছে তায়। সুখ যশ হেথা কোথা আছে সত্য যা তা মৃতদেরি কাছে। জীব, তোরা ছায়া, তোরা মৃত, আমরাই জীবন্ত প্রকৃত।"

—'আলোচনা' পত্রিকা ১২৯১

# यूशी প्रान

### Robert Buchanan

জান না ত নিঝবিণী, আসিয়াছ কোথা হতে,
কোথায় যে করিছ প্রয়াণ,
মাতিয়া চলেছ তব্ আপন আনন্দে পূর্ণ,
আনন্দ করিছ সবে দান।
বিজন-অরণা-ভূমি দেখিছে তোমার খেলা,
জন্ডাইছে তাহার নয়ান।
মেষ শাবকের মতো তর্দের ছায়ে ছায়ে,
রচিয়াছ খেলিবার স্থান।
গভীর ভাবনা কিছ্ম আসেনা তোমার কাছে,
দিনরাত্তি গাও শন্ধ্ন গান।
ব্বি নরনারী মাঝে এমনি বিমল হিয়া
আছে কেহ তোমারি সমান।

চাহে না চাহে না তারা ধরণীর আড়ন্বর।
সন্তোষে কাটাতে চায় প্রাণ,
নিজের আনন্দ হতে আনন্দ বিতরে তারা
গায় তারা বিশ্বের কম্যাণ।

-- 'আলোচনা' পঢ়িকা ১২৯১

#### Thomas Moore

গিয়াছে সে দিন যে দিন হৃদয় র্পেরই মোহনে আছিল মাতি,
প্রাণের স্বপন আছিল যথন—'প্রেম' 'প্রেম' শৃধ্ব দিবস-রাতি।
শান্তিময়ী আশা ফুটেছে এখন হৃদয়-আকাশ পটে,
জীবন আমার কোমল বিভায় বিমল হয়েছে বটে,
বালক কালের প্রেমের স্বপন মধ্র যেমন উজল যেমন
তেমন কিছুই আসিবে না
তেমন কিছুই আসিবে না।।
সে দেবী প্রতিমা নারিব ভুলিতে প্রথম প্রণয় আঁকিল যাহা,
স্মৃতি মর্ মোর শ্যামল করিয়া এখনো হৃদয়ে বিরাজে তাহা।
সে প্রতিমা সেই পরিমলসম পলকে যা লয় পায়,
প্রভাতকালের স্বপন যেমন পলকে মিশায়ে যায়।
অলস প্রবাহ জীবনে আমার সে কিরণ কভু ভাসিবে না আর—
সে কিরণ কভু ভাসিবে না।।

—গীতবিতান

# স্ফুলিঙ্গ

सिंड स्पर्ण में खिल अस्पर है स्पर्ण में खिल अस्पर के पुरुष्टियं हिसे। स्मेरिश अव स्पर्णण विस्ता অজানা ভাষা দিয়ে
পড়েছ ঢাকা তুমি, চিনিতে নারি প্রিয়ে!
কুহেলী আছে ঘিরি,
মেদের মতো তাই দেখিতে হয় গিরি।

₹

অতিথি ছিলাম যে বনে সেথায় গোলাপ উঠিল ফুটে— 'ভূলো না আমায়' বলিতে বলিতে কখন পড়িল লুটে।

O

অত্যাচারীর বিজয়তোরণ ভেঙেছে ধ্লার 'পর, শিশ্বা তাহারই পাথরে আপন গড়িছে খেলার ঘর।

8

অনিত্যের যত আবর্জনা প্জার প্রাঙ্গণ হতে প্রতিক্ষণে করিয়ো মার্জনা।

Œ

অনেক তিয়াখে করেছি ভ্রমণ,
জীবন কেবলই খোঁজা।
অনেক বচন করেছি রচন,
জমেছে অনেক বোঝা।
যা পাই নি তারি লইয়া সাধনা
যাব কি সাগরপার?
যা গাই নি তারি বহিয়া বেদনা
ছিডিবে বীশার তার?

è

অনেক মালা গে'থেছি মোর কুঞ্জতলে, সকালবেলার অতিথিরা পরল গলে। সান্ধেবেলা কে এল আজ নিয়ে ডালা! গাঁথব কি হায় ঝরা পাতায় শ্কনো মালা!

9

অন্ধকারের পার হতে আনি প্রভাতস্থ মন্দ্রিল বাণী, জাগালো বিচিত্রেরে এক আলোকের আলিঙ্গনের ঘেরে।

Ŗ.

অহাহারা গৃহহারা চায় ঊধর্বপানে,

ডাকে ভগবানে।

যে দেশে সে ভগবান মানুষের হুদয়ে হুদয়ে

সাড়া দেন বীর্যর্পে দুঃথে কজে ভয়ে,

সে দেশের দৈনা হবে ক্ষয়,

হবে তার জয়।

à

অন্নের লাগি মাঠে
লাঙলে মানুষ মাটিতে আঁচড় কাটে।
কলমের মুখে আঁচড় কাটিয়া
খাতার পাতার তলে
মনের অন্ন ফলে।

50

অপরাজিতা ফর্টিল, লতিকার গর্ব নাহি ধরে—

# न्कर्गणक

যেন পেয়েছে লিপিকা আকাশের আপন অক্ষরে।

22

অপাকা কঠিন ফলের মতন, কুমারী, তোমার প্রাণ ঘন সংকোচে রেখেছে আগল আপন আত্মদান।

25

অবসান হল রাতি।
নিবাইয়া ফেলো কালিমার্মালন
ঘরের কোণের বাতি।
নিখিলের আলো প্র-আকাশে
জর্বিল প্রাদিনে—
এক পথে যারা চলিবে ভাহারা
সকলেরে নিক্ চিনে।

20

অবোধ হিয়া ব্ঝে না বোঝে, করে সে এ কী ভূল— তারার মাঝে কাঁদিয়া খোঁজে ঝরিয়া-পড়া ফ্ল।

28

আমলধারা ঝরনা যেমন

শ্বচ্ছ তোমার প্রাণ,
পথে তোমার জাগিয়ে তুল্ক

আনন্দমর গান।

সম্মুখেতে চলবে যত

পূর্ণ হবে নদীর মতো,
দুই ক্লেতে দেবে ভরে

সফলতার দান।

অন্তর্রবিরে দিল মেঘমালা আপন স্বর্ণরাশি, উদিত শশীর তরে বাকি রহে পাণ্ডুবরন হাসি।

36

আকাশে ছড়ায়ে বাণী অজানার বাঁশি বাজে ব্ঝি। শ্নিতে না পায় জন্তু, মান্য চলেছে স্ব খংজি।

39

আকাশে য্গল তারা

চলে সাথে সাথে

অনন্তের মন্দিরেতে

আলোক মেলাতে।

28

আকাশে সোনার মেঘ
কত ছবি আঁকে,
আপনার নাম তব্
লিখে নাহি রাখে।

22

আকাশের আলো মাটির তলায় লক্ষায় চুপে, ফাগ্নের ডাকে বাহিরিতে চায় কুস্মুমর্পে।

20

আকাশের চুম্বনব্ণিটরে ধরণী কুসনুমে দেয় ফিরে।

আগ্ৰন জ্বলিত ধবে

আপন আলোতে

সাবধান করেছিলে

মোরে দ্র হতে।
নিবে গিয়ে ছাইচাপা
আছে মৃতপ্রার,
তাহারই বিপদ হতে
বাঁচাও আমায়।

#### २२

আজ গড়ি খেলাঘর,
কাল তারে ভূলি—
ধ্লিতে যে লীলা তারে
মুছে দেয় ধ্লি।

२०

আঁধার নিশার গোপন অন্তরাল, তাহারই পিছনে লক্কারে রচিলে গোপন ইন্দুজাল।

\$8

আপন শোভার মূল্য প্রুম্প নাহি বোঝে, সহজে পেরেছে যাহা দেয় তা সহজে।

₹ 6

আপনার বৃদ্ধখার-মাঝে
অন্ধকার নিয়ত বিরাজে।
আপন-বাহিরে মেলো চোখ,
সেইখানে অনস্ত আলোক।

আপনারে দীপ করি জনলো, আপনার যাত্রাপথে আপনিই দিতে হবে আলো।

29

আপনারে নিবেদন সত্য হয়ে পূর্ণ হয় যবে সূন্দর তথনি মূর্তি লভে।

24

আপনি ফ্ল ল্কায়ে বনছায়ে গন্ধ তার ঢালে দখিনবায়ে।

22

আমি অতি প্রাতন,
এ খাতা হালের
হিসাব রাখিতে চাহে
ন্তন কালের।
তব্ও ভরসা পাই—
আছে কোনো গ্ণ,
ভিতরে নবান থাকে
ভ্রমর ফাগ্ন।
প্রাতন চাঁপাগাছে
ন্তনের আশা
নবীন কুস্মে আনে
অম্তর ভাষা।

90

আমি বেসেছিলেম ভালো
সকল দেহে মনে
এই ধরণীর ছায়া আলো
আমার এ জীবনে।
সেই-যে আমার ভালোবাসা
লয়ে আকুল অকূল আশা

ছড়িয়ে দিল আপন ভাষা
আকাশনীলিমাতে।
রইল গভীর স্বথে দ্থে,
রইল সে-যে কুর্ণড়র ব্বে
ফ্ল-ফোটানোর ম্থে ম্থে
ফাগ্নেটেররাতে।
রইল তারি রাখী বাঁধা
ভাবী কালের হাতে।

03

আয় রে বসস্ত, হেথা
কুস্মের স্মা জাগা রে
শান্তিমিম ম্কুলের
ফলেরে গোপন আগারে।
ফলেরে আনিবে ডেকে
সেই লিপি যাস রেখে,
স্বর্ণের ত্লিখানি
পূর্ণে পূর্ণে যতুনে লাগা রে।

02

আলো আসে দিনে দিনে, রাতি নিয়ে আসে অন্ধকার। মরণসাগরে মিলে সাদা কালো গঙ্গাযমুনার।

00

আলো তার পর্দচিহ্ন আকাশে না রাখে— চলে ষেতে জানে, তাই চিরদিন থাকে।

98

আশার আলোকে

ক্রম্বাক প্রাণের তারা,

আগামী কালের

প্রদোষ-আঁধারে

ফেল্যুক কিরণধারা।

আসা-যাওয়ার পথ চলেছে
উদয় হতে অস্তাচলে,
কে'দে হেসে নানান বেশে
পথিক চলে দলে দলে।
নামের চিহ্ন রাখিতে চায়
এই ধরণীর ধ্বলা জবড়ে,
দিন না যেতেই রেখা তাহার
ধ্বলার সাথে যায় যে উড়ে।

#### 06

ঈশ্বরের হাস্যমাখ দেখিবারে পাই যে আলোকে ভাইকে দেখিতে পায় ভাই। ঈশ্বরপ্রণামে তবে হাতজ্ঞোড় হয় যথন ভাইয়ের প্রেমে মিলাই হুদয়।

#### 99

উমি, তুমি চণ্ডলা নৃত্যদোলায় দাও দোলা, বাতাস আসে কী উচ্ছনাসে— তবণী হয় পথ-ভোলা।

#### 3 W

এই যেন ভক্তের মন
বট অশ্বশ্বের বন।
রচে তার সম্দার কায়াটি
ধ্যানঘন গন্তীর ছায়াটি,
মর্মরে বন্দনমন্ত জাগায় রে
বৈরাগী কোন্ সমীরণ।

#### 02

এই সে পরম মূল্য আমার প্জার — না প্জা করিলে তব্ শাস্তি নাই তার।

এক যে আছে ব্যুড় জন্মদিনে দিলেম তারে রঙিন স্বের ঘ্ডি। পাঠ্যপর্থের পাতাগ্লো অবাক্ হয়ে রয়, বৃদ্ধা মেয়ের উধাও চিত্ত ফেরে আকাশ-ময়। কন্ঠে ওঠে গ্ন্গ্নিয়ে সারে গামা পাধা। গানে গানে জাল বোনা হয় ম্যাণ্ডিকের এই বাধা।

83

এখনো অজ্জুর যাহা তারি পথপানে প্রতাহ প্রভাতে রবি আশাবিদি আনে।

83

এমন মানুষ আছে
পায়ের ধালো নিতে এলে
রাখিতে হয় দৃষ্টি মেলে
জাতো সরায় পাছে।

80

এসেছিন্ নিয়ে শ্ব্ধ আশা, চলে গেন্ব দিয়ে ভালোবাসা।

88

'এসো মোর কাছে'
শ্কতারা গাহে গান।
প্রদীপের শিখা
নিবে চলে গেল,
মানিল সে আহ্বান।

'ওগো তারা, জাগাইয়ো ভোরে'
কুর্ণাড় তারে কহে ঘ্রুমঘোরে।
তারা বলে, 'যে তোরে জাগায়
মোর জাগা ঘোচে তার পায়।'

84

ওড়ার আনন্দে পাখি
শনো দিকে দিকে
বিনা অক্ষরের বাণী
যায় লিখে লিখে।
মন মোর ওড়ে যবে
জাগে তার ধর্নন,
পাখার আনন্দ সেই
বহিল লেখনী।

89

কঠিন পাথর কাটি
মাতি কর গড়িছে প্রতিমা।
অসীমেরে রূপ দিক্
জীবনের বাধাময় সীমা।

84

'কথা চাই' 'কথা চাই' হাঁকে
কথার বাজারে;
কথাওয়ালা আসে ঝাঁকে ঝাঁকে
হাজারে হাজারে।
প্রাণে তোর বাণী যদি থাকে
মোনে ঢাকিয়া রাখ্ তাকে
মুখর এ হাটের মাঝারে।

82

কমল ফুটে অগম জলে, তুলিবে তারে কেবা। সবার তরে পারের তলে তুণের রহে সেবা।

কল্পোলমনুখর দিন
ধার রাতি-পানে।
উচ্ছল নির্ধার চলে
সিন্ধার সন্ধানে।
বসত্তে অশাস্ত ফল্ল
পেতে চায় ফল।
স্তন্ধ পর্ণতার পানে
চলিছে চঞ্চল।

65

কহিল তারা, 'জন্মলিব আলোখানি। আঁধার দ্রে হবে না-হবে, সে আমি নাহি জ্ঞানি।'

£ 2

কাছে থাকি ধবে ভূলে থাকো, দূরে গেলে যেন মনে রাখো।

60

কাছের রাতি দেখিতে পাই মানা। দ্বের চাঁদ চির্নাদনের জানা।

**68** 

কাঁটার সংখ্যা ঈর্ষাভ্তরে ফুল যেন নাহি গণনা করে।

কালো মেঘ আকাশের তারাদের ঢেকে মনে ভাবে, জিত হল তার। মেঘ কোথা মিলে যায় চিহ্ন নাহি রেখে. তারাগ্রনি রহে নিবি কার।

**৫** ৬

কী পাই, কী জমা করি,
কী দেবে, কে দেবে—
দিন মিছে কেটে যায়
এই ভেবে ভেবে।
চলে তো যেতেই হবে—
কী যে দিয়ে যাব'
বিদায় নেবার আগে
এই কথা ভাবো।

49 -

কী যে কোথা হেথা-হোথা যায় ছড়াছড়ি.
কুড়িয়ে ষতনে বাঁধি দিয়ে দড়াদড়ি।
তব্ও কখন শেষে
বাঁধন যায় রে ফে'সে,
ধ্লায় ভোলার দেশে।
যায় গড়াগড়ি হায় রে, রয় না তার দাম কড়া কড়ি।

& W

কীতি যত গড়ে তুলি
ধ্লি তারে করে টানাটানি।
গান যদি রেখে ষাই
তাহারে রাখেন বীণাপাণি।

62

কুসনুমের শোভা কুসনুমের অবসানে মধ্বস হরে লাকার ফলের প্রাণে।

কোথায় আকাশ
কোথার ধ্লি
সে কথা পরান
গিয়েছে ভূলি।
তাই ফলে খোঁজে
তারার কোণে,
তারা খুঁজে ফিরে
ফলের বনে।

65

কোন্ খসে-পড়া তারা মোর প্রাণে এসে খুলে দিল আজি সুরের অশুখারা।

82

ক্লান্ত মোর লেখনীর এই শেষ আশা— নীরবের ধ্যানে তার ভূবে যাবে ভাষা।

60

ক্ষণকা**লের গ**ীতি ।চরকা**লের স্ম**ৃতি।

68

ক্ষণিক ধর্বনির স্বত-উচ্ছবাসে
সহসা নিঝারিণী
আপনারে লয় চিনি।
চকিত ভাবের কচিং বিকাশে
বিস্মিত মোর প্রাণ
পায় নিজ সন্ধান।

ক্ষ্দ্র-আপন - মাঝে
পরম আপন রাজে,
খ্লুক দ্বার তারই।
দেখি আমার ঘরে
চিরদিনের তরে
ধে মোর আপনারই।

#### ৬৬

ক্ষ্বভিত সাগরে নিভ্ত তরীর গেহ, রজনী দিবস বহিছে তীরের দ্লেহ। দিকে দিকে ফেথা বিপ্রল জলের দোল গোপনে সেথায় এনেছে ধরার কোল। উত্তাল ঢেউ তারা ফে দৈত্য-ছেলে প্রলী ভেবে লাফ দেয় বাহ্য মেলে। তার হাত হতে বাঁচায়ে আনিলে তুমি, ভূমির শিশুরে ফিরে পেল প্রন ভূমি।

#### 49

গত দিবসের বার্থ প্রাণের যত ধ্বলা, যত কালী, প্রতি উষা দেয় নবীন আশার আলো দিয়ে প্রকালি।

#### 44

গাছ দেয় ফল

ঋণ বলে তাহা নহে।
নিজের সে দান

নিজেরই জীবনে বহে।
পথিক আসিয়া
লয় যদি ফলভার
প্রাপের বেশি
সে সৌভাগ্য তার।

গাছগ্র্লি মুছে-ফেলা,
গিরি ছায়া-ছায়া—
মেঘে আর কুয়াশায়
রচে একি মায়া।
মুখ-ঢাকা ঝরনার
শ্র্নি আকুলতা—
সব যেন বিধাতার
চপিচ্পি কথা।

90

গাছের কথা মনে রাখি,
ফল করে সে দান।
ঘাসের কথা যাই ভূলে, সে
শ্যামল রাখে প্রাণ।

95

গাছের পাতায় লেখন লেখে বসত্তে বর্ষায়— ঝরে পড়ে, সব কাহিনী ধুলায় মিশে যায়।

9 3

গানখানি মোর দিন্ব উপহার— ভার যদি লাগে, প্রিয়ে, নিয়ো তবে মোর নামখানি বাদ দিয়ে।

90

গিরিবক্ষ হতে আজি
ঘুচুক কুম্পটি-আবরণ.
ন্তন প্রভাতস্থা
এনে দিক্ নবজাগরণ।
মৌন তার ভেঙে ধাক,
জ্যোতিমার উধ্বলাক হতে
বাণীর নিঝারধারা
প্রবাহিত হোক শতস্থাতে।

গোঁড়ামি সত্যেরে চার মুঠার রক্ষিতে— যত জোর করে, সত্য মরে অলক্ষিতে।

96

ঘড়িতে দম দাও নি তুমি মূলে। ভাবিছ বসে, সূর্য ব্রিঝ সময় গেল ভুলে!

95

ঘন কাঠিন্য রচিয়া শিলান্ত্পে
দ্র হতে দেখি আছে দ্রগমর্পে।
বন্ধর পথ করিন্ অতিক্রম—
নিকটে আসিন্, ঘ্রিচল মনের ভ্রম।
আকাশে হেথায় উদার আমন্ত্রণ,
বাতাসে হেথায় সখার আলিঙ্গন,
অজানা প্রবাসে যেন চিরজানা বাণী
প্রকাশ করিল আত্মীয়গৃহখানি।

99

চলার পথের যত বাধা
পথিবপথের যত ধাঁধা
পদে পদে ফিরে ফিরে মারে,
পথের বাঁণার তারে তারে
তারি টানে স্বর হয় বাঁধা।
রচে যদি দ্বংথের ছন্দ
দ্বংশের-অতীত আনন্দ
তবেই রাগিণী হবে সাধা।

94

চলিতে চলিতে চরণে উছলে
চলিবার ব্যাকুলতা—
ন্পারে ন্পারে বাজে বনতলে
মনের অধীর কথা।

# न्क्रीशक

92

চলে যাবে সভার প স্ক্তিত যা প্রাণেতে কায়াতে, রেখে যাবে মায়ার প র্যাচত যা আলোতে ছায়াতে।

RO

চাও যদি সত্যরূপে
দেখিবারে মন্দ—
ভালোর আলোতে দেখো,
হোয়ো নাকো অন্ধ।

83

চাঁদিনী রাত্তি, তুমি তো যাত্রী
চীন-লণ্ঠন দ্বলায়ে
চলেছ সাগরপারে।
আমি যে উদাসী একেলা প্রবাসী,
নিয়ে গেলে মন তুলায়ে
দ্বে জানালার ধারে।

R5

চাঁদেরে করিতে বন্দী
মেঘ করে অভিসন্ধি.
চাঁদ বাজাইল মায়াশঙ্খ।
মল্যে কালী হল গত.
জ্যোৎস্থার ফেনার মতো
মেঘ ভেসে চলে অকলঙক।

80

চাষের সময়ে যদিও করি নি হেলা, ভুলিয়া ছিলাম ফসল কাটার বেলা।

# त्रवीन्म-त्रुष्टनावनी

48

চাহিছ বাবে বাবে
আপনাবে ঢাকিতে—
মন না মানে মানা,
মেলে ডানা আঁখিতে।

84

চাহিছে কীট মোমাছির পাইতে অধিকার— করিল নত ফুলের শির দার্ণ প্রেম তার।

20

চৈত্রের সেতারে বাজে
বসন্তবাহার,
বাতাসে বাতাসে উঠে
তরঙ্গ তাহার।

89

চোথ হতে চোথে
থেলে কালো বিদ্যুৎ—
হদয় পাঠায়
আপন গোপন দৃতে।

AA

জন্মদিন আসে বারে বারে
মনে করাবারে
এ জীবন নিতাই ন্তন
প্রতি প্রাতে আলোকিত
পূলকিত
দিনের মতন।

42

জানার বাঁশি হাতে নিয়ে না-জানা বাজান তাঁহার নানা স**্রের** বাজানা।

20

জাপান, তোমার সিক্স অধীর, প্রান্তর তব শান্ত, পর্বত তব কঠিন নিবিড়, কানন কোমল কাস্ত।

25

জীবনদেবতা তব
দেহে মনে অন্তরে বাহিরে
আপন প্জার ফুল
আপনি ফুটান ধীরে ধীরে।
মাধ্রে সৌরভে তারি
অহোরাত রহে ফেন ভারি
তোমার সংসার্থানি,
এই আমি আশীর্বাদ করি।

2 3

জীবনযাত্তার পথে
ক্রান্তি ভূলি, তর্ণ পথিক,
চলো নিভীকি।
আপন অন্তরে তব
আপন যাত্তার দীপালোক
অনিবাণ হোক।

20

জীবনরহস্য যার মরণরহস্য-মাঝে নামি, মুখর দিনের আলো নীরব নক্ষতে বায় থামি।

78

জীবনে তব প্রভাত এল নব-অর্ণকান্তি। তোমারে ঘেরি মেলিয়া থাক্
শিশিরে-ধোওয়া শান্তি।
মাধ্রী তব মধ্যদিনে
শক্তির্প ধরি
কম'পট্ব কল্যাণের
কর্ক দ্র ক্লান্তি।

26

জীবনের দীপে তব আলোকের আশীর্বচন আঁধারের অচৈতন্যে সঞ্চিত কর্মুক জাগরণ।

26

জনালো নবজীবনের নির্মাল দাপিকা, মত্যের চোথে ধরো স্বর্গের লিপিকা। আধারগহনে রচো আলোকের বীথিকা, কলকোলাহলে আনো অমৃতের গীতিকা।

29

ঝরনা উথলে ধরার হৃদয় হতে
তপ্তবারির স্লোতে—
গোপনে লাকানো অপ্রা কী লাগি
বাহিরিল এ আলোতে।

PA

ডালিতে দেখেছি তব অচেনা কুস্ম নব। দাও মোরে, আমি আমার ভাষায় বরণ করিয়া লব।

ডুবারি ষে সে কেবল
ডুব দেয় তলে।
যে জন পারের যাত্রী
সেই ভেসে চলে।

400

তপনের পানে চেয়ে সাগরের ঢেউ বলে, 'ওই পর্তালরে এনে দে-না কেউ।'

205

তব চিত্তগগনের
দ্র দিক্সীমা
বৈদনার রাঙা মেঘে
পেয়েছে মহিমাঃ

508

তরক্ষের বাণী সিদ্ধ্ চাহে ব্ঝাবারে। ফেনায়ে কেবলই লেখে, মুছে বারে বারে।

200

তারাগর্মল সারারাতি কানে কানে কর সেই কথা ফুলে ফুলে ফুটে বনময়।

>08

তুমি বসন্তের পাখি বনের ছায়ারে করো ভাষা দান। আকাশ তোমার কণ্ঠে চাহে গাহিবারে আপনারই গান।

তুমি বাঁধছ ন্তন বাসা,
আমার ভাঙছে ভিত।
তুমি খাজছ লড়াই, আমার
মিটেছে হার-জিত।
তুমি বাঁধছ সেতারে তার,
থামছি সমে এসে—
চক্রেখা পার্ণ হল
আরম্ভে আর শেবে।

#### 303

তুমি যে তুমিই, ওগো সেই তব ঋণ আমি মোর প্রেম দিয়ে শ্রমি চিরদিন।

#### 209

তোমার মঙ্গলকার্য
তব ভূত্য-পানে
অযাচিত যে প্রেমেরে
ডাক দিয়ে আনে,
যে অচিন্তা শক্তি দেয়,
যে অক্লান্ত প্রাণ,
সে তাহার প্রাপ্য নহে—
সে তোমারি দান।

#### ZOR

তোমার সঙ্গে আমার মিলন
বাধল কাছেই এসে।
তাকিয়ে ছিলেম আসন মেলে—
অনেক দ্বের থেকে এলে,
আঙিনাতে বাড়িয়ে চরণ
ফিরলে কঠিন হেসে—
ভীরের হাওয়ায় তরী উধাও
পারের নিরুদ্দেশে।

তোমারে হেরিয়া চোখে, মনে পড়ে শব্ধ এই মুখখানি দেখেছি স্বপ্নলোকে।

>>0

দিগন্তে ওই বৃষ্টিহারা মেঘের দলে জর্টি লিখে দিল— আজ ভুবনে আকাশ-ভরা ছর্টি।

222

দিগত্তে পথিক মেঘ

চলে যেতে যেতে

ছায়া দিয়ে নামট্বক্
লেখে আকাশেতে।

225

দিগ্বলয়ে
নব শশীলেখা
টাক্রো যেন
মানিকের রেখা।

220

দিনের আলো নামে যথন
ছায়ার অতলে
আমি আসি ঘট ভরিবার ছলে
একলা দিঘির জলে।
তাকিয়ে থাকি, দেখি সঙ্গীহারা
একটি সন্ধ্যাতারা
ফেলেছে তার ছায়াটি এই
কমলসাগরে।

ডোবে না সে, নেবে না সে, ডেউ দিলে সে ধায় না তব্ব সরে—

# त्रवीन्ध-त्राचनावनी

যেন আমার বিষ্ণল রাতের
চেয়ে থাকার স্মৃতি
কালের কালো পটের 'পরে
রইল আঁকা নিতি।
মোর জীবনের বার্থ দীপের
অগ্নিরেখার বাণী
ঐ যে ছায়াখানি।

#### >>8

দিনের প্রহরগর্বল হয়ে গেল পার বহি কর্মভার। দিনান্ত ভরিছে তরী রঙিন মায়ায় আলোয় ছায়ায়।

#### 224

দিবসরজনী তন্দ্রাবিহীন
মহাকাল আছে জাগি —
যাহা নাই কোনোখানে,
যারে কেহ নাহি জানে,
সে অপরিচিত কল্পনাতীত
কোন্ আগামীর লাগি।

#### 226

দুই পারে দুই ক্লের আকুল প্রাণ, মাঝে সমুদ্র অতল বেদনাগান।

#### 559

দ্বংখ এড়াবার আশা নাই এ জীবনে। দ্বংখ সহিবার শক্তি যেন পাই মনে।

#### 22R

দ্ঃখশিখার প্রদীপ জেবলে খোঁজো আপন মন হয়তো সেথা হঠাং পাবে চিরকালের ধন।

222

দ্বের দশা শ্রাবণরাতি— বাদল না পার মানা, চলেছে একটানা। স্থের দশা ষেন সে বিদ্যুৎ ক্ষণহাসির দৃত।

> 20

দ্রে সাগরের পারের পবন আসবে যথন কাছের ক্লে রঙিন আগনে জনালবে ফাগন্ন, মাতবে অশোক সোনার ফুলে।

252

দোয়াতখানা উলটি ফেলি পটের 'পরে রাতের ছবি এ'কেছি' বলে গর্ব' করে।

> 2 2

ধরণীর খেলা খ'জে
শিশ্ব শত্রুতারা
তিমিররজনীতীরে
এল পথহারা।
উষা তারে ডাক দিয়ে
ফিরে নিয়ে যায়,
আলোকের ধন ব্রিধ
আলোকে মিলার।

>20

নববর্ষ এল আজি দুর্যোগের খন অন্ধকারে;

# त्रवीग्य-त्रध्नावनी

আনে নি আশার বাণী,
দেবে না সে কর্ণ প্রশ্রয়।
প্রতিক্ল ভাগা আসে
হিংস্র বিভীষিকার আকারে;
তর্থনি সে অকল্যাণ
যথনি তাহারে করি ভয়
যে জীবন বহিয়াছি
পূর্ণ ম্লো আজ হোক কেনা;
দ্বিদিনে নিভীকি বীর্ষে
শেষ করি ভার শেষ দেনা।

#### > 28

না চেয়ে যা পেলে তার যত দায় পর্রাতে পারো না তাও, কেমনে বহিবে চাও যত কিছ্ সব যদি তার পাও!

#### 256

নিমীলনয়ন ভোর-বেলাকার অর্ণকপোলতলে রাতের বিদায়চুম্বনট্কু শ্কতারা হয়ে জ্বলে।

#### > 20

নির্দাম অবকাশ শ্না শ্ধ্.
শাস্তি তাহা নয়—
যে কর্মে রয়েছে সত্য
তাহাতে শাস্তির পরিচয়।

#### >29

ন্তন জম্মদিনে প্রোতনের অস্তরেতে ন্তনে লও চিনে।

ন্তন য্গের প্রত্যুবে কোন্
প্রবীণ বৃদ্ধিমান
নিতাই শুধ্ব স্ক্রাবিচার করে যাবার লগ্ন, চলার চিন্তা
নিঃশেষে করে দান
সংশারময় তলহীন গহররে।
নিঝার যথা সংগ্রামে নামে
দ্র্গম পর্বতে,
আচেনার মাঝে ঝাঁপ দিয়ে পড়্
দ্বঃসাহসের পথে,
বিঘাই তোর স্পার্ধাত প্রাণ
জাগায়ে তুলিবে যে রে—
জয় করি তবে জানিয়া লইবি
অজানা অদাণ্টেরে।

#### 252

ন্তন সে পলে পলে
অতীতে বিলীন,
যুগে যুগে বর্তমান
সেই তো নবীন।
তৃষ্ণা বাড়াইয়া তোলে
ন্তনের সুরা,
নবীনের চিরসুধা
তৃপ্তি করে প্রা।

#### 200

পদ্মের পাতা পেতে আছে অঞ্জলি রবির করের লিখন ধরিবে বলি। সায়াহে রবি অস্তে নামিবে যবে সে ক্ষণলিখন তখন কোথায় রবে!

#### 205

পরিচিত সীমানার বেড়া-ঘেরা থাকি ছোটো বিশ্বে; বিপ্রুল অপরিচিত নিকটেই রয়েছে অদ্ধ্যে।

# त्रवीन्म-त्रह्मावनी

সেথাকার বাঁশিরবে

অনামা ফুলের মৃদুগঙ্গে
জানা না-জানার মাঝে
বাণী ফিরে ছায়াময় ছণ্টে

#### 205

পশ্চিমে রবির দিন হলে অবসান তখনো বাজকুক কানে পুরববির গান।

#### 200

পাখি যবে গাহে গান, জানে না, প্রভাত-রবিরে সে তার প্রাণের অর্ঘ্যদান। ফ্ল ফুটে বনমাঝে— সেই তো তাহার প্জানিবেদন আপনি সে জানে না যে।

#### 208

পায়ে চলার বৈগে পথের-বিঘ্য-হরণ-করা শক্তি উঠ্যক জেগে।

#### 204

পাষাণে পাষাণে তব শিখরে শিখরে লিখেছ, হে গিরিরাজ, অজানা অক্ষরে কত যুগযুগান্তের প্রভাতে সন্ধ্যায় ধরিগ্রীর ইতিবৃত্ত অনস্ত-অধ্যায়। মহান সে গ্রন্থপত্ত, তারি এক দিকে কেবল একটি ছত্তে রাখিবে কি লিখেতিব শৃক্ষশিলাতলৈ দুদিনের খেলা। আমাদের কজনের আনক্ষের মেলা।

প্রানো কালের কলম লইয়া হাতে
লিখি নিজ নাম ন্তন কালের পাতে।
নবীন লেখক তারি 'পরে দিনরাতি
লেখে নানামত আপন নামের পাঁতি।
ন্তনে প্রানে মিলায়ে রেখার পাকে
কালের খাতায় সদা হিজিবিজি আঁকে।

#### 209

প্রম্পের ম্কুল নিয়ে আসে অরণ্যের আশ্বাস বিপাল।

#### ZOR

পেয়েছি যে-সব ধন,
যার মূল্য আছে,
ফেলে যাই পাছে।
যার কোনো মূল্য নাই,
জানিবে না কেও,
তাই থাকে চরম পাথেয়।

#### 202

প্রথম আলোর আভাস লাগিল গগনে;
তৃণে তৃণে উষা সাজালো শিশিরকণা।
যারে নিবেদিল তাহারি পিপাসী কিরণে
নিঃশেষ হল রবি-অভার্থনা।

#### >80

প্রভাতরবির ছবি আঁকে ধরা স্থাম্খীর ফুলে। তৃপ্তি না পায়, মুছে ফেলে তায়— আবার ফুটারে তুলে।

প্রভাতের ফ্ল ফ্রিট্রা উঠ্ক স্ফুদর পরিমলে। সন্ধ্যাবেলায় হোক সে ধন্য মধ্রসে-ভরা ফলে।

\$82

প্রেমের আদিম জ্যোতি আকাশে সণ্ডরে
শ্ভতম তেজে,
প্রিবীতে নামে সেই নানা র্পে র্পে
নানা বর্ণে সেজে।

280

প্রেমের আনন্দ থাকে
শাধ্য স্বল্পক্ষণ,
প্রেমের বেদনা থাকে
সমস্ত জীবন।

>88

ফাগ্নে এল দ্বারে,
কেহ যে ঘরে নাই--পরান ডাকে কারে
ভাবিয়া নাহি পাই।

>84

ফাগ্ন কাননে অবতীর্ণ', ফ্রন্দল পথে করে কীর্ণ'। অনাগত ফলে নাই দৃষ্টি, নিমেষে নিমেষে অনাস্থিট।

286

ফ্ল কোথা থাকে গোপনে, গন্ধ তাহারে প্রকাশে। প্রাণ ঢাকা থাকে স্বপনে, গান যে তাহারে প্রকাশে। >89

ফ্ল ছি'ড়ে লয় হাওয়া, সে পাওয়া মিথো পাওয়া— আনমনে তার প্রেপের ভার ধ্লায় ছড়িয়ে যাওয়া।

থে সেই ধ্লার
ফুলে
হার গে'থে লয়
ডুলে
হেলার সে ধন
হয় যে ভূষণ
ভাহারি মাধার
চুলে।

শ্ধায়ো না মোর গান কারে করেছিন্ দান – পথধ্লা-'পরে আছে তারি তরে যার কাছে পাবে মান।

#### 28 F

ফ্লের অক্ষরে প্রেম লিখে রাখে নাম আপনার— ঝরে যায়, ফেরে সে আবার। পাথরে পাথরে লেখা কঠিন স্বাক্ষর দ্বাশার ডেঙে যায়, নাহি ফেরে আর।

ফ্রলের কলিকা প্রভাতরবির প্রসাদ করিছে লাভ, কবে হবে তার হৃদয় ভরিয়া ফলের আবিভাব।

>40

বইল বাতাস.
পাল তব্ না জোটে—
ঘাটের পাষাণে
নৌকো মাথা কোটে।

242

'বউ কথা কও' 'বউ কথা কও' যতই গায় সে পাখি নিজের কথাই কুঞ্জবনের সব কথা দেয় ঢাকি।

265

বড়ো কাজ নিজে বহে
আপনার ভার।
বড়ো দৃঃখ নিয়ে আসে
সাস্থনা তাহার।
ছোটো কাজ, ছোটো ক্ষতি,
ছোটো দৃঃখ যত—
বোঝা হয়ে চাপে, প্রাণ
করে কপ্টাগত।

760

বড়োই সহজ রবিরে বাঙ্গ করা, আপন আলোকে আপনি দিয়েছে ধরা। >48

বরষার রাতে জলের আঘাতে পাড়তেছে যথী থারিয়া। পারমলে তারি সজল পবন কর্বায় উঠে ভরিয়া।

>44

বরষে বরষে শিউলিতলায়
বস অঞ্জলি পাতি.
ঝরা ফ্ল দিয়ে মালাখানি লহ গাঁথি;
এ কথাটি মনে জানো—
দিনে দিনে তার ফ্লগালি হবে শ্লান,
মালার র্পটি ব্যিঝ
মনের মধ্যে রবে কোনোখানে
বদি দেখ তারে খাঁজি।

সিন্দুকে রহে বন্ধ. হঠাং খ্রাললে আভাসেতে পাও প্রানো কালের গন্ধ।

>45

বর্ষ গগোরব তার গিরেছে চুকি, রিক্তমেঘ দিক্প্রান্তে ভয়ে দেয় উণকি।

>69

বসন্ত, আনো মলয়সমীর.
ফুলে ভরি দাও ডালা—
মোর মন্দিরে মিলনরাতির
প্রদীপ হয়েছে জ্বালা।

768

বসন্ত, দাও আনি.
ফুল জাগাবার বাণী—

তোমার আশার পাতার পাতার চলিতেছে কানাকানি।

242

বসন্ত পাঠায় দতে রহিয়া রহিয়া যে কাল গিয়েছে তার নিশ্বাস বহিয়া।

240

বসন্ত যে লেখা লেখে বনে বনান্তরে নাম্ক তাহারই মন্ত্র লেখনীর 'পরে।

262

বসস্তের আসরে ঝড়

যথন ছুটে আসে

মুকুলগুলি না পায় ডর,

কচি পাতার। হাসে।

কেবল জানে জীর্ণ পাতা

ঝড়ের পরিচয় —

ঝড় তো তারি মুক্তিদাতা,

তারি বা কিসে ভয়।

202

বসন্তের হাওয়া যবে অরণ্য মাতায় নৃত্য উঠে পাতায় পাতায়। এই নৃত্যে স্কুরকে অর্ঘ্য দেয় তার, 'ধন্য তুমি' বলে বার বার।

200

বন্ধূতে রয় রূপের বাঁধন, ছন্দ সে রয় শান্তিতে, অর্থ সে রয় ব্যক্তিতে।

বহু দিন ধরে বহু কোশ দ্রে বহু ব্যয় করি বহু দেশ ঘুরে দেখিতে গিয়েছি পর্বতমালা, দেখিতে গিয়েছি সিকু। দেখা হয় নাই চক্ষু মেলিয়া ঘর হতে শুধু দুই পা ফেলিয়া একটি ধানের শিষের উপরে একটি শিশিরবিন্দু।

#### 366

বাতাস শুখার, 'বলো তো, কমল, তব রহস্য কী যে।' কমল কহিল, 'আমার মাঝারে আমি রহস্য নিজে।'

# 200

বাতাসে তাহার প্রথম পাপড়ি
থসায়ে ফেলিল যেই,
অমনি জানিয়ো, শাখায় গোলাপ
থেকেও আর সে নেই।

#### 369

বাতাসে নিবিলে দীপ দেখা যায় তারা, আঁধারেও পাই তবে পথের কিনারা। সম্খ-অবসানে আসে সজ্যোগের সীমা, দ্বংখ তবে এনে দেয় শান্তির মহিমা।

#### 20 F

বায়া চাহে মাজি দিতে, বন্দী করে গাছ— দুই বিরুদ্ধের যোগে মঞ্জরীর নাচ।

202

বাহির হতে বহিয়া আনি
স্থের উপাদান—
আপনা-মাঝে আনন্দের
অপেনি সমাধান।

590

বাহিরে বস্তুর বোঝা, ধন বলে তায়। কল্যাণ সে অন্তরের পরিপূর্ণতায়।

# 293

বাহিরে যাহারে খংজেছিন, দ্বারে দ্বারে পেরেছি ভাবিয়া হারারেছি বারে বারে কত রূপে রূপে কত-না অলংকারে অন্তরে তারে জীবনে লইব মিলায়ে, বাহিরে তখন দিব তার সুধা বিলায়ে।

# 592

বিকেলবেলার দিনান্তে মোর
পড়ন্ত এই রোদ
প্রগগনের দিগন্তে কি
জাগায় কোনো বোধ?
লক্ষকোটি আলোবছর-পারে
স্ফিট করার যে বেদনা
মাতায় বিধাতারে
হয়তো তারি কেন্দ্র-মাঝে
যাত্রা আমার হবে—
অস্তবেলার আলোতে কি
আভাস কিছু রবে?

বিচলিত কেন মাধবীশাখা, মঞ্চরী কাঁপে থরথর! কোন্কথা তার পাতার ঢাকা চুপিচুপি করে মরমর!

598

বিদায়রথের ধর্মন দ্র হতে ওই আসে কানে। ছিল্লবন্ধনের শৃথ্য কোনো শব্দ নাই কোনোখানে।

394

বিধাতা দিলেন মান বিদ্রোহের বেলা, অন্ধ ভক্তি দিন্ যবে করিলেন হেলা।

296

বিমল আ**লোকে আকাশ সাজিবে,**শিশিরে ঝলিবে ক্ষিতি,
হে শেফালি, তব বীণায় বাজিবে
শ্ভপ্রাণের গীতি।

599

বিশ্বের হৃদয়-মাঝে
কবি আছে সে কে!
কুস্মের লেখা তার
বারবার লেখে—
অত্প্র হৃদরে তাহা
বারবার মোছে,
অশান্ত প্রকাশবাথা
কিছুতে না ঘোচে।

বৃদ্ধির আকাশ যবে সত্যে সমৃত্জ্বল,
প্রেমরসে অভিষিক্ত হৃদয়ের ভূমি—
জীবনতরতে ফলে কল্যাণের ফল,
মাধ্রীর পৃত্পগ্চ্ছে উঠে সে কুস্মি।

# 593

বেছে লব সব-সেরা,
ফাঁদ পেতে থাকি--সব-সেরা কোথা হতে
দিয়ে যায় ফাঁকি।
আপনারে করি দান,
থাকি করজোড়ে-সব-সেরা আপনিই
বেছে লয় মোরে।

# 280

বেদনা দিবে যত

অবিরত দিয়ো গো।
তব্ এ শ্লান হিয়া
কুড়াইয়া নিয়ো গো।
যে ফ্ল আনমনে
উপবনে তুলিলে
কন গো হেলাভরে
ধ্লা-'পরে তুলিলে।
বি'ধিয়া তব হারে
গে'থো তারে প্রিয় গো।

# 282

বেদনার অশ্র-<mark>উমি গর্নল</mark> গহনের তল হতে রত্ন আনে তলি।

ভজনমন্দিরে তব

প্জা যেন নাহি রয় থেমে,

মানুষে কোরো না অপমান।
যে ঈশ্বরে ভক্তি করো,
হে সাধক, মানুষের প্রেমে
তারি প্রেম করো সপ্রমাণ।

# 240

ভেসে-যাওয়া ফ্ল ধরিতে নারে, ধরিবারই ঢেউ ছুটায় তারে।

# 2 K8

ভোলানাথের খেলার তরে খেলনা বানাই আমি। এই বেলাকার খেলাটি তার ওই বেলা যায় থামি।

#### 2 RG

মনের আকাশে তার দিক্সীমানা বেয়ে বিবাগি স্বপনপাখি চলিয়াছে ধেয়ে।

# 244

মর্ত্যঞ্জীবনের শূমিব যত ধার অমরঞ্জীবনের লাভিব অধিকার।

#### 784

মাটিতে দ্বর্ভাগার ভেঙেছে বাসা. আকাশে সমৃচ্চ করি গাঁথিছে আশা।

244

মাটিতে মিশিল মাটি, যাহা চিরস্তন রহিল প্রেমের স্বর্গে অস্তরের ধন।

#### 247

মান অপমান উপেক্ষা করি দাঁড়াও, কণ্টকপথ অকু-ঠপদে মাড়াও, ছিল্ল পতাকা ধ্লি হতে লও তুলি। রুদ্রের হাতে লাভ করো শেষ বর, আনন্দ হোক দৃঃথের সহচর, নিঃশেষ ত্যাগে আপনারে যাও ভূলি।

>>0

মান্ধেরে করিবারে শুব সত্যের কোরো না পরাভব

#### 222

মিছে ডাকো—মন বলে, আজ না গেল উৎসবরাতি, শ্লান হয়ে এল বাতি, বাজিল বিসর্জন-বাজনা। সংসারে যা দেবার মিটিয়ে দিন্দ এবার, চুকিয়ে দির্মেছি তার খাজনা। শেষ আলো, শেষ গান, জগতের শেষ দান নিয়ে যাব— আজ কোনো কাজ না। বাজিল বিস্কুল-বাজনা।

মিলন-স্বলগনে,
কেন বল,
নয়ন করে তোর
ছলছল।
বিদার্মাদনে যবে
ফাটে ব্ক
সোদনও দেখেছি তো
হাসিম্খ।

#### 220

ম্কুলের বক্ষোমাঝে
কুস্ম আঁধারে আছে বাঁধা,
স্কুদর হাসিয়া বহে
প্রকাশের স্কুদর এ বাধা।

# 228

মৃক্ত যে ভাবনা মোর ওড়ে উধর্ব-পানে সেই এসে বসে মোর গানে।

# 226

মুহুর্ত মিলারে যার তব্ ইচ্ছা করে— আপন স্বাক্ষর রবে বুগে বুগাস্তরে।

# 226

ম্তেরে যতই করি স্ফীত পারি না করিতে সঞ্চীবিত।

#### 229

মৃত্তিকা খোরাকি দিয়ে বাঁধে বৃক্ষটারে, আকাশ আ**লোক** দিয়ে মূক্ত রাখে তারে।

728

মৃত্যু দিরে বে প্রাণের মূল্যু দিতে হয় সে প্রাণ অমৃতলোকে মৃত্যু করে জর।

222

যখন গগনতলে
আঁধারের দ্বার গেল খুলি
সোনার সংগীতে উষা
চয়ন করিল তারাগালি।

200

যখন ছিলেম পথেরই মাঝখানে
মনটা ছিল কেবল চলার পানে
বাধ হত তাই, কিছুই তো নাই কাছে—
পাবার জিনিস সামনে দুরে আছে।
লক্ষ্যে গিয়ে পেণছব এই ঝোঁকে
সমস্ত দিন চলেছি এক-রোখে।
দিনের শেষে পথের অবসানে
মুখ ফিরে আজ তাকাই পিছু-পানে।
এখন দেখি পথের ধারে ধারে
পাবার জিনিস ছিল সারে সারে—
সামনে ছিল যে দুর সুমুধ্র
পিছনে আজ নেহারি সেই দুর।

205

যত বড়ো হোক ইন্দ্রধন্ সে স্দ্র-আকাশে-আঁকা, আমি ভালোবাসি মোর ধরণীর প্রজাপতিটির পাখা।

যা পায় সকলই জমা করে, প্রাণের এ লীলা রাগ্রিদন। কালের তাশ্ডবলীলাভরে সকলই শ্নেতে হয় লীন।

# 200

যা রাখি আমার তরে
মিছে তারে রাখি,
আমিও রব না যবে
সেও হবে ফাঁকি।
যা রাখি সবার তরে
সেই শুধ্ব রবে—
মোর সাথে ভোবে না সে,
রাখে তারে সবে।

# 208

যাওয়া-আসার একই বে পথ জান না তা কি অন্ধ? যাবার পথ রোখিতে গোলে আসার পথ বন্ধ।

# ₹0€

যুগে যুগে জলে রোদ্রে বায়ুতে গিরি হয়ে যায় চিবি। মরণে মরণে ন্তন আয়ুতে ভূণ রহে চিরজীবী।

# 208

যে আঁধারে ভাইকে দেখিতে নাহি পায় সে আঁধারে অন্ধ নাহি দেখে আপনায়।

# २०१

বে করে ধর্মের নামে বিদ্বেষ সঞ্চিত ঈশ্বরকে অর্ঘ্য হতে সে করে বণ্ডিত।

# SOR

যে ছবিতে ফোটে নাই
সবগ্নলি রেখা
সেও তো, হে শিল্পী, তব
নিজ হাতে লেখা।
অনেক মুকুল ঝরে,
না পায় গোরব—
তারাও রচিছে তব
বসস্ত-উৎসব।

# 202

বে ঝুম্কোফ্ল ফোটে পথের ধারে অন্যমনে পথিক দেখে তারে। সেই ফুলেরই বচন নিল তুলি হেলায় ফেলায় আমার লেখাগুলি।

# 250

যে তারা আমার তারা
সে নাকি কখন ভোরে
আকাশ হইতে নেমে
খ্জিতে এসেছে মোরে।
শত শত যুগ ধরি
আলোকের পথ ঘুরে
আজ সে না জানি কোথা
ধরার গোধ্লিপুরে।

# 255

যে ফ্ল এখনো কুঁড়ি তারি জন্মশাথে রবি নিজ আশীর্বাদ প্রতিদিন রাখে।

যে বন্ধরে আজও দেখি নাই তাহারই বিরহে ব্যথা পাই।

# 230

যে ব্যথা ভূলিরা গেছি, প্রানের তলে স্বপর্নাতমিরতটে তারা হরে জ্বলে।

# 228

যে ব্যথা ভূলেছে আপনার ইতিহাস ভাষা তার নাই, আছে দীর্ঘশ্বাস। সে যেন রাতের আঁধার শ্বিপ্রহর— পাথি-গান নাই, আছে ঝিল্লিম্বর।

# 236

যে ধায় তাহারে আর
ফিরে ডাকা বৃথা।
অশ্র্জলে স্মৃতি তার
হোক পল্লবিতা।

# २5७

যে রক্ন সবার সেরা
তাহারে খ্রিজয়া ফেরা
ব্যর্থ অন্বেষণ।
কেহ নাহি জানে, কিসে
ধরা দেয় আপনি সে
এলে শৃভক্ষণ।

# 239

রজনী প্রভাত হল— পাখি, ওঠো জাগি, আলোকের পথে চলো অমূতের লাগি।

# 52R

রাখি যাহা তার বোঝা কাঁধে চেপে রহে। দিই যাহা তার ভার চরাচর বহে।

# 253

রাতের বাদল মাতে
তমালের শাখে: \*
পাখির বাসায় এসে
'জাগো জাগো' ডাকে।

# 220

রুপে ও অর্পে গাঁথা

এ ভূবনখানি—
ভাব তারে স্র দেয়.

সত্য দেয় বাণী।

এসো মাঝখানে তার.

আনো ধ্যান আপনার
ছবিতে গানেতে যেথা
নিতা কানাকানি।

# २२५

লুকায়ে আছেন যিনি জীবনের মাঝে আমি তাঁরে প্রকাশিব সংসারের কাজে।

# २२२

লন্প পথের পর্বিপত ত্ণগ্রিল ঐ কি স্মরণম্রতি রচিলে ধ্লি— দ্র ফাগ্নের কোন্ চরণের স্কোমল অঙ্গুলি!

লেখে স্বর্গে মর্ত্যে মিলে
দ্বিপদীর শ্লোক—
আকাশ প্রথম পদে
লিখিল আলোক,
ধরণী শ্যামল পত্তে
ব্লাইল তুলি
লিখিল আলোর মিল
নিমলি শিউলি।

# 228

শরতে শিশিরবাতাস লেগে

জল ভরে আসে উদাসী মেঘে।
বরষন তব্ হয় না কেন,
বাথা নিয়ে চেয়ে রয়েছে যেন।

# 226

শিকড় ভাবে, 'সেয়ানা আমি. অবোধ যত শাখা। ধ্লি ও মাটি সেই তো খাঁটি. আলোকলোক ফাঁকা।'

# 226

শ্না ঝুলি নিয়ে হায় ভিক্ষা মিছে ফেরে, আপনারে দেয় যদি পায় সকলেরে।

# २२१

শ্ন্য পাতার অন্তরালে
লুকিয়ে থাকে বাণী,
কেমন করে আমি তারে
বাইরে ডেকে আনি।
বখন থাকি অন্যমনে
দেখি তারে হৃদয়কোণে,

# त्रवीन्ध्र-त्राह्मावनी

যখন ডাকি দেয় সে ফাঁকি— পালায় ঘোমটা টানি।

228

শেষ বসন্তরাতে যোবনরস রিক্ত করিন্দ বিরহবেদনপাতে।

२२৯

শ্যামলঘন বকুলবন-ছায়ে ছায়ে হেন কী সরুর বাজে মধ্র পায়ে পায়ে।

200

প্রাবণের কালো ছায়া নেমে আসে তমালের বনে যেন দিক্ললনার গলিত-কাজল-বরিষনে।

२०५

স্থার কাছেতে প্রেম চান ভগবান, দাসের কাছেতে নতি চাহে শয়তান।

२०२

সংসারেতে দার্ণ ব্যথা
লাগায় যখন প্রাণে
আমি যে নাই' এই কথাটাই
মনটা যেন জানে।
যে আছে সে সকল কালের,
এ কাল হতে ভিন্ন—
তাহার গায়ে লাগে না তো
কোনো ক্ষতের চিহ্ন।

# ব্দুবিদ

# 200

সত্যেরে যে জানে, তারে সগর্বে ভান্ডারে রাখে ভরি। সত্যেরে যে ভালোবাসে বিনয় অন্তরে রাখে ধরি।

# 208

সন্ধ্যাদীপ মনে দেয় আনি পথচাওয়া নয়নের বাণী।

# 204

সন্ধ্যারবি মেঘে দের নাম সই করে। লেখা তার মুছে যার, মেঘ যায় সরে।

# २०७

সফলতা লভি ধবে মাথা করি নত, জাগে মনে আপনার অক্ষমতা ধত।

# २०१

সব-কিছ্ম জড়ো করে সব নাহি পাই। যারই মাঝে সত্য আছে সব বে সেথাই।

# 208

সব চেয়ে ভক্তি বার অস্ত্রদেবতারে অস্ত্র বত জয়ী হয় আপনি সে হারে।

সময় আসন্ত্র হলে
আমি যাব চলে,
হদয় রহিল এই শিশ্ব চারাগাছে—
এর ফ্লে, এর কচি পল্লবের নাচে
অনাগত বসন্তের
আনন্দের আশা রাখিলাম
আমি হেথা নাই থাকিলাম।

# \$80

সারা রাত তারা যতই জ্বলে রেখা নাহি রাখে আকাশতলে।

# 285

সিদ্ধিপারে গেলেন যাত্রী,
ঘরে বাইরে দিবারাত্রি
আস্ফালনে হলেন দেশের মুখ্য।
বোঝা তাঁর ঐ উষ্ট বইল,
মরুর শুদ্ধ পথে সইল
নীরবে তার বন্ধন আর দুঃখ।

# 282

স্থেতে আসন্তি যার আনন্দ তাহারে করে ঘ্ণা। কঠিন বীর্ষের তারে বাঁধা আছে সম্ভোগের বীণা।

# 280

স্পরের কোন্ মন্তে মেঘে মারা ঢালে, ভারল সন্ধ্যার খেরা সোনার খেরালে।

সে পড়াই ঈশ্বরের বিরুদ্ধে পড়াই যে যুদ্ধে ভাইকে মারে ভাই।

₹84

সেই আমাদের দেশের পশ্ম তেমনি মধ্বর হেসে ফ্রটেছে, ভাই, অন্য নামে অন্য স্বদ্র দেশে।

₹88

সেতারের তারে
ধানশি
মিড়ে মিড়ে উঠে
বাজিয়া।
গোধ্বির রাগে
মানসী
সুরে যেন এল
সাজিয়া।

# 289

সোনায় রাঙায় মাখামাখি,
রঙের বাঁধন কে দেয় রাখি
পথিক রাবর স্বপন ঘিরে।
পেরোয় যখন তিমিরনদা
তখন সে রঙ মিলায় যদি
প্রভাতে পায় আবার ফিরে।
অস্ত-উদয়-রথে-রখে
যাওয়া-আসার পথে পথে
দেয় সে আপন আলো ঢালি।
পায় সে ফিরে মেখের কোণে,
পায় ফাগ্নের পার্লবনে
প্রতিদানের রঙের ভালি।

ন্তন্ধ যাহা পথপাৰ্শ্বে, অচৈতন্য, যা রহে না জেগে,
ধ্লিবিল্যুণিত হয় কালের চরণঘাত লেগে।
যে নদীর ক্লান্তি ঘটে মধ্যপথে সিন্ধু-অভিসারে
অবর্দ্ধ হয় পঞ্চভারে।
নিশ্চল গৃহের কোণে নিভূতে ন্তিমিত যেই বাতি
নিজীব আলোক তার লুপ্ত হয় না ফুরাতে রাতি।
পাল্থের অন্তরে জানে দীপ্ত আলো জাগ্রত নিশীথে
জানে না সে আঁধারে মিশিতে।

# \$83

ন্তন্ধতা উচ্ছনিস উঠে গিরিশ্রুর্পে, উধের্ব খোঁজে আপন মহিমা। গতিবেগ সরোবরে থেমে চায় চুপে গভীরে খাজিতে নিজ সামা।

#### 260

রিশ্ধ মেঘ তীত্র তপ্ত আকাশেরে ঢাকে. আকাশ তাহার কোনো চিহ্ন নাহি রাখে। তপ্ত মাটি তৃপ্ত যবে হয় তার জলে নম্ম নমস্কার তারে দেয় ফুলে ফলে।

# 265

স্মৃতিকাপা**লিনী প্**জারতা, একমনা, বর্তমানেরে বলি দিয়া করে অতীতের অর্চনা।

# २७२

হাসিমুথে শুকতারা লিখে গেল ভোররাতে আলোকের আগমনী আধারের শেষপাতে।

হিমাদ্রির ধ্যানে যাহা
স্তব্ধ হয়ে ছিল রাত্রিদন,
সপ্তবির দ্ণিউতলে
বাক্যহীন শ্ব্রতায় লীন,
সে তুষারনিঝারিণী
রাবকরম্পশে উচ্ছবিসতা
দিগ্দিগত্তে প্রচারিছে
অন্তহীন আন্দের গতি।

# 268

হে উষা, নিঃশব্দে এসো,
আকাশের তিমিরগা্-ঠন
করো উন্মোচন।
হৈ প্রাণ, অন্তরে থেকে
মাকুলের বাহ্য আবরণ
করো উন্মোচন।
হে চিত্ত, জাগ্রত হও,
জড়ম্বের বাধা নিশ্চেতন
করো উন্মোচন।
ভেদবা্দ্ধি-তামসের
মোহ্যবানকা, হে আত্মন্,
করো উন্মোচন।

#### 266

হৈ তর্, এ ধরাতলে
রহিব না মবে
তথন বসস্তে নব
পল্লবে পল্লবে
তোমার মর্মারধর্নন
পথিকেরে কবে,
ভালো বের্সোছল কবি
বেংচে ছিল মবে।

# 266

হে পাখি, চলেছ ছাড়ি তব এ পারের বাসা, ও পারে দিয়েছ পাড়ি— কোনু সে নীড়ের আশা?

269

হে প্রিয়, দ্বঃথের বেশে আস যবে মনে তোমারে আনন্দ বলে চিনি সেই ক্ষণে।

3 G &

হে বনম্পতি, যে বাণী ফ্রটিছে পাতায় কুস্মে ডালে, সেই বাণী মোর অস্তরে আসি ফ্রটিতেছে স্বরে তালে।

# 263

হে স্কের, খোলো তব নন্দনের দ্বার— মত্ত্যের নয়নে আনো ম্তি অমরার। অর্প কর্ক লীলা র্পের লেখায়, দেখাও চিত্তের নৃত্য রেখায় রেখায়।

# 280

হেলাভরে ধ্লার 'পরে ছড়াই কথাগুলো। পায়ের তলে পলে পলে গুড়িয়ে সে হয় ধুলো।

# मित्र श्विष्ट

# চিত্ৰ

# উষা

কালো রাতি গেল ঘ্টে, আলো তারে দিল মুছে। প্ব দিকে ঘ্ম-ভাঙা হাসে উষা চোখ-রাঙা।

> নাহি জানি কোথা থেকে ডাক দিল চাঁদেরে কে। ভয়ে ভয়ে পথ খাঁজি চাঁদ তাই যায় বাুঝি।

তারা**গালি নিমে** বাতি জে**গেছিল সা**রা রাতি, নেমে এল পথ ভূলে বেল-ফালে জাই-ফালে।

বায় দিকে দিকে ফেরে
ডেকে ডেকে সকলেরে।
বনে বনে পাথি জাগে,
মেঘে মেঘে রঙ লাগে।
জলে জলে ঢেউ ওঠে,
ভালে ভালে ফুল ফোটে।

# আমাদের পাড়া

ছায়ার ছোমটা মুখে টানি।
আছে আমাদের পাড়াখানি।
দিঘি তার মাঝখানটিতে,
তালবন তারি চারি ভিতে।

বাঁকা এক সর্ গলি বেয়ে।
জল নিতে আসে যত মেয়ে।
বাঁশ গাছ ঝ'কে ঝ'কে পড়ে,
ঝুরু ঝুরু পাতাগালি নড়ে।

পথের ধারেতে একখানে হরিমানি বসেছে দোকানে। চাল ডাল বেচে তেল নান, থয়ের সামারি বেচে চুন।

তে কি পেতে ধান ভানে বৃড়ি,
খোলা পেতে ভাজে খই মৃড়ি।
বিধ্ব গয়লানি মায়ে পোয়
সকাল বেলায় গোরু দোয়।
আঙিনায় কানাই বলাই
রাশি করে সরিষা কলাই।
বড়োবউ মেজোবউ মিলে
ঘুঁটে দেয় ঘরের পাঁচিলে।

# মোতিবিল

নাম তার মোতিবিল,
বহুদ্রে জল।
হাঁসগর্নি ভেসে ভেসে
করে কোলাহল।
পাঁকে চেয়ে থাকে বক,
চিল উড়ে চলে,
মাছরাঙা ক্প করে
পড়ে এসে জলে।

হেথা হোথা ডাঙা জাগে
ঘাস দিয়ে ঢাকা,
মাঝে মাঝে জলধারা
চলে আঁকাবাঁকা।
কোথাও বা ধান-খেত
জলে আধো ডোবা,
তারি 'পরে রোদ পড়ে
কিবা তার শোভা।

ডিঙি চড়ে আসে চাষি
কেটে লয় ধান,
বৈলা গেলে গাঁয়ে ফেরে
গেয়ে সাবিগান।

মোষ নিয়ে পার হয় রাখালের ছেলে, বাঁশে বাঁধা জাল নিয়ে মাছ ধরে জেলে।

মেঘ চলে ভেসে ভেসে
আকাশের গায়,
ঘন শেওলার দল
জলে ভেসে যায়।

# ছোটো নদী

আমাদের ছোটো নদী
চলে বাঁকে বাঁকে.
বৈশাখ মাসে তার
হাঁটুক্তল থাকে।
পার হয়ে যায় গোর্,
পার হয় গাড়ি—
দুই ধার উ'চু তার,
ঢালা তার পাড়ি।

চিক্ চিক্ করে বালি,
কোথা নাই কাদা,
এক ধারে কাশ-বন
ফুলে ফুলে সাদা।
কিচিমিচি করে সেথা
শালিকের ঝাঁক,
রাতে ওঠে থেকে থেকে
শেয়ালের হাঁক।

আর পারে আম-বন
তাল-বন চলে,
গাঁরের বাম্ন-পাড়া
তারি ছায়া-তলে।
তারে তারে ছেলে মেয়ে
নাহিবার কালে
গাম্ছায় জল ভরি
গারে তারা ঢালে।

# त्रवीन्द्र-त्रह्मावणी

সকালে বিকালে কভূ
নাওয়া হলে পরে
আঁচলে ছাঁকিয়া তারা
ছোটো মাছ ধরে।
বালি দিয়ে মাজে থালা,
ঘািটগালি মাজে—
বধ্রা কাপড় কেচে
যায় গ্রকাজে।

আষাঢ়ে বাদল নামে
নদী ভরো-ভরো,
মাতিয়া ছুটিয়া চলে
ধারা খরতর।
মহাবেগে কলকল
কোলাহল ওঠে,
ঘোলা জলে পাকগুলি
ঘুরে ঘুরে ছোটে।
দুই কুলে বনে বনে
পড়ে ষায় সাড়া,
বরষার উৎসবে
জেগে ওঠে পাডা।

# ফুল

কাল ছিল ডাল থালি, আজ ফুলে যায় ভরে। বল্দেখি তুই মালী, হয় সে কেমন করে।

> গাছের ভিতর থেকে করে ওরা যাওয়া আসা। কোথা থাকে মুখ ঢেকে, কোথা যে ওদের বাসা।

থাকে ওরা কান পেতে লুকানো ঘরের কোণে, ডাক পড়ে বাতাসেতে কী করে সে ওরা শোনে। দেরি আর সহে না যে মুখ মেজে তাড়া তাড়ি কত রঙে ওরা সাজে, চলে আসে ছেড়ে বাড়ি।

ওদের সে ঘর খানি থাকে কি মাটির কাছে? দাদা বলে, জানি জানি সে ঘর আকাশে আছে।

> সেথা করে আসা যাওয়া নানারঙা মেঘ গ্রিল। আসে আলো, আসে হাওয়া গোপন দুয়ার খ্লি।

# माध

কত দিন ভাবে ফ্লে,
উড়ে যাব কবে,
যথা খুশি সেথা যাব,
ভারী মজা হবে।
তাই ফ্ল এক দিন
মেলি দিল ডানা।
প্রজাপতি হল, তারে
কে করিবে মানা?

রোজ রোজ ভাবে বসে
প্রদীপের আলো,
উড়িতে পেতাম যদি
হত বড়ো ভালো।
ভাবিতে ভাবিতে শেষে
কবে পেল পাখা।
জোনাকি হল সে, ঘরে
যায় না তো রাখা।

প্রকুরের জল ভাবে.
চুপ করে থাকি—
হায় হায়, কী মজায়
উড়ে যায় পাখি।

তাই এক দিন বৃনিঝ
ধোঁওয়া-ডানা মেলে
মেঘ হয়ে আকাশেতে
গেল অবহেলে।

আমি ভাবি, ঘোড়া হয়ে
মাঠ হব পার।
কভু ভাবি, মাছ হয়ে
কাটিব সাঁতার।
কভু ভাবি, পাখি হয়ে
উড়িব গগনে।
কখনো হবে না সে কি
ভাবি ধাহা মনে?

# শরৎ

এসেছে শরৎ, হিমের পরশ লেগেছে হাওয়ার 'পরে। সকাল বৈলায় ঘাসের আগায় শিশিরের রেথা ধরে।

> আমলকী-বন কাঁপে যেন তার বৃক করে দরে দরে। পেরেছে খবর, পাতা-খসানোর সময় হয়েছে শ্রুর।

শিউলির ডালে কু'ড়ি ভরে এল, টগর ফু'টিল মেলা। মালতী-লতায় খোঁজ নিয়ে যায় মোমাছি দুই বেলা।

গগনে গগনে বরষন-শেষে
মেঘেরা পেরেছে ছাড়া।
বাতাসে বাতাসে ফেরে ভেসে ভেসে,
নাই কোনো কাজে তাড়া।

দিঘি-ভরা জল করে ঢল-ঢল. নানা ফ্রল ধারে ধারে। কচি ধান-গাছে খেত ভরে আছে, হাওয়া দোলা দেয় তারে।

> যে দিকে তাকাই সোনার আলোর দেখি যে ছুটির ছবি। প্জার ফুলের বনে ওঠে ওই প্জার দিনের রবি।

# নতুন দেশ

নদীর ঘাটের কাছে
নোকো বাঁধা আছে,
নাইতে যখন বাই দেখি সে
জলের ঢেউয়ে নাচে।

আজ গিয়ে সেইখানে
দেখি দ্রের পানে
মাঝ-নদীতে নৌকো কোথার
চলে ভাঁটার টানে।

জানি না কোন্ দেশে
পৌছে যাবে শেষে,
সেখানেতে কেমন মান্য থাকে কেমন বেশে।

> থাকি ঘরের কোণে. সাধ জাগে মোর মনে অম্নি করে যাই ভেসে ভাই নতুন নগর বনে।

দূরে সাগরের পারে ভালের ধারে ধারে নারিকেলের বনগর্মল সব দাঁড়িয়ে সারে সারে।

> পাহাড়-চ্ড়া সাজে নীল আকাশের মাঝে. বরফ ভেঙে ডিঙিয়ে যাওয়া কেউ তা পারে না যে

কোন্ সে বনের তলে
নতুন ফ্লে ফলে
নতুন নতুন পশ্ব কত
বেডায় দলে দলে।

কত রাতের শেষে
নোকো যে যায় ভেসে—
বাবা কেন আপিসে যায়,
যায় না নতুন দেশে!

# হাট

কুমোর-পাড়ার গোরের গাড়ি— বোঝাই করা কল্সি হাঁড়ি। গাড়ি চালায় বংশীবদন, সঙ্গে যে যায় ভাগ্নে মদন।

> হাট বসেছে শ্কেবারে বক্শিগঞ্জে পদ্মাপারে। জিনিস-পত্র জুটিয়ে এনে গ্রামের মানুষ বেচে কেনে।

উচ্ছে বেগান পটল মালো, বেতের বোনা ধামা কুলো, সর্বে ছোলা ময়দা আটা, শীতের র্য়াপার নক্শা-কাটা।

> ঝাঁঝার কড়া বেড়ি হাতা।
> শহর থেকে শস্তা ছাতা।
> কল্সি-ভরা এখো গড়েড় মাছি ষত বেড়ায় উড়ে।

খড়ের অটি নোকো বেয়ে আনল যত চাষির মেয়ে। অন্ধ কানাই পথের 'পরে গান শ্বনিয়ে ভিক্ষে করে।

> পাড়ার ছে**লে শ্বানের ঘা**টে জল ছিটিয়ে সাঁতার কাটে।

# আসমন

অপ্সনা-নদীতীরে
চন্দনী গাঁরে
পোড়ো মন্দিরখানা
গঞ্জের বাঁরে
জীর্ণ ফাটল-ধরা—
এক কোণে তারি
অন্ধ নিয়েছে বাসা
কুঞ্জবিহারী।

আত্মীয় কেহ নাই
নিকট কি দ্রে,
আছে এক লেজ-কাটা
ভক্ত কুকুর।
আর আছে একতারা,
বক্ষেতে ধরে
গ্রন্-গ্রন্ গান গায়
গ্রান-স্বরে।

গঞ্জের জমিদার
সঞ্জয় সেন
দ্মুঠো অল্ল তারে
দুই বেলা দেন।
সাতকড়ি ভঞ্জের
মন্ত দালান,
কুঞ্জ সেখানে করে
প্রত্যুষে গান।
'হরি হরি' রব উঠে
অঙ্গন-মাঝে,
ঝন্ঝনি ঝন্ঝনি

ভঞ্জের পিসি তাই সভ্যেষ পান, কুঞ্জকে করেছেন কম্বল দান। চি'ড়ে মুড়কিতে তার ভরি দেন ঝুলি, পোষে খাওয়ান ডেকে মঠে পিঠে-পর্বল।

আশ্বিনে হাট বসে
ভারী ধ্ম করে,
মহাজনি নৌকায়
ঘাট ষায় ভরে।
হাঁকাহাঁকি ঠেলাঠেলি,
মহা সোরগোল—
পশ্চিম মাল্লারা
বাজায় মাদোল।

বোঝা নিয়ে মন্থর চলে গোর্গাড়ি, চাকাগ্লো ক্রন্দন করে ডাক ছাড়ি।

কল্লোলে কোলাহলে
জাগে এক ধর্নি
অন্ধের কপ্তের
গান আগমনী।
সেই গান মিলে বায়
দ্র হতে দ্রের
শরতের আকাশেতে
সোনা রোদ্দ্রে।

# শীত

অন্ন।ন হল সারা,

শ্বচ্ছ নদীর ধারা

বহি চলে কলসংগীতে।
কম্পিত ভালে ভালে

মর্মর-ভালে তালে

শৈরীষের পাতা ঝরে শীতে।

ও পারে চরের মাঠে কৃষাণেরা ধান কাটে, কাস্তে চালায় নতশিরে। নদীতে উজান-মুখে মাস্থুল পড়ে ঝ্রেক গুণ-টানা তরী চলে ধীরে।

পঙ্লীর পথে মেয়ে
ঘাট থেকে আসে নেয়ে,
ভিজে চুল লা্বিঠত পিঠে।
উত্তর-বায়্ব-ভরে
বক্ষে কাঁপন ধরে,
রোদ্দুর লাগে তাই মিঠে।

শ্ক্নো খালের তলে

এক-হাঁট্ ডোবা-জলে

বাগ্দিনি শেওলায় পাঁকে
করে জল ঘাঁটাঘাঁটি

কক্ষে আঁচল আঁটি—

মাছ ধরে চুব্ডিতে রাখে।

ভাঙায় ঘাটের কাছে
ভাঙা নোকোটা আছে—
তারি 'পরে মোক্ষদা বর্ড়ি
মাথা ত্বলে পড়ে ব্বকে
রোদ্র পোহায় স্বুখে
জীর্ণ কাঁথাটা দিয়ে মুডি।

আজি বাব্দের বাড়ি প্রান্ধের ঘটা ভারী, ডেকেছেন আশ্ জন্দার। হাতে কঞ্চির ছড়ি টাট্ট্র ঘোড়ায় চড়ি চলে তাই কাল্ব সদার।

বউ যায় **চোগাঁরে**,
ঝি-ব্রাড় চলেছে বাঁরে,
পাল্নি কাপড়ে আছে ঘেরা।
বেলা ওই যায় বেড়ে,
হাঁই-হ্রই ডাক ছেড়ে
হন্-হন্ ছোটে বাহকেরা।

শ্রান্ত হরেছে দিন,
আলো হয়ে এল ক্ষীণ,
কালো ছায়া পড়ে দিঘি-জলে।
শীত-হাওয়া জেগে ওঠে,
ধেন্ ফিরে যায় গোঠে,
বকগ্লো কোথা উড়ে চলে।

আথের থেতের আড়ে
পদ্মপন্কর-পাড়ে
সূর্য নামিয়া গেল ক্রমে।
হিমে-ঘোলা বাতাসেতে
কালো আবরণ পেতে
থড-জন্মলা ধোঁওয়া ওঠে জমে।

# ঝোডো রাত

তেউ উঠেছে জলে,
হাওয়ায় বাড়ে বেগ।
ওই-যে ছুটে চলে
গগন-তলে মেঘ।
মাঠের গোর্গ্লো
উড়িয়ে চলে ধুলো,
আকাশে চায় মাঝি
মনেতে উদাবেগ।

নামল ঝোড়ো রাতি,
দৌড়ে চলে ভূতো।
মাথায় ভাঙা ছাতি,
বগলে তার জনতো।
ঘাটের গলি-'পরে
শাকানো পাতা ঝরে,
কল্সি কাঁথে নিয়ে
মেয়েরা যায় দুত।

ঘণ্টা গোরার গলে
বাজিছে ঠন্ ঠন্।
নিচে গাড়ির তলে
বালিছে লণ্ঠন।

যাবে অনেক দ্রে বেণীমাধব-পর্রে— ডাইনে চাধের মাঠ, বাঁরে বাঁশের বন।

পশ্চিমে মেঘ ডাকে,
ঝাউরের মাথা দোলে।
কোথায় ঝাঁকে ঝাঁকে
বক উড়ে যায় চলে।
বিদ্যাংকম্পনে
দেখছি ক্ষণে ক্ষণে
মন্দিরের ওই চ্ড়া
অশ্বকারের কোলে।

গৃহস্থ কে ঘরে,
থোলো দ্ব্যারখানা।
পান্থ পথের 'পরে,
পথ নাহি তার জানা।
নামে বাদল-ধারা,
লব্প চন্দ্র তারা,
বাতাস থেকে থেকে
আকাশকে দেয় হানা।

# পৌষ-মেলা

শাতের দিনে নামল বাদল, বসল তব্ মেলা। বিকেল বেলায় ভিড় জমেছে, ভাঙল সকাল বেলা।

> পথে দেখি দ্ব-তিন-ট্বক্রো কাঁচের চুড়ি রাঙা, তারি সঙ্গে চিত্ত-করা মাটির পাত্ত ভাঙা।

> > সন্ধ্যা বেলার খ্রিশট্কে সকাল বেলার কাঁদা রইল হোথায় নীরব হয়ে, কাদায় হল কাদা।

পরসা দিয়ে কিনেছিল মাটির যে ধনগ্রলা সেইট্রকু সুখ বিনি পরসায় ফিরিয়ে নিল ধ্রলা।

### উৎসব

দ্বদ্ধিত বেজে ওঠে
ডিম্-ডিম্ রবে,
সাঁওতাল-পল্লীতে
উৎসব হবে।
প্রিমাচন্দ্রর
জ্যোৎস্লাধারায়
সান্ধ্য বস্ক্রা
তন্দ্য হারায়।

তাল-গাছে তাল-গাছে
পল্লবচয়
চণ্ডল হিল্লোলে
কল্লোলময়।
আমের মঞ্জরী
গন্ধ বিলায়,
চম্পার সৌরভ

দান করে কুস্মিত
কিংশ্কবন
সাঁওতাল-কন্যার
কর্ণভূষণ।
অতিদরে প্রাস্তরে
শৈলচ্ডায়
মেঘেরা চীনাংশ্কপতাকা উড়ায়।

ওই শ্বনি পথে পথে হৈ হৈ ডাক, বংশীর স্বে তালে বাজে ঢোল ঢাক। নন্দিত কপ্ঠের হাস্যের রোল অম্বরতলে দিল উল্লাসদোল।

ধীরে ধীরে শর্বরী
হয় অবসান,
উঠিল বিহঙ্গের
প্রভূমধান।
বনচ্ডা রঞ্জিল
দ্বালিখার
প্রবিদগন্তের
প্রান্তরেখার।

#### क झन

ফালগ্নে বিকশিত কাণ্ডন ফাল, ডালে ডালে পাঞ্জিত আয়ুমুকুল। চণ্ডল মৌমাছি গঞ্জির গায়, বেণাবনে মুমারে দক্ষিণবায়।

> প্রশিদত নদীজল বিলিমিলি করে, জ্যোৎস্নার বিকিমিলি বাল্যকার চরে। নোকা ডাঙায় বাঁধা, কাল্ডারী জাগে, প্রশিমারাতির মন্ততা লাগে!

থেয়াঘাটে ওঠে গান অশ্বথতলে, পান্ধ বাজায়ে বাশি আনমনে চলে। ধায় সে বংশীরব বহুদ্রে গাঁয়, জনহীন প্রান্তর পার হয়ে ধায়।

দ্বে কোন শ্যায়
একা কোন্ ছেলে
বংশীর ধর্নি শ্নে
ভাবে চোথ মেলে—
যেন কোন্ যাত্রী সে,
রাতি অগাধ,
জ্যাৎক্লাসম্দের
তরী যেন চাঁদ।

চলে যায় চাঁদে চড়ে
সারা রাত ধরি,
মেহেদের ঘাটে ঘাটে
ছংয়ে যায় তরী।
রাত কাটে, ভোর হয়,
পাখি জাগে বনেচাঁদের তরণী ঠেকে
ধরণীর কোণে।

#### তপস্থা

স্থা চলেন ধারে
সম্যাসীবেশে
পশ্চিম নদাতীরে
সন্ধ্যার দেশে
বনপথে প্রান্তরে
ল্যুণ্ঠিত করি
গৈরিক গোধ্লির
শ্লান উত্তরী।
পিঠে ল্টে পিঙ্গল
মেঘ-জটাজ্ট,
শ্নো চ্প্ হল
স্বর্ণমূকট।

অন্তিম আলো তাঁর

ঐ তো হারার
রক্তিম গগনের
শেষ কিনারার—

স্দ্র বনান্তের
অঞ্জাল-'পরে
দক্ষিণা দিয়ে যান
দক্ষিণ করে।
ক্লান্ত পক্ষীদল
গান নাহি গার,
নীড়ে-ফেরা কাক শৃথ্য
ডাক দিয়ে যায়।
রজনীগন্ধা শৃথ্য
রচে উপহার
যাহার পথে আনি
অর্ঘ্য তাহার।

অন্ধকারের গৃহা
সংগতিহীন,
হৈ তাপস, লীলা তব
সেথা হল লীন।
নিঃম্ব তিমিরঘন
এই সন্ধ্যার
জানি না বসিবে তুমি
কী তপস্যায়।

রাত্রি হইবে শেষ,
উষা আসি ধারে
দার খুলি দিবে তব
ধ্যানমন্দিরে।
জাগিবে শক্তি তব
নব উংসবে,
রিক্ত করিল যাহা
প্রণ তা হবে।
ভূবায়ে তিমিরতলে
প্রাতন দিন
হে রবি, করিবে তারে
নিতা নবীন।

# বিচিত্র

#### ভোতন-মোহন

ভোতন-মোহন স্বপ্ন দেখেন—
চড়েছেন চৌঘ্যিড়.
মোচার খোলার গাড়িতে তাঁর
ব্যাঙ দিয়েছেন জ্যুড়ি।

পথ দেখালো মাছরাঙাটায়, দেখল এসে চিংড়িঘাটায় ঝুম্কো ফুলের বোঝাই নিয়ে মোচার খোলা ভাসে। থোকন-বাবু বিষম খুশি, খিল্খিলিয়ে হাসে।

#### স্থপন

দিনে হই এক-মতো, রাতে হই আর। রাতে যে স্বপন দেখি মানে কী যে তার!

> > আমি বলি, কাকা মিছে
> > করো চে চার্মেচি,
> > আকাশেতে উঠে আমি
> > মেঘ হয়ে গেছি।

ফিরিব বাতাস বেয়ে রামধন্ খ্রিজ, আলোর অশোক ফ্রল চুলে দেব গ্র্নজি। সাত সাগরের পারে পারিজাত-বনে জল দিতে চলে যাব

যেমনি এ কথা বলা
অমনি হঠাং
কড়্ কড়্ রবে বাজ
মেলে দিল দাঁত।
ভয়ে কাঁপি, মা কোথাও
নেই কাছাকাছি!
ঘুম ভেঙে চেয়ে দেখি
বিছানায় আছি।

# উড়ো জাহাজ

ওরে যদেরর পাখি, ওরে রে আগন্ন-থাকী, একি ডানা মেলি আকাশেতে এলি, কোন্নামে তোরে ডাকি?

কোন্ রাক্ষ্মে চিলে কী বিকট হাড়গিলে পেড়েছিল ডিম প্রকাশ্ড ভীম, তোরে সে জন্ম দিলে।

> কোন্বটে, কোন্শালে, কোন্দে লোহার ডালে, কিরকম গাছে তোর বাসা আছে দেখি নি তো কোনো কালে।

> > বখন ভ্রমণ করো গান কেন নাহি ধরো—-কোন্ভতে হায় চাব্ক ক্ষায়, গোঁ গোঁ করে ক্রে মরো।

তোমার ও দ্বটো ডানা
মান্বের পোষ-মানা—
কলের খাঁচায় তোমারে নাচায়,
তুমি বোবা, তুমি কানা।

হার রে একি অদৃষ্ট,
কিছুই তো নহে মিণ্ট—
মানুষের সাথ থাকো দিন রাত,
নাহি বলো রাধাকুট।

যত হও নাকো বড়ো, দাঁত করো কড়োমড়ো— তব্ব ভয়ে তোর লাগিবে না ঘোর, হব নাকো জড়োসডো।

> মান্ষেরে পিঠে ধরি ঘোরো দিবা-বিভাবরী— আমরা দোরেল পাপিয়া কোরেল দ্র হতে গড় করি।

# এক ছিল বায

এক ছিল মোটা কে'দো বাঘ. গায়ে তার কালো কালো দাগ। বেহারাকে খেতে ঘরে ঢ্কে আয়নাটা পড়েছে সমুখে।

> এক ছুটে পালালো বেহারা. বাঘ দেখে আপন চেহারা। গাঁ গাঁ করে ডেকে ওঠে রাগে, দেহ কেন ভরা কালো দাগে?

তে'কিশালে প্রট্ব ধান ভানে. বাঘ এসে দাঁড়ালো সেখানে। ফ্রলিয়ে ভীষণ দ্ই গোঁফ বলে, চাই গ্লিসেরিন সোপ।

> প্ট্ বলে, ও কথাটা কী যে জন্মেও জানি নে তা নিজে।

#### व्यान्य-ब्रह्मावनी

ইংরেজি টিংরেজি কিছু শিথি নি তো, জাতে আমি নিচু।

বাঘ বলে, কথা বলো ঝ(টো, নেই কি আমার চোথ দ(টো? গায়ে কিসে দাগ হল লোপ না মাখিলে গ্লিসেরিন সোপ?

> প্ট্র বলে, আমি কালোকৃষ্টি, কখনো মাখি নি ও জিনিসটি। কথা শ্বনে পায় মোর হাসি, নই মেম-সাহেবের মাসি।

বাঘ বলে, নেই তোর লঙ্জা? খাব তোর হাড় মাস মঙ্জা।

প্ট্ বলে, ছি ছি ওরে বাপ,
মুখেও আনিলে হবে পাপ।
জানো না কি আমি অস্পৃশা,
মহাত্মা গাঁধিজির শিষ্য?
আমার মাংস যদি খাও
জাত যাবে, জানো না কি তাও?
পায়ে ধরি করিয়ো না রাগ —

ছ্বান্দে, ছ্বান্নে, বলে বাঘ—
আরে ছি ছি, আরে রাম রাম,
বাঘ্নাপাড়ায় বদ্নাম
রটে যাবে! ঘরে মেরে ঠাসা,
ঘুচে যাবে বিবাহের আশা
দেবী বাঘা-চম্ভীর কোপে।
কাজ নেই গ্লিসেরিন সোপে।

## বিষম বিপত্তি

পাঁচ দিন ভাত নেই, দুধ এক-রত্তি— জনুর গেল, যায় না যে তব**ু** তার পথিয়। সেই চলে জল-সাব্, সেই ডাক্তার-বাব্, কাঁচা কুলে আম্ডায় তেম্নি আপতি।

ইম্কুলে যাওয়া নেই
সেইটে বা মঙ্গল—
পথ খংজে ঘুরি নেকো
গণিতের জঙ্গল।
কিন্তু যে বুক ফাটে
দ্রে থেকে দেখি মাঠে
ফুট্বল-ম্যাচে জ্মে
জেলেদের দঙ্গল।

কিন্রাম পশ্ভিত,
মনে পড়ে টাক তার সমান ভীষণ জানি
চুনিলাল ডাক্তার।
থুলে ওষ্ধের ছিপি
হেসে আসে টিপিটিপি,
দাঁতের পাটিতে দেখি
দুটো দাঁত ফাঁক তার।

জনুরে বাঁধে ডাক্তারে,
পালাবার পথ নেই—
প্রাণ করে হাঁস্ফাঁস্
যত থাকি যঙ্গেই।
জনুর গেলে মাস্টারে
গিঠি দেয় ফাঁস্টারে।
আমারে ফেলেছে সেরে
এই দুটি রঙ্গেই।

### অগ্নিকাণ্ড

'তোলপাড়িয়ে উঠল পাড়া তব্ কর্তা দেন না সাড়া। জাগুন শিগ্যির জাগুন।'

> 'এলারামের ঘড়িটা বে চুপ রয়েছে, কৈ সে বাজে?'

'ছড়ি পরে বাজবে, এখন ঘরে লাগল আগন্ন।'

> 'অসময়ে জাগলে পরে ভীষণ আমার মাথা ধরে।'

'জান্লাটা ঐ উঠল জনলে— উধর্ম্বাসে ভাগনে।'

'বন্দ জৰালায় তিনকড়িটা।'

'জনলে যে ছাই হল ভিটা—
ফুট্পাথে ঐ বাকি ঘ্মটা
শেষ করতে লাগ্ন।'

## ভূপু

সময় চলেই যায় নিতা এ নালিশে উদ্বেগে ছিল ভূপঃ মাথা রেখে বালিশে। কবজির ঘডিটার উপরেই সন্দ. এক-দম করে দিল দম তাব বন্ধ। সময় নডে না আর. হাতে বাঁধা খালি সে। ভূপুরাম অবিরাম বিশ্রামশালী সে। र्या था करत रताम्म्य. তব্য ভোর পাঁচটায় ঘডি করে ইঙ্গিত ভালাটার কাঁচটায় রাত বৃথি ঝক্থাকে কু'ড়েমির পালিশে। বিছানায় পড়ে তাই দেয় হাততালি সে।

# উল্টারাজার দেশ

বাদ্শার ফর্মাশে
সন্দেশ বানাতে
ছানা ছেড়ে মাখে চিনি
কুক্ডোর ছানাতে।
সদার খংজে খংজে
ফিরিতেছে পাড়া পাড়া,
এখনো কি কোনোখানে
কোনো সাধ্ আছে ছাড়া,
বাদ্শাকে সে খবর
হয় তারে জানাতে—
ডাকাতেরা মারে পাছে
রাখে জেলখানাতে।

# ছবি-আকিয়ে

ছে'ড়াখোঁড়া মোর পুরোনো খাতায় ছবি আঁকি আমি যা আসে মাধায় যক্ষনি ছুটি পাই। বিজ্কম মামা ব্বিতে পারে না— বলে যে, কিছুই যায় না তো চেনা; বলে, কী হয়েছে, ছাই!

আমি বলি তারে, এই তো ভাল্ক,
এই দেখো কালো বাঁদরের মৃখ,
এই দেখো লাল ঘোড়া—
রাজপ্তার কাল ভার হলে
দশ্ডক বনে যাবেন যে চলে—
রথে হবে ওরে জোড়া।
উ'চু হয়ে আছে এই-যে পাহাড়,
খোঁচা খোঁচা গায়ে ওঠে বাঁশ-ঝাড়,
হেথা সিংহের বাসা।
এ'কে বে'কে দেখো এই নদী চলে,
নোকো এ'কেছি ভেনে যায় জলে,
ভাঙা দিয়ে যায় চাষা।

ঘাট থেকে জল এনেছে ঘড়ায়—
শিব্ঠাকুরের রামা চড়ায়
তিন কন্যা যে এই।
সাদা কাগজের চর করে ধ্ ধ্,
সাদা হাঁস দুটো বসে আছে শ্ধ্,
কেউ কোখাও নেই।
গোল করে আঁকা এই দেখো দিখি,
সুর্যের ছবি ঠিক হয়় নি কি,
মেঘ এই দাগ যত।
শা্ধ্ কালী লেপা দেখিছ এ পাতে—
আঁধার হয়েছে এইখানটাতে,
ঠিক সন্ধার মতো।
আমি তো পদ্ট দেখি সব-কিছ্—
শালবন দেখো এই উর্ফুনিচু,
মাছগুলো দেখো জলে।

'ছবি দেখিতে কি পায় সব লোকে -দোষ আছে তোর মামারই দ<sup>ু</sup> চোখে' বাবা এই কথা বলে।

# চিত্রকৃট

একটুখানি জায়গা ছিল রামাঘরের পাশে, সেইখানে মোর খেলা হঙ শুক্নো-পারা ঘাসে। একটা ছিল ছাইয়ের গাদা মস্ত চিবির মতে: পোড়া কয়লা দিয়ে দিয়ে সাজিয়েছিলেম কত। কেউ জানে না. সেইটে আমার পাহাড মিছিমিছি তারই তলায় পঃতেছিলেম একটি তে তল-বিচি। জন্মদিনের ঘটা ছিল. ছয় বছরের ছেলে সেদিন দিল আমার গাছে প্রথম পাতা মেলে।

চার দিকে তার পাঁচিল দিলেম
কেরোসিনের টিনে,
সকাল বিকাল জল দিয়েছি
দিনের পরে দিনে।
জল-থাবারের অংশ আমার
এনে দিতেম তাকে,
কিন্তু তাহার অনেকখানিই
লাকিয়ে থেত কাকে।
দ্ধ যা বাকি থাকত দিতেম
জানত না কেউ সে তো—
পিপড়ে থেত কিছুটা তার,
গাছ কিছু বা থেত।

চিকন পাতায় ছেয়ে গেল. ডাল দিল সে পেতে--থাথায় আমার সমান হল मुटे वष्टत ना स्वर्ट। একটি মাত গাছ সে আমার একটাকু সেই কোণ. চিত্রকুটের পাহাড়-তলায় সেই হল মোর বন। কেউ জানে না সেখায় থাকেন অভাবক মানি-মাটির 'পরে দাড়ি গড়ায়, কথা কন না উনি। রাহে শুয়ে বিছানাতে শানতে পেতেম কানে রাক্ষসেরা পে'চার মতো চে'চাত সেইখানে।

নয় বছরের জন্মদিনে
তার তলে শেষ খেলা,
ডালে দিলমু ফুলের মালা
সেদিন সকাল-বেলা।
বাবা গেলেন মুন্শিগঞ্জে
রানাম্বাটের থেকে,
কোল্কাতাতে আমায় দিলেন
পিসির কাছে রেখে।
রাতে ধ্র্মন শুই বিছানায়
পড়ে আমার মনে

সেই তে°তুলের গাছটি আমার আঁস্তাকুড়ের কোণে। আর সেখানে নেই তপোবন, বয় না স্বর্ধনী— অনেক দ্রে চলে গেছেন অফটাবক ম্নি।

## চলন্ত কলিকাতা

ই'টের টোপর মাথায় পরা
শহর কলিক।তা
অটল হয়ে বসে আছে,
ই'টের আসন পাতা।
ফাল্গানে বয় বসন্তবায়,
না দেয় তারে নাড়া।
বৈশাথেতে ঝড়ের দিনে
ভিত রহে তার খাড়া।
শাতের হাওয়য় থামগ্লোতে
একট্ন না দেয় কাঁপন।
শাত বসন্তে সমান ভাবে
করে ঋতুযাপন।

অনেক দিনের কথা হল

স্বপ্নে দেখেছিন্

হঠাং যেন চেচিয়ে উঠে

বললে আমায় বিন্

ছাটে দেখি

'চেয়ে দেখো', ছুটে দেখি
চেনিকখানা ছেড়ে—
কোল্কাতাটা চলে বেড়ায়
ই'টের শরীর নেড়ে।
উ'চু ছাদে নিচু ছাদে
পাঁচিল-দেওয়া ছাদে
আকাশ যেন সওয়ার হয়ে
চড়েছে তার কাঁধে।
রাস্তা গলি যাচ্ছে চলি
অজগরের দল,
ট্রাম-গাড়ি 'হার পিঠে চেপে

করছে টলোমল।

দোকান বাজার ওঠে নামে ষেন ঝডের তরী. চউরঙ্গির মাঠখানা ঐ যাচ্ছে সরি সরি। मन्द्रमार लागा पान. **छन्** छिरा वा एकतन-খ্যাপা হাতির শ্রভের মতো ডাইনে বাঁয়ে হেলে। ইস্কুলেতে ছেলেরা সব করতেছে হৈ হৈ. অঙ্কের বই নৃত্য করে ব্যাকরণের বই ৷ মেঝের 'পরে গাঁড়য়ে বেডায় ইংরেজি বইখানা. ম্যাপ্গুলো সব পাখির মতো ঝাপট মারে ডানা। ঘণ্টাখানা দূলে দূলে **টঙ**ু টঙা টঙু বাজে— দিন চলে যায়, কিছুতে সে থামতে পারে না যে। রামাঘরে কে'দে বলে রামাঘরের ঝি, 'লাউ কুম্ডো দৌড়ে বেড়ায়, আমি করব কী।

> হাজার হাজার মান্য চে'চায়.
> 'আরে, থামো থামো— কোথা যেতে কোথায় যাবে, কেমন এ পাগ্লামো!'

'আরে আরে, চলল কোথায়'
হাব্ডার বিজ বলে,
'একট্কু আর নড়লে আমি
পড়ব খসে জলে।'
বড়োবাজার মেছোবাজার
চিনেবাজার থেকে—
'স্থির হয়ে রও' 'স্থির হয়ে রও'
বলে সবাই হে'কে।
আমি ভাবছি যাক্-না কেন,
ভাব্না কিছুই নাই—
কোলকাতা নয় দিল্লি যাবে
কিম্বা সে বোম্বাই।

হঠাৎ কিসের আওয়াজ হল.
তন্দ্রা ভেঙে যায়—
তাকিয়ে দেখি কোলকাতা সেই
আছে কোলকাতায়।

## হমুচরিত

হন্বলে, তুলৰ আমি গন্ধমাদন, অসাধা যা তাই জগতে করব সাধন। এই বলে তার প্রকান্ড কায় উঠল ফুলে।

মাথাটা তার কোথায় গিয়ে ঠেকল মেঘে. শালের গটেড ভাঙল পায়ের ধারু। লেগে. দশটা পাহাড ঢাকল তাহার দশ আঙ্বলে। পড়ল বিপ**্ল দেহে**র ছায়া যে দিক বাগে দুপুর বেলায় সেথায় যেন সন্ধ্যা লাগে. গোর, যত মাঠ ছেড়ে সব গোন্ডে ছোটে। সেই দিকেতে স্থাহারা আকাশ-তলে দিন না যেতেই অন্ধকারের তারা জনুলে শেয়ाলগ্লো হ্রাহ্য়া চে'চিয়ে ওঠে। লেজ বেড়ে যায় হু হু করে একে বে'কে. লেতের মধ্যে বন্যা নামল কোথা থেকে নগর পল্লী তলায় তাহার চাপা পড়ে। হঠাং কখন মন্তু মোটা লেভের বাধায় নদার স্রোতের মধ্যখানে বাঁধ বে'ধে যায়, উপতে পড়ে দেবদার বন লেজের ঝডে। লেভের পাকে পাহাড়টাকে দিল মোডা. ঝেকে ঝেকে উঠল কেপে আগাগোড়া. দক্রদাভিয়ে পাথর পড়ে খসে খসে। গিরির চূড়া এক পাশেতে পড়ল ঝাকি অরণ্যে হয় গাছে গাছে ঠোকাঠ কি. আগ্ৰন লাগে শাখায় শাখায় ঘষে ঘযে। পক্ষী সবে আর্তরেবে বেড়ায় উডে. বাঘ-ভাল কের ছাটোছাটি পাহাড় জাড়ে ঝনাধারা ছড়িয়ে গেল ঝর ঝরিয়ে। উপ্राप्त হয়ে গঙ্গমাদন পড়ল লেটে. বস্করার পাখাণ-বাঁধন যায় রে ট্রটে। ভীবণ শব্দে দিগদিগন্ত থর থরিয়ে

ঘ্ণি ধ্লা নৃত্য করে অম্বরেতে, ঝঞ্চাহাওয়া হ্ংকারিয়া বেড়ায় মেতে, ধ্সর রাহি লাগল যেন দিগ্রিদিকে।

> গন্ধমাদন উড়ল হন্ত্র প্রেঠ চেপে, লাগল হন্ত্র লেজের ঝাপট আকাশ বেপ্তপ— অন্ধকারে দস্ত তাহার বিকিমিকে।

# পাঙ্চুয়াল

গতকাল পাঁচটায় তেলে ভেজে মাছটার বাব, রেখেছিল পাতে ছিল সাথে ছে'চ কি। নেয়ে এসে দেখে চেয়ে বিভালে গিয়েছে খেয়ে— চৌ চৌ করে ওঠে পেট আর ওঠে হে'চ কি। মহা রোধে তিনুরায় ষেতে চার আগুরায়, পাঁজিতে রয়েছে লেখা দিন আছে কলা। রামা চভাতে গেলে পাছে ট্রেন নাই মেলে ভোরে উঠে তাই আজ হাওডায় চলল।

### খেয়ালী

বালিশ নেই, সে খুমোতে বায়
মাথার নিচে ই'ট দিয়ে।
কাঁথা নেই, সে পড়ে থাকে
রোদের দিকে পিঠ দিয়ে।
শ্বশ্র-বাড়ি নেমন্তম,
তাড়াতাড়ি তারই জন্য
ছে'ড়া গামছা পরেছে সে
ডিনটে-চারটে গিঠ দিয়ে।

ভাঙা ছাতার বাঁটখানাতে ছড়ি করে চায় বানাতে, রোদে মাথা সম্ভূ করে ঠান্ডা জলের ছিট দিয়ে। হাসির কথা নয় এ মোটে— খ্যাঁক শেয়ালিই হেসে ওঠে ধখন রাতে পথ করে সে হতভাগার ভিট দিয়ে।

#### খাপছাড়া

গাড়িতে মদের পিপে
ছিল তেরো-চোন্দ।
এঞ্জিনে জল দিতে
দিল ভূলে মদা।
চাকাগ্রলো ধেয়ে করে
ধান-খেত ধরংসন।
বাঁশি ডাকে কে'দে কে'দে—
কোথা কান্জংশন?
টেন করে মাংলামি
নেহাত অবোধা।
সাবধান করে দিতে
কবি লেখে পদা।

#### সুন্দর-বনের বাঘ

স্বান্ত্র-বনের কে'দো বাঘ.
সারা গারে চাকা চাকা দাগ।
যথাকালে ভোজনের
কম হলে ওজনের
হত তার ঘোরতর রাগ।

এক দিন ডাক দিল গাঁ-গাঁ— বলে, তোর গিল্লিকে জাগা। শোন্ বট্রাম ন্যাড়া, গাঁচ জোড়া চাই ভেড়া, এখনি ভোজের পাত লাগা। বট্ব বেলে, এ কেমন কথা, শিখেছ কি এই ভদ্মতা! এত রাতে হাকাহাঁকি ভালো না, জানো না তা কি? আদবের এ যে অন্যথা।

মোর ঘর নেহাত জঘন্য।
মহাপশ্ব, হেথার কী জন্য!
ঘরেতে বাঘিনী মাসি
পথ চেয়ে উপবাসী,
তুমি খেলে মুখে দেবে অল্ল।
সেথা আছে গোসাপের ঠ্যাঙ,
আছে তো শুট্কে কোলাব্যাঙ,
আছে বাসি খর্গোষ,
গল্পে পাইবে তোষ।
চলে যাও নেচে ড্যাঙ্ড ড্যাঙ্ব।
নইলে কাগজে প্যারাগ্রাফ
রাটবে, ঘটিবে পরিতাপ—

বাঘ বলে, রামো রামো, বাক্যবাগীশ থামো, বকুনির চোটে ধরে হাঁপ। তুমি ন্যাড়া আন্ত পাগল। বেরোও তো, খোলো তো আগল। ভালো যদি চাও তবে আমারে দেখাতে হবে কোন্ ঘরে প্রেছ ছাগল।

বট্ব কহে, এ কী অকরণ! ধরি তব চতুশ্চরণ— জীববধ মহাপাপ, তারো বেশি লাগে শাপ পরধন করিলে হরণ।

বাঘ শনুনে বলে, হার হার !
না খেয়ে আমিই বাদ মার
জাবেরই নিধন তাহা,
সহমরণেতে আহা
মারবে যে বাঘী সন্দরী।
অতএব ছাগলটা চাই,
না হলে তুমিই আছ ভাই!
এত বলি তোলে থাবা—

বট্রাম বলে, বাবা!

চলো ছাগলেরই ঘরে যাই।

দার খুলে বলে, পড়ো তুকে,

ছাগল চিবিয়ে খাও সূথে।

বাঘ সে তুর্কিল ষেই

দ্বিতীয় কথাটি নেই,
বাহিরে শিকল দিল রুখে।

বাঘ বলে, এ তো বোঝা ভার,
তামাশার এ নহে আকার।
পাঁঠার দেখি নে টিকি,
লেজের সিকির সিকি
নেই তো, শর্নি নে ভ্যাভ্যাকার।
ওরে হিংসকে শরতান,
জীবের বিধতে চাস প্রাণ!
ওরে কুর, পেলে তোরে
থাবায় চাপিয়া ধরে
রক্ত শ্বিয়া করি পান।
ঘরটাও ভীষণ ময়লা—

বট্ব বলে, মহেশ গরলা ও ঘরে থাকিত, আজ থাকে তোর যমরাজ আর থাকে পাধ্বরে করলা।

> গোঁফ ফুলে ওঠে যেন ঝাঁটা। বাঘ বলে, গেল কোথা পাঁঠা? বটুরাম বলে নেচে, এই পেটে তলিয়েছে, খ্রাজলে পাবে না সারা গাঁটা।

# চলচ্চিত্ৰ

মাথার থেকে ধানি রঙের ওড়্নাখানা সরে বার, চীনের টবে হাস্নুহানার গক্ষে বাতাস ভরে বার। তিনটে পাঠান মালী আছে नवाव-कामात्र वाशात्न. দুয়ারে তার ভালকুত্তো চীংকারে-রাত-জাগানে। ধানশ্রীতে সানাই বাজে कुश्रवादात्र करेटक. দেউডিতে ভিড জমে গেছে नाउंक रमथात्र ठउंटक। কোমর-ঘেরা আঁচলখানা. হাতে পানের কোটা. ঘোষ-পাড়াতে হন্হনিয়ে চলে নাপিত-বউটা। গাছে চড়ে রাখাল ছোডা **ट्यागाय कां**ठा मार्भाव. দু বেলা পান বাঁধা আছে. আরো আছে উপর্নর। সের প'চিশেক কদ্মা ছিল কল,বুড়ির ধামাতে, জলের মধ্যে উল টে গেল ঘাটের ধারে নামাতে। মাছ এল তাই কাংলাপাড়া খয় রাহাটি ঝেটিয়ে. মোটা মোটা চিংডি ওঠে পাঁকের তলা ঘেটিয়ে। চিনির পানা খেয়ে খানি. ডিগ্ৰাজি খায় কাংলা— চাঁদা মাছের চ্যাপ্টা জঠর রইল না আর পাংলা। শেষে দেখি ইলিশ মাছের মিণ্টিতে আর রুচি নাই. চিত্ল মাছের মুখটা দেখেই প্রশ্ন তারে পর্যছ নাই। ননদকে ভাজ বললে, তুমি মিখ্যে এ মাছ কোটো ভাই. রাধতে গিয়ে দেখি এ বে মিঠাই-গজার ছোটো ভাই। রোদের তাপে হাওয়া কাঁপে. মাঠের বালি তেতে বার। পাকড-তলার ঘাটে গোর

দিঘিতে জল খেতে যায়।

ডিঙি চলে ধিকি ধিকি,
নদীর ধারা মিহি।
দ্বপ্র-রোদে আকাশে চিল
ডাক দিয়ে যায় চি\*হি।
লখা চলে ছাতা মাথায়,
গোরী কোনের বর—
ডাঙ ডাঙ ডাঙ্বাদি। বাজে,
চডক-ডাঙায় ঘর।

হাঁট্রজলে পার হয়ে যায়
মরা নদীর সোঁতা,
পাড়ির কাছে পাঁকে ডিঙি
আধখানা রয় পোঁতা।
এনামেলের-বাসন-ভরা
চলেছে এক ঝাঁকা,
কামার পিটোয় দ্বম্দ্মিয়ে
গোর্ব গাড়িব চাকা।

মাঠের পারে ধক ধকিয়ে চলতি গাড়ির ধোঁওয়া আকাশ বেয়ে ছে'টে চলে কালো বাঘের রোওয়া। কাঁসারিটা বাজিয়ে কাঁসা জাগায় গলিটাকে--কুকুরগুলোর অসহা হয়, আর্তনাদে ডাকে। ভিজে চলের ঝটি বে'ধে বসে আছেন কনো, মোচার ঘণ্ট বানাতে চান कान भान त्यत अता। গামলা চেটে পর্থ করে গাইটা দডি-বাঁধা, উঠোনের এক কোণে জমা কয়লা গ;ড়োর গাদা। ভাল্ক-নাচের ডুগ্ডুগি ওই বাজছে ও পাড়াতে. কোন-দিশী ওই বেদের মেয়ে নাচায় লাঠি হাতে। অশথ-তলায় পাটল গোর আরামে চোথ বোঞ্জে--- ছাগল-ছানা ঘ্রের বেড়ার কচি ঘাসের খোঁজে। হঠাং কখন বাদ্লে মেঘ জ্বটল দলে দলে, পশলা কয়েক বৃষ্টি হতেই মাঠ ভাসালো জলে। মাথায় তুলে কচুর পাতা সাঁওতালি সব মেরে উচ্চহাসির রোল তুলে যার গাঁরের পথে ধেয়ে। মাথায় চাদর বেধে নিয়ে হাট ভেঙে যায় হাট্রের, ভিজে কাঠের আঁটি বেধৈ চলছে ছুটে কাঠ্রের।

বিজ, লি ষায় সাপ খেলিয়ে লক্লিকি, বাঁশের পাতা চমকে ওঠে ঝক্ঝাকি। চড়ক-ডাঙায় ঢাক বাজে ওই ড্যাডাঙ্ ড্যাঙ্ । মাঠে মাঠে মক্মিকিয়ে ডাকে ব্যাঙ।

### পিয়ারি

আসিল দিয়াড়ি হাতে রাজার ঝিয়ারি থিড়কির আঙিনার, নামটি পিয়ারি।

আমি শুখালেম তারে.

এসেছ কী লাগি!
সে কহিল চুপে চুপে.

কিছু নাহি মাগি!
আমি চাই. ভালো করে

চিনে রাখো মোরে,
আমার এ আলোটিতে

মন লহো ভরে।
আমি যে তোমার দ্বারে

করি আসা যাওয়া,
তাই হেখা বকুলের

যনে দেয় হাওয়া।

#### ब्रवीन्त-ब्रह्मावनी

যখন ফুটিয়া ওঠে ষ্থী বনময় আমার আঁচলে আনি তার পরিচয়। যেথা যত ফুল আছে বনে বনে ফোটে. আমার পরশ পেলে খুশি হয়ে ওঠে। শ্রকতারা ওঠে ভোরে, ত্মি থাকো একা. আমিই দেখাই তারে ঠিকমত দেখা। যথান আমার শোনে न्भूदत्रत्र धर्नान ঘাসে ঘাসে শিহরন জাগে যে তথান। তোমার বাগানে সাব্দে ফুলের কেয়ারি. কানাকানি করে তারা 'এসেছে পিয়ারি'।

অরুণের আভা লাগে সকালের মেঘে. 'এসেছে পিয়ারি' বলে বন ওঠে জেগে। পূর্ণিমারাতে আসে ফাগ্রনের দোল. 'পিয়ারি পিয়ারি' রবে ওঠে উতরোল। আমের মুকলে হাওরা মেতে ওঠে গ্রামে. চারি দিকে বাঁশি বাজে পিয়ারির নামে। শরতে ভরিয়া উঠে ব্যুনার বারি. कृत्म कृत्म शास्त्र हत्म 'পিয়ারি পিয়ারি'।

# অবিস্মরণীয়

'দেশ' পরিকার 'অবিস্মরণীয়' নামে এই কবিতাগর্বল মর্বিত হয়েছিল, ২ পোষ ১৩৬১ সনে।

#### রাজা রামমোহন রায়

হে রামমোহন, আজি শতেক বংসর করি পার মিলিল তোমার নামে দেশের সকল নমস্কার। মৃত্যু অস্তরাল ভেদি দাও তব অস্তহীন দান যাহা কিছু জরাজীর্ণ তাহাতে জাগাও নব প্রাণ। যাহা কিছু মৃত্ তাহে চিত্তের পরশর্মাণ তব এনে দিক উদ্বোধন, এনে দিক শক্তি অভিনব।

রামমোহন শতবার্ষিকী উপলক্ষ্যে রচিত ১৯৩৪

#### ञेषत्रहम्म विष्णात्राशव

বঙ্গ সাহিত্যের রাত্তি শুক্ক ছিল তন্দ্রার আবেশে
অখ্যাত জড়গুভারে অভিভূত। কী প্রা নিমেবে
তব শ্বভ অভূদেরে বিকীরিল প্রদীপ্ত প্রতিভা
প্রথম আশার রিশ্ম নিয়ে এল প্রভূাষের বিভা,
বঙ্গ ভারতীর ভালে পরাল প্রথম জয়িটকা।
র্দ্ধভাষা আধারের খ্লিলে নিবিড় বর্বনিকা,
হে বিদ্যাসাগর, প্রে দিগন্তের বনে উপবনে
নবউদ্বোধনগাথা উচ্ছ্রিসল বিস্মিভ গগনে।
যে-বাণী আনিলে বহি নিস্কল্য তাহা শ্বের্চি,
সকর্ণ মাহাজ্যের প্রা গঙ্গালনে তাহা শ্রি।
ভাষার প্রাঙ্গতের চয়ন করেছি আমি গাঁতি
সেই তর্তল হতে বা তোমার প্রসাদ সিঞ্চনে
মর্র পাষাণ ভেদি প্রকাশ পেয়েছে শ্বভক্ষণে॥

্যদিনীপরে বিদ্যাসাগর-স্মৃতি মন্দির রচনা উপলক্ষ্যে লিখিত ২৪ ভাল্ল ১০৪৫

#### প্রমহংস রামক্ষণেব

বহু সাধকের বহু সাধনার ধারা ধেয়ানে তোমার মিলিত হয়েছে তারা। তোমার জীবনে অসীমের লীলাপথে ন্তন তীর্থ রূপ নিল এ জগতে; দেশবিদেশের প্রণাম আনিল টানি সেথায় আমার প্রণাত দিলাম আনি।

রামকৃষ্ণ জন্মশতবার্ষিকী উপলক্ষে রচিত ১৩৪২

#### ব্যিক্সচন্দ্র

যাত্রীর মশাল চাই রাত্রির তিমির হানিবারে,
স্বৃপ্তি শয্যাপাশ্বে দীপ বাতাসে নিভিছে বারে বারে।
কালের নির্মাম বেগ স্থাবির কীতিরে চলে নাশি,
নিশ্চলের আবর্জনা নিশ্চিক্ত কোথায় যায় ভাসি।
যাহার শক্তিতে আছে অনাগত যুগের পাথেয়
স্থির যাত্রায় সেই দিতে পারে আপনার দেয়।
তাই স্বদেশের তরে তারি লাগি উঠিছে প্রার্থনা
ভাগ্যের যা মুণ্টিভিক্ষা নহে, নহে, জীর্ণ শস্যকণা
অধ্কুর ওঠে না যার, দিনান্তের অবজ্ঞার দান
ভারভেই যার অবসান।

সে প্রার্থনা প্রায়েছ, হে বিজ্জ্ম, কালের যে বর এনেছ আপন হাতে নহে তাহা নিজবি স্থাবর। নব্যুগসাহিত্যের উৎস উঠি মক্সপর্শে তব চিরচলমান স্লোতে জাগাইছে প্রাণ অভিনব এ বঙ্গের চিন্তক্ষেত্রে, চলিতেছে সম্মুখের টানে নিত্য নব প্রত্যাশার ফলবান্ ভবিষাৎ পানে। তাই ধর্নিতেছে আজি সে বাণীর তরক্ষ কল্লোলে, বিজ্জ্ম, তোমার নাম, তব কীতি সেই স্লোতে দোলে। বঙ্গুভারতীর সাথে মিলায়ে তোমার আয়্ব্ গণি,

বিৰুক্তম জন্মশতবাৰ্ষিকী উপলক্ষো রচিত ১৩৪৫

#### হের-বচন্দ্র মৈরেয়

জীবন-ভাশ্ডারে তব ছিল পূর্ণ অমৃত পাথের সংসার-বাত্রায় ছিল বিশ্বাসের আননদ অমেয়।

#### অবিশ্যরণীয়

দৃষ্টি যবে আঁধারিল ছিল তব আন্ধার আলোক, জরা-আচ্ছাদনতলে চিত্তে ছিল নিত্য যে বালক। নির্বিচল ছিলে সত্যে, হে নিভীক, তুমি নির্বিকার তোমারে পরালো মৃত্যু অম্লান বিজয়মাল্য তার।

পরলোকগমনে শ্রন্ধার্য্য ১৯৪৪

#### স্মরণীয় আশুতোৰ মুখোপাধ্যায়

একদা তোমার নামে সরস্বতী রাখিলা স্বাক্ষর, তোমার জীবন তার মহিমা ঘোষিল নিরস্তর। এ মন্দিরে সেই নাম ধর্মিত কর্ক তারি জয়, তাহার প্রায়ে সাথে স্মৃতি তব হউক অক্ষয়।

আশ্তোৰ ক্ষ্তিসোধের উলোধন উপলক্ষ্যে রচিত ১৯০৪

#### जाहार्य श्रीयां उद्यक्तमाथ भीन, त्रक्रा्यद्रया

